


বঙ্গদৰ্শন

প্ৰথম মুজিভ—১২৮৫ বজাৰ

পুননু জিড সংকরণ-১৩৪৬ বলাক







वर्ष ४७

বিষয়		र्श
ष्यनि	•••	659
অ শোক	•••	(84
আকবরসাহের ধোসরোজ	•••	>0
🗡 हेशाः वाकानित्र मामास्मिक वृद्धि	•••	৬.8
উৎকলের প্রকৃতাবস্থা	•••	٥٠٥, ٥٥٥, ١٩٥
একস্চে ঞ্চ	•••	(>>
একজন বাখালি গ্বৰ্বের অমুভ বীরত্ব		>8>
কম্লাকান্তের পত্র	•••	२•১
कात्रभवाम ७ व्यमृष्टेवाम	•••	348
কালিদাস ও সেক্ষণীয়র	•••	9.
क् सनिसनी	•••	
v ও ঞ্জগোবিন্দ	•••	81e
. চন্দ্রের বৃত্তান্ত	•••.	••• •••
চিত্ত-মৃকুর	•••	••• 8•৮
ভটাধারীর রোজনামচা	•••	२२, ६७ , ১२२, ১৮२, २১•, २ १৫ , ७८२,
		· 500, 869, 866, 602, 663
ष्त्रीत विठात	•••	••• 385
জেন্দ অবস্থা	•••	(38
ভ ৰ্ক সংগ্ৰ হ	•••	89, 42, 333, 39.
তবু বৃষিণ না মন	•••	86.
ভৈৰ	•••	4.3

	•		
विषय			পৃষ্ঠা
হুৰ্গোৎ সৰ	•••	***	٤١٤
৴ নানক	•••	• •	>>¢
পদোন্ধতির পশ।	•••	•••	* 8
প্ৰত্যাধ্যান	•••	•••	***
প্রাচীন ভারতবর্ষ	•••	•••	>>•
প্রাপ্ত গ্রন্থের সংক্ষিপ্ত সমালোচন	•••	८४, २२, ३६२, २०६, ८)b, e92
বদীয় যুবক ও তিন কবি	•••	•••	80€
र दिकां बच्च	•••	¢	२৮, ७२১
বৰুতা	•••	•••	784
वाकान। वर्गमाना मः स्वाद	•••	8€७, 8	P2, c8 2
বাদালা ভাষা	•••	•••	৮২
বালালির জন্ত নৃতন ধর্ম	•••	•••	७२৮
বান্ধালির বীরত্ব	•••	•••	229
বিবেক ও নৈরাশ	•••	•••	4 > 6
বৈক্ষিকভব	•••	•••)1,)1e
ভাৰ্গৰ বি জ য়	•••	•••	₹>8
ভারতবর্ষে লোকবৃদ্ধির ফল	•••	•••	∞.
মন্দর পর্বত	•••	•••	822
মণিপুরের বিবরণ	•••	•••	3 8 4 5
মতুব্যজাতির উন্নতি	•••	•••	4.5
मश्य कीवत्नव छत्पत्र		•••	493
মাধ্বীলতা	••••	٥٤٦, ١٥٦٤, ٤) , 11
- বত্ববহ ন্ত	·	w	₩, 8 २ >
রাপ নির্ণয়	•	>8, ১1	³∙, २७ १
রাজসিংহ	•••	* 3, 43, 348, 36	7, 286
লোকশিক্ষা			8/8
সমাজ সংস্থার	•••	•••	٥)و
সমাজের পরিবর্ত্ত কয়ত্ত্বপ	•••	•	>७>



যাসিকপত্র ও সমালোচন

৬ষ্ঠ খণ্ড

देवणाथ ১२৮৫

১ম সংখ্যা



(পুধা প্রকাশিতের পর)

পঞ্চম পরিচ্ছেদ

নন্ত মিশ্র, চঞ্চলকুমারীব পিতৃকুল-পুবোহিত। কন্সানির্বিশেষে, চঞ্চলকুমারীকে ভালবাসিতেন। তিনি মহামহোপাধ্যায় পণ্ডিত। সকলে তাঁহাকৈ ভক্তিকরিত। চঞ্চলেব নাম করিয়া তাঁহাকে ভাকিয়া পাঠাইবামাত্র তিনি অন্তঃপুরে আসিলেন—কুলপুবোহিতেব অবাবিত দার। পথিমধ্যে নির্মাল তাঁহাকে গ্রেপ্তার করিল।—এবং সকল কথা বুঝাইয়া দিয়া ছাড়িয়া দিল।

বিভৃতিচন্দনবিভূষিত, প্রশস্তললাট, দীর্ঘকায়, রুদ্রাক্ষশোভিত, হাস্তবদন সেই ব্রাহ্মণ চঞ্চলকুমারীর কাছে আসিয়া দাঁড়াইলেন। নির্মাল দেখিয়াছিল যে, চঞ্চল কাঁদিতেছে কিন্তু আর কাহাবও কাছে চঞ্চল কাঁদিবার মেয়ে নহে। গুরুদেব দেখিলেন, চঞ্চল স্থিরমূর্তি। বলিলেন, "মা লক্ষ্মী,—আমাকে স্মরণ করিয়াছ কেন ?"

চ। আমাকে বাঁচাইবার জন্ম। আর কেই নাই যে আমায় বাঁচায়।

অনস্ত মিশ্র হাসিয়া বলিলেন, "বুঝেছি রুক্সিণীর বিয়ে, সেই পুরুরাহিত বুড়াকেই দ্বারকায় যেতে হবে। তা দেখ দেখি মা, লক্ষ্মীর ভাণ্ডারে কিছু আছে কিনা—পথ খরচটা জুটিলেই আমি উদয়পুরে যাত্রা করিব।"

চঞ্চল, একটা জ্বরির থলি বাহিব করিয়া দিল। তাহাতে আশবফি ভবা।
পুরোহিত তুইটা আশরফি লইয়া অবশিষ্ট ফিরাইয়া দিলেন—বলিলেন, "পথে অন্ধই
খাইতে হইবে—আশরফি খাইতে পারিব না। একটি কথা বলি, পাবিবে কি ?"

• চঞ্চল বলিলেন, "আমাকে আগুনে ঝাঁপ দিতে বলিলেও, আমি এ বিপদ হইতে উদ্ধার হইবাব জন্ম তাও পারি। কি আজ্ঞা করুন।"

মিশ্র। রাণা বান্ধসিংহকে একখানি পত্র লিখিয়া দিতে পারিবে ?

চঞ্চল ভাবিল। বলিল, "আমি বালিকা—পুবন্ধী; ভাঁহাৰ কাছে অপৰি-চিতা—কি প্ৰকাবে পত্ৰ লিখি ? কিন্তু আমি ভাঁহাৰ কাছে যে ভিক্ষা চাহিতেছি, তাহাতে লক্ষাবই বা স্থান কই ? লিখিব।"

মিশ্র। আমি লিখাইয়া দিব, না আপনি লিখিবে १

চ। আপনি বলিয়া দিন।

নির্মাল সেখানে দাঁড়াইয়াছিল। সে বলিল, "তা ১ইবে না। এ বামুনে-বৃদ্ধির কাজ নয়—এ মেযেলী বৃদ্ধিৰ কাজ। আমৰা পত্র লিখিব। আপনি প্রস্তুত হইয়া আসুন।"

মিশ্রঠাকুব চলিয়া গোলেন, কিন্তু গৃহে গোলেন ন। রাজা বিক্রমসি হেব নিকট দর্শন দিলেন। বলিলেন, "আমি দেশ পর্যাটনে গমন কবিব, মহাবাজকে আশীর্কাদ কবিতে আসিয়াছি।" কি জন্ম কোথায় যাইবেন, বাজা ভাহা জানিবার ইচ্ছা প্রকাশ করিলেন, কিন্তু ত্রাহ্মণ ভাহা কিছুই প্রকাশ কবিয়া বলিলেন না। তথাপি তিনি যে উদয়পুব পর্যান্ত যাইবেন ভাহা স্থীকাব কবিলেন, এবং রাণার নিকট পবিচিত হইবার জন্ম একখানি লিপিব জন্ম প্রাথিত হইলেন। রাজ্ঞাও পত্র দিলেন।

অনস্থ মিশ্র রাজার নিকট তইতে প্র সংগ্রত কবিয়া চঞ্চলকুমাবীর নিকট পুনরাগমন কবিলেন। ততক্ষণ চঞ্চল ও নির্মাল তুইজনে তুই বৃদ্ধি একত্র করিয়া একখানি পত্র সমাপন করিয়াছিল। পত্র শেষ কবিয়া রাজনন্দিনী, একটা কোটা হইতে অপূর্বব শোভাবিশিষ্ট মুকুতাবলয় বাহির করিয়া প্রাক্ষণের হস্তে দিয়া বলিলেন, "রাণা পত্র পড়িলে, আমার প্রতিনিধি স্বরূপ এই রাখি বাঁধিয়া দিবেন। রাজপুত-কুলের যিনি চূড়া তিনি কখন রাজপুতক্ষার প্রেবিভ বাখি অগ্রাহ্য করিবেন না।"

মিশ্রঠাকুর স্বীকৃত হইলেন। রাজকুমারী তাঁহাকে প্রণাম করিয়া বিদায় করিলেন।

ষষ্ঠ পরিচ্ছেদ

পরিধেয় বন্ত্র, ছত্র, যত্ত্বি, চন্দনকার্চ প্রভৃতি নিতান্ত প্রয়োজনীয় জব্য সঙ্গে লইয়া অনন্ত মিশ্র গৃহিণীর নিকট হইতে বিদায় লইয়া উদয়পুর যাত্রা করিলেন। গৃহিণী বড় পীড়াপীড়ি করিয়া ধরিল, "কেন যাইবে?" মিশ্রঠাকুর বলিলেন, "রাণার কাছে কিছু বৃত্তি পাইব।" গৃহিণী তৎক্ষণাৎ শান্ত হইলেন; বিরহ যন্ত্রণা আর তাঁহাকে দাহ কবিতে পারিল না, অর্থলাভের আশা স্বরূপ শীতলবারিপ্রবাহে সে প্রচণ্ড বিচ্ছেদবহিন্ বাব কত ফোঁস ফোঁস করিয়া নিবিয়া গেল। মিশ্রঠাকুর একাকী যাত্রা করিলেন।

পথ অতি তুর্গম—বিশেষ পার্কবিত্য পথ বন্ধুন, এবং অনেক স্থানে আশ্রয়শৃষ্ম। একাহাবী ব্রাহ্মণ যেদিন যেখানে আশ্রয় পাইতেন, সেদিন সেখানে
আতিথ্য স্বীকার কবিতেন; দিনমানে পথ অতিবাহন কবিতেন। পথে কিছু
দস্যুত্য় ছিল—ব্রাহ্মণেব নিকট বহুবল্য আছে বলিয়া ব্রাহ্মণ কদাপি একাকী
পথ চলিতেন না। সঙ্গী জুটিলে চলিতেন। সঙ্গী ছাড়া হইলেই আশ্রয়
থুঁজিতেন। একদিন রাত্রে এক দেবালয়ে আতিথ্য স্বীকার করিয়া, পরদিন
প্রতাতে গমনকালে তাহাকে সঙ্গী থুঁজিতে হইল না। চারিজন বণিক্ ঐ
দেবালয়ের অতিথিশালায় শয়ন কবিয়াছিল, প্রভাতে উঠিয়া তাহারাও পার্কবিত্য
পথে আরোহণ কবিল। ব্রাহ্মণ দেখিয়া উহারা জিজ্ঞাসা করিল, "তুমি কোথা
যাইবৈ ?" ব্রাহ্মণ বলিলেন "আমি উদয়পুর যাইব।" বণিকেরা বলিল,
"আমরাও উদয়পুব যাইব। ভাল হইয়াছে, একত্রে যাই চলুন।" ব্রাহ্মণ
আনন্দিত হইয়া তাহাদিগের সঙ্গী হইলেন। জিজ্ঞাসা করিলেন, "উদয়পুর আর
কত দূর ?" বণিকেরা বলিল, "নিকট। আজি সন্ধ্যার মধ্যে উদয়পুর পৌছিতে
পারিব। এ সকল স্থান বাণাব রাজ্য।"

এইরপ কথোপকথন করিতে কবিতে তাহারা চলিতেছিল। পার্ববত্য পথ অতিশয় হুরাবোহণীয়, এবং হুরববোহণীয় এবং সচরাচর বসতিশৃষ্য। কিন্তু এই হুর্গম পথ প্রায় শেষ হইয়া আসিয়াছিল—এখন সমতল ভূমিতে অবরোহণ করিতে হুইবে। পথিকেরা এক অনির্বচনীয় শোভাময় অধিতাকায় প্রবেশ করিল। হুইপার্শ্বে অনতিউচ্চ পর্ববন্ধর, হরিৎ বৃক্ষাদি শোভিত হুইয়া আকাশে মাধা তুলিয়াছে; উভয়ের মধ্যে কলনাদিনী ক্ষুদ্রা প্রবাহিশী নীলকাচপ্রতিম সফেণ জলপ্রবাহে উপলদল ধোত করিয়া বনাসের অভিমুখে চলিতেছে। তটিনীর ধার দিয়া মন্ত্রগম্য পথের রেখা পড়িয়াছে। সেখানে নামিলে, আর কোন দিক্ হুইতে কেহ পথিককে দেখিতে পায় না; কেবল পর্বব্ ভর্মের উপর হুইতে দেখা যায়।

সেই নিভৃত স্থানে অববোহণ কবিয়া, একজন বণিক ব্রাহ্মণকে জিজ্ঞাস। করিল, "তোমার ঠাঁই টাকাকড়ি কি আছে ?"

ব্রাহ্মণ প্রশ্ন শুনিয়া চমকিত ও ভীত হইলেন। ভাবিলেন ব্ঝি এখানে দম্যুর বিশেষ ভয়, তাই সতর্ক কবিবার জন্ম বণিকেবা জিজ্ঞাসা করিভেছে। ছুর্বলেব অবলম্বন মিথ্যা কথা। ব্রাহ্মণ বলিলেন, "আমি ভিক্ষুক ব্রাহ্মণ আমার কাছে কি থাকিবে?"

বণিক্ বলিল, "যাহা কিছু থাকে আমাদেব নিকট দাও। নহিলে এখানে রাখিতে পাবিবে না।"

ব্ৰাহ্মণ ইতস্তঃ কবিতে লাগিলেন। একবাৰ মনে কবিলেন "বয়বলয রক্ষার্থ বণিক্দিগকে দিই:" আবাৰ ভাবিলেন, "ইছাৰা অপৰিচিত, ইছাদিগকেই বা বিশ্বাস কি ?" এই ভাবিষা ইতস্তঃ কৰিষা প্ৰাহ্মণ পূৰ্বেবং বলিলেন, "আমি ভিক্ষুক আমাৰ কাছে কি থাকিবে !"

বিপদকালে যে ইতত্তঃ বাব দেই মাবা যায়। বাহ্মাণকৈ ইতত্তঃ কৰিতে দেখিয়া ছদ্মবেশী বণিকেবা বুকিল যে হাব্দা বাহ্মানে কাছে বিশেষ কিছু আছে। একজন তংল্পাং বাহ্মাণেৰ হাছ ধৰিয়া কেলিয়া দিয়া ভাষাৰ বুকে ঠাটু দিয়া বিদিল—এবং ভাষাৰ মুখে হাত দিয়া চাপিয়া ধৰিল। বাহ্মাণ বাঙ্নিম্পত্তি কৰিতে না পাৰিয়া নাৰায়ণ স্মাৰণ কৰিতে লাগিলেন। আৰু একজন, ভাষাৰ গাঁটৰি কাড়িয়া লইয়া খুলিয়া দেখিতে লাগিল। ভাষাৰ ভিতৰ ইইতে চঞ্চলকুমারী প্রেরিত বলয়, তুইখানি পত্র, এবং তুই আশব্যি পাও্যা গেল। দত্যা ভাষা হত্যাত করিয়া সঙ্গীকে বলিল, "আর ব্যহাহতা কৰিয়া কাজ নাই। উষ্ঠাৰ যাহা ছিল ভাষা পাইয়াছি। এখন উষ্ঠাকে ছাডিয়া দে।"

আব একজন দন্তা বলিল, "ছাড়িয়া দেওয়া ইইবে না। তালা তাতা ইইলে এখনই একটা গোলযোগ কবিবে। আজকাল বাণ বাজি তেব বড় দৌরাস্মা—বীর পুরুষে ভাতাব শাসন আব বাহুবলে অন্ন কবিয়া গাইতে পারে না। উহাকে এই গাছে বাধিয়া বাখিয়া যাই।"

এই বলিয়া দক্ষাগণ মিশ্রঠাকুবের হস্ত পদ এব মুখ ভাহার পরিধেয় বস্ত্রে দৃঢ়তর বাধিষা পর্বতেব সামুদেশস্থিত একটী ক্ষুদ্রবৃদ্ধের কাণ্ডের সহিত বাধিল। পরে চঞ্চলকুমার্রাদন্ত রয়বলয় ৬ পত্র প্রাভৃতি লইয়া ক্ষুদ্রনদীর তীরবর্ত্তী পথ অবলম্বন করিয়া পর্বতান্তবালে অদৃশ্য হইল। সেই সময়ে পর্বতের উপরে দাড়াইয়া একজন অশ্বারোহী ভাহাদিগকে দেখিল। ভাহারা অশ্বারোহীকে দেখিতে পাইল না; পলায়নে ব্যস্ত।

• দম্যুগণ পার্ব্বতীয়া প্রবাহিণীর তটবর্ত্তী বনমধ্যে প্রবেশ করিয়া অতি হুর্গম ও মমুয়্যসমাগমশৃত্য পথে চলিল। এইরূপ কিছুদূর গিয়া এক নিভ্ত গুহামধ্যে প্রবেশ করিল।

গুহার ভিতর খাগ্রন্থবা, শ্যা, পাকের প্রয়োজনীয় দ্রব্যসকল প্রস্তুত ছিল। দেখিয়া বোধ হয়, দুস্যুগণ কখন কখন এই গুহা মধ্যে লুকাইয়া বাস করে। এমন কি কলসীপূর্ণ জল পর্যান্ত ছিল। দুস্যুগণ সেইখানে উপস্থিত হইয়া তামাকু সাজিয়া খাইতে লাগিল। এবং একজন পাকেব উল্যোগ কবিতে লাগিল। একজন বঁলিল, "মাণিকলাল, রস্কুই পবে হইবে। প্রথমে মালের কি ব্যবস্থা হইবে, তাহার মীমাংসা করা যাউক।"

মাণিকলাল বলিল, "মালেব কথাই আগে হটক।"

তখন আশরফি তুইটি কাটিয়া চাবিখণ্ড হইল। এক এক জন এক এক খণ্ড লইল। বতুবল্য বিক্রয় না হইলে ভাগ হইতে পাবে না—ভাহা সম্প্রতি অবিভক্ত রহিল। পত্র তুইখানি কি কবা যাইবে, ভাহাব শীমাংসা হইতে লাগিল। দলপতি বলিলেন, কাগজে আব কি হইবে—উহা পোডাইয়া ফেল। এই বলিয়া পত্র তুইখানি সে মাণিকলালকে অগ্নিদেবকে সমর্পণ কবিবার জন্য দিল।

মাণিকলাল কিছু কিছু লিখিতে পড়িতে জানিত। সে পত্ৰছ্ইখানি আল্যোপান্ত পড়িয়া আনন্দিত হইল। বলিল, "এ পত্ৰন্ত করা হইবে না। ইহাতে বোজগাব হইতে পাবে।"

"কি ? কি ?" বলিয়া আব তিনজন গোলযোগ কবিয়া উঠিল। মাণিকলাল তথন চঞ্চলকুমারীব পত্রেব বৃত্তান্ত তাহাদিগকে স্বিস্তাবে বুঝাইয়া দিল। শুনিয়া চৌবেবা বড় আনন্দিত হইল।

মাণিকলাল বলিল, "দেখ এই পত্র রাণাকে দিলে কিছু পুরস্কার পাইব।"

দলপতি বলিল, "নির্কোধ! বাণা যখন জিজ্ঞাসা করিবে তোমরা এ পত্র কোথা পাইলে তখন কি উত্তব দিবে? তখন কি বলিবে যে আমরা রাহাজানি করিয়া পাইয়াছি? রাণান কাছে পুরস্কারের মধ্যে প্রাণদণ্ড হইবে। তাহা নহে। এ পত্র লইয়া গিয়া বাদশাহাকে দিব—বাদশাহের কাছে এরূপ সন্ধান দিতে পারিলে অনেক পুরস্কাব পাঁওয়া যায় আমি জানি। আর ইহাতে—"

দলপতি কথা স্মাপ্ত করিতে অবকাশ পাইল না। কথা মুখে থাকিতে থাকিতে তাহার মস্তক স্কন্ধ হইতে বিচ্যুত হইয়া ভূতলে পড়িল।

সপ্তম পরিচ্ছেদ

অশ্বাবোহী পর্বতেব উপর হইতে দেখিল; চাবিজনে একজনকে বাঁধিয়া রাখিয়া চলিয়া গেল। আগে কি হইয়াছে, তাহা সে দেখে নাই, তখন সে পৌছে নাই। অশ্বাবোহী নিঃশব্দে লক্ষ্য করিতে লাগিল উহারা কোন্ পথে যায়। তাহারা যখন নদীর বাঁক ফিরিয়া পর্ববান্তরালে অদৃশ্য হইল, তখন অশ্বাবোহী অশ্ব হৈতে নামিল। পবে অশ্বের গায়ে হাত বুলাইয়া বলিল, "বিজয়! এখানে থাকিও—আমি আসিতেছি—কোন শব্দ কবিও না।" অশ্ব স্থির হইয়া দাড়াইয়া বহিল; তাহাব আবোহী পাদচাবে অতি ক্রতবেগে পর্বত হইতে অবতবণ কবিলেন। পর্বত যে বড় উচ্চ নহে, তাহা পূর্বেই বলা হইয়াছে।

অশ্বাবোহী পদত্রজে মিশ্রঠাকুবেব কাছে আসিয়া তাঁহাকে বন্ধন হইতে মুক্ত করিয়া জিজ্ঞাসা কবিলেন, "কি হইযাতে, অল্প কথায় বলুন।"

মিশ্র বলিলেন, "চাবিজনেব সঙ্গে আমি একত্রে আসিতে ছিলাম। তাহাদের চিনি না—পথেব আলাপ: তাহাবা বলে আমবা বণিক্। এইখানে আসিয়া তাহাবা মাবিয়া ধবিযা আমাব যাহা কিছু ছিল কাড়িয়া লইয়া গিয়াছে।"

প্রশ্নকর্ত্তা জিজ্ঞাসা কবিলেন, "কি কি লইযা গিয়াছে ?"

ব্রাহ্মণ বলিলেন, একগাছি মুক্তাব বালা, তুইটি আশবকি, তুই খানি পত্র।"

প্রশ্নকর্তা বলিলেন, "আপনি এইখানে থাকুন। উহারা কোন্দিকে গৈল, আমি দেখিয়া আসি।"

ব্রাহ্মণ বলিলেন, "আপনি যাইবেন কি প্রকাবে ? তাহারা চারিজ্বন, আপনি একা।"

আগন্তুক বলিলেন "দেখিতেছেন না, আমি রাজপুত সৈনিক!"

অনন্ত নিশ্র দেখিলেন, এই ব্যক্তি যুদ্ধ ব্যবসায়ী বটে। তাহার কোমরে তরবারি এবং পিতুল, এবং হত্তে বর্ষা। তিনি ভয়ে আর কথা কহিলেন না।

রাজপুত, যে পথে দস্যাগণকে যাইতে দেখিয়াছিলেন, সেই পথে অভি সাবধানে তাহাদিগকে অনুসরণ কবিতে লাগিলেন। কিন্তু বনমধ্যে আসিয়া আর পথ পাইলেন না, অথবা দস্যাদিগেব কোন নিদর্শন পাইলেন না।

তথন রাজপুত আবাব পর্ববেরে শিথরদেশে আরোহণ করিতে লাগিলেন।
কিয়ৎক্ষণ ইতস্ততঃ দৃষ্টি করিতে করিতে দেখিলেন যে, দূরে বনের ভিতর
প্রচ্ছের থাকিয়া, চারিজনে যাইতেছে। সেইখানে কিছুক্ষণ অবস্থিতি করিয়া
দেখিতে লাগিলেন, ইহারা কোষীয় যায়। দেখিলেন কিছু পরে উহারা একটা

sare]

পাহাড়ের তলদেশে গেল, তাহার পর উহাদের আর দেখা গেল না। তখন রাজপুত সিদ্ধান্ত করিলেন যে উহারা হয় ঐখানে বসিয়া বিশ্রাম করিতেছে, বৃক্ষাদির জন্ম দেখা যাইতেছে না; নয় ঐ পর্বততলে গুহা আছে দম্যুরা তাহার মধ্যে প্রবেশ করিয়াছে।

রাজপুত, রক্ষাদি চিহ্ন দারা সেই স্থানে যাইবার পথ বিলক্ষণ করিয়া নিরূপণ করিলেন। পরে অবতরণ করিয়া বন্যপথে প্রবেশপূর্বক, সেই সকল চিহ্ন লক্ষিত পথে চলিলেন। এইরূপে, বিবিধ কৌশলে তিনি পূর্ববলক্ষিত স্থানে আসিয়া দেখিলেন, পর্ববতলে একটা গুহা আছে। গুহামধ্যে মন্থ্যের কথাবার্তা শুনিতে পাইলেন।

এই পর্যান্ত আসিয়া রাজপুত কিছু ইতস্ততঃ করিতে লাগিলেন। উহারা চারি জন—তিনি একা; এক্ষণে গুহামধ্যে প্রবেশ করা উচিত কি না। যদি গুহাদার রোধ করিয়া উহারা চারিজনে সংগ্রাম করে, তবে তাহার বাঁচিবার সম্ভাবনা নাই। কিন্তু এ কথা রাজপুতের মনে বড় অধিকক্ষণ স্থান পাইল না—মৃত্যুভয় আবার ভয় কি? মৃত্যুভয়ে রাজপুত কোন কার্য্য হইতে বিরত হয় না! কিন্তু দ্বিতায় কথা এই যে তিনি গুহা মধ্যে প্রবেশ কবিলেই তাহার হস্তে তুই একজন অবশ্য মবিবে। যদি উহারা সে দম্যুদল না হয়? তবে নিবপরাধাব হত্যা হইবে।

এই ভাবিয়া রাজপুত সন্দেহভঞ্জনার্থ অতি ধারে ধারে গুহান্বারের নিকট আসিয়া দাঁড়াইয়া অভ্যন্তরস্থ ব্যক্তিগণের কথাবার্ত্ত। কর্ণপাত করিয়া শুনিতে লাগিলেন। দস্থারা তথন অপহাত সম্পত্তির বিভাগের কথা কহিতেছিল। শুনিয়া রাজপুতের নিশ্চয় প্রতাতি হইল যে, ইহারা দস্যা বটে। রাজপুত তথন গুহা মধ্যে প্রবেশ করাই স্থির করিলেন।

ধীরে ধীবে বর্ধা বনমধ্যে লুকাইলেন। পরে অসি নিক্ষোষিত করিয়া দক্ষিণ হস্তে দৃঢ় মৃষ্টিতে ধারণ করিলেন। বাম হস্তে পিস্তল লইলেন। দস্মারা যথন চঞ্চলকুমারীর পত্র পাইয়া অর্থলাভের আকাজ্জায় বিমৃদ্ধ হইয়া অস্তমনস্ক ছিল—সেই সময়ে রাজপুত অতি সাবধানে পাদবিক্ষেপ করিতে করিতে গুহামধ্যে প্রবেশ করিলেন। দলপতি গুহাঘারের দিকে পশ্চাৎ ফিরিয়া বসিয়াছিল। প্রবেশ করিয়া রাজপুত •দৃঢ়মৃষ্টিধৃত তরবারিতে দলপতির মস্তকে আঘাত করিলেন। তাঁহার হস্তে এত বল যে এক আঘাতেই মস্তক দ্বিশণ্ড হইয়া ভূতলে পড়িয়া গেল।

সেই মৃহুর্ত্তেই, দ্বিতীয় একজ্বন দম্য যে দলপতির কাছে বসিয়াছিল, ভাহার দিকে ফিরিয়া রাজপুত তাহার মস্তকে গ্রন্থা কঠিন পদাঘাত করিলেন যে, সে মূর্চিত হইয়া ভূতলে পড়িল। রাজপুত, অস্ত ছুইজনের নিকট দৃষ্টি করিয়া দেখিলেন যে, একজন গুহাপ্রান্তে থাকিয়া তাঁহাকে প্রহার করিবার জন্ম একখণ্ড বৃহৎ প্রস্তর তুলিতেছে। রাজপুত তাুহাকে লক্ষ্য করিয়া পিস্তল উঠাইলেন; সে আহত হইয়া ভূতলে পড়িয়া তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিল। অবশিষ্ট মাণিকলাল বেগতিক দেখিয়া, গুহাদাবপথে বেগে নিজ্রান্ত হইয়া উদ্ধান্তে পলায়ন করিল। রাজপুত্ও বেগে তাহাব পশ্চাৎ ধাবিত হইয়া গুহা হইতে নিজ্ঞান্ত হইলেন। এই সময়ে রাজপুত যে বর্ধা বনমধ্যে লুকাইয়া রাখিয়াছিলেন, তাহা মাণিকলালেব পাযে ঠেকিল। মাণিকলাল, তৎক্ষণাৎ তাহা তুলিয়া লইয়া দক্ষিণ হস্তে ধাবণ করিয়া বাজপুত্তব দিকে ফিবিয়া দাড়াইল। তাঁহাকে লক্ষ্য কবিয়া বলিল, "মহারাজ! আমি আপনাকে চিনি। ক্ষান্ত হউন, নইলে এই বর্ধায় বিদ্ধ করিব।"

রাজপুত হাসিয়া বলিলেন, "তুমি যদি আমাকে বর্ষা মাবিতে পাবিতে, তাহা হইলে আমি উহা বাম হস্তে ধবিতাম। কিন্তু তুমি উহা মাবিতে পারিবে না—এই দেখ।" এই কথা বলিতে না বলিতে রাজপুত তাঁহার হাতের খালি পিস্তল দস্যাব দক্ষিণ হস্তেব মৃষ্টি লক্ষ্য কবিয়া ছুড়িয়া মাবিলেন; দারুণ প্রহারে বর্ষা খিসিয়া পড়িল। বাজপুত তাহা তুলিয়া লইয়া, মাণিকলালেব চুল ধবিলেন। এবং অসি উত্তোলন কবিয়া তাহাব মস্তক তেদনে উন্তত হইলেন।

মাণিকলাল তখন কাতবস্থাবে বলিল, "মহাবাজাধিরাজ। আমার জীবন-দান করুন—রক্ষা করুন—আমি শবণাগত।"

বাজপুত তাহাব কেশ ত্যাগ কবিলেন, তরবাবি নামাইলেন। বলিলেন, "তুই মন্নিতে এত ভীত কেন ?"

মাণিকলাল বলিল, "আমি মবিতে ভীত নহি। কিন্তু আমার একটি সাত বংসরের কথা আছে; সে মাতৃহীন, তাহার আর কেহ নাই—কেবল আমি। আমি প্রাতে তাহাকে আহাব করাইয়া বাহির হইয়াছি, আবার সন্ধাকালে গিয়া আহার দিব, তবে সে খাইবে, আমি তাহাকে রাখিয়া মরিতে পারিতেছি না। আমি মরিলে সম মবিবে। আমাকে মারিতে হয়, আগে তাহাকে মারন।"

দস্তা কাঁদিতে লাগিল, পবে চক্ষের জল মৃতিশা বলিতে লাগিল, "মহা-রাজাধিরাত! আমি আপনার পাদস্পর্শ করিয়া শপথ করিতেছি, আর কখন দস্ত্যতা করিব না। চিরকাল আপনার দাসত্ব করিব। আর যদি জীবন থাকে, একদিন না একদিন এ ক্ষুদ্র ভৃত্য হইতে উপকার হইবে।"

রাজপুত বলিলেন, "তুমি আমাকে চেন ?"

· দস্যু বলিল, "মহারাণা রাজসিংহকে কে না চিনে ?"

তখন রাজসিংহ বলিলেন, "আমি তোমার জীবনদান করিলাম। কিন্তু তুমি ব্রাহ্মণের ব্রহ্মস্ব হরণ করিয়াছ, আমি যদি তোমাকে কোন প্রকার দশু না দিই তবে আমি রাজধর্মে পতিত হইব।"

মাণিকলাল বিনীতভাবে বলিল, "মহারাজাধিরাজ! এ পাপে আমি নৃতন ব্রতী। অমুগ্রহ করিয়া আমার প্রতি লঘু দণ্ডেরই বিধান কর্মন। আমি আপনার সম্মুখেই শাস্তি লইতেছি।"

এই বলিয়া দস্যু কটিদেশ হইতে ক্ষুদ্র ছুরিকা নির্গত করিয়া, অবলীলাক্রেমে, আপনার তর্জনী অঙ্গুলি ছেদন করিতে উপ্তত হইল। ছুরীতে মাংস
কাটিয়া, অস্থি কাটিল না। তখন মাণিকলাল ঐ শিলাখণ্ডের উপর হস্ত রাখিয়া
ঐ অঙ্গুলির উপর ছুবিকা বসাইয়া, আর একখণ্ড প্রস্তারেব দ্বাবা তাহাতে ঘা
মারিল। আঙ্গুল কাটিয়া মাটিতে পড়িল। দস্যু বলিল, "মহারাজ এই দণ্ড
মঞ্জুর করুন।"

বাজসিংহ দেখিয়া বিশ্বিত হইলেন, দস্থা ভ্রাক্ষেপও করিতেছে না। বলিলেন, "ইহাই যথেপ্ট। তোমাব নাম কি ?"

দস্য বলিল, "এ অধ্নেব নাম মাণিকলাল সিংহ। আমি বাজপুতকুলের কলঙ্ক।"

রাজসিংহ বলিলেন, "মাণিকলাল, আজি হইতে তুমি আমাব কার্য্যে নিযুক্ত হইলে। এক্ষণে তুমি অশ্বাবোহী সৈম্মভুক্ত হইলে—তোমার কন্সা লইয়া উদয়-পুরে যাও; তোমাকে ভূমি দিব বাস কবিও।"

মাণিকলাল তখন রাণাব পদধূলি গ্রহণ করিল। এবং রাণাকে ক্ষণকাল অবস্থিতি করাইয়া গুহামধ্যে প্রবেশ করিয়া তথা হইতে অপহৃত মুক্তাবলয়, পত্র ছইখানি, এবং আশবফি চারিখণ্ড আনিয়া দিল। বলিল, "ব্রাহ্মণের যাহা আমরা কাড়িয়া লইয়াছিলাম, তাহা শ্রীচরণে অর্পণ করিতেছি। পত্র ছইখানি আপনারই ক্ষয়। দাস যে উহা পাঠ করিয়াছে, সে অপরাধ মার্জ্জনা করিবেন।"

রাণা পত্র হস্তে লইয়া দেখিলেন, তাঁহারই নামান্ধিত শিরোনামা। বলিলেন, "মাণিকলাল—পত্র পড়িবার এ স্থান নহে। আমার সঙ্গে আইস্—ভোমরা পথ জান, পথ দেখাও।"

মাণিকলাল পথ দেখাইয়া চলিল। রাণা দেখিলেন যে দস্যু একবার তাহার ক্ষত ও আহত হস্তের প্রতি দৃষ্টিপাত করিতেছে না, বা তৎসম্বন্ধে একটী কথাও বলিতেছে না—বা একবার মুখ বিকৃত করিতেছে না। রাণা শীম্বই বন হইতে বেগবতী ক্ষীণাতটিনীতীরে এক সুরম্য নিভ্ত স্থানে আসিয়া উপস্থিত হইলেন।

অষ্টম পরিচ্ছেদ

তথায়, উপলঘাতিনী কলনাদিনী তটিনীবব. সঙ্গে সুমন্দ-মধুর-বায়ু, এবং স্বরলহরী বিকীর্ণকাবী কুঞ্জবিহঙ্গমগণ ধ্বনি মিশাইতেছে। তথায় স্তবকে স্তবকে বন্যকুসুম সকল প্রস্কৃতিত হইয়া, পার্ববতীয় বৃক্ষরাজি আলোকময় কবিতেছে। তথায়, রূপ উছলিতেছে, শব্দ তবঙ্গায়িত হইতেছে, গন্ধ মাতিয়া উঠিতেছে, এবং মন প্রকৃতির বশীভূত হইতেছে। সেইখানে বাজসিংহ এক বৃহৎ প্রস্তরশণ্ডের উপর উপবেশন কবিয়া, পত্র ছইখানি পড়িতে প্রবৃত্ত হইলেন।

প্রথম রাজা বিক্রমসিংহেব পত্র পড়িলেন। পড়িয়া ছিড়িয়া ফেলিলেন—
মনে কবিলেন, ব্রাহ্মণকে কিছু দিলেই পত্রের উদ্দেশ্য সফল হইবে। তারপর
চঞ্চলকুমারীর পত্র পড়িতে লাগিলেন। পত্র এইরূপ;—

"বাজন— আপনি বাজপুত-কুলেব চূড়া—হিন্দুব শিবোভূষণ। আমি অপবিচিতা হীনমতি বালিকা—নিতান্থ বিপন্না না হইলে কখনই আপনাকে পত্ৰ লিখিতে সাহস করিতাম না। নিতান্থ বিপন্না বৃঝিয়াই আমাৰ এ ছুসোহস মাজনা করিবেন।

যিনি এই পত্ৰ লইয়া যাইতেতেন, তিনি আমাৰ গুকুদেব। ভাহাকে জিজ্ঞাসা কবিলে জানিতে পাৰিবেন—আমি বাজপুত কতা। কপনগৰ অতি ক্ষুদ্ৰ ৰাজ্য—তথাপি বিক্ৰমসিংহ সোলাঞ্চি ৰাজপুত—রাজকতা বলিয়া আমি মধ্য-দেশাধিপতিৰ কাজে গণ্যা না হই,—বাজপুতকতা বলিয়া দ্যাৰ পাত্ৰা। কেন না আপনি বাজপুতপতি—বাজপুত-কুলতিলক।

ক্রপ্রত কবিয়া আমাব বিপদ শ্রবণ করন। আমাব তর্দৃষ্টক্রমে, দিল্লীর বাদশাহ আমাব পাণিগ্রহণ করিতে মানস করিয়াছেন। অনতিবিলম্বে তাঁছার সৈন্ত, আমাকে দিল্লী লইযা যাইবাব জন্ত আসিবে। আমি বাজপুতকন্তা, ক্ষত্রিয় কুলোন্তবা—কিপ্রকারে তাতারেব দাসী হইব ? রাজহংসা হইয়া কেমন করিয়া বকসহচরী হইব ? হিমালয়নন্দিনী হইয়া কি প্রকারে পঙ্কিল তড়াগে মিশাইব ? রাজপুতকুমারী হইয়া কি প্রকারে তৃবকী বর্কারের আজ্ঞাকারিণী হইব ? আমি স্থির করিয়াছি, এ বিবাহের অর্থে বিষভোজনে প্রাণত্যাগ করিব।

মহারাজাধিবাজ। আমাকে অহঙ্কতা মনে করিবেন না। আমি জানি যে
আমি কুজ ভূম্যধিকারীর কন্যা—যোধপুর, অশ্বর প্রাভৃতি দোর্দ্ধণ্ড প্রভাপশালী
রাজাধিরাজগণও দিল্লীর বাদশাতকৈ কন্যাদান করা কলঙ্ক মনে করেন না—কলঙ্ক
মনে করা দূরে থাক, বরং গৌরব মনে করেন। আমি সে সব ঘরের কাছে কোন
ভার ? আমার এ অহঙ্কার কেন ? এ কথা আপনি জিল্লাসা করিতে পারেন। কিন্তু

মহারাজ! স্থ্যদেব অস্তে গেলে খড়োত কি জ্বলে না ! শিশরভরে নলিনী মৃদিত হইলে, ক্ষুদ্র কুন্দ কুম্ম বিকশিত হয় না ! যোধপুর অম্বর কুল্প্রংস করিলে রপনগরে কি কুল্রকা হইতে পারে না ! মহারাজ ভাটমুখে শুনিয়াছি, যে বনবাসী রাণা প্রতাপের সহিত মহারাজা মানসিংহ ভোজন করিতে আসিলে, মহারাণা ভোজন করেন নাই, বলিয়াছিলেন যে তুর্ককে ভগিনী দিয়াছে তাহার সহিত ভোজন করিব না ৷ সেই মহাবীরের বংশধরকে কি আমায় বুঝাইতে হইবে যে এই সম্বন্ধ রাজপুতকুলকামিনার পক্ষে ইহলোকে পরলোকে ঘুণাম্পদ ! মহারাজ! আজিও আপনাব বংশে তুর্ক বিবাহ কবিতে পারিল না কেন ! আপনারা বীর্য্যবান্ মহাবলাক্রান্থ বংশ বটে, কিন্তু তাই বলিয়া নহে ৷ মহাবল পবাক্রান্ত রুমের বাদশাহ কিন্তা পারস্থের শাহ দিল্লীব বাদশাহকে কন্সাদান গৌরব মনে করেন ৷ তবে উদয়পুবেশ্বব কেবল তাহাকে কন্সাদান করেন না কেন ! তিনি রাজপুত বলিয়া ৷ আমিও সেই বাজপুত ৷ মহাবাজ ! প্রাণত্যাগ করিব তবু কুল রাখিব প্রতিজ্ঞা কনিয়াছি ৷

প্রযোজন হইলে প্রাণবিসজ্জন কবিব, প্রতিজ্ঞা কবিয়াছি, কিন্তু তথাপি এই অষ্টাদশ বংসব ব্যন্তে, এ অভিনব জীবন বাখিতে বাসনা হয়। কিন্তু কে এ বিপদে এ জীবন বক্ষা কবিবে । আমাব পিতাব ত কথাই নাই, তাঁহার এমন কি সাধ্য যে আলমগীবেব সঙ্গে বিবাদ কবেন। আব যত বাজপুত্রাজ্ঞা, ছোট হউন বড় হউন, সকলেই বাদশাহের ভৃত্য—সকলেই বাদশাহের ভায়ে কম্পিতকলেবব। কেবল আপনি—বাজপুতকুলের একা প্রদীপ—কেবল আপনিই স্বাধীন—কেবল উদয়পুবেশ্ববই বাদশাহেব সমকক্ষ। হিন্দুকুলে আর কেহ নাই—যে এই বিপন্না বালিকাকে রক্ষা কবে—আমি আপনার শবণ লইলাম—আপনি কি আমাকে রক্ষা করিবেন না !

কত বড় গুরুতর কার্য্যে আমি আপনাকে অনুবোধ করিতেছি, তাহা আমি না জানি, এমত নহে। আমি কেবল বালিকাবৃদ্ধির বশীভূতা হইয়া লিখিতেছি এমত নহে। দিল্লীশ্ববের সহিত বিবাদে সহজ নহে জানি। এ পৃথিবীতে আর কেহই নাই, যে তাহার সঙ্গে বিবাদ কবিয়া তিষ্টিতে পারে। কিন্তু মহারাজ! মনে করিয়া দেখুন, মহারাণা সংগ্রামসিংহ বাবর্বশাহকে প্রায় রাজ্যচ্যুত করিয়াছিলেন। মহারাণা প্রতাপসিংহ আকবরশাহকেও মধ্যদেশ হইতে বহিষ্কৃত করিয়া দিয়াছিলেন। আপনি সেই সিংহাসনে আসীন—আপনি সেই সংগ্রামের, সেই প্রতাপের বংশধর— আপনি কি তাঁহাদের অপেক্ষা হীনবল ? শুনিয়াছি নাকি মহারাষ্ট্রে এক পার্ব্বতীয় দম্যু আলমগীরকে পরাভূত করিয়াছে—সে আলমগীর কি রাজস্থানের রাজ্যেক্সের কাছে গণ্য ?

আপনি বলিতে পারেন "আমার বাহুতে বল আছে—কিন্তু থাকিলেও আমি তোমার জন্ম এত কষ্ট কেন করিব ? আমি কেন অপরিচিতা মুখরা কামিনীর জন্ম প্রোণিহত্যা করিব ?—ভীষণ সমবে অবতীর্ণ হইব ? মুহারাজ ! সর্ব্বস্থ পণ করিয়া শরণাগতকে বক্ষা কবা কি বাজধর্ম নহে ? সর্ব্বস্থ পণ করিয়া কুলকামিনীর রক্ষা কি রাজপুতের ধর্ম নহে ?

মহারাজ! আর একটা কথা বলিতে লজ্জা করে, কিন্তু না বলিলেও নহে। আমি-এই বিপদে পড়িয়া পণ করিয়াছি যে, যে বীর আমাকে মোগল হস্ত হইতে রক্ষা কবিবেন, তিনি যদি রাজপুত হয়েন, আর যদি আমাকে যথাশাস্ত্র গ্রহণ করেন, তবে আমি তাঁহার দাসী হইব। হে বীরশ্রেষ্ঠ। যুদ্ধে স্ত্রীলাভ বীবের ধর্ম। সমগ্র ক্ষত্রকুলেব সহিত যুদ্ধ করিয়া, পাওব দ্রোপদীলাভ কবিয়াছিলেন। যাদবী-সেনাকে যুদ্ধে পরাজিত করিয়া অর্জুন স্কুভ্রোকে পাইয়াছিলেন। কাশীরাজ্যে সমবেত রাজমণ্ডলসমক্ষে আপন বীর্য্য প্রকাশ কবিয়া ভীম্মদেব বাজক্যাগণকে লইয়া আসিযাছিলেন। হে বাজন্ ক্রিন্থাবি বিবাহ কি মনে পড়ে না ? আপনি এই পৃথিবীতে আজিও অন্ধিতীয় বীব—আপনি কি বীবধর্মো পরামুখ হইবেন ? আমি মুখরা, কতই বলিতেছি—পাছে বাক্যে আপনাকে না বাঁধিতে পাবি—এজন্য গুরুদেবহন্তে রাখির বন্ধন পাঠাইলাম। তিনি বাঁখি বাঁধিয়া দিবেন—তার পর আপনাব বাজধর্ম্ম আপনার হাতে। আমাব প্রাণ আমার হাতে। যদি দিল্লী যাইতে হয, দিল্লীর পথে বিষ্তেজ্যন কবিব।"

পত্র পাঠ কবিয়া রাজসিংহ কিছুক্ষণ চিন্তামগ্ন হইলেন; পরে মাথা তুলিয়া মাণিকলালকে বলিলেন, "মাণিকলাল, এ পত্রের কথা তুমি ছাডা আর কে জানে?

মাণিক। যাহারা জানিত মহারাজ গুহামুধ্যে তাহাদিগকে বধ করিয়া আসিয়াছেন।

রাজা। উত্তম। তুমি গুহে যাও। উদযপুরে আসিয়া আমার সঙ্গে সাক্ষাৎ কবিও। এ পত্রেব কথা কাহারও সাক্ষাতে প্রকাশ কবিও না।

এই বলিয়া রাজসিংহ, নিকটে যে কয়টি সর্ণমুদ্রা ছিল, তাহা মাণিকলালকে দিলেন। মাণিকলাল প্রণাম করিয়া বিদায় হুইলেন।



वार्ययं भारत्यायदाक

()

জপুরী মাঝে কি হৃন্দর আজি बरम्राइ बाकात्र, त्रामत्र ठाउँ। রমণীতে বেচে রমণীতে কিনে লেগেছে রমণী রূপের হাট॥ विभाना रम श्रुवी नवभीत्र हांन, नार्थ नार्थ मीन उक्ति जरन। দোকানে দোকানে কুলবালাগণে अतिकात ভাকে, शामिया ছলে ॥ ফুলের তোরণ, ফুল আবরণ ্ফুলের হুত্তেছে ফুলের মালা। ছুলের দোকান, ফুলের নিশান, ফুলের বিছানা ফুলের ডালা। नहरत्र नहरत ছুটিছে গোলাব, উঠিছে ফোয়ারা জলিছে জল। তাধিনি তাধিনি নাচিতেছে নটা, গায়িছে মধুর গায়িকা দল । রাজপুর মাঝে লেগেছে বাজার, বড় গুলজার সরস ঠাট। রমণীতে কিনে রমণীতে বেচে লেগেছে রমণী রূপের হাট। কড বা হৃদ্দরী, বান্ধার ছুলালী अभवाह साबा, जाभीव सानी। নয়নেতে জালা, অধরেতে হাসি. व्यक्ट कृष्ण मधुत-नामी ।

হীরা মতি চুণি বসন ভূষণ কেহ বা বেচিছে কেনে বা কেউ। কেহ বেচে কথা नयन ठाविए কেহ কিনে হাসি রসের চেউ। কেহ বলে স্থি এ রতন বেচি ट्न महाजन এशाम कहे? স্পুরুষ পেলে আপনা বেচিয়ে বিনামূলে কেনা হইয়া রই ॥ কেহ বলে স্থি পুরুষ দরিজ कि निष्य किनिद्य त्रभगी-मणि। ठात्रि कड़ा निया পুরুষ কিনিয়ে গৃহেতে বাঁধিয়ে রেখো লো ধনি ! শিশ্পরেতে পৃরি, খেতে দিও ছোলা, माशंग मिक्नि वैधि भाष्र। অবোধ বিহন্দ পড়িবে আটক তালি দিয়ে ধনি, নাচায়ো ডায় ৷

(२)

এক চন্দ্রাননী, মরাল-গামিনী,

শে রসের হাটে ভ্রমিছে একা।

কিছু নাহি বেচে কিছু নাহি কিনে,
কাহারও সহিত না করে দেখা।

প্রভাত নক্ষত্র জিনিয়া রূপসী,

দিশাহারা যেন বাজারে ফিরে।

কাণ্ডারী বিহনে তরণী বেন বা
ভীসিয়া বেড়ায় সাগরনীরে।

রাজার তুলালী রাজপুতবালা, চিতোরসম্ভবা কমলকলি। আসিয়াছে হেথা, পতির আদেশে श्रु वाकात पिथित विन ॥ স্থী না হইল— দেখে শুনে রামা বলে ছি ছি এ কি লেগেছে ঠাট। বিকাইতে লাজ कूननात्रीगरन, विमिशा एक एक प्रति व हा है। কি করিব একা ফিরে ষাই ঘবে এ বন্ধ সাগরে সাঁতার দিয়ে গ এত বলি সতী धैति धौति धौति নির্গমের ছারে গেল চলিয়ে। নির্গমের পথ অতি দেক্টিল, পেঁচে পেঁচে ফিরে, না পাং দিশে। दलिइंद कांनिन, হায় কি করিছ এখন বাহির হইব কিনে গ না জানি বাদশা কি কল করিল ধরিতে পিঞ্বে, কুলের নারী। না পাই ফিবিতে নারি বাহিবিতে নয়নকমলে বহিল বারি ॥

(°)

সহসা দেখিল,

বিশাল উরস পুরুষ বীর।

রতনের মালা

মাধায় রতন জনিছে ছির দ

ষোড় করি কর,

তারে বিনোদিনী

বলে মহাশ্য় কর গো ত্রাণ।

না পাই যে পথ

পড়েছি বিপদে

দেখাইয়ে পথ, রাখ হে প্রাণ ॥

বলে সে পুরুষ

আহা মরি হেন না দেখি রূপ।

অসো এসো ধনি

আমার সঙ্গেতে

আমি আক্রর—ভারত-ভূপ ।

সহস্র রমণী রাজার-তুলালী मम आकाकाती, हत्रन त्मरव। তোমা সমা রূপে नहर कान बन, তব আজ্ঞাকারী আমি হে এবে। চল চল ধনি আমার মন্দিরে আজি খোষ রোজ হুখের দিন। এ ভারত ভূমে কি আছে কামনা विनिश्व जामात्त्र, (नाधिव अग ॥ এত বলি তবে বাজবাজপতি বলে মোহিনীরে ধরিল করে, যুথপতি বল সে ভুজ বিটপে টুটিল কম্বণ ভাহার ভরে। ভকাল বামার বদন-নলিনী ডাকে ত্রাহি ত্রাহি অহি ম হুর্গে। ত্রাহি ত্রাহি বাঁচাও জননি ৷ আহি তাহি আহি আহি মে ছূর্ণে। ভাকে কালি কালি टेडब्रॉव क्वानि কৌমিকি কপালি কর মা তাণ। অপূর্বে অস্থিকে চামুত্তে চলিকে विभाग वानित्व होताय चान ॥ . মান্তবের সাধ্য নহে গো জননি এ ঘোর বিপদে রক্ষিতে লাজ। শহর-ঘাতিনি সমর-রজিণি এ অহরে নাশি, বাঁচাও আজ।

(8)

বহুল পুণোডে অনপ্ত শ্লোডে
দেখিল বম্বা, জলিছে আলো।
হাসিছে রূপনী নবীনা বোড়নী,
করীন্দ্র বাহনে, মুর্নিড কালো।
নরম্প্রমালা ড্লিছে উর্সে
বিজলি ঝলসে লোচন ভিনে।
দেখা দিয়ে মাতা দিভেছে জ্জন্তর
দেবতা সহায় সহায়হীনে।

নগেন্দ্ৰ-নন্দিনী আকাশের পটে দেখিয়া যুবতী প্রফুল মুখ। পুনুকে উছলে হুদি সরোবর সাহসে ভরিল, নারীর বৃক। গ্ৰীবা হেলাইল তুলিয়া মন্তক मां छोड़ेन धनी छीयन त्रार्ग। নয়নে অনল অধ্রেতে ঘুণা বলিতে লাগিল নূপের আগে॥ ছিছি ছিছি ছিছি তুমি হে সমাট, এই কি ভোমার রাজ্ধরম। কুলবধৃ ছলে গৃহেতে আনিয়া বলে ধর তারে নাহি শরম। বহু বাদ্ধ্য তুমি বলেতে লুটিলে বছ বীর নাশি বলাও বীর। বীরপণা আজি দেখাতে এসেছ বম্পার চক্ষে বহায়ে নীর ? প্রবাহুবলে প্র রাজা হর, পরনারী হর কবিয়ে চুরি। चार्कि नाती हाट्य हातार कीवन ঘুচাইব যশ মারিয়ে ছুরি॥ জন্মল বীরে ছলেতে বিধিলে ছলেতে লুটিলে চারু চিতোর। নারীপদাঘাতে আজি ঘুচাইব ভব বীরপণা, ধরম চোর! এত বলি বামা হাত ছাড়াইল বলেতে ধরিল রাজার অসি। ° काष्ट्रिया नहेदा, व्यनि घुत्राहेद्रा, মারিতে তুলিল, নবরপ্যী। ধন্য ধন্য বলি ুরাজা বাংগনিল धमन कथन पिथित नाती। মানিতেছি ঘাট ধ্যা সভী তুমি রাথ তরবারি; মানিমু হারি।

(4)

হাসিয়া রূপসী নামাইল অসি, বলে মহারাজ এ বড় রস। হারি মান তুমি রুমণীর রূপে পৃথিবীপতির বাড়িল যশ। ष्नाय क्रन, व्यथदा व्यक्त, हारम थन थन, द्रेषः ह्रान । • বলে মহাবীর, এই বলে তুমি রমণীরে বল করিতে এলে? পৃথিবীতে যারে, তুমি দাও প্রাণ. सिरं श्राप वेरि, वर्ल रह मरव। আজি পৃথীনাথ আমার চরণে প্রাণ ভিন্দা লও, বাঁচিবে তবে॥ যোডো হাত হুটে:, দাতে কর কুটো করহ শপথ ভারত প্রভূ। হিন্দুললনার শপ্থ কর্হ হেন অপমান না হবে কভু। তুমি না করিবে, রাজ্যেতে না দিবে হইতে কথন এ হেন দোষ। हिन्दूलनगाद य पिरव नाक्ना তাহার উপরে করিবে রোষ ॥ শপথ করিল, পরশিয়ে অসি, নারী আজ্ঞামত ভারতপ্রভূ। আমার রাজ্যেতে হিন্দুলনার হেন অপমান না হবে কর্তু ॥ वरन ७ म धन इहेग्राहि श्रीड ্দেখিয়া ভোমার সাহস বল। यारा रेक्टा उव मानि नंध मिछ, পুরাব বাসনা, ছাড়িয়া ছল। এই তরবারি দিমু হে তোমারে হীরক থচিত ইহার কোষ। বীর বালা তুমি তোমার সে যোগ্য ন। রাখিও মনে আমার দোষ।

ভগিনী বলিম আৰু হতে তোমা ভাই তব আমি ভাবিও মনে। মাগি লও বর ষা থাকে বাসনা ষা চাহিবে তাই দিব এখনে । তুষ্ট হয়ে সতী বলে ভাই তুমি স্ম্রীত হইমু তোমার ভাবে। ভিকা য়দি দিবা, मिथारेया मान নির্গমের পথ, যাইব বাসে। (एथाईन १५, আপনি রাভন্ বাহিরিদ সতী, সে পুরী হতে। मृद्य यम अध्, हिन्दक्ता खग्न, হিন্দুমতি থাক ধর্মের পথে।

রাজপুরী মাবে, কি স্থন্দর আজি
বসেছে বাজার রসের ঠাট।
রম্ণীতে কেনে রমণীতে বেচে
লেগেছে রমণী রুপের হাট।

ফুলের তোরণ ছুল-আবরণ ফুলের অন্তেতে ফুলের মালা। क्राकर माकान कूरनव निर्मान, ফুলের বিছানা ফুলের ভালা। নবমীর চাদ বরবে চন্ত্রিকা नार्थ नार्थ मीन उपनि करन। माकारन प्राकारन कूनवानागरन यन्तर कठाक हानिया इत्न। এ হতে হৃন্দর, द्रभगी धद्रम. আাধানারী ধর্ম, সতীত্ব বত। क्य जांग नात्म, जांक (६) जांगांधात्म আয়াধর্ম রাখে রমণীতে যত। क्ष्र चाराक्त्रा, এ ভূবনে ধকা, ভারতের আলো, ঘোর আঁধারে। शांग कि कांत्रल, व्यार्ग भूजनल আযোর ধরম রাখিতে নারে 🛚



সপ্তম পরিচ্ছেদ

বিবাহ করা আমানের মধ্যে নিষেধ আছে দত্যা, কিন্তু তাহা পিতৃগোত্র সম্বন্ধে; মাতৃগোত্র সম্বন্ধে বিশেষ নিষেধ নাই। শাস্ত্রকাবদিগের বিশ্বাস ছিল যে পিতাই জনক, সম্ভান কেবল পিতা হইতে জন্মে, মাতা ক্ষেত্র মাত্র। এই জন্ম পিতৃগোত্রে বিবাহ নিষেধ করিয়া গিয়াছেন কিন্তু প্রক্ষণে প্রতিপন্ধ হইয়াছে যে জন্ম সম্বন্ধে মাতাই প্রধানা পিতৃরীজ কেবল উত্তেজক মাত্র; পিতৃরীজ অভাবেও গর্ভ হইতে পাবে তবে গর্ভবক্ষা বড় হয় না। অনেকেই দেখিয়াছেন পিঞ্জববদ্ধা পালিতা পক্ষিণী গর্ভবতী হইয়া অও প্রসব করিয়াছে, পক্ষীব সহিত সাক্ষাৎ নাই অথচ পক্ষিণী অও প্রসব করে। যাঁহারা গৃহে হংসী পালন করেন তাহারাই দেখিয়াছেন নিকটে কোথাও হংস নাই অথচ হংসী অও# প্রসব করে। অতএব পক্ষী বাতীত পক্ষিণী গর্ভবতী হয়। কীট পতক্ষেব মধ্যে এরূপ গর্ভে শাবক পর্যান্থও জন্মে; তবে অধিক নহে, যাহাও জন্মে, তাহাও দীর্ঘজীরী হয় না। শ

- এই অণ্ডকে সচরাচব লোকে 'বাওয়া ডিম' বলে।
- † Mr. Jourdan found that, out of about 58,000 eggs laid by unimpregnated silk moths, many passed through their early embryonic stages, shewing that they were capable of self developement, but only twenty nine out of the whole number produced caterpillers—Darwin's Variation of Animals. Vol. II page 357.

Weijenbergh raised two successive generations from unimpregnated females of a lepidopterous insect. These insects did not produce at most one twentieth of their full complement of eggs, and many of the eggs were worthless. Moreover the caterpillars raised from these unfertilised eggs possessed far less vitality than those from fertilised eggs. In the third parthenogenitic generation not a single egg yielded a caterpiller. Nature, Decr., 91, 1872 quoted in Ibid.

মধ্যে একপ জন্মেব প্রমাণ অনেক পাওয়া যায়। মনুষ্যমধ্যে একপ জন্মেক কোন বিশেষ প্রমাণ নাই, কেবল প্রবাদ আছে। খ্রীষ্টানদিগেব খ্রীষ্টেব জন্ম, হিন্দু-দিগেব ভগীবথেব জন্ম* তাহাব উদাহবণেব স্থল। মনুষ্যমধ্যে বাস্থবিক এরূপ জন্ম কখন ঘটে বলিফ কাহাবভ কাহাবঙ বিশ্বাস থাকায় পূর্ববতন শ্রীবত্ত্ববিদেবা এই সম্বন্ধে মীমাসো করিতে চেটা পাইযাছিলেন: সে সকল প্রিচ্ফ এ স্থলে অনাবশ্যক।

যাহা বলা হইল তাহাতেই প্রতীতি জনিতে পাবে যে জন্মবিষয়ে মাতাই মূল। তাহা যদি সভা হয়, তবে বিবাহকার্য়ে পিতৃগোত অপেলা মাতৃগোত্র বজন কবা আবেছক। আনাদেব শাবেশবাবালগের বিশ্বাস ছিল যে জন্ম সমুদ্রে পিতৃষ্ট প্রধান, তাহাই পিতৃগোনে বিবাহ নিধিক হহ্যাছিল। কিন্তু এলণে দেখা যাইতেছে যে পিতৃর শ অপেল মাতৃর শ আবেছ নিকট। বেশে হয় সেই মলে "নবাণাং মাতৃলক্রমঃ" কথা প্রচলিত হহ্যাছল। মাতৃগোত্রে বিবাহ নিধিক না থাবায় আমাদেব দেশে প্রকাশভাবে জ্ঞাতবিবাহ প্রচলিত হইযোতে। অলা শে বাধ হয়, আবে কাহাব পাল না হট্ব, কুলান দিলেব মানে কিন্তু মন্দ্র লাছেবংছে। প্রচলি সাম্বার স্থাপে দেওগা গাইতেছে।

প্রথম হবস্থাই কুলানের। পিছু ছাতি ভিন্ন অপর বাদ্ধি সকলেও বিবাহ করিতে প্রবিশ্ব কিন্তু বংশর হইল বের বস্থানের বাদ্ধানা তারা হন্তুতি হুর করে বিবাহ "সকলেরা" কুলানের ভাষা প্রথমের মাতত এমনই এবটা ছুলারর সপ্রথমে "সকলেনা" নীচরাজির "সকলেরা সকলেরা শক্ষের মাতত এমনই এবটা ছুলারর সপ্রমা এই কালে বরাইও মে বেনে রাজে ও হা সহা বর্ণিতে প্রাণিতেন লা। তারেরালিক কুলানের মহাতেজা হিলেন, সকলের শক্ষে হাহানের অসহ হছলা। মনারর এখন স্থাবিশ কুলিয়া হাহানের প্রজাত বিশ্ব হুলিয়া হাহানের প্রথম হাহানের প্রজাত বিশ্ব হুলিয়া হাহানের প্রজাত বিশ্ব হুলিয়া হাহানের প্রথম হাহানের প্রথম কার্মিয়া দিলোন। প্রজাত বন্ধ হুলিয়া আন ভাহার। প্রস্থাত সকলা বাদ্ধানা প্রাণিত পরিলেন লা, একটি বি ছুইটা বাদ্ধা হাহানের আন্ধান কারতে প্রথমের বাদ্ধা আর জ্যাম রামের বাদ্ধা হাহানের বাদ্ধা হার জ্যাম রামের বাদ্ধা হাহানের বাদ্ধা হাহানের কালে হুলা হাহানিই লালের বাদ্ধা হাহানিই প্রচাহ কালেই জানের বুল্ল বহিলা আনা নাম, বাম আর জ্যাম এই ভিন্ন অন্তা বন্ধা ভাহানের বিবাহ নাই। একশ্রত বাদ্ধার বন্ধা হাই প্রচাহ কালের বিবাহ নাই। একশ্রত বন্ধার প্রস্তা হার্মিক জানের বন্ধা হাহানিই প্রচাহ লাহানিই শ্রামের অন্তেরিক বাদ্ধার বন্ধা হাহানিই হার্মের করে হার্মের বন্ধা হাহানিই স্বানির আর্মের বাদ্ধার বন্ধা হাহানিই হার্মের বন্ধা হাহানিই স্বানির আর্মের বাদ্ধার বন্ধা হাহানিই আর্মির আর্মের বাদ্ধার বন্ধা হাহানিই স্বানির আর্মের বাদ্ধার বন্ধা হার্মের আর্মির আর্মের বন্ধা হার্মের আর্মির আর্মের বন্ধা হার্মের স্লামের বন্ধা হার্মের হার্মের হার্মের হার্মের স্লামের স্লামের স্লামের বন্ধা হার্মের হার্মের বন্ধা হার্মের হার্মের হার্মের হার্মের হার্মের বাদ্ধার হার্মের হার হার্মের হার্মের হার্মের হার্মের হার হার্মের হার্মের হার্মের হা

^{*} আমাণের মধ্যে পূর্কাপের বিখাদ আছে যে পিত। ইইতে অস্তি, ও মাত। ইইতে মাণে, উৎপন্ন হয়। বাশুনিক এ বিখাদ সম্পূর্ণ অম্লক।

বোধ হয় অনেকেই ক্লীন্দিগেৰ এই নিযুম্টি স্বিশেষ না জানায় এই অবস্তা সম্পূর্ণরূপে অনুভব কবিতে পাবিতেছেন না। অনেকেই মনে কবিতে পাবেন যে মুখোপাধাায় মাত্রেই একইরূপ নিয়মে বদ্ধ। কিন্তু বস্তুতঃ তাহা নহে। অনেক শ্রেণীৰ মুখোপাধ্যায় আছেন। সেইরূপ অনেক শ্রেণীৰ বনেলাপাধ্যায় ওচট্টোপাধ্যায আছেন। তাহাদেৰ প্রত্যেক শ্রেণীৰ নিমিত্ত দেবাৰৰ পৃথক পৃথক নিযমবদ্ধ किनिलान । मुर्थालाक्षाय मार्थ्य या, त्य कान वतन्तालाक्षाय वा हर्षे लाकाय ব শে ক্যাদান ক্রিবেন সে ক্ষমতা বহিল না ট্রদাহরণ উপলক্ষে কানাই ছোট ঠাকুনেৰ কথা ৰলা হাইতেছে। তিনি মুখোপাধ্যায়। তাঁহাৰ সহিত চট্টোপাধ্যায়েৰ পাল্টি বন্ধ হইল। চটোপাধায় গোষ্টি চৈতল, ধন, অবস্থি প্রভৃতি অনেক আছে; ভন্মধো অবস্থি বংশেব এক প্রশাসা গঙ্গানন্দ চটোপোধা যেব সহিত তাহাব আদান প্রদান স্থিত হইল ৷ সেই অবধি কানাই ছোট সাকুবেৰ সম্পানেৰা পুরুষান্তক্রমে গ্লান্দ ব শে বিবাহ ববিতে বাধা হইলেন। আবাৰ গ্লান্দেৰ সভানেৰ। একপ পক্ষায়ক্তমে কানাইয়েৰ ব শে বিৰাহ কৰিছে লাগিলেন। এই অবস্থায় কিছুকাল প্রে উভ্যুব শেব বক্তু সম্পূর্ণভাবে মিশ্রিত হুইয়া গল তথ্য ইহাদের মধ্যে যে স্ত্রী বা যে প্রুষ দেখাইবেন ভাতান্ট শ্বাবে অন্ধেক কানাই ছোট ঠাক্বেব নক্ত অন্ধেক গঙ্গান্দেৰ ৰক্তঃ তুদ্ধিল ডাৰে কাহাৰ ৰক্ত নাই। এই অৰস্থায় যাহাকে সুখো-পাধ্যায়েৰ কল্য বলিয়া চটোপ্ৰধায়েৰ ব'শে বিৰাঠ দিতে তইল তাহাৰ ৰক্ত যত ভাগ মুখোপাধাৰ হইতে উপেল তত ভাগ আবাৰ চটোপাধাৰ হইতে উৎপল, কাজেই ভাহাৰ মহিত চটোপাধাায়েৰ বিবাহ দিলে জ্ঞাতি বিবাহেৰ আৰ কোন আন্দে ব্যক্তি এইল মাঃ .বাধ হয় মধ্যে মধ্যে শ্রোত্রীয় বাশে বিবাহ করায় অনেকের বাদ বলা প্রেয়াতে। কুলানের। আপন পাল্টাবাদে ভিন্ন অন্তাকে কঞা দান কবিতে পাবিবেন না কিন্তু শুদ্ধ শ্রোত্রীয়ের বংশে বিবাহ কবিলে কবিতে পাবিবেন এমত জনুমতি ছিল। ভদ্মুদাবে কখন কখন বিবাহ হইত। বিজ্ঞানবিদেবা বলেন যে, যে স্তলে কুলবাছক বাভি পুরুষান্তক্রমে চলিয়া আইসে সেখানে কখন কখন নুতন বক্ত সংযোগ কৰাইতে পাৰিলে ক্শা কলা হয়। # বোধ হয় আমাদেৰ কুলীন-দিগের মধ্যে শ্রোত্রায় বক্ত কখন কখন মিশ্রিত হওযায় তাহাদের বংশ একেবারে লোপ পায নাই।

The Revd. W.D. Fox has communicated to me the case of a small lot of bloodhounds long kept in the same family, which had become very bad breeders and nearly all had a bony enlargement in the tail.

^{*} It is a great law of nature that all organic beings profit from an occasional cross with individuals not closely related to them in blood—Darwin.

কোলীন্য প্রথাকে আমবা নিন্দা কবি না ববং শত শত প্রশংসাই কবি। দেবীবৰ ঘটক যে পাল্টী প্ৰকৃতি মেল ইত্যাদিৰ নিষম কৰিয়া গিয়াছেন ভাহাৰই প্রশংসা কবিতে পাবি না। বাঙ্গালাব শ্রেষ্ঠদল যে এত অপকৃষ্ট ইইয়াছে তাহা কেবল দেবীব্ৰেৰ দোষে। ভাহাৰ সমুদ্য নিষম বৈজিক হত্ত্বেৰ বিৰোধা। বল্লাণেৰ সমূদ্য নিয়ম বৈজিক তার্ব অনুষ্থী। বিজ্ঞান শাস্ত্র তথন বাঙ্গালায জিল না, না থাকক, বল্লাল ভাষা ৰ্ফিয়াভিলেন, শাবাবিক ও মান্সিক উন্নতিব একেবাবে মূল ধবিষা তিনি আইন কৰিফাছিলেন। গুণবানেৰ স্থান গুণবান হয়। মত্এব গুণবানের বাদে গুণবানের বিবাহ দিয়া বাজে। গুণবানের সংখ্যা বৃদ্ধি করিতে ইইবে এই তিনি স্থিব কাবেল : পাবে বাজ্যালার মধ্যে ১৯ জন্প অতি শ্রেষ্ঠ বাজিকে মনোনীত কৰিছা, তাতাদিগকে কুলীন কৰিলেন এবং তংগাঞ্চ তাতাদেৰ বিবাহ কিকপ কাতাৰ সভিত্তভাৱে ভাতাৰ নিয়ম্বদ্ধ কৰিল দিলেন। এই শেষ ভাগটী মত্ম। স্কল ব জেই বংগ্র ইস্তান্ত্রপ ক্লিল্ল বিত্রণ কবিং। থাকেন। তাহার। श्चनहाडी, श्चनन शतकान कातन, याथ प्रना, अल्लान प्रना, जोलाखा प्रना हिंदिरास्त বাজে হার গুণবামের অভার থাকে হা, কিল ভাষাতে একটি লাম ঘটে, তথায श्रास्त्राहरू (नगर् ५ श्राह्म रका दश कार्षको अरखाहरू कि थिल ५ दशेरण क्राह्म ५ द ত্তাল হয়। স্ক্রার য়ে মার্চ নিয়ম্বদ কবিলেন এতে তে সে দেয়ে বাইল না গুণ্নান্নর র 🗚 গুণ্নান্নর বিব ৪ ছউলে সাধান অবশ্য গুণ্ধান ১৯বে, ১৮৮৮ বালিক

A single cross with a distinct stamp of bloodhounds restored their fertility and drove away the tendency to maiformation in the tail - Darwin. Mr Clerk, whose fighting cooks were so netorous continued to broughtom he own kind till they lost all their disposition to fight, but tood to be detup without making any resistance, and were so reduced in size as to be under those weight, required for the best prize, but on obtaining a cross from Mr. Let liten they again resumed their former courage and weight— Wright

ক ব্যক্তির পালাতে বাংলৈ জাজনান, মবাবন্দ, জবানে মাছেশ্বন, এনবন ও ব্যক্তিন এটি ভয়জনা

চটোপানার বংশে ইলাযুদ, বহুক্প, অব্ধিক, শুচ, ও বাফাল এই পাঁচ জন।
মুগোপানার বংশে তংগাহ ও গ্রুড ই জন।
কাজিলাল বংশে কুতৃইল ও কাড় এই তুই জন।
ঘোষাল বংশে শিব।
গাঙ্গুলি বংশে শিশু।
প্রতিত্তু বংশে গোবেজনি আচাধ্য।
কুন্থিমি বংশে রোধাকর।

নিয়ম, প্রায় অকাটা, পুরস্কাব থাকুক বা না থাকুক, বাজ্যে গুণবানের অভাব থাকিবে না।

কিন্তু যে নয়টি* গুণ বল্লাল আপন বাজা বিস্তাব কবিবাব নিয়ম স্থাপন কবিলেন ভাহাতে বাজ্যেব বড় উন্নতি বা খ্যাতিব সন্থাবনা ছিল না। গুণগুলি প্রার্থনীয় বটে, থাকিলে সংসাব উদ্জল হয় কিন্তু বাজ্য সন্থান্ধে তাহাব কোনটিই কিছুই নহে। সেই জন্ম বাজ্যেব কোন উপকাবই হয় নাই। কিন্তু সংসাব, সম্বন্ধে ফল অতি চমংকাব হইয়াছিল। বাঙ্গালাব আয় পবিত্র সংসাব, স্থাপব সংসাব, বোধ হয় আব কোন বাজ্যেই ছিল না। বক্তদিন অবধি তাহা নই হইতে আবস্তু হইয়াছে তথাপি যাহা অলাপি আছে তাহা বোধ হয় আব অক্যত্র বড় অধিক নাই।

অন্ত দেশেৰ ৰাজাৰা কুলানদিণেৰ বিবাহে হসুকলেপ কৰেন নাই, কবিলে হয় ত ৰাজ্যেৰ উপকাৰ হছত। এলংগ প্ৰায় লোকে নিজ নিজ প্ৰণয় পৰিতৃপ্তিৰ নিমিত্ত অথবা মৰ্যাদি। ৰক্ষাৰ্থ বিশ্বত কৰেন। যে সকল বিবাহে নিজ স্তথ্য সমৃদ্ধি ভিন্ন দেশেৰ কোন উন্নতি হয় না সে সকল বিশত লোকবিশেষেৰ নিকট স্বাৰ্থপৰ বলিয়া প্ৰণিত। আমৰা এই প্ৰয়ণ্ড বলিতে পাৰি যে, যে বিশাহ প্ৰণয় পৰিতৃপ্তিৰ নিমিত্ত হইত, তাহাৰ অভ্যথা কবিলে অনিষ্ঠ আছে, কিন্তু যে বিবাহ কেবল মৰ্য্যাদা বজা নিমিত্ত সংবিবাহ অনেক সময় না হইলেই ভাল। ইছিলা প্ৰেন্থাভুক্তমে ধনৱান্ বা ইছিপদন্ত ভাইাদেৰ সন্থানেৰা প্ৰায় নিকেই ইইফা প্ৰেছ। আমাদেৰ দেশে প্ৰায় দেখা যায় ভাইাৰ। আমন আপন বিষয় কাৰ্যো অজম, তাহাদিগেৰ অপ্ৰাপ্ত ব্যুদ্দে কোট এৰ ও্যাৰ্ডস, প্ৰাপ্ত ব্যুদ্দে দেওয়ান, বিষয় বন্ধা কৰে। এক্কপ্ৰাক্তি যদি হদবস্থাগ্ৰন্ত বংশে বিবাহ কৰেন তাহা হইলে ভাহাৰ সন্থান আৰম্ভ অপটু ইইবাৰ সন্থাননা।

[•] আচাব, বিনয়, বিছা, প্রতিষ্ঠা, তীর্থদশন, নিষ্ঠা, আবৃত্তি, তপ, দান, এই কুললক্ষণ।

পঙ্গাধরশর্মা ওরয়ে জটাধারীর রোজনাম্য

সপ্তম পরিচ্ছেদ

গুক্তর মোক্ষমা

∤বলা সাতের থানা আভম্থী। ভিতোৰ (ফা∋ক-পুর্চে বঙ্গে বঙ্গেৰ প্যেজাম। ি বিয়া সাহের থালা নাতন্ত্র । চ্ছিয়াছে জলায় ঘুলুবের হলের ছলি কেছে, কান ইপন নাল আৰু জাবি জাছান ছুটি চাক্ষডিকামান , পত্ৰ কংজ্যিত বিপিত্ৰ নিয়ে ওলালকা , ৰাভ্যান। তাপুৰ অহুপদন্ধার কি জিং উপার আছেরে ভোলের সজিত বজাদ্ধের মত রৌপ।-মিশ্মিত ছাদশটি তাকু-মান স্থাতিত নাও৷ ৬ খলিন বাজু থাবাৰ থাব এক প্রকার সিন্তুরের বঙ্গের স্থলতানী বনাত্ত ছড়িত। ইড়ম কণের প্রশেত কোণে ছটা কথাৰ চাদ ও মোজাৰ উপ বিভাগে মধ্যদেশ হইতে মশ্বেৰ অধিকামৰ কিঞ্চিং নিয়ন্তলে একটা উজ্জল ছ'লব ভবক ও জলিব ফুল ঝুলিতেছে । স্থল, ভাজি যোড়া যথাগাই গাজি মবন সাজিয়াছে৷ বাগ্রছার সহিস ধনিয়া রহিয়াত্র—কিন্তু হার্ধটা হাস্তিব, ঘ্রিড়েড নাচিত্রেড প্রেমা ববে হাসা ঘোডা মকলকে জাগবিত বাবিয়াতে, আজ পাড়াব ভেলেব নিছা নাই, একটী যেমন তেমন ভাষাদা মজ্ম থাকিলে কি ভালেব, স্বস্থিব থাকে ৮ আমি আপেনাৰ অল্পুচৰগণকে ঘৰ হইতে ঘাট ১০তে, পাঠশালান কানাও ১০তে হসাকা কৰিয়া "দাৰগাৰ বোঁড়া দেখনি" বলিয়া একত্রিত কৰিয়াতি , গোড়াটি ঠে ও কৰিলে এক একটী ছেলে ওে হে কিন্তিছে ৷ সংস্থান ভুই প্রবল্ভির কেত কেত স্বয়ন্ত্রমূবে "ব্রোডা মুখে ন ড" কেত "ক্রেড। ক্রিড। ক্রিনো প্রাডা:---নাকে দড়ি" ক্রিয়া কপ্রচাইতেছে। আবার কেই বচন সংশোধন কবিলা পিট্রডে --

> "ও বেছি। ছোর নাকে ৮৬। নিয়ে যাব বালনাপাড়া ।"

্মন সময় দাবগা সাতেব গোলাবাটীৰ বৈঠক হ*টাতে* চাবুক হ**ন্তে** বহিৰ্গত হইলেন, ভাহাৰ বৃহৎ শোক্ত দৰ্শন অনেক ভেলে বৃক্তের অন্তরালে আশ্রম গ্রহণ কবিলেন, ছই একটা শিশু কালিয়া হাত তুলিয়া ভযে অপরিচিত্ত জনেব কোলে চিভলেন, কিন্তু গোলাম সবদাব সাহেব আমাব পুরাতন বন্ধু, আমাকে দেখিয়া মনে কবিলেন জটাব কাছে ফাঁকি নাই। ভাবিলেন, যতগুলি টাকা গুণে লইয়াছি, জটা সব দেখিয়াছে—সব মনে মনে গণিয়াছে। সহাস্থ্য বদনে আমায় কহিলেন "কাা লেড্কা বহুত বোজ সে মূলাবাত নাহি।" আমি বিনাবাকো একটি সেলাম কবিলাম। দাবগা সাহেব নিকটে আসিয়া চাপকানেব নাচে সামনেব জেবে হাত দিলেন, ঝনাত কবিয়া উঠিল, তিনি যেন শিহবিয়া উঠিলেন, আবাব বছ সাবধানে একটি টাকা বাহিব কবিয়া গ্রামেব ভেলেদিগকে মেঠাই খাইতে দিলেন, গ্রামন্ত সকলে সন্তুষ্ট হইল—একটি ঘুসের উপব ঘুস চডিল।

দাৰ্গ। সাহেৰ অধাৰোহণে উল্লভ। এমন সম্য ব্যুবাৰেৰ একটি নূতন নালিশ উপস্থিত হইল, সে হঠাৎ কহিষ। উঠিল, "দাৰ্গা সাহেৰ হুজুৰ। আমাৰ বিচাৰ হল না ধ্যাৰভাৰ।"

ল। গোঁডা চডিতে পেছু ডাকিলি।

হিতে বিপ্রতি, দারগা ক্রন্ধ হইয়া কহিলেন, "হারামজাদা—পাঁচ রূপেয়া জবিমানা।" ব্যু কহিল "জবিমানা ককন, মেবে ফেল্ন, কেটে ফেল্ন, আজ রঘু হজুবের হারগত, পদানত—ত প্রভু। পিঠে চিক্ত দেখুন—জাষ্যা নাই— গদ্ধক উচ্চ গেছে।"

বন্ধ ল প্রতিদেশের বন্ধ উত্তোলন করিয়া, লাঠি ও বেতের দাগের উপর দাগ দেখাইল। "এএ দাগ কিসে হল ?" এই কথাগুলি দাবগা কহিতে না কহিতে বন্ধার নয়নজলে ভাসিয়া গল। কাদ কাদ অন্ধােচ্চারিত কথায় কহিল "নােবে গেভি করা।" আবার কহিতে কহিতে ভূমে পভিত ইইল।

গজানন এই সময়ে বাহিবে আসিয়া উপস্থিত, "ওবে-বে বঘুবে! ছাা!
—কান্দিস্ না—সকল কথা বল, এবাব সিংহেব পোয়েদেব—শ্রাদ্ধ হবে—হবেই
হবে—কববই কবন।" অমনি বাম হস্তেব মৃষ্টিতে দক্ষিণ হস্তে তুই তিনটী
চপেটাঘাত ববিলেন। গজাননেব কথায় দাবগা সাহেব উঠেন, বসেন, তাঁহাকে
বসিতে অন্তবাধ কবিলেন: বঘ্বাবেৰ অভিযোগ আৰম্ভ হইল, আবাৰ কাছাৰী
গ্রম হইল। বঘ্বাব আৰম্ভ কবিল "হজুব চড়, চাপড়, কিল, গড়াবি, ঘাড়ধাকা,
মানপিট, গুতাগুহি, লাঠালাঠীৰ কিছু বাঁকি নাই।" বলিয়াই আনাৰ বোদন
আৱম্ভ কবিল।

গজানন কহিলেন, "বঘু এতজ্ঞপ বলবান্ না হইলে বোধ হয় মাবা পড়িত। ও ফেবাব ছিল, মনে মনে আপনাকে দোধী माँ জানিলে একাই দশ গ্রামেব

গঙ্গাধরশর্মা ওরফে জটাধারীর রোজনাম্য

সপ্তম পরিচ্ছেদ

প্ৰকৃত্ত মোক্দ্মা

বগা সাহেব থানা অভিমুখী। ভাতাৰ ,ঘাটক-পূর্ফে ৰাঙ্গা বঙ্গেব পাযজাম। চডিয়াছে, গলায় ঘুষ্টুৰেৰ মালা ছলিতেছে, ভাৰ উপৰ নীল সংত জৰি জড়ান ছটি চাকচিকামান ,প্র, কর্ণহায়ের কিপিৎ শিয়ে গলদেশে ,শাভ্যান। অগ্রপদন্তমের বিক্রিং টুপ্রে আত্তের ভেলের স্ক্রিড বজাদেশের মত রৌপা-নিশ্মিত দ্বাদশটি তক্তি-মালা সুশোভিত নোক্তা ও খলিন বজ্জ থাবাৰ আৰ এক প্রকাব সিন্দুরের সঙ্গের স্থলাহানী বনাতে জড়িত। উভয় কর্ণের পাশে নোজাব কোণে ছটা বাপাৰ চাদ ও নোক্তাৰ উপবিভাগে মধাদেশ হইতে মশ্বেৰ অক্ষিদ্ধয়েৰ কিঞ্চিং নিমুত্রল একটা উচ্ছল জবিব তবক ও জবিব ফল ঝুলিতেছে। স্থল, ভাজি ঘোডা যথার্থই গাজি নবন সাজিমাছে। বাগছোর সহিস ধরিষা রহিয়াছে—কিন্তু অশ্বটী অস্থিব, ঘূরিতেছে নাচিতেছে, থ্রেষা বরে হাঁসা ঘোডা সকলকে জাগবিত বাখিয়াছে, আজ পাড়াব জেলেব নিজ। নাই, একটী যেমন তেমন তামাসা মজুদ থাকিলে কি জেলেবা স্থান্তিৰ থাকে গ্ৰাম্ম আপনাৰ অন্তচৰগণকৈ ঘর হইতে, ঘাট হইতে, পাঠশালান কানাচ হইতে ইসাবা কৰিয়া "দানগাৰ ষোঁড়া দেখবি" বলিয়া একব্রিত কবিয়াছি। গোড়াটি 🕉 🔅 কবিলে এক একটী ছেলে টে হে কবিতেছে। দাৰগাব ভুষ প্রবল, এব কেই কেই স্কুমুদ্রস্থার "বোঁড়া মুখে নাড়া" কেছ "গোঁড়া বাঁগনা পাড়া—নাকে দড়ি" কহিয়া কপচাইতেছে। আবাৰ কেই বচন সংশোধন কৰিয়া দিতেছে—

> "ও ঘোঁডা তোর নাকে লড়। নিয়ে যাব বাগনাপাড়।''

এমন সময় দারগ। সাতের গোলাবাটীর বৈঠক হইতে চাবুক হতেও বহির্গত হইলেন, তাঁহার বৃহৎ শুদ্রা দর্শনে অনেক ভেলে বৃক্ষের অভ্যালে আশ্রয় গ্রহণ কবিলেন, তুই একটা শিশু কান্দিয়া হাত তুলিয়া ভযে অপরিচিত্ত জনের কোলে চড়িলেন, কিন্তু গোলাম সবদার সাহেব আমার পুরাতন বন্ধু, আমাকে দেখিয়া মনে কবিলেন জটাব কাছে ফাঁকি নাই। ভাবিলেন, যতগুলি টাকা গুণে লইয়াছি, জটা সব দেখিযাছে—সব মনে মনে গণিয়াছে। সহাস্ত্য বদনে আমায় কহিলেন "ক্যা লেড়কা বহুত বোজ সে মুলাকাত নাহি।" আমি বিনাবাকে। একটি সেলাম কবিলাম। দাবগা সাহেব নিকটে আসিয়া চাপকানেব নাচে সামনেব জেবে হাত দিলেন, ঝনাত কবিয়া উঠিল, তিনি যেন শিহবিয়া উঠিলেন, আবাব বছ সাবধানে একটি টাকা বাহির কবিয়া গ্রামের ছেলেদিগকে মেঠাই খাইতে দিলেন, গ্রামস্থ সকলে সন্তুষ্ট হইল—একটি ঘুসের উপব ঘুস চড়িল।

দাবগা সাহেব অশ্বাবোহণে উন্নত। এমন সম্য ব্যুবীবেব একটি নৃত্ন নালিশ উপস্থিত হইল, সে হঠাৎ কহিয়া উঠিল, "দাবগা সাহেব হুজুব! আমার বিচাব হল না ধ্যাব হাব।"

দা। গোঁডা চডিতে পেছ ডাকিলি।

হিতে বিপবাত, দাবগা ক্রদ্ধ হইয়া কহিলেন, "হাৰামজাদা—পাঁচ রূপেয়া জবিমানা।" বঘু কহিল "জবিমানা ককন, মেবে ফেল্ন, কেটে ফেল্ন, আজ বঘু হজুবেৰ অন্তগত, পদানত—তে প্রভৃ! পিঠে চিহ্ন দেখুন—আয়গা নাই— গদ্ধব্য উড়ে গেডে।"

বঘ্বাৰ পৃষ্ঠদেশেৰ বস্ত্ৰ উত্তোলন কৰিয়া, লাঠি ও বেতের দাগেৰ উপর দাগ দেখাইল। "এত দাগ কিসে হল ।" এই কথাগুলি দাবগা কহিতে না কহিতে বঘুৰাৰ ন্যন্জলে ভামিয়া গেল। কাদ কাদ অন্ধোচ্চাৰিত কথায় কহিল "মোৰে গেছি কঠা।" আবাৰ বহিতে কহিতে ভূমে প্তিত হইল।

গঞ্জানন এই সময়ে বাহিবে আসিয়া উপস্থিত, "ওবে-বে বঘুবে! ছাা!
—কান্দিপ্না—সকল কথা বল, এবাব সিংহেব পোয়েদেব—আদ্ধা হবে—হবেই
হবে —কববই কবব।" অমনি বাম হস্তেব মৃষ্টিতে দক্ষিণ হস্তে ছুই তিন্টী
চপেটাঘাত কবিলেন। গজাননেব কথায় দাবগা সাহেব উঠেন, বসেন, তাঁহাকে
বসিতে অন্তবোধ করিলেন; বঘুবীবেন অভিযোগ আবস্তু হইল, আবাব কাছারী
গবম হইল। বঘুবীব আবস্তু কবিল "হজুব চড, চাপড, কিল, গড়াবি, ঘাড়ধাকা,
মাবপিট, গুভাগুতি, লাঠালাঠীব কিছু বাঁকি নাই।" বলিয়াই আবাব রোদন
আবস্তু কবিল।

গজানন কহিলেন, "রঘু এতজপ বলবান্ না হইলে বোধ হয় মাবা পডিত। ও ফেরাব ছিল, মনে মনে আপনাকে দোষী শাঁ জানিলে একাই দশ গ্রামের লোক ভাগাত।" আবার রন্থ্র দিকে দেখিয়া কহিলেন, "রহ—রহ তোর হয়ে আমি বলিতেছি—বল্ছি, তুই থাম—থামরে থাম।"

"যখন আত্মহত্যার মোকর্দ্দমা—"

রঘু। আমার আত্মহতা। হওয়া ছিল ভাল—বাপ! এত অপমান!

গজা। থামরে রঘু থাম—কথা কৈতে দিবি, না গোলযোগ করবি ? দারগা সাহেব ! যখন আত্মহত্যার উপযোগিতা জক্ম, আপনি রঘুবীরকে গ্রেপ্তার করিতে ছকুম দেন, সে ফেরার হইয়া গ্রামে ফিরিতেছিল। মাঠে মাঠে—রোজে বৌজে রাজি হইয়া শান্তিপুরের সিংহ বাবুদের বাটীর পশ্চান্তাগে পুঙ্করিণীর বান্ধাঘাটে প্রান্তি দূর কবিতে গিয়াছিল—ওর গ্রহ !

রঘু অংসভাগ কুঞ্চিত করিয়া কহিল "না গেলেই ভাল হত—বাপ !"

গজানন কহিলেন, "থাম—থামবে থাম—তার পব আপন বস্ত্রে পাথেয় খাভ বান্ধিয়া রঘু ঘাটে হাত পা ধুইতে অগ্রসর হইল, তখন ঘাটে সেই সিংহ বাবুদের একটিমাত্র কিশোবী ক্সা স্নান কবিতেছিলেন—"

বঘু। সেই কাল, সেই কম্মাই কাল—

গ। এদিকে বঘু বৌদ্রতাপে তপু হইয়া জলে নামিতেছে, যত নামে তত অঙ্ক শীতল বোধ হয়, আবো জলে নামে—ও দিকে কন্সা ভীতা হইয়া জলের দিকে অগ্রসব হইতে হইতে ক্রমে গভীব জলে পতিত হইয়া বোদন কবিয়া উঠিল। নিকটে ক্ষেত্রে কতকগুলি কৃষী ঐ ক্রন্দন শুনিয়া ঘাটে উপস্থিত হইল, মনে করিল কন্সা ঘোব বিপদে পতিত—মনে করিল বঘুবীব জলতৃষ্ণাচ্চলে দস্যু কার্যো প্রবৃত্ত, কারণ কন্সা সালস্কারা ছিলেন।

রঘু। দস্তা। চুরি! আমার চৌদ্দ পুরুষ কখন কাহাব পাতকেটে ভাত খায় না, তাতে মা জননীর অঙ্গ।

গজা। থাম্—পরে সিংহবাব স্বয়ং লাঠীয়ালসহ ঘাটে উপস্থিত হইয়া রঘুকে বন্দী করিলেন—তাব পর যা হইল উহার সর্ববাঙ্গে বর্তুমান। ওর ঘোর বিপদ মহাশয়!

রঘু। বিপদের উপর বিপদ বলুন—বাপ! সর্ব্বাক্তে ব্যথা!
দারগা সমস্ত ব্তান্ত শুনিয়া কেবল মাত্র কহিলেন "ও খফিফ মারপিট—"

রঘু। এ ছোল—দাগ নহে—ছোল মার কি আমরা মারপিট বলি— ইহাতে রক্তপাত হয়েছিল, জিব বেরিয়ে পড়েছিল, অজ্ঞান হয়েছিলাম।

দা। হাঁ, বেছঁস হইলে আলবং মোকৰ্দ্দমা সঙ্গীন হইড, অপরাধীকে এই ক্ষণেই শ্বুত করিতাম। গঞ্জানন কহিলেন "তবে নিগৃঢ় কথা সব বলি, ওরে যাও সকলে বাহিরে যাও"—ছকুম হইবামাত্র সকলে গোলাবাটীর বহির্দেশে আসিল, কেবল আমি নিকটস্থ একটী পান্ধীর ভিতর বসিয়া বিনা সন্দেহে সকল মনোযোগ দিয়া শুনিতে থাকিলাম --"

গঞ্জানন হস্ত উত্তোলন করিয়া পঞ্চ ব্রুল নির্দেশ করিয়া ক্ষীণস্বরে দারগা সাহেবকে কহিলেন "বড়—কম নহে—টাকা!—এক চাপড় টাকা! সিংহ বাবুদের চরিত্র আপনি কি জ্ঞাত নহেন? দাঙ্গা করিয়া লাঠা চালাইয়া, সড়কি মারিয়া সেই বাদশাহী জায়গীর গ্রাম সমস্ত বাজেয়াপ্তির সময় আমাদের কি না কন্ট দিয়েছে? ভুলে গেলেন—হে মহাশয় অল্পদিনে সব ভুলিলেন! একটা পাক লাগান—ছটা মোচড় দিন—অমনি অমনি যাবে, ওরা যে এ সরকারের চির শক্ত—চালান না করিলে আমরা মহাশয়কে ছাড়িব না। কৈ ? আপনি কেমন আমাদের কথা হেলা করে যাবেন যানু ত ?"

রঘু এই সকল কথা শুনিয়া কহিয়া উঠিল, "যেমন সওয়াল করিতে হয় তা দেওয়ানজী করলেন।" ও নিমুস্বরে গান করিয়া কহিল

"রাঙ্গা বরণ, ত্থানি চরণ, ক্দে লব জোব বরিয়া!"

গঞ্জানন অমনি কহিয়া উঠিলেন, "বঘু মাবের আঘাতে প্রায় পাগল হইয়াছে। বলি বেহু সং তা সব হবে—ও বেহু সই ত ছিল কেবল অপার্য্যনাণে কি কবে কথা না কহিলে চলে না, এজন্যই বঘু—আমি অনেক বলায়—বিসয়াছে নচেৎ ও ত শুইয়াই ছিল—এ দেখুন" (উচ্চম্বরে) "আবার শুইল—"

বলিতে বলিতে বঘু ভূমিশয্যাগত, অচেতন চোখের গোলা উল্টাইয়া পড়িল। গজানন দারগা উভয়ে তাহার নিকট আগত—ন্নিগ্ধ জল আসিল, হিমসাগর তৈল আসিল, রঘুবীর অজ্ঞান, দাঁতে খিল লাগিয়াছে— বেতাব হইয়াছে। আবার মুহুর্ত্তে লোক জমা হইল, অনেক কপ্টে রঘু ঈষৎ চাহিল, চক্ষু মেলিল কিন্তু বাক্যা রোধ হইয়াছে— সর্ব্বাঙ্গ গুরুতর ব্যথায় কাতর—আর মোকর্দ্দমাও গুরুতর হইবার বাঁকি নাই, সিংহদের ভিটায় ঘুঘু চরাইবার বাঁকি নাই! দারগা সাহেব খাটিয়া আনিতে হুকুম দিলেন, রঘুবীর সত্য সত্য খাটিয়াশায়ী হইল, সকলে কহিল এবার লাস চালান যাইবে, একে লোকের ভিড়ে পান্ধী অন্ধকার, তাহাতে লাসের নাম, তাহাতে হঠাৎ দেখিলাম. একটী কাল কুকুরের আখিষয় শিবিকার ছাউনিতলে জ্বলিতেছে, শশব্যস্তে শিবিকার দ্বার খুলিয়া বাহির হইলাম। দারগা সাহেব কহিলেন, "এ কোথায় ছিল।" মনে করিলেন জ্বটাধারী আবার সব কথা শুনিয়াছে।

মৃহুর্প্তে বাহকগণ উপস্থিত হইল, রঘুবীর খাটসহ তাহাদের স্কল্পে বাহিত হইল—কেহ কেহ "হরিবোল" দিয়া উঠিল, রঘুবীর একবার বেতাব অবস্থা ভুলিয়া গর্জন করিয়া উঠিল "সমুন্দির পো! আমি কি যথার্থই মরিয়াছি ?" গঙ্গানন কহিলেন, "বেদনা মস্তকে চড়িয়াছে প্রলাপ দেখিতেছে।" এ দেওয়ান্জীর কৃত প্রলাপ!

দাবগা সাহেব মনে করিলেন তাঁহার এক কর্মে ছই কর্ম সিদ্ধ হইল। লোকে জানিল রঘুবীর মারপিটের মোকর্দ্দমায় বাদী হইয়া চলিতেছে; দারগা তাহার সহিত একটা আত্মহত্যাব সাহায্যের অপবাধী বলিয়া চালান গোপনে লিখিয়া দিলেন, আপনাব শাফায় ও নিজ বৈবাহিক নাজির সাহেবের পূজার পন্থা করিয়া দিলেন। গজাননের একবৃদ্ধি ত দারগাব শত বৃদ্ধি; কিন্তু দারগার মনের কথা তাঁহার মনই জানিল। এদিকে আবার সিংহ বাবুদের কন্যাটিকে হাজির করিবার জন্ম একটী হুকুম নামা লিখা হইল।

অষ্টম পরিচ্ছেদ

ভোমরা কেউ সাহেব দেখেছ ?

একদিন ছুই প্রহণ ছুইটাৰ সময়, লাউসেন দত্ত গুরুমহাশয় আহাবাছে পাঠ-শালাব দেওয়ালে ঠেস দিয়া চুলিতেভেন, উদ্ধ কনিবাৰিণী মলমলেৰ এক পাটা মিহি পাগড়ি কপালের উপর একটি গিব দিয়া বান্ধিয়াছেন; গিরাব ফুঁপি ও মাধার ঋজু পলিত কেশ একত্র হইয়া টাকশালাব শোভা ধাবণ কবিয়াছে, মাথাটা বক্র হইয়া 'বক্ষংস্থালেব দিকে—বাশ ঝাড়েব পুচ্ছময় অগ্রভাগেব ত্যায় নত হইয়া আসিতেছে: দক্ষিণ হস্তের মৃষ্টিতে বেত গাচটি তবু ধনা বহিয়াছে। তথন আহারাস্টে সকল বালক লিখিতে উপস্থিত হয় নাই, গঙ্গাধর সমুপযুক্ত কয়েকটি সঙ্গী লইয়া মুখে "মহামহিম" উচ্চাবণ কবিয়া খতেব মুসবিদা হ'াকিতেছেন: হাতে পাঠশালের দেওয়ালে একটা হবিণের আকৃতি আঁকিলেছন। নিদ্রার প্রাবস্থে গুরুমহাশয়ও মধ্যে মধ্যে আমাদেব স্ববে স্বস্থব নিশাইয়া "হা হযে দাঁডি হস্তিকার" কহিতে কহিতে নাক ডাকাইয়া ফেলিলেন। এমন সময় বেশেদের গোপাল আসিয়া আমার কাণে কাণে কহিল, "ভবে সাহেব দেখেচিস ?" সাহেঁব দেখিতে বাগ্ৰ ছইলাম। কিন্তু আমি বিলক্ষণ জানিতাম দত্ত মহাশ্য কথন কখন,কপট্নিদ্রা যান ও আমর। কি করি ঈষৎ চাহিয়া দেখেন। সময়ে সময়ে বিনা মেঘে বজ্ঞাঘাতের স্থায় আঁলস্ত-প্রিয় বালকের পিঠে বেত্রাঘাত্ও বর্ষণ করেন, অতএব গুরুমতাশয় প্রকৃতরূপে নিজিত কি না তাহা পাঠশালার বাহির হইবার পুর্কেব নিশ্চয় জানা আবশ্যক।

ভঙ্গী করিয়া মহাশয়ের নিকট যাইয়া বসিলাম, নিম্নস্বরে "মশয় মশয়" বলিয়া ডাকিলাম ও অবশেষে বেতের অগ্রভাগ ধরিয়া ধীরে একবার টানিলাম, মহাশয় তাহাতেও চমকাইলেন না, জানিলাম তিনি যথার্থ ই নিদ্রিত। সঙ্গিগকে ইঙ্গিত করিয়া এক লক্ষে পাঠশালার বহির্দেশে উপস্থিত হইলাম: পরক্ষণেই দেখিলাম দত্তজ মহাশয় কহিতেছেন, "কে ছেলেটা আমার বেত ধরিয়া টানিল রে ? নষ্ট জটা— আমার সঙ্গেও ব্যঙ্গ ?" এই কথা কহিতে কহিতে বেত হস্তে আমাদের পশ্চাতে ধাবমান হইলেন, অগ্নিমুখে পতকেব স্থায় এই সময়ে পাঠশালায় প্রত্যাগমন করা অবিধেয় মনে করিয়া অগ্রভাগে আরও দ্বিগুণ ধাবমান হইলাম, কিয়দ্ধুর আসিয়া মহাশয়ও শুনিলেন "সাহেব আসিয়াছে।" তখন আমরা তাঁহাকে সঙ্গে লইয়া আসি নাই এই অভিমানেই পূর্ব্ব ক্রোধ ভুলিয়া তিনিও সাহেব দেখিতে ব্যস্ত সমস্ত হইয়া লম্বা পদদ্বয় চালাইয়া দিলেন। সাহেব দেখিতে গ্রাম সমস্ত এত ব্যস্ত কেন ? ইহার কারণ আছে; তখন পল্লীগ্রামে সাহেবের প্রায় আগমন ছিল না। এখন যেমন বায় সাহেব, পল সাহেব, কব সাহেব, দে সাহেব, দত্ত সাহেব, চটবজি, বানরজি, পালিত সাহেবদেব কৃষ্ণাঙ্গে কালকোট পেনটলুনেব বাহার দেখা যায় সে সময়ে এ শোভা কোথাও দেখা যাইত না, কেবল শ্রামাঙ্গ সাহেবের মধ্যে মহাত্মা রাজা বামমোহন বায়েব সহিত বিলাতগামী এক রামহরি মালী সাহেবকে সাহেবী পরিচ্ছদে ভ্রমণ কবিতে দেখা যাইত ও কোন মহারাজাব বিখ্যাত উল্লানে অধীনস্থ মালী সকলকে অঙ্গুলি নির্দেশ কবিয়া "টুমি নিটাণ্ট ঠক্ আডমি" বলিয়া ভর্পনা কবিতে শুনিতাম। এখন রামহবি সাহেবেব নাম ডুবিয়া গিয়াছে, পুঞ্জ পুঞ্জ রামহরি সাহেব দেখা দিয়াছেন। সাহেব দেখিতে কৌতুকেরও হ্রাস হইয়াছে। কিন্তু যে সময় হইতে আমাব এই বুত্তান্ত উদ্ধৃত হইতেছে তথন প্রশস্ত দেশবিজ্ঞানের মধ্যে ছুই তিনটি শ্বেত কলেবর সাহেব দেখা যাইত। আমরা শুনিলাম ইহাদেরই মধ্যে একটা সাহেবের আশুতোষ বাবুর বৈঠকখানায় আবির্ভাব হইয়াছে। বৈঠক-ধানার বৃহৎ কক্ষে প্রবেশ কবিয়া দেখিলাম বড় ভিড়, ছুই পার্শ্বে দেওয়ালে ছুটি বৃহৎ আরসি আলম্বিত থাকায় একজন লোকের দশ দশ মূর্ত্তি দেখিতে পাইলাম, একা গুরুমহাশয় দশ অবতার দেখিয়া ভীত হইলাম; যাঁহার এক সংহার মূর্ত্তিভেই রক্ষা নাই তাঁর দশমূর্ত্তি! কিন্তু এই মূর্ত্তি দেখিয়া বোধ হয় দত্তজা মহাশয়ের বিশেষ কৃতি বৃদ্ধি হইল, আপনার বালকের দলবৃদ্ধিতে রাজছবৃদ্ধি দেখিলেন ও ক্রুদ্ধ মৃতি শীতল করিয়া এখন আমায় সম্পুথে রাখিয়া দাঁড়াইলেন; তখন আমাদের সাহেব দর্শন হইল, তাঁহার আয়ত লোচনে নীলপদ্মের আভা প্রশস্ত ললাট ও প্রকাণ্ড মন্তক দেখিয়া বোধ হইল ইনি রাজপুরুষ মধ্যে যথার্থ ই অগ্রগণ্য। ইতিমধ্যে সাহেব একবার চুক্রটের পাইপে টান দিলেন, অগ্নির আভায় তাঁহার আখি, মুখ

রাক্ষা শার্মদল ও প্রকাণ্ড বক্ষবস্ত্র প্রভাশালী হইল, বোধ হইল যেন একটী প্রকাণ্ড বাাছ ব'াপ দিতে উন্নত। তাঁহার পার্শে আর একটি আসনে আশুতোষ বাবু মহাশ্য উপবিষ্ট, একজন খেত কলেবর একজন গৌরাঙ্গ, কিন্তু গঠন প্রতাঙ্গ দেখিলে বোধ ছয় উভয়ে এক শ্রেণীস্থ লোক—উভয়েই প্রশস্ত অঙ্গশালী গম্ভীবমূর্ত্তি ভক্তির আম্পুদ। উভয়ে নানা বিষয়েব কথা হইল ; পত্তনী লইবেন, নীলকুটি খুলিবেন, বেসমের ও লায়ের কারবার আরম্ভ হইবে। আগুতোষ বাবুর নিকট কেবল বিংশতি সহস্র মুজা ঋণের প্রার্থনা রাখেন, তাহা দিতেও আশুতোষ বাবু সম্মত হইলেন, বিষয় কার্য্য প্রায় শেষ হইল। আমি জানিলাম ইনিই বাবু মহাশয়ের পরম বন্ধ ডাব্রুটার ইট্যাল সাহেব, কথা কহিতে কহিতে যখনই সাহেবের চক্ষ্ আমাদের দিকে পড়িতেছে অমনি গুরুমহাশয় তুই এক পদ পশ্চাতে গমন করিয়া আমার পৃষ্ঠভাগে চিমটি কাটিয়া কহিতেছেন "চুপ কর, পালিয়ে আয়।" কিন্তু আমি সাহেবের একটি অভ্যাস দেখিয়া বিশ্বিত হইতেছিলাম, রুমাল লইয়া তিনি দন্তপাটি হইতে এক একটি ক্ষুদ্র দ্রবা বাহিব কবিতেছেন পুনরায় বদনে নিক্ষেপ করিতেছেন। গুরুমহাশয় আমাব কাণে কাণে কহিলেন "এ কি ? মাংস খণ্ড ?" আমি কহিলাম "চপ করুন, সাহেবেব ছোট হাজিরি হইতেছে।" দত্তজ কহিলেন "ম্লেচ্ছ। ঘাঁহারা সাতেব সাভেন তাঁহাবাও এইরূপ ছোট হান্সিরি কবেন।" পরক্ষণেই শুকুমহাশয় ঐ স্থান ত্যাগ করিযা চলিয়া গেলেন।

ক্রমে কার্য্য শেষ করিয়া ২০ হাজার টাকার একটা হণ্ড পকেটে ভরিয়া অগণিত ধন্যবাদ দিতে দিতে সাহেব বাহাতর দাঁডাইলেন ও হস্ত প্রসারিয়া বাবু মহাশয়েব করাবলম্বন করিয়া কহিলেন নগরে গমন হইলে আবার সাক্ষাৎ হইবেক। সঙ্গেন সঙ্গে অধারোহণ করিলেন, চারিদিকে সেলামের ধুম পড়িয়া গেল।

আবার আমার দিকে আগুতোষ বাবু চাহিয়া কহিলেন 'কি তে জটাধারী, সাহেবের ইংরেজি কথা বৃঝিতে পাবিলে ?' আমি কহিলাম "মহাশয় অমুগ্রহ করিয়া, বৃঝাইলে পারি।" দয়াব শরীব আর্দ্র হইল, বাবু মহাশয় হাসিয়া কহিলেন বল "রিং দি বেল" "বাজাও ঘণ্টা" আবার কহিলেন "সট দি বক্স" আমি কহিলাম "সট দি বক্সে—" হল না বক্সো নয়—বঁক্স ছটি পাঠই আমার সম্বর অভ্যাস হইল, তথন বৃদ্ধ ভৈরব ভৃত্যকে ডাকিয়া একটি বৃহৎ আলমারী পুলিতে অমুমতি দিলেন। ভৈরব আলমারির নিকট গেল, কহিল "আলমারি পুলিল না, কপাট ঝাড়ের ঝালরে ঠেকিভেছে।" আমাদের সকল বন্দব্যুই এইরূপ সন্তোষজনক! কোন মতে কপাট কতক দূর পুলিয়া একটি দপ্তর বাহির করিলেক, ভাহাতে বাঙ্গালা, কারসী ও ইংরেজি কতকগুলি পুরাতন পুস্তক দেখিলাম, এক একটা কারসী পুস্তক এক এক হাত পরিমাণ, মনে করিলাম এসব কবে পড়িব। বাৰু

মহাশায় একখানি অপেক্ষাকৃত কুল পুস্তক লইয়া আমায় দিলেন ও কহিলেন "এটি মার্চ্চদ্ ইস্পেলিং। ভায়া! যে সময় আসিতেছে ইংরেজি বিল্লা উপার্জন না করিলে আর বড়লোক হইবার উপায় থাকিবে না।" আশুতোষ বাবু বিল্লাব বিশেষ অমুরাগী ছিলেন। তাঁহার এই কথাগুলি এখন ভবিশুৎ বচন স্কুরূপ জ্ঞান হয়; মনে হয় এক জন প্রকৃত হিতৈষী দূরদর্শী পুরুষ উপযুক্ত সময়ে জন্ম গ্রহণ করিয়াছিলেন। তাঁহার ব্যয়ে যত্নে গ্রামে বিল্লায় স্থাপন হয় ও ইংরেজি শিক্ষার আমার হাতেখড়ি পড়ে।



কলিদাস ও শক্ষণীয়র এই ছুইজন বড় বড় কবিকে ভুলনায় সমালোচনা করিব স্থির কবিয়াছি। ছোট খাট বটতলার ও এবষ্ট্রীটের বহুসংখ্যক কবি থাকিতে এত বড় ছুইজন কবিব উপর হস্তক্ষেপ করা কেন ? একথা যদি কেহ জিজ্ঞাসা করেন তাহা হইলে বলিব "মাবি ত হাতি লুটি ত ভাণ্ডার", এদের ছুজনের একজনেবও ভাল কবিয়া আদ্ধ কবিতে পাবিলে সেই সঙ্গে আমাবও কিছু হইতে পারে এই এক ভবসা। আমরা কালিদাস ও শেক্ষণীয়ব মধ্যে কে কেমন লিখিয়াছেন দেখাইতে চেষ্টা করিব। কোন একটা বিষয লইয়া দেখিব কে জিভিয়াছেন কে হাবিযাছেন। কিন্তু ইহাদের ছুজনের মধ্যে কে বড় কে ছোট, কাহাব কবিহুশক্তি অধিক, কাহাব অল্প, তাহা নির্ণয় করা বড় শক্ত; বিশেষতঃ আমার মত ক্ষুদ্রজীবা লোকের পক্ষে। গাহাদেব বিভাবুদ্ধির পার নাই ঠাহারাই হঠাৎ বলিতে পারেন শেক্ষণীয়ের—ছ্যা—কালিদাসের ছাঁইচ পর্যান্ত মাড়াইতে পারে না।

কালিদাস একজন স্থানিপুণ চিত্রকব। রঙ ফলাইতে অন্ধিতীয়। সেড
দিবার ক্ষমতাও পুব আছে। সকলের অপেক্ষা তাহার বাহাত্রী সাজানতে আর
বাছিয়া লওয়াতে। কোন্ কোন্ জিনিস্ বাছিয়া লইতে হইবে আর কেমন করিয়া
বসাইলে সে সব গুলি ভাল করিয়া পুলিবে এই.ছটী বৃঝিতে তাঁহার মত ওস্তাদ
মিলিয়া উঠা ভাব। তিনি চিত্রকরের চক্ষে জগৎ দেখিতেন ও কবির কলমে
লিখিতেন। প্রকৃতিতে যা কিছু আছে সবই স্থান্দর অথবা লিপিচাতুর্য্যে সব স্থান্দর
করিয়া তুলিব এ ভাব তাঁহার মনে কখন উদয় হয় নাই। তিনি স্বভাবশোভা
কাহাকে বলে জানিতেন, চিনিতেন, এবং সেগুলি বাছিয়া লইতে ও সাজাইতে পুব
মজবুদ ছিলেন।

শেক্ষপীয়রের পক্ষে বাছিয়া লইবার কিছু দরকার ছিল না। তাঁহার হুই চক্ষে যাহাই পড়িত, তাহাই লইভেন, কিন্তু কাজের সময় সে গুলিকে জাঁটিয়া

পরিষার করিয়া নিজব্যবহারের উপযোগী করিয়া তুলিতেন। সৌন্দর্য্য বাছিয়া লইবার তাঁহার দরকার ছিল না, যেহেতু অস্থন্দরকে স্থন্দর করিবার ক্ষমতা তাঁহার যথেষ্ট ছিল। পরের লেখা ছাই ভস্ম পরিষ্কার করিয়া তিনি শিক্ষানবিসি সাক্ষ করেন স্থতরাং পরের জিনিস কিরূপে আপন করিতে হয় সেটুকু তাঁহার খুব অভ্যস্ত ছিল। অস্থলর বস্তুর উপর কালিদাসের এমনি বিতৃষ্ণা যে তাঁহার সমস্ত গ্রন্থমধ্যে কোথাও পাপের বর্ণনা বা কোন বীভৎস রসের বর্ণনা নাই। কিন্তু শেক্ষ্পীয়রের পাপের ছবিই সর্ব্বাপেক। সমধিক উজ্জ্বল বর্ণে বঞ্জিত। আমবা কালিদাসে শুশান বর্ণনা পাই না, নরক বর্ণনা পাই না, ম্যাকবেথ পাই না, ইয়াগোও পাই না। কিন্তু শেক্ষপীয়রে অদ্ভূত পাপ সৃষ্টি কালিবানুকে প্রশংসা না করিয়া আমরা থাকিতে পারি না। কালিদাস হিমালয় বর্ণনা করিতে গিয়া কোথায় হিমালয়েব প্রকাশুতা দেখাইবেন, প্রকাণ্ড বস্তুর বর্ণনে পাঠকেব শরীর কণ্টকিত কবিবেন তাহা না করিয়া হিমালয়ে অপ্সবাগণের মতিভ্রম দেখাইতে বসিলেন; সূর্য্যকিরণ বক্র করিয়া পুষ্করিণীব পদ্ম ফুটাইতে বসিলেন; আরো কত স্থুন্দর বস্তু দেখাইয়া হিমালয়কে বিলাসকাননবৎ করিয়া তুলিলেন। কালিদাসেব এইরূপ উৎকট সৌন্দর্য্যপ্রিয়তা হেতুই তাঁহাৰ পুস্তকাবলীতে এত বমণীয বৰ্ণনা দৃষ্ট হয়, এই জন্মই তিনি কটমট ছন্দঃ সূত্র লিখিতৈ গিয়াও সেগুলিকে প্রিয়া বিশেষণ পদ প্রয়োগে ললিত করিয়া তুলিয়াছেন।

পৃথিবীতে বর্ণনীয় জিনিস ছই—অন্তর্জ্গৎ—মন্থুল্যের মন; আব বাহাজ্গৎ। নির্মাল আকাশ, স্থানুববিস্তৃত অবণাশ্রেণী, মেঘমালাবং প্রতীয়মান পর্বতশ্রেণী ইত্যাদি। কালিদাসের বই পড়িলে বোধ হয় এই ছইএর মধ্যে যাহা কিছু স্থান্দর সবই তাঁহার একচেটে। মন্থুল্জাতির মধ্যে স্থান্দর রমণীগণ; রমণীহাদয়ে পবিত্র প্রণয়, পরম স্থান্দর। কালিদাস সেই প্রণয়ই নানাপ্রকারে দেখাইতে প্রয়াস পাইয়াছেন। স্থান্দরের অন্থান্থ প্রবৃত্তিব মধ্যে যেগুলিতে লোকের মন আকর্ষণ করে সেগুলি সব তাঁহার পুস্তকে আছে। বাপ ছেলেকে কোলে লইয়া চুম্বন করিতেছে, বাপ বনে যাবেন শুনিরা ছেলে কাঁদিয়া আকুল হইতেছে, মেয়ে শ্বশুর বাড়ী যাইবে বুড়া বাপ কাঁদিতেছে, প্রিয়তমার অকালমৃত্যুতে পতি শোকে অভিভূত হইয়াছে, স্থামীর অকালমৃত্যুতে নববিধবা মোহপরায়ণ হইয়া পড়িয়া আছে, প্রিয়ার হঠাৎ বিরহে প্রিয় উন্মত্ত হইয়া ভ্রমণ করিতেছে আর যাহাকে পাইতেছে প্রিয়ার সংবাদ জিজ্ঞান্ম করিতেছে; কোথাও লতা কোথাও ময়ুরকে প্রিয়া বোধে আলিক্ষন করিতেছে—এ সব মন্থুন্তন্তন্ত্বের মোহিনীময় ভাব। এ ভাবের প্রকৃত ওস্তাদ কালিদাস। কিন্তু যেখানে দশ্পনরটা পরস্পের বিরোধী ভাব যুগপৎ উদয় হইয়া অস্তরাকাশকে অন্ধকার করে, যেখানে হাদয়-ক্ষত্তে যুদ্ধ

উপস্থিত, যেখানে ভাবসন্ধি ভাবশবল হইবার কথা সেখানে কালিদাস আসিবেন না, সেখানে শেক্ষণীয়র ভিন্ন গতি নাই। একদিকে হুৰ্জ্জয় হুরাকাজ্ঞা রাশি রাশি পাপকার্য্যে রত হইতে বলিতেছে, আর একদিকে স্নেহ দয়া কৃতজ্ঞতা বাধা দিতেছে: একদিকে পাপের স্মৃতি অমুতাপের ভরে হৃদয় ভারাক্রান্ত করিতেছে, আর তখনই সেই পাপ ঢাকিবার জন্য চেষ্টা করিতে হইতেছে, তখনি সে ভাব গোপনের জন্য কার্য্যান্তরে ব্যাপত হইয়া যেন সে নয়, এইরূপ দেখাইতে হইতেছে ;—এ সব হৃদ্ধ তির জটিলতা, মনুষ্যস্বভাবেৰ অস্থিরতা, প্রস্পুর বিরোধী ভাবসমূহের যুগপৎ বিকাশ, শেক্ষপীয়ব ভিন্ন আর কেহ পরিষ্কার করিয়া দেখাইতে পারেন নাই পাবিবেনও না। শেক্ষপীযর মামুষ সৃষ্টি করিতে পারেন। তুমি যেমন মামুষ চাও, শেক্ষপীয়র তেমনি মাত্রুষ তোমায় দিবেন। তুমি শকুস্থলাব মত সরলা মুগ্ধহাদয়া সামাজিক কৃটিলভানভিজ্ঞা বালিকা চাও মিরন্দা দেশদিমোনা লও। পাকা গিল্পী ঘরকল্লায় মজপুত, ভাঙ্গে না, মোচকায় না, এমন মেয়ে চাও, আচ্ছা তোমাব জনা ডেম কুইকলি আছে। পতিপবায়ণা পতিরতা যুবতী চাও পোর্সিয়া আছে ; জগৎ মোহিত কবিবার জন্য মায়াজাল ছড়াইয়া বসিয়া আছেন, যে জালে পা দিতেছে তাতাবই সর্বনাশ করিতেছেন, এমন ত্র্বাদ্ধিশালিনী ভূবনমোহিনী চাও, ক্রিয়োপেট্রা আছে। ত্রাকাজ্ফায জর্জবিত্রদয়া, লোকের উপব আধিপত্য কবিবার ইচ্ছায় পাষাণবং দৃঢ়সংকল্লা, পুরুষকে পাপে প্রেরণ করিবার জন্য শয়তানরূপিণী পাপিষ্ঠা দেখিতে চাও লেডি ম্যাক্বেথ আছে। দেখিবে এ গুলি সব মান্তব, অমন যে পাষাণহৃদ্যা ম্যাক্বেপপত্নী, যে রাজ্যলোভে ক্রোভৃস্থিত স্থনাপায়ী আপন শিশুকে আছাড়াইয়া মারিতে ক্রুক্ত হয় না, সেও জ্ঞীলোক : রাজার মূখ আপন পিতার মুখেব মত বোধ হওয়াতে স্বহস্তে রাজহত্যা করিতে পারিল না।

কালিদাস এরপ মনুষ্য সৃষ্টি করিতে অক্ষম, তিনি মনুষ্যস্তদ্যের সুন্দর অংশ দেখাইতে পারেন। উদাহরণ—তিনি ক্রম্নিকে শক্ষুলার ঠিক যাত্রার সময় বাহির করিলেন। যেহেতু কন্যা প্রেবণের সময়, পিতার কারা বড়ই সুন্দর। সেটি দেখান হইল, অমনি ক্রম্নি ডিস্মিস। কালিদাস তাঁহাকে একেবারে পুকাইয়া ফেলিলেন, আর বাহির করিলেন না। শকুস্তলার চিত্রটি পরম সুন্দর, এই জন্য আগা গোড়া শকুস্তলা চবিত্র আমরা পড়িতে পাঁই। ওরূপ মৃষ্ম বালিকার প্রথম প্রণয় সুন্দর। সেই প্রণয়ের অমুরোধে দারুল ক্রই হইলেও পিতা মাতা সমহঃশস্থশখী চিরলালিত হরিণশিশু চিরবর্দ্ধিত নবমালিকা লতা ত্যাগ করিয়া যাওয়া স্থলর। রাজা প্রত্যাখ্যান করিলে তাঁহাকে হাবা মেয়ের মত শুকাইবার চেষ্টা সুন্দর। রাজা প্রত্যাখ্যান করিলে তাঁহাকে হাবা মেয়ের মত শুকাইবার চেষ্টা সুন্দর। সে সময়ে একটু রাগ (এ রাগে বাহানা নাই) সুন্দর। এড

অপমাদ্যের পর নিশ্চয় মিলনের আশা স্থলর, কশ্রপ-তপোবনে দেখিবামাত্র সকল অপরাধ মার্চ্ছনা করিয়া একেবারে পামর প্রণায়ীর হস্তে আত্মসমর্পণও স্থলর। কালাদাস বড় কবি, এত সৌল্পর্য্য কে দেখাইতে পারে! আবার একটি স্থলর মন্থায়ের চিত্র দেখিবে? বিক্রমোর্ব্দশী খোল। রাজার স্থভাবটী কেমন স্থলর রাজা স্থ্যদেবের অর্চনা করিয়া স্থালোক হইতে ফিরিয়া আসিতেছেন, হঠাৎ অব্দরাদিগের আর্তনাদ শ্রুতিগোচর হইল। রাজা শুনিলেন দৈত্যকেশরী অব্দরা চুরি করিয়া লইয়া যাইতেছে। তিনি কেশরীহস্ত হইতে উর্বেশীর উদ্ধার করিলেন। বীরত্বে যেমন মেয়েদের চিত্ত সহসা আকর্ষণ করে, এমন আর কিছুতেই নয়। রাজার বীরত্বে উর্বেশীর তাহার প্রতি অম্বরাগ জালা। ওরূপ অম্বরাগ স্থলর নয় ? স্থলরী অপাবা বিভাধরীর অম্বরাগ প্রায় নিক্ষল হয় না। রাজারও মনকেমন হইয়া উঠিল, তিনি ক্রমে ধারিণীর প্রতি বীততৃষ্ণ হইলেন। কিন্তু ধারিণী তাহাকে অপমানের শেষ করিলেও তিনি ধারিণীকে একটা উচ্চ বাক্যও বলেন নাই। শেষ ধারিণী প্রিয়প্রসাধন ব্রত করিয়া চন্দ্র স্থ্য দেবতা সাক্ষী করিয়া বলিল যে, যে অভাবধি আমার স্বামীব প্রণয়াকাজ্মী হইবে, আমি তাহাকে ভগিনীর মত দেখিব। কেমন এটা স্থলব নয় ?

উর্বাদীব সহিত বাজাব মিলনের কিছু দিন পরে হিমালয় পর্বতের রম্য স্থান সকলে বিহার কবিবাব জন্ম উভয়ে প্রস্থান করিলেন। সেখানে বসন্ত সময়ে পুষ্পবনমধ্যে নির্জ্জন প্রদেশে নির্মবিণীতটে সান্ধ্যসমীরে শিলাপট্টে পরস্পরের সহবাসে প্রম স্থাথ কাল্যাপন করেন। একদিন উর্ব্বশী কার্ত্তিকের বাগানে উপস্থিত। কার্ত্তিক চিরকুমার, তাঁহার বাগানে স্ত্রীলোক গেলে পাছে দেবকার্য্যের वााघा घरि, এই बना भाभ हिल जीलाक स्मिशात शिलारे लेका इहेगा याहरत। উর্বেশী লতা হইয়া রহিলেন, রাজা তাঁহার বিরহে উন্মন্ত। মেঘ দেখিয়া ভাবিলেন বুঝি দৈতা আবার উহাকে চুরি করিয়াছে। মেঘকে কতকগুলা গালাগালি দিলেন। মেঘ তাঁহার মাথার উপর জলধারা বর্ষণ করিল। রাজা বলিলেন. রে পাপ দৈত্য আমারই সর্বনাশ করিয়াছিস, আবার আমারই উপর বাণ বর্ষণ। সে ভয়ে থামিল। একটা গাছের উপর ময়ুর গলা বাড়াইয়া কি দেখিতেছে, রা**জা** বলিলেন অনেক দূর দেখিতেছ আমার প্রিয়াকে দেখিতেছ কি? ময়ূর বলিল কক্ কক। রাজার মহা রাগ, আমি মহারাজ পুরুরবা আমায় চেন না ? বল কি-না "ক: ক:" বলিয়াই ঢিল, ময়ুরও উড়িয়া যাক। রাজা অনেক কষ্টের পর গৌরীপাদভাই অলক্তমণিসংযোগে উর্বেশীর উদ্ধারসাধন করিলেন। উর্বেশী বলিলেন তুমি মেঘ হও, উর্বেশী মেঘ হইলেন, রাজা তত্পরি আরোহণ করিয়া মুহূর্ত্ত মধ্যে প্রয়াগে উপস্থিত। ইহা অপেকা চিত্তবিনোদন আর কি আছে? যে কেহ

কালিদাসের গ্রন্থ পড়িয়া রাজার সহিত কার্ত্তিকের প্রমোদকাননে ভ্রমণ করে নাই তাহার সংস্কৃত পড়াই অসিদ্ধ।

আমরা এতক্ষণ নাটকের কথাই কহিতেছিলাম, আরও কিছক্ষণ কহিব। নাটক মনুষ্যহাদয়ের চিত্র লইয়াই ব্যস্ত। সে চিত্রে অনেক সৌন্দর্য্য কালিদাস দেখাইয়াছেন কিন্তু আরও অনেক বাকী আছে। সেগুলি কালিদাসে মিলিবে না ভাহার জন্য শেক্ষপীয়রের শরণ লইতে হইবে। কালিদাস এথিত সৌন্দর্য্য শেক্ষপীয়রেরও আছে। কালিদাসের পুরুরবা কালিদাসেব শকুন্তলা অন্যত্র মিলিলেও মিলিতে পারে। কিন্তু শেক্ষপীয়বের প্রস্পেবো আব কোথায় পাওয়া যাইবে ? প্রস্পেবোর স্বভাব মন্তুয়ন্ত্রদয়গত সৌন্দর্য্যের পরাকাষ্ঠা। যে শক্র তাঁহাকে জীর্ণ শীর্ণ ডিক্সি মাত্রে চড়াইয়া অগাধসমুদ্রে নিক্ষেপ কবিয়াছে, যাহাব জন্য বার বৎসব রাজ্য হারাইয়া একাকী জনশুন্য দ্বীপে বাস করিতে হইয়াছিল তাহাদের ক্ষমা করা সামানা ওদার্য্যের কথা নহে। প্রস্পেরোব গুণে সকলেই বাধ্য। কন্যা পিতার একান্ত বশস্বদ। নেপ্ল্সেব রাজা উহাব বাজা ফিবাইযা কেমন দক্ষ সমস্ত নাটকে ভাহাব দৃষ্ঠান্ত আছে। প্রস্পেবো মূর্টিমান্ শান্তি, প্রোপকার ক্ষমা তাঁহাব আভবণ। কলিবানকে শত অপবাধ স্থেও তিনি স্বাধীনতা দিলেন যেহেতু সে ভাহাই চায়। এবি এলেব সময় পূর্ণ ইইবাব পূর্ণেই ভাহাকে ছাডিয়া দিলেন। অন্তোমিওব দোষ প্রমাণ কবিষ। দিলে ভাহাব পাণ-দও হয়, তিনি কেবল একবাৰ ভ্য দেখাইয়াই ক্ষাস্থ হইলেন। তিন্টা মাতাল তাহার ঘব লুঠ কবিতে আসিয়াছিল তাহাবাও ক্ষমা পাইল। প্রস্পেরো ক্ষমা করিলেম কিন্তু সকলকেই এক একবাব জব্দ করিবার পব। প্রস্পেরোব চবিত্র পাঠ কবিলেই তাঁহাকে ভক্তি করিতে ও ভালবাসিতে ইচ্ছা করে। এ একরকম সৌন্দর্য্য। আবাৰ যথন ধর্মবৃদ্ধি ও পাপবৃদ্ধিতে বিবাদ হয় সে সময়েৰ বর্ণনা কি স্থুন্দর নয় ? জ্রুট্স এণ্টনি হামলেট এমন কি ম্যাক্রেথ এই বিবাদহেতু কোন কাজই করিতে পারিতেছে না, একবাব এদিকে একবার ওদিকে কবিয়া দোলাচল-চিত্তবৃত্তি হইয়া বহিয়াছে ইহ। কি স্থুন্দর নয় ? উহাদের জন্য কি আমাদেব ক্ষুদ্রজাবী মনুষ্মের সহামুভূতি হয় না ? ওর্মপ সৌন্দর্য্য কালিদাসের কোথায় গ

তাহাব পর আব এক কথা। শুদ্ধ সৌন্দর্য্য ইইলেই কি কাব্যেব চরম হইল ? সৌন্দর্য্য ছাড়া আরও অনেক জিনিসে কাব্য হয়,। তাহার মধ্যে প্রধান ছইটি; পণ্ডিতেরা বলেন তিন পদার্থে কল্পনাজনিত আনন্দের উৎপত্তি হয়,—প্রকাণ্ড বস্তু দেখিলে, নৃতন বস্তু দেখিলে, আর স্তন্দর বস্তু দেখিলে। এই কথাটি যেমন বাহ্যজগতে খাটে তেমনি হার্টুর্জগতে। অস্তুর্জগতে যখন আমরা কাহাকেও

लाकाजीज कमजामानी प्रिथिएज পाই, यथन प्रिथिएज পाই य क्रिन्टिंग वााञी জন্য স্বদেহ অর্পণ করিলেন, যখন দেখি যে রামচন্দ্র পিতৃসত্য পালনার্থ বনগমন করিলেন, তখনই আমরা প্রকাণ্ড বস্তু দেখি। তখনই আমাদের মনে বিশ্বয়ের আবির্ভাব হয় এবং সেই বিশ্বয়মিশ্রিত এক অপূর্ব্ব আনন্দ ও ভক্তির উদয় হয়। কালিদাস এরূপ পুরুষপ্রকাণ্ডের চিত্র দেখাইতে পারেন নাই। রঘু রাজা যখন বিশ্বজিৎ যজ্ঞে "মৃৎপাত্র শেষামকরোৎ বিভৃতিম্ :" পার্বতী যখন মদন দহনের পর কঠোর তপস্থায় তমু অক্সে তাপ দিতে লাগিলেন তখন যেন এইরূপ প্রকাণ্ড চিত্র দেখাইবাব চেষ্টা হইয়াছে বোধ হয় কিন্তু এক পার্ববতীর তপস্থা ভিন্ন আর কোপাও বিস্ময় উদয় করণে তিনি সমর্থ হয়েন নাই। শেক্ষপীয়রেব এরপে বিস্ময় উৎপাদক মুম্মান্থারে চিত্র অসংখা। এরূপ উজ্জ্বল চিত্রের সংখ্যা নাই। দর্বপ্রধান লেডি মাাক্বেথ, একবার অমুতাপ নাই বরং প্রতিজ্ঞা, একবার যখন नाभियाहि (मथा याक भाजान कज मृत। এकवात श्रुमग्र(मोर्व्यना श्रुकाम नारे, কেমন প্রত্যুৎপল্লমতির! যখন সভামধ্যে ব্যাক্ষোব প্রেতমূর্ত্তি আসিয়া ম্যাক্বেথকে বিহবল কবিষা তুলিল, যখন ম্যাক্বেথ ভয়ে অনুভাপে জড়ীভূত হইয়া অতি গোপনীয় কথা সকল প্রকাশ করিতে লাগিলেন, তখন লেভি ম্যাক্রেথের কেমন ক্ষমতা। অন্য নেয়ে হইলে, "ওগো আমাব কি হোলো" বলিয়া কাঁদিয়াই অস্থির হয়। লেডি ম্যাক্রেথ সভাশুদ্ধ লোককে বুঝাইয়া দিলেন যে রাজার এরূপ মূর্চ্ছা মাঝে মাঝে হয়, এ সময়ে কাছে কেহ আসিলে তিনি বিরক্ত হন। এই বলিয়া নিজে ম্যাক্বেথের কাছে বসিয়া ভাহার তুর্বল মনের দৃঢ়তা সম্পাদন করিতে লাগিলেন। এরপ চরিত্র পাঠ করিলে কাহার মনে বিস্ময়ের উদয় না হয় ?

কল্পনাজনিত আনন্দের আর এক কাবণ নৃতনতা, অর্থাৎ আজগবি জিনিস বর্ণনা কবা। আবব্য উপন্যাসে ইহার ভূবি ভূরি উদাহবণ পাওয়া যায়। এরপ নৃতন জিনিস কালিদাস বা শেক্ষপীয়র কাহারই নাই। তবে শেক্ষপীয়রের স্পিরিট্ ওয়ারল্ড বা পরীস্থান; সেটী যেমন নৃতন তেমনি স্থানর। সবই মন্থায়ের মত কিন্তু কেমন প্রবিত্র আনন্দময়, কোনকাপ শোক তৃঃখ নাই। শোক তৃঃখ যে বৃত্তি ছারা অনুভব হয় সে বৃত্তিও তাহাদেব নাই। অধ্বচ মান্ধুষের কন্ত দেখিলে মনটা কেমন কেমন হয়।

Ariel. Your charm so strongly works them
That if you now behold them your affection
Would become tender.

Pros. Dost thou think so, spirit?

Ari. Mine would sir, were I human.

যদি আরিয়াল মামুষ হইত, তবে লোকের ছঃখ দেখিয়া তাহার চিত্ত জবীভূত হইত। ওবেবণের অধীন দেবযোনিগণ মন্থায়ের অদৃষ্ট লইয়া ক্রীড়া করিতেছে, মামুষের কাণে একপ্রকার পাতার রস ঢালিয়া দিয়া এর প্রাণটী ওর ঘাড়ে, ওর পিয়ারের লোক তার ঘাড়ে দিয়া কেমন আমোদ করিতেছে; পড়িলে নৃতন জগৎ, নৃতন আমোদ, নৃতন পবিবর্ত্ত বলিয়া বোধ হয়, পাঠক নিজেও যেন পরীগণমধ্যে বিলীন হইয়া যান। কালিদাসের চিত্রলেখা, সহজন্যা, মিশ্রকেশী, এমন কি উর্বাদী শেক্ষণীয়রের পবীস্থানে স্থান পান না।

শেক্ষপীয়রের হাস্তরসাকর চরিত্র বর্ণনা এক আশ্চর্য্য জিনিস। এ স্থলে ভাহার উল্লেখ না করিয়া থাকা যায় না। ফলষ্টাফ কতবার অপ্রস্তুত হইল, কিন্তু সে অপ্রস্তুত হইবাব পাত্র নহে। যতবার তাহাব বিভাবুদ্ধি প্রকাশ হইয়া পড়ে, ততবারই সে নৃতন নৃতন চালাকি বাহিব করে, ঠিকবার পাত্র ফলষ্টাফ একেবারেই নহে। পাারোলস ফলষ্টাফের সঙ্গে তুলনা করিলে কালিদাসের বিদ্যকগুলি কোন কর্ম্মেবই নহে। জীবনশ্না প্রভাশ্ন্য খোসামুদে বামুন্মাত্র।

এভদুবে আমরা কালিদাস ও শেক্ষপীযুবেব তুলনার এক অ'শ কথঞিৎ শেষ করিলাম। বিষয় এত বিস্তৃত, সমালোচনায় এত আমোদ যে, সংক্ষেপ করিতে গেলেই কষ্ট হয়। যে অংশ সমালোচিত হইল, ইহাতে হৃদয়ের শ্রারন্তি বর্ণনায় কাহাব কত বাহাত্বরী দেখাইবার চেষ্টা করা হুইয়াছে। কল্পনাঞ্জনিত সুখ তিন কারণে জ্বন্ধে, প্রকাণ্ডভা—সৌন্দর্য্য ও নৃতনতা। প্রকাণ্ডভা—বিশায়কর হৃদয় ভাবের ঔজ্জল্য —বর্ণনায় শেক্ষপীয়েরের অমুকরণেও কেহু সমর্থ নয়। অভি নৈসর্গিক পদার্থ স্থিতে শেক্ষপীয়ব অতীব মনোহর, হাস্থবসের বর্ণনায় ভাহার বড়ই ওস্তাদি। সৌন্দর্য্য বর্ণনা ও যেখানে হৃদয়বৃত্তির জটিলতা, গভীরতা সেখানে কালিদার্স শেক্ষপীয়র হুইতে অনেক নান। যে চরিত্র পাঠে মনের ঔদার্য্য জন্মে যে চরিত্র অমুকরণ করিয়া শিক্ষা করিতে ইচ্ছা করে, ভাহার গন্ধও কালিদাসের নাটকে নাই। তবে যেখানে সহজ্ঞ অনিমিশ্র হৃদয়ভাবের বর্ণনা আবশ্রুক, সেখানে কালিদাসের বড়ই বাহাত্বরী। কালিদাসের নাটক পড়িলে গেটের সঙ্গে বলিতে ইচ্ছা করে "যদি কেহু বসস্থের কুন্তুম, শরতের কল, সর্গ ও পৃথিবী একত্র দেখিতে চায় তবে শকুস্তলে তোমায় দেখাইয়া দিখ।"

এতক্ষণ পর্যান্ত যাহা দেখা গেল তাহাতে কালিদাস, শেক্ষণীয়র হইতে ন্ন্য বলিয়া বোধ হইবে। কালিদাসের আর এক মূর্ত্তি আছে, সে মূর্ত্তিতে তাঁহার সমকক্ষ কেহ নাই। বাইরণ জাক করিয়া বলিয়াছেন Description is my forte কিন্তু সেই বাহু জগর্জনায় কলিদাস অদ্বিতীয়। শেক্ষণীয়র বাহুজগর্জনায় হাত দেন নাই, বাহ্যজ্ঞগৎ বড় গ্রাহ্যও করিতেন না। মনুয়ের হাদয়ের উপর, তাহার আধিপত্য সর্ব্বতোম্থ। তাহার যেমন অন্তর্জ্জগতের উপর কালিদাসের তেমনি বাহাজগতের উপর স্বর্ব তোমুখী প্রভুতা। যখন স্বয়ম্বর স্থলে ইন্দুমতী উপস্থিত হন, তখন কালিদাস তুই চারি কথায় কেমন জ্ঞম জ্ঞমাট করিয়া দিলেন। একেবারে কল্পনানেত্র উদ্মীলিত হইল। দেখিলাম প্রকাশু উঠান, বহুসংখ্যক মঞ্চ, অর্থাৎ কথকঠাকুরদিগের মত বেদী, নানা কারুকার্য্যখিচিত মহার্ঘ বস্ত্রান্তরগোপপন্ন, তত্পরি পৃথিবীর রাজগণ বিচিত্র বেশভূষা করিয়া সঙ্গিগণ স্মভিব্যাহারে বসিয়া আছেন।

তাক্ প্রিয়া রাজ পরস্পরাক্ প্রভাবিশেষোদ্যত্নিরীক্যা:। সহস্রধান্ত্রা ব্যক্তবিভক্তঃ পয়োম্চাং পক্তিষ্ বিহ্যতেব ॥

যেমন মেঘমালায় একটি বিছাৎ হইলে সমস্ত মেঘ উদ্দীপ্ত হয় এবং সেই নিবিড় নীলনীরদমালার মধ্যে সেই বিছাৎ যেমন গাড়োজ্জ্বল দীপ্তি বিকাশ করে, তেমনি রাজারা সব মঞ্চোপবি আসীন হইলে রাজসূভাব কেমন এক গভীরতা মিশ্রিত লোকাতীত শোভা হইল। সব জম জম করিতে লাগিল। এমন সময়ে বিদিরা স্থাতি পাঠ আরম্ভ করিল—রাজাদেব বংশাবলী বর্ণনা সমাপন হইল।

অধ স্ততে বন্দিভিরষয়কৈ: সোমার্কবংশে নরদেবলোকে।
প্রদারিতে চাগুরুগারধোনো ধৃপে সম্ংসপতি বৈজয়ন্তী: ।
পুরোপকণ্ঠোপবনাশ্রাণাং কলাপিনামৃদ্ধতন্ত্যহেতো।
প্রথাত শঙ্খে পরিভোদিগন্তান্ তুর্যায়নে মুর্ছতি মন্ধলার্থে।
মন্থ্যবাহং চতুরপ্রধান মধ্যাস্য কন্তা পরিবারশোভি।
বিবেশ মঞ্চান্তর রাজমার্গং পতিছরারুগু বিবাহবেশা ॥

•

কালিদাস রাজ্বসভার কবি, তিনি নিজেও হয়ত একজন প্রধান রাজকর্মচারী ছিলেন। তিনি পুস্তক লিখেন সভাস্থ ওমরাহদিগের তৃপ্তির জন্য, তাঁহার নিকট আমরা রাজ্বসভা, বিবাহ সভা, দরবার প্রভৃতি বড়মান্থবি জিনিসের উৎকৃষ্ট বর্ণনা পাইব, ইহা এক প্রকার প্রত্যাশা করা যাইতে পারে। কিন্তু স্বভাববর্ণনায়ও

[•]চন্দ্র ও স্থাবংশীয় রাজগণের বংশাবলী পাঠ হুইলে পর উৎকৃষ্ট অপ্তক্ষচন্দ্রের ধুম চারিদিকে প্রসারিত হইল। সে ধুম ক্রমশঃ অত্যুক্ত পতাকা আক্রমণ করিতে লাগিল। মদল স্চক তৃথাধ্বনি সবলে ধ্বনিত হইল। তাহার সক্ষে শথপ্রয়াত হইয়া শব্দ আবর্ত ঘন গাঢ় হইয়া দিগন্ত পরিপূর্ণ করিল। নগরের প্রান্তবর্তী যে ময়্রের। ছিল তাহার মেঘগন্তীর তৃথ্য মিপ্রিত শথ্পনি প্রবণ করিয়। উয়ত্ত হইয়া নৃত্যু করিতে লাগিল। এমন সময়ে অয়ভরা রাজকল্পা বিবাহ বেশ ধারণ করতঃ মহুব্যবাহ্ছ চতুকোণ যান আরোহণ করিয়া সভামধ্যে প্রবেশ করিলেন।

তাঁহার সমান্তরাল কেহ নাই। বাহাজগৎ বর্ণনায় তিনি যে শুদ্ধ সৌন্দর্য্য মাত্র বর্ণন করিয়াছেন এমন নহে, হিমালয় বর্ণনস্থলে যাহাই করুন, তাঁহার অনেক বর্ণনা এত গভীর যে ভাবিতে গেলে হৃদয় কম্পিত হয়। কিন্তু তাঁহার স্বভাবসৌন্দর্য্য বর্ণনাই আমরা বড় ভালবাসি এবং তাহাই অধিক।

কালিদাসের আরও একটি নিসর্গ বর্ণনা এখানে দেখাইতে হইল। এটা কালিদাসের রঘুর ত্রয়োদশ সর্গ হইতে। রাবণবধ ও বিভীষণের অভিষেক সম্পন্ন হইয়াছে। রাম সীতায় অনেক হাঙ্গামের পর পুনস্মিলন হইযাছে। পুষ্পকর্থ প্রস্তুত। সকলে আবোহণ কবিল। পুষ্পকর্থ আকাশ পথে উড্ডীন হইল। রাম সীতাকে দেখাইতে লাগিলেন। প্রথমেই সমুদ্র।

বৈদেহি প্রভামলয়াথিভক্তং মংসেতুনা ফেনিলমস্বাশিং।
ছায়াপথেনেব শরং প্রসন্ধাকাশমাবিদ্ধতচাকতারম্
ভান্তামবস্থাং প্রতিপ্রমানং স্থিতং দশ ব্যাপ্যদিশোমহিয়া।
বিফেপ্বিবাস্তানবধাবণীরেশিক্রয়ারপ্রীয়বছা বা ॥+

সমুদ্রে প্রকাণ্ড তিমি মংস্থাসমূহ বহিষাছে।

স্প্র্যালায় নদীম্পাভঃ স্মীলংহতো বির্তানন্ত্রং অন্ন শিরোভিঃ তিময়ং স্রদ্ধৈঃ উক্তং বিতথতি জলপ্রবাহান্। প

প্রকাণ্ড অজগবংগ সমুদ্রতাবে জল-তবক্ষেব সঙ্গে একাকাব ইইয়া শয়ন কবিয়া আছে ৷

> বেলানিলায় প্রস্তাঃ ভূজদাঃ মহোমি বিক্জাগ্নিকিশেষাঃ স্ধ্যাংশু সম্পর্ক সম্পরাগৈঃ ব্যক্তান্ত এতে মণিভিঃ ফনকৈঃ ৷ঞ

 বৈদেহি আমার সেতৃতে বিভক্ত অনক ফেনিল নীল সমুজের প্রতি দৃষ্টি নিক্ষেপ কর। ঘেন শরৎকালের অগণ্য তারক। ঘটিত নির্দ্বেগ গগনতল ইবিতালীতে দ্বিধণ্ডিত ইইয়া রহিয়াছে।

ঐ দেপ অনন্ত সমূদ দশদিক্ ব্যাপিয়া পঢ়িয়া আছে। প্রতিক্ষণেই উহার আকার পরিবর্ত্তন হইতেছে। সমূদ্রের রূপ বিষ্ণুর ভাষি, কিরুপে ও কত বঢ় কেহই দ্বির করিয়া উঠিতে পারে না।

ক তিমি মংশ্র সকল বিকট হাঁ করিয়া নদীম্থের জল মুপে পুরিতেছে। শেষ মাধার চিত্র দিয়া সে জল বাহির করিয়া দিয়া নদী হইতে আগত সমস্থ জীবজন্ত জক্ষণ করিতেছে।

া বৃহৎ সূত্ৰ অজগর সকল সমুদ্ ভীরবায় সেবন করিবার জন্ত লছ। ইইয়া পড়িয়া আছে। সমুদ্তরক্ষের সহিত ভাহাদের ভেদ নিরূপণ অতীব কটকর। যদি স্থারশ্মি পড়িয়া উহাদের মাধার মণি বিগুণ দীবি না করিত কাহার সাধ্য চিনিয়া উঠে কোনটা সালে আর কোনটা নয়।

দেখিতে দেখিতে সমুজের কৃল দেখা গেল।

দ্রাদয়শক্তনিভশ্য তথী তমালতাগীবনরাজিনীলা।

আভাতি বেলা লবণাখুরাশের্মারা নিবন্ধের কলম্বরেখা।*

র্থ রামের যেমন অভিলাষ তেমনি চলিতেছে। মৃহূর্ত্ত মাত্রে সমুদ্রতীরে উপস্থিত। রাম দেখাইলেন সীতে দেখ—

> এতে বয়ং দৈকতভিন্নশুক্তি পর্যান্তমুক্তাপটলং প্রোধেঃ প্রাপ্তা মৃহুর্তেন বিমানবেগাং কুলং ফলাবজ্জিতপুগমালম্।প

আকাশ নীবধিব স্বৈরগামী প্রমোদ নৌকার ন্যায় রামের পুষ্পকরথ জনস্থান, মাল্যবান, পঞ্চবটী, পম্পা, শরভঙ্গাশ্রম প্রভৃতি পাব হইয়া প্রয়াগে গঙ্গাযমূনা সংগমস্থলে উপস্থিত। এখানে নির্মাল ক্ষেত্রকান্তি গঙ্গাপ্রবাহ কৃষ্ণকান্তি যমুনাপ্রবাহের সঙ্গে মিশ্রিত হইয়া কি অপূর্ব্ব শোভাই ধাবণ কবিয়াছে।

কচিং প্রভালেশিভি রিন্দ্রনীলৈ: মুকাময়ী যঞ্চিরিবাস্থবিদ্ধা।
অন্তর মালা সিতপঞ্চলামিনীবরৈকং পচিতান্তরের ॥
কচিং প্রগানাং প্রিয়মানসানাং কাদ্ধ সংসর্গবতীর পংক্তি:।
অন্তর কালাগুরুদন্তপত্রা ভক্তিভূর্বশুননকল্পিতের ॥
কচিং প্রভা চাল্রমদী তমোভি: ছায়াবিলীনৈ: শ্বলীক্তের।
অন্তর ভ্রা শ্রদল্লেখা রক্ষেষিবা লক্ষ্যনভঃপ্রদেশা॥
কচিচে ক্রফোরগভ্ষণের ভ্রাক্ষরাগা তত্রীশ্বরশু।
পশ্যানব্যাকি বিভাতি গ্রাভিন্নপ্রবাহা যমুনাত্রকৈ:॥
##

[•] দূর হইতে সম্দের বেলা দেখা যাইতেছে। বেলা কেমন ? তমাল ও তালবনে নীলবর্ণ। বোধ হয় যেন একখানি প্রকাণ্ড লৌহচক্রের কানায় সক কলক্ষের রেখা দেখা যাইতেছে।

শ এই ত আমরা রথবেগ হেতু মৃহ্র্ত মধ্যে সম্দ্রের তীবভূমিতে উপস্থিত ইইলাম। এই তীরভূমিতে অসংখ্য শুপারিবৃক্ষ ফলভরে অবনত এবং বালুকার উপরে শুক্তি বিভক্ত হওয়ায় চারিদিকে মৃক্তা ছড়ান রহিয়াছে।

[‡] হে সর্বাদ্যালার ! গলা যম্না তরলের সহিত মিশ্রিত হইয়া কেমন শোভা হইয়াছে দেব। কোথাও বৌধ হয় মৃক্রার হারের মাঝে মাঝে নীলমণি থাকিয়া আপনার প্রভাবেন মৃক্রায় গোলা করেয়া দিতেছে। আর এক জায়গায় খালা পল্লের মালায় খেন মাঝে মাঝে নীলপদ্ম বসান রহিয়াছে। কোনস্থানে যেন হংস্প্রেণী মানস সরোবরে যাইতেছে তাহাদের মাধ্য মধ্যে কাদম্ব হংস্ও ত্ই পাঁচটা আছে। আবার কোথাও ধেন পৃথিবী সার চন্দনের টিপ কাটিয়া মধ্যে মধ্যে কালাওক দিয়া তাহার শোভা সম্পাদন করিতেছে। কোথাও বোধ হয় পূর্ণিমার জ্যোৎস্মা, কেবল মাঝে মাঝে ছায়ার অক্ষার প্রাইয়া আছে। কোথাও যেন শরংকালের নির্জ্ল মেঘ, মধ্যে ফাক দিয়া নীল আকাশ উকি মারিতেছে। আবার একস্থান দেখিতে হঠাৎ বিভৃতিভৃষিত শিব অক্ষেক্সপ্রিহার করিতেছে বোধ হইবে।

এত মিষ্ট, এত স্থলর, এমন হাদয়োমাদকর বর্ণনা, প্রাকৃতির এত স্থনিপুণ অনুকরণ, কল্পনার এমন স্নিগ্ধ দীপ্তি আর কোথায় মিলিবে? আমার ইচ্ছা ছিল আরও উৎকৃষ্ট বর্ণনা উদ্ধার করি, কিন্তু বঙ্গদর্শনের স্থান বড় অল্প; সবই যদি ভাল জিনিসে পুরাইয়া দিই ত আর সব ছাই ভস্ম কোথায় যাইবে?

যখন নাটক ছাড়িয়া মহাকাব্যে উপস্থিত হইয়াছি, তখন কালিদাসের হইয়া আর একটি কথা না বলিয়া থাকা যায় না। নাটকে কালিদাস মমুখ্যস্থাদয়ের যেমন একই রকম চিত্র দেখাইয়াছেন, মহাকাব্যে সেরপ নহে। মহাকাব্যে মমুখ্যচরিত্র বর্ণনায় তিনি অপেক্ষাকৃত অধিক কারুকরী প্রকাশ করিয়াছেন। কিন্তু তথাপি মমুখ্যস্থাদয়ের উদাবতা, বিশালতা, জটিলতা, অহম্মুখতা, চিন্তাপ্রিয়তা প্রভৃতি বর্ণনে তিনি শেক্ষপীযরের ছাত্রামুছাত্রবং। তাঁহার কেবল একটি মমুখ্যচিত্র অমুকরণের অতীত। সেটি কুমারসম্ভবের পার্ববতী। কেন ? ভারত মহিলাপ্রস্তাবে লিখিত আছে, পাঠক মহাশয়ের ইচ্ছা হয় একবার খুলিয়া দেখিবেন আমাদের আর স্থান নাই।

শেক্ষপীয়ব মহাকাব্য লিখিতে গিয়া যেরূপ বিষম সৃষ্কটে পড়িয়াছেন, কালিদাসকে সেরূপ হইতে হয় নাই। প্রাত্ত তাঁহার মহাকাব্যই তাঁহার মহাকবি খ্যাতিলাভেব মূল কাবণ। এ সকলের উপব তাঁহার মেঘদূত। সমস্ত সাহিত্য সংসারে মেঘদূতেব মত সাববান কাব্য অতি বিবল। আডিশন পোপের রেপ অব্ দি লক্কে "Merumsal or the delicious little thing" বলিয়াছেন। তিনি যদি মেঘদূত দেখিতেন তবে Merumsal এ নাম রেপ অব্ দি লকের জম্মাপ্য হইত। মেঘদূতেব সঙ্গে তুলনায় অন্য কাব্য আত্বেব তুলনায় গোলাবজ্লের মত। একটী উৎকৃষ্ট পদার্থের সার অংশের উৎকৃষ্টভাগ সংগ্রহ, আর একটি গন্ধ কবা জল মাত্র।

এতক্ষণ আমবা কাব্যের বিষয় লইয়া কালিদাস ও শেক্ষপীয়রের তুলনা করিতেছিলাম। তাহাতে এই দাঁড়াইল যে কালিদাসের বাহা জগতে যেরূপ অসীম আধিপতা শেক্ষপীয়বেব অন্তর্জ্জগতে তেমনি। অন্তর্জ্জগতেরও এক অংশে কালিদাস শেক্ষপীয়র হইতে ন্যুন নহেন। যেখানে হাদয়ের স্থন্দর ও কোমল ভাবগুলি বর্ণনা করিতে হইবে সেখানে বোধ হয় কালিদাস অনেক অধিক মিষ্ট লাগে। কিন্তু অন্যু সর্ব্বিত্র শেক্ষপীয়ের উপমা-বির্হিত।

বিষয়ের কথা শেষ হইল, এখন কাব্যের আকার লইয়া ভর্ক হইডে পারে। এ তর্কেও কাহার কি দাড়ায়, দেখা উচিত। কাব্য তিন প্রকার, শ্রব্য, দৃশ্য, আর গীতিকাব্য। ইহার মধ্যে গীতিকাব্যে ছ্লনেই সমান। কৈই গীতিকাব্য লিখেন নাই, কিন্তু শেক্ষণীয়ের তাঁহার নাটকমধ্যে যে সমস্ত গান দিয়াছেন তাহাতে তাঁহাকে উৎকৃষ্ট গীতিলেখক বলা যাইতে পারে। কালিদাসও কয়েকটা গান দিয়াছেন। বিক্রমোর্বশীর পাহাড়িয়া ভাষায় গানগুলি বড় মিষ্ট। তাহার উপর কালিদাসের মেঘদূত। মেঘদূতকে দেশীয় আলম্কারিকেরা খণ্ডকাব্য বলেন। খণ্ডকাব্য বলিয়া কাব্য ভেদ করা তাঁহাদের গায়ের জাের মাত্র। মেঘদূত সার ধরিতে গেলে একখানি গীতিকাব্য, এবং উৎকৃষ্ট গীতিকাব্য। ইয়ুরোপীয় পণ্ডিতেরা অনেকে উহাকে গীতিকাব্যই বলিয়া থাকেন। যখন হাদয়ে আনন্দ বা শােক ধরে না, তখন তাহাকে কাব্যাকারে বাঁহির করিয়া দেওয়াই গীতিকাব্য। তবে মেঘদূত গীতিকাব্য কেন না হইবে ?

শেক্ষপীয়রের প্রব্যকাব্য প্রায় লোকে পড়ে না। কালিদাসের প্রব্যকাব্য গুলি রঘু কুমার শ্বতুসংহার সকলই পণ্ডিত সমাজে বিশেষ আদরের বস্তু।

দৃশ্যকাব্য নানারূপ। তন্মধ্যে নাটক প্রধান। সংস্কৃত অলঙ্কারে নাটকের আকার লইয়াই বাঁধাবাঁধি-পাঁচ অঙ্ক নয় সাত অঙ্ক হইবে, রাজা নায়ক হইবে, মন্ত্রী হইলে হইবে না। নাটকের যেটুকু নহিলে নয় সেটুকুর উপর তত নজর নাই। কথাচ্ছলে বিচ্ছিত্তি পূর্ব্বক হৃদযের ভাব প্রকাশ ও সেই ভাব দ্বারা পরহৃদয়ের ভাব আকর্ষণ এই তুইটি নাটকেব সার। নাটকেব প্রধান উদ্দেশ্ত কোন উন্নত নীতির শিক্ষা। আমাদের কবিদেব এ ছটিতে নজর বড় নাই। এমন কি যে বীজ লইয়া নাটক, অনেক সময় বাজে কথায় ৬ অন্ধ কাটাইয়া ৭ম অঙ্কে সেই বীজেব অবতারণা করা হয়। অভিজ্ঞান শকুন্তলায় ১ম ২য় আছ না থাকিলে নাটকের কোন হানিই ছিল না; নাটকের বীজ তৃতীয় অঙ্কে। চতুর্থ অঙ্কেও নাটকের কোন উপকাব নাই। নাটকের জন্য দরকার রাজার প্রণয়, প্রত্যাখ্যান, অভিজ্ঞান ও মিলন। কিন্তু কালিদাস ত নাটক লিখিতে যান নাই, তাঁহার উদ্দেশ্য এই আদরার উপর এই কাটামতে তাঁহার কাব্য গালারি হইতে কতকগুলি উৎকৃষ্ট চিত্র দেখান। তাহা তিনি খুব দেখাইয়াছেন। একটা দৃষ্টাস্ত দেখাই। শকুস্তলার মত বালিকার প্রথম প্রণয়ে আড়নয়নে চাহনি বড় স্থুন্দর ? না ? কালিদাস সেইটি দেখাইবেন। অনেক চেষ্টা হইল, এক আছ প্রিয়া গেল, সেটা আর দেখান হর্ম না, ক্রমে এক ঘেয়ে রকম হইয়া দাঁড়াইল। কালিদাস বিনা প্রয়োজনে একটা হাতী হাতী বলিয়া গোল (নেপথ্যে) তুলিয়া দিলেন। রাজার গল্প ভাঙ্গিবার উপায় হইল, শকুস্তলারও আড়ে আড়ে দেখিবার স্থবিধা হইল, সে হাতী কালিদাসের উপকার করিল বটে, কিন্তু নাটকের কিছুই করিল না। শেক্ষপীয়র কিন্তু একটি সিন, একটি উক্তিও বিনা প্রয়োজনে সন্ধিরেশিত করেন নাই। অনেক অবৃঝ লোকে মনে করিত যে ম্যাক্বেথে ঐ যে দরজায় ঘামারা আছে ওটা কেবল সকাল হইরীছে, জানাইবার জন্য, সুতরাং

উহাতে নাটকের কোন উপকার নাই। কিন্তু ডিকুইন্সি দেখাইয়া দিলেন যে ঐ দারে আঘাতে অনেক উপকার হইয়াছে। পাপিষ্ঠ দম্পতী হত্যাকাণ্ড সম্পাদন করিয়া পাপচিস্তায় বাহুজ্ঞানশূন্য হইয়াছিল; তাহাদের মন তাহাদের ছিল না, তাহারা আপন পার্থিব অস্তিষ বিশ্বৃত হইয়াছিল। দারে আঘাত হইবামাত্র তাহাদের বজ্ঞধ্বনিবৎ বোধ হইল, তাহাদের মন আকাশভ্রমণ হইতে ফিরিয়া আবার দেহপিঞ্চরে প্রবেশ করিল। অন্য কবিরা বারবাব বজ্ঞধ্বনি করিয়া যে গাস্তীর্য্য উৎপাদনে অক্ষম, শেক্ষপীয়ের সময় মত বার কত দরজায় ঘা মারিয়া তাহার দশগুণ করিলেন। যে বৃঝিল তাহার পর্যান্ত হুৎকম্প হইল।


এক্ষণে কালিদাস ও শেক্ষপীয়র এই উভয়ের তুলনায় সমালোচনা শেষ হইলা। শেক্ষপীয়ব Prince of the Dramatists একথা সত্য বলিয়াই প্রতিপদ্ম হইল। কিন্তু কালিদাস সকল প্রকাব কাবাই লিখিয়াছেন এবং বোধ হয় নাটক ভিন্ন সর্ব্যর কৃতকার্য্য হইয়াছেন। মহাকাব্যে তিনি বাল্মীকিব সমান নহেন সত্য, কিন্তু তিনি ফেলা যান না। নাটকেও তিনি যে ভাবতবর্ষেব কোন কবি অপেক্ষা হীন, এমত বলিতে পারি না। কালিদাস সংস্কৃত ভাষায় সর্ব্বোৎকৃষ্ট নাটক, সর্ব্বোৎকৃষ্ট মহাকাবা, সর্ব্বোৎকৃষ্ট খণ্ডকাব্য এবং সর্ব্বোৎকৃষ্ট বর্ণনাময় কাব্য ঋতু-সংহার লিখিয়াছেন এ কথা বলিলে "ভারতেব কালিদাস জগতের তৃমি" এই যে অতি অনায় সমালোচনা প্রচলিত আছে, তাহাবই সপক্ষতা করা হয়। শেক্ষপীয়রও যেমন জগতের কালিদাসও তেমনি জগতেব। জগতেব সর্ব্বাই তাহার কবিতাব সমান সমাদর। তবে তিনি ভারত ছাড়া কোন কথা লিখেন নাই। ভারতের কথাই তাঁহাব কাব্য।

- আমাদের উপসংহাবকালে বক্তব্য এই .যে, শেক্ষপীয়র মেনকা হইতে পারেন—বাদ্মীকি উর্কাশী হইতে পারেন, হোমাব রস্তা হইতে পারেন কিন্তু কালিদাস সর্লোকত্র্পভা তিলোন্তমা। সকলেরই উৎকৃষ্টাংশ তাহাতে আছে—কিন্তু অল্পরিমাণে প্রবন্ধ শেষ করিবার সময় ঈশ্বরের নিকট প্রার্থনা করি—

কালিদাস কবিতা নবং বয়ং মাতিয়ং দধি শশকরেংপথং। এনমাংসমবলাচ কোমলা সম্ভবস্ত 'মম' জন্ম জন্মনি॥*

সেই সঙ্গে পাঠকমহাশয়দেরও যেন ফাঁক না যায়।

কালিনাসের কবিতা, যৌবন বয়স, মহিসের দ্বি, তবে চিনি, হরিপের মাংস,
 কোমলা অবলা এই কয়টি যেন আমার জয় জয় হয়।



পঞ্চম তর্ক—কারণ কি ?

মরা এই জগৎ কার্য্যেব প্রতি যে তিনটা প্রসিদ্ধ কারণ, তাহাদের
ক্রেমশঃ নির্দেশ করিলাম। এক্ষণে কারণ কাহাকে বলে ? তাহার
স্বরূপ কি ? তাহা কত প্রকাব হইতে পাবে এবং কার্য্যেব সহিত তাহাব কিরূপ
সম্বন্ধ ইত্যাদি বিষয়ে নৈয়ায়িকগণ যেরূপ অভিমত প্রকাশ করিয়াছেন তাহার
সংক্ষেপে উল্লেখ করা বিধেয় বোধ কবিতেছি।

কারণ কি ? এই প্রশ্নের উত্তবে নৈয়ায়িকগণ বলিয়াছেন —
"হন্তথাসিদ্ধিশ্তস্থা নিয়তা পূর্ক্বিত্তিতা কারণত্বং ভবেং।" কারিকাবলী।
অন্যথাসিদ্ধিশ্ন্য হইয়া কার্য্যের অব্যবহিত পূর্ক্বে যে বর্ত্তমান হয় তাহার বিদ্যান কারণ।

অন্যথা সিদ্ধি যাহাতে থাকে তাহার নাম অন্যথাসিদ্ধ। এই অন্যথাসিদ্ধের ঠিক বাঙ্গালা অর্থ তুর্নভ, তবে সংক্ষেপে এই মাত্র বলা যাইভে পারে
যে কার্য্যোৎপত্তির প্রতি যাহার কোন সাক্ষাৎ বা ক্লিপ্ত সম্বন্ধ নাই তাহার নাম
অন্যথাসিদ্ধ। প্রাচীনদিগের মতে এই অন্যথাসিদ্ধ পাঁচ প্রকার। যথা—

"যেন সহ পূর্ব ভাবং, কারণ মাদায় বা যক্ত। অফঃ প্রতি পূর্বভাবে জ্ঞাতে যং পূর্বভাব বিজ্ঞানম্॥ জনকং প্রতি পূর্ববিজ্ঞিতা মণরিজ্ঞায় ন যক্ত গৃহতে। অতিবিক্তমণাপি যন্তবেলিয়তাবশুক পূর্বভাবিনঃ॥

প্রথম "যেন সহ পূর্বেভাবং" অর্থাৎ যে ধর্ম বিশিষ্ট হইয়া কারণ কার্য্যের পূর্ববর্তী হয়, সেই ধর্ম; কারণেব ধর্ম কার্য্যের কারণ নয় কিন্তু অন্যথাসিদ্ধ। যেমন ঘটের প্রতি দণ্ড# কারণ। অতএব দণ্ডের ধর্ম দণ্ডম্ব ঘটের কারণ নয় কিন্তু

দেও শব্দে কুন্তকারের চক্র ঘুরাইবার লাঠি বধা "কলনে নিজ হেতু দওজঃ

কিমু চক্র অমিকারিতা গুণঃ

 শৈবধ।

 শিক্ষা কিমু চক্র অমিকারিতা গুণঃ

 শিক্ষা কিমু চক্র মিকারিতা সিকারিতা স

অন্যথাসিদ্ধ। কারণ দণ্ডত্ব দণ্ড সমুদয়ের একটা সাধারণ ধর্ম, যাহা দ্বারা সমুদ্য় দণ্ডের একবারে বোধ হয়। এদিকে ঘটোৎপত্তির দিকে একটা মাত্র দণ্ড কারণ, সমুদ্য় দণ্ড নহে। স্থতরাং দণ্ডত্ব ঘটের কারণ নয়; দণ্ডত্ব থাকিলেই ঘট হইবে তাহার কোন স্থিরতা নাই অর্থাৎ দণ্ডত্বের সহিত ঘটোৎপত্তির কোন সাক্ষাৎ সম্বন্ধ নাই।

দ্বিতীয়। "কারণ মাদায় বা যস্তঃ"—যাহাদের সহিত কার্য্যের পৃথক্রপে এরপ কোন সম্বন্ধ নাই যে তাহারা থাকিলে কার্য্য অবশ্যই হইবে এবং তাহারা না থাকিলে কার্য্য একবারে হইবে না, অথচ যাহারা কারণে বর্ত্তমান হইয়া কার্য্যের সহিত এরপ সম্বন্ধ রক্ষা করে। যেমন ঘটের প্রতি দণ্ডের রূপ (পরিমাণাদি।) দেখ, দণ্ডের পবিমাণাদি পৃথক্রপে ঘটের উৎপত্তির বা অমুৎপত্তিব কারণ নহে, কারণ একথা বলা যাইতে পাবে না যে এইরপ পরিমাণাদি না থাকিলে ঘট হইবে না। কিন্তু কোন পরিমাণাদি বিশিষ্ট দণ্ড থাকিলেই ঘটের উৎপত্তি হইবে এবং তাহার অভাবে ঘট হইবে না। অভএব দণ্ডের পরিমাণাদিব সহিত ঘটোৎপত্তির কোন সাক্ষাৎ সম্বন্ধ না থাকায় তাহাবা ঘটের কাবণ নহে, কিন্তু অন্যথাসিদ্ধ।

তৃতীয়। "অন্যং প্রতি পৃর্বভাবে জ্ঞাতে যৎ পৃর্বভাব বিজ্ঞানম্" যাহাকে প্রথমে অপর কার্য্যের কারণ বোধ কবিয়া পরে অভিলমিত কার্য্যের কারণ বলিয়া গ্রহণ করা যায়, উহা অভিলমিত কার্য্যের কারণ নহে কিন্তু অন্যথাসিদ্ধ। ঘটের প্রতি আকাশ। নৈয়ায়িকগণ শব্দের সমবায়িকারণের নাম আকাশ রাখিয়াছেন—(শব্দ সমবায়ি কারণহং আকাশহং) অর্থাৎ আকাশকে প্রথমে শব্দের সমবায়ি কারণ রূপে বৃঞ্জিয়া পরে ঘটের কারণ বৃঞ্জিতে হয়, অর্থাৎ শব্দের কারণ ঘটের কারণ এই রূপ জ্ঞান করিতে হয়। কিন্তু বিবেচনা কর যে সময় আকাশকে শব্দের কারণ বলিয়া বৃঝা যাইতেছে সেই সময় ভাহাকে ঘটের কারণ বলিয়া ক্থনই বৃঝা যাইতে পারে না। এই নিমিত্ত আকাশ শব্দ ভিন্ন আর কোন বস্তুর কারণ নহে কিন্তু অন্যথাসিদ্ধ।

কেহ কেহ বলেন "অন্যং প্রতি" ইত্যাদি তৃতীয় অন্যথাসিদ্ধ লক্ষণের যদি যথাক্রত অর্থ করা যায় (আমরা উপরে যেরূপ অর্থ করিলাম এইরূপ অর্থ করা যায়) তাহা হইলে অপূর্কের প্রতি যাগের যে সর্কবাদিসম্মত কারণতা আছে তাহার অন্যথা হয়, যাগ অপূর্কের কারণ না হইয়া অন্যথাসিদ্ধ হয়, কারণ যাগ "স্বর্গের কারণ বাধ করিয়া পরে অপূর্কের কারণ বলিয়া বোধ

অপূর্ব কাহাকে বলে তাহা এক প্রকার "অদৃষ্ট" বিষয়ক প্রস্তাবে কথিত হইয়াছে।
 † "বর্গকামো বলেত" ইত্যাদি শ্রুতি বারা বাগের বর্গকারিতা (বর্গের অভিলাবৈ বাগ করিবে) দিছ হইতেছে।

করিতে হয়, কিন্তু যে সময় "স্বর্গের কারণ" বলিয়া যাগের বোধ হইতেছে সে সময়ই অপুর্ব্বের কারণ বলিয়া বোধ হইতে পারে না। এই দোক নিবারণের জন্য তাঁহারা ইহার এইরূপ ব্যাখ্যা করেন যে, ''পূর্ববৃত্তিত্ব ঘটিত রূপেণ যস্তু যজ্জনকদ্বং তস্থ্য তেন রূপেণ তং প্রত্যন্যথাসিদ্ধদ্বন্" "যে পূর্ববৃত্তিই ঘটিত রূপে কোন বস্তুকে এক বস্তুর কারণ বুঝাইবে সেই পূর্ব্ববৃত্তিত্ব ঘটিতরূপে সেই বস্তু অন্য এক বন্তুর কারণ হইতে পারে না কিন্তু অন্যথাসিদ্ধ হয়।" "স্বর্গের পূর্ববন্ধত্বী (''স্বর্গের কারণ') এই রূপে যাগ অপূর্কের কারণ নহে, অন্যথাসিদ্ধ; কৈন্তু যাগন্ধরূপে অপূর্বের কারণ হইবে তাহাতে বাধা কি ? অর্থাৎ যাগ, যে সময় "স্বর্গের কারণ" বলিয়া প্রতীত হইতেছে, সেই সময় অপূর্নের কাবণ বলিয়া প্রতীত না হউক কিন্তু "স্বর্গের কারণ" বলিয়া যাগ যে একধারে অপুর্ব্বের কারণ হইবে না একথা কোন কাজের নহে। এইরূপ আকাশ "শব্দের কাবণ" রূপে অন্য বস্তুর কারণ নাই হউক কিন্তু শব্দাশ্রয়রূপে * মন্য বস্তুর কারণ হইতে পাবে। মামাদেরও এই রূপ অর্থ অভিপ্রেত। আমরা একথা অবশ্য স্বীকাব করি যে কোন বস্তুকে যখন এক বস্তুর কাবণ রূপে বোধ করা যায় তখন তাহাকে অবশ্যই অন্য এক বস্তুর কারণ রূপে জানা যাইতে পারে না কিন্তু উহা যে একবারে দ্বিতীয় বস্তুর কারণ হইবে না ইহা কখনই যুক্তিসিদ্ধ নয়। বাস্তবিকও দেখ যে দণ্ড দ্বারা একটি घं इरेग़ारह जारा बाता यिन जार घं रा रांकी ना गुड़ा याग्र जारा इरेल কুম্বকারের আর ব্যবসায় চালাইতে হয় না, সর্ববদা দণ্ডের অন্বেষণেই দা হাতে করে বনে বনে ভ্রমণ করিতে হয়।

চতুর্থ। "জনকং প্রতি পূর্ববর্ত্তিতা অপরিজ্ঞায় ন যক্ত গৃহতে" যাহাকে প্রথমে কোন কার্য্যোৎপাদকেব কাবণ বলে না জানিয়া সেই কার্য্যের কারণ রূপে জানা যায় না তাহাও অন্যথাসিদ্ধা। যেমন ঘটেব প্রতি "কুস্ককারের পিতা"। ঘটের কারণ কুস্ককারে, কুস্ককারের কারণ কুস্ককারের পিতা। এক্ষণে দেখ কুস্ককারের পিতা বলিলে প্রথমে তাহাকে কুস্ককারের কারণ বলিয়া বোধ হয় তাহার পর সে কুস্ককারের গিতাকে কুস্ককারের হাটেরও কারণ এইরূপ বোধ করিয়া, কুস্ককারের পিতাকে কৃথনই ঘটের কারণ বলিয়া নির্দেশ করা উচিত নয়। কারণ কুস্ককারের পিতার সহিত আর কুস্ককারকৃত ঘটের সহিত কোন এরূপ সম্বন্ধ নাই যে তাহার অবর্ত্তমানে তাহার পুত্রের ঘট

^{• &}quot;শব্দো দ্রব্যান্তিতোগুণতাং" গুণমাত্রেই দ্রব্যে আন্ত্রিত। শব্দ গুণ অতএব শব্দও ক্রব্যে আন্থ্রিত, এই অন্থ্যান দারা নৈয়ায়িকেরা আকাশকে শব্দান্ত্র সিদ্ধ করিয়াছেন। নৈয়ায়িকদিগের মতে আকাশ, দ্রব্য, শব্দ, গুণ।

গড়িতে কোন ব্যাঘাত হয়, বরং আমরা সচরাচর দেখিতে পাই যে পিতার পরলোক হইলে আছে কিছু ঘটা করিবার জন্য কুন্তকারেরা দিবারাত্র পরিশ্রম করিয়া ঘটাদি নির্মাণ করিতে থাকে। এই নিমিত্ত কুন্তকারের পিতা ঘটের প্রতিকারণ নয় কিন্তু অন্যথাসিদ্ধ।

পঞ্চম। "অতিরিক্ত মথাপি যন্তবেশ্লিয়তাবশ্যক পূর্ব্বভাবিনং" একটী কার্য্যের উৎপত্তির পূর্ব্বে যতগুলি পদার্থেব থাকা আবশ্যক তদতিবিক্ত সমৃদ্য়ই অন্যথাসিদ্ধ। যেমন কৃষ্ণকার যে স্থানে বসিয়া ঘট নির্মাণ করে যদি একটা গর্দ্ধভ তাহাব এক পার্শ্বে বসিয়া থাকে তাহা হইলে কৃষ্ণকাব যতগুলি ঘট গড়িবে গাধা সে সকলেই অব্যবহিত পূর্ব্ববর্ত্তি হইলেও কাবণ নয় কিন্তু অন্যথাসিদ্ধ। কারণ গাধা সেস্থলে না থাকিলেও ঘটোৎপত্তির কোন ব্যাঘাত হয় না।

প্রথমে প্রাচীনেরা এই পাঁচ প্রকার অন্যথাসিদ্ধ বলেন। তাহার পর মণিকার প্রভৃতি কতকগুলি নৈযায়িকেবা বলেন অন্যথাসিদ্ধ পাঁচ প্রকার নহে তিন প্রকার। কাবণ পূর্ব্বাক্ত পাঁচ প্রকাবের মধ্যে প্রথম আব দ্বিহায়টার মধ্যে তাদৃশ ভেদ না থাকায় ঐ ট্রুটি এক বলিলে চলে। এই কপ তৃহীয়েব সহিত চহুর্থের বিশেষ প্রভেদ না থাকায় তাহাদিগকেও এক বলিলে চলে। নবাগণ বলেন এই শেষোক্তই অন্যথাসিদ্ধের চূড়ান্ত লক্ষণ, অপব সকলগুলিকে ইহার অন্তর্গত করা যাইতে পাবে, অন্যথাসিদ্ধের এই একমাত্র লক্ষণ কবিলে সকল চরিতার্থ হয় অধিক করা বাহুল্য মাত্র। তবে তাহারা পঞ্চম লক্ষণের একটু পরিবর্ধ্ধন করিয়াছেন। তাহারা কেবল নিয়তাবশ্যক পূর্ব্বের্ত্তীর অতিরিক্তকে অন্যথাসিদ্ধ না বলিয়া এইরপ বলেন যে, লঘু অথচ নিয়তাবশ্যক পূর্ব্বের্ত্তী যে, তাহার অতিরিক্তের নাম অন্যথাসিদ্ধ। তাহাদের অভিপ্রায় এই যে অবশ্য ক্লিপ্ত অব্যবহিত পূর্ববর্ত্তীর মধ্যে যাহাদেব অবচ্ছেদক (বিশেষ কারক ?) ধর্ম লঘু হইবে তাহারাই কারণ, তদতিরিক্ত অন্যথা সিদ্ধ। যেমন প্রভাক্ষের প্রতি মহন্ধই কারণ অনেক জব্য সমবেত্বৰ অন্যথাসিদ্ধ।* কারণ অনেক জব্য সমবেত্বৰ অপেক্ষা মহন্ধ লঘু।

যাহাহউক "অশুথাসিদ্ধ" কাহাকে বলে বোধ হয় পাঠকগণ এক প্রকার বৃকিতে পারিলেন। এই অশুথাসিদ্ধ ভিন্ন হইয়া কার্য্যের অব্যবহিত পৃর্ববর্ত্তী যে হইবে তাহাব নামই কারণ। সংক্ষেপে বলিতে হইলে এই বলিতে হইবে যে যাহা পূর্ব্বে না থাকিলে কার্য্য হইতে পারে না তাহার নাম কারণ। যদি কেবল কার্য্যের পূর্ববর্ত্তীকে কারণ বলা যাইত তাহা হইলে কুম্ভকারের গৃহের পার্শবিদ্ধৃত্

অনেক ক্রব্যে সমব্যয় সহজে বর্তীমান ধর্মের নাম অনেক ক্রব্য সমবেভক ।

গর্দিভ ঘটের কারণ হইতে পারিত, দিন রাত্রির কারণ হইত, রাত্রি দিনের কারণ হইত, অধিক কি সামান্যতঃ প্রাণবিয়োগ পর্যান্ত চিকিৎসাকারী মহামুভব ডাক্তার-দিগের চিকিৎসাও মৃত্যুর কারণ হইতে পারিত এবং হিন্দু মহিলার * স্তিকা গৃহের পার্শ্বন্থিত টেকি বা গোগণ সম্ভানের জনক (কারণ) বলিয়া অভিহিত হইতে পারিত।

যাহাহউক পাঠকগণ এক্ষণে বিবেচনা করিয়া দেখুন "অন্যথাসিদ্ধ" শূন্য হইয়া কার্য্যের অব্যহিত পূর্ব্বে যে বর্ত্তমান হইবে তাহাকে কারণ বলিয়া আমাদিগের প্রাচীন নৈয়ায়িকগণ কিরূপ বিশুদ্ধ এবং সম্পূর্ণ কারণের লক্ষণ

ভক্ত হিন্দুগণ প্রায় ঢেঁকিশাল। বা গোশালার একপার্যে স্ববংশধরের প্রদ্রব ভূমি
নির্দেশ করিয়া রাধেন।



েলনা কাব্য। সটীক। আনন্দ চক্স মিত্র প্রণীত। ময়মনসিংহ ভারত মিহির যম্বে শ্রীযত্বনাথ রায় কর্তৃক মুক্তিত। ১৭৯৮ শক।

বাবু আনন্দচন্দ্র মিত্র কাব্য লিখিয়াছেন—আব বাবু শ্রীনাধ চন্দ তাহার ভূমিকা লিখিয়াছেন। গ্রন্থ সমালোচনার জন্য আমাদিগের যে একটু প্রবৃত্তি ছিল, শ্রীনাথ বাবুব ভূমিকা পড়িয়া তাহা তিবোহিত হইল। ভূমিকার যে অংশ, আমাদিগেব এই অপ্রবৃত্তিব কাবণ, তাহা উদ্ধৃত করিতেছি—

"গ্রন্থকাবেব জীবনী লিখিবাব সময় হয় নাই। ইনি একজন বিলক্ষণ মনস্বী এবং প্রতিভাসম্পন্ন লোক। দারিদ্রা বশতঃ উচ্চশিক্ষা লাভ করিতে পারেন নাই। কিন্তু মগ্নি কখনও ভস্মাচ্চাদিত থাকে না! সহস্র বাধা সন্ত্রেও ইহার প্রকৃতি প্রদন্ত গুণনিচয় ক্রমশঃ বিকাশ প্রাপ্ত হইতেছে। সম্প্রতি ইনি শিক্ষালাভার্থ ইউরোপে গমন কবিতে কৃতসংক্ষম হইয়াছেন। জন্সন যেমন মাতৃ-প্রেত্তৃত্য নির্ব্বাহের জন্য সপ্তাহমধ্যে বাসেলাস উপন্যাস রচনা করিয়াছিলেন, ইনিও সেইক্লপ উল্লিখিত বিশেষ উদ্দেশ্য সংসাধনার্থ শিক্ষকতা কার্য্যে বর্ত্বী থাকিয়া এবং তৃইখানি উৎকৃষ্ট মাসিক ও সাপ্তাহিক পত্রের প্রধান লেখকতার কার্য্য নির্ব্বাহ করিয়াও তিন মাস মধ্যে এই কাব্য লিখিয়াছেন, আমরা স্বচক্ষে দেখিয়াছি। এমন কি গ্রন্থ কলেবরের তিন চতুর্থাংশ লিখিত হইলেই মূদ্রায়ন্ত্রে প্রেরিড হইয়াছে। আমরা ভরসা করি গ্রন্থকারের মনোরথ সংসিদ্ধ হইবে।"

আমরা ইহাতে বৃঝিতেছি যে লেখক তরুণবয়স্ক—এখনও শিক্ষার্থী—এবং সম্পন্ন ব্যক্তি নহেন—অর্থাভাবে স্থানিকায় বঞ্চিত। কাব্য পাঠেও আমরা এ হুইটা কথার পরিচয় পাইয়াছি। তিনি বিলাত যাইবার ইচ্ছুক হইয়াছেন, এবং পাথেয় সংগ্রহের জন্য হেলেনা কাব্যকে বঙ্গসমাজে প্রেরণ করিয়াছেন। এমত অবস্থায় গ্রন্থের সমৃতিত সমালোচনা করিয়া, আমরা তাঁহার মনোরথ ভঙ্গ করিতে অনিজ্বক। বিলাত গেলেই বাঙ্গালীর ছেলে একটা কিছু হইয়া আইসে—আর কাহারও কিছু

হউক না হউক দরজিদিগের কিছু উপকার হয়—অতএব এরপ মহৎ উদ্দেশ্যের বিল্প করা আমাদের ইচ্ছা নহে। হেলেনা মন্থ্যাকারে গ্রীক্দিগকে আসিয়ায় আনিয়াছিলেন; ভরসা করি তিনি কাব্যাকারের আনন্দ বাবুকে ময়মনসিংহ হইতে ইউরোপে লইয়া ফেলিবেন।

পরস্তু আমাদিগের দ্বারা এ গ্রন্থ সমালোচিত হইবার তাদৃশ প্রয়োজনও নাই। কেন না, বাবু শ্রীনাথ চন্দ ময়মনসিংহের জেলা স্কুল হইতে ইহার সমালোচনা করিয়া দিয়াছেন। তাঁহার লিখিত ভূমিকা হইতে আমরা উদ্ধৃত করিতেছি।

"কবিকেশরী মধুস্দন অমিত্রচ্ছন্দে মেঘনাদবধ প্রণয়ন করিয়া বাঙ্গালা ভাষা যে কেবল আবেশময়ী ললিভ পদাবলীব উপযোগী নহে, ইহাতে যে ভেরী ত্রী ছুন্দুভিধ্বনির সহিত স্বর্গ মর্ত্তা পাতালের চিত্তবিস্ময়কর অপূর্ব্ব চিত্র চিত্রিভ হইতে পারে, তাহার বিলক্ষণ পবিচয় দিয়া গিয়াছেন। কিন্তু বাঙ্গালীর ভাগ্যে সে সুখ অধিকদিন সহা হইল না! অকালে মধুস্দনের তেরী নীরব হইয়াছে। বাঙ্গালা কাব্য পুনশ্চ আপন পথ চিনিয়া ভাহাতেই প্রবাহিত হইতেছে। বঙ্গীয় কবিগণ আবাব যেন মছল মছল মোহন স্বরে বীণাধ্বনি করিতেছেন। বাঙ্গালীব হাদয় অবেশে নৃত্য কবিতেছে। আব গীতি কবিতা ভাল লাগে না। অবিবত বীণাধ্বনিতে শ্রবণ তৃপ্ত হয় না, তুই একবাব শহ্মধ্বনি শুনিলে মনে একটু একটু সজীবতা জন্মে। মেঘনাদবধেব পব এ প্রকৃতির কাব্য বাঙ্গালায় জন্মিল না, বলিতে কি বৃত্রসংহাব এবং পলাশীব যুদ্ধেও গীতি কবিতাবই প্রাধান্য ঘটিয়াছে। হেলেনা কাব্য কোন্ শ্রেণীতে স্থান পাইবাব যোগ্য, বঙ্গকবিদিগের মধ্যে আনন্দচন্দ্র কোন্ আসন লাভ করেন, তাহা বলিবার সময় হয় নাই; কিন্তু আনেক দিন পরে আমাদের কর্ণে একটা বহু দূর সমানীত শহ্মধ্বনি প্রবেশ করিল, শ্রবণ পরিতৃপ্ত হইল। অন্যেরও হইবে কি গু"

হায়! হেমচন্দ্র! তোমার দশা কি হইবে! তুমি অপূর্ব্ব মহাকাব্য স্থজন করিয়া পায়ের উপর পা দিয়া মনে মনে ভাবিতেছ, তোমার যশ পুরুষামুক্রনে বঙ্গদেশে ঘোষিবে! কিন্তু হায়! ময়মনসিংহের স্কুলের ছেলে মহলে শাঁক বাজিয়াছে! যেমন শাঁক বাজিয়াছে অমনি তোমার যশঃপক্ষী ডানা বাহির করিয়া ফুড়ুক্ করিয়া উড়িয়া পলাইয়াছে। তুমি আর বৃথায় কলম ধর।

ফলত: শ্রীনাথ বাবুর মত নির্লজ্ঞ সমালোচক আমরা দেখি নাই—অথবা কেবল বাঙ্গালা সম্বাদপত্রেই দেখিতে পাই। বাস্তবিক এই হেলেনা কাব্য কিছুই নহে—কেবল অপক্রবৃদ্ধি অশিক্ষিত ব্যক্তিরচিত মধুস্ট্দন দত্তের অসার অমুকরণ। লেখকের অমুক্রণেও বিশেষ ক্ষমতা নাই—গুণ গুলির অমুক্রণ হয় নাই কিন্তু দোষ গুলির টু কাপি। সেই অমুক্রণ-প্রবৃত্তি এত বলবৎ যে ট্রয়ের যুদ্ধে ইন্দিরা ও রাজলক্ষীর শ্রাদ্ধ! কেবল ইহাতে কবি ও সমালোচক সম্ভুত্তী নহেন। আমিত্রাক্ষর ছন্দ ত হইল—দালিল, ভানিল, প্রাণিল প্রভৃতি অশ্রুতপূর্ব্ব ক্রিয়াপদও হইল, ফণীন্দ্র করীন্দ্র দেবেন্দ্র ইন্দিরা দস্তোলি প্রভৃতি শব্দে মাইকেলি শব্দ ঘটাও জুটিয়া গেল—মেঘনাদ বধ হইতে নামিয়া রাজলক্ষ্মী হেলেনা কাব্যে প্রবেশ করিলেন—তবু টু কাপির একটা বাকি রহিল—টীকা কই ? হেমবাবু মেঘনাদ বধের টীকা করিয়াছেন—হেলেনারও টীকা চাই। স্কুতবাং যেমন শুক্দেব একেবারে দাড়ি গোঁপ সহিত মাতৃগর্ত্ত হইতে ভূমিত্ব হইয়াছিলেন, হেলনা কাব্যও তেমনি একেবারে সটীক মুল্রাযন্ত্র হইতে বাহির হইয়াছে। বাবু শ্রীনাথ চন্দ এই টীকার প্রণেতা। কাব্য যেমন হৌক আমরা এই টীকাতেই অধিক আমোদ পাইয়াছি। পাঠকগণকে সে রসে আমরা বঞ্চিত করিব না। কয়েকটি টীকা উক্তে করিতেছি;—

ভমরুধ্বনি—বীবরসপূর্ণ কবিতা।
অস্ত্রের ঝলকে—অস্ত্রেন ঝকমকিতে।
গিরিজা গিনিশে তেবি—(কঠিন পাছা!) ভুর্গা শিবকে দেখিয়া।
বীচিমালা—তবঙ্গমালা
গঙ্গ মহাবলী—মহাবলী গঙ্গা।
জলেশেন পুনী—বরুণালয়
স্পৃষ্টিস্থিতি হেতু—সৃষ্টি বন্ধার মূল
উলিসিস্—Ulysses!
কুমার তেন—কার্ত্রিক সদৃশ।
আর চাই ?

বীণা। (নানা বিষয়িনী কবিতা প্রকাশিনী মাসিক পত্রিকা।) শ্রীরাজকৃষ্ণ রায় সম্পাদিত। প্রথম খণ্ড—প্রথম সংখ্যা। আলবার্ট প্রেস—কলিকাতা।
১২৮৫। পত্রিকাখানি এত ক্ষ্রুকার যে আমাদিগের প্রথমে বোধ হইয়াছিল যে
এখানি খেলা ঘরের নেগেজিন—অথবা লিলিপট হইতে প্রেরিত হইয়াছে। তার
পর ভাবিলাম যে যখন পত্রিকাখানি কেবল কবিতাময়ী, তেখন ইহা যত ছোট হয়
ততই ভাল।—আমরা রাজকৃষ্ণ বাবুর কবিতার নিন্দা কবি না। তিনি উত্তম পদ্ধ
লিখিয়া থাকেন এবং বীণার প্রথম সংখ্যায় যে কবিতাগুলি বাহির হইয়াছে, ভাহা
ক্ষমিষ্ট। উদাহরণ—

()

প্রণমি' বাণীর পদে, এ ভাঙ্গা বীণায়
এই ত বাধিস্থ তার, কিন্তু কে বাজায় ?
চারিদিকে চেয়ে আজ,
সভয়ে বীণায় সাজ
চড়া'য়ে মিলাস্থ স্বর অঙ্গুলির ঘায়;
যা' জানি—করিম্ন ভাই:—কিন্তুকে বাজায় ?

(२)

সে দিনের কথা মনে জাগিয়া উঠিল;
কি সে' কথা'?—'মহাবজ মন্তকে পড়িল!'
এ বজ্ঞ ইন্দ্রের নয়,
এ বজ্ঞ লোহের নয়,
এ বজ্ঞ বিষম বজ্ঞ !—হায়, কে গড়িল?

(0)

অই যা,—বীণার তার আবার ছি'ডিল।

ছি ছি রে, এ কা'ব কাজ,

কি করি' সে ভূলি' লাজ,

গড়িল এ ভীম বাজ,

সে কি দয়াহীন ?

তা'রি এ বজ্রের ঘায়,

কি ক'ব রে, হায় হায়!
ভেলেছে সাধের মোর

व्यानस्त्रत्र वीश!

(8)

নিভাস্ত বিষয় হ'য়ে,
ভাঙ্গা বীণা করে ল'য়ে,
যোড়েভাড়ে সাজাইম্
বাজা'তে আবার;
মনে আশা,—বাজা'বার,
কিন্তু কি বাজা'ব আর,
সভয়ে অসুলি-ঘায়
ভিঁড়ে যায় ভার!

(**t**)

ছিঁ ডুক ষতই বার,
আমিও ততই বার
যতমে বাঁধি না তার ?—
দেখি না কি হয়?
ফুরা'লে ধাতুর তার,
উপাডিয়া কেশভার
বাঁধিব বীণায় ফের,
দেখি কি না রয়?

(😉)

তাও যদি ছিঁড়ে যায়,

শিরা ছিঁড়ে পুনরায়
বাঁধিব বীণায়, মোর

যতক্ষণ প্রাণ;
তথাপি ক্ষণেক তরে
ফেলিব না ভ্মি'পরে
বীণারে;—হদদের ধ'রে
গা'ব আজি গান।

কবিতা সুমিষ্ট—কিন্তু পভাময়ী পত্রিকার আমরা বড় গোঁড়া হইতে পারিলাম



(পৃকা প্রকাশিতের পব)

নবম পরিচ্ছেদ

তাহার অপেক্ষা করিতেছিলেন - কিন্তু তাহার চিত্ত স্থিব ছিল না।
অশ্বাবোহীর যোদ্বেশ এবং তার দৃষ্টিতে তিনি কিন্তু কাত্রর ইইযাছিলেন। একবার
ঘোরতর বিপদ্প্রস্ত ইইযা, ভাগাক্রমে প্রাণে কক্ষা পাইযাছেন—কিন্তু আর সব
হাবাইয়াছেন—চঞ্চলকুমানীর আশা ভবসা হারাইযাছেন—আর কি বলিয়া তাহার
কাছে মুখ দেখাইবেন ! ক্রাক্ষণ এইরপ ভাবিতেছিলেন, এমত সময়ে দেখিলেন
পর্বতের উপরে ছুই তিন জন লোক দাঁড়াইয়া কি পরামর্শ করিতেছে। ক্রাক্ষণ
ভীত ইইলেন ; মনে করিলেন, আবার নৃত্রন দন্তাসম্প্রদায় আসিয়া উপস্থিত ইইল
না কি ! সেবার—নিকটে যাহা হয কিছু ছিল, তাহা পাইয়া দন্তারা তাঁহার
প্রাণবধে বিরত ইইযাছিল—এবার যদি ইহারা তাঁহাকে ধরে তবে কি দিয়া প্রাণ
রাখিব ! এইরপ ভাবিতেছিলেন, এমত সময়ে দেখিলেন যে, পর্ব্বহারত ব্যক্তিরা
হস্তপ্রসারণ করিয়া তাঁহাকে দেখাইতেছে এবং পরম্পর কি বলিতেছে। ইহা
দেখিবামাত্র, ব্যক্ষণের যা কিছু গাহস ছিল, তাহা গোল— ব্যাহ্মণ পলায়নের উল্লোগে
উঠিয়া দাঁড়াইলেন। সেই সময়ে পর্ব্বহবিসারীদিগের মধ্যে একজন পর্ব্বত অবতরণ
করিতে আরম্ভ করিল—দেখিয়া ব্যক্ষণ উর্দ্ধানে পলায়ন করিলেন।

তখন ধর ধন করিয়া তিন চারি জন তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ছুটিল। ব্রাহ্মণও ছুটিলেন—অজ্ঞান, মূক্তকচ্চ, তথাপি নারায়ণ নারায়ণ স্মরণ করিতে করিতে ব্রাহ্মণ তীরবৎ বেগে পলাইলেন। যাহ'বা তাঁহার পশ্চাদ্ধাবিত হইয়াছিল, তাহারা তাঁহাকে শেবে আর না দেখিতে পাইয়া প্রতিনিবৃত্ত হইল।

তাহার। অপর কেচই নতে—মহারাণার ভ্তাবর্গ। মহারাণার সহিত এক্লে কি প্রকারে আমাদিগের সাক্ষাৎ হইল, তাহা এক্লণে ব্রাইতে হইভেছে।

0

রাজপুতগণের শিকারে বড় আনন্দ, অন্ত মহারাণা শত অশ্বারোহী এবং ভৃত্যগণ সমভিব্যাহারে মৃগয়ায় বাহির হইয়াছিলেন। এক্ষণে তাহারা শিকাবে প্রতিনির্ত্ত হইয়া উদয়পুরাভিমৃথে যাইতেছিলেন। রাজসিংহ, সর্বেদা প্রহরিগণ কর্তৃক পরিবেষ্টিত হইয়া, রাজা হইয়া থাকিতে ভালবাসিতেন না। কথন কখন অকুচরবর্গকে দূরে রাখিয়া একাকী অশ্বারোহণ করিয়া ছদ্মবেশে প্রজাদিগের অবস্থা দেখিয়া শুনিয়া বেড়াইতেন। সেইজন্ম তাঁহার রাজ্যে প্রজা অত্যন্ত সুখী হইয়া উঠিয়াছিল; স্বচক্ষে সকল দেখিতেন, সহত্তে সকল তৃঃখ নিবারণ কবিতেন।

অন্ত মৃগয়া হইতে প্রভাবর্ত্তনকালে তিনি অনুচরবর্গকে পশ্চাতে আসিতে বলিয়া দিয়া, বিজয়নামা ক্রতগামী অশ্বপৃষ্ঠে আরোহণ করিয়া একাকী অগ্রসর হইয়াছিলেন। এই অবস্থায় অনন্ত মিশ্রেব সহিত সাক্ষাৎ হইলে যাহা যাহা ঘটিয়াছিল, তাহা কথিত হইয়াছে। বাজা দম্যুর ক্রত অত্যাচার শুনিয়া স্বহস্তে ব্রহ্মস্ব উদ্ধারের জন্ম ছুটিযাছিলেন। যাহা ছঃসাধ্য এবং বিপদপূর্ণ তাহাতেই তাঁহার আমোদ ছিল।

এদিকে অনেক বেলা গইল দেখিয়া কতিপব বাজভৃত্য দ্রুতপদে তাঁহার অনুসন্ধানে চলিল। নীচে অবতবণকালে দেখিল বাণার অশ্ব দাঁড়াইয়া রহিয়াছে—ইহাতে তাহাবা বিদ্যিত এবং চিন্তিত হইল। আশহা কবিল যে রাণার কোন বিপদ্ ঘটিয়াছে। নিম্নে শিলাখণ্ডোপবি অনস্থ ঠাকুর বসিয়া আছেন দেখিয়া তাহারা বিবেচনা করিল যে এই ব্যক্তি অবশ্য কিছু জানিবে। সেই জন্ম তাহারা হস্তপ্রসারণ করিয়া সে দিকে দেখাইয়া দিতেছিল। তাঁহাকে জিজ্ঞাসা বাদ করিবার জন্ম তাহারা নামিতেছিল, এমত সময়ে ঠাকুরজি নাবায়ণ স্মরণ পূর্বক প্রস্থান করিলেন। তখন তাহাবা ভাবিল, তবে এই ব্যক্তি অপরাধী। এই ভাবিয়া তাহারা পশ্চাৎ ধাবিত হইল। বান্ধণ এক গহবরমধ্যে লুকাইয়া প্রাণরক্ষা করিল।

এদিকে মহাবাণা চঞ্চলকুমারীর পত্রপাঠ সমাপ্ত ও মাণিকলালকে বিদায় করিয়া অনস্ত মিশ্রের তল্লাসে গেলেন। দেখিলেন সেখানে ব্রাহ্মণ নাই—তৎপরিবর্ত্তে তাঁহার ভূতাবর্গ, এবং উগহার সমভিব্যাহারী অশ্বারোহিগণ আসিয়া অধিত্যকার তলদেশ ব্যাপিত করিয়াছে। রাণাকে দেখিতে পাইয়া সকলে জয়ধ্বনি করিয়া উঠিল। বিজয়, প্রভূকে দেখিতে পাইয়া, তিন লম্ফে অবতরণ করিয়া তাঁহার কাছে দাঁড়াইল। রাণা তাহার পৃষ্ঠে আরোহণ করিলেন। তাঁহার বস্ত্র কধিরাক্ত দেখিয়া সকলেই বুঝিল, যে একটা কিছু ক্ষুন্ত ব্যাপার হইয়া গিয়াছে। কিন্তু রাজপুতগণের ইহা নিতা নৈমিত্তিক ব্যাপার — কিছু কেহ জ্ঞিজ্ঞাসা করিল না।

রাণা কহিলেন, "এইখানে এক ব্রাহ্মণ বসিয়াছিল; সে কোথায় গেল— কেহ দেখিয়াছ ?" যাহারা উহার পশ্চাদ্ধাবিত হইয়াছিল তাহারা বলিল; "মহারাজ্ঞ সে ব্যক্তি পলাইয়াছে।"

রাণা। শীঘ্র তাহার সন্ধান কবিয়া লইয়া আইস।

ভূত্যগণ তথন সবিশেষ কথা বুঝাইয়া নিবেদন করিল যে, আমরা অনেক সন্ধান করিয়াছি, কিন্তু পাই নাই।

শ্বারোহিগণ মধ্যে রাণার পুজ্বয়, তাঁহার জ্ঞাতি ও অমাত্যবর্গ প্রভৃতি ছিল। রাজা পুজ্বয় ও অমাত্যবর্গকে নির্জনে লইয়া গিয়া কথাবার্তা বলিলেন, "প্রিয়জনবর্গ! আজি অধিক বেলা হইমাছে; তোমাদিগের সকলের ক্ষ্মাত্রয়াছে সন্দেহ নাই। কিন্তু আজ উদ্যপুবে গিয়া ক্ষ্মাতৃয়্য়া নিবাবণ করা আমাদিগের অদৃষ্টে নাই। এই পার্ববত্য পথে আবার আমাদিগকে ফিবিয়া যাইতে হইবে। একটু ক্ষুদ্র লড়াই জুটিযাছে—লড়াইয়ে যাহাব সাধ থাকে আমার সঙ্গে আইস—আমি এই পর্ববত পুনরাবোহণ কবিব। যাহাব সাধ না থাকে, উদয়পুরে ফিবিয়া যাও।"

এই বলিয়া বাণা পর্বত আরোহণে প্রবৃত্ত হইলেন, অমনি "জয় মহারাণা কি জয়! জয় মাতা জী কি জয়।" বলিয়া সেই শত অশ্বারোহী তাঁহার পশ্চাতে পর্বত আরোহণে প্রবৃত্ত হইল। উপবে উঠিয়া হব। হব! শকে, রূপনগর্বেয় পথে ধাবিত হইল। অশ্বক্রেব আঘাতে অধিত্যকায় ঘোরতর প্রতিধ্বনি হইতে লাগিল।

দশম পরিচ্ছেদ

এদিকে অনস্থ মিশ্র রূপনগর হইতে যাত্রা করার তিন চারি দিন পরে রূপনগরে মহাধ্ম পড়িয়াছিল। মোগল বাদশাহের ত্ই সহত্র অশ্বারোহী সেনা রূপনগরের গড়ে আসিয়া উপস্থিত হইল। তাহারা চঞ্চলকুমারীকে স্লইতে আসিয়াছে।

নির্মালের মুখ শুকাইল; জতবেগে নে চঞ্চলকুমারীর কাছে গিয়া বলিল, "কি হইবে স্থি !"

ठक्षलक्माती मृद् शिमिया विलियन, "किरमत कि श्रेटव ?"

নির্মাল। তোমাকে ভ লইতে আসিয়াছে। কিন্তু এইত সেদিন ঠাকুরজি উদয়পুরে গিয়াছেন—এখনও তিনি পৌছিতে পারেন নাই। রাজসিংহের উত্তর আসিতে না আসিতেই তোমায় লইয়া যাইবে—কি হইবে স্থি ? চঞ্চল। তার উপায় নাই—কেবল আমার সেই শেষ উপায় আছে।
দিল্লীর পথে বিষভোজনে প্রাণত্যাগ—সে বিষয়ে আমি চিত্ত স্থির করিয়াছি।
স্থতরাং আমার আর উদ্বেগ নাই। একবার কেবল আমি পিতাকে অমুরোধ
করিব—যদি মোগল সেনাপতি সাত দিনের অবসর দেন।

চঞ্চলকুমারী সময়মত পিতৃপদে নিবেদন করিলেন যে, "আমি জ্বশ্বের মত রূপনগর হইতে চলিলাম ? আমি আর কখন যে আপনাদিগের প্রীচরণ দর্শন, করিতে পাইব, আর কখন যে বাল্যসখীগণের সঙ্গে আমোদ করিতে পাইব এমত সম্ভাবনা নাই। আমি আর সাতদিনের অবসর ভিক্ষা করি—সাতদিন মোগল সেনা এইখানে অবস্থিতি করুক। আব সাত দিন আমি আপনাকে দেখিয়া শুনিয়া জ্বশ্বের মত বিদায় হইব।"

রাজা একটু কাঁদিলেন। বলিলেন, "দেখি সেনাপতিকে অমুরোধ করিব কিন্তু তিনি অপেক্ষা করিবেন কি না বলিতে পাবি না।"

রাজা অঙ্গীকাব মত মোগল সেনাপতির কাছে নিবেদন জানাইলেন। সেনাপতি ভাবিয়া দেখিলেন, বাদশাহ কোন সময় নিরূপিত করিয়া দেন নাই—বলিয়া দেন নাই যে এতদিনেব মধ্যে ফিবিযা আসিবে। কিন্তু সাত দিন্তুবিলম্ব কবিতে তাহাব সাহস হইল না; ভবিশ্বং বেগমের অন্তুরোধ একেবারে অগ্রাহ্য করিতেও পারিলেন না। আর তিন দিন অবস্থিত করিতে স্বীকৃত হইলেন। চঞ্চলকুমাবীব বড় একটা ভরসা জন্মিল না।

নিশাথকালে নিজাব ঘোবে চঞ্চলকুমারী স্বপ্ন দেখিলেন যে, রজতগিরিসন্ধিভ মহাকায়, ব্যভারত, স্নিগ্ধমূর্ত্তি, জটাজুটসমন্থিত, দেবাদিদেব মহাদেব
তাহার সম্মুখে মৃত্তিমান্। তিনি আজ্ঞা কবিতেছেন, "তুমি কালি হইতে ভক্তিভাবে আমাব পূজা কবিবে। সেই বৎসর মধ্যে তোমাব বিবাহ হইবে না।
তাহার পব, উপযুক্ত সময়ে তোমার বিবাহ হইবে। যদি এক বৎসব ভক্তিভাবে পূজা কব, তবে অভীপিত স্বামী পাইবে, ভক্তির ক্রটি হইলে অনীভিমত
স্বামীর হত্তে পড়িবে।" এই বলিয়া মহাদেব অন্তর্হিত হইলেন।

প্রভাতে উঠিয়া, স্নান করিয়া চঞ্চলকুমাবী যত্নসঞ্চিত গঙ্গাজল লইয়া, মহাদেবের মন্দিরে প্রবেশ করিলেন। এবং প্রণাম কবত ভক্তিভাবে দেবাদিদেবের পূজা করিলেন। স্বপ্নের কথা কাহাকে বলিলেন না।

যে তিনদিন রাজকুমারী রূপনগরে অবস্থিতি করিলেন, সে তিন দিন, তিনি এরপে শিবপূজা করিলেন। কিন্তু উদয়পুর হইতে কোন সম্বাদ আসিল না—
মিশ্রাসকুর ফিরিলেন না। তখন চঞ্চলকুমারী উদ্ধ্যুখ, যুক্ত করে বলিল, "হে অনাধনাথ দেবাদিদেব! অবলাকে কি প্রবঞ্চনা করিলে?"

তৃতীয় রক্জনীতে নির্মাল আসিয়া তাঁহার কাছে শয়ন করিল। সমস্ত রাত্রি তৃইজনে তৃইজনকে বক্ষে রাখিয়া রোদন করিয়া কাটাইল। নির্মাল বলিল, "আমি তোমার সঙ্গে যাইব।" কয়দিন ধরিয়া সে এই কথাই বলিতেছিল। চঞ্চল বলিল, "তৃমি আমার সঙ্গে কোথায় যাইবে ? আমি মরিতে যাইতেছি।" নির্মাল বলিল "আমিও মরিব। তৃমি আমায় ফেলিয়া গেলেই আমি কি বাঁচিব ?" চঞ্চল বলিল, "ছি! অমন কথা বলিও না—আমার তৃঃখের উপর কেন তৃঃখ বাড়াও ?" নির্মাল বলিল "তুমি আমাকে নিয়ে যাও বা না যাও, আমি নিশ্চয় তোমার সঙ্গে যাইব—কেহ রাখিতে পাবিবে না।" তৃইজনে কাঁদিয়া রাত্রি কাটাইল।

এদিকে, সৈয়দ হাসান আলি খাঁ, মন্সবদার মোগল সৈন্সের সেনাপতি, রাত্রি প্রভাতে রাজকুমাবীকে লইয়া যাইবার সকল উত্যোগ করিয়া রাখিলেন।

একাদশ পরিচ্ছেদ

এই সময়ে একবার মাণিকলালেব কথা পাড়িতে হইল।

মাণিকলাল রাণাব নিকট হইতে বিদায় হইয়া, প্রথমে আবার সেই পর্ববিভগুহায় ফিবিয়া গেল। আবা সে দস্তাতা করিবে, এমত বাসনা ছিল না, কিন্তু পূর্ববিদ্ধাণ মরিল কি বাঁচিল তাহা দেখিবে না কেন ? যদি কেহ একেবারে না মবিয়া থাকে তবে তাহাব ভশ্লষা কবিয়া বাঁচাইতে হইবে। এই সকল ভাবিতে ভাবিতে মাণিকলাল গুহা প্রবেশ করিল।

দেখিল, গুইজন মবিয়া পড়িয়া রহিয়াছে। যে কেবল মুর্চ্ছিত হইয়াছিল, সে সংজ্ঞালাভ কবিয়া উঠিয়া কোথায় চলিয়া গিয়াছে। মাণিকলাল তখন বিষয়চিত্তে বন হইতে একবাশি কাট ভাঙ্গিয়া আনিল—তদ্বারা গুইটি চিতা রচনা করিয়া গুইটি মৃতদেহ তত্পরি স্থাপন করিল। শুহা হইতে প্রেপ্তর ও লোহ বাহির করিয়া অগ্নুত্পাদন পূর্বক চিভায় আগুন দিল। এইরপ সঙ্গীদিগের অন্তিম কার্য্য কবিয়া সেন্থান হইতে চলিয়া গৈল। পরে মনে করিল যে, যে ব্রাহ্মণকে পীড়ন করিয়াছিলাম, ভাহার কি অবস্থা হইয়াছে, দেখিয়া আমি। যথানে অনস্থ মিশ্রকে বাঁধিয়া রাথিয়াছিল, সেখানে আসিয়া দেখিল বে, সেখানে রাহ্মণ নাই। দেখিল বচ্চসলিলা পার্বত্য নদীর জল একটু মন্ধলা হইয়াছে—এবং অনেক স্থানে বৃক্ষশাখা, লতা গুলা ভূণাদি ছিন্নভিন্ন হইয়াছে। এই সকল চিহ্নে মাণিকলাল মনে করিল যে, এখানে বোধ হয় অনেক লোক আসিয়াছিল। ভারপর দেখিল, পাহাড়ের প্রস্তর্বয়য় অক্তেও কত্তকগুলি অন্তের

পদচ্ছি লক্ষ্য করা যায়—বিশেষ অশ্বের ক্লুরে যেখানে লতা গুন্ম কাটিয়া গিয়াছে, অর্দ্ধ গোলাকৃত চ্ছি সকল স্পষ্ট। মাণিকলাল মনোযোগ পূর্ব্বক বছক্ষণ ধরিয়া নিরীক্ষণ করিয়া বুঝিল যে এখানে অনেকগুলি অশ্বারোহী আসিয়াছিল।

চতুর মাণিকলাল তাহার পর দেখিতে লাগিল অশ্বারোহিগণ কোন্দিক্ হইতে আসিয়াছে—কোন্দিকে গিয়াছে। দেখিল কতকগুলি চিহ্নের সন্মুখ দক্ষিণে—কতকগুলি সন্মুখ উত্তরে। কতকদূর মাত্র দক্ষিণে গিয়া চিহ্ন সকল আবার উত্তরমুখ হইয়াছে। ইহাতে বুঝিল অশ্বারোহিগণ উত্তর হইতে এই পর্যান্ত আসিয়া আবার উত্তরাংশে প্রত্যাবর্ত্তন কবিয়াছে।

এই সকল সিদ্ধান্ত করিয়া মাণিকলাল গৃহে গেল। সে স্থান হইতে মাণিকলালের গৃহ ছই তিন ক্রোশ। তথায় রন্ধন করিয়া আহারাদি সমাপনাস্তে, কম্যাটিকে ক্রোড়ে লইল। তখন মাণিলাল ঘরে চাবি দিয়া কন্সা ক্রোড়ে নিজ্ঞান্ত হইল।

মাণিকলালের কেহ ছিল না—কেবল এক পি্সীর ননদের যায়ের খুল্যতাত পুদ্রী ছিল। সম্বন্ধ বড় নিকট—"সইয়েব বউযেব বকুল ফুলের বনপো বউয়ের বনঝি জামাই" প্রায়। সৌজস্যবশতই হউক আব আত্মীয়তাব সাধ মিটাইবার জন্মই হউক—মাণিকলাল তাহাকে পিসী বলিয়া ডাকিতেন।

মাণিকলাল কন্মা লইয়া সেই পিসীর বাড়ী গেল। ডাকিল, "পিসি গা ?" পিসী বলিল, "কি বাছা মাণিকলাল। কি মনে করিয়া ?"

মাণিকলাল বলিল, "আমার এই মেয়েটি রাখিতে পাব পিসি ?"

পিসী। কতক্ষণের জন্ম १

মাণিক। এই তুমাস ছয়মাসের জন্ম ?

পিসী। সে কি বাছা! আমি গরীব মামুষ—মেয়েকে খাওয়াব কোথা হইতে ?

মাণিক। কেন পিসী মা, তুমি কিসের গরীব ? তুমি কি নাতিনীকে ছমাস খাওয়াতে পার না ?

পিসী। সে কি কথা ? ছমাস একটা মেয়ে পোষিতে যে এক মোহর পড়ে।

মাশিক। আমি সে এক মোহর দিতেছি—তুমি মেয়েটিকে ছুমাস রাখ।
আমি উদয়পুরে যাইব—সেখানে আমি রাজসরকারে বড় চাকরি পাইয়াছি।
এই বলিয়া মাণিকলাল, রাণার প্রদত্ত আশরফির মধ্যে একটা পিসীর সম্মুখে
ফেলিয়া দিল; এবং কম্মাকে তাহার কাছে ছাড়িয়া দিয়া বলিল, "যা তোর দিদির
কোলে গিয়া বস্।"

পিসীঠাকুরাণী কিছু লোভে পড়িলেন। মনে মনে বিলক্ষণ জানিতেন যে এক মোহরে ঐ শিশুর একবংসর গ্রাসাচ্ছাদন চলিতে পারে—মাণিকলাল কেবল ছুইমাসের করার করিতেছে। অতএব কিছু লাভের সম্ভাবনা। তার পর মাণিক রাজ্বদরবারে চাকরি স্বীকার করিয়াছে—চাহি কি বড়মানুষ ছইতে পারে—তা হইলে কি পিসীকে কখন কিছু দিবে না १ মানুষটা হাতে থাকা ভাল!

পিসী তখন মোহরটী কুড়াইয়া লইয়া বলিল "তাব আশ্চর্য্য কি বাছা— তোমার মেয়ে মানুষ করিব সে কি বড় ভারি কাজ ? তুমি নিশ্চিম্ত থাক। আয় রে জানু আয়!" বলিয়া পিসী কন্সাকে কোলে তুলিয়া লইল।

কন্যা সম্বন্ধে এইরূপ বন্দোবস্ত হইলে মাণিকলাল নিশ্চিন্ত চিত্তে গ্রাম হইতে নির্গত হইল। কাহাকে কিছু না বলিয়া রূপনগবে যাইবার পার্ব্বত্যপথে আরোহণ করিল।

মাণিকলাল এইরূপ বিচাব কবিতেছিল। ঐ অধিত্যকায় অনেকগুলি অশ্বারোহী আসিয়াছিল কেন? ঐখানে রাণাও একাকী ভ্রমিতে ছিলেন—কিন্তু উদয়পুর হইতে এতদূব রাণা একাকী আসিবাব সম্ভাবনা নাই। অভএব উহারা রাণার সমভিব্যাহারী অশ্বাবোহী। তারপব, দেখা গেল উহারা উত্তর হইতে আসিয়াছে—উদয়পুব অভিমুখে যাইতেছিল—বোধ হয় রাণা মৃগয়া বা বনবিহাবে গিয়া থাকিবেন—উদয়পুব ফিবিযা যাইতেছিলেন। ভাব পর দেখিলাম, উহাবা উদয়পুব যায় নাই। উত্তবমুখেই ফিবিয়াছে—কেন? উত্তরে ত রূপনগব বটে। বোধ হয় চঞ্চলকুমারীর পত্র পাইয়া রাণা অশ্বারোহী সৈশ্ব সমভিব্যাহাবে তাহাব নিমন্ত্রণ রাখিতে গিয়াছেন। ভাহা যদি না গিয়া থাকেন তবে তাহার বাজপুতপতি নাম নিখ্যা। আমি তাহার ভ্ত্য—আমি তাহার বাছে যাইব।

কিন্তু তাঁহার। অশ্বারোহণে গিয়াছেন—আমার পদত্রজে যাইতে অনেক বিলম্ব হইবে। তবে এক ভরসা পার্ববিত্যপথে অশ্ব তত জ্রুত যায় না। এবং মাণিকলাল পদত্রজে বড় জ্রুতগামী। মাণিকলাল দিবা রাত্রি পথ চলিত্তে লাগিল। যথাকালে সে রূপনগরে পৌছিল। পৌছিয়া দেখিল যে রূপনগরে ছই সহত্র মোগল অশ্বারোহী আসিয়া শিবির করিয়াছে কিন্তু রাজপুত সেনার কোন চিন্তু দেখা যায় না। আরও শুনিল পরদিন প্রভাতে মোগলেরা রাজ-কুমারীকে লইয়া যাইবে।

মাণিকলাল বৃদ্ধিতে একটি কুজতর সেনাপতি। রাজপুতগণের কোন সন্ধান না পাইয়া, কিছুই হুংখিত হইল না। মনে মনে বলিল মোগল পারিবে না—কিন্তু আমি প্রভুর সন্ধান করিয়া লইব। একব্যক্তি নাগরিককে বলিল, আমাকে দিল্লী যাইবার পথ দেখাইয়া দিতে পার ? আমি কিছু বখনিস দিব। নাগরিক সন্মত হইয়া কিছুদ্র অগ্রসর হইয়া তাহাকে পথ দেখাইয়া দিল। মাণিকলাল তাহাকে পুরস্কৃত করিয়া বিদাল্ল করিল, পরে দিল্লীর পথে, চারিদিক্ ভাল করিয়া দেখিতে দেখিতে চলিল। মাণিকলাল স্থির করিয়াছিল যে, রাজপুত অশ্বারোহীগণ অবশ্য দিল্লীর পথে কোথাও লুকাইয়া আছে। প্রথমতঃ কিছুদ্র পর্যান্ত মাণিকলাল রাজপুত সেনার কোন চিহু পাইল না। পবে একস্থানে দেখিল, পথ অতি সন্ধীর্ণ হইয়া আসিল। ছই পার্শ্বে তুইটা পাহাড় উঠিয়া, প্রায়্ম অর্দ্ধ ক্রোশ সমান্তরাল হইয়া চলিয়াছে— মধ্যে কেবল সংশ্বীর্ণ পথ। দক্ষিণদিকে পর্ব্বত অতি উচ্চ—এবং তুবারোহণীয়— তাহার নিখবদেশ প্রায়্ম পথের উপর ঝুলিয়া প্রভিয়াছে। বামদিকে পর্ব্বত, অতি ধীরে ধীরে উঠিয়াছে। আরোহণের স্ক্রবিধা, এবং পর্ব্বত ও অনুচচ। একস্থানে ঐ বামদিকে, একটি বন্ধ্ব বাহিব হইয়াছে তাহা দিয়া একটু স্ক্রপথ আছে।

নাপোলেয়ন্ প্রভৃতি অনেক দস্যু সুদক্ষ সেনাপতি ছিলেন। রাজা হইলে লোকে আব দস্যু বলে না। মাণিকলাল রাজা নহে স্কুতরাং আমরা তাহাকে দস্যু বলিতে বাধা, কিন্তু রাজদস্যাদিগের স্থায় এই ক্ষুদ্র দস্যুরও সেনাপতির চক্ষু ছিল। পর্বতনিরুদ্ধ সন্ধীর্ণ পথ দেখিয়া সে মনে করিল, রাণা যদি আসিয়া থাকেন তবে এইখানেই আছেন। যখন মোগল সৈম্ম এই সন্ধীর্ণ পথ দিরা যাইবে—এই পর্বত শিখব হইতে রাজপুত অশ্ব বজ্রের স্থায় তাহাদিগের মস্তকে পড়িতে পারিবে। দক্ষিণদিকের পর্বত ছরারোহণীয়; অশ্বারোহিগণের আরোহণ ও অবতরণের অনুপযুক্ত, অতএব সেখানে রাজপুত সেনা থাকিবে না—কিন্তু বামের পর্বত হইতে তাহাদিগের অবতরণের বড় স্থ। মাণিকলাল তত্পরি আরোহণ করিল। তথন সন্ধ্যা হইয়াছে।

উঠিয়া কোথাও কাহাকে দেখিতে পাইল না। মনে করিল, খুঁ জ্বিয়া দেখি, কিন্তু আবার ভাবিল, রাজা ভিন্ন আর কোন রাজপুত আমাকে চেনে না; আমাকে মোগলের চর বলিয়া হঠাৎ কোন অদৃশ্য রাজপুত আমাকে মারিয়া ফেলিতে পারে। এই ভাবিয়া সে আর অগ্রসর না হইয়া, সেইস্থানে দাঁড়াইয়া বলিল, "মহারাণার জয় হউক।"

এই শব্দ উচ্চারিত হইবা মাত্র চারি পাঁচজন শত্রধারী রাজপুত অদৃশ্য স্থান হইতে গাত্রোখান করিয়া দাঁড়াইল, এবং তরবারি হত্তে মাণিকলালকে কাটিতে আসিতে উন্তত হইল।

धक्कन विनन, "मातिए ना।" माणिकनानि प्रिचन, खाः तांगा।

রাণা বলিল, "মারিও না। এ আমাদিগের স্বন্ধন।" যোদ্ধগণ তখনই আবার লুকাইত হইল।

রাণা মাণিককে নিকটে আসিতে বলিলেন, সে নিকটে আসিল। এক নিভ্ত স্থলে তাহাকে বসিতে বলিয়া, স্বয়ং সেইখানে বসিলেন। রাণা তখন তাহাকে জিজ্ঞাসা করিলেন, "তুমি এখানে কেন আসিয়াছ ?"

মাণিকলাল বলিল, "প্রভু যেখানে, ভৃত্য সেইখানে যাইবে। বিশেষ যখন আপনি এরপ বিপদজনক কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন, তখন যদি ভৃত্য কোনও কার্য্যে লাগে, এই ভরসায় আসিয়াছে। মোগলেবা ছুই সহস্র—মহারাজেরব সঙ্গে এক শত। আমি কি প্রকাবে নিশ্চিম্ব থাকিব ? আপনি আমাকে জীবন দান কবিয়াছেন—একদিনেই কি তাহা ভুলিব ?"

রাণা জিজ্ঞাসা কবিলেন, "আমি যে এখানে আসিয়াছি তুমি কি প্রকারে জানিলে ?"

মাণিকলাল তথন আদ্যোপান্ত সকল বলিল। শুনিযা বাণা সম্ভষ্ট হইলেন। বলিলেন, "আসিযাছ ভালই করিয়াছ—আমি তোমার মত স্কুচতুর লোক একজন শুঁজিতেছিলাম। আমি যাহা বলি পাবিবে গুঁ

মাণিকলাল বলিল, "মন্তুয়ের যাহা সাধ্য ভাহা করিব।"

রাজা বলিলেন, "আমরা একশত যোদ্ধামাত্র; মোগলের সক্ষে ছই হাজার— আমরা রণ করিয়া প্রাণত্যাগ করিতে পারি, কিন্তু জ্বয়ী হইতে পারিব না। যুদ্ধ করিয়া রাজকন্যার উদ্ধাব করিতে পারিব না। রাজকন্যাকে আগে বাঁচাইয়া পরে যুদ্ধ করিতে হইবে। রাজকন্যা যুদ্ধক্ষেত্রে থাকিলে তিনি আহত হইতে পারেন। ভাঁহার রক্ষা প্রথমে চাই।"

মাণিকলাল বলিল, "আমি ক্ষুদ্রজীব, আমি সে সকল কি প্রকারে বুঝিব, আমাকে কি করিতে হইবে তাহাই আজা করুন।"

রাজা বলিলেন, "তোমাকে মোগল অশ্বারোহীর বেশ ধরিয়া কল্য মোগল সেনার সঙ্গে আসিতে হইবে। রাজকুমানীর শিবিকার সঙ্গে সঙ্গে ভোমাকে থাকিতে হইবে। এবং যাহা যাহা বলিভেছি ভাহা করিতে হইবে।" রাণা ভাহাকে সবিস্তারিত উপদেশ দিলেন।

মাণিকলাল শুনিয়া বলিলেন, "মহারাদ্ধের স্বয় হউক! আমি কার্য্য সিদ্ধ করিব। আমাকে অনুগ্রহ করিয়া একটা ঘোড়া বন্ধিস করুন।"

রাণা। আমরা একশত যোদ্ধা এক শত ঘোড়া। আর ঘোড়া নাই যে ভোমায় দিই। অক্ত কাহারও ঘোড়া দিতে পারিব না—আমার **ঘোড়া** লইতে পার। মাণিক। তাহা প্রাণ থাকিতে লইব না। আমাকে প্রয়োজনীয় হাতিয়ার দিন।

রাণা। কোথা পাইব ? যাহা আছে তাহাতে আমাদের নিকট কুলায় না। কাহাকে নিরন্ত্র করিয়া তোমাকে হাতিয়ার দিব ? আমার হাতিয়ার লইতে পার।

মাণিক। তাহা হইতে পারে না। আমাকে পোষাক দিতে **আজ্ঞা হউক।** রাণা। এখানে যাহা পরিয়া আসিয়াছি, তাহা ভিন্ন আর পোষাক নাই। আমি কিছুই দিব না।

মাণিক। মহারাজ। তবে অমুমতি দিউন আমি যে প্রকারে হউক এসকল সংগ্রহ করিয়া লই।

রাণা হাসিলেন। বলিলেন, "চুরি করিবে ?"


মাণিকলাল জিলা কাটিল। "আমি শপথ করিয়াছি যে, আর সে কার্য্য করিব না।"

রাণা। তবে কি করিবে ?

मार्गिक। ठेकाहेशा नहेत।

রাণা হাসিলেন। বলিলেন, "যুদ্ধ কালে সকলেই চোর—সকলেই বঞ্চক। দেখ আমিও বাদশাহের বেগম চুরি করিতে আসিয়াছি—চোরের মত লুকাইয়া আছি। তুমি যে প্রকারে পার এ সকল সংগ্রহ করিও।"

मानिकलान अकुन्निहित्त अनाम कतिया विमाय शहेल।



পঞ্চম তর্ক-কারণ কি ?

ত প্রভৃতি ইউবোপীয় নবদর্শনবিদ্দিগেব মত এই যে বস্তুর উৎপাদক বা মূল কাবণ কিছুই নাই, তবে একটি বস্তু পূর্বে থাকিলে আর একটি বস্তু পরে হয়। আমবা ইহাই দেখিতে দেখিতে পবিশেষে ইহাও স্থিব কবিতে পারি যে, অমুক বস্তু পূর্বে থাকিলে অমুক বস্তু উৎপন্ন হয়, কার্যাকারণ সম্বন্ধে এতদতিরিক্ত কিছুই জানিতে পাবি না। হিউম বলিযাছেন যে, কারণ শব্দের অর্থই কার্যাের অবাবহিত পূর্ববের্ত্তী এতদ্বিদ্ধ আর কিছুই কারণ নাই।*

কোমৎ বলেন জগতীয় কার্য্যসম্বন্ধে আমরা কেবল কতকগুলি নিয়ম অবগত আছি, অমুক ঘটনা হইলে অমুক ঘটনা হয় ইত্যাদি। কিন্তু সেই কার্য্যকলাপের নৈস্গিকভাব কিন্তা তাহাদের মূল বা উৎপাদক কাবণের বিষয় আমরা কিছুই জানি না এবং সে সকল জানিবার আমাদের অধিকারও নাই।

"The laws of phonomena are all we know respecting them, their essential nature and their ultimate causes, either efficient or final are unknown and inscrutable to us."—Mill.

ইউরোপীয় দার্শনিকদিগের মধ্যে কারণের বিশুদ্ধ লক্ষণের অভাব থাকায় একটি বিশুদ্ধ কারণের লক্ষণ প্রস্তুত করিবার জন্ম অনেক তর্ক এবং পরিশ্রম ব্যয়িত হইয়াছে, তাহাদের বিষয় সংক্ষেপে লিখিত হইলেও একখানি বৃহদ্গ্রন্থে স্থান পায় না। আর আমাদের সংস্কৃত স্থায়শাস্ত্রে যখন বিশুদ্ধ কারণের লক্ষ্প রহিয়াছে, তখন আর ইহা লইয়া পুস্তুক বাড়াইবার প্রযোজন কি ?

ডাক্তার ব্যালান্টাইন সাহেব ঠাহার "Method of Induction" নামক পুস্তকে কারণ নির্ণয় স্থলে বলিয়াছেন এক একটা কার্য্যের পূর্বেব যে এক একটা বন্ধ থাকিবে তাহার কোন নিয়ম নাই। সর্ব্যেই অনেকগুলি বস্তু পূর্বেব মিলিভ

[•] Cause, as he interprets it means the invariable antecedent.

হইয়া একটা কার্য্য উৎপাদন করিয়া থাকে। তবে আমরা যে অনেক স্থানে এক একটাকে কারণ বলিয়া নির্দেশ করি তাহার প্রতি হেতু এই যে, একটা কার্য্য উৎপন্ন হইতে যে সকল ঘটনার পূর্ব্বে থাকা আবশ্যক তাহারা সকলেই যে ঠিক্ অব্যবহিত পূর্বক্রণে সংঘটিত হয়, তাহা নহে, তাহাদের মধ্যে অনেকেই আনেক পূর্ববিদাল হইতে সঞ্চিত হইতে থাকে। এইরূপ সঞ্চিত হইতে উহাদিগের মধ্যে যেটা কার্য্যের ঠিক্ অব্যবহিত পূর্ব্বে সংঘটিত হয় তাহাকেই আমরা কারণ বলিয়া গণনা করি। যেমন কোন ব্যক্তিকে ত্র্গোৎসব বা আভ্যশাদ্ধের নিমন্ত্রণ রক্ষার পর মৃত্যুমুখে পতিত হইতে দেখিয়া আমরা তাহার সেই ভোজনকে তাদৃশ কার্য্যের কারণ মনে করিয়া এই বলিয়া খেদ করি "আহা! ব্রাহ্মণ পেটের দায়ে প্রাণটা হারালে গা!" কিন্তু বাস্তবিক দেখিতে গেলে কেবল ভোজনই যে মৃত্যুর কারণ তাহা কখনই হইতে পারে না, ইহার পূর্ব্বে অবশ্যই ঐ ব্যক্তির শরীরে এরূপ কোন ব্যাধির সঞ্চার হইয়া থাকিবে যাহার সহিত ঐ ভোজন মিলিত হইয়া একবারে মৃত্যুর উৎপাদক হইল।

এখানে একথা বলা আবশ্যক হইতেছে যে, যেমন বিশেষ বিশেষ বস্তু পূর্বের্ব থাকিলে বিশেষ বিশেষ কার্যা উৎপন্ন হয় সেইরূপ বিশেষ বিশেষ বস্তু পূর্বের্ব থাকিলে আবাব কোন কোন কার্যা উৎপন্ন হয় না, উহাদিগকে কার্যাের প্রতিবন্ধক বলা যায়। এই প্রতিবন্ধক যখন কারণের অপেক্ষা অধিক বলশালী হয় তখনকার ত কথাই নাই, উহা কারণের সহিত তুলা বল হইলেও কার্যােৎপত্তি হয় না। যেমন কোন বস্তুব উপব যে দিকে বল প্রয়ােগ কবা যায় বস্তু তদভিমুশ্বেই গমন করে, কিন্তু বস্তুর তুই বিপবীত দিকে তুলা বল প্রযােগ করিলে বস্তু কোন দিকে গমন করে না একস্থানে স্থির হইয়া থাকে। ইহার ঘারা এই স্থির হইতেছে যে একটী কার্যা উৎপন্ন হইবার পূর্বের্ব যেমন কোন কারন বস্তুর থাকা আবশ্যক করে সেইরূপ একটী কার্য্য উৎপন্ন হইবার পূর্বের্ব কোন বস্তুর না থাকাও আবশ্যক করে। দেখ পূর্বেগান্ত ইংলা বস্তুর অবস্থাপ্রাপ্ত বস্তু হইতে যদি একতর দিকের বল উদ্ঘাটন করা হয়, তাহা হইলে বস্তুর অস্তুর দিকে গতি হয়। অতএব পূর্বেভাবের (থাকার) স্থায় পূর্ব্বাভাবও (পূর্বের্ব না থাকাও) কার্য্যের কারণ হইতে পারে এই নিমিত্ত বৈশেষিক স্ত্রের উপস্থারকার শঙ্কর মিশ্র হুই প্রকার কারণ লক্ষণ করিয়াছেন যথা—

"অনম্যথাসিদ্ধ নিয়ত পূর্ব্ববর্তি জ্ঞাতীয়দং সহকারী বৈষণ্য প্রযুক্ত কার্য্যা-ভাববন্ধং বা কারণদ্ম।"

অভাবের কারণতা দেখাইবার জন্ম আমরা আর চুই একটি উদাহরণ দেখাইতে বাধ্য হইলাম। যেমন হৃংধের অভাব হইলে সুধ হয়, শারীরিক-নিয়ম প্রতিপালনের অভাব হইলে পীড়া হয়় এবং সম্পদের অভাব হইলে এই চতুর্দিকে
 আত্মীয়পূর্ণ সুখময় সংসারও একবারে মহাকাশের ফায় শৃশুয়য় হইয়া উঠে।

যদি কেহ আশঙ্কা করেন যে সকল কারণই যে কার্য্যের পূর্কে থাকে তাহা নয়, অনেক কারণকে কার্য্যের সহিত একত্র উৎপন্ধ, এবং এক সময় অবস্থিত হইতে দেখা যায়। যেমন গাত্রোত্তাপের কারণ জ্বর ও গাত্রোত্তাপ এক সঙ্গে উৎপন্ধ হয় এবং যতক্ষণ গাত্রোত্তাপ থাকে ততক্ষণই জ্বর থাকে। জ্যেষ্ঠ মাস আগত হইবামাত্র বাঙ্গালাদেশে আত্র পাকিতে থাকে, যতকাল জ্যেষ্ঠ মাস ততকালই পাকা আত্র! আবার যেমন জ্যৈষ্ঠমাস ফ্রায় অমনি বাঙ্গালা দেশের আবাল-বৃদ্ধ-বণিতার আনন্দের সহিত পাকা আমও অন্তর্হিত হয়। অতএব কারণ যে কেবল কার্য্যের পূর্কবের্ত্তী হইবে ইহা কিরূপে নিয়ম করা যাইতে পারে ?

ইহার উত্তরে আমরা বলিব জর গাত্রোত্তাপের কারণ নয়; জ্যেষ্ঠ মাসও আম পাকিবার কারণ নয়। তবে যে কারণে জর হয় সেই কারণেই গাত্রোত্তাপ হয়। এবং বাঙ্গালা দেশে জ্যেষ্ঠ মাস হইলে আম পাকিবার কারণ উপস্থিত হয়। গাত্রোত্তাপ জরের কার্য্য নয় কিন্তু তত্তাঞ্জক চিহ্ন। গাত্রোত্তাপ এবং আম পাকিবার যাহাই কাবণ হউক তাহাদের কার্য্যের সহিত্ত সমকালাবস্থিতিব বিষয়ে অনেকে অনেকরূপ মত প্রকাশ কবিয়াছেন।

কেহ কেহ বলেন যখন আমর। দেখি একটি কার্যা অনেকক্ষণ স্থিতি করে, তথন যে কারণে উহা প্রথমে উৎপন্ন হইয়াছে সেই কারণও তাহার সহিত বরাবব অবস্থিতি করে। যেমন যে কাবণে আকাশস্থিত গ্রহনক্ষত্রগণ একবার সঞ্চালিত হইয়াছে সেই কারণ বরাবব আছে বলিয়াই উত্তাদিগের একরূপে গভি হইতেছে। যেরপ বায়ুমণ্ডলীর ভারে তাপমান য়ন্ত্রন্থিত পারদ যে অংশে উপস্থিত হুরু যতক্ষণ সেইরূপ ভার থাকে ভতক্ষণ পারদ্ধ সেই অংশে থাকে, ভারের ব্যতায় হইলে পারদের স্থিতিরও ব্যতায় হয়, এইরূপ যতক্ষণ বন্ধন থাকে বন্ধন জন্ম ক্লেশও ভতক্ষণ, বন্ধন মোচন হঠলে ভক্ষপ্ত ক্লেশও নিৰ্গত হয়। ইছার উপর কেহ কেহ বলিয়াছেন "কার্যোর অনেকক্ষণের স্থিতির নিমিত্ত ভদীয় কারণও যে তাহার সহিত থাকা আবশ্যক করে এরপ অমুমান ঠিকু নছে। ইহাতে সম্প্রতিপক্ষতা দোষ লক্ষিত হইতেছে। দেখ পড়স্ত রোজে বেড়াইলে শিরংশীড়া হয়; শিরংপীড়া সমস্ত বাত্রি থাকিতে পারে কিন্তু পড়যুঁ রৌদ্র তৎক্ষণাৎই অন্তগত হয়। কর্মকারের যেরূপ যতে একখানি অস্ত্র প্রস্তুত্তয় সেই অস্ত্রখানিকে কিছুকাল রাখিবার জস্ম কিছু সেইরূপ অগ্নির সেক বা সেইরূপ মুপ্সরের আখাড করিতে হয় না। অপরে বলিয়াছেন যে সকল কার্য্যের কারণ অভাব ধর্মী ভঙ্কির প্রায় কোন কার্য্যেরই অবস্থিতির সহিত তাহার কারণের অবস্থিতির আবস্তুক করে না

একটী কার্য্য একবার উৎপন্ন হইয়া ততক্ষণ এবেধ অবস্থান করিতে সক্ষম হয়, যতক্ষণ অবধি তাহার নাশ বা পরিবর্ত্তনের কারণ উপস্থিত না হয়।

আমাদের নৈয়ায়িকেরা বলেন ঘটাদি কার্য্যের অবস্থিতির জন্য কেবল তাহাদের অসমবায়িকারণের অবস্থিতি আবশ্যক করে। অনেকে আবার বলিয়াছেন যেখানে কার্য্যকারণকে এক সময় অবস্থিতি করিতে দেখা যায়, সেন্থলে একটা কার্য্যকে একটি কারণেব সহিত একত্র অবস্থিত এক্সপ ভাবা উচিত নহে। সে স্থলে এইরূপ বিবেচনা করা উচিত যে ঐ সময়ের প্রতিক্ষণে একরূপ কারণের সংঘটন হওয়াতে একরূপ কার্য্যের উৎপত্তি হইয়া থাকে।

ুক্ব আশস্কা করিয়াছিলেন ভাল, এ সকল স্থলে তুমি কোনমতে যেন কারণের কার্যপূর্ব্বতিতা বক্ষা কবিলে কিন্তু "বাঙ্গালীরা কোন সাহেবের চাকরী করিবার কারণ ইংরেজীবিভা অধ্যয়ন করেন" "অমুক ব্যক্তি অর্থোপার্জ্জনের কারণ কলিকাতায় যাইতেতে" ইত্যাদি বাক্যে চাকরী করার কারণ ইংরেজী পড়া, এবং অর্থোপার্জ্জনের কারণ কলিকাতায় যাওয়া সুস্পষ্টই বোধ ইইতেছে। কিন্তু ঐ সকল কাবণ কার্য্যেব পূর্ব্বে ভ কথনই ঘটে না পবে সংঘটিত হয় কি না তদ্বিষয়েও সম্পূর্ণ সন্দেহ; অত্রব এ স্থলে তুমি কিন্তুপে লক্ষণ সমন্বয় করিবে !

ইহাব উত্তরে আমবা বলিব উহাবা কাবণ্শক্তে বাবহাব হয় এই মাত্র, বাস্তবিক উহাবা কাবণ নয়। কায়দর্শনকাব মহর্ষি গৌতম উহাদিগকে প্রয়োজন বলিয়া অভিহিত করিয়াভেন। যথা

"ষমধিকৃত্য প্ৰবৰ্ষতে তং প্ৰয়োজনম্"

२८ स् अभा अ खा

"যমর্থমাপ্তব্যং হাস্কব্যং অধ্যবসায় তদাপ্তি হানোপায়মস্থতিষ্ঠিতি প্রয়োজনস্করেদিতব্যম্ "

ভারুম্ ।

যাহা পাইবার বা ত্যাগ করিবার উদ্দেশ করিয়া কোন উপায় অনুষ্ঠান করা যায় তাহার নাম প্রয়োজন। প্রয়োজন পূর্ব্বোক্ত অধ্যয়নাদি কার্য্যের কারণ নহে, কিন্তু তাহাদের ফলম্বরূপ। তবে ঐ প্রয়োজন সাধন করিতে যে প্রবৃত্তি হয় তাহাই অশ্বয়নাদি কার্য্যের কারণ।

গঙ্গাধরশর্মা ৪রযে জটাধারীর রোডনামা

নবম পরিচ্ছেদ

ইংবেজি পাঠের উন্নতি

টাধাবীৰ প্ৰভুৱে কেহ গৰ গৰ কৰিতেন না—আমার ইচ্ছান্তবৰ্তী হইয়া অনেক বালকই ইংবেজি পাঠে যহুবান হইল। আশুভোষ বাবুৰ আদেশা-মুসাবে ভীমচাঁদ নামা একটি সুশিক্ষিত "গুডবেড" স্কুল মাইর কলিকাতা হইতে ইত্তেন্ট হইয়া আসিলেন। তাঁহাৰ বেতন মাসিক ১১ টাকা ধাৰ্যা হইল কিন্তু তাঁহার মেজাজ ওজনে ১২ হাজার টাকা অপেক্ষা গুরুবোধ হইত। ভামিচাদ দেখিতে মন্দ ছিলেন না; খ্যাম মুখেৰ উপৰ কেশ বিষ্যাদেৰ বিশেষ পারিপাটা প্রদর্শন ক্রিতেন, রুমালে সুগন্ধ লেভেওর ছডাইতেন, ইংবেজি জুতায় চরণের শোভা সম্বর্জন করিতেন, ইংবেজি রকম বাহািক পবিচ্চাদের ইনিই আমাদের দেশের পথপ্রদর্শক বা পাইওনিয়র হইলেন! কিন্তু ঠাহার বামপদ অপব পদাপেকা কিঞ্চিৎ থঠা থাকায় ভাঁচাৰ খণ্ড ভীম নাম খাতে হইল। খণ্ড ভীম, ত্র্কাল্ডার মহাশয়, লাউসেন দত্ত ও আখঞ্জির ছাত্র মণ্ডলে এক প্রধান শরিক ইইয়া উঠিলেন। মাষ্ট্র বাবর চাল চলন লুষ্ট আমালেবও মসমসে বিনামা ও কেশবিভাগের অর্থাৎ টেরি কাটিবার অভ্যাস হইল, কিন্তু এক কাবণে তাঁতার উপর আমাদের বিশেষ ভক্তি ও ইংরেজি পড়িতে আস্থা বৃদ্ধি হইল। তিনি লাউসেন দত্তের স্থায় প্রাতঃ-কাল হইতে সন্ধ্যা পর্যান্ত বেত দেখাইতেন না, আৰঞ্জির মত কেবল বালা চক্ষও মেহেদি রঞ্জিত শাশ্রুদল হেলাইয়া ভয় প্রদর্শন করিতেন না. "বভি কাক" বা "আসরাফ" উচ্চারণ উন্তনে ফুংকারে আমাদের গাত্র সিঞ্চিত করিতেন না, সময়ে সময়ে মিষ্ট कथा ६ नगरतत नानाविध गरह मन इत्र कतिराउन। पिवा तकनी मरधा ens ঘণ্টায় পাঠাভাাস করাইয়া বিদায় দিতেন। যে বিদ্যা শিখিতে প্রাতে খেলিতে সময় হয়. সন্ধ্যার পর ঠাকরুণদিদির নিকট উপকথা শুনিতে সাবকাশ হয় ভাছা কেন

শ্রীতিকর না হইবে ? বিশেষ চাণক্যের শ্লোক অভ্যাস, শুভন্ধরের অঙ্কপাত, পিতামহের নাম, গাঁই, গোত্রাদি শিক্ষা হইতে অব্যাহতি পাইলাম। কেই তছিষয়ে প্রশাব্দ করিলে "আমরা ইংরেজি পড়ি" কহিলেই প্রকারাস্থরে তাহাকে বিলক্ষণ অপ্রতিভ করা হইত। ক্রমে বাপ পিতামহের নাম না জ্বানা একটা গৌরবের ক্রারণ হইয়া উঠিল! বাপ পিতামহের নাম জিজ্ঞাসা করাও একটা অসভ্যতার লক্ষণ বলিয়া নির্দেশিত হইল! অধিককম্ভ আর আমাদের বাটীতে বসিতে হইত না, স্থূল ঘর মেজ চৌকিতে সজ্জিত হইল, বেঞে বসিয়া বাঞ্চা বৃদ্ধি হইতে লাগিল, সকাল সকাল "স্কুলের ভাত" প্রস্তুত হইতে লাগিল, প্রতিদিন পরিষ্কার বস্ত্রে ও জুতার বাহারে বাহ্যিক পরিচ্ছন্ন সাধন হইতে লাগিল। দিনে দিনে বালকগণের বোল, মেজাজ, বাঙ্গালার বায়ু পর্যান্ত পরিবর্ত্তন হইতে লাগিল। সকলের মুখেই ইংরেঞ্জি কথা ৷ বেনেদেব বাজকুমারী "কিংস্ ডটার—" রাঙ্গাঠাকুরুণ "রেড গডেস" প্রেড়া "অরল" তরকারী "করি" হইয়া গেল। স্কুলের মালি গোপীনাথ সন্দার জল ছাড়িয়া "ওয়াটব" কহিতে লাগিল ও তুই এক ছিলিম গঞ্জিকায় মত্ত হইয়া শুলুবৰ্ণ গোফ যুগল হেলাইযা "ইয়াস" "নো" করিতে আরম্ভ কবিল, সেই "ইয়াস" নো" ক্রমে বিপুল পৃথিবীবাাপী হইযা উঠিল, ঘবে ঘরে মুখে মুখে বেডাইয়া সংস্কৃতজ্ঞ বিচ্যালয়াৰ ত্যায়ৰত্ব প্ৰভৃতিৰ ওঠে পৰ্যান্ত আবোহণ কবিল। কিন্তু বুদ্ধ তৰ্কালম্বার মহাশ্য শুদ্ধাচাৰী মেচ্ছবৰ্ণ ব্যবহাৰ দূৱে থাকুক অপ্ৰেৰ মুখে শুনিলেও বিমৰ্শ হইতেন, ও কহিতেন "শাস্ত্রধর্মা দূরে গত ফ্লেচ্ছকুত বিপ্লব কাল আগত।" এদিকে আখঞ্চি সাহেত্রও মাইর বাবুর প্রাত্তাবে বিরক্ত। মনে করিতেন 'বাদশাহী তক্তের সহিত বাদশাহী যবানও লোপ হইল।" এক্ষণে মাষ্টরের প্রতি উভয়ের বিরক্তি তেতু প্রস্পারের মধ্যে আত্মরক্তির কারণ জন্মিল—মহিষের বাঁকা সিং যুদ্ধকালে একা হইযা উঠিল। সনাতন ধর্মবাদী তর্কালকার মহাশয়ও চিরছেষী মোসলেম অম্বচৰ আৰম্ভি বাহাত্ব স্বার্থাশয়ে একা হইলেন ও ইংরেজি পড়া ও ইংরেঞ্জি পাঠ গ্রাম হইতে উত্যক্ত কবিবার জম্ম একটা গভীর প্রস্তাবনা স্ঞ্জন कतिरलन ।

একদিন সন্ধার পর বিন্ধ সার্থেরেব উত্তরভীবে শিবমন্দির সম্মুখে চাঁদনির সোপানে বসিয়া গঙ্গাধর কয়েকটা সমবয়ন্ত বালকসহ আপন আপন পাঠ্য পুস্তক সম্বন্ধে আলাপ করিভেছিলেন। বঙ্গ ইতির্ব্ত হইতে কালাপাহাড় কর্ত্তক হিন্দু-দেবগণের উপর অভ্যাচার সকল একটি বালক গল্পছলে কহিভেছিল এই সময় সম্মুখন্ত গঙ্গাধর মহাদেবের প্রতি আমার দৃষ্টি পড়িল। আমি কহিলাম "দেব দেবীদের যেরূপ নিস্তেজ ব্যবহার পুরার্ত্তে পড়া যায় ভাহাতে বিশ্বাস হওয়া হৃত্বর, সে সকল কথা যদি সভ্য হয় তবে এইরূপ অচল দেখভার উপর ভক্তি সচল হইয়া

পড়ে।" কথা কহিবার সময় আমার মনে ছিল না যে ঐ গীক্ষাধর দৈবের প্রসাদেই আমার নাম গঙ্গাধর প্রসাদ হইয়াছিল। আমার কথা শেষ না হইতেই মন্দিরের পার্বে "কি সর্বনাশ!" এক গর্জন শুনিলাম, পরক্ষণেই দেখিলাম তর্কালম্বার মহাশ্ব্য ঐ গর্জন প্রয়োগ করিয়া দ্রুতগতি আশুতোষ বাবুর বৈঠকখানার দিকে ধাবমান হইতেছেন। গঙ্গাধরও দৌডিতে অপট ছিলেন না-সম্বর বৈঠকখানায় পৌছছিয়া তর্কালঙ্কাব মহাশয় আমাদের নামে একটা অনর্থক অপবাদ দিতে আসিতেছেন, অদৃশ্য থাকিয়া এই কথাটা আকাশবাণীর স্থায় বাবু মহাশয়ের কর্ণ কুহরে প্রবেশ করাইয়া প্রস্থান কবিলাম। ক্ষণকাল পবেই তর্কালন্ধার মহাশয় পৌছছিলেন ও কহিলেন "মুগুপাত উচ্ছন্ন। সকলে এককালে পাষ্ও হইল-মহাশয় স্কুল স্থাপন কবিলেন, না নাস্তিকতাব নিশান তুলিলেন ?" তর্কালম্বার মহাশয় স্কুলেব ছাত্রদের নাস্তিকতাব সালন্ধার পরিচয় দিলেন। আর্খঞ্জি সাহেব কোথা হইতে আসিয়া সেই কথার অমুমোদন কবিলেন। ইংবেজি পাঠের পক্ষে একটি মহাপ্রলয় উপস্থিত হইল, গ্রাম সমস্ত ঐ কথায আন্দোলিত হইল। জটা-ধারী নাস্তিকতায় তিলকধারী হইলেন—ক্ষীণ প্রাণী স্কুলটি জায জায হইল; খঞ্চতীমের পা গর্বে পডিবার সন্থাবনা হইল—আশার মধ্যে দিবা নক্ষ**ত্র স্বরূপ** আওতোষ বাবুর দুরদর্শিতা জাজ্জলামান বহিল।

এই সময়ে আব একটা স্বঘটনা উপস্থিত। নিকটস্থ আলমনগরে একটা নূতন মোকর্দ্দমা সৃষ্টি হইল। একদিন প্রাতে তুইজন অশ্বারোহী অর্থাৎ জেলার কালেক্টৰ সাহেৰ নৃতন মোকৰ্দমার কন্মচাৰী নৃতন হাকিম মৌলবি খাঁ বাহাছুর সহিত আমাদের গ্রামে হঠাৎ পৌত্তভিলেন। গ্রামে একটি স্কুল হইয়াছে ভানিয়া ছাত্রদের দেখিতে চাহিলেন, নিমেষ মধো আমাদের রাখাল বেশ ছাড়িয়া বাবু সাজিয়া সভীত মনে সাতেবের সম্মুখে উপস্থিত হইতে হইল, সঙ্গে সাঞ্চে আমাদের পরীক্ষা আরম্ভ হইল-পরীক্ষার সেই প্রথম তেউ দেখিলাম। সেই তেউয়ে ভাষিতে ভাষিতে হাবুড়ব করিতে করিতে সংসার-সাগরে উপনীত হইয়াছি—পরীক্ষার শেষ ভবু দেখিতেতি না ৷ যাহা হউক সেইযাত্রা ইসক্ষের একটা ক্ষেবল পাঠ করিয়া সাহেবের নিকট উত্তমরূপে তাৎপর্য্য ব্যাখ্যা করিয়া দিলাম। কালেক্টর সাহেব সহস্তে একখানি হোলি বাইবল' পুরস্কার দিলেন। ভাহাতে জটাধারীর নামে নিকটক গ্রাম সকলে জয়ভত্কা বাজিয়া উঠিল। আরও সুখের বিষয় ভইল, সাত্তেব মহোদয় আপন সন্তুষ্টির নিদর্শন স্বরূপ লউ হার্ডিক্লের দৃত্ত পনর মূজার হিসাবে মাসিক সাহায্য আমাদের কুলে দান করিতে স্বীকার করিলেন—ভাছাতে স্কুলের জড় নামিল খঞ্চতীমের পদে বল বৃদ্ধি চইল—তর্কালম্বার মহাশয়ের অভিসন্ধি বিকল इटेन !

কিন্তু তকালিকার মহাশয় নিকল হইয়াও নিরুৎসাহ হইলেন না—যাহাতে সাহেবী চাল চলিত না হয়, সাহেবী সাজে, কেহ না সাজে ইংরেজদের পাঁলাকুকরণ ইংরেজ পাঠ পদ্ধতি প্লাবন দ্বারা হিন্দুসমাজের রীতিনীতি গ্রাসিত না হয় তাহাই তর্কালকার মহাশয়ের অনিবার চেষ্টা রহিল, যেখানে দশজন যুবাকে এক ত্রিত দেখিতেন অধ্যাপক মহাশয় অমনি একটি সমাজসম্বন্ধে অভ্যাসগত বক্তৃতা করিয়া সকলের হাদয় আর্ফ করিতেন—এই বক্তৃতার একটি পরিশিষ্ট আমার রোজনামচার অন্তর্গত ছিল।

"ও হে! তোমরা বালক, আমার কথায় বিরক্ত হতে পার কিন্তু আমার অভিপ্রায় তোমরা যেরূপ মনে কর তদ্রপ নিন্দনীয় নহে—ইহার নিগৃঢ় মর্মাভেদ শিশুর পক্ষে ছাসাধা। নিজ নিজ হাদয়গত ধর্ম ও চিবআদরণীয় দেশীয় প্রথা রক্ষার আনেক গুণ আছে। আমাদেব সমাজে কি স্থুখ ছিল না? আমোদ ছিল না? দেশ স্থুখ সে আমোদ যদি কোন আংশে বিশুদ্ধ না হয় তাহার দোষ পরিত্যাগ কবিয়া গুণতাগেব উন্নতি করিবার চেষ্টা ক্ব—জাতীয় উন্নতিফল লাভ হইবে। যদি তা না কবিয়া পরজাতির যাহা দেখিবে তাহাই অমুকরণ কর, তাহাতে তোমাদের কি উপকাব হইবে একবার দূরে নয়ন নিক্ষেপ করিয়া দেখ। আপনাদের আচার ব্যবহার, ধর্ম, সমাজমন্দিব যদি কেবল ভাঙ্গিয়া চুরিয়া বিদেশীয় ছাঁচে বা আদর্শে প্রস্তুত করিতে চাহ বঙ্গসমাজের যাহা ভাল আছে তাহা বিলয় হইবেক—উভয় জাতিতে প্রভেদ না থাকিলেও না থাকিতে পারে কিন্তু ক্রেমে ক্রমে অপর জাতির দলে মিশিয়া বঙ্গদেশ হইতে বাঙ্গালির নাম লোপ হইয়া একটি প্রকৃতিবিক্ষদ্ধ জীব মাত্র স্থজন হইবে।

আত্মধর্ম পরিত্যজ্ঞা পরধর্ষের্ ষোরত:।
স তির্ভার্মাপ্রোতি নীলবর্ণ শুগালবং।

এইখানে আমার একটা গল্প মনে পড়িল—একবার নবদ্বীপ হইতে বাটা গমন কালীন গলাতীবস্থ কোন গগু পল্লীর ঘাটে স্লানাস্থে পূজা আরম্ভ করিয়াছি ও শিব গড়িতেছি—গড়িতে গড়িতে শিবটি মনের মত না হওয়ায় ছই একবার ভালিয়া ফেলিলাম। ছই একটা গ্রাম্যলোক ব্যঙ্গ করিয়া কহিল ব্রাহ্মণ বৃদ্ধ বয়সে বিহ্বল হইয়াছে—আবার একজন কহিল একেই "বাহান্তরে" বলে—আমি উত্তর করিলাম 'একেই মাটার গুণ বলে তোমার গ্রামের মাটার একটা বিশ্বয়কর শক্তিদেখিতেছি যত শিব গড়িতেছি বানর হইয়া উঠিতেছে'—সাবধান বঙ্গদেশের মাটার প্রতি দৃষ্টি রেখ এই মাটাতে বিলাতি সাহেব গঠন ছইবার নহে—দেখ যেন শিব গড়িতে বানর না গড়িয়া ফেল!"

দশম পরিচ্ছেদ

বান্ধা ঠাককণ

অতি অল্পদিন হইল, আমি কোন বৃদ্ধিমতী মহিলার সহিত কথোপকথনে প্রবুত্ত ছিলাম। বোধ হইল, জ্ঞাধারীর রোজনামচাব কিয়দংশ স্থুমতি পাঠ কবিয়া সন্তুষ্ট হইয়াছেন—ইহাও জ্বটাধারীব সৌভাগ্য। কাবণ দ্রীলোকে ড নিন্দাবাদ জানেন না। যাহা হউক সম্ভৃত্তি প্রকাশেব বিশেষ কাবণ মহিলা এই বলিয়া নির্দেশ করেন যে "এখন পর্যান্ত জটাধারী আমাদের অঙ্গম্পর্শ করেন নাই—হাঁহার চিত্তপট লিখিতে প্রবৃত্ত হন, তাঁহারা প্রথমতঃ স্ত্রীঞ্জাতিব চিত্ত ভ্রম অন্ধিত কবিয়া আমাদেব মুখে কলঙ্ক লেপন কবেন; আবার দেখি সংসারপটে ছুই একটি কোমলাস্থাৰ প্ৰতিমূৰ্ত্তি অঙ্কিত না স্কলেও ছবিটি শোভাহীন ও অসম্পূৰ্ণ হইয়া পড়ে।" মহিলার এ কথাগুলি শুনিয়া অবধি আমি ভাবিতেছিলাম, "দ্রী-নিন্দা কি গুরুনিন্দা অপেক। অধোগতিব মূল যে, সেই সম্বন্ধে কোন কথা সভা হইলেও মালোচনা কবিতে কাত্র হইব গ' আমি ত বিনাকারণে কাহারও সুন্দর অঙ্গের ক্ষুদ্র তিলটি পর্যান্ত দেখাইতে ইচ্ছুক নহি; যদি দেখাইয়া দিই, তথন মনে কবি, যে ছবি লইযা চাঁচিয়া ফেল না ফেল, ঔষধ দিয়া আরাম কবিতে পার, কব—গৌরাঙ্গীর গা আবও গোরা দেখাইবে। ফুল্ফনীদের আরো সতত মনে করা উচিত যে জটাধারী তাঁহাদেব নিতাম্ভ বন্ধু, যথন কটু কথাও কহিয়া থাকি, তথন কেবল তাঁহাদের কোমল মন ও কোমল অঙ্গ নির্মাল দেখিতে ইচ্ছা कति, क्रिन्न विना मलान भला छेठिवाव नए, ७ कथा । मान कता छेठि ।

এ দিকে যেমন তিলটা পর্যান্ত দেখি, অপর দিকে আবার স্বন্দরীগণের স্নেহ, দয়া, প্রীতি-স্রধা-সাব-স্থানির্মিত হলয়ের গুণ সকলের বলিতারী দিয়া থাকি। বাল্যকাল তইতে এই স্নেতের অনেক পরিচয় পাইয়াছি—এই স্নেহ কল্বিড বিপদ্ জলেব নির্মানী বলিয়া থাকি; দরিদ্র, তিকুক পীড়া-প্রশীড়িত শ্যাগত ব্যক্তির অন্তঃকরণে সেই স্নেহ, শুক মক্রন্থমে অস্তাতবিন্দুর য়ায় পতিত তইয়া থাকে, স্বন্দরীব মনে স্বন্দর গুণ থাকিলে আরও স্বন্দর দেখি; সেই জয়াই অতি অল্প বয়স তইতে আমি স্বন্দরী স্থার্শিকাগণের বিশেষ প্রশংসাবার্দক হইয়াছি—যথন বালক ছিলাম, গ্রামের সমবয়স্ব সালকার আমি "জ্বটা দাদা" ছিলাম। কামিনীর পিঠে' নগা একটি কিল মারিয়া মুড়ির পালিটি লইয়া পলাইল, প্রফ্লের চুলের-দড়িটি গোপলা লইয়া কাঠের ঘোড়ার লাগাম করিল—মোহিনীর ক্ষে ধৃতিখানি দেবা পরিয়া বাজনা শুনিতে গৌজিল, এইরপ অনেকগুলি নালিশ আমাকে

প্রতিদিন নিষ্পত্তি করিতে হইত, আমি বালিকাগণের বিচারক ও রক্ষক ছিলাম; রাঙ্গা ঠাক্রুণ আমাকে সেই জন্ম পাঁড়ার মেজেষ্টর বলিয়া আদর করিতেন। এই জন্মই স্ত্রীগণের দোষ গুণ বিচারের জ্ঞাধারী অনেক দিন পর্য্যন্ত অধিকারী ও আপাতত: রাঙ্গা ঠাকুরাণীর চিত্র লিখনেও লেখনী-ধারী।

রাঙ্গা ঠাকরুণ বছগুণসম্পন্না হইয়াও দাম্পত্যস্থথে চির-বঞ্চিত। তিনি যে কবে বিধবা হইয়াছিলেন, তাহা আমার মনে নাই—জ্ঞানারস্ত হইতে তাঁহাকে 😎, পবিত্র, বেশহীনা বিধবাই দেখিতাম। যে বৃহৎ পরগণার উপসত্ত্বে আশুতোষ বাবু এতদ্রপ সমৃদ্ধিশালী, তাঁহার অনেক অংশ রাঙ্গা ঠাকরুণের স্ত্রীধন। কিন্তু ভাশ্চবের হস্তে সমস্ত বিষয়ই গচ্ছিত করিয়া তিনি কেবল ধর্মা কর্মে ব্যাপতা থাকিতেন, দবিজের ছংখমোচনই ঠাহাব প্রধান কার্য্য ছিল। তিনি যখন শুদ্র পট্ট বন্ত পরিধানে আলু থালু কাল কেশরাশি কপালের উপরভাগে এল বন্ধনে, রাঙ্গা হস্তে দকী ভবিয়া গৃহপ্রাঙ্গণে শত শত বালক বালিকাকে স্বহস্তে অন্ন বিতরণ করিতেন, সকলে কাণাকাণি কবিত যেন সাক্ষাৎ অন্নপূর্ণা অবতীর্ণা হইয়াছেন। বিবাহ, আদ্ধ ক্রিয়াকলাপে সমস্ত গৃহস্ত কার্য্য নির্বাহকাবিণী—রাঙ্গা ঠাকুবাণীই প্রধান ভাণ্ডাবিণী চিলেন; তিনি নিজ হস্তে যাহাকে যাহা দিতেন তাহাই তুপ্তিকব—তাহাব ধিগুণ অপবেব হস্ত হইতে প্রাপ্ত হইলেও কেই সুখী ইইত না, এছন্য ছটাধাবী বাঙ্গ করিয়া কহিতেন, "রাঙ্গা দিদির বড় হাত-যশ" হাঁডি হাঁডি মণ্ডা হউক, পাল পাল মেও্যা হউক, বড়দিঘীর বড় কৃতি হউক, বা উভানেব সামাল সামল ফল হউক,—আম হউক বা কুল হউক-রাক্সা ঠাকরুণ বাঁটিয়া না দিলে কাহাবও মগুব নাই। আজ অল্পমেক্স, কাল তুলা, প্ৰথম সাৰিত্ৰী ব্ৰতদানের আনন্দেই রাঙ্গা দিদির রাঙ্গা তবু নিয়ত মান মুখভঙ্গিটি কখন কখন প্রফুলতায় উজ্জ্বল হইত। স্বয়ং নিঃসন্থান কিন্তু দেশের ছেলে তাঁহার সন্তান ছিল বলিলে অতৃক্তি হয় না; তখন জুত মোজার ठाम छिल ना, माध छिल ना, किन्न कारात एहल ताका ठीकू वागीत अपन রাঙ্গা ধৃতি চাদরে সঞ্জিত না হইত ? তাঁহার কলাাণে গুরুমহাশয়েব শিধার অভাব ছিল না, ছাত্রদের পুস্তক কিনিবার বা পুস্তক ছি ড়িবার কষ্ট ছিল না ; বিশেষতঃ ক্রিয়াকাতের ভোজের দিনে কমলমুখীর কোমলাঙ্গ যেন ধর্মবলে দৃঢ হইড, সুর্য্যোদয় না হইডেই প্রাতঃস্নান করিয়া বেলা তৃতীয় প্রহর পর্যান্ত অনাহারে দেখ রাঙ্গা দিদি শশব্যস্ত-আমি আবার বাঙ্গ করিয়া কহিতাম "বেশ রাঙ্গা मिमि, আ**ञ्च** नांठोडे इटेग्रा घृतिएड "— ठांटात क्वल टांमिए अवमत थाकिछ. क्षन क्विमाज कशिएन, "कौरतत हीं क्मन श्राह प्रति यां व" कोशाती চাকিতে তৎপর। প্রকৃতার্থ রাজা ঠাক্রণ অতি প্রসিদ্ধ পাচিকা ছিলেন, নিমন্ত্রিত

প্রবীণগণ আহারকালে কখন কখন কহিতেন এই লন্ধীর হস্তেই যথার্থ ই অমৃত নিবেশিত হইয়াছে।

এখন কৃতবিদ্যা ব্রাহ্মিকা, এ-বি-পড়া বিবিসজ্জিতা বালিকা, দোজবরের যুবতী বস্থনী, ঘোষাণী, বাহ্মণী, সহধর্মিণী ক্রুদ্ধ হইয়া জিজ্ঞাসা করিতে পারেন, "পাক করা ত পাচিকা বা বাবৃষ্টির কার্য্য—তাহার প্রশংসা কি ?" আমি এই মাত্র উত্তর দিতে পারি যে পাকনিপুণতার প্রশংসা তোমাদের উচ্চ শিক্ষার সহিত লুপ্ত হইয়াছে, এক্ষণে পরিচয় দিবার স্থল কোপায় ? কিন্তু উৎকৃষ্ট উদাহরণ অভাব বলিয়া আপনারা মনে করিবেন না যে, সুমিষ্ট পাকনৈপুণ্য রমণীগণের প্রশংসা বা শিক্ষার ভাগ নহে। আমাদের গ্রামের বিচক্ষণ ভট্টাচার্য্য সেতার কিম্বা অক্সান্ত বাত্যের রসগ্রহণে অক্ষম হইয়া কহিতেন "সর্ব্ব বাত্যময়ো ঘণ্টা!" আমি ঘণ্টা বাজাইতে পারি—ঘণ্টার মত কি আর বাছা আছে? সেইরূপ হে কুলকামিনীগণ! গার্হস্থ্য শিক্ষাব প্রধান রস বিবর্জ্জিতা হইয়া আর বৃধা গৌরব করিও না—দেশের লজ্জা বৃদ্ধি করিও না আব কহিও না আমরা কার্পেট বুননেব ফাঁসি দিতে শিখিয়াছি, সেই ফাঁসের উপর কি আর শিল্পনিপুণতা আছে ? কিন্তু অনুগ্রহ কবিয়া মনে করুন সেই ফাঁসিতে অনেক গবীবের গলায় ফাঁসি পড়িতেছে। আপনারা বছকপিশী হইয়া ব্রাহ্মিকা সাঞ্চিয়া একদিকে "গাউন" ও "পাউডার-পট" আর একদিকে দোল্যাত্রার নাম না শুনিতে বাসস্থী রঙ্গের ধুতি ও আঙ্গিয়ার জন্ম ব্যস্ত কর। রাঙ্গা ঠাকরুণের সহিত তোমাদের তুলনা করিলে আমার মনে হয়-

> "পিতশ-কাটারি, কামে নাই আইছ উপরহি ঝক্মকি সার"



বর্গের চিত্রভূমিতে দৃষ্টিপাত হইলেই কতিপয় স্থন্দর চিত্র অতি উচ্ছল বর্গে তোমার দৃষ্টিপথে পতিত হইবে। একদিকে দেবেন্দ্র হীরার সহিত হাস্ত পরিহাস করিতেছেন, অস্থাদিকে নগেন্দ্র সূর্যামুখীর জন্ম জাগরণে নিশাবসান করিতেছেন, এমত সময়ে সূর্যামুখী সহসা উদিতা হইয়া তদীয় মুখকমল প্রফুল্লিত করিলেন, অপরদিকে ঐ দেখ কমলমণি সূর্যামুখীর পার্শে বসিয়া তাহার মনোত্বংখ শ্রবণ করিতেছেন; আবার ঐ হরিদাসী বৈষ্ণবী কেমন গান গাইতে গাইতে, নৃত্য করিতে করিতে নগেল্লের পৌরজনের চিত্তহরণ কবিয়া চলিয়া যাইতেছেন। দেবেন্দ্র, হারা, সূর্যামুখা, নগেন্দ্র ও কমলমণি ইহারা সকলেই বর্গগৌরবে চিত্রভূমি উজ্জল করিয়াছে। কিন্তু ইহাদিগের পার্শে ঐ যে অবহাঠনবতী—মৃত্রঞ্জনে রঞ্জিত হিয়া অবনতমুখা অক্রপাতে মনোত্বংখ বিগলিত কবিতেছেন, উহাকে কি তুমি চিনিতে পারিবে—উনি কুন্দনন্দিনী। উহার চিত্র তত বিভাসিত নহে, আজি কোমলবর্ণে মৃত্রঞ্জিত, কিন্তু উহার চিত্রে এমন মাধুর্য্য, এমন সৌন্দর্য্য আছে, যাহা

এ পগান্ত বলদর্শনে বহিমবাব্র গ্রহাদির কোন সমালোচনা প্রকাশিত হয় নাই।
তাহার কারণ এই যে প্রথম চারি বংসর বহিমবাব্ খ্যং বলদর্শনের সম্পাদক ছিলেন—
নিল গ্রহুসংছে কোন সমালোচনা পজ্রন্থ করিতেন না। একণে তিনি বলদর্শনের সম্পাদক নহেন, অধিকারীও নহেন। অক্সান্ত লেখকদিগের গ্রাহ্ম তিনি বলদর্শনের একজন লেখক
মাত্র। যদি হেমবাব্ প্রভৃতি অক্সান্ত লেখকদিগের গ্রহ্ম সকল বলদর্শনে সমালোচিত হইতে
পারে, তবে বহিমবাব্রও গ্রহ্ম সমালোচিত হইতে পারে। কিন্তু বর্ত্তমান সম্পাদক বহিষ্কুর
বাব্র সহিত নিকট সম্বর্তিশিন্ত—এক্ষর্ত তাহার ইচ্ছা নহে যে বহিমবাব্র গ্রহাদির কোন
সমালোচনা বলদর্শনে প্রকাশিত হয়। তবে এই প্রব্রুটি পজ্রন্থ করিবার কারণ এই যে
পূর্ণবাব্ খ্যং একজন স্প্রসিদ্ধ সমালোচক, তিনি যথন প্রব্রুছ আক্সর করিয়াছেন তখন এই
প্রবিহ্বাক্ত মতামতসম্বন্ধে সাধারণসমীণে তিনি একাই দায়ী—সম্পাদকের কোন জ্বাব্রিছি
নাই। এরণ অব্যা ভিন্ন বহিমবাব্র গ্রহুসম্বন্ধে কোন প্রবন্ধ আমরা পজ্রন্থ করিব না।
পক্ষান্তরে, কোন স্থপরিচিত লেখক, খাক্ষরিত করিয়া ইছার প্রতিবাদ পাঠাইলে তাহাও
ভামবা আদরে প্রহণ করিব।

ভাহার পার্শ্বন্থ কোন উজ্জ্বল চিত্রে নাই। স্থ্যমুখী উজ্জ্বলতরগুণে এবং কমলমণি তদপেক্ষাও উজ্জ্বলতরগুণে পরিভূষিতা বটে, কিন্তু কুন্দনন্দিনীতে যে ধীর আবরিত সৌন্দর্য্য, যে কোমল রমণীয়তা, যে অসামাশ্য সলজ্ব সবলতা আছে, ভাহা স্থ্যমুখী ও কমলমণিতে নাই। বঙ্কিমবাবু বিষর্ক্তের বর্ণোদ্তাসিত চিত্রভূমি আঁকিতে আঁকিতে কোণা দিয়া যে এই রমণীরত্তের চিত্র স্কুস্পষ্ট অথচ মৃত্বর্ণে আঁকিয়া গিয়াছেন, পাঠক ভাহা শীঘ্র উপলব্ধি করিতে পারেন না। অপবাপব চিত্রের উজ্জ্বল অঙ্কপাতে তাঁহার চিত্ত এত আকৃষ্ট থাকে যে অশ্রুপূর্ণা বিমলিনা কুন্দনন্দিনীর দিকে তাঁহাব সহজে দৃষ্টিপাত হয় না। কেহ না দেখাইয়া দিলে তিনি যেন দেখিতে পান না। এইজন্ম বিষর্ক্তের সমালোচনার আবশ্যক; নহিলে বিষর্ক্তের সৌন্দর্য্য এবং গুণাবলী গ্রন্থকাব নিজ অক্ষবেই এমন স্কুম্পষ্ট দেখাইয়া দিয়া গিয়াছেন যে, তিনি তীক্ষ্ণ দৃষ্টি সমালোচকেব জন্ম আব কিছুই বাধিয়া যান নাই।

বঙ্গের অন্ধ অন্তঃপ্রীমধ্যে যে সকল কুলকামিনী বমণীবত্ন জন্মে, পৃথিবীর আর কোনখানে সেরূপ জন্মে কি না সন্দেহ। অনেক কাবণে এখানে অনেক রমণী পতিপ্রায়ণতার প্রাকাষ্টা প্রাপ্ত হয়। তত্ত্ব পাতিত্রতা অফাদেশের কুল-কামিনী সতীতে প্রত্যাশা করা যাইতে পারে না। সূর্যাম্থী এদেশে তত তর্রভা নহে, কিন্তু সূর্যামুখী অস্তাদেশে নিশ্চয স্তত্ত্রভা; ভদপেক্ষা কমলমণি, এবং কমল-মণি অপেকা কুন্দনন্দিনী। সূর্যামুখীৰ পাতিব্রতা কায়মনোবাকো প্রকাশিত হইয়াছিল, কমলমণি একদিন সূর্যামুখীকেও পাতিব্রতা শিক্ষা দিয়াছিলেন। কৃন্দ-নন্দিনীৰ পাতিত্ৰতা কায়মনোবাকো প্ৰকাশিত নতে বটে, কিন্তু তজ্জতা কিছুতেই ন্যুন নহে, ববং ভচ্ছন্মই অধিকতৰ উচ্ছল, বিশুদ্ধ, এবা পৰিত্ৰ বলিয়া প্ৰতীত হয়। সূর্য্যমুখী অম্যদেশে তর্ল্লভ, কিন্তু কুন্দনন্দিনী বঙ্গদেশেও তর্ল্লভ। এখানে যদি ছুই শতের মধ্যে একজন সূর্যামুখী থাকে, প্রশতের মধ্যে একজন কমলমণি থাকে, তবে সহস্র বঙ্গগহবধুর মধ্যে একজন কুন্দর্নন্দিনী আছে কি না সন্দেহ। বঙ্গগৃহ-বধুর ভীকুতা, নম্রতা, সরলতা, অনভিজ্ঞতা ও কোমলতা যতদূর অনুমান করা যাইতে পারে কুন্দনন্দিনীর ততদূর ছিল। বাস্তবিক কুন্দনন্দিনী মৃত্প্রকৃতি বঙ্গ-গৃঁছবধুর অবয়বী কল্পন। এইজ্যা কুন্দনন্দিনী এদেশেও চূর্লভ। অপর দেশীয় कवि कुन्मनिन्नीतक कञ्चनाएउ७ आनिएउ পातित्व ना। किन्न वित्रम विन्नाहे, স্থ্যমুখী অপেক্ষা কুল্দনন্দিনী শ্রেষ্ঠতরা নহেন। স্থ্যমুখী বঙ্গগৃতের শোভা, কমলমণি গৃহধান গুণে আলোকিত করেন, এবং কুন্দনন্দিনী সেই আন্ধামের অব্রেদেশে মাণিক্যের স্থায় গোপনে উজ্জ্ঞলিত রহেন। যিনি এরপে রহু চিনিতে পারেন, তিনি তুলিয়া হাদয়ে ধারণ করেন ; যিনি না চিনিতে পারেন, ভাহার मांगिका कुम्पनिमनीत्र शाग्र व्यवस्था मार्भित विरुद्ध बालाग्न ब्रालिया थाय ।

धे य मरताकिनी क्लामरा প्रकृषिक श्रेशा, ज्ञाप एल एल कतिया, চারিদিক সৌরভে আমোদিত করিয়া, মলয়বায়্হিল্লোলে জ্বলতরঙ্গে নাচিয়া নাচিয়া প্রফুল্লমুখবিকাশে উভানরাঞ্জি প্রফুল্লিভ করিয়াছে উহা একদিন কমলমণির সহিত তুলনীয় হইতে পারে। আর ঐ যে পুর্ণবিকশিত, শতদলশোভিত, পরিমলমুগন্ধিত, রূপে আনন্দিত গোলাবকুমুম উ্ভানের মধ্যস্থিত গর্বস্বরূপ इटेग़ा তোমার নয়নের তুপ্রিসাধন করিতেছে, উহা সূর্য্যমুখীর সদৃশ চতুর্দিক মুশোভিত করিয়া রহিয়াছে। কিন্তু যদি কুন্দনন্দিনীর সাদৃশ্য দেখিতে চাও, তবে ঐ গোলাবেরই নিকটস্থ আব এক তরুশিরে গিয়া দেখ, একদল অদ্ধমুকুলিত গোলাবগুচ্ছ বৃস্থুনিবে স্থানোভিত রহিয়াছে; তাহার মধ্যকুম্বম প্রকৃতিপ্রায়, অর্থচ দলগুপ্তে সমাক প্রকৃটিতে পারে নাই। আর উহা ফুটিতে পারিবে ना। তুমি अञ्चयात উহাকে ফুটাইয়া লও, এবং বল দেখি, উহা সম্যক্ প্রক্ষুটিত হইলে, ঐ পূর্ণবিক্ষিত গোলাবের শোভা পরাজয় কবিত কি না? কুন্দনন্দিনী একপ অন্ধবিকসিত অথচ প্রস্ফৃটিত গোলাবস্বকপ। অনুমানে তাহাকে ফুটাইযা লইতে হয। তাহা নিজে সমাক্শোভা বিকসিত করিতে পাবে না। রূপে যেন গব্দিত থাকে। প্রিমলে হুদ্যকন্দ্র প্রিপূর্ণ কবিয়া বাথে, যিনি আদরে ভাহাকে দেখিতে আসেন, ভাহাকে আপনাব হৃদয়ধন কথঞ্চিৎ বিভরণ করিয়া আমোদিত কবেন। তাহার হৃদয়ে যে সম্পত্তিবাশি সঞ্চিত আছে, তাহা অম্যকুসুমে নাই; সেই জন্মই বুঝি সাহসভবে সম্যক্ প্রকৃটিতে পারে নাই।

কুন্দনন্দিনীব হাদয়, এইরপ, ভাবে পবিপূর্ণ। সে ভাব অবাতবিক্ষোভিত জলধিব স্থায় গভীর, অচঞ্চল, এবং স্থির। সে জলধি মধিত করিলে অমৃত উঠে। ঘটনা বায়্ ভাহাতে ক্রীড়া করিয়া.বেড়ায়। যদি আলোড়িত ও তবঙ্গে আন্দোলিত করে, জলধি নিজ হাদয়েই সে আন্দোলন ধাবণ করিয়া রাখেন। চন্দ্র হাসিলে ভাহা আনন্দে ফ্রীত হইয়া উঠে, কিন্তু সে বক্ষফ্রীতি কেহ দেখিতে পায় না। চন্দ্রকে বক্ষে ধাবণ করিয়া স্থাহিল্লোলে নাচিতে থাকে। চন্দ্র সরসীব কুম্দিনীর শোভাতেই মোহিত, তিনি এ জলধির আনন্দভাস দেখিতে পান না। চন্দ্র একবার এই জলধিতে নিময় হইয়াছিলেন; আবার মেঘের উচ্চ সিংহাসনে উঠিয়া বসিলেন; বসিয়া সেই দূর পশ্চিম সরসীর কুম্দিনীর প্রতি হাসিতে লাগিলেন। মেঘে প্রবল বাত্যা বহিল। জলধি তমসাজ্জম ও আন্দোলিত হইল। আন্দোলন শেষ হইলে পর য়খন শশী, আবার প্রকাশিত হইলেন, তখন দেখা গেল তিনি সেই পশ্চিম সরসীর দিকে চলিয়া পড়িয়াছেন। শশী, জলধি পার হইয়া অন্তমিত প্রায়। তখন অর্দ্ধরাত্রের ঘন তিমির আসিয়া জলধিকে অন্ধকারে পরিপূর্ণ করিল। জলধি, রক্ষনীর বিশ্বব্যাপ্রী ঘন তিমিরে জুবিয়া গেলেন।

বাঙ্গালির মত ভীরুজাতি পৃথিবীতে আছে কিনা সন্দেহ। কুন্দনন্দিনী এই ভीक्रजात कल। वाक्रालिनी त्रभी करुपत ভीक्रयं वाद इटेंट शास्त कून्मनिमनी ভাহা প্রকাশিত করে, সংসারেব সাহসিকতা কিরূপ কুন্দনন্দিনীর স্থায় রমণী ভাহা জানে না, ভাবিতেও পারে না ; সে সাহসিকতার উপস্থাস বলিলে শিহরিয়া উঠে। যে অল্প বীর্যা ও তেজ বাঙ্গালির আছে, তজ্জ্য সর্ববদাই সশঙ্কিত থাকে। কেছ উচ্চরবে কথা কহিলেও ভীত হয়। পুষ্পের আঘাতেও মূর্চ্ছা যায়। জ্বননীর নিতান্ত অঙ্কপ্রিয় হয়। কিছু করিবার জন্ম হস্ত প্রসাবণ করিতে ভয় পায়। উচ্চরবে কথা কহিতে জ্ঞানে না। অস্তে উচ্চরবে কথা কহিলে ধমকিয়া কাঁদিয়া পডে। কেহ কিছ বলিলে কুটীব মধ্যে একাকিনী বসিয়া নীরবে কাঁদিতে থাকে। ভাহার অবগুঠন-বিমৃক্ত মুখচন্দ্রিমা অল্পালোকেই দেখিতে পায়। একাকিনী থাকিতে ভালবাসে। অক্সান্ত রমণীব সহিত মিশিতে সাহস হয় না। মিশিলে ভাহাদিগের সহিত ছুই একটি কথামাত্র কয়। তাহাদিগের সহিত অগ্রসারিণী হইয়া কার্যা করিতে যায় না, হয় ত এক পার্বে দাঁডাইয়া থাকে, অবশুঠন টানিয়া পরের সাহস ও কার্যা দেখিতে থাকে। পরেব প্রতি ছই চক্ষে চাহিতেও ভয় পায়। চক্ষে চক্ষে মিলিলে অমনি নয়নপল্লব ফেলিয়া মুখ অবনত করে। মনের हैका वास्क कतिए भारत मा: हैका हैहेल मरन मरनहे विनीन हम । कान हैका প্রকাশিত করিতে নিতান্ত অন্যুবোধ কবিলে তাতা আপনি সাতস ভরে বঙ্গিতে পারে না: সঙ্গিনীর সহিত চুপি চুপি কাণে কাণে কহিয়া দেয়। সে ইচ্ছা, দেখা যায়, অন্য রমণীব ইচ্ছার সহিত কিছু স্বতম্ব। অস্তোব সহিত সে ইচ্ছার কিছু বিশেষ হইবেই হইবে। সে ইচ্ছাতে হয় ত ধীবত। আছে, নম্রতা আছে; উচ্চাশা माइ, जाइज माइ। इतिमात्री देवस्वी याजिएल कुन्ममन्मिमी এইक्रभ वावडात করিয়াছিলেন। অমুক্রদ্ধ না হইলে, যাহা হইত ও ঘটিত, তিনি নীরবে ও নিঃশব্দে তাহা শুনিয়া ও দেখিয়া যাইতেন। সহিষ্ণুতা, ভীক্ষতার ফল। স্থাতরাং কুন্দের স্থায় রমণীব সহিষ্ণতা থাকা অবশ্যস্তাবী ধর্ম। আবার প্রকৃত সোহাপ কি, ভাহা ইহারাই জানে, ইহাদিগেরই থাকে। ইহাদিগেরই প্রকৃতিতে ভীক্তা কোমলতার সহিত মিশিয়া যায়। কোমলভার সহিত না মিশিলে ইহাদিপের ভীক্তা অন্তবিধ কামিনীর সাভাবিক ভীক্তার সহিত সমান হইত, ভাহার বিশেষ ভাব লক্ষিত হইত না। ফুদুয়ের কোমলভার স্তিত ভীক্তা মিশিষা প্রকৃতি যে স্থকোমলভাব ধারণ করে তাহ। বাঙ্গালির প্রকৃতিতে আছে। ভাহা বাঙ্গালিনা রমণীতে পরাকাষ্ঠা প্রাপ্ত হইয়াছে। বাঙ্গালিনীতে তাহা এক সুন্দর অভূতপূর্ব্ব রমশীয়ভাব ধারণ করিয়াছে। কুন্দনন্দিনী সেই অভূতপূর্ব্ব সুকোমলভার অবয়বী কল্পনা ও সুন্দর দৃষ্টান্ত। : এই সুকোমলতা প্রকৃত জীবনে এতদূর প্রা**ও**

হওয়া যায় না। যে মাত্রায় কৃন্দনন্দিনী প্রকৃত জীবনের উপর দাঁড়াইয়া আছেন, সেই মাত্রা, কবির চিত্রবিভাস, তাহাই কাব্য-স্ষ্ঠি। প্রকৃত জীবনে বঙ্গগৃহলক্ষ্মী তাহার অনেকদূর নিকটবর্ত্তিনী হইতে পারেন, কিন্তু ঠিক্ সেই উচ্চতায় উঠিতে পারেন না। প্রকৃত জীবনের উপর এই অত্যল্প মাত্রায় উচ্চতা দেওয়া কবির কার্য্য; এই উচ্চতা কেবল উপস্থাসে ও কাব্যেই প্রাপ্ত হওয়া যায়। যিনি কবি নহেন, যিনি সামাস্থ্য লেখক, তিনি এই বর্ণগৌরব, প্রকৃত চিত্রে এই বর্ণবিভাস দিতে সমর্থ হয়েন না। এই ঈষৎ চিত্র-রঞ্জন স্র্য্যমুখী ও কমলমণিতেও আছে, তবে তাহাদিগের চিত্রের সহিত কৃন্দনন্দিনীর চিত্রেব প্রভেদ এই, কোমলবর্ণ বঙ্গাছবর্ধ কৃন্দনন্দিনীতে কোমলতর বর্ণ প্রাপ্ত হইয়াছে এবং স্র্য্যমুখী ও কমলমণি উজ্জলতরা হইয়াছেন। প্রকৃত জীবনের চিত্র বিষ্কিমবাবু সল্পই লিখিয়াছেন। কিন্তু তাহার বিষর্ক্ষ সমৃদায় প্রকৃত জীবনের চিত্র কেমন কাব্য-স্প্তিদেশাইতে পারেন তাহা বিষর্ক্ষেব চিত্রাবলীতে স্পৃত্তির্গে প্রহাত হয়।

ভাবময়ী कुन्मनिमनी काभनागां পবিপূর্ণ। कुन्मनिमनीव यपि किছ श्रुप ও সম্পত্তি থাকে তাহা তাহার হৃদয়, প্রেম, সহৃদয়তা ও কোমলতা। শেলির শক্ষাবতী লতা এতদুর কোমলপ্রকৃতি নতে। তাহাব হৃদয় ভাবে সর্ব্বদাই উদ্ধেলিত হটত। তিনি স্বভাবগুণে কোমলভাবকে কোমলতব করিতেন। তাহার ভাবোদের ক্রদয়কে স্তম্ভিত কবিয়া রাখিত। কখন অশ্রুধাবায় বিগলিত হইত। অশ্রুধারাই সে হাদয়পুর্ণতার বাহাবিকাশ। সূর্যামুখী হৃদয়ভাবকে স্থুন্দর প্রকাশিত করিতে জানিতেন। এমত কি মনেক সময় তাহার ভাববাক্তি হৃদয়স্থ ভাবকে সুন্দরতর করিয়া দেখাইত। কুন্দুনন্দিনী ভাব প্রকাশ করিতে জানিতেন না। তাহার ভাব নিঞ্চেই প্রকাশিত হইয়া পড়িত, ভাবপূর্ণতা উপলিয়া পড়িত। কিন্তু ভাহার এই নিগৃঢ় ভাববিকাশ কি স্থামৃখীব সহিত সমান অর্থপূর্ণ ছিল না ? যিনি তাহা পড়িতে জানিতেন, অঞ্ধাবা ও অফুট বাক্ফুর্বি তাঁহার নিকট অধিকতর অর্থপূর্ণ বোধ হইত। কমলণি তাহার নিগৃঢ় অর্থ তন্ত্র বৃরিতেন। নগেব্র ভাহার কিছুই বৃকিতে পারিতেন ন। কুন্দনন্দিনীর অগাধভাবপূর্ণতা কখন নীরবতায় কখন অশ্রুধারায়, কখন একটিমাত্র কুদ্র কথায় অর্থপূর্ণ হইয়া প্রকাশিত হইত। সে বিকাশ সূর্য্যমুখীর বাক্পূর্ণতা অপেক্ষাও অধিকতব অর্থ-পূর্ব। স্ব্যস্থীর বাক্পূর্ণতা হৃদয়ের অস্তক্ষ্ল পধান্ত সুস্পট প্রকাশিত করিত। কুন্দনন্দিনীর অবাকৃন্ফুর্টি হাদয়ের আভাস মাত্র দিত। সে হৃদয় কত গভীর, কত পূর্ণ সমাক্ প্রকাশিত করিত না। যাহা প্রকাশিত হইয়া পড়িত তাহ। বাদয়ের অকৃটণ্ডাব ব্যক্তি। সে কুন্ত আলোকে তাছার হৃদয়ের পূর্ণতা মাত্র দেখাইত, গভীরতার আভাস মাত্র দিত। দেখাইত, কুন্দনন্দিনীর যাহা কিছু সৌন্দর্যা তাহা তাহার ভাবপূর্ণ সরলতাময় স্থুন্দর হৃদয়। সেই হৃদয়ের গভীরতা কত, সে আলোকে দেখা যাইত না। বোধ হইত সেই হৃদয়গভীরে অনেক রত্ন নিহিত আছে।

এই পূর্ণ ऋদযেব কি বাহাবিকাশ হয় ? ऋদয় ফাটিয়া ইহার কিঞ্চিশ্মাত্রা সময়ে সময়ে বাহিরে বহিয়া পড়ে। নীরবতা ইহার স্তম্ভিতভাব দেখায়, অঞ্ধারা ইহার কোমলতা দেখায়, এবং হুই একটি মৃত্ব কথা মাত্র হহার গাস্তীয়া ও সুন্দরতা দেখায়। অবাকফুর্ত্তি কুন্দনন্দিনীব প্রকৃতি-বিশেষ নহে, কিন্তু ইহা তাহার প্রকৃতি বিশেষের ফল। যে বাপীকৃলে প্রদোষকালে একদা কৃন্দনন্দিনী বসিয়া নীলপ্রভ জ্লরাশিতে প্রতিবিশ্বিত আকাশচিত্রে জলের গাষ্টীর্যা দেখিতেছিলেন, कल्पनिल्नी खानिएजन ना रय, रमटे खित्र नीलवर्ण, काल खलतामि डांटात ऋपरात সদৃশ বলিয়াই সেখানে বসিয়া তিনি হৃদয়েব প্রতিবিদ্ব দেখিতে লাগিলেন, হাদয় একবাব অধায়ন কবিলেন, সে জলে তিনি নিজে নিমজিতা হইতে পারিলেন না: তাহা অপবকে নিমজ্জিতা কবিতে পারিত। কুন্দনন্দিনীর ফ্রান্য তেমতি ভবল, তেমতি পুণ, তেমতি নীল, তেমতি কালিমায় সুগভার। যে ফ্রদুয়াকাশ ইহার উপব আসিয়া পড়িত, তাহার ফুল্ফর তারকাবলী ইহাতে প্রতিবিশ্বিত হইয়া ইহাব সন্দোর্য্য বর্দ্ধন করিত, ইহাব গান্তীর্য্য দেখাইত, ইহার কালিমা এবং তরলতা প্রকাশিত করিত। সূর্যামুখী সেই হৃদয়াকাশ, নগেল সেই হৃদয়াকাশ এবং কমলমণি সেই অশেষ তারারাঞ্জিত হৃদয়াকাশ। কুল্দনন্দিনী কেবল নগেম্রকেই প্রতিবিশ্বিত করিয়াছিলেন এমত নহে, সূর্যামুখীরও ি বিরহে কাতরা, এবং কমলমণির সমক্ষে হৃদয়-বক্ষ খুলিয়া দিয়াছিলেন। ভাহাতে क्मल श्रुपरग्रत जावाता कि कृषिग्राष्ट्रिल वर्षे, किन्न त्म वालाक क्न्सनिसनीत হ্বদয় আলোকিত হয় নাই, তাহার নীলিমা, গভীরতা ও তরলতাই প্রকাশ করিয়াছিল।

বঙ্গগৃহবধ্ যথন অবগুঠনে নিজ মুখমওল আবরিত করিয়া রাখেন, তখন কেইই জানিতে পারেন না সেই অবগুঠন মধ্যে কি রপরালি লুকায়িত আছে। সেই অবগুঠন বিমৃক্ত হইলে যথন অচিরাৎ এক অপূর্বে মোহিনীমূর্ত্তি ভোমার নিকট প্রকাশিত হয়; তথন দেখিয়া চমকিত হওঁ, সে কি রপ !—না কমলকান্তি, সেই কমলের স্থায় প্রস্কৃতিত স্থলর, নবীন, মধ্র, প্রকৃত্ত অথচ স্থক্মার; সে কি রপ !—না চক্রবিভা, সেই চক্রের স্থায় উজ্জ্বল, রিশ্ব, কোমল অথচ আলোকময়; নয়ন মৃদিত আছে, নহিলে সে নয়নকটাক্ষে ভোমার হালয় এখনি অহির হইত, কুসুমশর কোমল কি ভীক্ষ এখনি জানিতে পারিতে । অধ্বের বর্ণরাপ্ত

ষ্টিয়াছে, যেন চুম্বনের জন্ম তোমাকে আহ্বান করিতেছে ৮ অবগুঠন বিমুক্ত সেই রূপমাধুরী দেখিয়া যেমন মোহিত ও আশ্চর্য্য হইতে হয়, কুন্দনন্দিনীর হৃদয় নীরবতার আবরণ বিমৃক্ত হইয়া যখন প্রকাশিত হইয়া পড়ে, আমরা ভদ্রপ মোহিত ও আশ্চর্য্য হই। আমরা এই আবরণ ভেদ করিয়া তাহার হৃদয় দেখিবার জক্ত বরাবর তাহাকে অমুসরণ করিয়াছি। সেই ত্রয়োদশ বর্ষীয়া বালিকা যখন মুমূর্ পিতার শিয়রে বসিয়া ছল ছল করিয়া চাহিয়া আছেন, ভাবিতেও পারেন না যে ভাহার পিতার মৃত্যু সন্ধিকট, কেন না ভাহা হইলে তিনি একেবারে নিরাশ্রয়া হইবেন, মৃত্যু অঙ্কে ভাহাকে শায়িত দেখিয়া ভাবিতেছেন, তিনি বুঝি আবার নিজ্ঞাভিত্ত হইলেন; পৃথিবীর ভাবগতিক কিছুই জ্ঞানেন না। তথনকার এই সরলতা দেখিয়া ভাবিলাম, ইহা বৃঝি তাহার বালস্বভাবের অনভিজ্ঞতা মাত্র। কারণ, এই তাহার প্রথম পরিচয়। তৎপরে যখন চাঁপা কুন্দকে সঙ্গে করিয়া নগেন্দ্রের দিকে লইয়া যাইতেছেন, "আসিতে আসিতে দূব হইতে তখন নগেব্রুকে দেখিয়া, কুন্দ অকস্মাৎ স্তম্ভিতের স্থায় দাঁড়াইল। তাহার আর পা সরিল না। সে বিশ্বয়োৎফুল্ল লোচনে বিমৃঢাব স্থায় নগেন্দ্রের প্রতি চাহিয়া রহিল।" "দেখিল যাহাকে স্বপ্নে দেখিয়াছেন, নগেন্দ্র ঠিক সেই মূর্ত্তি। তখন তাহাকে ভয়বিহ্বলা ও সঙ্গু চিতা দেখিয়া নগেন্দ্র কুন্দকে অনেক বুঝাইয়া বলিলেন। কুন্দ কোন উত্তর কবিতে পারিল না; কেবল বিশ্বয়বিস্ফাবিত লোচনে নগেন্দ্রের প্রতি চাহিয়া রহিলেন।" তৎপরে তাহার অমুগমনে কলিকাতায় যাইলেন। এই নিরীহ, অশক্ত, সবল বালিকা যখন স্লেহময়ী কমলের নিকট লেখা পড়া শিখেন তখন তিনি লেখা পড়া সুন্দর শিখিতে পারেন, "কিন্তু অস্থা কোন কথাই বুঝেন না। বলিলে, বৃহৎ, নীল, তৃইটি চক্ষ্—চক্ষ্ তৃইটি শরতের পদ্মের মত " সর্বাদাই স্বচ্ছ জলে ভাসিতেছে—সেই ছুইটা চক্ষু নগেন্দ্রের মুখের উপর স্থাপিত কবিয়া চাহিয়া থাকে কিছুই বলে না—নগেন্দ্র সে চক্ষু দেখিতে দেখিতে অক্সমনস্ক হন।" সে চক্ষের প্রভাব নগেন্দ্র কেন, অস্ত্র লোকেও বিলক্ষণ অমুভব করিত। সে দৃষ্টির সরলতা, অর্থপূর্ণতা, নিরাশ্রুয়ের ভাবব্যঞ্চকতা, সূর্যামুখীও সহস্রবাক্যে তত স্থন্দর প্রকাশ করিতে পারিতেন না। তারাচরণ যখন এই কুন্দনন্দিনীকে माक्षादेशा आनिशा (मरतरस्वत मरक आनाभ कतिशा भिरन ; "कुन्म उथन দেবেন্দ্রের সঙ্গে কি আলাপ করিলেন ? কণকাল ঘোমটা দিয়া দাঁড়াইয়া থাকিয়া कैं। मिश्रा भनाहेशा (गलन।" जाहाव এই वावहात मकलहे नीतव, अथह कड দূর ভাবব্যঞ্চক। প্রথমে তিনি ধতমত খাইয়া অপ্রস্তুত হইয়া লজ্জায় ঘোমটা **पिरान, जनसुद्ध कि क**त्रिरान कि**ड्डे का**र्सन ना विषया क्रिनिक स्विष्ठिण्लार দাঁড়াইয়া রহিলেন। দাঁড়াইয়া কি ভাবিলেন। অবশেষে একদা লক্ষায়,

অপমানে, আত্মতিরক্ষাবে হাদয় উদ্বেলিত হইল; তথন তিনি কাঁদিয়া পলাইয়া গেলেন। কাহাকেও কিছু বলিলেন না। আর কোন রমণী দেবেন্দ্রের নিকট আনীত হইতে হয়তো সম্মতা হইত না। কিন্তু সরলা কুন্দ কিছুই জানেন না, তিনি জড়ের মত আনীত হইলেন; আনীত হইয়া আত্মপরিচয় দিয়া পলাইয়া গেলেন। সবলা, তাবময়ী কুন্দকে লইয়া কি কোন ক্রীড়া চলে ? তাহার ভাবপূর্ণ জড়প্রায় ব্যবহার ক্রীড়াব অতীত।

ইহার পব হরিদাসী বৈঞ্চবীব অভিনয়। নগেন্দ্রের অন্তঃপুরে হরিদাসী গাইতে আসিলে, শ্রোত্রীগণ নানাবিধ ফবমায়েস আবস্ত করিলেন। বৈশ্ববী সকলের হুকুম শুনিয়া কুন্দেব প্রতি বিদ্যুদ্দামতৃল্য এক কটাক্ষ করিয়া কহিল:—

"হাঁ গা তুমি কিছু ফবমাশ করিলে না ?"

"কুন্দ তখন লক্ষাবনতমুখী হইয়া অল্প একটু হাসিল, কিছু উত্তর করিল না। কিন্তু তখনই একজন বয়স্থাব কাণে কাণে কহিল, কীর্ত্তন গায়িতে বল না!" এতক্ষণ স্বাই নানাবিধ ফবমাস কবিয়াছিল, কিন্তু কুন্দ চুপ করিয়াছিল। বিশেষকপে অনুক্রদ্ধ হইলে কুন্দ মানন্দে একটু হাসিল; কিন্তু তা বলিয়া ধুইতা দেখাইয়া উত্তব কবিবার লোক তিনি নহেন। তিনি এখন পূর্ণযৌবনা, বয়স ষোড়শেবও অধিক। যুবতীব কি এই বাবহার! যৌবনের সে চঞ্চলতা ও অধীরতা কোথায়! কুন্দের ইচ্ছা মনে মনেই বিলান হইতেছিল। অপরে সে ইচ্ছা জানিতে চাহিলে তিনি সাহস ভরে তাহা উচ্চরবে প্রকাশ করিতেও পারেন নাই। একজন বয়স্থার কাণে কাণে বলিয়া ছির হইয়া বসিয়া রহিলেন। বন্ধিনবাব্র এই চিত্রটি কেমন স্বভাবামুরূপ, কেমন সংক্ষেপে সুন্দের ও অর্থপূর্ণ! ইহা কুন্দনন্দিনীর যথায়থই চিত্র বটে। কুন্দনন্দিনীর এই প্রকৃতি বিশেষ সুস্পষ্ট দেখাইবার জ্যুই তিনি নানাবিধ রমণীমণ্ডলে তাহাকে আনিলেন পরে বন্ধবিধ রমণীগণের সহিত তাহার প্রভেদ কি, তাহা কবির একটি মাত্র সুন্দর চিত্রলেখায় সম্দায় প্রকাশিত করিয়া দিলেন।

এতক্ষণ আমরা কুল্দনন্দিনীর প্রকৃতি বিশেষেরই পর্য্যালোচনা করিতেছি। দেখিলাম সরলতা ও বালিকান্তর্মত অচঞ্চলতা, ভীক্রতা, ও মৃত্তাতেতু নিশ্চেইতা, বিচিত্রভাবে তাহার রমণীপ্রকৃতিতে মিশিয়াছে। মিশিয়া এক অসামান্ত বিচিত্র রমণীকে প্রদর্শন করিল। এ প্রকৃতির রমণী কেবল বঙ্গধামেই পাওয়া যায়। বঙ্গরমণীর এই প্রকৃতিবিশেষের ব্যবধানে কিন্ধপ কোমল হাদয় লুকায়িত থাকে তাহা বন্ধিমবাব্ এখনও প্রকাশিত করেন নাই। তিনি প্রথমে ব্যক্তরেখায় এই বিচিত্র রমণীর ছায়াপাত মাত্র করিলেন; এই ছায়াপাতেই চেনা শেল কুল্মনিশ্বনী

কোন্ প্রকৃতির বঙ্গগৃহবধ্। তৎপরে বন্ধিম বাবু সহসা অথচ বীরে ধীরে তাহার ফাদয় আবরণ খুলিতে লাগিলেন। তখন পাঠক কুন্দের হাদয়লাবণ্য দেখিয়া আরও চমকিত হয়েন। চমকিত হইয়া বলেন, এমন অগৌরবিণী মৃত্ব প্রকৃতির ভিতরে যে এমন হাদয়মাধ্রী ও সৌকুমার্য্য লুক্কায়িত থাকিবে তাহা বিচিত্র নহে। এইরূপ প্রকৃতির এইরূপ হাদয় হওয়াই উচিত, এবং এইরূপ হাদয়ের এইরূপ প্রকৃতিই উপযোগিনী হইয়া থাকে। আমরা পরবারে কুন্দনন্দিনীর বাহ্য ব্যবধান বিমৃক্ত করিয়া ভদীয় হাদয়সৌন্দর্য্য দেখিবার জন্ম বন্ধিম বাবুর সহিত তাহাকে অনুসরণ করিব।

ক্ৰমণঃ

গ্রীপূর্ণচন্দ্র বমু



য় সকল দেশেই লিখিত ভাষা এবং কথিত ভাষায় অনেক প্রভেদ। যে সকল বাঙ্গালি ইংরেজি সাহিত্যে পাবদর্শী, ভাঁহারা একজন লগুনী কক্নী বা একজন কৃষকেব কথা সহজে বৃঝিতে পাবেন না, এবং এতদেশে অনেক দিন বাস কবিয়া বাঙ্গালিব সহিত কথাবাঠা কহিতে কহিতে যে ইংরেজেরা বাঙ্গালা শিথিয়াছেন, ভাঁহাবা প্রায় একখানিও বাঙ্গালাগ্রন্থ বৃঝিতে পাবেন না। প্রাচীন ভাবতেও, সংস্কৃতে ও প্রাকৃতে, আদৌ বোধ হয়, এইরূপ প্রভেদ ছিল, এবং সেই প্রভেদ হইতে আধুনিক ভাবতবর্ষীয় ভাষা সকলের উৎপত্তি।

বাঙ্গালাব লিখিত এব' কথিত ভাষায় যতটা প্রভেদ দেখা যায়, অক্সত্র তত নহে। বলিতে গেলে, কিছু কাল পূর্বের তুইটি পূথক্ ভাষা বাঙ্গালায় প্রচলিত ছিল। একটি নাম সাধ্ভাষা, অপবটির নাম অপর ভাষা। একটি লিখিবার ভাষা, দ্বিতীয়টি কহিবার ভাষা। পুস্তকে প্রথম ভাষাটি ভিন্ন, দ্বিতীয়টির কোন চিহ্ন পাওয়া যাইত না। সাধ্ভাষায় অপ্রচলিত সংস্কৃত লক্ষ সকল বাঙ্গালা ক্রিয়ালির আদিম রূপের সঙ্গে সংযুক্ত হইত। যে শব্দ আভাঙ্গা সংস্কৃত নহে, সাধ্ভাষায় প্রবেশ করিবার ভাষার কোন অধিকার ছিল না। লোকে বৃক্কে বা না বৃক্ক আভাঙ্গা সংস্কৃত চাহি। অপর ভাষা সেদিকে না গিয়া, যাহা সকলের বোধ-গ্যা ভাহাই বাবহার করে।

গভা গ্রাম্বাদিতে সাধু ভাষা ভিন্ন আর কিছু ব্যবহার হইত না। তথন পুস্তক প্রেণয়ন সংস্কৃত ব্যবসায়ীদিগের হাতে ছিল। অক্টোর বোধ ছিল যে, যে সংস্কৃত

•পছ সক্ষৰে ভিন্ন বাঁতি। আদৌ বাকালা কাব্যে কথিত ভাষাই অধিক পরিষাণে ব্যবহার হইত—এখনও হইতেছে। বোধ হয় আদি কালি সংষ্কৃত শব্দ ৰাজালা পজে পূর্বাপেকা অধিক পরিমাণে প্রবেশ করিতেছে; চণ্ডীগাসের গীত এবং ব্রশাখনা সার্য, অথবা কীর্ত্তিবাসি রামান্ত্রণ এবং বৃত্তসংহার তুলনা করিলা দেখিলেই বৃত্তিতে পানা বাইবে। এ প্রবেশে বাহা লিখিত হইল তাহা কেবল বাগালা গ্রহণছেই বর্ত্তো বাঁহারা সাহিত্যের

না জানুে বাঙ্গালা গ্রন্থ প্রণয়নে তাহার কোন অধিকার নাই, সে বাঙ্গালা লিখিতে পারেই না। যাঁহারা ইংরেজিতে পণ্ডিত তাঁহারা বাঙ্গালা লিখিতে পড়িতে না জানা গোরবের মধ্যে গণ্য করিতেন। স্কুতরাং কেঁটো কাটা অমুস্বরবাদীদিগের একচেটিয়া মহল ছিল। সংস্কৃতেই তাঁহাদিগের গোরব। তাঁহারা ভাবিতেন, সংস্কৃতেই বৃঝি বাঙ্গালা ভাষার গোরব; যেমন গ্রাম্য বাঙ্গালি জ্রীলোক মনে করে যে, শোভা বাড়ুক না বাড়ুক ওজনে ভারি সোনা অঙ্গে পরিলেই অলঙ্কার পরার গোরব হইল, এই গ্রন্থকর্ত্তারা তেমনি জানিতেন, ভাষা স্কুলর হউক বা না হউক, ছর্ক্বোধ্য সংস্কৃত বাহুল্য থাকিলেই রচনাব গোরব হইল।

এইরূপ সংস্কৃত প্রিয়তা এবং সংস্কৃতারুকাবিতা হেতু, বাঙ্গালা সাহিত্য অত্যস্থ নীরস, শ্রীহীন, তুর্বল, এবং বাঙ্গালা সমাজে অপবিচিত হইয়া বহিল। টেকটাদ ঠাকুর প্রথমে এই বিষর্কেব মূলে কুঠারাযাত করিলেন তিনি ইংবেজিতে স্থাশিক্ষিত। ইংরেজিতে প্রচলিত ভাষাব মহিমা দেখিয়াছিলেন এবং বৃঝিয়াছিলেন। তিনি ভাবিলেন, বাঙ্গালাব প্রচলিত ভাষাতেই বা কেন গছ গ্রন্থ রচিত হইবে নাং যে ভাষায় সকলে কথোপকথন করে, তিনি সেই ভাষায় আলালের ঘরের তুলাল প্রণয়ন কবিলেন। সেইদিন হইতে বাঙ্গালা ভাষাব শ্রীরৃদ্ধি। সেইদিন হইতে বাঙ্গালা ভাষাব শ্রীরৃদ্ধি। সেইদিন হইতে বাঙ্গালা ভাষাব শ্রীরৃদ্ধি। সেই

সেইদিন হইতে সাধুভাষা, এবং অপর ভাষা তুইপ্রকাব ভাষাতেই বাঙ্গালা গ্রন্থ প্রশ্যন হইতে লাগিল। ইহা দেখিয়া সংস্কৃতবাবসায়ীরা জ্বালাভন হইয়া উঠিলেন; অপর ভাষা, ভাঁহাদিগের বড় ঘূণা। মন্ত, মূরগী, এবং টেকচাঁদি বাঙ্গালা এককালে প্রচলিত হইয়া ভট্টাচার্য্য গোষ্ঠীকে আকুল করিয়া তুলিল। একলে বাঙ্গালা ভাষার সমালোচকেরা তুই সম্প্রদায়ে বিভক্ত হইয়াছেন। একদল খাঁটি সংস্কৃতবাদী—যে গ্রন্থে সংস্কৃতমূলক শব্দ ভিন্ন অন্ত শব্দ ব্যবহার হয়, তাহা ভাঁহাদের বিবেচনায় ঘূণার যোগা। অপর সম্প্রদায় বলেন ভোমাদের ও কচকটি বাঙ্গালা নহে। উহা আমরা কোন গ্রন্থে বাবহাব করিতে দিব না। যে ভাষা বাঙ্গালা সমাজে প্রচলিত, যাহাতে বাঙ্গালাব নিভা কার্য্য সকল সম্পাদিত হয়, যাহা সকল বাঙ্গালিতে বুঝে তাহাই বাঙ্গালা ভাষা; তাহাই গ্রন্থাদির ব্যবহারের যোগ্য। অধিকাংশ স্থাক্তিত ব্যক্তি একণে এই সম্প্রদায় ভূক্ত। আমরা উভয় সম্প্রদায়ে এক এক মুখপাত্রের উক্তি এই প্রবন্ধে সমালোচিত করিয়া স্থুল বিষয়ের মীমাংসা করিতে চেষ্টা করিব।

ক্লাফ্ল অভ্সন্ধান করিয়াছেন, তাঁহার। জানেন বে পদ্যাপেকা প্রভা শ্রেষ্ঠ, এবং সভ্যতার উন্নতি পক্ষে পদ্যাপেকা গ্রন্থই কার্য্যকারী। অভএব পদ্যের রীতি ভিন্ন হইলেও এই প্রবন্ধের প্রবিদ্যাক কমিল নাণ

সংস্কৃতবাদী সম্প্রদায়ের মুখপাত্র স্বরূপ আমরা রামগতি ন্যায়রত্ব মহাশয়কে গ্রহণ করিতেছি। বিজ্ঞাসাগর প্রভৃতি মহামহোপাধ্যায় পণ্ডিত থাকিতে আমরা স্থায়রত্ব মহাশয়কে এই সম্প্রদায়ের মুখপাত্র স্বরূপ গ্রহণ করিলাম ইহাতে সংস্কৃত-বাদীদিগের প্রতি কিছু অবিচার হয় ইহা আমরা স্বীকার করি। স্থায়রত্ন মহাশয় সংস্কৃতে সুশিক্ষিত কিন্তু ইংবেজি জ্বানেন না—পাশ্চাত্য সাহিত্য তাঁহার নিকট পরিচিত নহে। তাঁহার প্রণীত বাংলা সাহিত্যবিষয়ক প্রস্তাবে ইংরেঞ্চি বিছার একট্ পবিচয় দিতে গিয়া ক্যায়রত্ব মহাশয় কিছু লোক হাসাইয়াছেন।

অমরা সেই গ্রন্থ হইতে সিদ্ধ করিতেছি যে পাশ্চাত্য সাহিত্যের অমুশীলনে যে সুফল জন্মে, স্থায়বত্ন মহাশয় তাহাতে বঞ্চিত। যিনি এই সুফলে বঞ্চিত, বিচার্যা বিষয়ে তাঁহার মত তাঁহাব নিজ সম্প্রদায়েব মধ্যেই যে অধিক গৌরব প্রাপ্ত হইবে এমত বোধ হয় না। কিন্তু তুর্ভাগাবশতঃ যে সকল সংস্কৃতবাদী পণ্ডিতদিগের মত অধিক-তর আদরণীয়, তাঁহারা কেহই সেইমত, স্বপ্রণীত কোন গ্রন্থে লিপিবদ্ধ কবিয়া রাখেন নাই। স্কুতরাং তাঁহাদেব কাহাবও নাম উল্লেখ কবিতে আমরা সক্ষম হইলাম না। ন্যায়রত্ব মহাশয় স্বপ্রশীত উক্ত সাহিতাবিষয়ক প্রস্তাবে আপনাব মত গুলি লিপিবদ্ধ করিয়া রাখিয়াছেন। এই জন্মই তাঁহাকে এ সম্প্রদায়ের মুখপাত্র স্বরূপ ধরিতে হইল। তিনি আলালের ঘরেব ফুলাল হইতে কিয়দংশ উদ্ধৃত করিয়া লিখিয়াছেন যে "এক্ষণে জিজ্ঞাস্য এই যে, সর্ব্ববিধ গ্রন্থবচনায় এইরূপ ভাষা আদর্শ স্বরূপ হইতে शास्त्र कि ना १- आमारम् विरवहनां वर्षन ना। आनारम् चरतत इनान वन, ছতোমপেচা বল, মৃণালিনী বল—পত্নী বা পাঁচজন বয়স্তের সহিত পাঠ করিয়া আমোদ কবিতে পারি—কিন্তু পিতা পুত্রে একত্র বসিয়া অসক্কৃচিত মুখে কখনই ও সকল পঢ়িতে পারি না। বর্ণনীয়বিষয়ের লঙ্কাজনকতা উহা পড়িতে না পারিবার কারণ নহে, ঐ ভাষারই কেমন একরূপ ভঙ্গী আছে, যাহ। গুরুজনসমক্ষে উচ্চারণ করিতে লঙ্গাবোধ হয়। পাঠকগণ। যদি আপনাদের উপর বিভালয়ের পুস্তকনির্ব্বাচনের ভার হয়, আপনারা আলালীভাষায় লিখিত কোন পুস্তককে পাঠ্যরূপে নির্দ্দেশ করিতে পারিবেন কি ?—বোধ হয়, পারিবেন না। কেন

^{*} যে যে গ্রন্থ পড়ে নাই, যাহাতে যাহার বিহ্না নাই, সেই গ্রন্থে ও সেই বিহ্নায় বিহ্নাবন্তা দেখান, বাঙ্গালী লেখকদিগের মধ্যে একটি সংক্রামক রোগের শ্বরূপ হইয়াছে। যিনি একছত্র সংস্কৃত কথন পড়েন নাই—তিনি ঝুড়ি ঝুড়ি সংস্কৃত কবিতা তুলিয়া যীষ্ প্রবন্ধ উজ্জ্বল করিতে চাহেন, যিনি একবর্ণ ইংরেজি জানেন না তিনি ইংরেজি লাহিত্যের বিচার লইয়া ছলমুল বাঁধাইয়া দেন। যিনি ক্ষুত্র গ্রন্থ ভিন্ন পড়েন নাই—তিনি বড় বড় গ্রন্থ হুইতে অসংলগ্ন কোটেশ্যন করিয়া হাড় জালান। এ সকল নিতাত্ত কুক্টির ফল।

পারিবেন না !—ইহার উত্তরে অবশ্য এই কথা বলিবেন যে, ওরূপ ভাষা বিশেষ শিক্ষাপ্রদ নয় এবং উহা সর্ববসমক্ষে পাঠ করিতে লজ্জা বোধ হয়। অভএব বলিতে ইইবে যে, আলালী ভাষা সম্প্রদায়বিশেষের বিশেষ মনোরঞ্জিকা হইলেও উহা সর্ববিধ পাঠকের পক্ষে উপযুক্ত নহে। যদি তাহা না হইল, তবে আবার জিজ্ঞাস্থ হইতেছে যে, ঐরূপ ভাষায় গ্রন্থরচনা করা উচিত কি না !—আমাদের বোধে অবশ্য উচিত। যেমন ফলারে বসিয়া অনবরত মিঠাই মণ্ডা খাইলে জিহ্বা একরূপ বিকৃত হইয়া যায়—মধ্যে মধ্যে আদার কুচি ও কুমুড়ার খাট্টা মুখে না দিলে সে বিকৃতির নিবারণ হয় না, সেইরূপ কেবল বিভাসাগবী রচনা শ্রবণে কর্ণের যে একরূপ ভাব জন্মে, তাহাব পরিবর্ত্তন করণার্থ মধ্যে মধ্যে অপরবিধ রচনা শ্রবণকরা পাঠকদিগের আবশ্যক।"

আমরা ইহাতে বৃঝিতেছি যে প্রচলিত ভাষা ব্যবহারের পক্ষে স্থায়রত্ব মহাশয়ের প্রধান আপত্তি যে পিতা পুত্রে একত্রে বসিয়া এরূপ ভাষা ব্যবহার কৰিতে পাবে না। বুঝিলাম যে গ্রায়বত্ব মহাশ্যের বিবেচনায় পিতা পুত্রে বড় বড় সংস্কৃত শব্দে কথোপকথন কৰা কৰ্ত্তবা : প্ৰচলিত ভাষায় কথাবাৰ্ত্তা হইতে পারে না। এই আইন চলিলে বোধ হয় ইহার পব শুনিব যে শিশু মাতাব কাছে খাবাব চাইবাব সময় বলিবে, তে মাতঃ খাজং দেতি মে এবং ছেলে বাপেব কাছে জৃতার আবদাব করিবার সময় বলিবে ছিল্লেয়ং পাছকা মদীয়া। স্থায়রত্ন মহাশয় সকলের সম্মুখে সরল ভাষা বাবহাব করিতে লঙ্গা বোধ করেন, এবং সেই ভাষাকে শিক্ষাপ্রদ বিবেচনা কবেন না ইহা শুনিয়া তাঁহার ছাত্রদিগের জন্ম আমরা বড় ছংখিত হইলাম। বোধ হয় তিনি স্বীয় ছাত্রগণকে উপদেশ দিবার সময়ে লজ্জাবশতঃ দেড়গজী সমাসপৰস্পরা বিস্থাসে তাহাদিগের মাথা ঘুরাইয়া দেন। তাহারা যে এবংবিধ শিক্ষায় অধিক বিদ্যা উপাৰ্জন করে এমত বোধ হয় না। क्ति ना आभारमत कुल वृक्षिए हेराई উপলব্ধি হয় যে यादा वृक्षिए ना भाता যায় তাহা হইতে কিছু শিক্ষালাভ হয় না। আমাদের এইরূপ বোধ আছে যে সরল ভাষাই শিক্ষাপ্রদ। স্থায়রত্ন মহাশয় কেন সরল ভাষাকে শিক্ষাপ্রদ নহে বিবেচনা করিয়াছেন তাহা আমরা অনেক ভাবিয়া স্থির করিতে পারিলাম না। বোধ হয় বাল্যসংস্কার ভিন্ন আর কিছুই, সরল ভাষার প্রতি তাঁহার বীতরাগের কারণ নহে। আমরা আরও বিস্মিত হইয়া দেখিলাম যে তিনি স্বয়ং যে ভাষায় বাঙ্গালাসাহিত্য-বিষয়ক প্রস্তাব লিখিয়াছেন তাহাও সরল প্রচলিত ভাষা। টেকচাঁদী ভাষার সঙ্গে এবং তাঁহার ভাষার সঙ্গে কোন প্রভেদ নাই, প্রভেদ কেবল এই যে টেকটাদে রঙ্গরস আছে, স্থায়রত্নে কোন রঙ্গরস নাই। তিনি যে বলিয়াছেন যে পিতাপুত্রে একত্র বসিয়া অসংক্কৃচিত মুখে টেকচাঁদী ভাষা পড়িতে

পারা যাঁই না তাহার প্রকৃত কারণ টেকচাঁদে রঙ্গরস আছে। বাঙ্গালাদেশে পিতা পুত্রে একত্র বসিয়া রঙ্গরস পড়িতে পারে না। সরলচিত্ত অধ্যাপক অত্টুকু বৃক্ষিতে না পারিয়াই বিভাসাগরী ভাষার মহিমা কীর্ত্তনে প্রবৃত্ত হইয়াছেন। ভাষা হইতে রঙ্গরস উঠাইয়া দেওয়া যদি ভট্টাচার্য্য মহাশয়দিগের মত হয় তবে তাঁহারা সেই বিষয়ে যত্নবান্ হউন। কিন্তু তাহা বলিয়া অপ্রচলিত ভাষাকে সাহিত্যের ভাষা করিতে চেষ্টা কবিবেন না।

ম্যায়রত্ব মহাশয়ের মত সমালোচনায় আর অধিককাল হরণ করিবার আমাদিগের ইচ্ছা নাই। আমরা এক্ষণে সুশিক্ষিত অথবা নব্য সম্প্রদায়ের মত সমালোচনায় প্রবৃত্ত হইব। এই সম্প্রদায়ের সকলের মত একরূপ নহে। ইহার মধ্যে এক দল এমন আছেন যে তাঁহার। কিছু বাডাবাডি করিতে প্রস্তুত। তম্মধ্যে বাবু শ্রামাচরণ গঙ্গোপাধাায গত বৎসব কলিকাতা রিভিউতে বাঙ্গালা ভাষার বিষয়ে একটি প্রবন্ধ লিখিয়াছিলেন। প্রবন্ধটী উৎকৃষ্ট। তাঁহার মত গুলি অনেক স্থলে সুমন্বত এবং আদ্বণীয়। অনেক স্থলে তিনি কিছু বেশী গিয়াছেন। বস্তুবচন জ্ঞাপনে গণ শব্দ ব্যবহার করাব প্রতি তাঁহার কোপদৃষ্টি। वाकालाय लिक्टलम जिनि भारतन ना। शुधिवी रय वाकालाय औलिकवाठक শব্দ ইহা তাঁহার অসহা। বাঙ্গালায় সন্ধি তাঁহার চক্ষু:শূল। বাঙ্গালায় ডিনি क्रांनक निर्वित् निर्दन ना। च প্রতায়াম্ভ এবং य প্রতায়াম্ভ শব্দ ব্যবহার क्तिएं पिर्यंत ना। मःश्रृष्ठ मःशावाहक संस यथा এकाम्स वा ह्यातिःस् वा छूटे में हे हे जापि वाक्रालाय वावहात कतिए पिरवन ना। खाडा, केला, কৰ্ন, অৰ্থ, তাম্ৰ, পত্ৰ, মস্তক, অৰ ইত্যাদি শব্দ বাঙ্গালা ভাষায় ব্যবহার कतिरु जित्ता ना। छोरे, काल, कान, माना, त्करल धरे मकल भन्न गुरशांत হইবে। এইরপ তিনি বাঙ্গালাভাষার উপর অনেক দৌরাস্ব্য করিয়াছেন। তথাপি ঠিতিনি এই প্রবন্ধে বাঙ্গালাভাষা সম্বন্ধে অনেকগুলিন সারগর্ভ কথা বলিয়াছেন। ৰাজালা লেখকেরা তাহা স্মরণ রাখেন ইহা আমাদের ইচ্ছা।

শ্রামাচরণ বাবু বলিয়াছেন এবং সকলেই জ্ঞানেন যে, বাঙ্গালা শব্দ ত্রিবিধ। প্রথম সংস্কৃতমূলক শব্দ, যাহার বাঙ্গালায় রূপাস্তর হইয়াছে, যথা গৃহ হইতে হুর, প্রাতা হইতে ভাই। দ্বিতীয়, সংস্কৃতমূলক শব্দ, যাহার রূপাস্তর হয় নাই। যথা জ্বল, মেঘ, স্থা। তৃতীয় যে সকল শব্দের সংস্কৃতের সঙ্গে কোন সম্বন্ধ নাই।

প্রথম শ্রেণীর শব্দসন্থকে তিনি বলেন যে রূপান্তরিত প্রচলিত সংস্কৃতমূলক শব্দের পরিবর্তে কোন স্থানেই অরূপান্তরিত মূল সংস্কৃত শব্দ ব্যবহার করা কর্ত্তব্য লহে, যথা মাধার পরিবর্তে মন্তক, বামনের পরিবর্তে ব্রাহ্মণ ইত্যাদি ব্যবহার করা কর্ত্তব্য নহে। আমরা বলি যে এক্ষণে বামনও যেরূপ প্রচলিত ব্রাহ্মণ

महेक्क श्राचित । পাতাও यक्क श्राचित श्राच्य अञ्चल ना रहेक, श्रीय महे-ক্সপ প্রচলিত। ভাই যেরূপ প্রচলিত ভ্রাতা ততদূর না হউক প্রায় সেইরূপ প্রচলিত। যাহা প্রচলিত হইয়াছে তাহার উচ্ছেদে কোন ফল নাই এবং উচ্ছেদ সম্ভবও নহে। কেহ যত্ন করিয়া মাতা, পিতা, ভ্রাতা, গৃহ, তাম্র বা মস্তক ইত্যাদি শব্দকে বাঙ্গালাভাষা হইতে বহিষ্কৃত করিতে পারিবেন না। আর বহিষ্কৃত করিয়াই বা ফল কি ? এ বাঙ্গালা দেশে কোন চাষা আছে যে ধাষ্ম, পুন্ধরিণী, গৃহ, বা মস্তক ইত্যাদি শব্দের অর্থ বুঝে না। সকলে বুঝে তবে কি দোষে এই শ্রেণীর শব্দ গুলি বধার্হ ? বরং ইহাদের পরিত্যাগে ভাষা কিয়দংশে ধনশৃষ্ম হইবে মাত্র। নিষ্কারণ ভাষাকে ধনশৃষ্ম করা কোন ক্রমে বাঞ্চনীয় নহে। আর কতকগুলি এমত শব্দ আছে যে তাহাদের রূপান্তর ঘটিয়াছে আপাতত বোধ হয়, কিন্তু বাস্তবিক রূপান্তর ঘটে নাই, কেবল সাধারণের উচ্চারণের বৈলক্ষণ্য ঘটিয়াছে। সকলেই উচ্চারণ করে "খেউরি" किंद्ध कोती निश्राल मकाल वृत्य य এই मिट (थेउँ ति मका। अञ्चल कोतीरक পরিত্যাগ করিয়া খেউরি প্রচলিত করায় কোন লাভ নাই। বরং এমত স্থলে আদিম সংস্কৃত রূপটি বজায় বাখিলে ভাষাব স্থায়িত্ব জন্মে। কিন্তু এমন অনেক-গুলি শব্দ আছে যে তাহার আদিম রূপ সাধারণের প্রচলিত বা সাধারণের বোধগম্য নহে তাহার অপদ্রংশই প্রচলিত এবং সকলের বোধগম্য। এমত স্থলেই আদিম-রূপ কদাচ ব্যবহার্য্য নহে।

যদিও আমরা এমন বলি না যে "ঘর" প্রচলিত আছে বলিয়া গৃহশব্দের
উচ্ছেদ করিতে হইবে, অথবা মাথা শব্দ প্রচলিত আছে বলিয়া মন্তব্দ শব্দের উদ্ভেদ
করিতে হইবে; কিন্তু আমরা এমত বলি যে অকারণে ঘর শব্দের পরিবর্দ্ধে গৃহ,
অকারণে মাথার পরিবর্দ্ধে মন্তব্দ, অকারণে পাতার পরিবর্দ্ধে পত্র এবং তামার
পরিবর্দ্ধে তাম ব্যবহার উচিত নহে। কেন না ঘর, মাথা, পাতা, তামা বাঙ্গালা;
আর গৃহ, মন্তব্দ, পত্র, তাম, সংস্কৃত। বাঙ্গালা লিখিতে গিয়া অকারণে বাঙ্গালা
ছাড়িয়া সংস্কৃত কেন লিখব ! আর দেখা যায় যে সংস্কৃত ছাড়িয়া বাঙ্গালা
শব্দ ব্যবহার করিলে রচনা অবিকতর মধ্র, স্কুল্পাই ও ডেজ্বনী হয়। "হে আডঃ"
বৃলিয়া যে ডাকে বোধ হয় যেন সে যাত্রা করিতেছে; "ভাই রে" বলিয়া যে ডাকে
তাহার ডাকে মন উছলিয়া উঠে। অতএব আমরা আতা শব্দ উঠাইয়া দিতে চাই
না বটে, কিন্তু সচরাচর আমরা ভাই শব্দই ব্যবহার করিতে চাই। আতা শব্দ
রাখিতে চাই তাহার কারণ এই যে সময়ে সময়ে তত্ত্বহারে বড় উপকার হয়।
"আত্ ভাব" এবং "ভাই ভাব" "আত্ত্ব" এবং "ভাই গিরি" এতত্ত্তয়ের তৃলনার
বৃষ্য বাইবে, যে কেন আত্ত্ব শব্দ বাঙ্গালায় বন্ধায় রাখা উচিত। এই স্বলে

বলিতে হয় যে আঞ্জিও অকারণে প্রচলিত বাঙ্গালা ছাডিয়া সংস্কৃত ব্যবহারে, ভাই ছাডিয়া অকারণে ভ্রাত শব্দের ব্যবহারে অনেক লেখকের বিশেষ অন্থরক্তি আছে। অনেক বাঙ্গালা রচনা যে নীরস নিস্তেজ এবং অস্পষ্ট ইহাই তাহার কারণ।

দ্বিতীয় শ্রেণীর শব্দ, অর্থাৎ যে সকল সংস্কৃত শব্দ রূপান্তর না হইয়াই বাঙ্গা-লায় প্রচলিত আছে, তৎসম্বন্ধে শ্রামাচরণ বাব বিশেষ কিছ বলেন নাই, বলিবার প্রােজনও ছিল না ; কিন্তু তৃতীয় শ্রেণী অর্থাৎ যে সকল শব্দ সংস্কৃতের সহিত সম্বন্ধপুত্র তৎসম্বন্ধে যাহা বলিয়াছেন তাহা অতান্ত সারগর্ভ এবং আমরা তাহার সম্পূর্ণ অমুমোদন কবি। সংস্কৃতপ্রিয় লেখকদিগের অভ্যাস যে এই শ্রেণীর শব্দ সকল তাঁহারা রচনা হইতে একেবারে বাহিব কবিয়া দেন। অফ্রের রচনায় সে সকল শব্দের ব্যবহার শেলের স্থায় তাঁহাদিগকে বিদ্ধ করে। ইহার পর মুর্বতা আর আমরা দেখি না। যদি কোন ধনবান ইংবেঞ্চের অর্থ-ভাণ্ডারে হালি এবং বাদশাহী হুই প্রকার মোহর থাকে এবং সেই ইংরেজ যদি জাত্যভিমানের বশ হইয়া বিবির মাথাওয়ালা মোহর রাখিয়া ফার্সি লেখা মোহরগুলি ফেলিয়া দেয়, তবে मकलारे मारे देशदाक्रक ह्याव उत्र मुर्थ विलात । किन्न जाविया मिश्राम এहे পণ্ডিতেরা সেইমত মূর্থ। এই সম্বন্ধে শ্রামাচবণ বাবু লিখিয়াছেন,

"Purism is radically unsound, and has its origin in a spirit of narrowness. In the free commingling of nations, there must be borrowing and giving. Can anything be more absurd than to think of keeping language pure, when blood itself cannot be kept pure? No human language has ever been perfectly pure, any more than any human race has been pure. Infusion of foreign elements do, in the long run, enrich languages, just as infusion of foreign blood improves races. Seeing then that languages, as men speak them, must be mixed, impure, heterogeneous; to reject words like garib (Ar. garib) and dag (Ar. dag) & from books, on account of their foreign lineage would be most unreasonable. Current words of Persian or Arabic origin connect us Hindus of Bengal with Moosalman Bengalis, with the entire Hindustani speaking population of India, and even with Persians and Arabs. Is it wise to seek to diminish points of contact with a large section of our fellow countrymen, and with kindred and neighbouring races, with

whom we must have intercourse, in order that we may draw closer to our Sanskrit speaking ancestors?

Human happiness would seem to be better promoted by increased points of contact with living men than by increased points of contact with remote ancestors. But men are very often swayed in these matters by sentiment more than by reason. The feeling that impels Bengali Hindus towards Sanskrit is perfectly intelligible. With Sanskrit are associated the days of India's greatest glory, with Persian and Arabic the days of her defeat, humiliation, and bendage. The budding patriotism of Hindus everywhere would therefore naturally eschew Persian and Arabic words as badges of slavery. In the long run, however, considerations of utility are sure to override mere sentimental predilections.

It should be understood that I do not advocate any fresh introduction of Arabic and Persian words, but insist only on the desirability of giving their full rights to such words, as have already been naturalised in the language and are in every body's mouth. Persian and Arabic words, those connected with law especially, used by Bengalis ignorant of those languages ought to be accepted as right good Bengali. As a matter of fact, many such words are employed in writing; but the purist spirit is still very active and a disinclination to admit such words into writing is yet but too common."

তাহার পরে অপ্রচলিত সংস্কৃত শব্দকে বাঙ্গাল। ভাষায় নৃতন সন্ধিবেশিত করার ঔচিত্য বিচার্যা। দেখা যায় লেখকেরা ভূরি ভূরি অপ্রচলিত নৃতন সংস্কৃত শব্দ প্রয়োজনে বা নিপ্রয়োজনে ব্যবহার করিয়া থাকেন। বাঙ্গালা আজিও অসম্পূর্ণ ভাষা, তাহার অভাব প্রণ জন্ম অন্য অন্য ভাষা হইতে সময়ে সময়ে শব্দ কর্জ করিতে হইবে।. কর্জ করিতে হইলে চিরকেলে মহাজন সংস্কৃতের কাছে ধার করা কর্ত্তব্য। প্রথমতঃ সংস্কৃত মহাজনই পরম ধনী; ইহার রত্তময় শব্দভাগার হইতে যাহা চাও তাহাই পাওয়া যায়। দিতীয়তঃ সংস্কৃত হইতে শব্দ ক্ষাইলে বাঙ্গালার সঙ্গে ভাল মিশে। বাঙ্গালার অন্তি, মক্ষা, শোণিত,

মাংস সংস্কৃতেই গঠিত। তৃতীয়তঃ সংস্কৃত হইতে নৃতন শব্দ লইলে, অনেকে বৃকিতে পারে, ইংরেজী বা আরবী হইতে লইলে কে বৃকিবে । মধ্যাকর্ষণ বলিলে কতক অর্থ অনেক অনভিজ্ঞ লোকেও বৃঝে। গ্রাবিটেশ্যন বলিলে ইংরেজী যাহারা না বৃঝে, তাহারা কেহই বৃঝিবে না। অতএব সেখানে বাংলা শব্দ নাই, সেখানে অবশ্য সংস্কৃত হইতে অপ্রচলিত শব্দ গ্রহণ কবিতে হইবে। কিন্তু নিশ্পয়োজনে অর্থাৎ বাঙ্গালা শব্দ থাকিতে তদ্বাচক অপ্রচলিত সংস্কৃত শব্দ ব্যবহার যাহারা করেন, তাহাদের কিরূপ রুচি তাহা আমরা বৃঝিতে পারি না। এ বিষয়ে শ্রামাচরণ বাবু যাহা বলিয়াছেন তাহা উদ্ধৃত করিতেছি।

No limit is set in fact to the extent to which words are to be borrowed from Sanskrit, so that every Sanskrit word is considered to have a rightful claim to be incorporated into Bengali. Is this to enrich the language or to overburden it? This indeed is carrying us back into the past with a vengeance. In the early flexible stage of Sanskrit, when its formative powers were active, whole hosts of words were formed to express the same thing. Those words were then, as philologists hold, transparent attributive terms, and not the arbitrary symbols that they afterwards became. Men could not, indeed, be so irrational as to invent more than one arbitrary symbol for one and the same thing. Among the many significant symbols expressive of the same idea, there was a struggle for existence and a survival, in the long run, of the the fittest. More terms than one have, in many cases, survived; but on a priori grounds it is quite impossible that more than one could survive at the same spot, and among the same class of people. Distance of place, or peculiarities of social organization, by limiting intercourse, could alone cause a selection of different names for the same thing. There has further been a differentiation of meaning between words that originally meant exactly the same thing, Our Sanskrit school of writers would, however, undo all this. They would bring back the dead to life. They would restore

to Bengali, which is one of the modern developments of Sanskrit, all the imperfections of the mother tongue that have been cast off for good. What a terrible legacy would a wholesale appropriation of the Sanskrit vocabulary leave to posterity? Men of capacity little think of the labor that the acquisition of a language costs; and of this labor the heaviest part is that required in mastering the vocabulary, which, consisting as it does for the most part, of arbitrary symbols, is dull, dreary matter to learn. Where arbitrary symbols furnish a key to valuable knowledge, the symbols ought surely to be learnt. In the present case, however, the labors spent on the acquisition of words would be vain, meaningless labor. What is the good of learning a new word where one does not learn a corresponding new idea with it? Perfection of language requires that no two words should express exactly the same idea, and that no two ideas should have the same name. No human language is indeed perfect like this it is true. But this is no reason why we should work the other way, and go on sanctioning and accumulating defects.

স্থুল কথা, সাহিত্য কি জন্ত ? গ্রন্থ কি জন্ত ? যে পড়িবে তাহার ব্রিবার জন্ত । না বৃথিয়া, বহি বন্ধ করিয়া, পাঠক গ্রাহি গ্রাহি করিয়া ডাকিবে, বোধ হয় এ উদ্দেশ্যে কেহ গ্রন্থ লিখে না। যদি এ কথা সতা হয়, তবে যে ভাষা সকলের বোধগমা, অথবা যদি সকলের বোধগমা কোন ভাষা না থাকে, তবে যে ভাষা অধিকাংশ লোকেব বোধগমা, তাহাতেই গ্রন্থ প্রশীত হওয়া উচিত। যদি কোন লেখকেব এমন উদ্দেশ্য থাকে যে, আমার গ্রন্থ চুই চাবি শব্দ পণ্ডিতে বৃক্ক, আর কাহারও বৃথিবার প্রয়োজন নাই, তবে তিনি গিয়া ছরূহ ভাষায় গ্রন্থ-প্রশানে প্রবৃত্ত হউন। যে তাঁহার যশ করে করুক, আমরা কখন যশ করিব না। তিনি ছই একজনের উপকার করিলে করিতে পারেন, কিন্তু আমরা তাঁহাকে পরোপকার-কাতর-খল-সভাব পাষণ্ড বলিব। তিনি জ্ঞানবিতরণে প্রবৃত্ত হইয়া চেষ্টা করিয়া অধিকাংশ পাঠককে আপনার জ্ঞানভাণ্ডার হইতে দুরে রাখেন। যিনি যথার্থ গ্রন্থকার তিনি জানেন যে, পরোপকার ভিন্ন গ্রন্থপ্রথায়নের উদ্দেশ্য নাই, জনসাধারক্তে জ্ঞানবৃদ্ধি বা চিত্তোন্নতি ভিন্ন রচনার ক্রমণ্ড উদ্দেশ্য নাই,

অতএব যত অধিক ব্যক্তি গ্রন্থের মর্ম্ম গ্রহণ করিতে পারে, ততই অধিক ব্যক্তি উপকৃত—ততই গ্রন্থের সফলতা। জ্ঞানে, মন্মুশ্যমাত্রেরই তুল্যাধিকার। যদি সে সর্বজ্ঞানের প্রাপ্য ধনকে, তুমি এমত হুরুহ ভাষায় নিবদ্ধ রাখ যে, কেবল যে কয় জ্বন পরিশ্রম করিয়া সেই ভাষা শিখিয়াছে, তাহারা ভিন্ন আর কেহ তাহা পাইতে পারিবে না, তবে তুমি অধিকাংশ মনুষ্যকে তাহাদিগের স্বন্ধ হইতে বঞ্চিত করিলে। তুমি সেখানে বঞ্চক মাত্র।

তাই বলিয়া আমবা এমত বলিতেছি না যে, বাঙ্গালাব লিখন পঠন ছতোমি ভাষায় হওয়া উচিত। তাহা কখন হইতে পাবে না। যিনি যত চেষ্টা কক্ষন, লিখনেব ভাষা এবং কখনেব ভাষা চিরকাল স্বতম্ব থাকিবে। কাবণ কথনের এবং লিখনেব উদ্দেশ্য ভিন্ন। কথনেব উদ্দেশ্য কেবল সামান্য জ্ঞাপন, লিখনের উদ্দেশ্য শিক্ষাদান, চিত্তসকালন। এই মহৎ উদ্দেশ্য ছতোমিভাষায় কখনও সিদ্ধ হইতে পাবে না। ছতোমিভাষা দরিদ্র, ইহাব তত শব্দধন নাই, ছতোমিভাষা নিস্তেজ, ইহাব তেমন বাধন নাই; ছতোমিভাষা অস্কুন্দব এবং যেখানে অঙ্গাল নয় সেখানে পবিত্রতা শৃত্য। ছতোমি ভাষায় কখন গ্রন্থ প্রণীত হওয়া কর্ষব্য নহে। যিনি ছতোমপেঁচা লিখিয়াছিলেন, ভাহাব ক্রচি বা বিবেচনার আমরা প্রশংসা করি না।

টেকটাদিভাষা, ছভোমিভাষাব এক পৈঠা উপর। হাস্ত ও করুশবসের ইহা বিশেষ উপযোগী। স্কচ্ কবি বর্ণস্ হাস্ত ও করুশরসাগ্মিক। কবিতায় স্কচ্ ভাষা ব্যবহার করিতেন, গন্ধীর এবং উল্লভ বিষয়ে ই রেঞ্জি ব্যবহাব করিতেন। গন্ধীর এবং উল্লভ বা চিস্তাময় বিষয়ে টেকটাদি ভাষায় কুলায় না। কেন না এ ভাষাও অপেকাকৃত দরিদ্র, তুর্বল, এবং অপরিমার্কিত।

অত এব ইহাই সিদ্ধান্ত করিতে হইতেছে যে, বিষয় অনুসারেই রচনার ভাষার উচ্চত। বা সামাজতা নির্দ্ধারিত হওয়া উচিত। রচনার প্রধান গুল এবং প্রথম প্রয়োজন, সরলতা এবং স্পষ্টত।। যে রচনা সকলেই বুঝিতে পারে, এবং পড়িবামাত্র যাতার অর্থ বৃঝা যায়, অর্থগোরব থাকিলে তাহাই সর্কোৎকৃষ্ট রচনা। তাহার পর ভাষার সৌল্লর্য্য সরলতা এবং স্পষ্টতার সহিত সৌল্লর্য্য মিশাইতে হইবে। অনেক রচনার মুখ্য উদ্দেশ্য সৌল্লর্য্য—সে স্থলে সৌল্লর্য্যের অনুরোধে শব্দের একটু অসাধারণতা সহা করিতে হয়। প্রথমে দেখিবে তুমি যাহা বলিতে চাও, কোন্ ভাষায় তাহা সর্কাপেক্ষা পরিভাররূপে ব্যক্ত হয়। যদি সরল প্রচলিত, কথাবার্ত্তার ভাষায় তাহা সর্কাপেক্ষা স্কুল্লাই এবং সুন্দর হয়, তবে কেন উচ্চভাষার আপ্রয় লইবে ? যদি সে পক্ষে টেকটাদি বা হত্তামি ভাষায় সকলের অপেক্ষা কার্য্য স্থসিক্ষ হয় তবে তাহাই ব্যবহার করিবে। যদি ভদ্পোক্ষা

বিদ্যাসাগর বা ভূদেব কাব্ প্রদর্শিত সংস্কৃতবহুল ভাষায় ভাবের অধিক স্পষ্টতা এবং সৌন্দর্য্য হয়, তবে সামাগ্য ভাষা ছাড়িয়া সেই ভাষার আশ্রয় লইবে। যদি তাহাতেও কার্য্য সিদ্ধ না হয়, আরও উপরে উঠিবে; প্রয়োজন হইলে তাহাতেও আপত্তি নাই। নিম্প্রয়োজনেই আপত্তি। বলিবার কথা গুলি পরিস্কৃট করিয়া বলিতে হইবে—যতটুকু বলিবার আছে সবটুকু বলিবে—তজ্জ্যু ইংরেজি, কার্সি, আরবি, সংস্কৃত, গ্রাম্য, বহু, যে ভাষার শব্দ প্রয়োজন, তাহা গ্রহণ করিবে, অল্লীল ভিন্ন কাহাকেও ছাড়িবে না; তারপর সেই রচনাকে সৌন্দর্য্যবিশিষ্ট করিবে—কেন না যাহা অস্কুন্দর, মনুষ্যচিত্তের উপরে তাহার শক্তি অল্ল। এই উদ্দেশ্যগুলি যাহাতে সরল প্রচলিত ভাষায সিদ্ধ হয়, সেই চেষ্টা দেখিবে। লেখক যদি লিখিতে জ্বানেন, তবে সে চেষ্টা প্রায় সফল হইবে। আমরা দেখিয়াছি সরল প্রচলিত ভাষা অনেক বিষয়ে সংস্কৃতবহুল ভাষার অপেক্ষা শক্তিমতী। কিন্তু যদি সে সরল প্রচলিত ভাষায় সে উদ্দেশ্য সিদ্ধ ন। হয়, তবে কাজে কাজেই সংস্কৃতবহুল ভাষার আশ্রয় লইতে হইবে। প্রয়োজন ইইলে নিঃসক্ষোচে সে আশ্রয় লইবে।

ইহাই আমাদের বিবেচনায় বাঙ্গালা রচনাব উৎকৃষ্ট রীতি। নব্য ও প্রাচীন উভয় সম্প্রদায়ের পরামর্শ ভাগে করিয়া, এই রীতি অবলম্বন করিলে, আমাদিগের বিবেচনায় ভাষা শক্তিশালিনী, শক্তৈশ্বর্যো পুষ্টা, এবং সাহিত্যালম্বারে বিভূষিতা হইবে।



মরা স্ববিজ্ঞান প্রস্তাবে সঙ্গীতশাস্ত্র অনুসাবে স্ববসাধন প্রণালী সমুদয় লিপিবদ্ধ কবিয়াছি। এক্ষণে এই প্রস্তাবে রাগবাগিণী সম্বন্ধে স্থূল স্থূল বিবরণ লিখিতে প্রবৃত্ত হইলাম।

গীত, বাছা, নৃতা, এই তিনেব নাম সংগীত। তম্মধাে গীত প্রধান। প্রথমােবিধিত গীত বলিতে হইলে তাহাব মূল কাবণ যে নাদ, তাহা না বলিলে বা না
বৃষিলে গীতেব ভাব ও শবীব কোনক্রমেই হাদ্যক্ষম হয না। এই জাভা প্রথমতঃ
নাদ কাহাকে বলে, সংগীত নারায়ণ তাহাব নিরপণ করিতেছেন—

তত্র প্রথমোন্দিইস্থ গীতস্থ বক্ষ্যমাণ হাল্লাদং বিনা তদমুপপত্তে: প্রথমং তমে-বাহ ততক্তা—

> আছা: বিবক্ষাণোচ্যা মনা প্রেরছতেমনা। নেহস্থা ব্রিমাহস্তি দ প্রেরছতি মাক্তাং। ইত্যাদি।

শরীরসংস্থান ও শারীবিক পদার্থ বলা হইয়াছে। তন্মধ্যে আছা একটি বৃত্তন্ত্র পদার্থ। সেই আয়ার ইচ্ছা নামক এক গুণ আছে। আয়ার সে গুণের উদ্ভব হয়, তথন, সেই ইচ্ছা প্রথমতঃ মনকে সঞ্চালিত করে, (মনের চেষ্টা হয়) মন দেহস্থ তেজকে সঞ্চালিত করে, তেজ দৈহিক বায়ুকে, প্রেরণ করে। সুভরাং নাভিস্থানের আকাশে অর্থাং অবকাশময়স্থানে প্রাণ বায়ু ও জাঠরান্ত্রির সংঘর্ষ উপস্থিত হইলে তত্রতা নাড়ীকলাপ কম্পিত হইয়া কোনও না কোনও শব্দের উৎপত্তি করে। সেই উৎপন্ন শব্দটিকে নাদ বলে। এ নাদ কভকগুলি স্থাধ্বনির সমষ্টি মাত্র। তাহার প্রত্যেক স্থাধ্ব কনিগুলির নাম ক্রান্তি। ক্রান্তি ২২টির অতিরিক্ত নহে।

সা, রি, গ, ম, প, ধ, নি, এই স্বরের উৎপত্তি, পরিমাণ, কাল প্রভৃতির জান জন্মান শ্রুতির ফল, অর্থাৎ কার্য্য। প্রুতি ৭টি স্বরের উপাদান কারণ কথা—
"বড়্জাদিক পরিজ্ঞানং শ্রুতিনাং কর্মব্যতং ।" শ্রুতি গুলি শরীরের স্থানবিশেষ হইতে উৎপন্ন হয়। সেই স্থান তিনটি। স্থাদয়, কণ্ঠ, তালু। ২২টি শ্রুতি ক্রেমেই উত্তরোত্তর দ্বিগুণ করিয়া উচ্চ ভাবাপন্ন অর্থাৎ প্রথম শ্রুতি যে পরিমাণে উচ্চ, দ্বিতীয় শ্রুতি তদপেক্ষা দ্বিগুণ যথা—

> শ্রুত্যঃ স্থানসন্ত্তাঃ স্থানানি জীণি তত্ত্বহি। হুৎ কঠঃ শির ইত্যাসাং বিগুণাত্ত্তবোত্তরং ॥

হাদয়, মূর্দ্ধা, ও নাভিসংলগ্ন প্রধানতঃ ২২ নাড়ী আছে। ঐ নাড়ী গুলি কভক বক্র কভক উদ্ধভাবে আছে। এই নাড়ী গুলিই দেহযদ্বের ভার স্বরূপ, দৈহিক বায়্র আঘাত লাগিবামাত্র ঐ সকল নাড়ী কম্পিত হয়, তাহাতেই শ্রুভি-রূপ সৃত্র স্বরাংশের উৎপত্তি হয়, তাহাই ক্রমে স্থুলতা প্রাপ্ত হইয়া স্বররূপে বহির্গত হয়। উদরকন্দর, নাড়ীপথ প্রভৃতি যে অবকাশময় স্থান শরীরাভ্যন্তরেঁ আছে, আর পিত্ত নামক তৈজস পদার্থ শরীরে আছে, এবং শ্বাস প্রশ্বাসাদি ব্যাপার যদ্ধারা সম্পন্ন হইতেছে, সেই বায়ু, আর ঐ পদার্থক্রের বলেই প্রথমতঃ নাদ (সৃত্র অবিকৃত ধ্বনি) জন্মে। পশ্চাৎ সেই নাদ ক্রমশঃ নাভিব উদ্ধে সঞ্চালিত হইয়া ক্রমে হাদয়, কণ্ঠ, মূপ ও গলগহরর দিয়া বহির্গত হয়, তথন তাহা নানাপ্রকার বিষ্পান্ত আকাবে প্রকাশ পায়, যথা—

ক্রমুজনাভিকালয়। নাভ্যো ছাবিংশতিং ভভাং। তাশ্বকালথোছ জা ধ্বনিতেং মক্তাহতাং॥ আকাশাগ্রিমক্জাতে। নাভেরছং সমুচ্চরন্।

इंडापि।

"যোহয় ধ্বনি বিশেষস্থ শ্বর বর্ণ বিভূষিত:।
রঞ্জনা জনচিত্তানাং সুরাগঃ কথিতো বুধৈ:।"

স্বর, বর্ণ ও মৃষ্ট্নাদি ভূষিত করিয়া যে ধ্বনিবিশেষ উচ্চারিত হয়, সেই ধ্বনিবিশেষ জ্বনসাধারণের চিত্তরঞ্জন করে বলিয়া তাহার নাম রাগ।

এই রাগের অঙ্গ অর্ধাৎ কতকগুলি প্রতিপোষক ক্রিয়া ও বস্তু আছে ভাহা রাগাঙ্গ নামে বিখ্যাত। রাগাঙ্গের স্থায় ভাষাঙ্গ, ক্রিয়াঙ্গ ও উপাঙ্গ নামে আরও কতকগুলি বিষয় আছে, তাহার লক্ষণ এই—

রাগচ্ছায়াছুকারিত্বাস্তাগান্ধমিতি কথাতে।

যাহা রাগের ছায়ামুযায়ী তাহাকে রাগাঙ্গ বলে।

ভাষাজ্ঞায়াখ্ৰিতা যেন ভাষাক্ষ তেন কথাতে।

যেহেতু ভাষার ছায়ার আশ্রিত সেই হেতু তাহা ভাষাঙ্গ নামে ক্থিত হয়।

করণোৎসাহ সংযুক্তং ক্রিয়াখং তেন হেতুনা।

করণ ও উৎসাহাদি ক্রিয়াগুলি যাহাতে সংযুক্ত থাকে ভাহাই ক্রিয়াস। কিঞ্জিয়ায়কারিদা ত্পাদমিতি কথাতে। কিঞ্চিৎ অর্থাৎ কোন অংশে ছায়া লাগিলে তাহা উপাঙ্গ ।

এতদ্ভিন্ন কাণ্ডারণা নামক আর একটি ব্যাপার আছে সংস্কৃতে ইহার লক্ষ্ণ
এইরপ—

কাণ্ডারণাতৃ কথিতা তারস্থানের্ শী**ত্রতা।** গমকৈ বিবিধৈযুক্তি। কৌশলেন বিভূষিতা।

ভারস্থানেতে শীঘ্রতা নানাবিধ গমকযুক্ততা সুকৌশলস্থাপিতা হইলে ভাহাকে কাগুরণা বলা যায়।

মতঙ্গমতে রাগ ৩ প্রকার। গুদ্ধ, সালত্ব, এবং সন্ধীর্ণ যথা— গুদ্ধান্থান্থান্য: প্রোক্তা সন্ধীর্ণান্ড তথৈবচ।

কল্লিনাথ ইহার ব্যাখ্যা করিয়ছেন যে, শাস্ত্রোক্ত নিয়মে উচ্চারিত শ্বর
রক্তিজনক হয়, এজত তাহা শুদ্ধ রাগ। অত্যের ছায়াগামা হইয়াও রক্তি জন্মায়
স্থাতরাং তাহা ছায়ালগ রাগ। উভয়ের প্রাধাত্যেও আফুরক্তি জন্মায় স্থাতরাং তাহা
সন্ধার্ণ রাগ যথা—

"তত্ৰ শুদ্ধবাপৰং নাম শাস্ত্ৰোক্ত নিয়মাৎ ব্ৰশ্বং ভৰতি। ছায়ালগৰং নাম অক্তছায়ালগত্বেন বক্তি হেতুৰং ভৰতি। সন্ধান বাপৰং নাম শুদ্ধছায়ালগমুধ্যবেন বক্তিহেতুৰং ভৰতি।

বস্তুত: ওড়ব, ষাড়ব (খাড়ব) ও সম্পূর্ণ এই ত্রিবিধ নাম এক্ষণে প্রচারিত। ৫ স্বরের রাগ ওড়ব। ৬ স্বরের রাগ ষাড়ব। ৭ স্বরের রাগ সম্পূর্ণ। যথা—

> "৬৯বং পঞ্জি: গ্রোক্তং স্থরৈং ষড়্ভিক ষাচ্বং। দুম্পুৰ্ণং সপ্তভি জেমি এবং রাগা স্থিধ। মতাং ॥"

অতএব ৫ স্বরের ন্যুনে রাগ নাই।

মতবিশেষে সাধারণত: ২০টি রাগ প্রধান বা আদিম। 🕮, নট্ট, বঙ্গাল, ভাষ, মধ্যম, ষাড়ব, রক্তহংস, কোহলাস, প্রতব, ভৈরব, মেঘ, সোম, কামোদ, আম, প্রকাম, কন্দর্প, দেশ, ককুভা, কৌশিক, নটু নারায়ণ। যথা—

শ্ৰিরাগনটো বলালো ভাষ মধ্যম বাড়বো।
রক্তহংসক কোলোসং প্রভবোটভরবো ধ্বনিং।
মেঘরাগং সোমরাগ কামোবোঁচাত্র পঞ্চমং।
স্থাভাং কন্দর্প দেশাখ্যো বাক্তান্তক কৌনিকং।
নট্টনারায়ণকেতি রাগা বিংশতি রীরিভাঃ।"

এই কাণ্ডারণা নামক গানাখটি অতি পুরাতন কালে ছিল না বলিয়াই বােধ হয়।
কেন না সংসীতের অংশবােধক যত শব্দ (প্রাচীন) পাওয়া যায় ভক্মধ্যে এই শব্দ বা এভদর্বের
অন্ত কোন শব্দ পাওয়া যায় না। ইহাতে বােধ হয় ইহা সংগীতর্ত্বাক্রাফি প্রত্যোৎপত্তির
কিঞ্চিৎ পূর্ববর্ত্তী। মুসলমানেরা এই কাণ্ডারণাকে বড় ভালবাসেন।

প্রাচীনমতের প্রধান ছয় রাগ। প্রীরাগ (১) বসস্ত (২) ভৈরব (৩) পুঞ্চম (৪) মেঘরাগ (৫) বৃহন্নট (৬) পুরুষজাতীয় বলিয়া বর্ণিত আছে, যথা—

শ্রীরাগোহপ বসস্তক্ত ভৈরবঃ পঞ্চম তথা। মেঘরাগো বৃহষ্কটঃ বড়েতে পুরুষাহবদাঃ।

রাগিণী অর্থাৎ রাগভার্য্যা। রাগের অমুগত, স্ত্রীভাবান্বিত ও স্ত্রীজাতির স্থায় কোমলা বলিয়াই রাগভার্য্যা বা রাগিণী নাম দেওয়া হইয়াছে। তদ্কির রাগ নামক কোন প্রাণী নাই স্বতরাং তাহার পত্নীও নাই।

> "মানত্রী ত্রিবলী গৌরী কেদারী মধু মাধবী। ততঃ পাহাড়িকা ক্রেয়া জীরাগত বরাষণা।"

মালক্রী, ত্রিবেণী বা ত্রিবেণী, গোরী, কেদারী, মধুমাধবী, পাহাড়িকা,—
ইহারা জ্রীরাগের ভার্যা।

''দেশী দেবগিরী চৈব বরাটী ভোড়িকা'তথা। ললিভা চাহধ হিন্দোলী বসস্কল্প বরাক্ষণ। ॥"

দেশী, দেবগিবি, বরাটী, ভোড়ী, ললিভা, হিন্দোলী, ইহারা বসস্তরাগের ভার্যা।

> ''ভৈরবী গুৰ্জনী রামকিরী গুণকিরি তথা। বালালী বৈশ্ববী চৈব ভৈরবদ্য বরাল্যা।''

ভৈরবী, শুর্জ্জরা, রামকিরী, গুণকিরী, বাঙ্গালী, স্বৈদ্ধবী, ইহারা ভৈরব রাগের স্ত্রী।

> "বিভাষীচাধ ভূপানী কর্ণাটী বড় হংসিকা। ভালবী (বা মালবী) পটমঞ্জা সহৈতাঃ পঞ্চমান্দনাঃ ॥"

বিভাষী, ভূপালী, কর্ণাটী, বড়হংসিকা, (বড়ারী) ভালবী, (বা মালবী) পটমঞ্চরী, ইহারা পঞ্চম রাগের স্ত্রী।

''মলারী সৌরটী চৈব সাবেরী কৌশিকী তথা। সাভারী হরশুভারী মেঘরাগন্য যোবিত: ।''

মলারী, সৌরটী, সাবেরী, কৌশিকী, গান্ধারী, হরশৃঙ্গারী, ইহারা মেবের, ভার্য্যা।

"কামোদা চৈব কল্যাণী আভীর। নাটকা তথা। সারজী নইহ্খীরা, নইনারায়ণাখনা ॥" कारमानी, कलाानी, व्यानिती, नांगिका, সারঙ্গী, नांग्रेट्यीता,—हेराता—नांग्रे-नांतायरपत खी।

এই ७७ तानिनी।

শ্রীরামদাস সেন।



্রতাশিক্ষিত চরিত। কলিকাতা ১২৮৫।

পাজি কালি বাঙ্গালা দেশে শিরোরোগ কিছু প্রবল হইয়া উঠিতেছে।
পাজিতেরা পূর্বের আঁচড়াইত, কামড়াইত, নাচিত, গায়িত। আধুনিক বাঙ্গালাসাহিত্য দেখিয়া বোধ হয় অনেক পীড়াগ্রান্ত বাজির সে সকল লক্ষণেব পরিবর্ত্তে
পুস্তক প্রণয়নই বোগের লক্ষণ দাড়াইয়াছে। আমবা স্থানিক্ষিত চরিত পড়িয়া, কি
বলিব ভাবিয়াই স্থির কবিতে পাবি নাই। প্রথম, টাইটেল পেজে দেখিলাম
"পাবনান্থর্গত মালকাঁনিবাসীনাম্ শ্রীমধৃস্দন সবকারস্থ প্রণীত প্রকাশিতঞ্চু"
পড়িয়া আমবা কিছুক্ষণ ভাবিলাম যে শ্রীমধৃস্দন সরকার মহাশয় একবাজি না
বছবাজি ! "নিবাসীনাম্" দেখিয়া স্থিব কবিলাম যে তিনি একবাজি নয়—বছ
বাজি ৷ তান পর দেখি—"সবকারস্থা।" তবে ত তিনি একবাজি বটে। ইহার
একপ্রকার সিদ্ধান্ত কবিতে পারিলাম—ব্রিলাম যে তিনি একাই এক সহস্র।
কিন্তু "সরকারস্থা প্রণীতঃ" যে কি সামগ্রী তাহা কিছুতেই ব্রিতে পারিলাম্ না।
"সরকারেণ প্রণীতঃ" অর্থ লোকে জানে—কিন্তু "সরকারস্থা প্রণীতঃ" সামগ্রীটা কি !
আমরাও একটু সংক্ষেক্ডি ঝাড়িব। আমাদিগের পরামর্শ শ্রীমধৃস্দন সরকার
মহাশয়ং একটু একটুং মধ্যমনারায়ণ তৈলং সেবনং করিবেনং।

এই ত গেল টাইটেল পেজ। তার পর বিজ্ঞাপন। সে অতি আশ্চর্য্য ব্যাপার। উদ্ধৃত না করিলে তাহার মহিমা কেহ বুঝিতে পারিবেন না— "সম্প্রতি স্থাণিক্ষিত চরিত এবং সৌদামিনী প্রাণয়িনী বিরহতাপ।

এই গৃইখান পুত্তক মূজান্ধন হইল। অতিশীত্র জ্ঞানতরঙ্গিশী নায়ী একখান পুত্তক মূজান্ধন হইবে। ভো ভো পণ্ডিতপ্রবরগণ এই সুশিক্ষিত চরিত একরাঞ্ব বঙ্গবিদ্যালয়ের পাঠোপযোগী তাহার সন্দেহ নাই। এই পুত্তকখান বঙ্গবিদ্যালয়ের পাঠোপযোগী করিয়া আমাকে উৎসাহ প্রদান করিলে আমি ক্রেমশঃ নানাবিষয়ক গ্রন্থ মূজান্ধন করিব। এই কয়েকখান গ্রন্থের আবশুক হইলে জেলা পাবনার

অন্তর্গত মালক্ষী গ্রামে আমার নিকট পত্র প্রের্ণ করিলে অনায়াসে পাইতে পারিবেন।"

এই সুশিক্ষিত চরিত একরপ বঙ্গবিভালয়ের পাঠোপধোগী, তাহার সন্দেহ নাই। বঙ্গদেশে গঞ্জিকালয় এবং শুণ্ডিকালয় বলিয়া যে সকল চতুষ্পাঠী আছে, সেই সকল মহাবিভালয়ে এই গ্রন্থ বডই আদৃত হইবে। গ্রন্থকার ভয় দেখাইয়া-ছেন যে ক্রমশঃ নানাবিধ গ্রন্থ মুদ্রান্ধন করিবেন। আমরা ভয় পাই না। আমরা সাহস করিয়া বলিতে পারি, তিনি যত গ্রন্থ লিখিবেন, সকলই গঞ্জিকালয়ে চলিতে পারিবে।

বিজ্ঞাপনের পর একটা সংস্কৃত শ্লোক। মধুস্দনসরকারি সংস্কৃত, তার পর আবার অস্থার্থ:, তার পর হঠাৎ "অন্ধদা সতী অমিত্রাক্ষব প্রবন্ধ।" কবিস্থ, প্রথমের ছই চারি ছত্রেই বৃঝিতে পারিবেন।

েই মাত ভূবনময়ী জীবনদায়িনী, তব'গুণচয় শ্বরি কুধার্ত্ত জঠর ।"

পড়িয়াই বুঝা গেল, শ্রীমধ্স্দন সরকারস্ত ক্ষ্পা পাইয়াছে, মাত ভ্রনময়ীকে ভ্রুক্ণ করিবেন। তার পবেই—

"নীতেনিল পুনকিল তত্ব মন প্রাণ। শিহরিল তত্ব রোম ভরিল জঠর।"

দেখা যাইতেছে ক্ষ্ণা পাইবামাত্রেই সরকার মহাশয় ভ্বনময়ীকে ভোজন করিয়াছেন। নহিলে তথনি জঠর ভরিবে কেন।

এই সুশিক্ষিত-চরিত এইরপ আগাগোড়া পাগলামি। মধ্যে মধ্যে অল্পীলভা এবং কর্দহা রুচির পরিচয়। বাস্তবিক এই প্রস্থ সমালোচন করিয়া আমরা বঙ্গ-দর্শন কর্মিত করিতাম না। সমালোচন করার উদ্দেশ্য এই যে আমরা পাঠককে দেখাইলাম যে যাহারা আদে পাঠশালায় যায় নাই, ভাহারাও একণে প্রস্থ লিখিভেছে। ইহার পর আর বাঙ্গালাসাহিত্যের শোচনীয় অবস্থা কি হইভে পারে। নহিলে মধুস্দন সরকারস্ত পৃষ্ঠদেশ বঙ্গদর্শনের বেত্রাঘাভের যোগ্য নহে।

নিশী। অধরদাল সেন বিরচিত। এই নবা গ্রন্থকার দলিতা সুন্দরী প্রভৃতি কয়েকথানি কুজ কাব্য প্রণয়ন করিয়াছেন। ইনি সুইবার্ণএর উপাসক। ইহার কবিতা সুমধ্র। অনেক হলে কবিছের উচ্ছাসে পরিপূর্ণ—কিন্তু বড় এক খেয়ে। কয়েক ছত্র উদ্ধৃত করিতেছি। "চিরিয়ে জক্ষণ বুক তরক শোণিতে মদিরা, করিয়ে, প্রিয়ে, দিতাম তোমারে; সাধের বাসনা গুলে' অতুক অমৃতে জুড়াতেম তো'রে ভালবাসিলে আমারে।

ভালবাসা দিলে
হুবেতে রাখিতে, প্রিয়ে, হুখেতে থাকিতে—
ছুই দেহে একচিতে, একদেহ হুই চিতে,
ছুলিতে কুহুমলতা আনন্দ অনিলে,
শুধু ভালবাসা দিলে।

বসত্তে বাতাস নাই, নাহিক কোকিল, শরদে শশাহ নাই, নাহিক নীরদ, জগতে মান্তব নাই, নাহিক অনিল, বৌবনে প্রণয় নাই, নাহিক স্থবদ।

কাতর হৃদয়
ফিরে ফিরে চেয়ে দেখে, কোথা ভালবাদা,
কোথা জনমের আশা, অমিয় সাগরে ভাসা
এই কি রে সেই নয় চক্রমা উদয় ?
সেই ভালবাদা নয় ?

আন আশারজ্ কর হাদয় মছন, অমৃত-সাগরে হ'ক গরল-উদ্ভব, আন্তনে বিরাগে মিশে যা'ক ত্রিভূবন, অলে যা'ক পুড়ে যাক, ছার হ'ক সব।

তবু নাহি পা'বে—
ভালবাসা হথ আশা পাইবার নয়!
অর্থ নাই, শব্দ নাই, হ্রথ নাই, আশামন্ত,
ধ্বিয়ে প্রিয়ে শুধু হৃদন্তে হারা'বে,
কেন হৃদন্তে আলা'বে ?"

টক্সিকোলজিকাল চার্ট। অর্থাৎ ধাতৃঘটিভ, ঔদ্ভিদিক ও প্রাণিঘটিভ বিষ ধাইলে যে যে লক্ষণ উপস্থিত হয়, এবং নিশ্বাস বন্ধ (জলে ডুবা, প্রাণনাশক বায়ু কড় ক শ্বাসরোধ, বজাঘাত, উৎক্ষন, শ্বাসবিহীন সম্প্রপ্রত সন্থান, অভিশয় শীক্ত ও অভিশয় গ্রীম বা লু) জন্ম অস্বাস্থা, তাহার বিবরণ এবং তাহার নানাবিধ প্রভি-কারের ব্যবস্থা। কলিকাতা মেডিকাল কালেজের গ্রাজুয়েট ক্রীহরিশ্চক্র শর্মা কৃত। ইহা গৃহীগণের পক্ষে নিভাস্ত প্রয়োজনীয় । আমরা ইহা হইতে জলে ভুবার চিকিৎসা উদ্ধৃত করিতেছি, পাঠক ভাহাতেই বৃক্তিতে পারিবেন।

"জল যে প্রকার অগ্নিনির্বাণ করে, সেই প্রকার প্রাণও নত্ত করে। বায়্
বন্ধ হয় বলিয়াই জলে ড্বিলে জীবের প্রাণ সংশয় হয়। রোগীকে জল হইডে
তুলিয়া যাহাতে বায়ু গ্রহণ করিতে পারে অর্থাৎ যাহাতে তাহার ফুস্ ফুস্ মধ্যে
বায়ু প্রবেশ করে এ প্রকার উপায় অবলম্বন করিতে হইবে। যে পর্যান্ত শরীরে
উষ্ণতা থাকে এবং অঙ্গ প্রতাঙ্গাদি শিথিল থাকে সে পর্যান্ত ফুস্ ফুস্ মধ্যে বায়্
প্রবেশ করাইতে সাধ্যামুসারে চেষ্টা করিবে। সমস্ত জল মুখ দিয়া বাহির করিবে।
মুখের লালা বাহির কবিবে। পরে পিঠে ও গলায় চাপ দিবে। ছই নাক বন্ধ
করিবে। এবং মুখে মুখ লাগাইয়া ফুঁ দিবে যদি কামাবেব জাঁতা পাওয়া যায়
তবে মুখ এবং এক নাক বন্ধ করিয়া এক নাকের মধ্যে জাঁতার নল প্রবেশ করাইয়া
বাতাস দিবে। পবে জাঁতার নল খুলিয়া সে নাক বন্ধ করিয়া অপর নাকের
মধ্যে জাঁতাব নল প্রবেশ কবাইয়া বাতাস দিবে পিঠ এবং গলার বায়্নালী আন্তে
আন্তে চাপিতে থাকিবে।

ফুস্ফুস্ বাযুতে পরিপূর্ণ হইলে বুকের উপরে চাপিয়া কতক বায়ু বুক হইতে বাহির করিয়া দিবে। পুনরায় ফুস্ফুস্ পূর্ব্বমত বায়ু পরিপূর্ণ করিবে, এবং পরে পূর্ব্বমত বুক চাপিয়া বায়ু বাহির করিয়া দিবে, ইহাতে স্বাভাবিক নিশ্বাস প্রশাস অমুকরণ করা হয়। রোগীকে বার আনা উপুড় করিয়া শয়ন করাইবে। পরে চিত করিয়া শয়ন করাইবে। এইপ্রকার এক মিনিটে ২০ বার করিবে। কিম্বা মস্তকের উপরে ছই হাত তুলিবে। পরে ছই হাত একস্থানে সংলগ্ন হইলে নীচে নামাইবে, বুকের উপর নিয়ম মত চাপিবে। এ প্রকার এক মিনিটে ২০ বার করিবে। ইহাতে স্বাভাবিক নিশ্বাস প্রশ্বাস অমুকরণ করা হইবে। গলায় কোন বন্ধনি থাকিলে তাহা তকাৎ করিবে। ভিজ্ঞা কাপড় ছাড়াও, গা পুঁছিয়া দাও, গায়ে উত্তাপ দিয়া গা গরম কর। স্থানান্তরে লইতে হইলে তক্তপোষের উপরে মাথা উচ্চ করিয়া লইয়া যাইবে। বায়ুনালী অবক্লছ হইনে নল চালাইয়া ফুস্ফুসে বায়ু প্রবেশ করাইবে। অমুজান বায়ু অর্থাৎ অক্সিজেন্ গ্যাস প্রবেশ করাইতে পারিলে ভাল হয়।

উত্তেজক ঔষধ সেবন বিধেয়। গিলিতে না পারিলে নল ছারা ঔষধ দিবে। রাইচুর্ণ, লবণ বা ব্রাণ্ডী জলে মিশাইয়া পিচকারী দিবে। .বুকের দক্ষিণে রক্ত ভার ক্ষরিলে সাবধান পূর্বক রক্ত মোক্ষণে উপকার হইবে। কিন্তু এদেশের লোকের পক্ষে রক্তমোক্ষণ প্রায় সভতই অপকারী হয়। গ্যাল্ভ্যানিক্ ব্যাটারি ছারা ভাড়িতশক্তি বুকে চালাইবে। কোন উপায়ে কুসকুসে বাতাস প্রবেশ করাইতে

না পারিলে ট্রেকিয়া অর্থাৎ বার্নালীর নিচে কাটিয়া দিবে। ইহাতে চিকিৎসকের আবশ্যক।"

এই চার্ট সকলের ঘরে ঝুলান থাকা উচিত। ইহা কাপড় মোড়া ও কাঠের ফেম দেওয়া পাওয়া যায়। মৃল্য ১॥॰ টাকা মাত্র।



षाप्त शतिराष्ट्रप

শিকলাল তখনই রূপনগরে ফিরিয়া আসিল। তথন সন্ধ্যা উত্তীর্ণ হইয়াছে।
রূপনগরের বাজাবে গিয়া মাণিকলাল দেখিল যে বাজার অত্যন্ত
শোভাময়। দোকানের শত শত প্রদীপেব শোভায় বাজার আলোকময় হইয়াছে
—নানাবিধ খাছদ্রব্য উজ্জলবর্ণে রসনা আকুলিত কবিতেছে—পুষ্প, পুষ্পমালা,
ধরে ধরে নয়নবঞ্জিত, এবং আণে মন মৃদ্ধ কবিতেছে। মাণিকের উদ্দেশ্য অশ্ব
ও অন্ত্র সংগ্রহ করা, কিন্তু তাই বলিয়া আপন উদবকে বঞ্চনা কবা মাণিকলালের
অভিপ্রায় ছিল না। মাণিক গিয়া কিছু মিঠাই কিনিয়া খাইতে আরম্ভ করিল।
সের পাঁচ ছয় ভোজন করিয়া মাণিক দেড় সের জল খাইল। এবং দোকানদারকে
উচিত মূল্য দান করিয়া তামুলের দোকানে তামুলায়েষণে গেল।

দেখিল একটা পানের দোকানে বড় জাক। দেখিল দোকানে বছসংখ্যক
দীপ বিচিত্র কান্ত্রসমধ্য হইতে স্লিগ্ধ জ্যোতিঃ বিকীর্ণ করিতেছে। দেওয়ালে নানা
বর্ণের কাগজ মোড়া—নানা প্রকার বাহারের ছবি লট্কান—তবে চিত্রগুলি একটু
বেশীমাত্রায় রঙ্গদার। মধ্য স্থানে কোমল গালিচায় বসিয়া—দোকানের অধিকারিশী
ভাস্থলবিক্রেত্রী—বয়সে ত্রিশের উপর, কিন্তু ক্রপা নতে। বর্ণ গৌর; চঙ্গু বড় বড়,
চাহনি বড় কোমল, হাসি বড় রঙ্গদার—সে হাসি অনিন্দ্য দন্তুশ্রেশী মধ্যে সর্ব্রদাই
ধেলিতেছে—হাসির সঙ্গে সর্ব্রালহার ছলিতেছে—অলহার কতক পিতল কতক
সোণা—কিন্তু সুগঠন এবং সুলোভন। মাণিকলাল, দেখিয়া শুনিয়া পান চাছিল।

পানওয়ালী স্বয়ং পান বেচে না—সম্মুখে একজন দ্বাসীতে পান সাজিতেছে *ও বেচিতেছে—পানওয়ালী কেবল পয়সা কুড়াইতেছে—এবং মিষ্ট হাসিডেছে।

দাসী একজন পান সাজিয়া দিল; মাণিকলাল ডবল দাম দিল। আবার পান চাহিল। যতক্ষণ পান সাজা হইতেছিল, ততক্ষণ মাণিক পানওয়ালীর সক্তে হাসিয়া হাসিয়া হুই একটা মিষ্ট কথা কহিতে লাগিল; পানওয়ালীর রূপের প্রশংসা করিলে, পাছে সে কিছু মন্দ ভাবে, এ জক্ম প্রথমে তাহার দোকান সজ্জা ও অলম্ভার গুলির প্রশংসা করিতে লাগিল। পানওয়ালীও একটু ভিজিল। পানওয়ালী মিঠে পানের সঙ্গে মিঠে কথা বেচিতে আরম্ভ করিল। মাণিকলাল তখন দোকানে উঠিয়া বসিয়া পান চিবাইতে চিবাইতে পানওয়ালীর হঁকা কাড়িয়া লইয়া, টানিতে আরম্ভ করিল। এদিকে মাণিকলাল পান খাইয়া দোকানের মশলা ফুরাইয়া দিল। দাসী মশালা আনিতে অক্স দোকানে গেল। সেই অবসরে মাণিকলাল পানওয়ালীকে বলিল, "বিবি সাহেব! তুমি বড় চতুরা। আমি একটি চতুরা জীলোক খুঁজিতেছিলাম। আমার একটি ছ্যমন্ আছে—তাহাকে একটু জব্দ কবিব ইচ্ছা। কি করিতে হইবে তাহা তোমাকে বুঝাইয়া বলিতেছি। তুমি যদি আমার সহায়তা কর, তবে এক আশর্ফি পুরস্কার করিব।

পান। কি কবিতে হইবে।

মাণিক চুপি চুপি কি বলিল। পানওয়ালী বড় রঙ্গপ্রিয়া—তৎক্ষণাৎ সন্মত হইল। বলিল আশর্ফির প্রয়োজন নাই—বঙ্গই আমার পুরস্কার।

মাণিকলাল তখন দোয়াত, কলম, কাগজ চাহিল, দাসী তাহা নিকটস্থ বেণিয়ার দোকান হইতে আনিয়া দিল। পানওয়ালীর সঙ্গে পরামর্শ করিয়া এক পত্র লিখিল, "হে প্রাণনাথ! তুমি যখন নগব ভ্রমণে আসিয়াছিলে, আমি তোমাকে দেখিয়া অতিশয় মৃগ্ধ হইয়াছিলাম। তোমাব একবাব দেখা না পাইলে আমার প্রাণ যাইবে। শুনিতেছি তোমবা কাল চলিয়া যাইবে—অতএব আজ একবার অবশ্য অবশ্য আমায় দেখা দিবে। নহিলে আমি গলায় ছুবি দিব। যে পত্র লইয়া যাইতেছে—তাহার সঙ্গে আসিও—সে পথ দেখাইয়া লইয়া আসিবে।".

পত্র লেখা হইলে মাণিকলাল শিরোনামা দিল, "মহম্মদ খাঁ।" পানওয়ালী জিজ্ঞাসা করিল "কে ও ব্যক্তি ?"

মা। একজন মোগল সওয়ার।

বাস্তবিক, মাণিকলাল মোগলদিগের মধ্যে একজনকেও চিনিত না। কিন্তু অভিপ্রায়, এই পত্রে লুব্ধ করিয়া কোন একজন মোগলের নিকট হইতে তাহার অক্রাদি সংগ্রহ করিবে। কিন্তু নিজ নাম শিরোনামায় না দেখিলে কোন মোগলই কাঁদে যে পা দিবে না, তাহা মাণিক বিলক্ষণ বুঝিয়াছিল। অথচ কাহারও নাম জানে না। সে মনে ভাবিল, ছই হাজার মোগলের মধ্যে অবশ্য একজন মহম্মদ আছেই আছে—আর সকল মোগলই "ধাঁ"। অভএব সাহস করিয়া। "মহম্মদ খাঁ" লিখিল; পত্র লেখা হইলে মাণিকলাল বলিল, "ভাহাকে এইখানে আনিব।"

পানওয়ালী বলিল, "এ ঘরে হইবে না। আর একটা ঘরভাড়া লইডে হইবে।"

তখনই ছুইজনে বাজারে গিয়া আর একটা ঘর লইল। পানওয়ালী মোগলের অভ্যর্থনা জ্বন্থ তাহা সজ্জ্বিত্ববে প্রস্তুত হইল—মাণিকলাল পত্র লইয়া মুসলমান শিবিরে উপস্থিত হইল। শিবিরমধ্যে মহাগোলযোগ—কোন শৃথালা নাই—নিয়ম নাই। তাহার ভিতরে বাজার বসিয়া গিয়াছে—রঙ্গ তামাসা রোসনাইয়ের ধুম লাগিয়াছে। মাণিকলাল মোগল দেখিলেই জিজ্ঞাসা করে, "মহম্মদ খাঁ কে মহাশয় ? তাহার নামে পত্র আছে।" কেহ উত্তর দেয় না—কেহ গালি দেয়;
—কেহ বলে চিনি না—কেহ বলে খুঁজিয়া লও। শেষ একজন মোগল বলিল, "মহম্মদ খাঁকে চিনি না, কিন্তু আমার নাম মুর মহম্মদ খাঁ। পত্র দেখি—দেখিলে বৃঞ্বিতে পারিব পত্র আমার কি না ?"

মাণিকলাল আনন্দচিত্তে তাহাব হস্তে পত্র দিল— মনে জানে, মোগল যেই হউক, ফাদে পড়িবে। মোগ্যলও ভাবিল—পত্র যারই হউক, আমি কেন এই স্থবিধাতে বিবিটাকে দেখিয়া আসি না। প্রকাশ্যে বলিল, হাঁ পত্র আমারই বটে। চল, আমি তোমাব সঙ্গে যাইতেছি। এই বলিয়া মোগল তামু মধ্যে প্রবেশ করিয়া চুল কাঁচড়াইয়া গন্ধ দ্ব্য মাখিয়া পোষাক পবিয়া বাহির হইল। বাহির হইয়া জিজ্ঞাসা করিল, "এরে ভূতা, সে স্থান কতদূব।"

মাণিকলাল যোড়হাত কবিয়া বলিল "হুজুর, অনেক দূর! ঘোড়ায় গেলে ভাল হইত।"

"বহুত আচ্ছা" বলিয়া বাঁ সাহেব ঘোড়া বাহির করিয়া চড়িতে যান, এমত সময়ে মাণিকলাল আবার যোড়হাত করিয়া বলিল, "হজুর! বড় ঘরের কথা— হাতিয়ার বন্দ হইয়া গেলেই ভাল হয়।"

নৃতন নাগর ভাবিলেন, সে ভাল কথা— জ্বলী জোয়ান আমি; হাজিয়ার ছাড়া কেন যাইব। তথন অঙ্গে হাতিয়ার বাঁধিয়া তিনি অশ্বপৃষ্ঠে আরোহণ করিলেন।

নির্দিষ্ট স্থানে উপনীত হইয়া মাণিকলাল বলিল, "এই স্থানে উতারিতে হইবে। আমি আপনার ঘোড়া ধরিতেছি, আপনি গৃহমধ্যে প্রবেশ করুন।"

থা সাহেব নামিলেন—মাণিকলাল ঘোড়া ধরিয়া রহিল। খা বাহাছর সশত্তে গৃহ মধ্যে প্রবেশ করিতেছিলেন, পরে মনে পড়িল যে হাভিয়ার ফল হইয়া রফ্নী সম্ভাবণে যাওয়া বড় ভাল দেখায় না। ফিরিয়া আসিয়া মাণিকলালের কাছে অন্তওলিও রাখিয়া গেলেন। মাণিকলালের আরও স্থবিধা হইল।

শৃষ্ট মধ্যে প্রবেশ করিয়া খাঁ সাহেব দেখিলেন যে, তক্তপোষের উপর উত্তম শ্যা; তাহার উপর স্থলরী বসিয়া আছে—আতর গোলাবের সোগদ্ধে ঘর আমোদিত হইয়াছে—চারিদিকে ফুল বিকীর্ণ হইয়াছে। এবং সম্মুখে আলবোলায় স্থান্ধি তামাকু প্রস্তুত আছে।—খাঁ সাহেব, জুতা খুলিয়া, তক্তপোষে বসিলেন, বিবিকে মিষ্ট বচনে সম্ভাষণ করিলেন—পরে পোষাকটি খুলিয়া রাখিয়া, ফুলের পাখা হাতে লইয়া বাতাস খাইতে আরম্ভ করিলেন, এবং আলবোলার নল মুখে পুরিয়া সুখের আবেশে টান দিতে লাগিলেন। বিবিও তাঁহাকে ছই চারিটা গাঢ় প্রণয়ের কথা বলিয়া একেবারে মোহিত করিল।

অন্ধদণ্ড হইতে না হইতে মাণিকলাল আসিয়া দ্বারে ঘা মারিল। বিবি বলিল, "কেও ?"

মাণিকলাল বিকৃত স্বরে বলিল, "আমি।"

তখন চতুরা রমণী অতি ভীতকঠে খাঁ সাহেবকে বলিল, "সর্বনাশ হইয়াছে—আমার স্বামী আসিয়াছেন—মনে করিয়াছিলাম—তিনি আজ আসিবেন না। তুমি এই তক্তপোষেব নীচে একবার লুকাও। আমি উহাকে বিদায় করিয়া দিতেছি।"

মোগল বলিল, "সেকি ? মরদ হইয়া ভয়ে লুকাইব ? যে হয় আসুক না ; এখনই কোতল করিব।"

পানওয়ালী জিব কাটিয়া বলিল, "সে কি সর্বনাশ! আমার স্বামীকে মারিয়া ফ্রেলিয়া আমাব অল্পবস্ত্রের পথ বন্ধ করিবে? এই কি তোমাকে ভালবাসার ফল! শীস্ত ভক্তপোষের নীচে যাও। আমি এখনই উহাকে বিদায় ক্রিয়া দিভেছি।"

এদিকে মাণিকলাল পুন: পুন: ছারে করাঘাত করিতেছিল। অগত্যা থাঁ সাহেব তক্তপোষের নীচে গেলেন। মোটা শরীর বড় সহজে প্রবেশ করে না, ছাল চামড়া তুই এক জায়গায় ছি ড়িয়া গেল—কি করে—প্রেমের জন্ম অনেক সহিতে হয়। সে স্থুল মাংসপিও তক্তপোষ তলে বিশ্বস্ত হইলে পর পানওয়ালী আসিয়া ছার খুলিয়া দিল।

ঘরের ভিতর প্রবেশ করিলে পানওয়ালী পূর্ব্ব শিক্ষামত বলিল, "তুমি আবার এলে যে ? আজ আর আসিবে না বলিয়াছিলে যে ?"

मानिकनान भूक्वमञ विकृष्यत्र विनन, "চাविটা क्लिया शियाছि।"

ছুই জনে চাবি খোঁজার ছল করিয়া, খাঁ সাহেবের পরিত্যক্ত পোবাকটি হস্তে লইল। পোবাক লইয়া ছুই জনে বাহিরে চলিয়া আসিয়া, শিকল টানিয়া বাহির হইতে চাবি দিল। খাঁ সাহেব তখন তক্তপোষের নীচে, মুষিকদিগের দংশনযন্ত্রণ। সহা করিতেছিলেন।

তাঁহাকে গৃহ পিঞ্চরে আবদ্ধ করিরা, মাণিকলাল তাঁহার পোষাক পরিল। পরে তাঁহার হাতিয়ারে হাতিয়ারবন্দ হইয়া মুসলমান শিবিরে তাঁহার স্থান লইতে চলিল।

<u>जरग्राम्</u> शतिरम्ब

প্রভাতে মোগল সৈতা সাজিল। রূপনগরের গড়ের সিংহ দার হইতে, উদ্ধীষ কবচ শোভিত; গুদ্দ-শাশ্রুসমন্বিত, অন্ত্রসজ্জাভীষণ, অশ্বারোহীর দল সারি দিল। পাঁচ পাঁচ জন মশ্বারোহী এক এক সারি, সারির পিছু সারি, তার পর আবার সারি, সারি সারি সারি অশ্বারোহীর সারি চলিতেছে, শুমর শ্রেণী সমাকৃল ফুল্লকমল তুল্য ভাহাদেব বদন মগুল সকল শোভিতেছিল। ভাহাদিগের অশ্বশ্রেণী গ্রীবাভঙ্গে স্থল্পর, বল্গা রোধে অধীর, মন্দগমনে ক্রীড়াশীল; অশ্বশ্রেণী, ভাহাদিগের শরীর ভবে হেলিভেছে, ত্লিভেছে, এবং নাচিয়া নাচিয়া চলিভেছে।

চঞ্চলকুমাবী প্রভাতে উঠিযা স্নান করিয়া, রহালকারে ভূষিতা হইলেন।
নির্মাল অলকার পরাইল। চঞ্চল বলিল, "ফুলের মালা পরাও স্থি—আমি
চিতারোহণে যাইতেছি।" প্রবলবেগে প্রবাহমান চক্ষের জল, চক্ষুংপ্রান্তে ক্ষেরৎ
পাঠাইয়া নির্মাল বলিল, "রহালকার পরাই স্থী ভূমি উদয়পুরেশ্বরী হইডে
যাইতেছ।" চঞ্চল বলিল, "পরাও! পরাও। নির্মাল। কুৎসিত হইয়া কেন
মরিব ! রাজার মেয়ে আমি; রাজার মেয়ের মত্ত স্থানর হইয়া মরিব। সৌন্দর্য্যের
মত কোন রাজ্য ! রাজ্য কি বিনা সৌনদর্য্যে শোভা পায় ! পরা।" নির্মাল
অলকার পরাইল, সে কুম্বনিত তর্কবিনিন্দিত কান্তি দেখিয়া কাঁদিল। কিছু
বিলল না। চঞ্চল তথন, নির্মালের গলা ধরিয়া কাঁদিল।

চঞ্চল তার পর বলিল, "নির্মাল! আঁর তোমায় দেখিব না! কেন বিধাতা এমন বিভূত্বনা করিলেন। দেখ কুজ কাঁটার গাছ যেখানে জল্মে সেইখানে থাকে; আমি কেন রূপনগরে থাকিতে পাইলাম না ?"

নির্মাল বলিল, "আমায় আবার দেখিবে। তুমি যেখানে থাক; আমার সঙ্গে আবার দেখা হইবে। আমায় না দেখিলে ভোমার মরা হইবে না; ভোমার না দেখিলে আমার মরা হইবে না।"

চক্ক। আমি দিল্লীর পথে মরিব।

নির্মাল। দিল্লীর পথে তবে আমায় দেখিবে।
চঞ্চল। সে কি নির্মাল ? কি প্রকারে তুমি যাইবে?
নির্মাল কিছু বলিল না। চঞ্চলের গলা ধরিয়া কাঁদিল।

চঞ্চলকুমারী বেশভ্ষা সমাপন করিয়া মহাদেবের মন্দিরে গেলেন। নিত্য ব্রত শিবপূজা ভক্তিভাবে করিলেন। পূজাস্তে বলিলেন, "দেব দেব মহাদেব! মরিতে চলিলাম। কিন্তু জিজ্ঞাসা করি বালিকার মরণে ভোমার এত তুষ্টি কেন? প্রভো! আমি বাঁচিলে কি ভোমার স্থান্টি চলিত না? যদি এতই মনে ছিল, কেন আমাকে রাজার মেয়ে করিয়া সংসারে পাঠাইয়াছিলে?"

মহাদেবের বন্দনা করিয়া চঞ্চলকুমারী মাত্চরণ বন্দনা করিতে গেলেন।
মাতাকে প্রণাম করিয়া চঞ্চল কতই কাঁদিল। পিতার চরণে গিয়া প্রণাম
করিল। পিতাকে প্রণাম করিয়া চঞ্চল কতই কাঁদিল! তার পর একে একে
সখীজনের কাতে, চঞ্চল বিদায গ্রহণ কবিল। সকলে কাঁদিয়া গগুগোল করিল।
চঞ্চল কাহাকে অলক্ষাব, কাহাকে খেলেনা, কাহাকে অর্থ দিয়া পুরস্কৃত করিলেন।
কাহাকে বলিলেন, "কাঁদিও না; আমি আবাব আসিব। কাহাকে বলিলেন,
"কাঁদিও না; দেখিতেচ না, আমি পৃথিবীশ্বরী হইতে যাইতেছি?" কাহাকেও
বলিলেন, "কাঁদিও না—কাঁদিলে যদি হুংখ যাইত; তবে আমি কাঁদিয়া রূপনগরের
পাহাড় ভাসাইভাম।"


• সকলের কাছে বিদায় গ্রহণ করিয়া, চঞ্চলকুমারী শিবিকারোহণে চলিলেন।
এক সহস্র অশ্বারোহী সৈত্য শিবিকার অগ্রে স্থাপিত হইয়াছে; এক সহস্র
পশ্চাতে। রক্কডমণ্ডিত, রত্নপচিত সে শিবিকা, বিচিত্র স্থবর্গ পচিত বস্ত্রে আবৃত
হইয়াছে; আশা সোঁটা লইয়া চোপদার বাক্জালে গ্রাম্যদর্শকবর্গকে কৌতুহলী
করিতেছে। চঞ্চলকুমারী শিবিকায় আরোহণ করিলেন। হুর্গমধ্য হইতে শশ্ব
নিনাদিত হইল; কুসুম ও লাজাবলিতে শিবিকা পরিপূর্ণ হইল; সেনাপতি
চলিবার আজ্ঞা দিলেন; তখন অকস্মাৎ মুক্তপথ তড়াগের জ্বলের স্থায় সেই
অশ্বারোহীশ্রেণী প্রবাহিত হইল; বল্গা দংশিত করিয়া নাচিতে নাচিতে,
অশ্বশ্রেণী চলিল—অশ্বারোহীদিগের অত্ত্রের বঞ্জনা ৰাজিল।

অশ্বারোহীগণ প্রভাত বায় প্রকৃত্ন হইয়া কেছ কেছ গান করিতেছিল।
শিবিকার পশ্চাতেই যে অশ্বারোহীগণ ছিল, তাহার মধ্যে অগ্রবর্ত্তী একজন
গায়িতেছিল—যাহা গায়িতেছিল, তাহার অমুবাদ যথা—

ষারে ভাবি দূরে সে বে সভত নিকটে। প্রাণ পেলে ভবু সে বে রাখিবে শহটে। রাজকুমারীর কর্ণে সে গীত প্রবেশ করিল। তিনি ভাবিলেন, "হায়! যদি শিপাহীর গীত সত্য হইত! রাজকুমারী তখন, রাজসিংহকে ভাবিতেছিলেন। তিনি জ্ঞানিতেন না যে, আঙ্গুল কাটা মাণিকলাল তাঁহার পশ্চাতে এই গীত গাইতেছিল। মাণিকলাল, যত্ন করিয়া শিবিকার পশ্চাতে স্থান গ্রহণ করিয়াছিল।

চতুর্দশ পরিচ্ছেদ

এ দিকে নির্মালকুমারীর বড় গোলমাল বাঁধিল। চঞ্চল ত রত্নখচিত শিবিকারোহণে চলিয়া গেল—আগে পিছে তুই সহত্র কুমারপ্রতিম অশ্বারোহী আল্লার মহিমার শব্দে রূপনগবের পাহাড ধ্বনিত করিয়া চলিল। কিন্তু নির্ম্মলের কাল্লা ত থামে না—একা—একা—একা—শত পৌবজনের মধ্যে চঞ্চল অভাবে নির্মাল বড়ই একা! নির্মাল, উচ্চ গৃহচুড়াব উপরি উঠিয়া দেখিতে লাগিল— দেখিতে লাগিল ক্রোশ পবিমিত অজগব সর্পের স্থায় সেই বৃহৎ অশ্বারোহী সৈনিকশ্রেণী পার্বতাপথে বিস্পিত হইয়া উঠিতেছে, নামিতেছে—প্রভাত সূর্য্য-কিরণে তাহাদিগের উদ্বোধিত উজ্জ্বল বর্ষাফলক সকল জ্বলিতেছে। কতককণ নির্মাল চাহিয়া বহিল। চকু জালা করিতে লাগিল। তখন নির্মাল চকু মুছিয়া, ছাদের উপর হইতে নামিল। নির্মাল একটা কিছু ভাবিয়া ছাদের উপর হইতে নামিয়াছিল। নামিয়া প্রথমে একজন সামাম্যা পরিচারিকাব জীর্ণ মলিনবাস চুরি করিল—তাহার বিনিময়ে আপনার চারুদর্শন পরিধেয় রাখিয়া আ<mark>সিল।</mark> নির্ম্মল সেই জীর্ণ মলিন বাস পরিল ৷—অলঙ্কার সকল খুলিয়া কোধায় লুকাইয়া রাখিল, কেহ দেখিতে পাইল না। সঞ্চিত অর্থ মধ্যে কতিপয় মুদ্রা নির্ম্মল গোপনে সংগ্রহ করিল। কেবল তাহাই লইয়া সেই জীর্ণ মলিনবাসে নির্মাল একাকিনী রাজপুরী হইতে নিজ্ঞান্তা হইল। পরে দৃচপদে অশ্বারোহী সেনা যে পথে গিয়াছে সেই পথে একার্কিনা ভাহাদের অমুবর্ত্তিনী হইল।



কারণ ভেদ

মরা পূর্বেই বলিয়াছি যে, এক একটি কার্য্যের পূর্বের যে এক একটি বস্তু পাকিবে তাহাব কোন নিয়ম নাই। সর্বেত্রই প্রায় অনেকগুলি বস্তু পূর্বে মিলিত হইয়া একটি কার্যা উৎপাদন কবে। যেমন একটি ঘটোৎপত্তির প্রতি মৃত্তিকা, জল, চক্রদণ্ড, পূত্র ও কুন্তুকাবের যত্ন এই সকলেরই পূর্বের থাকা নিতান্ত আবশ্যক, ইহাদেব মধ্যে একটিব অভাব হইলে কখনই ঘট হয় না অতএব ইহারা সকলেই ঘটের কারণ। কিন্তু এই সঙ্গেই ইহাও বক্তব্য যে ইহারা সকলে ঘটের কারণ হইলেও ইহাদের সকলেব সহিত কি ঘটেব সমান সম্বন্ধ ? মৃত্তিকার সহিত ঘটের যেরূপ সম্বন্ধ, দণ্ডের সহিত কি সেইরূপ সম্বন্ধ ? কখনই নয়, স্কুত্রাং ইহারা সাধারণকারণ নামে অভিহিত হইলেও ইহাদের পরস্পরের আবার ভেদ করা কর্ত্ব্য হইতেছে।

এই নিমিত্ত নৈয়ায়িকরা বলেন-

''ভক্ত ত্রৈবিধাম্ পরিকীর্ভিডম্''

"সমবাঘি হেতুঘং, জেষমথাপাসমবাঘি হেতুঘং এবং ভাষনহলৈ ছ তীয় মৃক্তং নিমিত্ত হেতুঘম্।" কারিকাবলী

কারণ তিন প্রকার, প্রথম সমবায়িকারণ, দ্বিতীয় অসমবায়িকারণ, তৃতীয় নিমিন্তকারণ। সমবায়িকারণ—যাহাতে সমবায় সম্বন্ধবিশিষ্ট হইয়া কার্য্য উৎপল্প হয়, অর্থাৎ সমবায় সম্বন্ধে যাহা কার্য্যের অধিকরণ তাহার নাম সমবায়িকারণ (causa materialis) একটা বস্তুর প্রত্যেক অংশকে ঐ বস্তুর সমবায়ী কারণ বলা যায়। যেমন ধন্তকের প্রমাণুদ্য, বস্তুরে স্তুল, স্ত্তের তুলা, ঘটের কপাল,ক

[•] नमवाव नचरबत विवय পূর্বে চীকার উল্লেখ হইরাছে। व्यवस्य व्यवस्थीत, अवाक्यांक्र अवस्थित । अवस्थांक्र नाम नमवाव।

[🕇] क्लारमत्र वर्ष वर्षत्र व्यवस्त, वाश अक्ज कतिया वर्षे क्षक्ष इहेशाह् ।

কপালের মৃত্তিকা। এই সমবায়িকারণের নামান্তর উপাদান। নৈয়ায়িকগণ বলেন জব্য—জব্য, গুণ ও ক্রিয়ার সমবায়িকারণ।*

অসমবায়িকারণ।—সেই সমবায়িকারণের আসন্ধ অর্থাৎ সমবায় সম্বন্ধে অবস্থিত হইয়া যাহা কার্য্য উৎপাদন করে তাহার নাম অসমবায়িকারণ। অসমবায়িকারণের মধ্যে কেহ কেহ কার্য্যের সহিত এক সমবায়িকারণে সমবায় সম্বন্ধে অবস্থিতি করে, কেহ কেহ বা কারণের সহিত এক সমবায়িকারণে সমবায় সম্বন্ধে অবস্থান করে। প্রথম তস্তুসমূহের সংযোপ বস্ত্রের অসমবায়িকারণ, কেননা তম্ভসমূহেব সংযোগ সমবায় সম্বন্ধে তম্ভসমূহে আছে এবং বস্ত্রও সমবায় সম্বন্ধে তল্কসমূহে থাকে, এখন দেখ, তল্কসমূহের সংযোগ বস্ত্ররূপ কার্য্যের সহিত সমবায় সম্বন্ধে তম্ভরূপ সমবায়িকারণে বর্তমান হওয়ায়, তম্ভসমূহের সংযোগ প্রথম অসমবায়িকারণ হইল! এইরূপ কপালঘয়ের সংযোগ ঘটের, এবং পরমাণু-ছয়ের সংযোগ ধমুকের অসমবায়িকারণ। আরও দেখ, যখন একটি ঘট প্রস্তুত হয়, ভখন তাহার সহিত তাহার রূপ, তাহাব পরিমাণ ইত্যাদি সকলই হয়; এরপ বা পরিমাণাদির প্রতি ছটা কারণ প্রথম ঘট, দ্বিভীয় ঘটের অবয়ব (Parts) কপালছয়ের রূপ ও পবিমাণাদি। ঘটের রূপাদির প্রতি ঘট সমবায়ীকারণ, যেহেতু রূপ ও পরিমাণাদি গুণ ঘটে সমবায় সম্বন্ধে বর্ত্তমান থাকে। বিতীয় কপালের রূপ ও পবিমাণাদি ঘটের রূপ ও পরিমাণাদির প্রতি অসমবায়ীকারণ; কারণ, ঘটের রূপ বা পরিমাণাদি স্ব স্ব সমবায়ীকারণ ঘটের সহিত কপালরূপের সমবায়ীকারণ কপালে সমবায় সম্বন্ধে অবস্থিত হয়। এইরূপ ভদ্কর রূপ বল্লের ক্সপের অসমবায়ীকারণ। এই অসমবায়ীকারণের নাশ হইলে কার্য্যের নাশ হয়। ' যেমন কপাল সংযোগের নাশ হইলে ঘটের নাশ হয়, তল্ক সংযোগের নাশ হইলে বস্ত্রের নাশ হয়, পরমাণুদ্ধয়ের সংযোগ নষ্ট হইলে দ্বাণুক নষ্ট হয়। একণে এই আশবা হইতে পারে যে যদি সমবায়ীকারণে সমবায় সম্বন্ধে অবস্থিত হইয়া যে কার্য্যোৎপাদন করে তাহার নাম অসমবায়ীকারণ তবে ভূরীতম্ভ 🕆 সংযোগও वरञ्जब অসমবায়ীকারণ হৌক, কারণ উহা বস্ত্রের সমবায়ীকারণ ভব্ততে বস্ত্রব্রপ

ত্রব্য প্রব্যের সম্বায়িকারণ—ঘটের প্রতি কপাল।
প্রব্যশুণের সম্বায়িকারণ—ঘটের রূপের প্রতিঘট কারণ, কপাল রূপের প্রতি

ক্রব্য ক্রিয়ার সমবায়িকারণ—গমনাদির।

† ভূরী শব্দের অর্থ মাকু, বাহাতে হুত্ত ভড়িত থাকে, ভঙ্ক শব্দের অর্থ হুত্ত।

কার্য্যের সহিত সমবায় সম্বন্ধে অবস্থিত অর্থাৎ বন্ধ্রও যেরূপ আপনার অবয়ব তদ্ধতে সমবায় সম্বন্ধে আছে সেইরূপ ত্রীতস্ত সংযোগও তন্ত্রতে সমবায় সম্বন্ধে অবস্থিত। কিন্তু এদিকে আবার ত্রীতস্ত সংযোগকে বন্ধের অসমবায়ীকারণও বলা যাইতে পারে না, কারণ অসমবায়ীকারণ নই হইলে কার্য্যও বিনষ্ট হয় কিন্তু ত্রী তন্ত সংযোগের নাশ হইলে কিছু বন্ধের নাশ হয় না। এই বিরোধ নিবারণেরু নিমিন্ত বন্ধের অসমবায়ীকারণ নির্দেশ স্থলে এইরূপ বিশেষ করিয়া বলিতে হইবে যে ত্রীতন্ত সংযোগ ভিন্ন বন্ধের সমবায়ীকারণে যে সমবায় সম্বন্ধে অবস্থান করে তাহাই বন্ধের অসমবায়ীকাবণ। এখানে ইহাও বক্তব্য যে আত্মার বিশেষ গুণ যে জ্ঞানাদি তাহার। আত্মাতে সমবায় সম্বন্ধে অবস্থিত হইলেও উহারা কাহারও অসমবায়ীকারণ নহে।

নিমিন্ত কারণ। এই সমবায়ীকারণ এবং অসমবায়ীকারণের অভিরিক্ত যে সকল কারণ নৈয়ায়িকগণ ভাহাদিগকে "নিমিন্ত কারণ" এই সাধারণ নামে অভিহিত্ত করিয়াছেন। ভাঁহারা যে অবধি একটি অমুগত সম্বন্ধ ধরিতে পারিয়াছিলেন সেই অবধি সেই সম্বন্ধ ধবিয়া কাবণ নির্দেশ কবিলেন। একণে দেখিলেন কার্যাের প্রতি অসংখ্য কাবণ হইতে পাবে, ভাহাদিগেব প্রভ্যেককে সম্বন্ধ ধবিয়া নির্দেশ কবা কঠিন এই নিমিন্ত বলিয়া উঠিলেন যে সমবায়ি এবং অসমবায়ীকারণ ভিন্ন যতগুলি কাবণ হইতে পাবে ভাহারা কার্যাের সহিত যেরূপ সম্বন্ধ রাশ্বক না কেন, ভাহাদেব সাধারণ নাম নিমিন্ত কাবণ। যেমন ঘটের প্রতি দণ্ড, চক্রন, কুম্বকাব ইত্যাদি; বন্ত্রেব প্রতি ভূবী, ভূবীতন্ত সংযোগ, তন্ত্ব-বায় প্রভৃতি।

নৈয়ায়িকগণ কারণের এইরপ বিভাগ করিয়াছেন। জবা, (পৃথিবী, জল; বায়্
আকাশ ইত্যাদি) জবা, গুণ, ও ক্রিয়ার সমবায়ীকাবণ, যখন কোন জব্য অপর
জব্যের অংশ হইবে তখনই উহা সেই জব্যের সমবায়ীকারণ। গুণের মধ্যে রূপ,
রস, গদ্ধ, স্পর্শ (অনুষ্ণ), পরিমাণ, একই, পৃথক্ই, স্নেই ও শব্দ ইহারা অসমবায়ী
কারণ, বৃদ্ধি, স্থ, ১ংখ, ইচ্ছা ছেই, অদৃষ্ট এবং ভাবনা প্রভৃতি আত্মবিশেষ গুণ
সকল আত্মার সমবায় সম্বদ্ধে থাকিলেও কোন কার্য্যের প্রতি অসমবায়ীকারণ নহে
কিন্ধ নিমিত্ত কারণ।

উষণ্ডপর্শ, গুরুহ, বেগ, জবের সংযোগ এবং বিভাগ ইহারা জব্যে সমবায় সম্বন্ধে থাকিলেও কেবল অসমবায়ীকারণ নহে স্থলবিশেষে ইহারা নিমিত্ত কারণ্ড হয়।

যেমন উক্ষম্পর্ল, উক্ষম্পর্লের অসমবায়ীকারণ কিন্তু পাকজ স্পর্লের নিমিন্ত কারণ। গুরুষ, গুরুষ এবং পতনের অসমবায়িকারণ, প্রতিঘাতের নিমিন্ত কারণ। বেগ, বেঁগ ও স্পান্দনের অসমবায়ীকারণ অভিঘাতের নিমিত্ত কারণ। ভেরীদণ্ড-সংযোগ শব্দের নিমিত্ত কারণ এবং ভেরী আকাশের সংযোগ শব্দের অসমবায়ী কারণ, বংশ দলদ্বয়ের বিভাগ শব্দের নিমিত্ত বংশদল ও আকাশের বিভাগ শব্দের অসমবায়ীকারণ ইত্যাদি।

কর্ম (ক্রিয়া) সকল কারণে সমবায় সম্বন্ধে থাকে এই নিমিত্ত ইহার।
 কার্য্যের প্রতি অসমবায়ীকারণ।

এত দ্রিম্ন আব যত কারণ তাহার। সকলে নিমিত্ত কারণ।



নক সাহ অথবা বাবানানক ১৪৬৯ প্রীষ্টাব্দে লাহোরের দশ মাইল দক্ষিণবর্তী কানাকুচা * গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম কামুবেদী, তিনি ক্ষত্রিয় বংশোৎপন্ন বলিয়া প্রসিদ্ধ।

নানকের বিবরণ অনেক অবাস্থবিক ও কাল্পনিক ঘটনায় পরিপূর্ণ। যিনি
যখন এই পরিদৃশ্যমান জগতের সমক্ষে আপনার প্রভাব বিকাশ করেন, মানবকল্পনা তখনই উচ্চ চইতে উচ্চতব গ্রামে আবোহণ কবিয়া তাঁহার সম্বন্ধে নানাবিধ
ঘটনা প্রচার করিতে থাকে। নানক ধর্মজগতে যেরপ ক্ষমতা ও দক্ষতার
পরিচয় দিয়াছেন, তাহাতে তাঁহার সম্বন্ধে যে নানাপ্রকার কিম্বদন্তী প্রচারিত
হইবে তাহা বিশ্বয়জ্ঞনক নহে। শিখগণ আপনাদেব ধর্মগুরুর মহিমা পরিবর্দ্ধিত
ও ঈশ্বরদ্ধ প্রতিপদ্ধ করিতে যে সমস্ত অলৌকিক ঘটনার উল্লেখ কবিয়া থাকেন,
তাহাতে কখনও বিশ্বাস জ্বাত্মতে পাবে না। নানকের জন্মগ্রহণের সমকালে
অদুরে মহতী জনভার আনন্দোৎসব, শৈশবে সর্পকর্ত্বক ছায়া প্রদান, যৌবনে
বিশ্বদ্ধ জ্বলাশযে জ্বলোচ্ছ্বাসের আবির্ভাব প্রত্তি অনেক ঘটনায় অমামুদ্ধ ও
সর্বব্যক্তিময় দেবন্ধ সংমিজ্ঞিত আছে। এরূপ ঘটনায় সাধারণের বিশ্বাস জ্বিবার
সম্ভাবনা নাই; সুতরাং এ স্থলে সমৃদয়ের উল্লেখেরও আবশ্যকতা নাই।

নানক অল্পবয়সে অল্প সময়ের মধ্যে গণিত ও পারস্থা বিছা আয়ত্ত করেন। তিনি স্বভাবতঃ শুদ্ধাচারী ও চিস্তাশীল ছিলেন। কিছু দিনের মধ্যেই সাংসারিক কার্য্য ও সাংসারিক ভোগ স্থাথে তাহার নিতান্ত বিভ্যুণ জান্মিল। কান্তবেদী পুত্তকে সংসারধর্মে আনয়ন করিতে বিশেষ চেষ্টা পাইলেন, নিজ হইতে চল্লিশটী টাকা দিয়া নানককে লবণের বাবসায় আরম্ভ করিতে বিশেষ অনুরোধ করিলেন,

[•] কেছ কেছ বলেন, ইরাবতী ও চন্দ্রভাগার মধ্যবর্তী তলবন্দীগ্রামে নানকের জন্ম হয়। তাঁহার শিত্রালর এই তলবন্দী গ্রামে। কিন্তু স্বস্তান্ত মতান্ত্রসারে নানক কানাকুচা গ্রামে, তাঁহার শিত্যামহের স্থালরে জন্মপরিগ্রহ করেন। কাহারও মতে নানক ১৪৬৮ স্ক্রেই স্থাই হরেন।

কিন্তু তাঁহার যে চেষ্টা ফলবতী ও সে অমুরোধ প্রতিপালিত হইল না, নানক পিতৃদত্ত মুদ্রায় খাত সামগ্রী ক্রেয় করিয়া অনাহারী উদাসীন ফকিরদিগকে ভোর্জন করাইলেন।

নানক যৌবনাবস্থাতেই হিন্দু ও মুসলমান ধর্মসম্প্রদায়ের সমস্ত ধর্মায়--শাসন এবং বেদও কোরাণের সমস্ত তত্ত্ব জ্বদয়ক্ষম করিলেন। এবং স্থভীক্ষ প্রতিভা ও প্রগাচ শাস্তজ্ঞানবলে উদার ও পরিশুদ্ধ মত প্রচার করিতে প্রবৃত্ত হইলেন। তিনি সমস্ত অন্ধবিশ্বাস ও সমস্ত কুসংস্কারময় লৌকিক ক্রিয়া কাণ্ডের উপর নিতান্ত বিবক্ত হইয়া উঠিলেন। যাহাতে হৃদয়ের শান্তিলাভ হয় যাহাতে পবিত্র ও উদাব ঐশ্বিক তত্ত্ব প্রচাবিত হয়, তাহাই জীবনের সারধর্ম বলিয়া ভাঁহাব নিকট বিবেচিত হইল। প্লেতো ও বেকন যেমন পৃথিবীর সমস্ত দর্শনশাস্ত্র আন্দোলন করিয়াও প্রকৃত জ্ঞানের নানাবিধ জ্ঞাল দেখিয়া হতাশ হইয়া পড়িয়াছিলেন, নানকও সেইরূপ সমস্ত ধর্মশাস্ত্রে ও ধর্মপদ্ধতিতে নানাবিধ কুস'স্বাবেব প্রাত্তহাব দেখিয়া সুগ্র হইয়া পড়িলেন। তিনি সল্লাসিবেশে ভারতবর্ষের নানাস্থান পরিভ্রমণ কবিলেন, অনেক সাধু ও যোগীদিগের সহিত আলাপ করিলেন, আরবের উপকৃল অভিবাহিত করিয়া ফকীবদিগের কার্যাকলাপ দর্শন করিলেন, কিন্তু কোথাও পবিত্র সত্যের আভাস দেখিতে পাইলেন না। সকল স্থানেই কুসংস্থারের ভয়ন্তরী মৃত্তি, সকল স্থানেই কর্মকাণ্ডের শোচনীয় বিকার দেখিয়া ক্লব্ধ চিত্তে খদেশে প্রভাবের হইলেন। বদেশে আসিয়া নানক সন্ন্যাসধর্ম ও সন্ন্যাসিবেশ পরিভাগে করিলেন। গুরুদাসপুর কেলায় ইরাবতীর তটে "করতারপুর" নামে একটা ধর্মনালা প্রতিষ্ঠিত চইল। নানক এই ধর্মনালায় স্বীয় পরিবার ও শিশু-সম্প্রদায়ে পরিবৃত থাকিয়া জীবনের শেষভাগ অতিবাহিত করিতে প্রবৃত্ত হুইলেন। পরে ১৫৩৯ প্রীষ্টাব্দে সপ্রতিবর্ষ বয়ক্রেমে এই স্থানেই বাবা নানকের পবিত্র জীরনস্রোত কালের অনস্থ সাগরে মিশিয়া যায়। নানক লোদীবংশের অভ্যাদয় সময়ে প্রাতৃত্ ত হয়েন, এবং মোগলবংশের অভাদয়ের পর কলেবর ত্যাগ করেন। ধর্মনিষ্ঠা ও ধর্মচিন্তায় ভাহার জীবিতকালের যাটা বৎসর, পাঁচ মাস ও সাড দিন অভিবাহিত হইয়াছিল।

নানকের মৃত্যুর পর ঠাহার দেহ লইয়া তদীয় হিন্দু ও মুসলমান শিশ্বদিপের
মধ্যে ঘোরতর বাদামুবাদ উপস্থিত হয়। হিন্দুরা দাহ করিতে ইচ্ছা করে,
এবং মুসলমানেরা সমাধি দিতে প্রস্তুত হয়। এই বিবদমান উভয়দলই বলপূর্বক শব লইবার আশায় চাদর তুলিয়া দেখে বে, ভাহার তলে শব নাই।
গোলযোগর সময় শিহাগণের কেহ অবশ্রুট উহা স্থানাস্তরিত করিয়া ব্লাখিয়াছিল।

যাহা হউক, অনন্তর উভয় দলে, যে আভরণে শব আছাদ্দিত ছিল, তাহাই ছুইখণ্ডে বিভক্ত করিয়া একখণ্ড অস্ত্যেষ্টি ক্রিয়ার বিধি অনুসারে দাহ ও অপর খণ্ড রীতিমত উপাসনা করিয়া সমাধিস্থ করিল। এই দাহস্থলের উপর মঠ ও সমাধি ভূমির উপর স্তম্ভ নির্দ্ধিত হইল। এক্ষণে এই উভয় স্মৃতিমন্দিরেরই কিছুমাত্র চিহ্ন নাই। ইরাবতীর অনস্ত প্রবাহ ইহা সর্ব্ব সংহারক কালের ক্রিক্সিত হইয়াছে।

নানক যে পবিত্র ও উদার ধর্মপদ্ধতি প্রচার করেন, তাহার আলোক পাঞ্চাবের বলিষ্ঠ, দৃঢ়কায়, সরলস্বভাব জাঠগণের মধ্যে প্রসারিত হয়। ক্রমে মুসলমানগণও এই ধর্মাবলম্বী হইয়া উঠে। নানকের একজন বিশ্বস্ত মুসলমান শিশ্যের নাম মর্জানা। এ ব্যক্তি ছায়ার স্থায় নানকের সহগামী ছিল। সংস্কৃত নাটকের বিদূষকগণ যেমন নিমিষে নিমিষে উদ্বের চিন্তায় হা হতোহস্মি বলিয়া আক্ষেপ করিত মর্জানাও সেইরূপ কথায় কথায় ক্ষ্পায় কাত্র হইয়া পড়িত। সংগীত শাস্ত্রে মর্জানার বিশেষ আশক্তি ছিল। সে সর্ববদাই বাঁগা বাজাইয়া ঈশ্বরের গুণ গান করিত। নানক যখন মুজ্রিতনয়নে ঈশ্বরের ধান করিতেন, বাহ্ম জ্বগত্রের সহিত্ত কোনও সংস্রব না রাখিয়া প্রগাঢ়রূপে ঈশ্বরে অভিনিবিষ্ট-চিত্ত হইয়া পড়িতেন, তথন মর্জানা ক্ক্ৎ-পিপাসায় কাত্র হইয়াও তদ্গত চিত্তে স্মধ্রে বাঁণাসংযোগে গাইত:—

"তুহী ডিরন্কার করতার, নানক বন্ধু ডেরা।"

নানক স্থলক্ষণী নামে একটা কুমারীর পাণিগ্রহণ কবেন। স্থলক্ষণীর গর্ভে জ্রীচন্দ্র ও লক্ষ্মীদাস নামে নানকের হুই পুত্র জন্মে। জ্যেষ্ঠ পুত্র জ্রীচন্দ্র উদাসীন সম্প্রদায়ের প্রবর্ত্তক।

এই গুলি নানকের জীবনচরিতেব কল্পাল মাত্র। আমরা ইতস্ততঃ বিক্ষিপ্ত আর ছই একখানি অস্থি আনিয়া এই কল্পালে সংযোজিত করিতে ইচ্ছা করি না। এস্থলে যতটুকু দেখান হইল, তাহাতেই নানক কি ভাবে জীবন অতিবাহিত করিয়া-ছিলেন, একরূপ বুঝা যাইবে।

নানকের লিখিত আদিগ্রন্থে তদীয় মত সকল পরিব্যক্ত হইয়াছে। যাহাতে দেশ হইতে বাহা ক্রিয়া কলাপের অমুষ্ঠান ও জ্ঞাত্যভিমানের উন্মূলন হয়, এবং যাহাতে দেশীয় লোকেরা পরস্পর আতৃভাবে মিলিত হইয়া সুপরিশুদ্ধ ধর্ম ও সাধ্বন্তি অবলম্বন করে, নানক ভাহার জন্ম বিশেষ চেষ্টা করেন। তাঁহার মতে

[•] নানক 'প্রাণশত্বদী' নামে আর একথানি এছ প্রণয়ন করেন। ইহা আদি এছে নংবোজিত ছাছে।

নানা জাতিতে প্রশানা সম্প্রদায়ে বিভক্ত হইয়া থাকা উচিত নহে। দেবালয়ে গিয়া যাগয়জ্ঞ করা ও তত্ত্পলক্ষে ব্রাহ্মণভোজন করানও কর্ত্তব্য নহে। ইপ্রিয়দমন ও চিত্তসংযুমই সর্ব্বাপেক্ষা শ্রেয়স্কব।

আত্মন্ত দ্বি নানকের মূল মন্ত্র। বিশুদ্ধ হৃদয়ে একমাত্র অদিতীয় ঈশ্বরের উপাসনা করিলেই প্রকৃত ধর্মাচরণ করা হয়। তিনি কহিতেন, ঈশ্বর এক ভিন্ন বহু নহেন, এবং প্রকৃত বিশ্বাস এক ভিন্ন নানা নহে। তবে যে ভিন্ন ভিন্ন জাতির মধ্যে নানাপ্রকার ধর্ম দেখিতে পাওয়া যায় তাহা কেবল মনুয়ের কল্লিভ মাত্র। তিনি সমভাবে মোল্লা ও পণ্ডিভ, দববেশ ও সন্ধ্যাসীদিগকে সম্বোধন করিয়া, যে ঈশ্বর অসংখ্য মহম্মদ, বিশ্বু ও শিবকে আসিতে যাইতে দেখিয়াছেন, সেই ঈশ্বরের জীশ্বরকে স্মরণ করিতে ও তৎপ্রতি চিত্তস্থাপন করিতে অমুরোধ করিতেন। তিনি কহিতেন, ধর্মা, দযা, বীরত্ব ও সংগৃহীত জ্ঞান বস্তুতঃ কিছুই নহে, যে জ্ঞানবলে ঈশ্বরের তত্ত্ব অবগত হওয়া যায়, তাহাই লাভ করিতে চেষ্টা পাওয়া কর্ত্রতা। তাঁহার মতে ঈশ্বর এক, প্রভূর প্রভূ ও সর্কশক্তিমান্। সংকার্যা ও সদাচারে এই এক প্রভূর প্রভূ, সর্কশক্তিমান্ ঈশ্বরের আশীর্কাদভাঙ্গন হওয়া যায়। গো ও শৃকরের সম্বন্ধে হিন্দুদের সহিত মুসলমানদের যেমত বিরোধ আছে নানক বিশিষ্ট উদারতার সহিতে তাহার সামঞ্জস্ম করেন। তিনি কহিতেন, একপক্ষ শৃকরের অধিকার আর এক পক্ষ গোব অধিকার লইয়া বাস্তু, কিন্তু যাহাবা কোনও প্রাণীকেই আপনাদের জন্ম গ্রহণ না করেন, "গুরু" ও "পীরগণ" তাহাদেরই প্রশংসা করিবেন।

নানকের মতে সংসারবিরাগ ও সন্ধ্যাস ধর্ম অনাবশ্রক। তিনি কছিতেন, সাধু, যোগী ও পরমাম্বনিষ্ঠ, গৃহী উভয়ই সর্ববশক্তিমান্ ঈশবের চক্ষে তুল্য। ধর্মামুযায়ী মতের সম্বন্ধে নানকের আরও কতকগুলি উক্তি আছে। সেই উক্তি-শুলি স্বিশেষ প্রসিদ্ধ। এস্থলে তাহার কয়েকটার উল্লেখ করা যাইতেছে।

একদা নানক হরিদ্বারে গিয়া তত্রতা গঙ্গান্ধায়ী প্রাহ্মণদিগকে সম্বোধন করিয়া কহিয়াছিলেন :— "ভাতৃগণ! তোমরা প্রাহ্মণ পণ্ডিতমহাশয়দিগের হস্ত হইতে পরিত্রাণ পাইবার চেষ্টা পাও। ইহারা যে তোমাদের সর্ব্বনাশের চেষ্টায় আছেন, তাহা তোমরা জানিতে পারিতেছ না। আমি ডোমাদিগকে কহিডেছি, যাবং মন্থুয়ের মন পরিশুদ্ধি না ইইবে, তাবং তাঁহাদের অনুষ্ঠিত জপ, যজ্ঞ, পূজা প্রভৃতি কোন কার্য্যেরই ফল জন্মিবার সন্থাবনা নাই।" অহ্ন একদিন আহ্মণেরা স্থান করিয়া পূর্বে ও দক্ষিণমুখ হইয়া তর্পণ করিডেছিলেন, এমন সময়ে নানক জলে দাড়াইয়া পশ্চিমদিকে মুখ করিয়া জল সেচিতে লাগিলেন। সকলে ইহার কারণ জিল্লাসা করিলে নানক কছিলেন, করতারপুরের ক্ষেত্র পশ্চিমদিকে আছে, তিনি সেই ক্ষেত্রে জল সেচিতেছেন। ইহা শুনিরা সকলে উপহাসপূর্বক বিল্লা উঠিজেম,

"করতারপুর বহুশত ক্রোশ দুরে অবস্থিত। এই জল কিরুপে তত্ত্বর পৌছিবে ?" নানক কহিলেন, "তবে তোমরা ইহলোক হইতে জ্বল সেচিয়া পরলোকগত পূর্ব্ব-পুরুষগণের তৃপ্তি জন্মাইবার আশা করিতেছ কেন ?" ১৫২৬ কি ২৭ প্রীষ্টাব্দে নানক প্রথম মোগল সম্রাট্ বাবরসাহের জব্যসামগ্রী বহন করিতে গ্বত হয়েন। বাবর নানকের আকার প্রকার, সাধুতা ও বাক্চাতুরীতে প্রীত হইয়া তাঁহাকে ছাড়িয়া দিতে আজ্ঞা করেন এবং তাঁহার ভরণপোষণের জক্ম অনেক সম্পত্তি দিতে চাহেন। নানক এই দানগ্রহণে অসমত হইয়া কহেন, "আমার কিছুরই অভাব নাই, আমার সঞ্জয় এমন অক্ষয় যে কখনও তাহার হ্রাস হইবে না।" বাবরসাহ এই কথার ভাবার্থ বুঝাইয়া দিতে অমুরোধ করিলে নানক স্পষ্টাক্ষরে নির্দেশ করেন, যে, তাঁহার হাদয় কেবল পর মশ্বরের সাধনাতেই পরিপূর্ণ রহিয়াছে। সময়ান্তরে নানক আর একবার কহিয়াছিলেন, ঈশ্বরের নামামৃত পান করিয়া তাঁহার কুধা তৃষ্ণা সকলই একেবারে শান্ত হইয়া গিয়াছে। তিনি কেবল সেই অমৃতেই সর্ব্বদা পবিতৃপ্ত হইয়া রহিয়াছেন। কথিত আছে. নানক মকায় গিয়া একদিন কাবানামক উপাসনামন্দিরের দিকে পা রাখিয়া শয়ন করেন। ইহাতে পবিত্রগুহের অবমাননাকারী বলিয়া তথায় তাঁহার বড় নিন্দা হয়। নানক এজন্ম কুর হইয়া তত্রতা মুসলমানদিগকে জিজ্ঞাসা করিযাছিলেন, "ঈশ্বর সর্বব্যাপী, যেদিকে পা ফিবাইব, সেই দিকই তাঁহার অবমাননা হইতে পারে। একণে কোন দিকে পা রাখিলে নিস্তার পাই, বল।" নানক, অস্তসময়ে কহিয়াছিলেন, "একলক মহম্মদ, দশলক ব্ৰহ্মা ও বিষ্ণু এবং একলক রাম সেই সর্বাশক্তিমানের খারে দণ্ডায়মান বহিয়াছেন। ই^{*}হারা সকলেই মৃত্যুর শাসনাধীন, কেবল ঈশ্বরই অমর। তথাপি এই ঈশ্বের উপাসনাতে সন্মিলিত হইয়াও লোকে পরস্পর বাদানুবাদ করিতে লক্ষিত হয় না। ইহাতে প্রতিপন্ন হইতেছে, কুসংস্কারের প্রেতাত্মা এখনও সকলকে বশীভূত করিয়া রাখিয়াছে। যাহার দ্বদয় সৎ তিনিই প্রকৃত হিন্দু এবং বাঁহার জীবন পবিত্র ভিনিই প্রকৃত মুসলমান।"

কেই কেই অনুমান করেন, নানক কবীরের গ্রন্থ ইইতে স্বীয় মত সম্বলন করিয়াছেন। অনেকস্থলে ক্বীরের মতের সহিত নানকের মতের একতা দৃষ্ট হয়। কবীর যেরূপ জ্বপ, পূজা ও জাতিভেদাদির নিন্দা করিয়াছেন, নানকও সেইরূপ জ্বপ, পূজা প্রভৃতির অনাবশুক্তা প্রতিপন্ন করিয়াছেন, এবং কবীর যেরূপ ভগবৎপ্রেমে চিন্তার্পণ করিতে বারস্থার উপদেশ দিয়াছেন, নানকও সেইরূপ অন্বিতীয়, সর্ব্বশস্তিন্দান্ ক্রীরে মন:সংযোগ করিতে সকলকে উত্তেজিত করিয়াছেন। কবীর অন্তঃভাষির প্রসাজে উল্লেখ করিয়াছেন:—

শমন্কা ফেরং জনম গয়ো, গয়ো ন মন্কা ফের। করকা মন্কা ছোড় কর মন্কা মনকা ফের ॥"

জপমালার গুটিকা ঘুরাইতে ঘুরাইতে জীবন গত হইল; কিন্তু হাদয়ের ঘোর বিগত হইল না। অতএব হাতের গুটিকা পরিত্যাগ করিয়া মনের শুটিকা ঘুর্ণন কর।"

স্থলামূবে:--

"গঙ্গা ফেরা হবিদ্বারকা, শুদ্ধড়ি লিয়া মন চারকা, ভট্কা ফেরা তৌ ক্যা ছ্য়া জিন এক মে সের না দিয়া। কাবা গয়া, হাজি ছ্য়া, মনকা কপট মিটা নাহি। মনকা কপট টুটা নাহি, কাবা গয়া তৌ ক্যা ছ্বা, হাজি ছ্য়া তৌ ক্যা ছ্বা; জিন এক মে সের না দিয়া। বোস্তাং গোলেস্তাং পদ্ গয়া মৎলব না সমঝা। শেখকা আলিন ছ্বা তৌ ক্যা ছ্বা, ফাজেল ছ্বা তৌ ক্যা ছ্বা, জিন এক মে সের না দিয়া।"

"যে ব্যক্তি হরিত্বারবাহিনী জাহ্নবী পর্যান্ত ভ্রমণ করিয়াছে, ছই চারি মন ক্ষাভার বহন করিয়াছে, এবং বিভান্ত হইয়া নানাতীর্থ পর্যাটন করিয়াছে, কিন্তু ভগবংপ্রেমে শিরসমর্পণ করে নাই, তাহাতে তাহার কি হইল ? যে ব্যক্তি কাবা গিয়াছে, হাজি হইয়াছে, অথচ যাহাব মনের কপটতা ক্ষীণ হয় নাই, মনের কপটতা দূরীভূত হয় নাই ও ভগবংপ্রেমে শিরসমর্পিত হয় নাই, তাহাব কাবাগমনই বা কি হইল ? এব হাজিপদে অধিবাহণেই বা কি হইল ? যে ব্যক্তি বোস্তা গোলেন্দ্রা সমস্ত অধ্যয়ন করিয়াছে, কিন্তু সেখ সাদিব তাংপ্র্যা গ্রহণ করিতে পারে নাই ও ভগবংপ্রেমে শিরসমর্পণ করে নাই, তাহার পণ্ডিত ও পারদশী হওয়াতেই বা কি হইল ?"

নানকের ধর্মপদ্ধতি এই সকল মতেরই ছায়া মাত্র। প্রভেদ এই নানক সাক্ষাৎসম্বন্ধে কেবল একমাত্র অভিতীয়, সর্কাশক্তিমান্ ঈশ্বরে চিত্তসংযোগ করিতে উপদেশ দিয়াছেন, কবার রাম ও হরিতে সেই সর্কাশক্তিময় ঈশ্বর আরোপিড করিয়া তাঁহাদের উপাসনাবিধি প্রচারিত করিয়াছেন। যাহা হউক, নানক যেরূপ পবিত্র ও উদার মত প্রকাশ করিয়াছেন, তাঁহার উপাসনাপদ্ধতি যেরূপ সকল স্থলে, সকল সময়েরই অপরিবর্তনীয় হইয়া রহিয়াছে, তক্ষ্ম তিনি কখনও স্পর্কা বা অহকার প্রকাশ করেন নাই। তিনি আপনাকে সর্কাশক্তিমান্ ঈশ্বরের একজন দাস ও বিনয়া আদেশবাহক বলিয়া নির্দ্দেশ করিতেন। নিজের লিখিত ধর্মামুশাসন জ্ঞান ও পাণ্ডিত্যে পরিপূর্ণ হইলেও তিনি কখন তাহার উল্লেখ করিয়া আত্মগরিমার বিস্তারে উন্মুখ হয়েন নাই, এবং নিজের ধর্মপ্রচারে অসাধারণ ভাবের বিকাশ থাকিলেও কখনও তাহা অমামুধী ঘটনায় কলছিত করেন নাই। তিনি কহিছেন,

"ঈশ্বরের কথা ব্যতীত অক্স কোন অল্পে যুদ্ধ করিও না। •আপনাদের মতের পৰিত্রতা ব্যতীত সাধু ধর্মপ্রচারকগণের অক্স কোনও অবলম্বন নাই।"*

শুরুনানক এইরূপে কালাস্তরাগত জান্তির উচ্ছেদ করিয়া আপনার শিশ্য-দিগকে উদার ও পবিত্র ধর্মে দীক্ষিত করিলেন। এইরূপে শিশ্বগণ তাঁহার নিৰুগঙ্ক ধর্মপন্ধতির উপর স্থাপিত হইয়া ধীরে ধীরে একটা নিৰুলঙ্ক ধর্মপরায়ণ বৃহৎ সম্প্রদায় হইয়া উঠিল। "শিশ্য" শব্দের অপভ্রংশে "শিশ্ব" শব্দের উৎপত্তি হইল। একস্তু নানকের শিশ্বগণ অতঃপর সাধারণের নিকট এই 'শিশ্ব' নামে পরিচিত হইতে লাগিল। ক

বাবা নানকের গ্রন্থ শিবদিপের মধ্যে মহা পূল্য। অমৃতসহরে এক চমৎকার

অপমিন্দিরে এই গ্রন্থ রক্ষিত হইয়াছে। অপমিন্দিরে কোন দেবমূর্ত্তি বা অক্ত কিছুই নাই
কেবল এই আদি গ্রন্থ অতি বন্ধে প্রতিষ্ঠিত রহিয়াছে। ভক্তেরা অনবরত চামর ব্যাক্তন
করিতেতে।

[†] আনেকে বলেন যে শিখা হইতে "শিখ" নাম হইয়াছে। যে সকল পাঞ্চাবির মন্তকে শিখা আছে আনেকের মতে কেবল তাহারাই "শিখ"।

গঙ্গাধরশর্মা ওরয়ে জটাধারীর রোজনামা

একাদশ পরিচ্ছেদ

কাদ্ধিনী-মেঘমালা

ভাবিয়া দেখিলাম, কর্তৃপক্ষদেব অজ্ঞাতে তিনটি কার্যো নিপুণ হইযাহি। অশ্বাবোহণ, শিকাবনৈপুণা ও সহবংপটুতা। আমাদের দেশীয় সভোৱা শিকারখেলা নুশংস কার্যা বলিয়া নির্দেশ করেন, কিন্তু আমার পক্ষে শিকারভূমি প্রত্যুংপশ্লমতি ও প্রমোদবর্দ্ধনেব কারণ এবং অঙ্গুড়ালনা ও বৃদ্ধিচালনাব রক্ষভূমি হইয়াছিল: তাহাব সঙ্গে বনভ্রমণে পশুপক্ষীর জ্রীড়া ও বনশোভা অবলোকন পল্লীমধো অস্থিবকর লোক বিবাদ হইছে শ্রেষ্ঠান্তর বলিয়া অন্তব হইত। কথন দূরে দৃষ্টি নিক্ষেপ করিয়া নিশিচ্ছ মনে ভাবিতাম, বনেব এ শোভা কিরূপে কেমন করে নিশ্বায় হইল।

আগুতোৰ বাবুর অবশালাব সহিষ সকলেই জটাধারীর অন্ধণত ছিল।
বারুঝী, রথে, পূজাপার্বণে খেলানা খরিদের নিমিত্তে যাহা কিছু সংগ্রহ হইত,
যে মিঠাই সন্দেশ জটাধারীর হাতে আসিত, তাহার অর্থ্যেক সহিষদের সহিত্ত
ভাগাভাগি ছিল। গ্রামের ঈশান কোণে বিসক্ষনের ঘাটের উপর যে বিস্তৃত
ময়দান ছিল, তথায় প্রায় প্রতি সক্ষাকালে ঘোটকদল "রোলে" যাইত,
জটাধারী সেই সময় অশ্বারোহী হইতেন ও একটি ভূটিয়া টাট্টু সতেকে দৌড়
করাইতেন।

দারগা সাহেব যে দিবস রঘ্বীরকে বেতাব অবস্থায় চালান দিলেন, তাহার কয়েক দিবস পরে আমি ঐ সুটিয়া টাট্টুতে আরোহণ করিয়াছি। অব চলিতে চলিতে ঘামিল, ঘামিয়া দৌড়িল, দৌড়িতে দৌড়িতে পজলসম উত্তরমূপে ছুটিল। ঝড়ুয়া সহিষ চীৎকার করিতে লাগিল, "বাব্জী সাবধান, দেখিবেন যেন পড়েন না!" সহিষ যাহাতে সঙ্গী না হইতে পারে তাহাই আমার উদ্দেশ্য হইল, ঘোড়া আরও তেজে চালাইলাম, সন্ধ্যার প্রাক্কালে

শান্তিপুরে সিংহদের বাটার নিকট মাঠে উপস্থিত হইলাম। এখানে দেখিলাম, একটি ঘোর যুদ্ধ বাঁধিয়াছে—পশ্চাৎভাগে কয়েকটি বুক্ষ রাপিয়া দেওয়ান গঞ্জানন একটি জ্বভসহিত বাঁশ উৎপাটন করিয়া মল্লবেশে দণ্ডায়মান। তাঁহার ঘোটকটি পশ্চাতে সহিষের হস্তে ধৃত। দেওয়ানজী বাঁশটি হাতে করিয়া "রে—ওরে— আয়—কে আছ— আগে আয়" কহিতেছেন। তাঁহার দীর্ঘ, গৌর, স্থুল দেহ যেন ক্রোধে ফাটিতেছে। বিপরীত পক্ষ হইতে থেকে থেকে ছই একটি শভকি ক্ষেপণ হইতেছে। দেওয়ানজীর অশ্বকে বধ করাই শভকিধারীদের প্রথম উদ্দেশ্য। যেমন উভয় দলে চীৎকাব স্বরে কথোপকথন হইতেছে সেইরূপ সঙ্গে সঙ্গে কতকগুলি গ্রাম্য মৃগ ''ক্যাও ক্যাও'' রবে গওগোলে আরও গোল মিশাইতেছে। সিংহ বাবুর নিজ্গ্রাম, তাঁহার দল বল প্রবল। এদিকে দেওযানজীর সহিত থানাব হুই একটি হুর্বল সিংহ ববকনদাজ মাত্র আছে। তাহাদের মধ্যে একটা পদাতিক বাযুবাাধিপীড়িত; সে যত বাক্য-প্রয়োগে বাস্ত্র তত্ই তাতার কথা জড়াইয়া যায়, সক্ষেক্ত কাঁপিতে থাকে: উভয তাতের অঙ্গুলিগুলি যেন চঞল বাযুতে খর্জুর পত্রেব অগ্রভাগের আয় কাপিতে থাকে। তুর্বল সিংহেব সহিত কম্প সিংহ যোগ দিলে লডাই কবে ফতে হয় ? আবাব দেওয়ানজী যদিও সাহসী ও বলবান তথাপি একাকী, অপৰ দিকে সিংহদেৰ গ্ৰাম হইতে পিপীলিকা শ্ৰেণীর স্থায পিলপিল করিয়া লোক বাহিব হইতে দেখিয়া ভাবিতেছেন। এমন সময়ে দূব হইতে একটা গ্রমভেদী অব শুনা গেল 'ক্যাড্ব গ হাম জাতা হ' তার সঙ্গে প্রক হুদ্ধার প্রয়োগ হইল, এক মুহূর্ত্তের জ্বন্স সেই প্রান্থরে শবতেব গগন যেন কাঁপিয়া উঠিল, যেন মাঠের জল খালেব জল কম্পিত হইল। সকলে চমকিয়া কহিল এ রঘুবীবের ভঙ্কার।

বঘুবীর ভাক্তার সাহেবের সার্টিফিকেট হস্তগত কবিয়া, মোকদ্দমার দিন পরিশ্রন কর্নাইয়া গৃহাভিমূপে যাইডেভিল, এখন দাঙ্গার গন্ধ পাইয়া সেই দিকে ফিরিয়াছে—যুদ্ধাভিমূপে চলিতেছে; আবার জ্বয়ী হইব, দেওয়ানজীর আবাে প্রিয় হইব ভাবিয়া উৎসাহিত হইতেছে। বঘুবীর নিকটস্থ হইয়া আবার একটি হন্ধার ছাড়িল। সেই হুন্ধারে যেন সব যােন্ধার মন্ততা রন্ধি হইল। সকলেই উত্তেজিত, সকলের হস্ত হইতে তীর শড়কি অন্র্গল ছুটিল। মৃহুর্ত্তে গজাননের ঘাটক কর পাভিয়া ভীম্মদেবের স্থায় শরশ্যাশায়ী হইল, চক্ষ্ হইতে লাঙ্গল পর্যান্থ তীক্ষ্ণ কলকে বিদ্ধ ও রক্তপাবিত হইল। হুর্বেল সিংহ ও কম্প সিংহ কোথায় গেল কেছ দেখিতে পাইল না। কিন্তু গজানন ? তাঁহার হাতের বাঁশ বুরিতেছে, পাকা খেলােয়াড়ের স্থায় শড়কির গভিরাধ করিতেছে। এ ক্ষ

দক্ষতা নয়! সুশিক্ষিত পুস্তকপ্রিয় লেখনী অন্ত্রধারী সভয় সভ্যগণ বাঁহারা লাঠিয়ালের নামে কাঁপেন ও পথের শাঁকোর তলে হামা দিয়া প্রবেশ করেন বা জঙ্গলের জন্তমুখে পড়েন তাঁহাদের অপেক্ষা দেওয়ানজীর দক্ষতা নিন্দানীয় নহে! দেওয়ানজী ভত্তসস্তান হইয়াও ছই এক হাত খেলিতে জানিতেন, তজ্জ্যই এড সাহস, কিন্তু সে সাহস এখন অকর্মণা, বিপক্ষ দলের লোকসংখ্যা প্রবল, গজাননকে ঘেরিয়া ধৃত করিতে প্রস্তুত । এই ঘেরিল! চারি দিকে দলবল গোল হইয়া জেশীবদ্ধ হইতেছে ক্রমে অগ্রসর! কেহ কহিতেছে "শড়কিতে ছুঁড়ি ভস্কে দে" তখন তাহার কয়েদের ও জীবনাস্তকাল উপস্থিত। দর্শকদল খালের তীরে জাঙ্গালের উপর দাড়াইয়া দেখিতেছে। ইতিমধ্যে একটি ভয়ানক হন্ধার শুনিলাম ও তাহার পরক্ষণেই দেখিলাম বঘুবীরের স্কন্ধে দেওয়ানজী আরোহিত, ছই চারি লক্ষে খালের তটে, আর এক "বারো হাতি" লাফে খালের অপরপারগত। সকলে মনে করিল যেন একটি সিংহ আসিয়া শৃগালম্থ হইতে শিকার হরণ করিয়া লইল, পশ্চাতে অনেক লোক ধাবিত হইল কিন্তু কোথায় ব্যাত্ম, কোথায় শৃগাল ? মহুর্ষ্টের ভারসহ প্রশস্ত মযদান অতিক্রম করিয়া দৃষ্টির অগোচর ইইল।

এই সময় সিংহদের ছাদের দিকে দৃষ্টিপাত করিয়া একটি বৃদ্ধ পুরুষ কহিলেন "এ সর্বনাশীর জ্ফাই এই সমস্ত বিপদ। ও না স্নানে যায় যদি"— আমিও সেই দিকে দেখিলাম, যেরপ সীতা রাক্ষ্স কুলের সর্ব্বনাশিনী, জৌপদী কুরুকুলের সর্বনাশিনী, তেলেনা ট্রয় নগরের নাশের কারণ, সেইরূপ একটি मर्खनामिनी ब्राक्क शुजानी लावगा नीला कुलका भिनी छाएए मा ज़ाहे या बहिया एए। সাধের নামটি কাদখিনী, সর্বাঙ্গে নবমেঘসদৃশ নীলাম্বর আবৃত, কেবল কমলমুখীর সুকুমার মুখধানি ও হীরকধচিত বালাসুশোভিত হস্তব্য দৃশ্রমান। এখন স্ধ্যদেব অন্তমিত, "কনে দেখানী" বেলা উপস্থিত, সকল জব্যুই এখন সোণার জলে রঞ্জিত দেখাইতেছে। কিন্তু কাদখিনী ? তাহার লাবণ্যেই যেন প্রাসাদ আলো করিয়াছে, উষাকালের অর্দ্ধন্ট কুমুমকলিকার স্থায় কিশোর বয়স প্রায় অভিক্রম করিয়া গৌরাঙ্গী উজ্জল যৌবন সীমায় উপনীভোশুখ। একবার দেখেই, पिथि, पिथि, व्यावात এই প্রতিমা দেখি, এই ইচ্ছাই প্রবল হইতে **লাগিল।** প্রতিমা দেখিতে দেখিতে হিংশ্র অন্ধকারের ছায়া আসিয়া গগন ছেরিল। মনে হইল আলো আরও একটু থাকিলে ভাল হইভ কিছ দিবালোক খাকুক না থাকুক, কাদম্বিনীর মুখলাবণ্যে প্রাসাদগগন আলো হইয়াছিল, সেই আলো আমি দেখিতেছিলাম যেন কালো গগনে বহুদূরক্তি অদৃশ্য ভারাপুঞ্জের খেড আতা! এমন সময় গলারাম সহিব কহিল "কি দেখেন বাবুলী, কৰে ?" আমি একটি "দূর" বাক্য মাত্র প্রয়োগ করিয়া গৃহাভিমূখে টাট্টু চালাইলাম।

चापम পরিচ্ছেদ

সৃদ্ধি

আমরা অতি সন্ধিপ্রিয়, সুযোগ পাইলে আত্মীয় প্রতিবাসীর ভূমির উপর যৎকিঞ্চিৎ অগ্রসর হইয়া প্রাচীরের ভিত্তি পত্তন করি; ছই একটি বৃক্ষশাখা ফলভরে আমাদের গৃহের দিকে নত হইয়া আসিলে সেই ফলের মিষ্টতা পরীক্ষা করিতে প্রস্তুত হই; পরক্ষেত্রের বেড়া পাতলা হইলে পথ চালাইবার চেষ্টা করি, এক একবার বলি "ও চিরকেলে পথ"; ছর্বল লোকের লাখরাজের অমুগত প্রজ্ঞা ভাঙ্গাইয়া আমাদের মালের সামিল করিতে ফটি করি না, লুকিয়ে লুকিয়ে ছুরি চালাইয়া থাকি, তবু আমরা পরস্পর আত্মীয়, চারচোখে দেখাদেখি হইলে হাসি খুসি, খেলার ধুমে সন্ধিপ্রিয়তার পরিচয় দিয়া থাকি। অপরিচিত লোক আমাদের বৈঠকে বসিলে মনে করেন এ গ্রামের সমাজ সোহার্দ্যবন্ধ, বড় সুখী!

আমি এখনও বৃঝিতে পারি না যে স্থানাস্তরে এইমাত্র যাহার সর্ববনাশের পরামর্শ করিতেছিলাম তাহার সহিত সাক্ষাতে আবার সঙ্গে কিসের বন্ধুষ, কিসের সম্প্রীতি? যদিও ছই নৃপতির বন্ধুষ অপেক্ষা ছই দরিজের বন্ধুষ নিম্নপট, যদিও ছই বিষয়ীর আত্মীয়তা অপেক্ষা ছই ভিকুকের আত্মীয়তা সরলভাব, তথাপি গরিবের কে গুণগ্রাহী? কিন্তু যখন বড়লোকে বড়লোকে কোলাকোলি করেন যখন ব্যাত্ম ভল্লুক করম্পর্শ করেন, এক দেশের সিংহরাজ্ম অক্ত দেশের ঋক্ষন্পতিকে "আমার প্রিয়তম বন্ধু" বলিয়া সন্তাষণ করেন তখন বন্ধুষশন্দের কেমন সার্থকতা সম্পাদন হয়? রোজনামচা হইতে সেই নিম্নপট গৌরবের আজ্ম একটি পরিচয় দিতেছি।

দেওয়ান গজানন আজ বিগ্রাহবেশ পরিত্যাগ করিয়া সদ্ধিসজ্জায় সজ্জিত।
তাঁহার প্রশন্ত ছুল কলেবর সর্ব্বদাই স্থানির্ম্মল, লোমহীন, গোরবর্ণ, বাহ্মদের
স্থাচিক শুদ্র সরল মার্জিড যজ্ঞোপবীত বামস্কদ্ধ হইতে, বক্ষদেশ হইয়া সেই
লাম্বোদরের দক্ষিণপার্শে লম্বমান, লমা লংকলাথের ধৃতি মাত্র পরিধেয়, তাঁহার
উভয় কাছা ও কোঁচা উদরের এক অস্ত হইতে আর এক ধার পর্যান্ত পরিসর—
এই গজাননের পোশাকী বেশ! তিনি যখন নিজগৃহে বসিয়া থাকিতেন অতি
থর্ম কম চৌড়া ধৃতি মাত্র তাঁহার পরিধানে থাকিত, কাছা প্রায় থাকিত না,
কাছা বাঁচাইয়া গামছা করিতেন এবং ছইখানি ঐক্লপ কাছা বাঁচাইয়া আর
একখানি আবার ঐক্লপ কুল্ল ধৃতি করিছেন, সে ক্লেড জীনগরে ছেলের মূথে

একটি নামতা শুনা যাইত, জটাধারীই তাহা বচনা করিয়াছে বলিয়া আমার অনর্থক কেহ কেহ অপবাদ দিত, নামতাটি এই:—

কাছাকে কাছা,
কাছা হগুণে গামছা,
হই গামছা বোড় ভাই,
গজাননের ধৃতি তাই।

এই বচন গজানন কখন কখন স্বকূর্ণে শুনিতেন, কিন্তু কাহারও কথায় তিনি জক্ষেপ করিতেন না, ববং ভাবিতেন এই বচনেব সাব সংগ্রহ করিলে, অনেকের मक्यमीला द्रिष्क स्टेट भारत । यात्रा बड़ेक আङ मक्ष्यमीला भितान किया, অনাবশুক খরচ করিয়াও দেওয়ানজী পোশাকী বস্ত্র পবিধান কবিযাছেন; তাঁহাব চরণ আন্ধ "ফুলপুখুরীয়" ফুলদাব জবির ফুল তোলা পাতকাছয়ে সোভমান। জুতা যোড়াটী ছাদশ বংসব হইল খবিদ হইযাছিল কিন্তু তাহার বঙ্গ টস্কে নাই। বিশেষ বিশেষ মঙ্গলের দিন, পুণাাহ, পৃঞ্চা দশমী ইত্যাদি বংসরে তুই চারি দিবস বাহির হয়, নচেৎ ভৈরব খানসামাব জিন্থায় একটা পশ্চিমে বাক্তার বস্থানিতে বান্ধা থাকে, ভাজমাদে তুই এক দিবদ মাত্র সূর্যাদেব দেখিতে পান, বার বংসরের মধ্যে বুড় ভৈরব একবাব ভামাকের অঙ্গুলি স্পর্ণ করিয়া ঐ পাত্কার একটি শ্বেড ফুলে দাগ লাগাইয়া আপনার বামগণ্ডে গঞ্জাননেব এক চাপড়ের কালিশিরা রূপ চিহ্ন ধারণ করিয়াছে। দেওয়ানঞ্চীর সুসক্ষা দেখিয়া আমি ভাবিতেছি আৰু ওভদিন, কারণ যে দিন দেওয়ানজী স্থসঙ্কিত হন একটি পর্ব্ব উপস্থিত হয়, মিষ্টান্ন সন্দেশের প্রায় আমদানি হইয়া থাকে। কিন্তু গঞ্জাননের তুই একটি কথা ওনিয়া আমার সে ভ্রম দূর হইল। একটি প্রিয় অনুচরকে লক্ষ্য করিয়া গঞ্জানন কছিলেন "এস, আজ ভোরেই কর্তা মহাশয়ের সহিত সাক্ষাৎ হইয়াছে, আওতোধ ত আওতোষ! যেমন নাম তেমনি গুণ, আমার ঘোড়াটা হত হইয়াছে ওনিয়াই কহিলেন নৃতন একটি অশ্ব ক্রয় করিয়া লও, লিংহদের নিকট আর দাবী করিও না"—গঞ্জানন আবার নিমু স্ববে "কহিলেন "ঘোড়াটি ত সরকারী ধরচেই ধরিদ হইবে, কিন্তু সিংহদের নিকটেও মূল্য আদায় করা চাই, চাই বৈ कি !-- চাই গো---চাই!" এই কথা কহিয়া দেউড়ির সম্মূপে যথায় শিবিকা প্রান্ত ছিল দেওয়ানতী আসিয়া দাড়াইলেন। আরোহণ করিতে উক্তত হইলেন এমন সময় আমি কহিলাম "দাদা মহাশয় আমি যাটব।"

গৰা। কেরে ভাই—কটু! কোথার যাইবে !

"তোমার সঙ্গে" কহিয়াই আমি গঞ্জানন দাদার শিবিকার এক কোণে বসিলাম। অধিকক্ষণ মুখ বন্ধ রাখা আমার পক্ষে কষ্টকর, বাহকগণ কয়েকটি পদ না চলিতেই কহিলাম "গজু দাদা আজ আবার দাঙ্গা হবে ?"

গঞ্জা। রাম কহ, রাম কহ! রঘুবীর রঘুবীর! সন্ধি মানসে যাইতেছি যাত্রার সময় এ কুকথা কেন শুনালি ?

আমি বলিলাম "কি কুকথা দাদা দাঙ্গা ? দাঙ্গা দেখায় আমোদ আছে।" গজা। রাম কহ, গঙ্গা কহ, আবার ঐ অকথা।

আমি কহিলাম "কি অকথা দাঙ্গা"!

গঞা। তুমি আজ বিপদ ঘটাইবে দেখিতেছি! আবার ঐ কথা বল ত, নামিয়ে দিয়ে যাব।

"আর কহিব না — কিন্তু দাদা আমি সেদিন দেখেছিলাম—আপনার কৌশল চমৎকার।"

গঞ্জা। ভাই এ সকল শিক্ষা নিভাস্থ আবশ্যক, বেটা ছেলে হয়ে কেবল পুথি পড়া নয়—বল্ চাই, বুক্ চাই, দম্ভ চাই, তবে অদৃষ্ট যোগ দেয় বড়লোক হয়— হয় বে—ভাই—হয়।

এদিকে বঘুবার সদার আজ রুদ্রাক্ষেব মালা গলায়, রাঙ্গা পাগড়ি মাথায় দিয়া কুন্থাবচম্মনিন্দিত ঢাল পুর্ছে বান্ধিয়া, কোমরেব বামপার্শ্বে মহিষের চর্মকৃত কোষ সংযুক্ত তরবাল কুলাইয়া, লাঠি হাতে পাল্কির এক বাড় ধরিয়া চঞ্চল পদচালনায় বাহকদলের সঙ্গে সঙ্গে চলিতেছিল। আমাদের কথা শুনিয়া কহিয়া উঠিল, "বেটা ছেলে হলেই কি ভাগ্য হয় হছুর ? আমরাও ত বেটা ছেলে, বেটা ছেলে হওয়া বড় মুখ! বরং মেয়েরা কাটনা কাটিয়া, মাছ ধরিয়া ভাল থাকে, আমাদের—"

সর্দার বেহারা কহিয়া উঠিল, "এই বোঝা কান্ধে করিয়া কাদা কাঁটা ভাঙ্গিতে বড় সুখ!" রঘুবীর কহিয়া উঠিল "আর মধ্যে মধ্যে দারগা সাহেবের পয়জারে বড় সুখ!"

কথা কহিতে কহিতে বিস্তৃত হরিত ক্ষেত্র, শেষে নিবিড় বৃক্ষশির ভেদ করিয়া সিংহ বাবুদের প্রাসাদের খেত উর্মিপৃষ্ঠবং আলিসা ও কারনিস দৃষ্ট হইল। বেহারাগণ সজোরে হাকিতে লাগিল, রঘুবীর ক্রতপদ হইল, সর্দারের লালকুত্বর যেন ভারি বিষয় কার্য্যে তৎপর হইয়া সবার অগ্রে দৌড়িল—জমাদারের টাটু ঘোড়া দৌড়িল, কিয়ংক্ষণ মধ্যে সিংহ বাবুদের গৃহত্বারে পান্দী থামিল।

শ্রীযুত বাবু শিবসহায় সিংহ দেউড়ির সম্মুখে শিবিকা দেখিয়াই নিজ আসন একটি নিয়ারের খাট হইতে অবতীর্ণ হইয়া খড়ম পায়ে দিয়া দাঁড়াইলেন। উপরে সুপক জ্র-যুগল, নিমে কদম্বকেশরের স্থায় প্রচুর শ্বেভ গোঁফের দলমধ্যে বৃহৎ চকুর্ম, বয়োগুণে তারাময় আর তাদৃশ ভ্রমরকালো নাই; ওর্চম্ম কিঞ্চিৎ উন্নত করিয়া ভ্রাযুগল কুঞ্চিত করিয়া যখন গঞ্জাননের দিকে দৃষ্টিনিক্ষেপ করিলেন তখন রাজবাটীর সিংহদরজার সেই বুড় সিংহের মূর্ত্তিটি মনে পড়িল—মনে হইল গঙ্গাননের গজস্ক চিরিয়া রক্তশোষণ করিবেন। বাবু শিবসহায় সিংহ চৌহান বংশীয়—ভাঁহার পিতামহ সুবাদারী করিয়া শেষ মারহাট্টা ও পিগুারী যুদ্ধে বিশেষ যশোলাভ করিয়া জঙ্গল স্থানে বিস্তৃত জায়গির মহল লাভ করিয়াছিলেন। অন্থ তিন পুরুষ বঙ্গ-প্রদেশের পশ্চিমবিভাগে বাস করিয়াও চৌহান জাতির কুল-নীতি ভূলেন নাই, পশ্চিম অযোধ্যাবাদী স্বন্ধাতি সহংশের সহিত কুটুম্বিতা রক্ষা করিতেছেন। কাদম্বিনী একমাত্র কল্মা, অধিষ্ঠাত্রী করালবদনী কালীকাপ্রসাদে এই কাদম্বিনী পাইয়াছেন। সেই কল্যার কল্যাণবিধান জন্ম প্রতি অমাবস্থায় সিংহমহাশয় ঘোররূপ কালীর বোডশোপচারে পূজা করিয়া থাকেন, আবার কালোচিত স্থনীভিতে সেই ক্ষ্মাকে শিক্ষা দিয়াছেন। যেমন কাদম্বিনী পুস্তকপাঠে নিপুণা, সুকাব্যের রসগ্রাহিণী, তেমনি গৃহধর্মে শিল্পকার্য্যে অবশেষে প্রসিদ্ধ পাচিকা রাঙ্গা ঠাকুরুণের শিক্ষায় রন্ধন-কার্য্যে সমীচীন ব্যুৎপল্লা—মাতৃহীন হওয়ায় কম্মার পরিণয়কার্য্যের ব্যাঘাত হইয়াছে —বাল্যবয়স অতিক্রম করিয়া যৌবনোশুখী হইয়াছেন। সম্প্রতি স্থলতানপুর নিবাসী কোন ছত্রিয় বংশ হইতে কোন যুবা রাজপুত্র আনাইয়া আপন জামাতৃপদে বরণ করিবার শিবসহায় বাবুর ইচ্ছা ছিল, ভবিশ্বৎ অযোধ্যাকুমুম আপাতত বঙ্গ-কাননে সিংহদের গৃহপ্রাঙ্গণই উজ্জ্বল করিয়াছিল কিন্তু সেই সোহাগের ধন অচিরাৎ বিশহাত জলে মগ্ন। এই কুমুম হইতে পীযুষ পরিবর্ত্তে গরল উৎপন্ন হইয়া সিংহ-কুলকে একেবারে বিষবারিসিক্ত করিতে উগ্রত। বাবু শিবসহায় সিংহ যে সময়ে গঞ্জাননের প্রতি ক্রোধদৃষ্টি নিক্ষেপ করিতেছিলেন সেই সময়ে কাদম্বিনীর রূপলাবণ্য ও কুলগোরব তাঁহার মনে জাগরুক ছিল। তিনি শুনিয়াছিলেন সেই রূপে সেই গৌরবে গন্ধাননের ষড়যন্ত্রে কলঙ্কক্ষেপণের চেষ্টা হইতেছে। সেই সুরূপা প্রাসাদ হইতে দাঙ্গা দেখিয়াছিলেন, তাহাঁকেও অভিযুক্ত ব্যক্তির শ্রেণীভুক্ত করা হইয়াছে। (मध्यानकी करियाहिलन **डाँ**रात वार्मिश माना वात्रस्थ रय ; जिनिहे करहन "বাবা ওদের মারতে হকুম দিয়াছেন" ও তাঁহার ইঙ্গিতে কয়েকটি দাসী ছাদ হইতে ইট নিক্ষেপ করে, তিনিই ত প্রধান আসামী। দেশবিভাগের ভেন্সীয়ান বিচারপতি মৌলভি সাহেব কাদম্বিনীর নামেও শমন করিয়াছেন।

গন্ধানন মিষ্টমুখ, সতত নত্ৰ, বিনয়ী, বাবু শিবসহায়কে দেখিবামাত্ৰ স্বরিত তাঁহার নিকট উপস্থিত হইয়া ছটি হাত বিনয়ে ধরিশেন। এবং কথা কহিতে কহিতে গঞ্চানন বাবু শিবসহায় সিংহকে খাটিয়ায় বসাইলেন। খাটিয়ার নিম্নভাগে একটী শতরঞ্জিতে নিজে বসিয়া নিম্ন স্বরে কি কথা কহিলেন। শিবসহায় সিংহ জল হইয়া গেলেন। দেওয়ানজী প্রকাশ্যে বলিতে লাগিলেন "রাগ চণ্ডাল, চণ্ডাল ममारे ठिछान ! तार्श मासूष वृष्तिशीन श्य, आश्रीन य क्या कृष्त आमि वृशियाहि, কেহ আপনাকে মিথ্যা সংবাদ দিয়া থাকিবে, আপনার যাহাতে অসম্ভ্রম হয়— দোহাই রঘবীর । সে চেষ্টা গঞ্জাননের সততই কইকর জানিবেন। যাহা হইয়াছে, হইয়া গিয়াছে, নির্কোধ সেই ছেঁড়া মুক্তারটা এক বুঝিতে আর বুঝেছে, এক্ষণে ক্ষমা করুন, রাম বলুন, শান্তি শান্তি শান্তি বলুন—না বলবেনই বা কেন ? যাহাতে ইজ্বত রক্ষা হয় তার অনিচ্ছা বা কেন ? তা করাই বা কি কঠিন কাজ ? উভয় পক্ষ সম্মত হইলে হাকিম কি কর্তে পারেন ! দায়ী মৃদ্দয় রাজ্ঞী ত কি করবে কালী ?" দেওয়ানজীর মন্ত্র সর্ব্রশক্তিমান, মিথ্যাবাদ কপটভা কি এতই মিষ্ট ? সরল সিংহ বাবু এক্ষণে মন্ত্রে বশীভূত দেওয়ানজীর কথা যথার্থ ই হিতৈষী সুদ্ধদের পরামর্শ বলিয়া গ্রহণ করিলেন। পার্শ্ববর্তী লোক সমস্তের প্রতি গজানন অঙ্গুলি নির্দ্দেশ করিয়া কহিলেন "ওচে তোমবা একবার অন্তরে যাও, যাও হে যাও" পরক্ষণেই কহিলেন "মহাশয় এখন এখানে কেহ নাই—এই শ্বেত চুণের ঘরে বসিয়া ক্রিভেছি—স্বরূপ ক্রিভেছি কোন বিষয়ে চিন্তা ক্রিবেন না, যদিও সমন হইয়াছে তাহার উপায় আছে। আপনার মান, বুকে হাত দিয়া বলিতেছি, এই আমার মান, আমার মান, মশাই, আমার মান! কুলক্স্যাকে কাছাবিতে উপস্থিত করা— রাম কহু, রাম কহু—সে কথা মনে করিবেন না—না হয় ছুহাজার টাকা গেলই। নিতান্ত সমনজারি নিষেধ না হয় অল্পবয়স্ক দাসী একজনকে সাজাইয়া দিব—মৌত নাম লিখাইয়া দিব-একটি চিতা সাজাইয়া শবদাহ দেখাইব-কথাটা কি এতই ভারি ? সহজ্ঞ কথা মশাই সহজ্ঞ কথা ! আজ্ঞ চৌকিদারকে দিয়া থানায় একটা এত্তেলা দিয়া রাখুন যে গ্রামে বিস্চিকার পীড়ার বড় প্রাত্মন্তাব, যেই পীড়ার উদয় সেই মৃত্যু-মৃত্যুরেব ন সংশয়! ব্যাম হল কি মল-আর শুরুন-গ্রামে চাঁদা করিয়া একটি রক্ষাকালীর পূজা আরম্ভ করে দিন, লোকে জাত্মক যে মহামারী यथार्थ हे छेशन्हिक इहेग्राट्स-इट्यट्ड ७-कान् ना इट्यट्ड।"

সরল শিবসহায় সিংহ ঘোর শাক্ত, কালীভক্ত, রক্ষাকালী পূজার নাম শুনিয়াই সব বিপদ ভূলিলেন, দেওয়ানজীর কথায় মন্ত হইয়া তাহার পরামর্শ একান্ত মনে গ্রহণ করিলেন, পরক্ষণেই দেওয়ানজী চাঁদার ফর্দ্দ লইয়া বসিলেন। কালীপূজার ধরচের সহিত আপন মৃত ঘোড়ার মূল্য উঠাইতে লাগিলেন।

বন্দবস্ত সমাপ্ত হইলে আমাদের শিবিকা কিঞ্চিৎ কাল পরেই গৃহাভিমুখ হইল। যখুন আমরা শান্তিপুরের বহির্দেশে আসিলাম ঢাকের শব্দ উঠিল। রঘুবীর কহিল প্রতিমার মাটা তুলিতে যাইতেছে।



জিকালি সমাজসংস্কারের বড় ধৃম পড়িয়া গিয়াছে। সমাজ সংস্কার কর, বলিয়া কত লোক যে উচ্চৈঃস্বরে গলাবাজী করতঃ ছাপায় নাম তুলিয়া লইল তাহার ঠিকানা নাই। কেহ বিবাহসংস্থার, কেহ ধর্মসংস্থার, কেহ সমাজ-সংস্থার, কেহ ভারতসংস্থার, কেহ লেখনসংস্থার লইয়া দিন কত গোলযোগ করত: শেষ, বড লোক,— গট হইয়া ঘরে বসিয়া গল্প মারিতে লাগিলেন। অনেকেই আপন কাজ, অর্থাৎ কিছু পয়শা, মারিয়া লইলেন। বিবাহ, ধর্ম, সমাজ, ভারত, লেখন যেমন তেমনি রহিল, তাহাদের আর সংস্কার হইল না। লোকে প্রথম গোলযোগ, নামসই, দরখান্ত, লেখালেখি, বকাবকি তুমূলকাণ্ড দেখিয়া ভাবে, এইবার বুঝি কিছু হবে, শেষ বিস্মিত হইয়া জিজ্ঞাসা করে কি হলো !!! বহুকাল ধরিয়া লোকে বলিয়া আসিতেছে কি হলো।। অথচ কিছই হয় না। কেন १ কারণ অনুসন্ধান করিতে হইবে। কারণ খুঁজিতে গেলে প্রথম কারণ কেহই বলিয়া উঠিতে পারে না। আমরা বলি সংস্কার দ্বিনিসটা কি একবার তব্ব লওয়া যাউক না কেন ? সংস্থারের লক্ষণ কি ? প্রকৃতি কিরূপ ? কোপায় সংস্থার দরকার হয় ? সংস্থার ভিন্ন আর কোন সমাঞ্চপরিবর্ত্তন আছে কি থাকে ত সে কিরূপ ? অন্থ আমরা তাহাই দেখিতে বসিব। আমাদের অন্থকার প্রসাব সংস্থার ও বিপ্লব।

সংস্থার ও বিপ্লব, ছইটি কথার অর্থ কি ? সংস্থার শব্দে মেরামত, কোন জায়গা ভাঙ্গিয়া গেলে তাহা সারিয়া লওয়ার নাম সংস্থার। যেমন আমরা বাটীর সংস্থার বা মেরামত করিয়া থাকি। বিপ্লব শব্দে উন্টাইয়া পান্টাইয়া দেওয়া; কেছ কেছ বলেন ভাঙ্গিয়া চুরিয়া গুড়ার নাম বিপ্লব; আমরা এ প্রস্তাবে সেরূপ অর্থ গ্রহণ করিব না। কেন ? পরে জানা যাইবে। এই ছই প্রকার উপায়ই সময়ে সময়ে দরকারী হয়। যখন কোন নৃতন সমাজ কোন কারণ বলতঃ বিপথগামী হয়, তাহার পরিবর্ত্ত আবশ্রুক হয়, সেই পরিবর্ত্তের নাম সংস্থার। যেমন আবেলে ও রোমে

ঋণসংক্রান্ত আইনের পরিবর্ত্ত। যাহারা ঋণ দিত তাহারা খাতকদিগকে দাস

করিত, প্রহার করিত, চুণের গাবোদে পুরিয়া রাখিত, তাহাদের সর্ববন্থ বাজেয়াপ্ত করিয়া লইত ইত্যাদি, এ অবস্থায় দেশের সমস্ত লোক ক্ষিপ্ত হইয়া উঠিল। ভাহাতে যে বন্দোবস্ত দারা ঋণসংক্রান্ত আইনের পরিবর্ত্ত হইল সে আইন দারা ममोक मःकात रहेल। हेल्ला वत्नावस एएमात लाएक एमा मामन कतिरव। ১৮৩২ সালে হুংখী প্রজারা ক্ষেপিয়া উঠিল যে যদি দেশের লোকেই দেশ শাসন করিবে তবে আমাদের লোক কেন মহাসভায় না যায়। তখন বিফরম বিল Reform bill পাস হইল। রিফরম বিল সমাজসংস্থার করিল। আবার যখন ' ফ্রান্সের রাজ্য ওমবাহবর্গ ও ধর্ম্মযাজকগণ সকলেই অত্যাচাব করিতে লাগিলেন, যখন রাজাব বাবুগিবির খরচে, রাজার বেশ্যাদিগেব পেনশন দিতে রাজকোষ শৃষ্ঠ হইয়া উঠিতে লাগিল, যখন পাাকটিডি ফেমিন (ছভিক্ষ সমাজ) দেশের সমস্ত শস্ত ক্রেয় কবিয়া গোলাজাৎ কবতঃ দেশে বোজ রোজ গুভিক্ষ উৎপাদন করিতে লাগিলেন এবং পূর্ববসঞ্চিত দাস্তা দ্বিগুণ ত্রিগুণ মূল্যে বিক্রয় কবিয়া বড় মানুষ হইতে লাগিলেন, তখন যে কয়েকজন সামান্য লোকের সর্ব্বশক্তিমতী লেখনী প্রভাবে ফ্রান্সের লোকের চক্ষু উদ্মালিত হইল—যে উদ্মীলনে রাজা, ধমরাহ, ধর্ম্মযাঞ্চক, বাষ্টাইল, অত্যাচাব কোথায় উড়িয়া গেল, তাহারই নাম বিপ্লব। ঐ যে আবার ইতালি ও জার্মানি কুদ্র কুদ্র রাজা যথেষ্টাচার শাসনপ্রণালী ও নানাবিধ অত্যাচার কাটাইয়া একত্র হইতেছে ইহাও বিপ্লব। ১৬৪৪ খঃ অন্দে ইংরেভেরা যে জেমস্কে তাড়াইয়া উইলিয়ম্কে রাজা করিয়া বিপ্লব বিপ্লব বলেন, সে বাস্তবিক বিপ্লব নতে, সে রাজপরিবর্তু মাত্র। সে সংস্কারও নছে, সে বিপ্লবও নছে। আর ইতিহাসের आफ না করিয়া মোটা কথায় একটা দৃষ্টাস্থ দিয়া বুঝাইয়া দিই। একটা নৃতন বাটিব যদি কোপায় একটু চিড় যায় ভাহার মেরামতের নাম সংস্কার। মনে কর, বাড়ীর হুইখান কড়ি বদলাইতে হইল, ছাদে দাগরাঞ্জি করিতে হইল সে সকলই সংস্কার ; কিন্তু যদি বাড়ীটি চৌচাপটে বসিয়া যায়, কিস্বা এক দিক্ বসিয়া গিয়া মাঝখানে ফাক হইয়া পড়ে, কি অতি প্রাচীন লোণাধরা জরাজীর্ণ হয়, তবে ভাছাকে ভাঙ্গিয়া ফেলিতে হয়, সেই ভাঙ্গিয়া ফেলার নাম বিপ্লব। ফল কথা এই. थानिक वम्लाहेर७ इटेलाहे अश्वात, आत वृनिग्राम ७% वम्लाहेर७ इहेरलहे বিপ্লব। সমাজসংস্থার বলিলে বুঝায় যে, সমাজটী যেমন আছে আদত ডেমনটিই

थाकिरव । आमरण यन कान विश्व ना इय । विभ्राय वृकाय आमलहे वामाहित्क . হ**ইবে সমাজ** যেমনটা ছিল তেমনটা আর না থাকে। সংস্থার করিতে সেলে জেখান যে কোন্ টুকুতে অনিষ্ট হইডেছে কোন্ টুকু বদলাইতে হইবে। বিশ্লবে সে টুকু ঠিক করিবার যো নাই। বিপ্লবে ভাল মন্দ এই ছই অনিই হইতেছে বোধ হয়। কোন্টা ভাল কোন্টা মন্দ ঠিক করিবার উপায় থাকে না। मश्कारत ऐएमण ठिक कतिए भाता यात्र, यथन काना यात्र त्य, এইটুकू मन्न, उसन এইটকু এই উপায়ে বদলাইলেই ভাল হয় তাহাও জানা যায়। किन्छ विश्वाद छेटमा कि इरा ना, कर्किक वमलाहेट इहेटन, डाहान निमाना हरा ना। এই জক্মই দেখা যায়, সংস্কার স্থলে লোকে বলে আমরা এই চাহি। বিপ্লবস্থলে বলে আমরা এ সব আর চাহি না। রিফরম বিল লইয়া গোলযোগের সময় লোকে বলিল, আমাদের রেপ্রেক্সেণ্টেটিব দিতে হইবে। ফ্রেক্স বিপ্লবে লোকে বলিল আমরা রাজা চাহি না ওমরাহ চাহি না। এইরূপ উদ্দেশ্য স্থির থাকে विनियां है (मथा याय, त्य मः ऋात्रकृतन तका तकियां ९ ठतन । अवीं ९ व्यथम अत्नक চাহিয়া বসিলেও শেষ কতক দিয়া ঠাণ্ডা করা যায়। যেমন রিফরম বিলের সময় লোকে সমস্ত লোকের মত লইয়া মেম্বার পাঠাইতে হইবে চাহিয়া বসিল, শেষ রফা হইল, যাহারা বংসর ১০ পাউও খাজানা দেয় ভাহারাই পারিবে আর কেহ পারিবে না, কিন্তু বিপ্লবস্থলে প্রথম অল্প পরিবর্তের জন্ম আরম্ভ হয়, শেষ সব না বদলাইয়া তৃপ্তি হয় না। ফরাসির। শাসনপ্রণালী বদলাইবার জন্ম আরম্ভ করিয়া শেষ না বদলাইয়াছে এমন জিনিসই নাই। তাপমান যন্ত্রের মাপ করিবার পারা পর্যান্ত বদলাইয়াছে। যত রকম ওজন, মাপ ছিল, সব দশমিক আত্তে আনিয়া ফেলিয়াছে। এই জ্বস্তুই বলিয়াছিলাম—বিপ্লবে উদ্দেশ্য ঠিক করা যায় না বলিয়াই বলিয়াছিলাম যে ভাঙ্গিয়া চুরিয়া গড়ার নাম বিপ্লব নহে, ভাঙ্গিয়া চুরিয়া ফেলার নাম বিপ্লব। গড়িতে গেলে উদ্দেশ্যটা ভাঙ্গার আগে হইতেই ঠিক থাকা চাহি: বিপ্লবে তাহা একেবারে থাকে না। বিপ্লবে যদি কোন উদ্দেশ্য গোড়া গোড়ি স্থির থাকে তবে সে এই :--

বর্ত্তমান সমাজের দারা আমাদের কাজ চলিতেছে না, ইহাকে ভাঙ্গিয়া মমুশ্যকে আবার স্বাভাবিক অবস্থায় আনয়ন কর, তাহার পর দেখা যাইবে, যদি মমুশ্যসমাজ ভিন্ন থাকিতে না পারে, তখন উপস্থিত মত বিচার করা যাইবে। গড়ার কথা পরে হবে, আগে ভাঙ্গ, আগে উপস্থিত বিপদ হইতে উদ্ধার হও।

উপরে সংস্থার ও বিপ্লবের যেরূপ বিবরণ দেওয়া হইল, তাহাতে আর একটি মতও দৃষিত হইল। অনেকে যে বলেন, "ভাঙ্বি ত আগে গড়তে শেখ্" আমরা বলি গড়িতে শেখার দরকার নাই। ভাঙ্গিতে পারিলেই হইল। ভবে এক কথা এই, সংস্থার সকলে ব্ঝিতে পারেন এইটুকু মন্দ আছে, বাপু ভাল করিয়া লও। বৃদ্ধি যতই মোটা হউক না এটা সবাই বৃশিক্ষেত্র

किन्न विश्वव वृक्षा किन्नं कठिन। वर्खमान या आह्य जन वननाइव, कि इटेरव জানিতে পারিব না, ইহা বৃঝিয়া, এরূপ কার্য্যে সাহসী হইয়া হস্তক্ষেপ করা, সকল মহুয়ের সাধ্যায়ত্ত নহে। আগে ত কেহই বুঝিত না; অষ্টাদশ শতান্দীর ফিলজফারদিগের কল্যাণে এখন তবু কেহ কেহ বুঝিতেছে। পৃথিবীর সমাজসকল থেরূপে গঠিত তাহাতে লোকের "যা আছে বেশ, এর আর বদল কাজ নাই" এই ভাবই জন্ম। বদলাইতে ত ইচ্ছা করেই না, তবে একটু আধটু বদলাইলে यमि ভाल इस क्रिकि नारे। "একেবারে সব বদল, বাপুরে, সে যে বড় ভয়ানক, যা আছে এর কিছু থাকবে না ; না তা ত পার্ব না," এই ভাবই বেশী, স্ভরাং विभव क्यान कतिशा इट्रेरव। जरव या छूटे এकि। विभव मार्ख मार्ख ट्रेश গিয়াছে, মধ্যে মধ্যে সমূল পরিবর্ত্তও হইয়া গিয়াছে তাহার কারণ এই:—তথন লোকে মনে করিয়াছে যে বর্ত্তমান পাপেব ভবা, বর্ত্তমান অভ্যাচাররাশি আর সহিতে পারি না, এর চেযে মরণ ভাল। এ অবস্থা বদলাইলে সুখ হউক আর নাই হউক অত্যাচার কমিবে, অস্তঃ উহাব রূপাস্তবও হইবে। এই বলিয়া জীবনাশায় বিসৰ্জন দিয়া উন্মন্ত হইয়া লাগিয়াছে, একটা প্ৰলয় হইয়া গিয়াছে। যে সকল বিপ্লব হইয়া গিয়াছে অধিকাংশ পূর্কোক্তরূপ নৈরাশ্রভাব হইভেই হইয়াছে। আর যত বিপ্লব হইয়াছে অধিকাংশ রাজপরিবর্ত্ত, বাষ্ট্রবিপ্লব, অথবা শাসনপ্রণালী পরিবর্ত্ত সমাজ পবিবর্ত এক ফ্রান্সে হইয়াছে আর কোধায় হইবে ? আমর। যে বিপ্লবের কথা কহি এও সমান্ধবিপ্লব। সমান্ধের পরীক্ষা করিয়া সমাজসংস্কার আবশুক বা বিপ্লব আবশুক এরূপ বিচার কোধায় হুইয়াছে বলিতে পারি না। সমাজের অবস্থা পর্যাবেক্ষণ করিয়া বছদিন আগে এ সমাজ এ ভাবে চলিবে कि ना विलग्ना দেওয়া সামাশ্ব সমাজ-তত্ত্ববিদের কার্যা নহে: किन्न हे छेद्रार्थ व्यन्तरक ४ । १० वस्त्रत व्यार्थ य त्रकल ভविद्युरवानी कत्रिया গিয়াছেন তাহা অনেক সিদ্ধ হইয়াছে এবং বোধ হয় চেষ্টা করিলে আরও স্পষ্টরূপে বলা যাইতে পারে। যাহারা বছদিন পদ্মায় মাঝিগিরি করিভেছে তাহারা মেছের আকার, বায়ুর গতি দেখিয়া ৪।৫ ঘণ্টা আগে কড় হইবে টের পায়, যদি উদ্ধারের <mark>छेशा</mark>त्र थात्क करत, व्यात यनि ना थात्क रमटे 810 चन्छा व्यार**ाटे** विनेत्रा रमन्न "যে যার চেষ্টা কর, রক্ষা হবার নয়।" বিপ্লবের পূর্বেও ঠিক সেইরূপ বলা চাছি। তবে সমাজভবশাল্লের প্রকৃত উন্নতি হইয়াছে বলিতে হইবে, সমাজনৌকা সময়-স্রোভে বেশ চলিয়া আসিতেছে, ঐ পাছাড়ে, ঐ চড়ায় ভাহার বাণচাল হইবে, धरे छेशारम वक्त शर्थ हामाहेर्ड शाहित्म छेकान नहिर मर्कनाम । व्यथवा "ध সমাৰগৃহ অভ্যস্ত ৰুৱাৰীৰ্ণ, সামাস্ত বাতাসেই ভূমিসাৎ হইবে, বাভাসে পড়িলে অনেক লোক মারা পড়িবে, কাল নাই এই বেলা বাতাস না উঠিতে ইহার বিনাশ

সম্পাদন কর।" এই সকল কথা যখন বলিতে পারিবে তখন সমাজতবশাল্তের দারা জগতের উপকার হইল বলিয়া স্বীকার করিব।

সমাজের সমস্ত অবস্থা পর্য্যবেক্ষণ করিয়া তাহার কোথায় কি দোষ আছে এবং সেই দোষের জন্ম সংস্থার প্রয়োজন বা বিপ্লব প্রয়োজন বলা সহজ নছে **এবং সংস্থার যেখানে প্রয়োজন সেখানে বিপ্লব হইল এবং বিপ্লবন্থলে সংস্থার**» হইলে জগতে ভয়ানক অনিষ্ট হয়। এবং এ পর্য্যস্ত কত দেশ যে এই দোৰে উৎসন্ন গিয়াছে তাহা বলা যায় না। ফরাসীদেশে ১৭৮৯ খ্রীষ্টাব্দে যে ভয়ঙ্কর প্রশয়কাণ্ড উপস্থিত হয় তাহাতে সে একপ্রকার নৃতন সমাজের নৃতন জগতের স্ষ্টি হইয়াছে বলিতে হইবে। সে নৃতন সমাজে বিপ্লব আর প্রয়োজন করে না বোধ হয় কোন বিষয়েই বদল দরকার হয় না, কিন্তু এই ৮৯ বৎসরের মধ্যে সেখানে ৪া৫টা বিপ্লব হইয়া গেল, নৃতন সমাজে বিপ্লব হইলে সমাজের শক্তি দ্রাস হয়, তাহা গত প্রসিয়ার যুদ্ধে বিলক্ষণ প্রতিপন্ন হইয়াছে। যেখানে সংস্কার স্থানে বিপ্লব করা হয়, সেখানে ত এইরূপ, আবার যেখানে বিপ্লবস্থানে সংস্কার হয় সম্পূর্ণ বদল না করিয়া কিছু পরিবর্ত্তে শান্ত থাকা যায়, সেখানে হুর্গতির পরিসীমা থাকে না। সাক্ষী রোম, রোমের ইতিহাস আছম্ভ এই মহৎ সভোর সাক্ষাপ্রদান কবিতেভে। রোমের সমাজ একটি নগবেব সমাজ, একনগরের শাসন, স্বাচ্ছনদা, স্থপস্থদ্ধির জন্ম যা কিছু দবকার রোমে তাহার কিছুরই অভাব ছিল না। ক্রমে সেই এক নগরীর অদৃষ্টে সমস্ত জগতের আধিপত্য ঘটিল। তখন আর পুরান নগর শাসন প্রণালীতে চলিবে কেন ? তখন স্বতম্ভ বন্দোবস্ত স্বতই প্রয়োজন হইয়া পড়িল। কিন্তু সেটি কেহ বুঝিতে পারিল না। যে সেনেট গ্রীষ্টাব্দের (৪০০) বৎসর পূর্ব্বে স্ফারুরূপে রোম শাসন করিয়াছে, সেই সেনেট খৃ: পৃ: ১৫০ ইউফেটীস হইতে আটলান্টিক পর্যান্ত শাসন করিতে পারিবে কেন ? রোমের পক্ষে ভয়ত্বর দিন স্বভরাং উপস্থিত হইল। একশভ বংসর ধরিয়া ভয়ম্বর যুদ্ধ, পৃথিবী রক্তন্তোতে প্লাবিত, খুন মারামারি কাটাকাটি অত্যাচার লোমহর্ষণ উৎপীড়ন, নগরদাহ প্রভৃতি পাঠ করিলে শরীর কণ্টকিত হয়। পৃথিবীর অমন দিন যেন আর না হয়। এই সময় একজন লোক কেবল সম্পূর্ণ বিপ্লব করিতে চেষ্টা করেন। তিনি সম্পূর্ণরূপে বুঝিয়াছিলেন এভাবে আর চলিবে না। সেই লোক কয়াস্ গ্রেকাস্। তাঁহার কথা কেহ ওনিল না। তাঁছার এমনি আশ্চর্য্য গণুনা, একশত বৎসরের রক্তক্রোভের পর শেষ ডিনি যাহা ভাবিয়াছিলেন তাহাই দাঁড়াইল। অগষ্টস্ যাহা করিলেন গ্রেকাসও ঠিক তাহাই করিতে চাহিয়াছিলেন। রোমের স্বাধীনতা বিলোপ ও যথেষ্টাচার নামক मामनक्ष्मामी क्षात्मन, अहे विभावत क्षकुष फेल्म्छ । विभाव ह्रोस वर्षे विभाव

উপকারও হইল ভাহাতে সন্দেহ নাই। প্রায় তিন বংসর বিশাল রোমাণ সাম্রাজ্যে শান্তি বিরাজিত ছিল, অস্ততঃ ভয়ানক অন্তর্বিজ্রোহ হয় নাই। কিন্ত স্থাপষ্টাচারে সমস্ত লোকের শারীরিক ও মানসিক উন্নতি বন্ধ হইয়া গেল, শেষ সেই বিশাল সভ্যসাম্রাজ্য অসভ্য লোকের উৎপীড়নে লণ্ডভণ্ড হইয়া আবার 🚁 ভশত বৎসর ধরিয়া পৃথিবীশুদ্ধ রক্তস্রোতে আর্দ্র করিতে লাগিল। পরিণামে যাহাই হউক যখন অগপ্তদের সময় বিপ্লব সমাধা হয় তখন সকলেই বলিয়াছিল "আ: বাঁচিলাম একশত বংসরের অরাজ্ঞক ত শেষ হইল, এখন নিশাস ফেলিবার সময় হইল।" ঐতিহাসিক দৃষ্টাস্তে বুঝিতে একটু দেরী হয়, আবার সেই ভাঙ্গা বাড়ীর দৃষ্টাম্ভে দেখাই, যদি যখন বাড়ীটির একটু দাগরাবি হইলেই চলে, সে সময় তাহাকে ভাঙ্গিয়া ফেল তাহাতে গৃহস্থের অনিষ্ট বই ইষ্ট নাই। আবার যখন বাড়ীটী সম্পূর্ণরূপে জরাজীর্ণ হইয়াছে, যখন একটু वाजान इंटेलई वृतियान छन्न नर्फ, यथन लागा लागिया नव कय इंहेगा नियार, অৰ্থগাছের শিক্ড যখন তেতালা হইতে নামিয়া মাটীর মধ্যে প্রবেশ করিয়াছে, সে বাড়ীটি ভাঙ্গিয়া ফেলাই ভাল নয় কি ? তাহার যতই মেরামত কর, নিশ্চিম্ব হইয়া সে বাড়ীতে কাহারও বাস করিবার যো নাই। বরং যে গৃহস্থ ভাঙ্গা মন্দিরে নিত্য খোয়া দিতে থাকে, তাহার টাকার বাড় বাধে না, হাজার সারাও কখন পড়িবে কখন পড়িবে ভয় সর্ব্বলাই করিবে। শেষ একদিন হয় ও পড়িয়া গিয়া সহস্র সহস্র লোকের গোর হইয়া চিরকাল প্রতিবেশীদিগকে ভূতের ২য়ে ব্যতিবাস্ত করিয়া তুলিবে। এরপ বাড়ীর সংস্কার করিলে হয় ত ছুপাচটি ঘর বাসযোগ্য হইতে পারে, অথবা এখনি পড়িত, না হয় ছবংসরের জন্ম ভাহা রক্ষা করা যাইতে পারে। কিন্তু সেই তুবৎসরও সর্বাদা সশবিত। আমার মতে ভেমন বাড়ী ভাঙ্গিয়া ফেলাই ভাল। এই ভাঙ্গা বাড়ীর দুপ্তান্তটি আমাদের হিন্দুসমাজে বেশ খাটে, হিন্দুসমাজ কভকেলে সমাজ যে তাহার ঠিকানা হয় না। ইহার বুনিয়াদ অতি সন্ধীর্ণ। মনুর-সংহিতায় দেখিতে পাই ভারতবর্ষ যখন অতি কুজ কুজ স্বাধীন রাজ্যে বিভক্ত ছিল, তখন তাহারই কোধাও কোথাও প্রকৃত হিন্দু-সমাজ ছিল। यथन এলাহাবাদের এদিকে আর্য্যদিপের নাম ছিল না, यখন বান্ধণ, কবিয়, বৈশ্ৰ, শৃদ্ৰ এই চারি বই জাতি ছিল না, তখন এই সমাজ ছিল। তাহার পর কত ধর্ম কত বিপ্লব গিয়াছে কত নৃতন শাসনপ্রণালী হইয়া পিয়াছে এখন ২০০০ জাতি হইয়াছে। ভারতের অর্থেক মুসলমান হইয়াছে। ইংরাজেরা সর্কোপরি সর্কানক্তিময়ী ভানা বিস্তার করিয়া সকলকে চাপা দিয়া রাখিয়াছে, হিন্দুসমাজের জাকটুকু ছাড়া আর কি আছে ? এখন কি না আমরা হিন্দুসমাজকে ভারতসমাজের (Indian Nation) সঙ্গে এক

করিয়া ধরি। কি ভুল! এমন হিন্দুর্সমান্তের যত শীজ অন্তিছ বিলোপ হয় তত্তই ভাল।

সমাজ মনুষ্যের জন্ম, মানুষ সমাজের জন্ম নহে। মানুষ আপনাদের সুঞ্ সমৃদ্ধি স্বাচ্ছন্দ্য রক্ষা ও বৃদ্ধির জন্ম সমাজ বলিয়া একটা নৃতন সৃষ্টি করে। উচিত যে যেমন মান্তুষের মনের, শরীরের ও সংসারের অবস্থা পরিবর্ত্তন হয়, ~ সেই সঙ্গে সঙ্গেই সমাজের ও পরিবর্ত্তন হয়। তাহা হইলেই সমাজের উদ্দেশ্ত স্থির থাকে। আরনোল্ড বলেন সমাজেরও বাল্য, শৈশব ও যৌবন আছে, বৃদ্ধাবস্থাও আছে, মৃত্যুও আছে। সমাজেব ক্রমে পরিবর্ত্তন স্বতই হয়; সেই পরিবর্ত্তনটী সমাজ্রস্থ লোকের আয়ন্তমত করিয়া লওয়া বড দরকার। আপনি পরিবর্ত্তন হইলে এইমত হইবে, এইমত হইলে এই দোষ হইবে, অভএব একে এই দিকে কিরাও, ওরূপ দোষ ঘটিলে দেশের অনিষ্ট হইবে। এই সকল বিবেচনায় সমাজ চালান পাকা ড্রাইববের কাজ। কিন্তু অনেকেই মনে করেন যে মনুষ্য সমাজের জনা সৃষ্ট হইয়াছে। সমাজ বজায় রাখাই মানুষের কাজ, যে অস্ত্রের অবতার সেই সমাজের পরিবর্ত্তন চাতে। এরপ ভাবিলেও তদমুসারে কার্য্য করিলে সমাজেব প্রকৃত উদ্দেশ্য সাধিত হয় না। বরং বিস্তর অপকার হয়। এই কথা কয়েকটী উদাহরণ দারা বুঝাইতে হইবে। প্রথম উদাহরণ রোমাণ জগং। বোমসমাজ এক সময়ে সমস্ত জগং জয় করিয়া সমস্ত জগংকে রোমাণ করিয়া তুলিয়াতিল। কিন্তু উত্তবদেশীয় অসভাদিগের দৌরাত্ম্যে সেই রোমাণ সমাজ লও ভও হইয়া গেল। ৪৭৬ খুষ্টান্দে বোমের নাম লোপ হইল। যথেষ্টাচার শাসনপ্রণালীর প্রভাবে ও উৎপীড়নে রোমের যেরূপ নির্জীবাবস্থা হইয়াছিল তাহাতে বোমসমাজবিনাশ জগতের ভাবী উন্নতির সূত্রপাত মাত্র। রোমসান্ত্রাজ্য ধ্বংস হইল রোমনগব ভস্মসাৎ হইল। রোম সাম্রাজ্য মধ্যে ১০।১২টি প্রবলপরাক্রম স্বাধীন রাজ্য স্থাপিত হইল। নৃতন আইন কাসুন চলিতে লাগিল কিন্তু লোকে তখন বলিত আমরা রোমাণ সাম্রাজ্যের লোক। ভন্মাবশিষ্ট রোমপুরী তখন তাহাদের মনে মনে রাজধানী রহিল। শেষ রোমক সামাজ্য পুনরুদ্দীপন করা রাজাদিগের একটা উদ্দেশ্য হইয়া দাড়াইল। কড কাটাকাটি মারামারির পর ৩ বৎসর পরে সারলমেন আবার হোলি রোমান এম্পারার উপাধি লইলেন। নামে রোম হইল, কাজে যে অসভ্য শাসন তাই রহিল, সারলমেন মরিলে আবার Emperor এই উপাধির জন্ম ২০০ বৎসর িলড়াই ঝগড়া চলিতে লাগিল। শেষ দশম শতাব্দীতে ওথো আপন দেশে Emperor নাম বন্ধমূল করিয়া গেলেন। ওথোর পরও এই Emperor হবার ক্ষা কড লোকে কড মারামারি করিয়াছে। বোড়া শতাব্দীতে ক্রান্সে ও

জার্মনিতে যে সকল যুদ্ধ হয় তাহারও কারণ এই উপাধি। শেষ উপাধি
পড়িল ডিউক অব আদ্বীয়ার ঘাড়ে। আদ্বীয়ার রাজ্য ছোট নাম বড়। ডিউক
এমপেরর তৃতীয় ফর্দিনান্দের দারিজ ইউরোপে আজিও হাসির জিনিস্ হইয়া
রহিয়াছে। শুদ্ধ নাম লইয়া হইলে না হয় হাসির জিনিস্, একটু হাসিয়াই
ছাড়িয়া দিতাম। এই মৃত সাম্রাজ্যের জালায় জার্মানি ও ইটালি কখন এক এিত
হইতে পারে নাই, ক্রুল ক্রুল সাম্রাজ্যাধীন রাজ্যে বিভক্ত হইয়া অমন স্থপতৃমি
ইটালি শত শত বৎসর ধরিয়া শ্রশানভূমি হইয়া পড়িয়াছিল। শেষ নেপোলিয়ান
১৮০৬ সালে রোমসাম্রাজ্যের নাম তুলিয়া দিলেন। তাহার ফল দেখ, ইটালি
বাঁচিল, জার্মানি বাঁচিল, এই তৃইটা দেশ এই ৫০ বৎসরের মধ্যে পৃথিবীর প্রধান
দেশ মধ্যে গণ্য হইয়াছে।

যদি রোম নামের মায়ায় মৃশ্ব না হইয়া ইটালি ও জন্মনি যথন উহাদের सुपिन ছिल, उथन इटेंटि आपन आपन नारम त्राक्त कति उ, यपि এकापन শতাব্দী হইতে মিলান প্রভৃতি নগবগুলি ও জার্মনি রহান্ধাবা নগরসমবায় সকল স্বাধীনভাবে উন্নতি লাভ করিত তবে কি আর জাম্মনি ইটালির ছুর্দ্দিন হইত। না ফ্রান্স এত দৌরাত্ম্য করিতে পারিত। সত্য বটে, ভাল জ্বিনিস্ যত্ন করে বেশী দিন রাখিতে চেষ্টা কবা উচিত। রোম সাম্রাজ্যও একটি ভাল किनिम्। किन्न यथन त्मारे ताम जान किनिम्, यथन त्यामस्थाम इटेर्ड निम्ह्य, জন কত Antiquarian লাগাইয়া দাও রোমের যা কিছু ভাল ছিল, ভাছার একটা রেজিষ্টর হইয়া থাকুক, ভবিশ্বতে লোকে পড়িয়া শিখিতে পারিবে। ভাষা না করিয়া যখন সেই ভাল জিনিস্রকা হইবাব নহে তখন ভাহা রক্ষার জন্ম বুণা চেষ্টা করিয়া অগণ্য প্রাণিসংহার, যখন ধ্বংস্ হইয়া গেল তখন আবার সেই মূত বস্তুর ভূত উদ্ধারের হুগা চেষ্টায় পুথিবী শোণিতাক্ত করা, ভূত উদ্ধার হুইলে সেই ভূত আঞ্জিত করিয়া লক্ষ লক্ষ লোককে ১১ শত বৎসর ধরিয়া নানারূপ কষ্ট দেওয়া কি উচিত, না বিবেচনার কাঞ্ছ ভাল জিনিস্ ভাল, ভাল क्रिनिरেत्र স্মৃতি ভাল। ভাল জিনিস্ মন্দ হইলে ভাল নয়। ভাল জিনিস্ কচলাইয়া ভিত করিলে ভাল নয়, ভাল জিনিস্ পঢ়াইয়া তুর্গন্ধ করিলেও ভাল নয়। -রোম ভাল ছিল কিন্তু রোমের যে ছায়া, ৮০৬ সাল পর্যান্ত ইয়ুরোপের মন্তক ব্যাব্র করিয়া রাখিয়াচিল তাহা ভাল ছিল না।

বন্ধীয় পাঠক ইউরোপীয়দিগের আহম্মকি দেখিয়া হাসিও না। তোমাদের সমাজও ঐরপ ছায়াবৃত ঐরপ ভূতাবেশ বই আর কিছু নয়। তোমাদের যে হিন্দুসমাজ, বল দেখি তার কি আছে । হিন্দুসমাজ ছিল যখন বৃদ্ধদেব জন্মান নাই। বৃদ্ধশৰ্ম প্রবল হইল হিন্দুর আর কি রহিল । কিন্তু তোমরা এই ২৫০০

বৎসর কেবল ভূতের বোঝা টানিয়া বেড়াইতেছ বই নয়। বৌদ্ধদের সঙ্গে যত দিন সমান জ্বোরে লড়িয়াছ, ততদিন তোমাদের জীবন ছিল সন্দেহ নাই। তাহার পর যেদিন হইতে মগধসাম্রাজ্য স্থাপন হইল সেই দিন হইতে কি তোমাদের পাততাড়ি গুড়ান উচিত ছিল না ? তাহা না করিয়া বলবানের সঙ্গে পুর্ববলের বিবাদ হইলে তুর্বলের যত দোষ ঘটে সব তোমাদের ঘটিল, তোমরা ভীক্লতা হুষ্টামি কেরারি শিখিতে লাগিলে। বৌদ্ধেরা ক্রমে ক্ষীণতেজ্ঞ: হইয়া আসিলে তোমরা আবার প্রবল হইলে। তথন তোমাদের ঘটে যে বিষয়বৃদ্ধি ছিল সেটুকুর লোপ হইয়া গিয়াছে। তোমবা নৃতন সমাজ সৃষ্টি না করিয়া সেই সেকেলে বেদ উদ্ধার করিতে গেলে, পৌত্তলিক ও বৈদিকে বিবাদ আরম্ভ হইল। এই বিবাদে ভোমাদের সমাজ ক্রমে অন্তঃসারবিহীন হইয়া পড়িল; যেখানে একোর দরকার সেইখানে ঘরে ঘরে অনৈক্য হইল। শেষ বেদ, শ্বৃতি, বৃদ্ধ, জৈন, পুতৃল, ক্রন্ধা, সব তুরস্ত মুসলমানের হাতে পড়িল। তাহাতেই তোমাদের লক্ষা হইল কই ? চৈডকা হইল কই ? সমাজ পরিবর্তনের কটা চেষ্টা কবিয়াছ ? বলিলে কি না অদৃষ্টের ফল। রোমানেরাও সেকালে বলিয়াছিল অদৃষ্টেব ফল। বড় সুবিধা। ত্বার বলিলে অদৃষ্টের ফল, হুটা দীর্ঘনিশ্বাস ছাড়িলে – সব—সব হুঃখ ঘুচিয়া গেল, আপনাদের দোষ যে তাহা একবারও ভ ভাবিলে না।

যাহা হউক, আমাদের সমাজে সংস্থার কি বিপ্লব আবশুক সে কথা তুলিয়া কাজ নাই। আমাদের অভকার প্রস্তাব এই যে, সমাজের কভপ্রকার পরিবর্ত্তন হয়। দেখা গেল যে, সে হুই প্রকার, সংস্থার ও বিপ্লব। হুইএরই সময় আছে কিন্তু সংস্থারের সময় বিপ্লব বা বিপ্লবের সময় সংস্থার হইলে হিতে বিপরীত হয়। তাহার ফল অভি ভয়ানক।



সকল মতেই শ্রীরাগ প্রথম। ইহা সম্পূর্ণ বাগ। ইহাব লক্ষণ এই
যে—

শ্রীরাগ: দ চ বিজেয়: দ এয়েণ বিভ্ষিত:।
পূর্ব: দক্ষগুণোপেতো মৃচ্ছনা প্রথমা মতা।
কেচিক্ত কথ্যেক্যোন: ঋষভত্রয় সংস্তম্ ॥"

সত্রয়ে বিভূষিত প্রথম (ষড়জ) গ্রামের মূর্চ্ছনা। কেহ বলেন ইহা রিত্রয়-যুক্ত।

উদাহরণ-স রি গ ম প ধ নি স।

রাগগুলির উদাহরণস্থলে এক একটি মূর্ত্তি কল্পনা আছে, তাহা এ প্রস্তাবে উল্লেখ করিব না। কাল্পনিক ভাব উল্লেখ কবিবার কোন প্রয়োজন নাই। তথাপি শ্বেরিদর্শনের নিমিত্ত একটা মাত্র উল্লেখ করিতেছি।

"নীলাবিহারেণ বনান্তরালে
চিন্ত্র প্রস্নানি বধুসহায়:।
বিলাসবেশো গুতদিবাম্ভি:
শ্বিরাগ এবং কথিত: কবীলৈ: "

উন্থানের মধ্যে, হাব ভাব বিলাসের সহিত, বধ্সমভিব্যাহারে, পুস্পচয়ন করিতেছেন। কবিরা বলেন, এই শ্রীরাগের.মূর্তি স্বর্গীয় ও বিলাসোপযোগী বেশ ভূষায় পরিচ্ছন। ইত্যাদি ইত্যাদি।

এক্ষণে রাগ রাগিণীর এরপ রথা বেশ-ভূষার বর্ণনা না করিয়া, যাছা যথার্থ স্বরূপ অর্থাৎ যে যে রাগে বা যে যে রাগিণীতে যে যে স্থর আছে, কোনটা ওড়ব কোনটা খাড়ব কোনটাই বা সম্পূর্ণ, ভাগাই সংক্ষেপে ব্যক্ত করিভেছি।

মালব বী—"মালব বীক রাগলাপূর্ণা স অর ভূষিতা।

শৃক্ষেনোত্তর সম্রাক্তা জুলার রসমধিত। ।"

** ** *

উদাহরণ—স রি গ ম প ধ নি স।

ত্রিবণী—রি ও প বর্জিত। ওড়ব রাগ।

উদাহরণ—ধ নি স গ ম ধ।

বৈবতে আরম্ভ বৈবতে সমালি। যথা—

"ত্তিবেণী সাচ বিজ্ঞো গ্রহাংশ স্থাস থৈবতা। ঔভবা সাচ বিজ্ঞো বিশহীনা প্রকীতিতা।"

গৌরী— ওড়ব, রি প বর্জিড, আরম্ভ ও সমাপ্তি স্বর যড়জে। উদাহরণ—স গ ম ধ নি স । যথা—

> বড়্ৰগ্ৰহাংশক স্থাসা রিপহীনা তু ঔড়বা। মৃচ্ছনা প্ৰথমা জেয়া গৌরী সা কবিতা বুধৈ: ॥

কেদারী—ওড়ব, বি ধ বর্জিত, তিন নি যুক্ত, মার্গী মূর্চ্ছনা, আবস্ত ও সমাপ্তি শ্বর স, উদাহরণ—(স গ ম প নি স)।

প্রমাণ—কেলারী রিধহীনান্তাদৌড়বা পরিকীত্তিতা।
নিত্রয়ামূচ্জনামার্গী কাকলী স্বরমণ্ডিতাঃ

মধুমাধবী—ওড়ব, গ ধ হীন, প্রথম মৃর্চ্ছনা, আবস্ত ও সমাপ্তি স্বর স।
উদাহরণ—(স রি ম প নি স)

প্রমাণ—বড়্জাংশক গ্রহন্তাসা গধহীনাতু মাধবী।
প্রথমা মূর্চ্চনা ক্ষেয়া উড়বা পরিকীর্তিতা ।

পাহাড়ী—ওড়ব, রাগ রি প বর্জিভ, (তৈলঙ্গ দেশের) আরম্ভ ও সমাপ্ত বর স।

উদাহরণ—(স গ ম ধ নি স)

প্রমাণ—বড়্জন্তর। পাহাড়ী স্যাৎ রিপ হীনা চ কীর্ত্তি।

চারা তৈলকলেশীয়া আলাপে উড়বা মতা।

বসস্ত — বড়্জ ও মধ্যম হইতেই ইহার উপান স্কুতরাং বড়্জ স্বরই ইহার গ্রহ, ক্যাস ও অংশ। এই সম্পূর্ণ রাগটি বসস্তকালে গেয়।

প্রমাণ—বড় আয়ধ্যমিকাজ্ঞাতঃ বড্জ ভাস গ্রহাংশকঃ।
প্রেমা বসভবাগোহরং বসভসময়ে বুধৈঃ ।

তোড়ী—সম্পূর্ণ রাগ, মধামে আরম্ভ মধামেই সমাপ্তি, মতান্তরে আরম্ভ ও সমাপ্তি স্বর স। সৌবীরী মূর্চ্ছনা।

উদাহরণ – (মপধনি সরিগম। কিম্বাসরিগমপধনিস)

প্রমাণ—মধ্যমাংশ গ্রহন্তাসা সৌবেরী মৃচ্ছ না মতা।
সম্পূণা কথিতা তজ জৈ তোড়ী শ্রীকৌশিকে মতা।
গ্রহাংশন্যাস ষড়জা চ কৈশ্চিদত্ত প্রচক্ষতে।

ললিতা— ওড়ব, কোনমতে সম্পূর্ণ রাগ। বি প বর্জিত, শুদ্ধমধ্য মূর্চ্ছনা, আরম্ভ ও সমাপ্তি স্বব স।

উদাহবণ—(म গ ম ধ नि म)

প্রমাণ—রিপহীনাচ ললিতা ঔডবা সত্রহা মতা।

মৃচ্ছনা শুদ্ধমধ্যা সাং সম্পূর্ণাণ কেচিন্চিরে ।

হিনেলালী—ওড়ব, বিধ বজিত, ৩ স, যুক্ত, শুদ্ধমধা মৃষ্ঠনা, আবম্ভ সমা-হব ন। (সুগ্ম প্রিস্স)

প্রমাণ—হিন্দোলিকা বিধতাক্তা স্বয়ো গদিত। বুধৈ:।

মৃদ্ধনা শুক্মধ্যাত ঔড়বা কাকলিযুতা।

ভৈরব—ওডব, রি প বজিত, ধৈবতাদি মৃষ্ঠনা, আরম্ভ ও সমাপ্তি স্বর ধ, অন্তেম, বিকৃত ধ।

छेलाङ्यल—(४ मि न श म ४)

প্রমাণ—ধৈবতাংশ গ্রহন্তাদো রিপতীনোহধমান্তল: । উড়বং সূতৃ বিজেগো ধৈবতাদিক মৃচ্ছন। ॥ বৈবতে। বিজ্ঞাতা ব্যু তৈরবং পরিকীর্দ্ধিত: ।

ইহার উদাহবণস্থলে এইরূপ মূর্ত্তি লিখিত আছে, যথা—

"গ্লাধর: শশিকন।তিনক খিনেত্র: সংশ্বিভ্যিতত**ন্তর্জকৃতিবাদা:।"** তাম্বজিশ্লকর এব নুমুওধারী ভন্নাধ্রে। **সং**তি ভৈরব রাগরাজ: ঃ

হমুমন্তেও ইহা ওড়ব রাগ। যথা—

গৈবভাংপগ্ৰহ স্থানো বিপহীনন্ধমাগত:।
১৬বন: সভু বিজেলো গৈবভানিক মৃক্ষনা।
গৈবভো বিহুতো হয় উডবং পৰিকীজিভ: :•

^{*}ভৈরব রাগ সম্পূর্ণ বলিয়। প্রচলিত, ইতার ফল সম্পূর্ণ, ভন্তসারে শীত হইয়া থাকে সভ্য কিন্তু উপরের লিখিত বচনে ইতাকে ম্পটতঃ প্রভুষ বলা হইয়াছে।

ভৈরবী—সম্পূর্ণ, সোবীরী মূর্চ্ছনা, মধ্যম গ্রাম ইহার গতি, আরম্ভ ও শেষ ম।

উদাহরণ—(স রি গ ম প ধ নি)

প্রমাণ—সম্পূর্ণা ভৈরবীজেয়া গ্রহাংশ স্থাস মধ্যমা।
সৌবীরি মৃচ্ছ না জেয়া মধ্যম গ্রামচারিণী।

দেশী—ইহাতে পঞ্চম বক্ষিত, রি ত্রয় যুক্ত, বিকৃত রি, কপোল লতিকা নামক মূর্চ্ছনা। এটা ষাড়ব রাগ।

উদাহরণ—(ति श म ध नि म ति ति)

প্ৰমাণ—দেশী পঞ্মনামা স্যাৎ ঋষভ অয় সংযুতা। ৰূপোললভিকা জেয়া মুচ্চনা বিকৃত্ৰভা।

বাঙ্গালী—ওড়ব, মতাস্থবে পূর্ণ। রি ধ বর্জিত, গ্রহাশে স্থাস স্বর স, প্রথম মূর্চ্ছনা।

উদাহরণ—(সগমপনিস)

প্রমাণ—বাশালী ঔড়্বা জেফা গ্রহাংশ রাস বড়্জভাক্। রিধহীনাচ বিজেফা মৃচ্ছনা প্রথম। মতা। পুণা বা মত্রয়োপেতা কলিনাথেন ভাষিত।

কল্লিনাথ মতে ইহা সম্পূর্ণ, ৩ ম যুক্ত। আবম্ভ ও শেষ ম। উদাহরণ—(ম ধ নি স বি গ ম) দেবগিরি—ইহাতে সারক্ষীর তুলা স্বর। যথা—

"দেবগিখ্যা: স্বরা: প্রোক্তা: সারস্বী সদুশা মতা:।

সৈন্ধবী—পূর্ণ, কোন মতে খাড়ব, রি বর্জিত, স বি গ ম প ধ নি স। মতান্তরে—স গ ম প ধ নি স।

প্রমাণ—বড়্জগ্রহাংশ স্থাসা পূর্ণা সৈম্ববিকা মতা।

মৃচ্চ নোত্তরমন্ত্রাটো কৈল্ডিং বাড়বিকা মতা।

রামকিরী—সম্পূর্ণ, ১ প্রহর মধ্যে গেয়, আরম্ভ ও সমাপ্ত স্বর স, প্রথম মৃষ্ট্না।

छेनाइत्रन—(म ति ग म श थ नि म)

প্রমাণ—প্রহরা ভাস্করে পেরা বড়্জভাব গ্রহাংশকা । প্রথমা মৃদ্ধ্না জেরা তজ জৈ রাম কিনী মতা। গুর্জ্বনী—সম্পূর্ণা, আরম্ভাদি রি, সপ্তম মৃর্জ্না, বহুলীর সহিত মিঞ্জিত। উদাহরণ—রি গম প ধ নি স রি।

> প্রমাণ—গ্রহাংশকাস ঋষভা সম্পূর্ণ কক্ষরী মতা। সপ্তমী মূর্ছন। তন্তাং বহন্যাসহ মিজিতা।

গুণকিরী—ওড়ব, বি ধ বজ্জিভ, আরম্ভাদি নি, কোন মতে স, ইহা ভৈরবের আঞ্রিত।

উদাহরণ—নি প গ ম প নি, মতাস্তুরে স গ ম প নি স।

প্রমাণ—রিধহীনা গুণকিরী ঔড়বা পরিকীর্তিতা। নি গ্রহাংশা তু নি স্থাসা কৈশ্চিংবড়্জারয়া মতা।

পঞ্চম—ইহা খাড়ব, প বৰ্জ্জিত, প্ৰথম মূৰ্জ্ছনা, আরম্ভাদি স, মতান্তবে পূর্ণ। ইহা শৃঙ্কার রসের উত্তেজক।

উদাহবণ--- म वि ग मं भ ध नि म। मडाखुद्र म वि ग म भ ध नि म।

প্রমাণ—রাগপঞ্চকো জ্ঞোঃ প-হীনঃ থাড়বো মতঃ। প্রথম মুর্ফ্তনা যত্র স-ত্র্যেণ বিভূষিতঃ। কোচিছদন্তি সম্পূর্ণ দুক্ষার রস প্রক্ম।

বিভাষ—ইহা ললিতার আ্যায, স গ ম ধ নি স।

প্রমাণ--ললিভাবিছিলার তুরেবা গুজুরিবং সঙ্গা।

ভূপালী—সম্পূর্ণ, মতাস্থরে ওড়ব, বি প বর্জিত, শাস্তি রসের উত্তেজক, প্রথম মুর্জ্জনা, আরম্ভ শেষ স্বর স।

উলাহরণ—সরিগম প্ধনিস। মতা**স্তরে স্গম ধনিস**।

প্রমাণ—গ্রহাংশক্তাস বড়্জা সা ভূপালী কবিতা বুধৈ:।
প্রথমা মৃষ্ঠনা জেয়া সম্পূর্ণা রসশান্তিকে।
বিপ হিনৌড়বা কৈন্চি দিয়মের প্রকীর্ত্তিতা।

কর্ণটি।—সম্পূর্ণ, ইহাতে বিকৃত নি, মার্গ নামক মৃদ্ধনা, আরম্ভ ও শেষ

डेमाड्य — नि म दि ग म श ध नि नि ।

প্রমাণ—নিবাদত্তহসংযুক্তা বিকৃত্তোহতা নিবাদক:।
মার্মাধ্যা মৃদ্ধিনা প্রোক্তা কর্ণাটী চ ত্রবর্তনা।

বড়হংসিকা—ইহাতে কর্ণাটীকার স্থায় স্বর, কেবল মূর্চ্ছনা ভিন্ন। উদাহরণ—নি স রি গ ম প ধ নি নি।

ल्यमाग-कर्नातिकाचता (क्यमा वर्ष्टः मा चत्रा वृदेधः ।

মালবী—ওড়ব, নিষাদে আরম্ভ ও শেষ, রঞ্জনী মূর্চ্ছনা, রি প বঞ্জিত। উদাহরণ—নি স গ ম ধ নি নি।

প্রমাণ— ঔড়বা মালবী প্রোক্তা নিবাদত্ত্বসংযুতা।
র্শনী মৃহ্জনা ক্ষেয়ারি প হীনাচ স্কলা।

্পটমঞ্লরী—সম্পূর্ণ, গ্রহ অংশ ও ফাস স্বর পঞ্চম, স্বষ্টকা নামক মূর্জ্ছনা, ইছা রসিকদিণের প্রিয়।

উদাহরণ—পধনি সরি গমপ।

প্রমাণ—পঞ্চমাংশ গ্রহন্ত সে। সম্পূর্ণা পটমপ্ররী।

মৃচ্ছনা হাইকা জেয়া রসিকৈ: প্রাথিত। সদা।

हेलानि हेलानि।

এদদ্ভিন্ন মেঘ, মল্লারী, সোরাটী, সাবেরী, বা সোবেরী, কৌশিকী, গান্ধারী, হরশুঙ্গাব, এই কয়েকটি রাগ পব পর লিখিত আছে।

তৎপরে নট্নারায়ণ, কামোদী, কাল্যাণী আভিনী নাটিকা, সারঙ্গ, হাস্বীরা, এই কয়টি নির্দিষ্ট আছে। এ সমস্তই প্রাচীন রাগ বাগিণী।

জীরামদাস সেন।



পুরুষোত্তম—সন্ধ্যা—সমুদ্রতীর

জীবন ফিরিবে না আর!
কালের তরকে সথে,
বে রত্ব ভাসিয়া গেল,
পেল চির দিন তরে, ফিরিবে না আর!
হায় রে জীবন নদী, এক স্রোত প্রবাহিনী,
চলিয়াছে এক স্রোতে উজান বহে না আর!

ষা বার তা বার সংধ, বছই মধুর।
কৈলোরে শৈশব যেন,
নবীন স্বরগ লোভা;
যৌবনে কৈলোর লোভা,
মরি কিব: মনোলোভা।
সেই খেলা সেই হাসি,
বিমল আনন্দরালি,
সে পবিত্র হুলতের,—মরি কি স্কুন্দর!
সে বিশ্বাস, ভালবাসা, তরল স্কন্তর।

বৌবন সঞ্চারে সেই পবিত্র জগতে,
কত রূপান্তর !
বিশাসে সন্দেহ আসে,
ভালবাসা শার্থে গ্রাসে,
তরল জন্তর হয় কঠিন প্রগুর ।
কৈশোরের সরলতা,
নিরমল জ্যোৎখার,
কুটিল করাল ছায়া ক্রমশঃ মিশিয়া যাত্র।

ধনি না মিশিল,
তুমি অভাগা মানব, তোমার জীবন,
সংসার সাগর বক্ষে,
কর্ণধার হীন তরী,
প্রত্যেক তর্গ ক্রীড়া
প্রিণাম নিম্যান।

বন্ধুষে বিপন তব, প্রণয়ে নিরাল,
তীমপরশ্যা তব সংসার নিবাস।
সকলি মাধার পেলা,—
আজি বথা হাসি রালি,
কালি তথা দাবানল,
আজি বাতা স্থাময়,
কালি তাতা চলাহল।
হাদ্যের রক্ত দিয়ে কর পর উপকার,
স্তীক্ত ছুরিকাঘাত পাবে প্রতিদান তার।

এ সিদ্ধু সৈকতে, সাদ্ধ্য গগন ছায়ায়,
বসি তব পাশে সংশ উদ্ধৃসিত প্রাণে;
পুনিয়া হল্য যার,
বেখায়েছি কত বার,
কত বত তীক্ষ অসি, কুডমতা করে,
সহিয়াছি অকাতরে কোষল অভারে।

একদা প্রভাতে সথে, মেলিয়া নহন, সিছ প্রাত্তে স্থস্কিত জনদ্মালায়. দেখিলাম জন্মভূমি প্ৰতিমৃত্তি প্ৰায়। ডেম্পনি ভামল লোভা মণ্ডিত লেখর, इंदिन श्राद्य नमूबक, व्यक्तीत क्ष्मत, बहियाद्य श्वित जादन श्ववाह त्थनिया, উবির উপরে যেন উব্দি সাজাইয়া। निश्च खरत्र मागरताचि स्नीन वदन, ুউর্দ্ধ স্থরে শেখরোশ্বি শ্রাম স্বদর্শন। **ভরিল হুদ্য, भौ**रत ভিজেল নয়ন, ব্দননীপ্রতিম মূর্ত্তি করি দরশন। मृत इटड প्रामिश किनाम धौरत, "জনাভূমি। কেন মাতা দেখা দিলে ফিরে? श्वनरात तरक अन वानिश्व माचिया, বালাক ব্ৰুক্তিম কবে তাই। অভিনিয়। আসিলে কি দেখাইতে ? পরীক্ষিতে আর এখনো বহিছে কি না লোণিতের ধার, क्षम्य इडेट्ड (वर्ग १ वहिट्छ, वहिट्स, यक भिन भिष विन्यू इत्राय बहिर्दा। রক্ষিতে পরের প্রাণ, আপনার প্রাণ এখনো অপিতে পারি ভূনের সমান। যারা গৌরাদের কুপা কটাক্ষের তরে, বিশাস, বন্ধুতা, সব বিনিময় করে, বলিও তাদেরে, মাতা, বলিও নিশ্চয়, **এখনো বিপদে তু**क्ट, निर्ञत हमग्र। উচ্চতর রক্তশ্রোত ধমনীতে ধরি, নীচত্ত্বে মন্তকেতে পদাঘাত করি।"

জানি তৃমি বলিতেছ, ভাবিতেছ, মনে—
"নাহিক সংসার জান, উন্মন্ত যুবক।"
না চাহি সংসার জান,
সেই বিজ্ঞতার ভাগ,
আমাদের স্থাশিকার সেই বিষদ্ধ,
বদন মাধুরীপূর্ব, অন্তর প্রক।

দাসত্ত চক্রের দীর্ঘ দৃচ নিম্পেষণে
উচ্চ আশা আমাদের হৃদয় হইতে
হইয়াছে তিরোধান;
হীনতম স্বার্থ জান,
জারিয়াছে সেই ছলে—স্কাতি, স্থদেশ,
আমাদের উপকথা প্রসাপ বিশেষ।

বর্ত্তমান সভ্যতার স্বার্থ ই ঈশ্বর,
স্বার্থবাদী আমরা সে দেবতার দাস,
প্রাচীনের সরলতা,
তরল সহ্রদয়তা,
পাশ্চাত্য সভ্যতা প্রোত্তে সিয়াছে ভাসিয়া।
কাদি, হাসি, যাহা করি,
দয়া, ধর্ম, দান, –হরি!—
সকলই আমাদের স্বার্থে সপ্দিল,
যবনিকা অস্করালে করিলে দর্শন
হরি! হরি! সকলই স্বার্থের স্ক্রন।

33

এমন সংসার জ্ঞানে নাহি প্রয়োজন,
সমাজের চরণেতে সহস্র প্রণাম।
একাকী এ সিদ্ধু তীরে,
নিরধি কালিন্দীনীরে
সলিলের মহাক্রীড়া,—নিরাশ জীবন
নীরবে নির্জনে যেন হয় নির্কাশণ।

কি হথ !— ছজনে বসি প্রদোব সময়ে
গলায় গলায় এই সম্ভ বেলায়।
সক্লি ভরত্বম,
সর্কার প্রবাহ বহে,
সম্জ,—সমীর,—এই যুগল হল্য।
ভরত্বে ভরত্বে আসি,
বেভ পুস্মালারাশি,
ঢালিছে সৈকতে সিদ্ধু; সাদ্ধ্য সমীরণ
ভরত্বে ভরত্বে অল করিছে ব্যক্তন।

20

তরকে তরকে তৃই উন্মন্ত হৃদয়,
আলিকিছে পরস্পরে তরকের মত;
কথনো তরক মত,
হইতেছে পরিণত,
একত্বে একই ভাবে হতেছে বিদীন,
সে আনন্দ—মহানন্দ !—অনস্ত অসীম!

2 8

সর্বারী যেমতি সথে একে, একে, একে, দেখাইত তাবারাজি আকাশের পটে, তেমতি হৃদয় খুলি, শ্বতির তরক তুলি, দেখাতেম কক্ষ কক্ষ, হুখ হুঃখাধারে, ফুবাইল, এ জীবন ফিরিবে না আর!

24

তুমি ত চলিলে ভাই, কালি সন্ধ্যা যবে আসিবে ঢাকিতে সিন্ধু সৈকত স্কার, একটি হৃদয় পডি যাইতেছে গড়াগড়ি, দেখিবে সৈকত ভূমে, শত ক্ষতে ভার বহিছে শোণিত ধার নিঝার আকার।

১৬

তুমি ভ চলিলে, বে তরকে নিকেপিল সৈকতে ত্জনে, নাহি জানি সে তরকে মিলিবে কি আর ? শাবার তৃত্ধনে বসি গলায় গলায়
গাঁধিব সরল প্রাণে বন্ধুভার হার ?
ক্রময়ে রাধিব আশা,
রাধিব এ ভালবাসা,
মিশিয়াছে উভয়ের তরল হৃদয়,
উভয়ে উভয় অংশ রহিবে নিশুয়।

31

মিলি কি না মিলি, থাক যে ভাবে যথায়

হথ শান্তি হক তব ছায়ার মতন,

ওই উদ্ধি হৃদর্শন,

পবিত্রতা নিদর্শন,
প্রসাকন পুণ্য ছায়া, হউক তোমার
ক্লেহের পুতৃলে পূর্ণ হথের আগার!

এ দি:ক কীরোদ বর,

তুলিয়া অসংখ্য কর,
করিছেন আশীর্কাদ—ককন বিহার!
কীরোদবাসিনী নিত্য গৃহেতে ভোমার

করিব এ অভিলাষ,

করি প্রণয়ের দাস,
তার প্রেমে চিত্ত তব হউক অচল,

আহে।!

সংসার মক্তে প্রেম নির্কারিণী জল।

व्यक्तः।



বিশন লোকের দেশহিতৈষিতা বড় প্রবল হইয়াছে। পুরাণ পুঁথি, খোদা পাথর, তাদ্রশাসন পড়িয়া আমাদেব পুরাণ গৌরবের কথা অনেকেই আন্দোলন করিয়া থাকেন। সেকালে আমাদের সোণার অট্টালিকা ছিল বলিয়া শুলব করিয়া বেড়ান কাপুরুষের কাজ, এ কথাটা কেহ বুঝেন না। আবার অনেকে শুমর করেন যে, সেকেলে বাঙ্গালিরা বড় লড়াই-মজবুত ছিল। রাজা নবকৃষ্ণ লড়াই করিতে করিতে উড়িগ্রা হইতে ফিরিয়া আসিয়াছিলেন, এ কথা প্রমাণ করাইবার জন্ম দিনকত অনেক চেষ্টা হয়। কিন্তু বাঙ্গালির লড়াইয়ে বিদ্যা কেমন ছিল, একবার দেখান উচিত। দেখাইতে হইলে উদাহরণ চাহি, উদাহরণ রায় স্প্রভ্রাম।

রাজ্ঞা তুর্লভরাম বাজ্ঞা জ্ঞানকীরামেব পুত্র। রাজ্ঞা জ্ঞানকীরাম স্থবে বাঙ্গালা, বিহার, উড়িয়্যার দেওযান। তখন আলিবর্দ্দী থা বাঙ্গালার স্থবেদার, তুর্লভরাম উড়িয়্যার নায়েব দেওয়ান হইলেন। যে আফগান সেনাপতির হস্তে উড়িয়্যার নবাবী ছিল, সে রাজ্ঞবিদ্রোহী হওয়ায়, এবং অস্থ্য লোক উপস্থিত না থাকায় উড়িয়্যার নবাবী তুর্লভরামের হাতেই পড়িল। যুদ্ধ শেষ হইলে আলিবর্দ্দির রাজ্ঞা জ্ঞানকীরামের অম্পুরোধে তদীয় পুত্র ত্র্লভবামকে উড়িয়্যার কায়েমী নবাব করিয়া দিলেন। আতাউল্লা খাঁ তাঁহার অধীন প্রধান সেনাপতি হইলেন। এই সময়ে মহারাট্রাদিগের বড়ই উপদ্রব। কিন্তু উহারা বড় চতুর, উড়িয়্যা উহাদিগের পথ। উড়িয়ায় কোনরূপ গোলযোগ না ঘটিলে স্বচ্ছন্দে ছগলি চন্দননগর কাটোয়া এমন কি মুর্শিদাবাদ পর্যান্ত লুঠ করা যায়। ত্র্লভরামকে ভূলাইয়া রাখিবার জন্ম উহারা সয়্যাসী পাঠাইতে লাগিল। সয়্যাসীরা বলে মহারাট্রারা আর আসিতেছে না, আমরা এই নাগপুর হইয়া আসিতেছি। আর নানারকম পূজা অর্চা যোগ ধ্যান ইত্যাদিতে উহাকে অস্থমনস্ক করিয়া রাখে। এদিকে বর্ষাকাল কাটিয়া গেল। আতাউল্লা খাঁ নিত্য সংবাদ আ্নিতে লাগিল যে, মহারাট্রারা সসৈক্ষে

অগ্রসর হইতেছে। যত নিকট আসে, তিনি ততই ছুর্রভরামকে উহাদিগকে তাড়াইবার উপায় করিতে বলেন। ছুর্রভরাম সন্মাসীদের কথায় দৃঢ বিশ্বাস করিয়া বলেন যে, তাহারা আন্ধিও নাগপুর ছাড়ে নাই।

শেষ একদিন সকালে কটকের এক পাশে মহাগোলযোগ উঠিল, চারিদিকে পুঠপাট খুন হত্যাকাণ্ড আরম্ভ হইয়াছে, বর্গী আসিয়া পড়িয়াছে, আতাউল্লা সংবাদ পাইয়াই শশব্যস্তে হুৰ্লভরামের দারদেশে উপস্থিত। নবাবের হকুম ব্যতীত সেনানী কাল করে কেমন করিয়া ? বেলা নয়টা, তখনও নবাবের নিজাভঙ্গ হয় নাই। আতাউল্লা যত বেলা হইতে লাগিল ক্রমেই ব্যাকুল হইতে লাগিল, প্রায় ঘণ্টাখানেকের পর, মহাবাট্টা যে দিকে পড়িয়াছিল, সেইদিকে ঘর সব জালাইয়া দিতে লাগিল। তখন প্রজাবুন্দের দারুণ আর্ত্তনাদে তুর্লভরামের নিজ্ঞাভঙ্গ হইল। জাগিয়াই শুনিলেন বর্গী কটকের উপব পড়িয়াছে। হুর্লভ-রামের আর কাপড় পরা নাই। সেই রাত্রিবাসের পাঁচহাতি ধৃতিতে বিশাল উদর কিঞ্চিৎ আবৃত করত: দৌড়। একে সুধীলোক, দারুণ মোটা, তাহাতে প্রাণ ভয়ে দৌড। দৌড়িয়া যাবেন কোথায় ? কটকের কেল্লায়। সেখান হইতে আধ ক্রোশ দূরে। বাড়ী হইতে গঞ্জেন্স লম্বোদর হলাইতে হলাইতে ছটিতেছেন; পা উঠে উঠে উঠিতেছে না, বাহির হন এমন সময় আতাউল্লাখা তাঁহাকে ধরিল। নবাব ভয়ে শিহরিয়া উঠিলেন ভাবিলেন বুঝি বর্গীতে ধরিল। অনেকক্ষণের পর আতাউল্লার গভীব অথচ ধীব স্বরে তাঁহার চৈত্র হইল। তিনি শুনিলেন সেনাপতি বলিতেছেন আমায় শীঘ হকুমনামা দিন, আমি সসৈতে উহাদিগকে সহরের বাহির করিয়া দিয়া আসি। হুর্লভরাম দাড়াইতে নিভান্ত অনিচ্ছুক। বলিলেন সে সব কেল্লায় গিয়া দেওয়া যাইবে। আউট্লা বেশী ভোর করায় नवाव छ्या कांनिया क्विलिन। उथन स्मांभिक व्यात कही वृथा विवास विमालन, "আচ্ছা একটু माড়ান না হয় পান্ধী সানাইয়া দিই।" নবাৰ বিদালেন, ^{শু}আর পান্ধীতে কাজ নাই দেরি হবে।" বলিয়াই জ্রুতপদে কেল্লার দিকে ছটিলেন। একে নবাব তাতে রাজা জানকীরামের পুত্র, আতাউল্লা শীঘ্র পান্ধী আনাইয়া খানিক দুর গিয়া উহাকে ধরিলেন, ধরিয়া পাদীতে পুরিয়া কেল্লায় পাঠাইয়া पिट्नन ।

কেল্লায় গিয়াই নবাবের রোধ। যত সৈশ্য ছিল শীঅ সঞ্জিত হইতে ছকুম দেওয়া হইল। আতাউল্লাকে উপর কটক হইতে বর্গী তাড়াইয়া দিবার ছকুম লারি করা হইল। কেল্লার কোথায় ভাঙ্গা আছে সারাইবার একটু একটু চেষ্টা করা হইল। কিন্তু তথন কটকের অর্দ্ধেক বর্গীর দখল হইয়া গিয়াছে। আতাউল্লাখী অনেক চেষ্টা করিয়া সমস্ত দিনের পরিশ্রম, যুদ্ধ, রক্তারক্তির পর সসৈতে পিছু হঠিয়া হুর্লের দিকে পড়িলেন। রাত্রিতে হুর্লের চারিদিকে মহারাট্রা সেনা স্থাপিত হইল, নবাবের যে সাহস্টুকু হইয়াছিল রাত্রে সেটুকু তিরোহিত হইল; ৮।১০ ক্রোশ দূরে আলিবর্দ্দি এক দল সেনা বর্গীর হাঙ্গামের জফ্য সর্বদা প্রস্তুত করিয়া রাখিতেন। আতাউল্লা বলিলেন, সেই সৈম্যদিগকে খবর দিয়া আনয়ন করা হউক; উহারা আসিলে হুর্গ রক্ষার উপায় হইবে। নবাব বলিলেন যদি এই দণ্ডে মহারাট্রা জাের করিয়া গড় দখল করে, তখন তােমার খবর দেওয়া কােথায় থাকিবে? আমার হুকুম—এই দণ্ডে মহারাট্রাদিগকে কেলা ছাড়িয়া দাও, এই মাত্র নিয়ম কর যে আমরা নিজ্জকৈ দেশে যাইতে পারি। ধূর্ত্ত বর্গী সেই কথায় হুর্গ দখল পাইল, পাইয়াই সর্ব্ব প্রথমে হুর্লভরামকে বন্দী করিল। কিন্তু বীর আতাউল্লা হুর্গের যে ভাগে ছিলেন, সেই ভাগ হুই তিন মাস পর্যান্ত বর্গীদের সকল আক্রমণ সহ্য করিয়াছিল। শুনিয়াছি হুর্লভরামকে উদ্ধার করিবার জন্ম আলিবন্দি খার তিনটী লক্ষ টাকা দিতে হইয়াছিল।

এই এক বাঙ্গালির বীরহ। বাঙ্গালার অর্দ্ধ, স্বাধীন অবস্থায় হুই জন হিন্দু নবাব হুইয়াছিল—এক রামনারায়ণ আব এক হুর্লভ্বাম। তাহার মধ্যে হুর্লভ্রাম অপূর্বকীর্ত্তি রাখিয়া গিয়াছেন। সেবাব হুর্লভ্রামেব অনবধানতা বশতঃ বর্গীদিগের দূর করিতে আলিবর্দিকে অনেক ক্ট পাইতে হুইয়াছিল। উহাবা কাটোয়া পর্যান্ত লুঠ করিয়াছিল।

আমাদের কত পুরুষ যে হর্লভরাম আছেন তাুহার ঠিকানা নাই। আমাদের বীরম্ব পুরুষামুক্তমিক।



বিশাপ-চিন্তা। শ্রীবাজকৃষ্ণ রায় বিরচিত। অতি ঘোর অন্ধকার নিশীপ বর্ণনা লইয়া গ্রন্থ আরম্ভ হইয়াছে:—

"গভীর নিশীপ;—বিশ্ব অন্ধকার ময়!

যতদ্র চলে দৃষ্টি, তমদে সকল

গাচরূপে আবরিত, দৃষ্টি নাহি হয়

বিহন্তে দ্রের বস্ত ;—তমস কেবল।

দিবসে বে প্রতি অব্দে লোমকৃপ বত

গণনা করেছি, এবে বিশেষ বতনে

গণিবারে প্রাণপণে—যত্ন করি কত,

তব্প না পারি—শাধা লাগিছে নয়নে।"

এই পর্যান্ত পড়িয়া আমরা বৃঝিয়া লইলাম যে, যথন "তমসে সকল গাঢ় রূপে আবরিত" হয়, তখন লোমকুপ গণা যায় না; প্রাণপণে বিশেষ যত্ন করিলেও গণা যায় না। আর, অক্ষকার অতি গাঢ় কি না, তাহা পরীক্ষা করিবার নিমিন্ত লোকে লোমকুপ তল্লাস করে, যদি দেখে লোমকুপ গণা গেল না, তাহা হইলেই তাহারা বৃঝে যে অক্ষকার বড় গাঢ়, বছ ঘোর। অতএব যদি কেছ কবি হইয়া ঘোর অক্ষকার বর্ণন করিতে চাহেন, তাহা হইলে যেন লোমকুপ গণনার কথা ভূলিবেন না। এই কাব্যের প্রথমাণ্শ যেরূপ অপাঠ্য পরে তত্ত নহে। স্থানে কবিষ আছে। বাজকৃষ্ণ বাব্র অনেক কবিতা আমরা পাঠ করিয়াছি, বঙ্গদর্শনে হাহার প্রশংসাও করিয়াছি।

মানস-কুসুম। পভগ্ৰন্থ। জ্ৰীকেশব চন্দ্ৰ ঘোৰ কৰ্তৃক প্ৰশীত ও প্ৰকাশিত মূল্য আট আনা মাত্ৰ।

প্রস্থারম্ভে কল্লনাকে উদ্দেশ ব্রিয়া কবি বলিভেছেনু :—

"ষা'র বলে কভ শত কবি চিরতরে

অমরতা লভিয়াছে এ ভবমগুলে;—
ভারতীয় বরপুল্ল, ষাহে, কালিদাস
কবি-কুল-পিকবলি বিখ্যাত ভ্বনে।

যাহার সহায়ে মধ্, মধ্র গুলনে,
রচেছিলা মধ্চক্র

আজি আমি সেই কুপাবলে নাহি ভরি,
কারে ত্রিভ্বনে।"

ইহা পাঠ করিয়া আর সমালোচনা করিতে আমাদের সাহস হয় না। কেশব বাবুর উপর কল্পনা দেবীর কুপা হইয়াছে। যাহার বলে কালিদাস কবিকুল-পিকবলি বিখ্যাত, যাহার বলে অন্য কবিরা অমরতা লাভ করিয়াছেন, আজ সেই বলে কেশব বাবু মানস কুত্রম লিখিয়াছেন, কেন তিনি আর ত্রিভুবনে কাহাকে ডর করিবেন।

উদ্ধত অংশের পর কবি লিখিতেছেন:—

"—— সময়ে সময়ে মাতঃ!

=মি কাব্যোদানে, তুলিব কুজম বালা
গাঁথিব মনের সাধে (কভু সাজাইয়া
অঞ্প্রাদে আমি) সরস কুজম হার ,"

তাহার প্র কল্পনার নিকট কেশ্ব বাবু প্রার্থনা করিতেছেন:—

"কিন্তু, যাচে তব কাছে অয়ি দহাময়ী ! সূলা যেন রয় দাস নয়নের কোণে।"

শেষ ভাষা অতি চমৎকার সন্দেহ নাই ভাবটিও ভাল। তবে কিনা, আমরা প্রথমে ভাব বৃথিতে একটু গোলে পড়িয়াছিলাম; দাস কিরূপে নয়নের কোণে রয়, ইহা আমাদের ভাবিতে হইয়াছিল। এই সময় একজন বৃদ্ধ কবি আমাদের নিকটে ছিলেন, তিনি সভানারায়ণ পয়ারে লিখিয়াছেন বলিয়া তাঁহার প্রতি আমাদের বড় ভক্তি। তিনি ক্ষুগ্রহ করিয়া আমাদের ব্যাইয়া দিলেন যে, পূর্বের রেওয়াল্ল ছিল যে, দাস স্বীকার করিলে স্থান চরণের প্রান্থে চাহিতে হইত; এক্ষণে সেই রেওয়াল্ল উঠিয়া গিয়াছে, দাসের পক্ষে এক্ষণে নয়নের কোণে স্থান হইয়াছে। আমরাও ভাবিলাম ইহা স্বাধীনতার স্ফল; দাস হউক আর যাহাই ছউক উনবিংশ শতাকীতে চরণপ্রাস্থে স্থান চাওয়া সৎশিক্ষার বিক্রম্ব; অভএব আফ্রাদে আমরা আবার পাঠ করিলাম। কিন্তু এবার বৃথিলাম যে, আমাদের বৃথিবার ভূল হইয়াছে। "সদা যেন রয় দাস নয়নের কোণে" ইহার অর্থ সদা

যেন দাসের প্রতি ঈষৎ দৃষ্টি থাকে, কেশব বাবু তাহার পরিবারকে বিলয়াছেন "রয় যেন নয়নের কোণে" এই পরিবর্ত্ত অবশ্য কল্পনা দেবীর বিশেষ অমুগ্রাহের ফল। গ্রন্থখানি অবশ্য ভাল হইয়াছে কিন্তু আমরা অধিক পড়িতে পারি নাই।

পরিচারিকা। মাসিক পত্র।—কলিকাতা জ্যৈষ্ঠ ১২৮৫।

এক্ষণে অনেক বাঙ্গালির কন্যা লিখিতে পড়িতে শিখিয়াছেন বা শিখিতেছেন। উপযুক্ত শিক্ষক এবং অবসরের অভাবে, তাঁহাদিগের ইংরেঞ্জিতে শিক্ষা হয় না, যে তুই একজনের হয়, তাঁহাদের সংখ্যা অতি অল্প। অধিকাংশ বাঙ্গালি কন্সা বাঙ্গালাভেই লিখিতে পড়িতে শিখে কিন্তু পড়িতে বা লিখিতে শিখাই বিছাশিক্ষা নহে। জ্ঞানোপাৰ্ল্ডন এবং মানসিক বৃত্তি সকলেব উপযুক্ত পারিমার্জনই শিক্ষা। তাহা সংপুত্তক ভিন্ন সম্ভব নহে। বাঙ্গালা ভাষায় সংপুস্তকের সংখ্যা অল্প। এবং যাতা আছে, ভাতাও সচবাচন, স্ত্রীলোকের পাঠোপযোগী নহে। ভাল বহি হইলেই যে স্ত্রীলোকের পাঠের যোগা হইবে এমত নহে। এমন অনেক কথা আছে যে, তাহা পুরুষে পড়িলে ক্ষতি নাই, কিন্তু ভাগা স্থ্রীলোকে পড়ায় ক্ষতি আছে। সংসাবের পরিত্রভা স্থ্রীলোকের হস্তে, চিত্তক্ষি ও পবিত্রতাই স্ত্রীলোকের জীবন। অতএব যে গ্রন্থ অতিশয় বিশুদ্ধ তাহাই স্ত্রীলোকের পাঠোপযোগী। আর সংসাবে পুরুষের কার্য্য এবং স্থালোকের কার্য্য সভন্ত। স্ত্রীলোকের ধর্ম ও পুরুষের ধর্ম সভন্ত। যাতা পুরুষের শোভা পায়, তাহা দ্রীলোকের শোভা পায় না: যাহা পুরুষে করিতে পাবে, দ্রীলোকে তাহা করিতে পাবে না। যেখানে পুরুষেব ধর্ম-ক্রোধ, সেখানে গ্রীলোকের ধর্ম-ক্ষমা। এচন্য স্থীলোকের ও পুরুষের শিক্ষা কিয়দাশে স্বতম্ব হওয়া উচিত। জ্ঞান, উভয়েরই অর্জনীয়: কিন্তু চিত্তবৃত্তি সকলের অমুশীলনে কিছু পার্থক্যের আবশুকতা আছে ৷ এই সকল কারণে স্থীলোকের পাঠ্য কতকগুলি স্বতম্ভ পুস্তক হওয়া উচিত। বাঙ্গালা ভাষায় তাহা না থাকায় বাঙ্গালি স্নীলোকেরা আধুনিক নাটক নবেল পডিয়া দিনপাত করেন। বাঙ্গালা ভাষায় একে ভাল নাটক নবেল ুঁঅতি অন্ধ: তাহাতে যাহা আছে, তাহা আবার স্ত্রীলোকের পাঠযোগ্য বড় নহে।

এজন্ম ত্রীলোকের পড়িবার যোগ্য সাহিত্য স্কলের প্রয়োজন হইয়াছে।
অনেক মহাল্লা এই রতে ব্রতী হইয়াছেন। ছই খানি সাময়িক পত্র কেবল
এই কাজে নিয়োজিত। পরিচারিকা নামী আর এক খানি পত্রিকা সেই জন্ম
সম্প্রতি স্ট হইয়াছে। এখানি অতি মহৎ আশ্রয়ে জন্মগ্রহণ করিয়াছে। অনেক
স্বাক্ষিতা বাঙ্গালি ত্রী, এই পত্রের লেখক। পত্রের ভাষা অভি সরল ও সুমধুর,
ক্লিচি বিশুদ্ধ, এবং কথাগুলি সান্ধার্ভ; লিপিচাতুর্ব্যেরও অভাব নাই। আমরা

এই পত্রিকা পাঠে সুখী হইয়াছি। এবং যাঁহারা এই মহৎকার্য্যে প্রবৃত্ত হইয়াছেন তাঁহাদের অনেক ধ্যাবাদ করি। নিমুলিখিত প্রবন্ধগুলি প্রথম সংখ্যায় সন্ধিবেশিত হইয়াছে।

मुथ वका।

টেলিফোন যম্ব।

ख्युष्टत्र ।

শাকাসিংহ এবং তাঁহার মাতা।

কৃত্রিম বেশভূষা।

কোথা সে শৈশব।

ফাতিমার স্বপ্ন।

The While Hill of Jabbalpore (ইংরেজি)।

পরিণয় ও পরিচয়।

खर्वद्व ।

সম্বাদ।

হঠাৎ বাবু। প্রহসন মূল্য /১০ আনা মাত্র। গ্রন্থকার বোধ হয় বালক ভাতাই লিখিতে সাধ।

প্রাইমারী গ্রামার। মথুরানাধ বর্দ্মা কর্তৃক সংগৃহীত। মূল্য চারি আনা।

যে সকল বালক কিছুমাত্র ইংরেঞ্জি বুঝিতে পারে না ভাহাদের ছক্তই ইংরেজিতে গ্রামার শিখিতে হয়। সেই কট্ট অপনয়ন করিবার নিমিত্ত সংগ্রহকার বাঙ্গালায় এই গ্রামার লিখিয়াছেন। ইহা দারা বালকদিগের বিশেষ উপকার হইবে সন্দেহ নাই। তবে গ্রামার খানি আরও একটু সংক্ষিপ্ত হইলে আরও ভাল इहेंछ। প্রথম শিক্ষার স্থালে এরূপ বিস্তারে জানিবার প্রয়োজন না হইতে পারে।

কবিতা। জীযাদবেজ বন্দ্যোপাধ্যায় কর্তৃক প্রণীত ও প্রকাশিত। প্রেস কলিকাতা।

কবিভাগুলি কোকিল, হিমালয় পর্বত, সিংহ, বটবৃক্ষ, কুবের প্রভৃতি नाना विविश्वती । अपनानि जान श्रदेशांक कि मन्त श्रदेशांक, जाश आमता वकु বলিতে পারি না; কেন না, আমরা গ্রন্থের অধিকাংশ বুঝিতে পারি নাই। বাধ হয় ভাষা বালালা—কিন্তু আমাদের জ্ঞানগম্যের অতীত, নমুনার বরুপ চুই এক পংক্তি উদ্ধৃত করা গেল।

কোকিল সম্বন্ধে ১ম পৃষ্ঠা হইতে উদ্ধৃত :—

"সহকার আলিঙ্গিত ব্রততীবিতানে,
প্রস্তীম সতত যথা অলি-গুঞ্জ রবে।"

পদ্মিনী সম্বন্ধে ২৫ পৃষ্ঠা হইলে উদ্ধৃত :—

বর্করাট করজাল, চকাসিত শৈল-শাল, মলম্বা প্রতিম রুচি উচ্চতরুদলে।"

যদি কখন কেহ অনবধানতা প্রযুক্ত বা ছ্রদৃষ্ট বশতঃ এই গ্রন্থ পাঠ করিতে আরম্ভ করেন, তবে তাঁহাকে বিপদ হইতে উদ্ধার কবিবাব নিমিত্ত পবম কার্কণিক কবি প্রতি পত্রে কতকগুলি কথার সর্থ লিখিয়া দিয়াছেন। তাহাতেও যে, বড় স্থবিধা হইয়াছে, এমত বোধ হয় না। গ্রন্থকাব যদি বাঙ্গালা ভাষায় লিখিতেন ভাহা হইলে যে কি ক্ষতি হইত, বা কোন্ ভাবটি প্রকাশ হইত না, ভাহা আমরা বৃঝিতে পাবিলাম না। আমাদের বোধ হয় লেখক অতি বালক, সম্প্রতি অভিধান হাতে পাইয়াছেন, ভাহাই কাগজ কালিব এরূপে শ্রাদ্ধ করিয়াছেন।

শ্রবালা সুরবালা। স্বর্ণলতাবিরচিত। হরিনাভি সাহিত্য-উৎসাহিনী সভা হইতে প্রকাশিত।

গ্রন্থখানি মোট ৩৬ পৃষ্ঠা, তাহাব মধ্যে ২০ পৃষ্ঠা গ্রন্থকগ্রীর পরিচয়, আর ১৬ পৃষ্ঠা সুরবালা নাটক বা গল্প। গল্পটি এই:—

এক রাজবাটীর কানাচে যুদ্ধ উপস্থিত। রাজকুমার বিজয়সিংহ মূখ চুণ করিয়া অন্দরে আসিলেন। তাঁহার স্ত্রী সুরবালা জিজ্ঞাসা করিলেন, "আজ কেন বিরস বদন?" রাজকুমার বলিলেন, "পিতৃ আজ্ঞায় অভা রণ করিতে যাইতে হইবে।" সুরবালা জিজ্ঞাসা করিলেন "কোথায় রণ?" বিজয়সিংহ বলিলেন কানাচে। সুরবালা বলিলেন, তবে "দেখি রণ, বিস গবাক্ষেতে।" পরে রাজকুমার রণস্থলে গেলেন, কিন্তু শীঘ্র তথা হইতে পলাইলেন; তখন তাঁহার স্ত্রী সুরবালা আর কি করেন গবাক্ষ হইতে নামিয়া রণ করিতে গেলেন, গিয়া ছইজন শক্রকে মারিলেন। ভাহাতেই বীররসের চুড়ান্ত হইয়া গেল। হরিনান্তি সাহিত্যসমাজ অমনি মাতিয়া উঠিলেন। সাহিত্যের সাহায্যার্থ এই গ্রন্থ পয়সা খরচ করিয়া ছাপাইলেন। হরিনাভির সমাজ বড় দয়ালু, আমাদের সাহিত্যের প্রতি তাঁহাদের যথেষ্ট দয়া। কিন্তু এই ব্যাপারে সাহিত্য ব্যতীত তাঁহাদের যদি আর কেহ সাহায্যের পাত্র থাকে, তবে গ্রন্থখানি মুদ্রান্ধন না করিয়া অস্তরপ্রপেই ভাল হইত।

কুসুম কলিকা। গ্রীপ্রসন্নকুমার ঘোষ প্রণীত। কলিকাতা বাল্মীকি যন্ত্রে শ্রীকালীকিম্বর চক্রবর্ত্তী কর্ত্তক প্রকাশিত।

এই পুস্তকখানি আমরা অনেক দিবস হইল পাইয়াছি, কিন্তু অনবধানতা প্রযুক্ত ইহার সমালোচনা করিতে পারি নাই। ইহাতে অনেকগুলি কবিতা আছে। তাহার মধ্যে অধিকাংশই একেবারে অপাঠ্য না হউক বিশেষ কবিছ নাই। কেবল "দময়স্তীর কাল নিজ্রা" নামে কবিতাটিরই স্থানে স্থানে আমাদের কতক ভাল বোধ হইল; তাহার কয়েক পংক্তি উদ্ধৃত করা যাইতেছে।

শ্বাম্রি রমণী ঘূমে অচেতন !
কণে কণে তার নড়িছে চরণ !—
কড় করখানি, বিশ্ব-বিমোহন !
অলকাররাশি ঝমিছে তায় !
পদ্মী-প্রেমোন্তাপে গলিত অন্তর
প্রহরী, অমনি ধীরে নিজ কর
নাড়িছে বামার দেহের উপর,
পাছে দংশে কীট রমণী কায় !

त्त्रज्ञ, अष्टांधत्र, कर्णान, वामात-শিরীব-কুত্ম জিনি ত্রুমার সহিতে না পারি কেশের প্রহার. বিবিধ প্রকারে ব্যক্তিছে ক্লেশ:-নয়ন কপোল হতেছে কৃঞ্চিত: ওঠাধর চাক হইতেছে স্টাত: মমতায় নাসা করিছে বাহিত অভিরিক্ত খাস, তাড়াতে কেশ; অমনি তথনি পতি অমুকুল, मधिजात क्रांप हरेया चाकून, ধীরে ধীরে যত কেশ প্রতিকৃদ धति, यथान्हात्न नतात्व निन ! ननाठे উপরে নাসিকার গায়, व्यथ्दवत नित्य, श्रः केव शीमाय. श्राम, निवासील, मुकामानाकाय, त्यम विम् हिन म्हास हिन।

কুমারী কার্পে তারের সংক্তিপ্ত জীবনী। রায় যন্ত্র। মূল্য ১০ আনা মাত্র। ১৮৭৭ সালের ১০ই জুলাই কুমারী কার্পে তারের শ্বভি-চিহ্ন সংস্থাপনার্থ বঙ্গমহিলাগণের যে সভা হইয়াছিল, তাহাতে এই প্রস্থলিখিত বিষয়টি পঠিত হয়। একবংসর অতীত হইয়াছে এক্ষণে ইহার উল্লেখ অনর্থক হইবে না, মনে করিয়া এ স্থলে গ্রন্থের নাম উত্থাপন করা গেল। ২৪ পাতার পুস্তক পড়িতে আমাদের বিভাবতীদের অধিক সময় লাগিবে না, এবং জীবনী ক্রেয় করিতেও অধিক ব্যয় হইবে না অতএব সকলের ইহা পড়া উচিত।

ইণ্ডিয়ান পিলগ্রিম। ইংরেজি পছ। যোগেশচন্দ্র দত্ত প্রণীত।

ইংবেজি বচনা সম্বন্ধে কোন কথা বলা আমাদেব অনধিকার চর্চচা। তবে আমাদের মধ্যে যদি কেহ ইংরেজিতে গ্রন্থ লিখেন, তাহা হইলে আমরা ছুইটা ভাল কথা না বলিয়া থাকিতে পারি না। উৎসাহ দিবার নিমিত্ত নতে, গ্রন্থ প্রণায়ন সম্বন্ধে আমবা কাহাকেও উৎসাহ দিই না। তাঁহার লেখা বাস্তবিক অনেক স্থানে আমাদের ভাল লাগিয়াছে।



পঞ্চম পরিচ্ছেদ

ক্ষাৰ সর্পের স্থায় ক্ষিরিতে ফিরিতে ঘূরিতে ঘূরিতে সেই অশ্বারোহী সেনা পার্ববিত্য পথে চলিল। যে রক্ষ পথের পার্শ্বন্থ পর্ববিত্রর উপর আরোহণ করিয়া মাণিকলাল রাজসিংহের সঙ্গে দেখা করিয়া আসিয়াছিল, বিবরে প্রবিশ্রমান মহোরগের স্থায় সেই অশ্বারোহিশ্রেণী সেই রক্ষপথে প্রবেশ করিল। অশ্ব সকলের অসংখ্য পদবিক্ষেপধ্বনি পর্ববিত্র গায়ে প্রতিধ্বনিত হইতে লাগিল—
এমন কি, সেই স্থির শক্ষহান বিজন প্রদেশে আরোহীদিগের অস্ত্রের মৃত্ শব্দ একত্রে সমৃথিত হইয়া বোমহর্ষণ প্রতিধ্বনির উৎপত্তির কাবণ হইতে লাগিল। মাঝে মাঝে অশ্বগণের হেযারব—আর সৈনিকের ডাক হাক! পর্ববিত্রলে যে সকল লতা গুলা ছিল—শব্দাঘাতে তাহার পাতা সকল কাপিতে লাগিল। ক্ষুদ্র বস্থা পশ্চ পক্ষী কাটি যাহারা সে বিজন প্রদেশে নির্ভয়ে বাস করিত, তাহারা সকলে জত্ত পলায়ন করিল। এইরূপে সমৃদায় অশ্বারোহীর সারি সেই রক্ষপথে প্রবেশ করিল। তথন হঠাৎ গুম করিয়া একটা বিকট শব্দ হইল। যেখানে শব্দ হইল, সে প্রেদেশের অশ্বারোহীরা ক্ষণকাল স্তম্ভিত হইয়া দাড়াইল। দেখিল, পর্ববিত্র-শিধরদেশ হইতে রহৎ শিলাপশ্ত পর্ববিত্রত হইয়া সৈম্প্রমধ্যে পড়িয়াছে। চাপে একক্ষন অশ্বারোহী মরিয়াছে আর এক ক্ষন আহত হইয়াছে।

দেখিতে দেখিতে, ব্যাপার হি তাহা কেছ বৃঝিতে না বৃঝিতে আবার সৈল্লমধ্যে দিলাখণ্ড পড়িল—এক, ছই, তিন, চারি, ক্রমে দশ পঁচিশ—তখনই একেবারে শত শত ছোট বড় শিলা রৃষ্টি হইতে লাগিল—বছসংখ্যক অশ্ব ও অশ্বারোহী কেছ হত কেছ আহত হইয়া, পথের উপর পড়িয়া সন্ধীর্ণ পথ একেবারে কন্ধ করিয়া কেলিল। অশ্বসকল আরোহী লইয়া পলায়নের জন্ম বেগবান্ ছইল—ক্ষি অগ্রে পশ্চাতে পথ সৈনিকের ঠেলাঠেলিতে অবক্তম—অশ্বের উপর অশ্ব, আরোহীর উপর আরোহী চাপিয়া পড়িতে লাগিল—সৈনিকেরা পরস্বর অল্বান্থাত

করিয়া পথ করিতে লাগিল—শৃঙ্খলা একেবারে ভগ্ন হইয়া গেল, সৈক্তমধ্যে মহাকোলাহল পড়িয়া গেল।

"কাহার লোক ছঁ সিয়ার! বাঁয়ে রাস্তা!" মাণিকলাল হাঁকিল। যেখানে রাজকুমারী শিবিকায়, এবং পশ্চাতে মাণিকলাল, তাহার সম্মুখেই এই গোলযোগ উপস্থিত। বাহকেরা আপনাদিগের প্রাণ লইয়া ব্যতিব্যস্ত—অশ্ব সকল পাছু হঠিয়া তাহাদের উপর চাপিয়া পড়িতেছে। পাঠকের শ্বরণ থাকিতে পারে, এই পার্বাত্য পথের বামদিক্ দিয়া একটা অতি সঙ্কীর্ণ রক্ত্র পথ বাহির হইয়া গিয়াছে। তাহাতে একবারে একটি মাত্র অখারোহাঁ প্রবেশ করিতে পারে। তাহারই কাছে যখন সেনামধ্যস্থিত শিবিকা পৌছিয়াছিল, তখনই এই হলমূল উপস্থিত হইয়াছিল। ইহাই বাজসিংহের বন্দোবস্ত। স্থানিকলাল প্রাণভয়ে ভীত বাহকদিগকে ঐ পথ দেখাইয়া দিল। মাণিকলালের কথা শুনিবামাত্র বাহকেরা আপনাদিগের ও রাজকুমারার প্রাণরক্ষার্থ ঝটিতি শিবিকা সেই পথে প্রবেশ করিল।

সঙ্গে সঙ্গে অশ্ব লইয়া মাণিকলালও তন্মধ্যে প্রবেশ করিল। নিকটস্থ সৈনিকোন দেখিল যে প্রাণ বাচাইবার এই এক পথ, তথন আর একজন অশ্বারোহা মাণিকলালের পশ্চাৎ পশ্চাৎ সেই পথে প্রবেশ করিতে গেল। সেই ক্লুময়ে উপর হইতে একটা অতি বৃহৎ শিলাখণ্ড গড়াইতে গড়াইতে শব্দে পার্ববত্তা প্রদেশ কাঁপাইতে কাঁপাইতে আসিয়া সেই রক্ত মুখে পড়িয়া স্থিতিলাভ করিল। তাহার চাপে দিতায় অশ্বারোহা অশ্বসমেত চুর্ণ হইয়া গেল। রক্ত মুখ একেবারে বন্ধ হইয়া গেল। আর কেহ সে পথে প্রবেশ করিতে পারিল না। একা মাণিকলাল শিবিকাসঙ্গে যথেন্দিত পথে চলিল।

সেনাপতি হাসেন আলি থা মনসবদার, তখন সৈত্যের সর্বপশ্চাতে ছিলেন।
প্রবেশপথমূখে স্বয়ং দাঁড়াইয়া সংস্কার্ণ ছারে সেনার প্রবেশের ভাষাবধারণ করিতেছিলেন। পরে সমৃদায় সেনা প্রবিষ্ট হুইলে স্বয়ং ধীরে ধীরে সর্বর্গশচাতে
আসিতেছিলেন। দেখিলেন, সহসা সৈনিকঞ্জোণী মহাগোলযোগ করিয়া পাছু
ইঠিতেছে। কারণ জিজ্ঞাসা করিলে কেহ ছিছু ভাল বুঝাইয়া বলিতে পারে লা।
তখন সৈনিকগণকে ভাইসনা করিয়া ফিরাইতে লাগিলেন—এবং স্বয়ং সর্ব্বাগ্রগামী
হুইয়া ব্যাপার কি দেখিতে চলিলেন।

কিন্তু ততক্ষণ সেনা থাকে না। পৃর্কেই কথিত, হইয়াছে যে এই পর্বতের দক্ষিণপার্শস্থ পর্বত অতি উচ্চ এবং হুরারোহণীয়—তাহার শিখরদেশ প্রায় পথের উপর বুলিয়া পড়িয়া পথ অন্ধকার করিয়াছে। রাজপুতেরা তাহার প্রদেশাস্তরে অনুসন্ধান করিয়া পথ বাহির করিয়া, পঞাশজন তাহার উপর উঠিয়া অনুসভাবে

অবস্থান করিতেছিল এক একজন অপরের চাল্লিশ পঞ্চাশ হাত দূরে স্থান প্রাহণ করিয়া, সমস্ত রাত্রি ধরিয়া শিলাখণ্ড সংগ্রহ করিয়া আপন আপন সম্মুখে একটা একটা ঢিপি সাজাইয়া রাখিয়াছিল। একণে পলকে পলকে পঞ্চাশ জন পঞ্চাশ খণ্ড শিলা নিমুস্থ অশ্বারোহীদিগের উপর বৃষ্টি করিতেছিল। এক একবারে পঞ্চাশটি অশ্ব বা আরোহী আহত বা নিহত হইতেছিল। কে মারিতেছিল, তাহা তাহারা দেখিতে পায় না। দেখিতে পাইলে, ত্রারোহণীয় পর্বতে শিশরস্থ শত্রুগণের প্রতি কোনক্রপেই আঘাত সম্ভব নহে— অতএত তাহারা পলায়ন ভিন্ন অস্থ্য কোন চেষ্টাই করিতেছিল না। যে সহস্রসংখ্যক অশ্বারোহী শিবিকার অগ্রভাগে ছিল, তাহার মধ্যে হত ও আহতের অবশিষ্ট পলায়ন পূর্ববিক রন্ধ্রমুখে নির্গত হইয়া প্রাণরক্ষা করিল।

পঞ্চাশন্তন রাজপুত দক্ষিণপার্শ্বের উচ্চ পর্বত হইতে শিলাবৃষ্টি করিতেছিল— আর পঞ্চাশজন স্বয়ং রাজসিংহের সহিত বামদিকের অমুচ্চ পর্ববতশিরে লুকায়িত ছিল, তাহারা এতক্ষণ কিছুই করিতেছিল না। কিন্তু এক্ষণে তাহাদের কার্য্য করিবার সময় উপস্থিত হইল। যেখানে শিলাবৃষ্টি নিবন্ধন ঘোরতর বিপত্তি সেধানে মিরক্সা মবারক্সালিনামা একজন যুবা মোগল—অর্থাৎ আহেলে বিলায়ত তুর্কস্থানী এবং ছইশতী মনসবদার, অবস্থিতি করিতেছিলেন। তিনি প্রথমে সৈম্মগণকে সুশুখলের সহিত পার্ব্বত্য পথ হইতে বহিষ্কৃত করিবার যত্ন করিয়া— ছিলেন, किन्न यथन प्रचित्ता कृष्ड्य तक्ष्म ताक्ष्म प्राजीत मिविका চलिया গেল, একজন মাত্র অশ্বারোহী তাহার সঙ্গে গেল অমনি অর্গলের স্থায় বৃহৎ শিলাথও সে পথ বন্ধ করিল—তখন তাঁহার মনে সন্দেহ উপস্থিত হইল যে এ ব্যাপার আর কিছুই নহে—কোন হুরাম্মা রাজকুমারীকে অপহরণ করিবার মানসে এই উন্নম করিয়াছে। তখন তিনি ডাকিয়া নিকটস্থ সৈনিকদিগকে विमालन-- "প্রাণ যায় সেও স্বীকার! শত শিপাহী দোলার পিছু পিছু যাও। घाज़ हाजिया नी ७ मतन, এই भाषत हे भकारेया या ७ — हन आमि या रेटिह।" মবারক অগ্রে ঘোড়া হইতে লাফাইয়া পড়িয়া পথরোধক শিলাখণ্ডের উপর উঠিলেন। এবং ভাহার উপর হইতে লাফাইয়া নীচে পড়িলেন। তাঁহার দৃষ্টাস্কের অন্ত্বর্ত্তী হইয়া শত শিপাহী তাঁহার সঙ্গে সঙ্গে সেই রক্সপথে প্রবেশ कतिल ।

রাজসিংহ পর্বতিশিশ্র হইতে এ সকল দেখিতে লাগিলেন। যতক্ষণ মোগলেরা ক্ষুত্র পথে একে একে প্রবেশ করিতেছিল ততক্ষণ কাহাকেও কিছু বিলিলেন না। পরে রন্ধ্র পথমধ্যে নিবন্ধ হইলে, পঞ্চাশৎ অখারোহী রাজপুত লইয়া বজ্বের ক্রায় উর্দ্ধ হইতে তাহাদের উপর পড়িয়া, তাহাদের নিহত করিতে লাগিলেন। সহসা উপর হইতে আক্রাস্ত হইয়া মোগলেরা বিশৃত্বল হইয়া গেল। তাহাদের মধ্যে অধিকাংশ এই ভয়ন্ধর রণে প্রাণত্যাগ করিল। উপর হইতে ছুটিয়া আসিয়া ঘোড়া ঘোড়ার উপব, শিপাহী শিপাহীর উপর পড়িল—নীচে যাহারা ছিল তাহারা চাপেই মরিল। পাঁচ সাত দশজন মাত্র এড়াইল। মবারক তাহাদের লইয়া ফিরিলেন। রাজ্পুতেরা তাহাদের পশ্চাত্বর্তী হইল না।

মবারকের দক্ষে মোগল শিপাহীর বেশধারী মাণিকলালও বাহির হইয়া আসিল। আসিয়াই একজন মৃত সোওয়ারের অধে আরোহণ করিয়া সেই শৃথলাশৃস্ত মোগলসেনার মধ্যে কোথায় লুকাইল মবারক ভাহা দেখিতে পাইলেন না।

মাণিকলাল, যে মৃথে মোগলের। সেই পার্বত্য পথে প্রবেশ করিয়াছিল, সেই পথে নির্গত হইল। যাহার। তাহাকে দেখিল, তাহারা ভাবিল সে পলাইতেছে। মাণিকলাল গলি হইতে বাহির হইয়া তীরবেগে ঘোড়া ছুটাইয়া রূপনগরেব গড়েব দিকে চলিল।

মবারক প্রস্তরখণ্ড পুনরুরজ্বন করিয়া ফিরিয়া আসিয়া, আজ্ঞা দিলেন, "এই পাহাড়ে চড়িতে কষ্ট নাই; সকলেই ঘোড়া লইয়া এই পাহাড়ের উপরে উঠ! দস্যু অল্পসংখ্যক। তাহাদের সমূলে নিপাত করিব।" তখন পাঁচশত মোগল সেনা, "দীন! দীন!" শব্দ করিয়া অশ্ব সহিত বামদিকের সেই পর্বত-শিখরে আরোহণ কবিতে লাগিল। মবারক অধিনায়ক। মোগলদিগের সঙ্গে ছইটা তোপ ছিল। একটা ঠেলিয়া তুলিয়া পাহাড়ে উঠাইতে লাগিল। আর একটা লইয়া মোগলেরা টানিয়া, যে বৃহৎ শিলাখণ্ডের ছারা পার্বতা রক্ত্র বন্ধ হইয়াছিল, তাহার উপর উঠাইয়া স্থাপিত ক্রিল।

বোড়শ পরিচ্ছেদ

তখন দীন দীন শব্দে পঞ্চাশত অশ্বারোহী কালান্তক যমের স্থায় পর্ববতে আরোহণ করিল। পর্বত অনুক্ষ ইহা পূর্বেই কথিত হইয়াছে—শিখরদেশে উঠিতে তাহাদের অনেক কালবিলম্ব হইল না। কিন্তু পর্বতিশিখরে উঠিয়া দেখিল যে, কেহ ত পর্বতোপরে নাই। যে রম্ভ্রপথমধ্যে প্রবেশ করিয়া তিনি নিজে পরাভূত হইয়া ফিরিয়া আসিয়াছিলেন, এখন মবারক বৃক্তিলেন যে, সমুদয় দস্য —মবারকের বিবেচনায় তাহারা রাজপুত দস্য ভিন্ন আর কিছুই নহে—সমুদায় দস্য সেই রক্ত্রপথে আছে। তাহার ছিতীয় মুখ রোধ করিয়া তাহাদিগের বিনাশসাধন করিবেন, নবারক এইরূপ মনে মনে শ্বির করিলেন! হাসান আলি

আর মুখে কামান পাতিয়া বসিয়া আছেন। এই ভাবিয়া, তিনি সেই রক্কের ধারে ধারে সৈত্য লইয়া চলিলেন। ক্রেমে পর্থ প্রশস্ত হইয়া আসিল ; তখন মবারক পাহাড়ের ধারে আসিয়া দেখিলেন—চাল্লিশ জনের অনধিক রাজপুত, শিविकामत्त्र क्रिश्ताक कल्वरत त्मरे भरथ চलिएएছ। यवात्रक वृक्षिलन य অবশ্য ইহারা নির্গমপথ জানে; ইহাদের উপর দৃষ্টি রাখিয়া ধীরে ধীরে চলিলে, রক্সমারে উপস্থিত হইব। তাহা হইলে যেরূপ পথে রাজপুতেরা পর্বত হইতে নামিয়াছিল দেইরূপ অন্ত পথ দেখিতে পাইব। রাজপুতেরা যে আগে উপরে ছিল পরে নামিয়াছে ভাহার সহত্র চিহ্ন দেখা যাইতেছিল। মবারক সেইরূপ করিতে লাগিলেন। কিছু পরে দেখিলেন, পাহাড় ঢালু হইয়া আসিতেছে, সম্মুখে নির্গমের পথ। মবারক অশ্ব সকল তীববেগে চালাইয়া পর্ববভতলে নামিয়া রক্সমুখ বন্ধ কবিলেন। রাজপুতেরা, রদ্ধের বাঁক ফিরিয়া যাইডেছিল —স্বতরাং তাহারা আগে রক্ষুমূথে পৌছিতে পারিল না। মোগলেরা পথরোধ করিয়া রন্ধু মুখে কামান বসাইল: এবং আগতপ্রায় বাচ্পুতগণকে উপহাস কবিবার জন্ম তাহার বক্সনাদ একবাব শুনাইল — দীন। দীন। শব্দের সঙ্গে পর্বতে পর্বতে সেই ধ্বনি প্রতিধ্বনিত হইল। শুনিয়া উত্তর স্বরূপ রঙ্কের অপর মুখে হাসান মালিও কামানের মাওয়াজ করিলেন; আবাব পর্ব্বতে পর্ব্বতে প্রতিধ্বনি বিকট ডাক ডাকিল। বাঞ্চপুতগণ শিহরিল—তাহাদিগের কামান ছিল না।

রাজসিংহ দেখিলেন, আর কোনমতেই বক্ষা নাই। তাঁহার সৈম্মের বিশগুণ সেনা, পথের ছাই মুখ বন্ধ করিয়াছে—পথাস্তর নাই—কেবল যমমন্দিরের পথ খোলা। রাজসিংহ স্থির করিলেন সেই পথেই যাইবেন। তখন সৈনিকগণকে একত্রিত কবিয়া বলিতে লাগিলেন।

"ভাই বন্ধু, যে কেহ সঙ্গে থাক, আজি সরলান্তঃকরণে আমি ভোমাদের কাছে ক্রমা চাহিতেছি। আমারই দোষে এ বিপদ ঘটিয়াছে—পর্বত হইতে নামিয়াই এ দোষ করিয়াছি। এখন এ গলির ছই মুখ বন্ধ—ছই মুখেই কামান শুনিতেছ? ছই মুখে আমাদের বিশগুণ মোগল দাঁড়াইয়া আছে—সন্দেহ নাই। অভএব আমাদিগের বাঁচিবার ভরসা নাই। নাই—ভাহাতেই বা ক্ষতি কি? রাজপুত হইয়া কে মরিতে কাতর? সকলেই মরিব —একজনও বাঁচিব না—কিন্তু মারিয়া মরিব। যে মরিবার আগে ছইজন মোগল না মারিয়া মরিবে—সেরাজপুত নহে—বিজ্ঞাতক। রাজপুতেরা শুন। এ পথে ঘোড়া ছুটে না—সবাই ঘোড়া ছাড়িয়া দাও। এসো আমরা ভরবাল হাতে লাকাইয়া গিয়া ভোপের শুপর পড়ি। ভোপ ত আমাদেরই হইবে—ভার পর দেখা যাইবে কড মোগল মারিয়া মরিতে পারি।"

তখন রাজপুতগণ, অশ্ব হইতে লাফাইয়া পড়িয়া একত্রে অসি নিকোষিত করিয়া "রাণা জি কি জয়!" বলিয়া দাঁড়াইল। তাহাদের দৃঢ়প্রতিজ্ঞ মুখকাস্তি দেখিয়া রাজসিংহ বুঝিলেন যে, প্রাণ রক্ষা না হউক—একটা রাজপুতও হটিবে না। সম্ভষ্ট চিত্তে রাণা আজ্ঞা দিলেন, "হুই হুই করিয়া সারি দাও।" অশ্বপৃষ্ঠে সবে একে একে যাইতেছিল—পদত্রজে হুইয়ে হুইয়ে রাজপুত চলিল—রাণা সর্বাত্যে চলিলেন। আজ্ঞ আসম মৃত্যু দেখিয়া তিনি প্রফুল্লচিত্ত।

এমত সময়ে সহসা পর্বতরন্ধু কম্পিত করিয়া, পর্বতে প্রতিধ্বনি তুলিয়া, রাজপুত সেনা শব্দ করিল "মাতা জি কি জয়! কালীমায়ি কি জয়।"

অত্যন্ত হর্ষস্চক ঘোর রব শুনিয়া রাজসিংহ পশ্চাৎ ফিরিয়া দেখিলেন ব্যাপার কি ? দেখিলেন, তুইপার্শ্বে রাজপুত্রেনা সারি দিয়াছে—মধ্যে বিশাল-লোচনা, সহাস্থ্যবদনা, কোন্ দেবী আসিতেছে। হয় কোন দেবী মনুখ্যমৃত্তি ধারণ করিয়াছে—নয় কোন মানবীকে বিধাতা দেবীব মৃত্তিতে গঠিয়াছেন। বাজপুতেরা মনে করিল, চিতোবাধিষ্ঠাত্রী রাজপুতকুলরপিণী ভগবতী এ শঙ্কটে রাজপুতকে রক্ষা করিতে স্বয়ং রণে অবতীর্ণা হইয়াছেন। তাই তাহারা জয়ধ্বনি করিতেছিল।

রাজসিংহ দেখিলেন—এ ত মানবী, কিন্তু সামান্তা মানবী নহে। ডাকিয়া বলিলেন, "দেখ, দোলা কোধায় ?"

একজন পিছু হইতে বলিল, "দোলা এই দিকে আছে ?" রাণা বলিলেন, "দেখ, দোলা খালি কি না ?"

সৈনিক বলিল "দোলা খালি কুমারী জী মহারাজের সামনে।"

চঞ্চলকুমারী তখন রাজসিংহকে প্রণাম করিলেন। রাণা জিজ্ঞাসা করিলেন, "রাজকুমারি— আপনি এখানে কেন ?"

চঞ্চল বলিলেন, "মহারাজ। আপনাকে প্রণাম করিতে আসিয়াছি। প্রণাম করিয়াছি—এখন একটি ভিক্ষা চাহি। আমি মুখরা—ক্রীলোকের শোভা যে লক্ষা ভাহা আমাতে নাই, ক্ষমা করিবেন। ভিক্ষা যাহা চাহি—ভাহাতে নৈরাশ করিবেন না।" চক্ষলকুমারী হাস্তা ভ্যাগ করিয়া, যোড় হাত করিয়া কাতর খরে এই কথা বলিলেন।

রাজসিংহ বলিলেন, "ভোমারই জক্ত এতদূর আসিয়াছি—ভোমাকে অদেয় কিছুই নাই—কি চাও, রূপনগরের কল্মে গ"

চক্ষলকুমারী আবার যোড় হাত করিয়া বলিল, "আমি চক্ষলমতি বালিকা বলিয়া আপনাকে আসিতে লিখিয়াছিলাম; কিন্তু আপনার মন আপনি বৃক্তিতে পারি নাই। আমি এখন মোগলসমাটের ঐশ্বর্ধ্যের কথা শুনিয়া, বড় মুদ্ধ হুইয়াছি। আপনি অনুমতি করুন—আমি দিল্লী যাইব।" রাজসিংই বিশ্বিত ও বিরক্ত হইলেন। বলিলেন, "তোমার দিল্লী যাইতে হয় যাও—আমার আপত্তি নাই—স্ত্রীলোক চিরকাল অস্থিরচিত্ত। কিন্তু আপাততঃ তুমি যাইতে পাইবে না। যদি এখন তোমাকে ছাড়িয়া দিই মোগল মনে করিবে যে প্রাণভয়ে ভীত হইয়া তোমাকে ছাড়িয়া দিলাম। আগে যুদ্ধ শেষ হউক—তার, পর তুমি যাইও। যওয়ান সব—আগে চল।"

তখন চঞ্চলকুমারী মৃত্ হাসিয়া, মর্মভেদী মৃত্ল কটাক্ষ করিয়া, দক্ষিণ হস্তের কণিষ্ঠাঙ্গুলিস্থিত হীরকাঙ্গুরীয় বামহস্তের অঙ্গুলিম্বয়ের দ্বারা ফিরাইয়া রাজসিংহকে দেখাইতে দেখাইতে বলিলেন, "মহারাজ! এই আঙ্গটিতে বিষ আছে। দিল্লীতে না যাইতে দিলে, আমি বিষ খাইব।"

রাজ্বসিংহ তথন হাসিলেন—বলিলেন "বা্থয়াছি রাজকুমারি—রমণীকুলে তুমি ধক্যা। কিন্তু তুমি যাহা ভাবিতেছ তাহা হইবে না। আজ বাজপুতের বাঁচা হইবে না; আজ রাজপুতকে মরিতেই হইবে—নহিলে রাজপুত নামে বড় কলঙ্ক হইবে।—আমরা যতক্ষণ না মরি—ততক্ষণ তুমি বন্দী। আমরা মরিলে তুমি যেখানে ইচ্ছা সেখানে যাইও।"

চঞ্চলকুমারী হাসিল—অভিশয় প্রণয়প্রফুল্ল ভক্তিপ্রমোদিত, সাক্ষাৎ মহাদেবের অনিবার্য্য এক কটাক্ষবাণ বাজসিংতেব উপর তাাগ করিল। মনে মনে বলিতে লাগিল, "বারচ্ড়ামণি! আজি হইতে আমি তোমার মহিষী হইলাম! যদি তোমার মহিষী না হই—তবে চঞ্চল কখনই প্রাণ রাখিবে না।" প্রকাশ্যে বলিল, "মহারাজ দিল্লীশ্বর যাহাকে মহিষী করিতে অভিলাষ করিয়াছেন, সে কাহারও বন্দী নহে। এই আমি মোগল সৈত্য সম্মুখে চলিলাম—কাহার সাধ্য রাখে দেখি।"

এই বলিয়া চঞ্চলকুমারী—জীবস্ত দেবীমৃর্ত্তি, রাজসিংহকে পাশ করিয়া রক্ত্র মুখে চলিল। তাঁহাকে স্পর্শ করে কাহার সাধ্য ? এজস্ত কেহ তাঁহার গতি রোধ করিতে পারিল না। হাসিতে হাসিতে, হেলিতে ছলিতে, সেই স্বর্ণমুক্তাময়ী প্রতিমা রক্ত্রমুখে চলিয়া গেল।

একাকিনী, চঞ্চলকুমারী সেই প্রজ্ঞালিত বহ্নিতুল্য কট্ট, সশস্ত্র পঞ্চশত মোগল অধারোহীর সম্মুখে গিয়া দাড়াইলেন। বেখানে সেই পথরোধকারী কামান— মনুয়ানির্মিত বজু, অগ্নি উদগীর্ণ করিবার জন্ম হাঁ করিয়া আছে—গোলন্দাজের হাতে অগ্নি জলিতেছে— সেইখানে, সেই কামানের সম্মুখে রত্তমন্তিতা লোকাতীত সুন্দরী দাড়াইল। দেখিয়া বিশ্বিত মোগলসেনা মনে করিল—পর্বতনিবাসিনী পরি আসিয়াছে।

মনুষ্যভাষার কথা কহিয়া চঞ্চলকুমারী সে ভ্রম ভাঙ্গিল।— বঁলিল "এ সেনার সেনাপতি কে !"

মবারক স্বয়ং বন্ধু মুখে রাজপুতগণের প্রতীক্ষা করিতেছিলেন—তিনি ুবলিলেন, "ইহারা এখন অধমের অধীন। আপনি কে ?"

চঞ্চলকুমারী" বলিলেন, আমি সামাক্তা স্ত্রী। আপনার কাছে কিছু ভিক্ষা আছে—যদি অন্তরালে শুনেন, তবেই বলিতে পারি।"

মবারক বলিলেন, "তবে রন্ধু মধ্যে আগু হউন।" চঞ্চলকুমারী রন্ধু মধ্যে অগ্রসর হইলেন—মবারক পশ্চাৎ পশ্চাৎ গেলেন।

যেখানে কথা অন্তে শুনিতে পায় না এমত স্থানে আসিয়া চঞ্চলকুমারী বলিতে লাগিলেন, "আমি রূপনগবের রাজকন্তা। বাদশাহ আমাকে বিবাহ করিবার অভিলাষে আমাকে লইতে এই সেনা পাঠাইয়াছেন— এ কথা বিশাস করেন কি?"

মবারক। আপনাকে দেখিয়াই সে বিশ্বাস হয়।

চঞ্চল। আমি মোগলকে বিবাহ করিতে অনিচ্ছুক—ধর্ম্মে পতিত হইব মনে করি। কিন্তু পিতা ক্ষাণবল—তিনি আমাকে আপনাদিগের সঙ্গে পাঠাইয়াছেন।
—তাহা হইতে কোন ভরসা নাই বলিয়া আমি রাজসিংহের কাছে দৃত প্রেরণ করিয়াছিলান—আমার কপালক্রনে তিনি পঞ্চাশজন মাত্র শিপাহা লইয়া আসিয়াছেন—তাহাদের বলবার্য্য ত দেখিলেন ?

মবারক চমকিয়া উঠিয়া বলিলেন, "সে কি---পঞ্চাল জন শিপাহী এক সহস্র মোগল মারিল !"

চঞ্চল। বিচিত্র নহে--হলদীঘাটে ঐ রকম কি একটা হইয়াছিল শুনিয়াছি। কিন্তু সে যাই হউক—রাজসিংহ এক্ষণে আপনার নিকট পরাস্ত। ভাঁহাকে পরাস্ত দেখিয়াই আমি আসিয়া ধরা দিতেছি। আমাকে দিল্লী লইয়া চলুন—
যুদ্ধে আর প্রয়োজন নাই।

মবারক বলিল, "বৃঝিয়াছি নিজের শ্রথ বলি দিয়া, আপনি রাজপুতের প্রাণরক্ষা করিতে চাহেন। ভাঁহাদেরও কি লেই ইচ্ছা ?"

চ। সেও কি সম্ভবে ? আমাকে আপনারা লইয়া চলিলেও ভাহারা বৃদ্ধ ছাড়িবে না। আমার অমুরোধ, আমার সঙ্গে একমত হইয়া আপনি ভাহাদের প্রাণরকা করন।

ম। তাহা পারি কিন্তু দস্যার দণ্ড অবশু দিতে হইবে। আমি ভাঁহাদের বন্দী করিব। ট। সঁব পারিবেন—সৈইটা পারিবেন না। তাঁহাদিগকে প্রাণে মারিতে পারিবেন কিন্তু বাঁধিতে পারিবেন না। তাঁহারা সকলেই মরিতে স্থিরপ্রতিজ্ঞ ইইয়াছেন—মরিবেন।

भवा। जाश विश्वाम कति। किन्न व्यापनि निष्ठी यारेत्वन देश वित ?

চ। আপনাদিগের সঙ্গে আপাতত যাওয়াই স্থির। দিল্লী পর্য্যস্ত পৌছিব কিনা সন্দেহ।

मवा। तम कि ?

চ। আপনারা যুদ্ধ করিয়া মরিতে জ্ঞানেন, আমরা স্ত্রীলোক, আমরা কি তথু তথু মরিতে জ্ঞানি না ?

মবা। আমাদের শক্ত আছে, তাই মরি। ভুবনে কি আপনার শক্ত আছে?

- চ। আমি নিজে।—
- ম। আমাদের শক্রর অনেক প্রকার অস্ত্র আছে—আপনার ?
- চ। বিষ।

ম। কোপায় আছে বলিয়া মবারক চঞ্চলকুমাবীর মুখপানে চাহিলেন।
বৃঝি অন্ত কেহ হইলে ভাহার মনে মনে হইত 'নয়ন ছাড়া আব কোপায় বিষ আছে
কি ?" কিন্তু মবারক সে ইতর প্রকৃতিব মহুন্ত ছিলেন না। তিনি রাজসিংহের ক্যায়
যথার্থ বাঁরপুরুষ। তিনি বলিলেন, ''মা আত্মঘাতিনী কেন হইবেন ? আপন্তি
যদি যাইতে না চাহেন তবে আমাদেব সাধ্য কি আপনাকে লইযা যাই ?
স্বায়ং দিল্লীশ্বর উপস্থিত থাকিলেও আপনার উপব বল প্রকাশ করিতে পারিতেন
না—আমরা কোন ছার ? আপনি নিশ্চিন্ত থাকুন—কিন্তু এ রাজপুতেরা
বাদশাহের সেনা আক্রমণ করিয়াছে—আমি মোগল সেনাপতি হইয়া কি প্রকারে
উহাদের ক্ষমা করি ?"

ह। क्रमा कतिया काक नाई—युक्त कक्रन।

এই সময়ে রাজপুতগণ লইয়া রাজসিংহ সেইখানে উপস্থিত হইলেন--তখন চঞ্চলকুমারী বলিতে লাগিলেন, "যুদ্ধ করুন---রাজপুতের মেয়েরাও
মরিতে জানে।"

মোগলসেনাপতির সঙ্গে লক্ষাহীনা চঞ্চল কি কথা কহিতেছে শুনিবার ক্ষেম্ম রাজসিংহ এই সময়ে চঞ্চলের পার্বে আসিয়া দাঁড়াইলেন। চঞ্চল তখন তাঁহার কাছে হাত পাতিয়া, হাসিয়া বলিলেন, "মহারাক্ষাধিরাক্ষ! আপনার কোমরে যে তরবারি হলিতেছে, রাজপ্রীসাদ স্বরূপ দাসীকে উহ**িদিটে পাজ** হউক ៖

কর্মনার বাজিসিংহ হাসিয়া বলিলেন "বৃঝিয়াছি তুমি সত্য সত্যই ভৈরবী।" এই বলিয়া রাজসিংহ কটি হইতে অসি নিশ্মৃক্ত করিয়া চঞ্চলকুমারীর হাতে দিলেন। চঞ্চল অসি ঘুরাইয়া, মবারকের সম্মুখে তুলিয়া ধরিয়া বলিল, "তবে যুদ্ধ করন। রাজপুতেরা যুদ্ধ করিতে জানে। আর রাজপুতানার স্ত্রীলোকেরাও যুদ্ধ করিতে জানে। খাঁগাহেব! আগে আমার সঙ্গে যুদ্ধ করন। স্ত্রীহত্যা হইলে, আপনার বাদসাহের গৌরব বাড়িতে পারে।"

শুনিয়া, মোগল ঈষং হাসিল। চঞ্চলকুমারীর কথায় কোন উত্তর করিল না। কেবল রাজসিংহের মুখপানে চাহিয়া বলিল, "উদয়পুরের বীরেরা কতদিন ছুইতে স্ত্রীলোকের বাহুবলে রক্ষিত ?"

রাজসিংহের দ্বীপ্ত চক্ষ্ হইতে অগ্নিন্দুলিক নির্গত হইল। তিনি বলিলেন,
শ্বতদিন হইতে নোগল বাদশাহ অবলাদিগের উপর অত্যাচার আরম্ভ করিয়াছেন,
ততদিন হইতে বাজপুত কন্তাদের বাহুতে বল হইয়াছে।" তখন রাজসিংহ
সিংহের স্থায় গ্রাবাভক্ষের সহিত, স্বজনবর্গের দিকে ফিরিয়া বলিলেন, "রাজপুতেরা
বাগ্যুছে অপটু। বুথা কাল হরণে প্রয়োজন নাই—পিণীলিকার মত এই
নোগলদিগকে মারিয়া ফেল।

এতক্ষণ বর্ধণোনুধ মেঘের স্থায় উত্য় সৈন্ত স্তম্ভিত ইইয়াছিল—প্রভুর আজ্ঞা ব্যতীত কেতই যুদ্ধে প্রবৃত্ত ইইতে পারিতেছিল না। এক্ষণে রাণার মান্ত্রা পাইয়া "হর! হব! বন্! বন্!" শন্দে, রাজপুতেরা জলপ্রবাহবৎ মোগলসেনার উপরে পড়িল। এদিকে মবারকের আজ্ঞা পাইয়া, মোগলেরা "আল্লা—হো—আকবর!" শন্দ করিয়া তাহাদেব প্রতিরোধ করিতে উদ্ভত হইল। কিন্তু সহসা উত্য় সেনাই নিশ্পন্দ হইয়া গাড়াইল। সেই রণক্ষেত্রে উত্য় সেনার মধ্যে অসি উত্তোলন করিয়া—স্থিরমূর্ত্তি চঞ্চলকুমারী গাড়াইয়া—সরিতেছে না।

চঞ্চলকুমারী উচ্চৈঃস্বরে বলিতে লাগিলেন, "যতক্ষণ না একপক্ষ নিবৃত্ত হয় —ত তক্ষণ আমি এখান হইতে নড়িব না। অগ্রে আমাকে না মারিয়া কেছ অন্ত্র চালনা করিতে পারিবে না।"

রাজসিংহ রুপ্ত হইয়া বলিলেন, "ভোমার এ অকর্ত্তব্য। স্বহন্তে ভূমি রাজপুতকুলে এই কলঙ্ক লেপিতেছ কেন! লোকে ব্লিবে, আজ জীলোকের সাহায্যে রাজসিংহ প্রাণরক্ষা করিলেন।"

চ। মহারাজ! আপনাকে মরিতে কে নিথেধ করিতেছে? আমি কেবল আগে^ক মরিতে চাহিতেছি। যে অনর্থের মূল—ভাহার আগে মরিবার অধিকার আছে। দ্ধানীর কার্য্য দেখিয়া মৃগ্ধ হইলেন। তখন উভার সেনাসমক্ষে মধারক ডাকিয়া বলিলেন, "মোগলবাদশাহ দ্রীলোকের সহিত যুদ্ধ করেন না—অভএব বলি আমরা এই সুন্দরীর নিকট পরাভব স্বীকার করিয়া যুদ্ধ ত্যাগ করিয়া যাই। রাণা রাজসিংহের সঙ্গে অয় পরাজ্যের মীমাংসা ভরসা করি, ক্ষেত্রাস্তরে হইবে। আমি রাণাকে অমুরোধ করিয়া যাইতেছি যে, সেবার যেন দ্রীলোক সঙ্গে করিয়া না আইসেন।


চঞ্চলকুমারী মবারকের জন্ম চিস্তিত হইলেন। মবারক তখন তাঁহার নিকটে
— অখে আরোহণ করিতেছে মাত্র। চঞ্চলকুমারী তাঁহাকে বলিলেন, "সাহেব!
আমাকে ফেলিয়া যাইতেছ কেন! আমাকে লইয়া যাইবার জন্ম আপনাদের
দিল্লীশ্বর পাঠাইয়া দিয়াছেন। আমাকে যদি না লইয়া যান, তবে বাদশাহ কি ক্র বলিবেন!"

মবারক বলিল, "বাদশাহের বড় আর একজন আছেন। উত্তর তাঁহার ৵ কাঁছে দিব।"

চঞ্চল। সে ত পরলোকে, কিন্তু ইহলোকে?

মবারক। মবারক আলি ইহলোকে কাহাকেও ভয় করে না। ঈশ্বর আপনাকে কুশলে রাপুন—আমি বিদায় হইলাম।

এই বলিয়া মবারক অবে আরোহণ করিলেন। তাঁহার সৈম্প্রকে ফিরিতে আদেশ করিতেছিলেন, এমত সময়ে পশ্চাতে একবারে সহস্র বন্দুকের শব্দ শুনিতে পাইলেন। একেবারে শত মোগল যোদ্ধা ধরাশায়ী হইল। মবারক দেখিলেন, ঘোর বিপদ—কোথা হইতে সহস্রাধিক অশ্বারোহী আসিয়া তাঁহাকে পশ্চাৎ হইতে আক্রমণ করিতেছে। দৃষ্টিমাত্র মোগলেরা পলায়ন করিল। যে যে দিকে পারিল সেই সেই দিকে পলাইল—মবারক রাখিতে পারিল না। তখন শক্রগণ হর হর বম্ বম্ শব্দ করিয়া তাহাদের পশ্চাৎ পশ্চাৎ ছুটিল।



कार्याऽकांद्रश मश्च

ত্র জগতের কার্য্যকলাপের মধ্যে যত প্রকার সম্বন্ধ দৃষ্ট হয় তাহাদিগের মধ্যে এই হুইটি সম্বন্ধই প্রধান; প্রথম সমকালর্ভির বিতীয় অনন্তর্বৃত্তির। যে সকল কার্য্য পরস্পব এরপ সম্বন্ধ বক্ষা করে যে একটা আরম্ভ করিলে তাহার সহিত্তই আর একটা সিদ্ধ হইতে থাকে তাহাদিগের নাম সমকালর্ভি কার্য্য, উহাদের পরস্পবের সম্বন্ধের নাম সমকালর্ভির সম্বন্ধ। এই সমকালর্ভি কার্য্য সকল, সকল অবস্থায়ই এক রূপ ধারণ করে। ইহার প্রধান উদাহরণস্থল অরণাত্র। দেখ চুই আর ছুই একত্র করিলেই চারি হয়, এই চারি যতকাল ছুটী ছুই একত্র থাকে ততকালই থাকে তাহার পর আর থাকে না, এবং দিন, বংসর, ফুট, ইঞ্চি ইত্যাদি যে কোন বস্তুরই হৌক ছুটী ছুই একত্র করিলে চারি হইবে।

রেখাগণিত ক্ষেত্রবাবহার প্রভৃতি শাস্ত্রে প্রতিপদে এই সমকালর নিমন্ত সম্প্র এবং তক্ষ্য একরপতা সর্বপ্রকারে লক্ষিত হয়। উহাদের নির্ণয়ের নিমিন্ত সময় বা ভ্যোদর্শনের কিছুমাত্র আবশ্রকতা হয় নাই। ইহারা প্রথম হইতেই স্বতঃসিদ্ধ এবং সত্য। যথা—যাহার পরিমাণ আছে তাহার মূর্দ্ধি অর্থাৎ আকার আছে। এবং যাহাদের আকার আছে তাহারা ত্রিভুক্ত, চতুর্ভুক্ত, ও বন্ধ প্রভৃতি নানারূপ হয়। যদি একটা বর্জুল পদার্থ একটি নলের সহিত সমোচ্চ ও সমবাাসবিশিষ্ট হয়, তাহা হইলে এ ছুইটা বস্তু যে ধাতু বা পদার্থ দ্বারা নির্দ্ধিত হোক না কেন প্রথমটি দ্বিতীয়টীর ঠিক ছুই তৃতীয়াংশ হইবে।

এইরপ গণিত এবং ক্ষেত্রস্তন্ধদি শাস্ত্রের নিয়ন সকল, সকল সময়েই এক রূপ এবং একরপ কার্য্য করে, আমরা কখন কোন অংশে এই নিয়মের অক্তথা

নৈয়ায়িকেয় আকাশানির পরিমাণ খীকার করিয়াছেন অথচ মৃত্তি খীকার করেন
নাই ক্তরাং উহাদেরই মতে পরিমাণ থাকিলে আকার থাকে না কিছু যাহালেয় অপ্রই
পরিমাণ (limited extension) ভাহাদেরই আকার আছে (মৃত্তিখং অপ্রই পরিশাম বস্তুর)

দেখিতে পাই না। কিন্তু হৃঃখের বিষয় এই যে এই সকল নিয়ম দারা অপর কোন বিষয়ের সত্যতা স্থির করিতে পারা যায় না, কেবল অঙ্ক ও ক্ষেত্রাদি বিষয়ের সত্যতাই স্থির হয়। অপরসাধারণ ঘটনার সত্যতা নিরূপণার্থ আমাদিগকে অনন্তর বা ক্রমবৃত্তিত্ব সম্বন্ধে আশ্রয় লইতে হয়।

. ব্রুগতের কার্য্যমাত্রেই অনন্তর বা ক্রমবৃত্তি অর্থাৎ একটির পর আর একটি তারপর আর একটি উৎপন্ন হয়। এবং প্রত্যেকই স্বপূর্ববৃত্তি বস্তুর সহিত একটি অপরিবর্ত্তী সম্বন্ধ রক্ষা করে, বস্তু বিশেষ পূর্বেই হইলে বস্তু বিশেষের উৎপত্তি হয়ই হয় কদাচ অস্থাথা হয় না। যেমন কৃষ্ণবর্ণ নবীন মেঘ আকাশে উদয় হইলেই পৃথিবীতে বর্ষণ অবশ্যই হইবে, কৃষ্ণকার দণ্ড দিয়া চক্র ঘুরাইলে ঘট অবশ্যই হইবে। ইত্যাদি।

এই অপরিবর্ত্তী নিয়ম বা সম্বন্ধকে "কার্য্য কারণ সম্বন্ধ" বলা যায়।
নৈয়ায়িকগণ ইহাকে "কার্য্য কাবণ ভাব" বা "হেতু হেতুমদ্ভাব" ও বলিয়া থাকেন।
বোধ হয় পাঠকগণ কার্য্যের সহিত কাবণের যে কি সম্বন্ধ ভাহ। একপ্রকার বুঝিতে
পারিলেন। যাহা কারণ ভাহা অবশ্যই কার্য্যের অব্যবহিত পূর্ক্বে থাকিবে এবং
কারণ অব্যবহিত পূর্ক্বে থাকিলে কার্য্য অবশ্যই সংঘটিত ও হইবে ইহার অক্যথা হইবে
না। ইহার অপলাপ করিবার কাহারও শক্তি নাই।

বৈশেষিক দর্শনকার কনাদ মুনি বলিয়াছেন,

"কারণাভাবাৎ কাধ্যাভাব:।"

) वर बा) र।

যদি কারণ না থাকে তাহা হইলে কখনই কার্য্য হইতে পারে না। ঘটের প্রতি যে পূর্ব্বে দণ্ড, চক্র, জল, মৃত্তিকা প্রভৃতি কারণ উল্লিখিত হইয়াছে তাহাদের মধ্যে একটীরও অভাব হইলে কখন ঘট হয় না অভএব যাহা কার্য্য অর্থাৎ যাহা উৎপন্ন হয় তাহার যে কারণ আছে ইহা অবশ্য স্বীকার করিতে হইবে এবং কারণ স্বীকার করিলেই কার্য্যকারণ সম্বন্ধরও স্বীকার করিতে হইবে। বস্তুবিশেষের সহিত ক্লিপ্তারূপে কার্য্যকারণ সম্বন্ধ না মানিলে ঘটের কারণ থাকিলেই বস্ত্র হইতে পারিত এবং বস্ত্রের কারণের অ্বস্থিতিতে ঘট হইতে পারিত, কিন্তু এরূপ ঘটনা যখন হয় না, তখন ইহা অবশ্য স্বীকার করিতে হইবে যে, বস্তু বিশেষের এই কার্য্যকারণ সম্বন্ধ একবারে নির্দ্ধারিত হইয়াছে।

এই কার্য্যকারণ সম্বন্ধই অনুমানখণ্ডের মূল সূত্র ; বদি আমরা জানিতে পারি অমূক বন্ধর সহিত অমূক বন্ধর কার্য্যকারণ সম্বন্ধ আছে, অর্থাৎ অমূক বন্ধ পৃর্বের্থাকিলে অমূক বন্ধই সংঘটিত হইয়া থাকে, তাহা হইলে আমরা কোন সময়

উহাদিগের মধ্যে একটাকে দেখিলেই অপরটির অনুমান করিতে পারি। যদি আমাদের জ্ঞান থাকে কোন বস্তুতে অগ্নিসংযোগ হইলে ধূম হয়। ভাহা হইলে আমরা ধূম দেখিয়াই বৃঝিতে পারি যে অমুক স্থানে অগ্নি সংযোগ হইয়াছে। যদি আমরা পূর্বের জানিতে পারি যে মেঘ হইলে বৃষ্টি হয় এবং বৃষ্টি হইয়া নদীর জ্ঞল বর্দ্ধিত হয় ভাহা হইলে কোন সময় আমরা ইহাদিগের মধ্যে একটাকে দেখিয়া অপরের অনুমান করিতে পারি। আমরা অনেক সময় কেবল মেঘ দেখিয়া অনুমান করিতে পারি আজ খুব বৃষ্টি হইবে, গ্রামের সকল পুছরিণী উচ্ছালিত হইবে এবং সেই সঙ্গে নিজের পুছরিণীর মৎস্ত সকল যাহাতে না পলাইতে পারে সেজস্ত যত্ন করিয়া থাকি। বর্ষাকালে প্রাতঃকালে নিজা হইতে উত্থান করিয়া যখন গৃহের চতুম্পার্শস্থিত পরিখাদি পরিপূর্ণ দেখিতে পাই তখনই অনুমান করিতে পারি যে গত রাত্রিতে খুব বৃষ্টি হইয়া গিয়াছে। এইরূপ কার্য্যকারণ সম্বন্ধ জানা থাকিলে আমাদের এক প্রকার ভবিশ্বৎ জ্ঞানলাভ হয়। অনেক সময় আমরা কেবল কার্য্যকারণ জ্ঞানের প্রভাবে ভাবিবিপদের অনুমান করিয়া পূর্বে হইতেই ভাহার প্রতিকারের চেষ্টা পাইতে পারি।

বৈছ্নশাস্ত্রে কথিত আছে যে যিনি রোগের নিদান (প্রকৃত কারণ) বৃথিযা চিকিৎসা করেন, তিনিই প্রকৃত চিকিৎসক, এবং তাঁহার প্রযুক্ত ঔষধ ফলোপধায়ক হয়; আমরাও বলি সংসারের মধ্যে যিনি কার্যাকারণ সম্বন্ধটীকে প্রকৃতরূপে অবগত হইতে পারিয়াছেন, তিনিই প্রকৃত সংসারী। এই সংসাররূপ মহাসাগরের তিনিই প্রকৃত কর্ণধার, তাঁহার চেষ্টা বা যত্ন প্রায়ই বিফল হয় না।

যতদিন অবধি পৃথিবীতে এই কার্য্যকারণ সম্বন্ধের জ্ঞান হয় নাই ততদিন অবধি পৃথিবী মূর্যভারপ নিবিড় অন্ধকারে আচ্ছন্ন ছিল, তাহার পর যেই একটু একটু কার্য্যকারণ জ্ঞানের উদয় হইতে লাগিল, অমনি পৃথিবীতে আদিম পুস্তক ঋষেদের উদয় হইল। যখন প্রাচীন ঋষিরা মনে মনে বিবেচনা করিলেন চেতন ভিন্ন কাহারই কার্য্যকারিতা শক্তি নাই, অগ্নি যখন অনেক আবক্তক কার্য্য সম্পাদন করিতেছেন, তখন তাঁহার অবশ্য চেতন আছে, এই সময়েই ঋষেদের প্রারম্ভ হইল। অমনি তাঁহারা তারস্বরে সেই অশেব হিতকর কার্য্যের সম্পাদক অগ্নিকে "অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞক্ত দেবমৃতিক্তং হোভারং ব্রত্থধাত্তমম্" এই বলিয়া শুব করিতে লাগিলেন।

আবার যখন তাঁহার। দেখিলেন, বৃক্ষাদি অভূপদার্থ ভাহাদের নিজের ও চলিবার শক্তি নাই, অভএব অভূচত মহাবৃক্ষ সকল যাহাদার। পরিচালিত হইভেছে সেই বায়ু কেবল সচেতন নহে তাঁহার শক্তিও অসাধারণ। অমনি তাঁহারা সকলে মিলিত হইয়া "বায়বায়াহি" ইত্যাদি মন্ত্রারা বায়ুর তাব করিতে আরম্ভ করিলেন।

ক্রেমে কার্য্যকারণ জ্ঞানের যখন উন্নতি হইল, তখন বৈদিক সময়ের নানা দেবদেবী অন্তর্হিত হইয়া তাহাদিগের সকলের স্থানে একমাত্র ঈশ্বর বিরাজ করিতে লাগিলেন। এই সময়ের পুস্তকের নাম দর্শন। পূর্বেব যে কার্য্যকারণ জ্ঞানে অগ্নি সচেতন বলিয়া স্তুত হইয়াছিলেন দার্শনিক সময়ের কার্য্যকারণ জ্ঞান তাহা অপেক্ষা অনেক উন্নত। উদাহরণ স্বরূপ আমরা নৈয়ায়িকদিগের ঈশ্বর নিরূপক বাক্যটি এখানে উন্নত করিতেছি। তাহারা বলেন ঘট পট প্রভৃতি যতগুলি কার্য্য আমরা দেখিতে পাই তাহাদের সকলেরই কারণ আছে। এই জ্লগণ্ড কার্য্য, ইহারও একটা কারণ অবশ্য থাকিবে, কারণ ভিন্ন কখনই কার্য্যের উৎপত্তি হইতে পারে না।

তাহার পর ক্রমে কার্যাকারণ জ্ঞান আরও উন্নতিপ্রাপ্ত হইলে কপিলাচার্য্য বিবেচনা করিলেন,জগৎস্থীর প্রতি পৃথিবীস্থ বস্তু সমৃতের শক্তি বিশেষকেই (প্রকৃতি) কারণ বলিলে চলে, এতদ্বিন্ন স্বতন্ত্ব একটা কারণ স্বীকার করিবার আবশ্যক কি এই চিন্তা করিয়া তিনি যাই "ঈশ্ববাসিদ্ধে" এই কথাটা বুলিলেন অমনি আস্তিকদর্শনের মস্তকে যেন বক্সাঘাত হইল। তাহার পরই হিমালয় হইতে কুমারিকা পর্যান্ত সমৃদ্য ভারতভূমি বৌদ্ধর্যে দীক্ষিত। এতদিন অবধি যে পরমেশ্বরের প্রতি দৃঢ় ভক্তি চলিয়া আসিতেছিল তাহা একেবারে বিলুপ্ত হইল। কেবল ভারতবর্ষে কেন ইউরোপে যখন কোমৎ প্রভৃতি নব্য দার্শনিকেরা বলিলেন "কার্য্যের মূল বা উৎপাদক কারণ জানিবার আমাদের তত্ত আবশ্যক নাই আমাদের এই মাত্র জানিলেই হয় যে অমৃক বস্তু পুর্কেষ থাকিলে অমৃক কার্য্য সংঘটিত হয়।" অমনি যেন ঈশ্বরের শিশ্ববর্গের মধ্যে নাস্তিকতার স্কুরপাত হইল। এতদিন শৃষ্টানেরা যে প্রগাঢ় ভক্তির সহিত পর্যান্থের উপাসনা করিয়া আসিতেছিলেন সেই দিন অবধি যেন সেই ভক্তি বিচলিত হইতে লাগিল। যেন সেই পথ অবলম্বন করিয়া 'মিল' বলিয়া উঠিলেন জগতের কারণ এক হইতে পারে না।

কেবল দর্শনশাস্ত্র কেন জগতে যে কিছু শাস্ত্র বা তত্ত্ব আজ পর্যান্ত আবিষ্কৃত হইয়াছে আর পরেও যদি কিছু হয় এই কার্য্যকারণ সম্বন্ধই তাহাদের মূলভিত্তিত্বন্ধপ থাকিবে। নিউটন্ একদিন বাগানে বসিয়া দেখিলেন বৃক্ষ হইতে একটী
সেউকল মৃত্তিকায় নিপত্তিত হইল, তিনি পূর্ব্বেই জানিতেন যে যতগুলি কার্য্য
হয় তাহাদের সকলেরই কারণ আছে, এক্ষণে সেউকলকে ভূমিতে নিপতিত
হইতে দেখিয়া তাঁহার মনে তৎক্ষণাৎ উদয় হইল যে এই সেউকল উর্দ্ধে না
উঠিয়া নীচে পড়িল তাহার কারণ কি ? সেই কারণের অমুসন্ধান করিতে করিতে
একবারে জগতের হিতকর এবং বিজ্ঞানশাস্ত্রের প্রধান অক্স মাধ্যাকর্ষণতত্ত্ব
আবিষার হইল। গালবিনি একদিবল তাঁহার জীব সহিত বসিয়া নানা কথা

কহিতে একটা মৃত মণ্ড়কের চরণের একপার্শ্বে একটা তাম্রখণ্ড এবং অপর পার্শ্বে একটা জ্বিষ্ক নামক ধাতৃখণ্ড লাগাইবামাত্র ব্যাঙের পাখানা ধড়ফড় করিয়া উঠিল। অমনি তিনি সেই কার্য্যের কারণ অমুসন্ধানে প্রবৃত্ত হইলেন এবং সেই অমুসন্ধানের ফল বৈছাত তত্ত্বের আবিন্ধার। পরে যাহা বেন্**জা**মিনের আবিষ্কৃত কারণের সহিত মিলিত হইয়া এক্ষণে বৈত্যুত বার্তাবহরূপে জগতের মধ্যে স্বর্গীয় দূতের কার্য্য করিতেছে। এইরূপ তস্তাবিদ্ধারীদিগের জীবনী পাঠে ইহাই প্ৰতীত হয় যে জগতে যে সকল তত্ত্ব আবিষ্কৃত হইয়াছে ভাহার মূল কারণাহ্নসন্ধান। কেহ আশকা করিয়াছিলেন ভাল, জগতের যদি কার্য্য থাকে ভবে ভ কারণ থাকিবে, ভাহার পরে কার্য্যকারণ সম্বন্ধের বিচার। কিন্তু জগতে কার্য্য কিছুই নাই। বেদ বলিয়াছেন "স দেব সোমোদমত্র আসীং।" জগতে ষাহা কিছু আছে তাহা বরাববই আছে তাহাদেব উৎপত্তিও নাই নাশও নাই। বদি বল কোন সময় কোন বস্তু দেখা যায় এবং কোন সময় কোন বস্তু দেখা যায় না কেন ? ইহার উত্তব আরিভাব আর তিরোভাব অর্থাৎ কোন বস্তু কোন সময় লীন হইয়া থাকে কোন সময় আবার প্রকাশ পায়। ইহার উত্তরে আমরা এই কথা বলি যদি তাই হয় তবে বস্ত্র বয়ন করিবার তাঁতে ঘটের আবিষ্ঠাব হয় না কেন ? কৃত্তকারের চাকা ঘূরাইলে বস্ত্রের আবির্ভাব হয় না কেন ? আমাদের এই कथात छेछात अवश्र देशारे विलाए इरेट या वश्रवित्मास वश्रवित्मासत्र আবির্ভাব হয়, তাহা হইলেই হইল, তা হইলে কোন বস্তুর উৎপত্তির পূর্কে যে বস্তুর থাকা আবশুক করে সেই বস্তুকে কারণ না বলিয়া কোন বস্তুর প্রকাশের পূর্বেষ যে বস্তুর থাকা আবশ্রক করে তাহাকেই কারণ বলিব।



অষ্টম পরিচ্ছেদ

স্ভানের সহিত জনক জননীর কিছু না কিছু বৈসাদৃশ্য থাকে। আমরা এ পর্যান্ত বলিয়া আসিয়াছি যে সন্তান জনক জননীর মত হয়; অর্থাৎ অপর ব্যক্তি অপেকা জনক জননীর সহিত সন্থানের স্যাদৃশ্য বিশেষ থাকে। কখন কখন সাদশ্য এমত হয় যে, তাহা দেখিয়া চমংকৃত হইতে হয়। কিন্তু সাদৃশ্য যভই সৃত্ত্ব হউক, কোন অংশে না কোন অংশে বৈসাদৃত্য থাকে। জনক क्रननीत शारा महान इस डेडा निम्निक नियम, आवात क्रनक क्रननी इटेएड সম্ভানের যে কিঞ্চিং বৈসাদৃশ্য থাকে ইহাও আর একটা নৈস্গিক নিয়ম। উভয় নিয়ম পরম্পর অসংলগ্ন নহে। সাধারণতঃ আকৃতি বা প্রকৃতি সম্বন্ধে পিতা পুত্র, একইরূপ হয়, কিন্তু অনেক স্ক্র অংশে অম্পরূপ হয়। পৃথিবীর কোন হুইটা পশু বা পক্ষী একরূপ নহে, কোন অংশে না কোন অংশে ভাহাদের বৈসাদৃশ্য থাকে। আবার সেই বৈসাদৃশ্যের তারতম্য আছে। কোন অংশের প্রভেদ হয় ত এত স্পষ্ট যে প্রথমেই তাহাব প্রতি দৃষ্টি পড়ে। কোধাও বৈসাদৃশ্য এত সামাশ্য বা এত সৃক্ষ যে তাহা বিশেষ অমুসন্ধান না করিলে লক্ষ্য হয় না। আমাদের দৃষ্টি অসম্পূর্ণ, সৃন্ধ প্রভেদ থাকিলে আমরা হয় ত তাহা একেবারে দেখিতে পাই না। পিপীলিকার মধ্যে পরম্পব কোন প্রভেদই আমরা দেখিতে পাই না, অথচ তাছাদের মধ্যে বিলক্ষণ প্রভেদ আছে; প্রভেদ না থাকিলে তাহারা পরস্পরকে চিনিতে পারিত না মহয় মধ্যে সুদ্ধ বৈসাদৃত্ত আমরা অনেক বৃঝিতে পারি, সভ্য, কিন্তু সকলগুলি পারি না জন্মভূমিগত একরূপ বৈসাদৃশ্য হয় আমরা ভাহা একেবারে দেখিতে পাই না। কিন্তু একরূপ কুন্ত কুজ কীট আছে তাহারা এই বৈসাদৃশ্য বৃঝিতে পারে। উঞ্চপ্রদেশজাত ব্যক্তিকে ভাহারা দংশন করে না, কিন্তু শীত প্রদেশজাত ব্যক্তির অনাবৃত দেহ পাইলে একেবারে অন্থির করিয়া দেয়। পিডা যদি শীতপ্রদেশে জন্মগ্রহণ করিয়া থাকেন আর পুত্রের জন্ম যদি উষ্ণদেশে হয়, তাহা হইলে পিতা পুত্রে এই এক প্রকার বৈসাদৃশ্য জন্মে। এইরূপ বৈসাদৃশ্য কতই আছে।

শুক্তর বৈসাদৃশ্যও বছতর ঘটে। জনক জননীর অঙ্গুলিতে তিনটি করিয়া পর্ব্ব ছিল, সম্ভানের অঙ্গুলিতে তৃইটি করিয়া পর্ব্ব হইল। কপোত কপোতীর পুছে বারটী করিয়া পাখা ছিল, তাহাদের শাবকের পুছে হয় ত তেরটি করিয়া পাখা হইল। বৃষ ও গাভী উভয়ের শৃঙ্গ ছিল, তাহাদের বংস হয় ত একেবারে শৃঙ্গুইীন হইল। এইরপ বৈসাদৃশ্য বহুতর ঘটে; একবার ঘটিলে হয় ত পুরুষামুক্তমে থাকিয়া যায়। কিন্তু কেন ঘটে, সে বিষয় মীমাংসা করা কঠিন। তথাপি বিজ্ঞানবিদেরা শুল শুল বিষয়ে কতকগুলি সিদ্ধান্ত করিয়াছেন; আমরা তাহার সংক্ষেপে পরিচয় দিতেছি। ব্যক্তিবিশেষের কথা না বলিয়া কেবল কতকগুলি সাধারণ নিয়ম বলা যাইতেছে। এই সাধারণ নিয়মগুলি জ্ঞাতি উৎপত্তির মূল। ইয়ের নৃতন নৃতন জাতি সৃষ্টি করেন না, তাহার এই নিয়ম হইতে জ্ঞাতি উৎপত্তি হইতেছে। কিরূপে হয় তাহা এই পরিচয়গুলি দ্বারা অনায়াসে বৃষা। যাইতে পারে।

দেখা যায়, যে আরণ্য পশুপক্ষী বা বৃক্ষ লতার মধ্যে বৈসাদৃশ্য অতি অল্প একবাবে থাকে না বলিলেই হয়। তাহারা পুরুষামূক্রমে একই অবস্থার অধীন, কাজেই তাহাদেব আকৃতি প্রকৃতি পুরুষামূক্রমে একই প্রকার হইয়া থাকে। সেই পূর্ববাপর প্রচলিত অবস্থার অস্তথা হইলে দেখা যায়, যে চারি পাঁচ পুরুষের মধ্যে তাহাদের বৈসাদৃশ্য আরম্ভ হয়। বহা আম মাত্রেই ক্ষুত্র ও অল্পময়, কখন বড় আকারের হয় না, কখন স্বস্বাত্ হয় না। চিরকালই এইল্লপ ইইয়া আসিতেছে। বনের মৃত্তিকা প্রায়ই কর্ষণ অতাবে কঠিন, অথবা তাহা স্বাভাবিকই কঠিন। যতই বৃক্ষপরম্পরা তথায় জন্মিয়াছে বা জন্মিতেছে, সকলেরই পক্ষেম্বতিকা সমতাবে কঠিন; অতএব সকলের অবস্থা একইল্পপ, ফলও কাজেই একই ল্লপ। ইহার অবস্থান্তর কর, সেই জাতি আম্ল কোন সিক্ত ও কর্ষিত্র ভূমিতে রোপণ কর, ভূই চারি পুরুষের মধ্যে বৈসাদৃশ্য আরম্ভ হইবে। কোন গাছের আম্ল বড় হইবে, কোন গাছের আম্ল টক থাকিবে, কোন গাছের আম্ল ইবিব।

অবস্থান্তরই বৈসাদৃশ্যের সাধারণ হৈতু। নানাকারণে সেই অবস্থান্তর ঘটে।
তমধ্যে ভোগজনিত অবস্থান্তর এবং ক্রিয়াজনিত অবস্থান্তর এই চুই প্রধান বলিয়া
বোধ হয়। আত্র সম্বন্ধে বৈসাদৃশ্যের কথা যাহা উল্লেখ করা গেল ভাছা ভোগজনিত;
বনের শুক্ত ও কঠিন মৃত্তিকায় যে অল্ল রস থাকে বছর্ক্ষ ভাহার আকাজনী। কিন্তু
কর্ষিত ভূমিতে রস অধিক, অথচ ভাহার রসভোগী বৃক্ষ অল্ল। এইজন্ম বন্ধ বৃক্ষ

এবং গ্রাম্য বৃক্ষের বৈসাদৃশ্য জন্ম। যে জাতীয় পশু বা পক্ষী পুরুষামুক্রমে বছকটে আহার উপার্জন করিয়া কোন প্রকারে প্রাণধারণ করে, সেই জাতীয় প্রভ পক্ষী পরিশ্রম হইতে নিষ্কৃতি পাইয়া মনুষ্যালয়ে যদি নিত্য যথেষ্ট আহার পার, তাহা হইলে তাহাদের বৈজ্ঞাত্য আরম্ভ হয়, এই বৈজ্ঞাত্য কতকটা ভোগঞ্জনিত এবং আবার কতকটা ক্রিয়া জনিত। যে হংস বস্থা অবস্থায় আকাশে উড়িত, তাহার শাবকদিগকে আর উড়িতে না দিয়া গৃহে আবদ্ধ রাখিলে তাহাদের পাখার ক্রিয়া হইতে পায় না। ক্রিয়া অভাবে তাহাদের ডানা পুষ্টিলাভ করে না। পুরুষাযুক্তমে আবদ্ধ থাকিলে পুরুষাযুক্তমে ডানা অপুষ্ট থাকে। শেষ অপুষ্ট বা তুর্বেল পাখা ভাহাদের স্বাভাবিক হইয়া পড়ে। গৃহপালিত হইলে কেবল পদ বারা গতিবিধি করে কাজেই কেবল পদদ্বয় পরিপুষ্ট হইতে থাকে। তম্ভিন্ন যথেষ্ট আহারে শরীর পৃষ্ট ও ভারি হইয়া উঠে, ও সেই ভারি শরীর বহন করিতে হয় বলিয়া পদম্বয় আরও বলিষ্ঠ ও পুষ্ট হয়। ক্রমে কিছু পুরুষ পরে বক্স হংস ও গৃহপালিত হংসের মধ্যে এত গুরুত্ব বৈসাদৃশ্য জ্বে যে, পৃথক্জাতি বলিয়া পরিচিত হয়; উভয় একত্র করিলে দেখা যায় যে পালিত হংসের শরীর বিলক্ষণ সুল ও গুরু, বন্ম হংসের শরীর অপেক্ষাকৃত ক্ষুদ্র ও লঘু। বন্ম হংসের পক সবল হেতু তাহার। উড়িতে সমর্থ, পালিত হংসের পক্ষ হুর্বল হেতু উড়িতে অসমর্থ। একের পা ক্ষুত্র এবং লঘু অপরের পদহয় বলিষ্ঠ এবং গুরু। বালিহাঁস ও পাতিহাঁস তুলনা করিলেই এই পার্থক্য বুঝা যাইবে। আর এই পার্থক্য কিরূপে জ্বালি, বিশেষ করিয়া আলোচনা করিলে জাতির উৎপত্তি বোধ श्रुटेख ।

ক্রিয়াজনিত বৈসাদৃশ্য সহকে যে উদাহরণ দেওয়া হইল তাহাই যথেষ্ট বিলিয়া বোধ হয়, তথাপি আর চুই একটা দেওয়া যাইতেছে। মেমধ নামে গভীর গুহায় যত প্রকার জন্ত বাস করে, সকলেই অন্ধ। গুহায় কোনরূপে আলোক প্রবেশ করে না, সর্ব্রেই অন্ধকার, কিছুই দেখা যায় না; কাজেই চক্ষের ক্রিয়া হয় না। ক্রিয়া অভাবে চক্ষের কোন অংশই পুষ্টিলাভ করে না। ক্রমে প্রত্যেক পুরুষের এইরূপ অক্রিয়া হেছুতে চক্ষু চুর্ব্বল হইতে থাকে। আবার প্রত্যেক পুরুষের সেই দৌর্বল্য সন্থানে যায়। ক্রমে পুরুষ পরম্পরা এইরূপ হইয়া আসিলে শেষ ভাহারা একেবারে চক্ষ্ইন হইয়া পড়ে। এইরূপে মেমধ ও অস্থান্ত গুহার জন্তুদিগের চক্ষ্ এক প্রকার লোপ পাইয়াছে; কেবল ম্বিকের স্থায় চক্ষ্র গঠন আছে মাত্র, কিন্তু দৃষ্টি নাই। এই সকল জন্তর পূর্ব্ব পুরুষেরা যখন আলোকে থাকিত, ভাহাদের চক্ষ্ ছিল। এক্ষণে ক্রিয়াজনিত ক্লপান্তর ঘটিয়াছে।

বক্সগাভীর ছগ্ধন্থলী বা পালান এত ক্ষুদ্র ও সামাক্স যে তাহার প্রতি প্রায় দৃষ্টি পড়ে না; কিন্তু গৃহপালিত গাভীর পালন কিরূপ স্থূল ও পরিপুষ্ট, তাহা সকলেই জ্বানেন। এইরূপ প্রভেদের হেতু যে ক্রিয়াজ্বনিত তাহার সন্দেহ নাই। দোহন কালে গৃহপালিত গাভীর ছগ্ধন্থলী যেরূপ প্রত্যহ টানা হয়, তাহা দেখিলেই প্রভেদের কারণ বুঝা যায়।

অনেকে বলেন যে, চতুষ্পদদিগের বস্তু অবস্থায় কর্ণের অগ্রভাগ উদ্ধানুধে থাকে, অর্থাৎ তাহাদের কাণ খাড়া থাকে, তাহাদের কর্ণের গঠনই এরপ। কিন্তু গৃহপালিত হইলে কিছু পুরুষ মধ্যেই তাহাদের কাণ ঝুলিয়া পড়ে। ডারউইন সাহেব বলেন যে, শব্দ নির্ণয় করিবার নিমিত্ত, বিশেষতঃ কোন্ দিক হইতে শব্দ আসিতেছে তা স্থির করিবার নিমিত্ত, চতুষ্পদদিগকে সর্ব্বদাই কর্ণ উত্তোলন করিতে হয়; কিন্তু গৃহপালিত অবস্থায় তাহার প্রায় প্রয়োজন হয় না। ক্রমে সঞ্চালন ও ক্রিয়া অভাবে কর্ণের শিরা ও বলমাংস হ্বেল হইয়া যায়, কর্ণ ঝুলিয়া পড়ে।

র্যান্ধ সাহেব প্রতিপন্ন কবিয়াছেন যে, যে অঙ্গ সঞালিত হয়, সঞালনের সময় সে অঙ্গে অধিক বক্ত প্রধাবিত হয়, সঞালন ক্ষান্ত হইলে বক্তপ্রোতও হ্রাঙ্গ পায়। কান্ডেই যে অঙ্গ সচরাচর সঞালিত হয় সে অঙ্গের বক্তপ্রণালী বা শিরা পরিসর হইয়া উঠে, পথ পরিসব হইলে রক্ত অধিক পরিমাণে প্রধাবিত হয়, যে অঙ্গ অধিক রক্ত পায় সে অঙ্গ অবঞ্চ অধিক পরিপুষ্টতা লাভ করে। আমরা বাম হস্ত অপেক্ষা দক্ষিণ হস্ত সচবাচর অধিক সঞালন করি, এই জ্ব্যু আমাদের দক্ষিণহস্ত বামহস্ত অপেক্ষা মোটা এমন কি বাম হস্তেব অঙ্গুরী দক্ষিণহস্তের অঙ্গুলীতে প্রবেশ করে না। উদ্ধ্রবান্থ সন্ধ্যাসীরা বাম হস্ত উদ্ধ কবিয়া রাখে, কখন নামায় না, তাহাদের সে হস্তের আর কোন ক্রিয়া হয় না। কাজেই সে হস্তের রক্তের গতি কমিয়া যায়, ক্রেমে হস্তটি শুকাইয়া উঠে। অতএব অঙ্গ সঞ্চালন করিলে যেমন অঙ্গের পুষ্টিলাভ হয়, ক্রিয়ারোধ কবিলেও অঙ্গের তদমুরূপ ক্ষীণতা জন্মে। পালিত হংসের পক্ষ সম্বন্ধে দৌর্ব্বলতা বা পালিত চতুম্পদের কর্ণ সম্বন্ধে দৌর্ব্বলতা এইজন্য।

অনেকেই জানেন, মনুখ্যমধ্যে বন্দুজাতিরা পুরুষামুক্রমে বিশেষ বলিষ্ঠ। কেন বলিষ্ঠ ? অনুসন্ধান করিলে দেখা যাইবে তাহাদিগকে সর্ববদাই বলের আলোচনা করিতে হয়। ভাহাদের মধ্যে রাজশাসন নাই, কাজেই কথায় কথায় মল্লসুদ্ধ দ্বারা বিবাদ নিম্পত্তি করিয়া লইতে হয়। আগ্নেয় অন্ত্র বা মৃদ্ধ কৌশল নাই, কাজেই তাহাদের জয়পরাজ্য কেবল শারীরিক বলের উপর নির্ভর করিতে হয়। যে বলিষ্ঠ তাহারই জয়, যে তুর্বল, সে হয় শিকারকালীন পশুহন্তে, নতুবা বিরোধকালীন শক্র হস্তে প্রাণত্যাগ করে। কাজেই কেবল বলিষ্ঠেরা

রক্ষা পায় এবং বলিষ্ঠেরাই বংশ রাখিয়া যায়। বলিষ্ঠদের বংশ বলিষ্ঠ হয়, ইহা বৈজিক নিয়ম। আর এক কথা, বলিষ্ঠদের বলপরিচালনার সঙ্গে সঙ্গে ক্রোধ ও নিষ্ঠুরতার পরিচালনা হইতে থাকে। ক্রোধ হইলে মুখের যে সকল অংশ কুঞ্চিত বা বিস্ফারিত হয়, ক্রোধের পোনঃপুত্যে সেই সকল অংশ পুষ্টতালাভ করে। বহাদিগকে দেখিলে যে অতি রুষ্ট বা নৃশংস বলিয়া বোধ হয়, এই তাহার কারণ। আর আমাদের বাঙ্গালিকে দেখিলে যে শাস্তপ্রকৃতি বলিয়া বোধ হয়, তাহার কারণ ঠিক ইহার বিপরীত। বাঙ্গালার রাজশাসন যেরূপ এক্ষণে স্থপ্রণালীবদ্ধ তাহাতে আত্মরক্ষার নিমিত্ত বড় বল আবশ্যক হয় না, রাজদণ্ডের ভয়ে হউক, আর শাস্তের শাসনেই হউক, বাঙ্গালায় বহুকালাবধি বড় বলপ্রয়োগ নাই; যুদ্ধ বিক্রম নাই। কাঞ্ছেই পরিচালনা অভাবে বলেরও বৃদ্ধি নাই। বরং হ্রাস পাইতেছে।

ক্রিয়াগত বৈসাদৃশ্যের কথা অনেক বলা গেল, এক্ষণে খাগ্রগত বৈসাদৃশ্যের কথা কিঞ্চিৎ বলা যাইতেছে। পূর্ব্বে ভোগজনিত বৈসাদৃশ্যেব বিষয় যাহা বলা হইয়াছে তাহা কেবল পরিমাণসম্বন্ধে, খাগ্যের প্রকারভেদে কিরূপ বৈসাদৃশ্য জন্মে তাহা বলা হয় নাই, এক্ষণে সংক্ষেপে বলা যাইতেছে। অনেকেই দেখিয়া থাকিবেন, কোন কোন গোলাপ গাছে এক প্রকার ক্ষুন্ত ক্ষুন্ত মাকড়সা থাকে। গোলাপের বর্ণের গ্রায় তাহাদের বর্ণ হয়; দেখিলে বোধ হয়, যেন গোলাপের পাপড়ি ছক্ষণ করিয়া মাকড়সার এই বর্ণ হয়। অনেকে বলেন, গাঁজার বিচি খাইলে কোন কোন ক্ষুন্ত পক্ষীব বর্ণ কাল হইয়া যায়। গুটিপোকার বর্ণ আহার অনুসারে হয়। ভারজিনিয়া দেশে এক প্রকার মূল (Lachnanthes tinctoria) আছে, তাহা আহার করিলে শৃকরের অন্ধ্যি রক্তবর্ণ হইয়া যায়।

গর্ভের অবস্থা বৈসাদৃশ্যের আর একটা কারণ। প্রতিবারই গর্ব্তের অবস্থা একরপ থাকে না, এই জন্য প্রতিবারই প্রসবিত সন্তান একরপ হয় না। কোন জনকজননীর অনেক সন্তান হইলে দেখা যায় সন্তানদের মধ্যে বিলক্ষণ বৈসাদৃশ্য থাকে। তাহাদের একত্রে দেখিলে বোধ হইবে একবংশজ অথবা এক গর্ব্তজ্ঞ, অথচ পরস্পরের বৈসাদৃশ্য স্পষ্ট থাকে। আবার সেই জনকজননীর যদি কোন যমজ সন্তান থাকে, তাহা হইলে দেখা যায় সেই যমজ সন্তানের মধ্যে আর তাদৃশ বৈসাদৃশ্য নাই। যমজ সন্তান একত্রে জন্মে, একত্রে গর্ত্তে পরিবর্দ্ধিত হয়; কাজেই তাহাদের উভয়েরই পক্ষে গর্ত্তের অবস্থা একইরপ থাকে, উভয় সন্তান কাজেই একইরপ হয়। একবার ছইটি যমজকন্যা জন্মিয়া-ছিল তাহাদের উভয়ের কনিষ্ঠ অস্থাল বাঁকা ছইয়াছিল, উভয়েরই এক দিকে

[•] Hemp seed.

একই প্রকার গাঁজদন্ত উঠিয়াছিল। এই সাদৃশ্য হঠাৎ বা অকারণ হয় নাই, সেই গর্দ্ধে শত সন্তান জন্মিলে সকলেরই কনিষ্ঠ অঙ্গুলি বাকা হইত, সকলেরই গজদন্ত হইত। কি কারণে সন্তানের অঙ্গুলি বাঁকিয়া যায় অথবা গজদন্ত উঠে আমরা তাহা জানি না, কিন্তু তাহা যে কারণেই হউক গর্ভ অবস্থায় সে কারণ ঘটিয়াছিল, তাহাই উভয় সন্তানের শরীরে তাহার কার্য্য দেখা দিয়াছিল।

অন্য সন্তান অপেকা যমজ সন্তানের বৈসাদৃশ্য বড় থাকে না; কারণ তাহাদের এক অবস্থাধীনে জন্ম। অনেক যমজ এক সময়ে এক গর্ছে জন্মে বটে, কিন্তু হয় ত পৃথক্ পৃথক্ থলী বা পোরোর ভিতরে থাকিয়া বাড়িতে থাকে, সে স্থলে সম্ভানদের মধ্যে পরস্পার অবস্থার কিঞ্চিৎ ভিন্নতা থাকে, কাঞ্জেই আকৃতি প্রকৃতিরও কিঞ্চিৎ ভিন্নতা জ্বাে। কিন্তু যেস্থলে উভয় সন্থান এক "পােরাের" मरश खरम, तम ऋल यमरक्षत मरश একেবাবেই বৈদাদৃশ্য থাকে না বলিলেই হয়। অনেক দিন হইল একবার এইরূপ চুইটি যমঞ্জের সহিত আমাদের বাস করিতে হইয়াছিল, আমরা সর্বাদা তাহাদের দেখিতাম অথচ সর্বাদাই এক-জনকে মনে করিয়া আর একজনের সহিত কথা কহিতাম। এই যমজসম্বন্ধে এরূপ ভ্রম সকলেরই হইত। তাহাদের শারীরিক ও অভ্যস্তরিক সাদৃশ্য এতই চমৎকার ছিল যে, উভয়ের পীড়া পর্য্যন্ত একই রূপ হইত। একজনের শিরংপীড়া হইয়াছে নিশ্চয়ই তৎক্ষণাৎ অপরটিরও শিরঃপীড়া হইবে। তাহাদের মৃত্যুও একই পীড়ায় হইয়াছিল। একজন মেদিনীপুরে ওলাউঠা রোগে মরিয়াছিল, অপরটি তৎকালে প্রায় পনের ক্রোশ দূরে ছিল; তাহারও ওলাউঠায় মৃত্যু হইল। কিন্তু প্রায় তিন চারি দিবস পরে হয়। যমজ মাত্রেরই মৃত্যুবিষয়ে এই নিয়ম নহে, আমরা আরও ছই চারিটি যমজ দেখিয়াছি একটির অনেক বংসর পর অপটি মরিয়াছে।

অবস্থা যতই একরূপ হইবে সাদৃশ্য ততই সম্পূর্ণ হইবে। যমজদের অবস্থা অনেকবিষয়ে একরূপ, এইজন্ম তাহাদের সাদৃশ্যও অতি অসাধারণ হয়। অপর সহোদরদের মধ্যে অবস্থা ততটা একই রূপ ঘটে না, এই জন্ম সাদৃশ্যও তত প্রবল হইতে পায় না। সমাবস্থা সাদৃশ্যের কারণ। অসমাবস্থা বৈসাদৃশ্যের কারণ। একেবারে সম্পূর্ণ সমাবস্থা ঘটে না এইজন্ম সম্পূর্ণ সাদৃশ্য দেখা যায় না, কাজেই বৈসাদৃশ্য সকল ব্যক্তিতে কিছু না কিছু থাকে।

এই বৈসাদৃশ্যের জন্ম কতই নৃতন নৃতন জাতি উৎপন্ন হইয়াছে, হইডেছে, ও হইবে। জাতির্দ্ধির কল কি, তাহা ঈশ্বরই জানেন। কিন্তু এই বৈসাদৃশ্যের নিয়ম অবলম্বন করিয়া এক্ষণে মমুশ্যেরা আপনাদের ইচ্ছামূল্প পশু পক্ষীর আকৃতি প্রকৃতি পরিবর্ত্তন করিয়া লইতেছে। তাহার আমুপ্র্বিক পরিচয় এক্লে নিতান্ত অনাবশ্যক নহে, তথাপি তুই একটি কথা অতি সংক্ষেপে বলা যাইতেছে।

জনক জননীর সহিত সন্তানের যে বৈসাদৃশ্য ঘটিয়া থাকে, তাহা বৃদ্ধি পাইলে ভবিশ্বতে কি দাঁড়াইবে ইহা অমুভব করিয়া কার্য্য করিতে পারিলে গঠন সম্বন্ধে পরিবর্ত্তন করান যাইতে পারে। সচরাচর পায়রার পুচ্ছে বার্টি করিয়া পালক থাকে; মনে করুন এক সময়ে একটি শাবকের তেরটি পালক হইয়াছিল, একব্যক্তি সেই শাবকটিকে স্বতন্ত্র করিয়া রাখিল, শাবকের যখন শাবক হইতে লাগিল, তখন তাহাদের মধ্যে কোনটির পূর্ব্বমত বারটি পালক হইল, কোনটির ভেরটি পালক হইল। ছুই সম্ভব, কেন না কোন সম্ভান পূর্ব্ব-পুরুষের মত হয়, কোন সন্থান বা জনক জননীর মত হয়। যে পায়রা গুলির তেরটি করিয়া পালক হইল, তাহাদের আবার শাবক হইলে পূর্ব্বমত কোনটির বারটি পালক, কোনটির তেরটি পালক, আবাব কোনটির চৌদ্দটি পালক হইল। চৌদ্দটি পালক হওয়া অসম্ভব নহে, কেন না যে বৈসাদৃশ্যের নিয়মে বারটি পালকের স্থলে তেরটি পালক হইয়াছিল, সেই নিয়মে তেরটি পালকের স্থলে চৌদ্দটি হইল। এইরূপে কতকগুলি পায়বার পুচ্ছে পুরুষপরম্পরা পালক বাড়িয়া এক্ষণে বাইশটি পালক হইয়াছে। কিন্তু অতি ক্ষুদ্র স্থানে সেই বাইশটি পালকের কেবল অগ্রভাগ আবদ্ধ থাকায় তাহার অপর ভাগ ছাড়িয়া পড়িয়া মযুরপুচ্ছের স্থায় হইয়াছে। এই পায়রা গুলিকে এক্ষণে লক্কা নাম দিয়া স্বতন্ত্র জাতি বলিয়া নির্দ্দেশ করা হয়. বাস্তবিকও ইহারা স্বতন্ত্র জাতি দাঁডাইয়াছে।

যে ধান্ত বাঙ্গালায় ঘরে ঘরে ব্যবহার হইতেছে, তাহার আদি কি ছিল অনুসন্ধান করিলে বৈসাদৃশ্যের ফল বুঝা যাইবে। ধান্ত গাছের আদি একপ্রকার ক্ষুব্র ঘাস মাত্র। সেই ক্ষুব্র ঘাস প্রথমতঃ কষিত ভূমিতে বোপণ করা হয়। কষিত ভূমিতে ঘাস পুরুষপরস্পরা ঝোপিত হইলে তাহাদের বৈসাদৃশ্য আরম্ভ হইল, কোন ঘাসটি পূর্ববৃত্তম ক্ষুব্র রহিল, কোন ঘাসটি বড় হইল। যে গুলি বড় হইল বাছিয়া বাছিয়া তাহাদের বীজ্ঞ লইয়া পুনরায় আবার একস্থানে রোপণ করা হইল; আবার সেই স্থানের বড় বড় ঘাস হইতে ভাল বিচি বাছিয়া রোপণ করা হইল। এইরূপ করিতে করিতে শেষ এই ধান্ত দাঁড়াইল। নির্বাচন এই উন্ধৃতির মূল। এখনও যদি বীজ্ঞ বাছনি করিয়া রোপণ করা হয়, এখনও ধান্তের আরও উন্ধৃতি হইতে.পারে। কিন্তু তুর্ভাগ্যবন্দতঃ আমাদের কৃষকেরা এবিষয়ে আর বড় মনোযোগ করে না। তাহারা এক্ষণে কেবল পরিমাণের প্রতি দৃষ্টি করে। কিন্তু সে দোষ ভাহাদের নহে। বাণিজ্যবৃদ্ধির সঙ্গে সঙ্গে পরিমাণের বৃদ্ধি আবশ্যক হইয়াছে। কৃষকেরা সেই আবশ্যকোপযোগী ধান্তের উৎপাদন করিবার উপায় করিতে পারিলেই আবার এবিষয়ে মনোযোগী হইতে পারিবে ব

গঙ্গাধরশর্মা ৪রথে জটাধারীর রোডনোমা

ত্রয়োদশ পরিচ্ছেদ

(भारयन्त

স্তিপুবে শান্তিব শেষ হইযাছে। আমরা সে দিন সিংহবাবুদের বাটী হইতে বিদায় হইবার পরক্ষণে যে বাজ শুনিতেছিলাম সেই বাজশেষই উৎসবের শেষ—সেই বাছাই সিংহদেব শেষ গর্জন। বক্ষাকালীর পূজা হইয়া গিয়াছে। পানায় সংবাদ দেওয়া হইয়াছে যে গ্রামে বিস্কিকার পীড়ায় হুলস্কুল পড়িয়াছে। বাব শিবসহায় সিংহের কম্মা কাদস্বিনী নাই, এমতও একটী জনরব ব্যাপ্ত হইয়াছে। একটা সজ্জিত চিতাতে নিশীপ শেষে তাহাকে দাহ করিতেও দেখিয়াছেন, কেহ কেই কহিয়া থাকেন। গবাকে, ছাদে, স্নানাগারে, দেবমন্দিরে কেই ভাহাকে কোথায় দেখিতে পায় না, নাপিতবধ্ তাহাকে আলতাভরণ দিতে যাইয়া নৈরাশে ফিরিয়া আসিয়াছে। সকলে বিমর্থ, রক্ষাকালীর বিসর্জ্জনের সহিত সিংহবংশের আমোদের বিসর্ভ্তন হইয়াছে, কেহ কেহ মনে করিয়াছিলেন, বিপদ খণ্ডন হইয়াছে, কিন্তু তাহা হইয়াও হইল না, আমাদের দেশে গোয়েন্দার অভাব নাই—আসল কথা ব্যক্ত হইয়াছে। ছিদ্রানুসন্ধায়ী মহাত্মা গোয়েন্দা! তোমার অগম্য স্থান ভারতে কোথায় আছে ? যে রাজনিকেতনে দওধারী ভীষণ প্রহরীর পাহার। সেখানেও তুমি! সভাপতি, অধ্যাপক, মোসাহেব, সম্পাদক সাঞ্জিয়া দেশের খবর দিয়া থাক। যে স্নানাগারে রাজমহিলা পিপীলিকার প্রবেশদার পর্য্যস্ত রুদ্ধ করিয়া স্লিশ্ধ হইবার আশা করেন সেখানেও তুমি। সেকেন্সরের জয়পতাকা ভূমিই ভারতে উত্তোলন কর, যবন পতনের পথ ভূমিই না দেখাইয়া দাও ? তোমার কথায় ব্রাহ্মণবৃত্তির লোপ, সংস্কৃতশান্ত্রের লয়প্রাণ্ডি, তোমার প্রভাবেই আৰু সিংহবংশের ঘোর বিপত্তি।

ু আমাদের নৃতন রাজ্য-বিভাগ স্থাপন হইয়াছে, সরকার বাহাত্তর বাছিয়া বাছিয়া একটি সুযোগ্য কর্মচারী পাঠাইয়াছেন, তিনি ছালা ছালা ইংরেজি পুত্তক

পাঠ করিয়া কত স্কর্ত আলমারী খালি করিয়াছেন, কয়েক বংসর কালেজের অধ্যাপক থাকিয়া শিক্ষকশ্রেণীতে সুখ্যাতি লাভ করিয়াছেন, বিষয় বৃদ্ধিতে মন উথলে পড়িতেছে, নৃতন কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন, শিষ্টপালন করিবেন, ছুই দমন করিবেন বলিয়া উৎসাহে মন পরিপূর্ণ, তাঁহাকে ঠকাইতে পারে এমন কে আছে ? দরখাস্ত পড়িলেই তিনি বাদীর মনের ভাব জানিতে পারেন। কাগজ পাঠ হইতে হইতেই মৌলবী সাহেব কহিয়া উঠিলেন, "দারগা একটী মিধ্যা রিপোর্ট লিখিয়াছে যে, কাদম্বিনীর বিস্চিকা পীড়ায় মৃত্যু হইয়াছে। এ কথা সম্পূর্ণ মিধ্যা, আমি বিলক্ষণ জানিতে পারিতেছি যে অমূলক ইজ্জতের ভয়ে সিংহ বাবুরা একটি ফেরেব বানাইয়াছেন, ইহার বিহিত উপায় করা যাইবে।"

পরদিন প্রভাত, সিংহবাব্র কুপ্রভাত হইল; বৈঠকখানার পার্শ্বে একটি কুঠরী বাবু শিবসহায় সিংহের শয়নগৃহ, ভাহার গবাক্ষদার সিংহবাবু উদ্যাটন করিয়া দেখিলেন, কাল কাল পাগড়ী ও বড় বড় লাঠি হস্তে কতকগুলি যমদৃত তাঁহার গৃহ বেষ্টন করিয়াছে। নাজির ঘোটকারোহণে, বাটীর চতুষ্পার্শ্বে পরিভ্রমণ করিতেছেন, সকলকে সতর্ক করিতেছেন ও কহিতেছেন, "খান বাহাত্বরের ঘোড়া আগত প্রায়।" বাবু শিবসহায় এখন বিপদ সম্মুখে দেখিয়া কালী তারা ডাকিতে লাগিলেন, ও ভাবিলেন ইহার অর্থ কি ? কি অপবাধ করিয়াছেন তাহাও স্থির কবিতে অক্ষম, ভাবিতে ভাবিতে অস্থির হইতেছেন এমত সময় তাঁহার বিশ্বাসী ভূত্য রামা পবামাণিক গৃহেব দার ধীরে ধীরে খুলিল। বৃদ্ধবাবু চমকিত হইলেন, মনে করিলেন এই ধরিল, রামা অতি মৃহ স্বরে কহিল "আমি।"

শিব। আবে আমি কে?

রামা। আজ্ঞা, আমি।.

শিব। ফের আমি, নাম কি ?

রামা। আমি রামপ্রসাদ।

শিবসহায় বাবু নিশ্বাস ফেলিয়া কহিলেন রক্ষা হউক, সংবাদ কি বলিতে পারিস ?

রাম। পারি, মহাশয়—আমি—

শিব। তুই "আমি" ছাড়িবি না ?

রাম। আমিই ভগবান্ মহাশয়—তা—

শিব। আ! আবে খবর বল।

রাম। আমি যেই জাগ্রত ছিলাম তাই রক্ষা। রাত্রি ছই প্রহরের সময় শঙ্কর সর্দার কহিল যে, কাছদিদিকে হাজির করিবার জন্ম স্বয়ং ছজুর আসিব্রুন, আমি তথনি তার উপায় করিয়াছি।" রামার এই কথা শেষ না হুইতেই ুবারে একটি আঘাত হইল, ও সঙ্গে সঙ্গে নাজির সাহেব কহিলেন 'ভ বাবু শিবসহায় সিংহ! আপনাকে হাজির করিবার জন্ম হাকিম সাহেবের ছুকুম পাইয়াছি।"

বাবু শিবসহায় সিংহ ক্ষণমাত্র কালী স্মরণ করিলেন, চক্ষু মুদিলেন, কিয়ৎ-কাল স্তব্ধ হইয়া রহিলেন, ভাবিলেন, যে তাঁহার পূর্ব্বপুরুষ রক্তবিসর্জ্জন ও প্রাণদানে রাজ্য বিস্তার করিয়াছেন, এখন আইনের গোরবে সেই রাজ্যে উচিত প্রতিষ্ণলাভ সম্ভাবনা। আবার ভাবিলেন ঈশ্বরের বিড়ম্বনা, পিতৃলোক যে যবনরাজ্য ধ্বংস করিবার জন্ম সচেষ্ট ছিলেন এখন সেই যবনের হস্তে তাঁহার বংশের অনিষ্ট হওয়া চাই—আবার ভাবিলেন, "আমার বল কোথায় ? গ্রামে যে সহস্র যুবাপুরুষকে ব্যায়াম শিক্ষা দিয়া যুদ্ধপটু করিয়াছিলাম, যাহাদের মধ্যে এক যোড়শ বৎসরের ছোকরাব সাহায্যে সহস্র সহস্র সড়কি ক্ষেপণে সেই অত্যাচারী নীলকর বিডেল সাহেবকে সম্মুখ্রুজে পরাভব করিয়া দেশচ্যুত করিয়াছিলাম সে বল কোথায় ? কেহ প্লীহাগ্রস্থ, কেহ মেলেরিয়া জ্বাক্রান্থ, অনেকেই জ্বার্ণ হইয়া কালগ্রাসে পতিত হইয়াছে—হউক তবু ইজ্বত ক্লা চাই।" রামাখানসামা এই সময় কাণে কাণে কহিল বাবুমহাশয় কাদম্বিনী দিদিকে হরণ করিতে দিব না—গোপাল চৌকিদারকে বলে সেই ভোবরাত্রেই জলছে চা মবায়ের ঘরে লুকাইয়া রাখিয়া আসিয়াছি।"

এই সময়ে গোপাল চৌকিদাব উপস্থিত হইল, সে শিবু বাবুকেই প্রভূ বলিয়া জানে, অনেকদিন পর্যান্ত তাঁহার অল্পাস, নাজির সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া কহিল, "আপনারা গাঁহাকে তল্লাস করেন তিনি কি আছেন ?" কর্ণে যেমন এই বাক্য প্রবেশ, অমনি নাজির সাহেবেব হস্ত হইতে গোপালের পৃষ্ঠে জ্বোড়া চাবুকের আঘাত বর্ষণ !

গোপা। ওগো আছেন—আছেন,—আছেন।

নাজির সাহেব বলিলেন "পথে আয়, কোথায় বল—বল কোথায় ?"

গোপা। যথায় থাকুন বাবুদের বাটীশৃষ্য।

নাজি। তবে কোথায় বল্—নাজির সাহেব কিঞ্চিৎ শাস্তমূর্ত্তি হইয়া মনে করিলেন সন্ধান পাইব।

নান্ধির। কোথায় আছে বল।

গোপাল করযোড় করিয়া কিঞ্চিৎকাল করঘর্ষণ করিয়া কহিল "বৈকুঠে।" আবার বেত বর্ষণ হইল। গোপালের চীৎকারে বাব্ শিবসহায় অন্যমনস্ক হইয়া গৃহ হইতে বাহিরে আসিলেন ও তৎক্ষণাৎ নান্ধির সাহেবের ইন্ধিতে আসামী মধ্যে গণ্য হইলেন।

শিব। আপনি মহকুমার নাজির সাহেব, আমার কন্যা জীবিত আছেন কি না তাহাই সন্ধান করিতে আসিয়াছেন। নাজির সাহের কহিলেন "আর তাঁহাকে লইয়া কাছারীতে হাজির করিতে আদেশ পাইয়াছি। তিনি কোথায় ?" গোপাল চৌকিদার কহিল "জলমগ্ন।" নাজির সাহেব আবার বেত উঠাইয়াছেন এমন সময় একজন অশ্বারোহী পুলিস কর্মচারা আসিয়া তাঁহার কাণে কাণে কহিলেন "মহাশয় একটা সন্ধান পাওয়া গেল, একটা কুলকন্যা এই গোপাল চৌকিদারের গৃহ হইতে উহার স্ত্রীর সহিত বহিষ্কৃত হইয়া শ্রীনগরের দিকে যাইতেছে, সেই লাবণ্যময়ী যুবতী মলিনবসনা কিন্তু মেঘাচ্ছাদিত চন্দ্রিমার ন্যায় আরো স্বন্দরী দেখাইতেছে। শুনিতেছি যাঁহার সন্ধানে আসিয়াছি সে কন্যা আর আমরা পাইব না।

নাজির। শ্রীনগর ? দ্রুত যাও, ও স্ত্রীদ্বয় যে হউক পথিমধ্যে শ্বত কর। আদেশমাত্র হুইটা সজ্জিত অশ্বারোহী পুরুষ তীরবেগে ধাবিত হইল। শিবসহায়, কালীর নাম অন্তরে জ্বপিতে লাগিলেন।

চতুর্দ্দশ পরিচ্ছেদ •

জলমগ্ৰ

দেওয়ান গজানন হঠাৎ সিংহবাবুদের দরজায় নাজির সাহেবের সম্মুখে উপস্থিত। "বলি মিধ্যা এখন ত আর মিধ্যা রহিল না, মিধ্যাই সত্য হল, কাদ-ম্বিনি কন্যা অন্ত পর্য্য স্থাবিত ছিলেন না ছিলেন ভগবানই জানেন, রঘুবীরই জানেন - কিন্তু যদি আজ যা দেখিলাম, যদি মহাশয় ! আঁখিছয়কে বিশ্বাস করিতে रुय, তবে সব সন্দেহই ভঞ্জন হইল, কাদম্বিনী জলমগ্ল। আমি ব্রাহ্মণী নদী পার হইয়া একশত বিঘামাত্র আসিয়াছি, দেখিলাম, জনাব নাজির সাহেব! শুমুন মহাশয় শুমুন, আপনারই অমুচর হইবেক, তুই অশ্বারোহী পুরুষ ধাবমান, বামপার্শে রাস্তা ছাড়িয়া ছটি অনাধিনী অবলা নদীর ঘাটে ছরিত উপস্থিত ও নৌকায় আরোহিত; ঐ স্ত্রীষয় মধ্যে, একজন একটি নিজ অঙ্গ হইতে কি একটী সামগ্রী পাটনির হত্তে অর্পণ করিবামাত্র খিলা নোকা ঘাট হইতে খরিত চালিত হইল। এদিকে অশ্বারোহী উভয়ে 'নোকা রাখ ব্লাখ' বলিয়া গম্ভীরম্বরে পাটনিকে ভাকিতে লাগিল, কিন্তু আজকাল বন্যার জলে উভয় কুল টইটপুর; এক টানা, নৌকা রেলের বেগে চলিল ও বাদশাহী ভগ্ন সাঁকোর নিকট যাইয়া সেই পাক। নেডা থামের উপর যেমন পড়িল একটি পতঙ্গের ন্যায় জলস্রোতে ভাসিয়া নৌকাটি নয়নপথের বহির হইল, একটি গোল উপস্থিত হইয়া থামিল, বোধ হইল নৌকা চুরুমার হইয়া তর্কালভারের আশ্রমের ঘাটের নিকট জলমগ্ন হইল, ছারখার হায় রে ! ছারখার !"

এই কথাগুলি শেষ না হইতেই অশ্বারোহী উভয় পুরুষ আসিয়া উপস্থিত। একজন কহিয়া উঠিল "মহাশয় সব চেষ্টা বিফল, স্ত্রীলোকের এমন বৃদ্ধি ? আমরা প্রায় ধরে ছিলাম একটি স্বর্ণালঙ্কার পাটনির হস্তে দিয়া পার হইতে যাইয়া নৌকা সহিত জলশায়ী হইয়াছে, নিরুপায় হইয়া মহাশয়ের নিকট প্রত্যাগত হইয়াছি। নাঞ্জির সাহেব ভাবিয়া বসিয়া পড়িলেন। সমুদয় নারাসাই, দেখিতে দেখিতে আসামী হস্তাম্বর ! কি কৈঞ্চিয়াৎ দিব ! নাঞ্জির সাহেব মনে মনে ভাবিতেছিলেন— গজানন তাহা বিলক্ষণ বৃঝিতেছেন ও এক কথায় মোকদ্দমা ফাঁস করিবার বৃদ্ধি রচনা করিতেছেন। কিঞ্চিৎকাল সকলে নিস্তব্ধ, এমন সময় সম্বাদ আসিল যে খাঁ বাহাতুর অন্ত স্বয়ং আসিতে অক্ষম, সাহেব ঘোড়া চড়িতে হঠাৎ অপারগ হইয়াছেন। সংবাদদাতা হরকরা কহিল "মহাশয় সব প্রস্তুত, সাহেব পোষাক পরিয়া টপি লাগাইয়া ঘোডার নিকট উপস্থিত হইয়া চসমা বাহির করিয়া দেখিলেন একটি পরকলা ফাটিয়া গিয়াছে, আব ঘোড়া চড়া হইল না—" অশ্বারোহণের সহিত চসমার সম্বন্ধ বিচাব করিতে অনেকেই অক্ষম, কিন্তু থা বাহাছর আণ্ডা আহার করিতে প্রবৃত্ত হউন, বিচাবাসনে রায় লিখিতে প্রবৃত্ত হউন, আল্বালার লম্বা নল ধারণে প্রবৃত্ত হউন, বেগম সাহেবেব মহলেই যান, বা ঘোড়া চড়ুন, বা যাহাই করুন সকল কার্যোই তিনি চসমা বাবহার করিতেন কিন্তু তাহা যে কেবল শোভা বর্দ্ধনের নিমিত্ত এমত নহে, তিনি আদৌ দেখিতে পাইতেন না শুনা যায় যে চসমা ভিন্ন তাঁহার শ্যায় স্থনিজা আসিত না—চসমা ভিন্ন তাঁহার স্বপ্ন দেখিতেও কট্ট হইত। যাহা হউক সামান্ত কারণ হইতে বুহৎ ফলের উৎপত্তি হইয়া থাকে – আজ চসমা ভাঙ্গাতে অনেক অবসর ও গজাননের বুদ্ধিচালনার সুসময় হইল। গজানন নাজিরের প্রতি দৃষ্টি করিয়া কহিলেন "মহাশয়ের কি অভিপ্রায় ? যখন আমি আসিয়াছি যা চাহিবেন তাহাই সিদ্ধ হইবে। আমার নাম "গঞ্জানন চৌধুরি, হাকিমদের খিদমতেই আমি চিরকাল কাটাইলাম।" যেমন ফ্রি মেদনারী দলভুক্ত ব্যক্তি আপন ধর্মাক্রান্ত লোককে ইঙ্গিতে চিনিতে পারে দেওয়ানজীর অঙ্গুলিবিক্ষেপণে ও নাক চোকের ভঙ্গিতে নাজির সাহেব ভাঁচাকে নিভাস্ত আত্মীয়মধ্যে গণ্য করিয়া একটা সেলাম করিয়া কহিলেন ''মেহের বান হজুরের, আপনিই বাবু সাহেবের দেওয়ান ?" গজানন শুধ সমেত সঙ্গে সঙ্গে সেলাম প্রত্যর্পণ করিয়া কহিলেন 'কার্য্য পরে, এখন খানার উচ্চোগ করা যায় •ৃ" খানার নাম মাত্র "ছধ" আর "বক্রি" "রুহিমাছ" আর "তরকারী" ও গণ্ডা আষ্টেক "আণ্ডার" বরাত হইল, চারিদিকে লোক ছুটিল, কাছারি যেরূপ গ্রম হইভেছিল অনেক ঠাওা পড়িল। গজানন আবার কহিলেন, "মহাশয়, এখানে বড় চমৎকার ্ব রেসমের চারখানা হয়—আপনার যে ইজের দেখিতেছি ইহা অপেকা জেষ্ঠ বন্তু,

জানানার বেগম সাহেব সে কাপড় বড় ভালবাসিবেন। এই যে বাবুদের ঘরে আপনি আসিয়াছেন, লক্ষ্ণে, সাসিরাম, বাণারসের মহাজনদের সঙ্গে এদের কারবার वतावत প্রচলিত রহিয়াছে—এরা লক্ষ্ণোয়ের টুপি ও বেনারসী মুবেটার ব্যবসা করেন, পছন্দ হয় তো ধরিদ করুন।" আবার নিম্নস্বরে কহিলেন "বন্দাও আপনার ঘরের লোক, মৰ্জ্জি হয় তো তুই চারিটা জব্যের নজর দিবার অধিকার !" পরক্ষণেই প্রাঙ্গণের পূর্ব্বদিকের কামরাতে নাজির সাহেব গজাননের সহিত একটি গালিচার উপর তাকিয়া ঠেশ দিয়া, সমত্নে হাট্ত্বয় অগ্রসর করিয়া ও তাহার তলে পদযুগল গজকাটির স্থায় মুড়িয়া, আবার হুটি হাত উন্টাইয়া ফরাসের উপর ভর দিয়া, একটা সম্পূর্ণ বিপরীত প্রকৃতির লোকের স্থায় বসিলেন—একজন ভৃত্য একটি বড় তালর্স্ত লইয়া হেলাইতে লাগিল, বায়ু সঞ্চালন হইলে নাজির সাহেব একবার টুপিটি উঠাইলেন, দেখিলাম তাঁহার মন্তকের চতুষ্পার্শ্বে যেরূপ প্রচুর কেশ, মধ্যে সেরূপ নহে—চাঁদিটিতে তীক্ষ ক্ষুর পরিভ্রমণে গোল শাদা জমি বাহির করিয়া দিয়াছে, বোধ হয় সেইটা দেখাইতে লজ্জিত হইয়া পাগড়ি ঈ্বৰং উদ্ধ করিয়াই আবার তৎক্ষণাৎ পরিলেন, কিন্তু জটাধারী তাঁহার ফাঁকা মাথা দেখিয়া লইলেন। আবার দেখি, আমাদেব চাপকাণের যে দিকে বোতাম তার বিপরীত ভাগে নাজির সাহেবের চাপকাণ আবদ্ধ। কেবল নাজির সাহেবের ও দেওয়ানজীর সহিত একটা বিষয়ে সাদৃশ্য – চসমার ডাটি উপ্ট পরান নহে। নাজির সাহেবের খানসামা তাঁহার একখানি ধৃতী আনিল। দেখিলাম তাহাও কাছা বিহীন। মনে করিলাম উভয়েরই কাছা নাই বলিয়া অল্প কালের মধ্যে এত সম্প্রীতির উদয় হইল, যাহা হউক এখন উভয়ে বসিয়া কাজের কথায় প্রবৃত্ত। একটা পরওয়ানা পাঠের উপক্রম করিতেছেন এমন সময় রাজকার্য্যনিষ্পাদক আর এক অবতারের আবির্ভাব হইল--ইনি বড় লোক, রাণীর বাজারের ডাকমুন্সি পূর্ণচন্দ্র গাঙ্গুলী। ইনি বাঙ্গাল গবর্ণমেন্টকে মানেন না, তদধীনের কর্মচারীদের জ্রক্ষেপ করেন না। বলেন আমরা ওদের গ্রাপ্ত ফাদার, ইণ্ডিয়া গবর্ণমেন্ট গবর্ণব জেনারেলের কার্য্যকারক। ইনিই সেই গাঙ্গুলী মহাশয় যিনি বাতার বাখারীর কলমের একপাশে ইংরেঞ্জি লিখিতেন ও অক্তদিকে ডাকঘরের থামের চৃণ খসাইয়া বদনে অর্পণ করিয়া পানের ঝাল নিবারণ করিতেন। ইনিই আবার সেই প্রবৃত্তি নিবৃত্তি জম্ম ডাব্তার ইটওয়াল সাহেবের নিকট চূণ খরিদের নিমিত্ত মাসিক এক মূক্রা বেতন বৃদ্ধি পাইয়াছিলেন। ইহার প্রভুষ প্রতিপত্তি এক্ষণেও এ অঞ্চলে বিখ্যাত। আৰু অনেকে হাকিমের কথা শুনিতেছিলেন কিন্তু নাজির সাহেবের উপরেও হাকিম আছে এই কথাটি জারি করিবার জত্য ইহার আগমন। গঙ্গোপাধ্যায় মহাশয়ের পরিধানে একটি সামাম্য ধৃতী, তাহাতেই উদয়ের ভৃতীয় অংশ বক্ষাস্থলের কিঞ্চিৎ 🚶

নিম্ন পর্য্যস্ত আবৃত ; ততুপর একটি মারকিনের হাত খাট বেনিয়ান—খাট খাট চুল, প্রায় বারো আনা পাকা অবশিষ্ট মাত্র কাঁচা, কপাল উন্নত-ওর্ছন্বয় পরিকার ও দন্তপাটি আরও উজ্জ্বল, চকুর্দ্বয় বৃহৎ। নাজির সাহেবের সহিত চার চক্ষে—वतः আট চক্ষে—কারণ উভয়েরই চসমা ছিল—একত্র হইল। নাঞ্জিরের চসমা চিক্কণ--গঙ্গোপাথ্যায় মহাশয়ের চসমা চৌড়া পিতলের হাসিয়াদার কলঙ্কময়। পিছনে সূত্র দিয়া টিকির নীচে আবদ্ধ। নাজির সাহেবকে দেখিবামাত্র আপনার চসমাদ্বয় মাথার চুলের উপর উঠাইলেন। তাহাতে সুর্য্যকিরণ পতিত হইলে একটা চতুর্লোচন মামুষ বোধ হইল—ও একবার গর্জ্জন করিয়া কহিলেন ''আপনিই বৃঝি নাজির ? এ আপনার কোন দেশী নাজিরী ? আমরা কি কখন নাজির দেখি নাই, নাজির! নাজির! নাজির! কাল ডাক্তার ইটুয়াল আসিবেন, আপনি আজ আমার ডাকঘরের হাতা হতে বেহারা ধরিতে পাঠাইয়াছেন, বক্রি, মুরগি, আণ্ডা এসব বুঝি আপনাব জ্বন্থ গণ্ডায় গণ্ডায় সংগ্রহ হতেছে ? ঐ এক বিবাহের বর্ষাত্রীসহ দশখানি পান্ধির বেহারা আটক করিয়া দিলাম। আর আপনাকে কহিয়া যাইতেছি আমার একটি কাহার, একটি কুলি, আধখানি বাঙ্গিদার পাইবেন না। এখন, কাহারও পাত্মি চড়া হউক না হউক ঘরে যাওয়া হউক আর না হউক, আমি বলে রাখলাম।" দেওয়ান গজাননের প্রতি এতক্ষণে ডাকমুন্সি মহাশয়ের চক্ষু পড়িল। গন্ধানন কহিয়া উঠিলেন "ও মহাশয়, ঘরের কথা, আমি এখানে আছি; আপনিও হাকিম, উনিও হাকিম।" গঙ্গোপাধ্যায় মহাশয় কহিলেন "হাকিম হলেই হয় না, হকিয়তের বিচার করা চাই, স্থায় অস্থায় প্রভেদ করা চাই কি না ?"

দে। সে শক্তি কি সকলের আছে একবাব অমুগ্রহ করিয়া বলুন।

গার্লী "বলিবার কি অবসর আছে!" বলিয়া বেনিয়ানের জেব হইতে একটি চূণের ডিবার মত ঘড়ি থুলিয়া কহিলেন "মেল ব্যাগ প্রস্তুত করিতে হইবে আর টাইম (সময়) নাই।" আমি তত বড় ঘড়ি কখন দেখি নাই—কহিলাম ওটা ঘড়ি না তাল আঁটি !—আম পাড়া ঘড়ি !

গাঙ্গলী "এ ছোকরা কে হে, পাকা ছেলে!" এই কথাগুলি কহিতে কহিতে প্রস্থান করিলেন।

এখন শিবসহায় সিংহের অজ্ঞাতে এই স্থির হইল কাদম্বিনীকে বিচারালয়ে উপস্থিত করাই উচিত। কিন্তু কাদম্বিনী কোথায় ? সাজাইতে হইবে ! দেওয়ানজী নাজির সাহেবের কাণে কাণে কি কথা কহিলেন নাজির সাহেব মস্তক হেলাইয়া সম্মতি প্রদান করিলেন। একটা শত মুদ্রাপূর্ণ বগলি কক্ষ হইতে বাহির করিয়া ই চারিদিকে চাহিয়া নাজির সাহেবের প্রতি অভয় ও সন্তাবপ্রকাশক দৃষ্টি নিক্ষেপ

করিয়া থলিটি ছরিত নাজির সাহেবের তাকিয়ার নীচে রাখিলেন। বাহিরে জানালার নিকট হইতে রঘূবীর তাহা দেখিল, স্থুখাত মাংসখণ্ড দৃষ্টে লোভী কুরুর যেরূপ লোভদৃষ্টি নিক্ষেপ করে তাহার নয়নে সেইরূপ লোলুপ্য দেখা গেল! ইতিমধ্যে আবার সংবাদ আসিল ষে আগামী কল্য প্রাতেই খাঁ বাহাত্র সারে জমিনে পৌছছিবেন ও মোকদ্দমা এই খানেই তদন্ত ও নিম্পত্তি করিবেন। পরদিন প্রাতে নাজির সাহেব গাত্রোখান করিয়া পোষাক পরিয়া তাকিয়ার তল হইতে থলিটি লইতে যান, দেখেন তাহা অপহ্যত হইয়াছে—পশ্চান্তাগে জানালার রেল ভাঙ্গিয়া সিঁদ দিয়াছে—কথা প্রকাশ করিবার যো নাই চোরের টাকা বাট পাড়ে লইয়াছে ছজুরের ঘরে চুরি এক শত মুদ্রাই বা কোথা হইতে আসিয়াছিল । গজানন জানেন কে লইয়াছে, রঘু বন্ধকী জাইগির উদ্ধারের উপায় করিয়াছে—ভরিকৃকে ভরি উঠাইয়াছে।



रेवरमिक हिद्ध

নেকে বিবেচনা করেন যে প্রাচীন ভারতবর্ষের * ইতিহাস চিরকাল অন্ধকারে আচ্ছন্ন থাকিবে। সচরাচর ইতিহাস বলিতে লোকে যেরূপ বুঝে, তাহাতে একপ্রকার বিবেচনা কবা নিতান্ত অস্থায় নহে। কোন স্থানে পর্য্যায়ক্রমে কে কে রাজা ছিলেন: প্রত্যেক রাজা কোনু সময়ে কত বয়সে সিংহাসনে আরোহণ করিয়া কতকাল রাজ্ব করেন; তাঁহার কয়টা ভ্রাতা, ভগিনী, মহিষা, পুত্র, ক্যা-কত দাস, দাসী, অশ্ব, হস্তী, পদাতিক, ধন ছিল: তিনি কোন সময়ে শ্যা হইতে গাত্রোখান করিতেন, দিবারাত্রি মধ্যে কতবার নিজা যাইতেন, এবং জ্ঞাগরণ সমযে কখন কি কার্য্য করিতেন: তিনি আহার বিহার বিষয়ে পরিমিতাচারী কি অমিতাচারী ছিলেন; কে কে তাঁহার প্রিয়পাত্র, সেনানী বা মন্ত্রী ছিল; 🔸 কি পরিমাণে তিনি রাজ্যশাসন কার্য্যে মনোনিবেশ করিতেন; কতদূর তিনি আপনার, কতদুর বা পরের বৃদ্ধি অমুসারে চলিতেন; কি কারণে কতবার তিনি সমরাগ্নি প্রজ্ঞালিত করিয়া কোন কোন নগর নগরী ভম্মসাৎ করিয়াছিলেন. কোন কোন দেশ নরক্ষধিরে প্লাবিত করিয়াছিলেন, স্থপক্ষ বিপক্ষ কড্লোক শমনসদনে প্রেরণ করিয়াছিলেন, কোথায় কোথায় জ্বয়পতাকা উড্ডীন করিয়া ছিলেন, এবং কোথা হইতে বা ভগ্নমনোরও হইয়া মানমুখে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন; ইতিহাস নামধারী অধিকাংশ গ্রন্থই এইরূপ বর্ণনায় পরিপূর্ণ। ইহা বলা বাছল্য যে প্রাচীন ভারতবর্ষের রাজবংশবিলীর এ প্রকার বিস্তারিত বিবরণ সংগ্রহ করিবার উপায় নাই। ভারতবর্ষ প্রকাণ্ড দেশ আয়তনে ক্লসিয়া নর ওয়ে ও স্থতিদে বাদে ইউরোপখণ্ডের তুল্য, এবং অতি পূর্বকাল হইতে

^{*} Ancient India as described by Megasthenes and Arrian by J. W. McCrindle M. A., Principal of the Government College, Patna.

অনেক রাজ্যে বিভক্ত। প্রত্যেক রাজবংশের প্রত্যেক রাজার কার্য্যাবলী লিপিবদ্ধ করিতে পারি, আমাদিগের পূর্বপুরুষেরা এরূপ উপকরণ রাখিয়া যান नाई। इग्रज, जांदाता नश्चत्र मानवकीवरानत क्रिन्म घर्णनावनी वर्गना कता विश्वय প্রয়োজনীয় জ্ঞান করিতেন না। যাহা হউক, কোন কোন রাজবংশের নামাবলী, এবং কোন কোন রাজার ছই একটা মহৎকার্য্যের উল্লেখ ব্যতিরেকে, এ সম্বন্ধে আমাদিগের বাসনা চরিতার্থ করিবার কোনরূপ সম্বল নাই।

किन्छ এক্ষণে ক্রমে ক্রমে উন্নতবৃদ্ধি জ্ঞানিগণের স্থানয়ক্রম হইতেছে যে वाका वा स्मानीव कीवनवृञ्जास देखिशम नरह। वाकिविस्मस्वव कार्यावनी ইতিহাসের পটে অল্লন্থান মাত্র অধিকার করিতে পারে; সমাজের পরিবর্ত্তন প্রদর্শনই ইতিহাসের প্রকৃত বিষয়। স্থতরাং ঐতিহাসিক চিত্রে রাজা অপেকা সর্ববসাধারণ প্রজাগণের প্রাধায়। লোকের রীতি, নীতি, জ্ঞান, ধর্ম, শিল্প, শান্ত্র, কৃষি, বাণিজ্ঞ্য, ধন, বল প্রভৃতি কালে কালে কিরূপ পরিবর্ত্তিত হয়, ইহা লিপিবদ্ধ করাই ইতিহাসের প্রধান উদ্দেশ্য। প্রাচীন ভারতবর্ষের এরূপ ইতিহাস লিখিবার উপকবণ নাই আমরা মনে করি না। প্রথমতঃ আমাদিগের মন্ত্রময় ঋষেদ আছে, ইহা হইতে তাৎকালিক সমাজের অবস্থা জানিতে পারা যায়। সে অবস্থা নিতান্ত মন্দ ছিল না। তৎকালে আর্য্য দস্ত্য তুইবর্ণের সংগ্রাম চলিতেছিল। আর্য্যেরা শুকুবর্ণ, দম্যুরা কৃষ্ণবর্ণ। আর্য্যেরা সপ্তসিষ্ধু প্রদেশ (পঞ্জাব) অধিকার কবিয়া গঙ্গা যমুনাও সর্যু পর্য্যন্ত অগ্রসর হইয়াছিলেন। তাঁহাবা দলবদ্ধ হইয়া গ্রাম এবং পুর বা নগরে বাস করিতেন। কোন কোন পুর শতভুজী, প্রস্তরনির্মিত বা লোহময় বলিয়া বর্ণিত। সমাজে কার্য্যবিভাগ দাঁড়াইয়াছিল। অধিকাংশ লোকে কৃষিকার্য্য করিত; অনেকে বাণিজ্ঞ্য ব্যবসায় করিত, কতকগুলি যুদ্ধকার্য্যে প্রবৃত্ত ছিল; কতকগুলি দেবপূজাদি করিত। কিন্তু ইহারা ভিন্ন ভান্ত বলিয়া গণ্য হইত না। রাজা সমাজপতি ছিলেন। রাজাদিগের বেশভূষার ও আবাসস্থানের বিলক্ষণ জাঁকজমক ছিল। সহস্রস্তম্ভ-বিশিষ্ট ও সহস্রতোরণশোভিত রাজপ্রাসাদ ও বহুচরপরিবেষ্টিত স্বর্ণবর্মধারী রাজার উল্লেখ দৃষ্ট হয়; ইহার মধ্যে কবিকল্পনা থাকিতে পারে, কিন্ত ইহার মূলস্বরূপ অনেকটা সত্য আছে, তদ্বিষয়ে সন্দেহ নাই। দেশের শাসন কার্য্যে ভিন্ন ভিন্ন পুরে ও গ্রামে পুরপতি ও গ্রামণী নিযুক্ত ছিল। দেবপুঞ্জক পুরোহিতদিগের বিশেষ সমান দেখা যায়। কোন কোন রাজা তাহাদিগত্তুক ব**হুসংখ্যক গো, অশ্ব,** রথ[']ও স্বর্ণ দান করিতেন। বাণিজ্যের অনেক উন্নতি হইয়াছিল, এমন কি সমুজপথে যাতায়াতের বর্ণনা পাওয়া যায়, এবং জ্বানা যায় যে এই কার্য্যে শতদাঁড়বিশিষ্ট নৌকা (শতারিত্রাম্ নাবম্) নিযুক্ত হইত।

স্ত্রধর, ভিষক্, পুরোহিত, কর্মকার, কবি, নর্স্তকী, তম্ভবায় প্রভৃতি ব্যবসায়ের উল্লেখ লক্ষিত হয়। যব ও ধান্সের চাষ হইত, এবং কৃষিকার্য্যের উপকারিতা এতদুর অমুভূত হইয়াছিল যে বৃষ্টিদাতা ইন্দ্র দেবতাদিগের মধ্যে সর্ব্বপ্রধান হইয়া দাঁড়াইয়াছিলেন। শস্তক্ষেত্রে জ্বলসেচন করিবার নিমিত্ত কুল্যা অর্থাৎ খালও খনিত হইত। পালিত পশুমধ্যে অশ্ব, হস্তী, গো, মহিষ, মেষ, উদ্ধী, কুরুর প্রভৃতি ছিল। আর্য্যগণ চিত্তোমাদক সোমরস বা স্থুরা পান করিতেন, গোমেধ অশ্বমেধ প্রভৃতি যজ্ঞ করিতেন, এবং বিলক্ষণ মাংসাশী ছিলেন। তাঁহাদিগের মধ্যে বহু বিবাহ প্রচলিত ছিল; পতির পরলোকান্তে বিধবা **मिवतरक विवार कतिराज भातिराजन : अवर युन्मती मिर्टिलाम उनी खरारवता रहेराज** পারিতেন। দাম্পতাবিধির উল্লংঘনের কথাও মাঝে মাঝে শুনা যায়। স্ত্রীলোকের বেশবিক্যাস ও হিরণ্ময় আভরণে আমুরক্তি ছিল। পুরুষেরা দ্যুতক্রীড়া ভাল বাসিতেন। নৃত্যুগীতেও তাঁহাদের আমোদ ছিল, এবং যুদ্ধ করিতেও তাঁহার। পরাশ্ব্র হইতেন না। তাঁহারা ধ্বজা উড়াইয়া সেনানীর অধীনে যুদ্ধে যাইতেন। योकामिरात्र मर्था त्रथीतारे व्यथान ছिल्लन। रेराता व्यवस्था क्लिंग, দেহ বর্মে ঢাকিয়া, ধমুর্বান হত্তে অগ্রসর হইতেন, এবং বাঁশী (ভল্ল), অসি, পরও প্রভৃতি অন্ত্রও ব্যবহার করিতেন। আর্যোরা ইন্দ্র বা বাযু, অগ্নি, সূর্য্য, উষা, বরুণ প্রভৃতি দেবতার উপাসনা করিতেন, এবং তীক্ষবৃদ্ধিসম্পন্ন কোন কোন ঋষি বৃঝিয়াছিলেন যে সকল দেবতাই এক ৷ তাঁহারা কৌশলময়ী ৪ ভাবপূর্ণ কবিতা রচনা করিতে পারিতেন, এবং তাঁহারা জ্যোতিষ শান্ত্রেও কিছ উন্নতিলাভ করিয়াছিলেন। তাঁহারা ঋক প্রভৃতি নক্ষত্রপুঞ্জ জানিতেন, এবং मन मान चाता स्नोत ও চাट्य वर्शतित नामकृष्ण कतिए निविद्या हिलान । य দ্মাদিগের সহিত তাঁহাদিগের সংগ্রাম চলিতেছিল, তাহারাও নিতান্ত অসভা ছিল না। যদিও তাহারা অনিশ্র, অত্রত, কৃষ্ণবর্ণ ও লিক্ষোপাসক বলিয়া ভাহাদিগের প্রতি দ্বণা প্রকাশ আছে, তথাপি তাহাদিগের পরাক্রম ও উল্লভাবস্থার আভাস পাওয়া যায়। তাহাদিগের মধ্যে কেহ কেহ প্রস্তরনির্দ্মিত বছ পুরের অধিপতি ছিল, এবং আর্য্যগণকে বিলক্ষণ ব্যতিব্যস্ত করিয়া তুলিয়াছিল।

কোন্দেবতাকে তুই করিতে কি উদ্দেশ্যে কোন্ যজ্ঞ করিতে হইবে এবং কোন্ সমযে কি প্রকারে ঋথেদের কোন্ মন্ত্র প্রয়োগ করিতে হইবে, এইক্লপ কর্ম্মকাণ্ডের ব্যাপার ত্রাহ্মণগ্রন্থে দৃষ্ট হয়। এই সময়ে চতুর্ব্বর্গভেদ ও ত্রাহ্মণ-দিগের প্রাধায় সংস্থাপিত হয়; এবং বৈদিক ক্রিয়াকলাপ সম্পাদনের অভি স্ক্র নিয়ম হওয়াতে কিছু উপকার হয়। শুভক্ষণ বাছিয়া বজ্ঞ করিতে গিরা জ্যোতির্বিভার কিঞ্ছিৎ উন্নতি হয়। ভিন্ন ভিন্ন কার্য্যে ভিন্ন আকারে বেদী নির্দ্ধারিত হওয়াতে নিশ্চিত ফল প্রত্যাশায় জ্যামিতি ও গণিতের শ্রীবৃদ্ধি সাধিত হয়। স্বরসংযোগে বেগদান করিতে গিয়া সঙ্গীতের আলোচনা বৃদ্ধি হয়। অর্থ বৃঝিয়া বেদপাঠ করিতে গিয়া ব্যাকরণ শাস্ত্রের মূলপত্তন হয়। এ দিকে কর্ম্ম-কাণ্ডের বাড়াবাড়ী হওয়াতে গভীর চিস্তাশীল উপনিষৎকারগণ জ্ঞানপথে মোক্ষ-লাভের উপায় দেখিতে আরম্ভ করেন।

কল্পসূত্র ও শ্বৃতিতে কর্মকাণ্ডের এবং দর্শনে জ্ঞানকাণ্ডের বিস্তার; আর ক্ষত্রিয় শুরগণের অন্তৃত কীর্ত্তিকলাপ যে সকল গাথায় গীত হইয়া বছকাল হইতে জনসমাজের আনন্দবর্দ্ধন করিয়া আসিতেছিল, সেই সকল গাথা হইতে রামায়ণ ও মহাভারতের উৎপত্তি। এই সকল গ্রন্থ হইতে দেশের অবস্থা অনেক **मृत्र खाना या**या । তৎकाल প্রায় সমুদয় আর্য্যাবর্ত্ত আর্য্যদিগের অধিকৃত হইয়াছে, দক্ষিণাপথের কোন কোন স্থানে তাঁহাদিগের রাজ্য বিস্তার ঘটিয়াছে এবং অক্সাম্য স্থানের বিষয়ে কিছু কিছু জ্ঞান জন্মিয়াছে। অনার্য্যজাতীয় অনেক লোক অনার্য্যসমান্তের নিমুদেশে স্থান পাইয়াছে; এবং দুয়ুদিগের লিঙ্গোপাসনা আর্য্যধর্মে প্রবিষ্ট হইয়াছে। যে বিষ্ণু, বেদে সূর্য্যের নামান্তর বলিয়া মধ্যে মধ্যে উপাসনার বিষয় ছিলেন, তিনি এখন একটী প্রধান উপাস্থ দেবতা হইয়া দাঁড়াইয়াছেন। যে রুদ্র বায়ু বা অগ্নির প্রচণ্ড মূর্ত্তিরূপে কখন কখন পৃঞ্জিত হইতেন, তিনি লিঙ্গরূপী বলিয়া গ্রাহ্য হইয়া অতি উচ্চপদে আরোহণ করিয়াছেন। সমাজের শ্রেণীবন্ধন পাকাপাকী হইয়াছে, এবং জ্ঞানীরা তাহা ছেদন করিতে চেষ্টা করিতেছেন। এইরূপ সময়ে বুদ্ধদেবের উৎপত্তি। তিনি যে ধর্ম প্রচার করেন, তাহাতে বাহ্য কার্য্য অপেক্ষা চরিত্রের উন্নতির দিকে দৃষ্টি পড়ে; এবং তাঁহার অহিংসাবাদ প্রভাবে রক্তন্সাবী বৈদিক যজ্ঞকাণ্ডের স্রোত অনেক দুর কমিয়া যায়।

বৌদ্ধদিগের সংখ্যা ক্রমে বাড়িতে থাকে; কিন্তু চন্দ্রগুপ্ত মগথে যৎকালে রাজত্ব করিতেছিলেন, তৎকাল পর্য্যন্তও বৌদ্ধেরা প্রবল হইতে পারে নাই। চন্দ্রগুপ্ত সিংহাসনে আরোহণ করিবার পূর্বের স্থবিখ্যাত দিখিজয়ী গ্রীক্ বীর আলেকজাগুর পঞ্জাবপ্রদেশ আক্রমণ করিয়া প্রতিনিবৃত্ত হন। অনস্তর আলেকজাগুরের মৃত্যু হইলে পর তদীয় মেনানী সেলুকস আসিয়ার পশ্চিম বিভাগের অধিপতি হইয়া ভারতবর্ষ পুনরাক্রমণ করেন, কিন্তু চন্দ্রগুপ্ত কর্তৃক পরাজিত হইয়া ভাহার সৃহিত সন্ধি করিয়া প্রস্থান করেন। সেলুকস চন্দ্রগুপ্তকে একটি কল্যাদান করেন, এবং ভাহার সভায় মেগান্থিনিস্ নামক একজন দৃত পাঠান। মেগান্থিনিস্ অনেক দিন পাটলীপুত্রনগরে ছিলেন, এবং ভারতবর্ষ সম্বন্ধে একখানি গ্রন্থ লিখেন। এই গ্রন্থ বর্ত্তমান নাই, কিন্তু আরিয়ান

(Arrian) এবং দিওদোরুস (Diodorus) ইহার যে চুম্বক লিখিয়াছেন, তাহা পাওয়া যায়; এবং স্ত্রাবো (Strabo), প্লিনী (Pliny) প্রভৃতি প্রসিদ্ধ রোমক গ্রন্থকারদিগের লেখাতেও স্থানে স্থানে মেগাস্থিনিসের বর্ণনা উদ্ধৃত আছে। ডাব্ডার খান্বেক্ নামক একজন জর্মান গ্রন্থকার এই সকল একত্র সংগ্রহ করিয়াছেন, এবং পাটনা কালেজের অধ্যক্ষ ম্যাক্রিণ্ডেল সাহেব তাহাদিগের ইংরেজি অমুবাদ করিয়াছেন। এই অমুবাদ অবলম্বন করিয়া আমরা চন্দ্রগুপ্তের সময়ের ভারতবর্ষের একটা চিত্র প্রদান করিতে চেষ্টা করিব। মেগাস্থিনিস খ্রাষ্ট জন্মিবার আন্দাজ ৩০২ বংসর পূর্বেব এদেশে ছিলেন।

মেগান্থিনিস বলেন ভারতবর্ষবাসীরা কখনও অস্তদেশ আক্রমণ করেন নাই, এবং আলেক্জাণ্ডরের পূর্বের আর কেহ তাহাদিগকে আক্রমণ করিয়া পরাজ্য় করে নাই। পারসীকেরা ভারতবর্ষের কিয়দংশ হস্তগত করিয়াছিল, এরপ কথা আছে। সিন্ধুনদের পশ্চিমস্থিত প্রদেশের অনেকাংশ পূর্বের ভারতবর্ষের অন্তর্গত বলিয়া গণ্য হইত। আবিয়ানের ভারতবিবরণ হইতে জানা যায় যে এই প্রদেশে হিন্দুজাতীয় লোকের বসতি ছিল, এবং তাহারা পারসীকদিগের অধীন হইয়াছিল এবং তাহাদিগকে কর দিত। কিন্ধু তাহার মতে সিন্ধুনদই ভারতবর্ষের প্রকৃত পশ্চিম সীমা। হিন্দুদিগের সিন্ধুনদ পার হইতে নাই, এই প্রাচীন প্রবাদ ছারাও এই মতের সমর্থন হইতেছে। মহাভারতের সময়ে গান্ধার অর্থাৎ বর্তমান কাণ্ডাহার ভারতবর্ষের অংশ বলিয়া গৃহাত হইত, কিন্তু গ্রীকগ্রন্থকারদিগের লেখা দেখিয়া জানা যাইতেছে যে, চন্দ্রগুপের পূর্বেই হিন্দুরা সিন্ধুনদের পশ্চিম তীরবর্ত্তী প্রদেশকে বিদেশ বিবেচনা করিতে আরম্ভ করিয়াছিলেন।

মেগান্থিনিস ভারতবর্ষকে অনেক ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত দেখেন। এইরূপ চিরকালই দেখা যায়, এবং ইহাতেই কন্মিন্কালে সমগ্র ভারতবর্ষের একভাবদ্ধন হয় নাই। যদি কোন ভূপতি কখনও প্রবল হইতেন, তিনি মহারাজাধিরাজ, রাজচক্রবর্ত্তী বা সম্রাট্ বলিয়া গণ্য হইতেন। কিন্তু তিনি বিজিত রাজাদিগের নিকটে কর পাইয়াই সন্তুষ্ট থাকিতেন, আভ্যন্তরিক শাসনকার্য্যে বড় একটা হস্তক্ষেপ করিতেন না। স্বতরাং যদি পরাক্রান্তু উত্তরাধিকারী রাখিয়া না থাইতে পারিতেন, তাঁহার পরলোকান্তে সাম্রাজ্য ছিল্ল বিছিন্ন হইয়া পড়িত। মেগান্থিনিসের সময়ে চক্রগুপ্ত আর্য্যাবর্ষের স্মাট্ ছিলেন; তথপোত্র অশোকবর্দ্ধন তদপেক্ষা বৃহত্তর সাম্রাজ্য উপভোগ করিয়াছিলেন। কিন্তু ম্লেমানদিগের ভারতাক্রমণের পূর্বেব এদেশীয় কোন রাজবংশেই বিস্তৃত সাম্রাজ্য বৃহ্কাল স্থায়ী হয় নাই।

^{*} The Indica of Arrian Section I.

ভারতবর্ষের নগর অসংখ্য বলিয়া বণিত। যে সকল নগর নদীতীরে বা সাগরোপকুলে অবস্থিত, সে সকল প্রায় কাষ্ঠনির্মিত; যে সকল পাহাড় বা উচ্চ-স্থলে অবস্থিত, সে সকল ইষ্টক ও মৃত্তিকা নির্মিত। মেগাস্থিনিসের সময়ে ভারত-বর্ষের সর্ব্বপ্রধান নগর পাটলীপুত্র প্রাচ্যরাজ্যে গঙ্গা ও হিরণ্যবাহ (অর্থাৎ শোণ) এই ছইয়ের সঙ্গমস্থলে অবস্থিত ছিল। ইহার বসতি দৈর্ঘ্যে আট মাইল ও প্রস্থে দেড় মাইল ছিল। সমুদয় নগর বেড়িয়া একটী গড় খাত ছিল, চারিশত হাত পরিসর ও ত্রিশ হাত গভীর। ইহার পরে চৌষট্ট তোরণবিশিষ্ট এবং পাঁচ শত সত্তর বুরুজ (Tower) সজ্জিত প্রাচীর।

মেগান্থিনিসের মতে ভারতবর্ধবাসীরা সাত শ্রেণীতে বিভক্ত; তদ্মধ্যে পদমর্য্যাদায় সর্ববপ্রধান তত্ত্ববিদ্গণ (Philosophers)। তাঁহারা যাগযজ্ঞে লোকের
সাহায্য করেন, এবং প্রতি বৎসরের প্রারম্ভে রাজাদিগের কর্তৃক মহাসভায় আহুত
হন। তাঁহাদিগের মধ্যে যদি কেহ কোন হিতকর প্রস্তাব লিখিয়া থাকেন, অথবা
শস্ত্য, পশুপালন বা সাধারণের উপকার সাধন সম্বন্ধে কোন উপায় আবিদ্ধার করিয়া
থাকেন, তাহা তিনি এই সভায় সর্ববসাধারণ সমক্ষে প্রকাশ করেন। যদি কেহ
তিনবার মিথা। বিববণ প্রকাশ করিয়াছেন বলিয়া সাব্যস্ত হন, তাঁহাকে যাবজ্জীবন
মোনী হইয়া থাকিতে হইবে, এইরূপ দণ্ড দেওয়া হয়; আর যিনি প্রামাণিক কথা
বলেন, তিনি করভার হইতে অব্যাহতি পান।

মেগান্থিনিস্ বলেন যে তব্বিদ্গণ ছইদলে বিভক্ত, ব্রাহ্মণ ও শ্রামণ । ব্রাহ্মণেরাই সর্ব্বাপেক্ষা মান্ত, কারণ তাহাদিগের মতের অধিকতর সঙ্গতি আছে। গর্ভ হইতেই তাহাদিগের প্রতি বিদ্ধুল্জনের যত্ন আরম্ভ হয়; এবং বয়োবৃদ্ধি-সহকারে তাহারা উত্তরোত্তর সদ্গুণসম্পন্ন শিক্ষকের হস্তে পড়ে। তাহারা নগরের বাহিরে পরিমিত আয়তনের উপবনে বাস করে। তাহারা কুশাসনে বা মৃগচর্ম্মে শয়ন করে। তাহারা মাংসাহার ও ইন্দ্রিয়স্থ হইতে বিরত থাকে এবং সারগর্ভ উপদেশ শুনিয়া ও জ্ঞান দান দিয়া সময় অতিবাহিত করে। এইরূপে সাইত্রিশ বংসর বয়স্ কাটাইয়া, প্রত্যেক ব্যক্তি স্বগৃহে প্রত্যাবর্ত্তন করে ও জ্ঞীবনের অবশিষ্টাংশ স্থেষচ্ছন্দে যাপন করে। তখন তাহারা চিক্কণ কার্পাসবন্ত্র পরিধান করে এবং অঙ্গুলে ও কর্ণেও স্বর্ণাভরণ ধারণ করে; মাংস খায়, কিন্তু সমসহায় জীবের নহে; এবং অধিকসংখ্যক সন্তানের আশায় যত ইচ্ছা তত বিবাহ করে।

পাঠকগণ দেখিবেন.যে মেগান্থিনিস্ হিন্দু বৌদ্ধ উভয় সম্প্রদায়ের লোকই দেখিয়াছিলেন; কিন্তু তিনি ব্রাহ্মণদিগকেই অধিকতর প্রদ্ধাস্পদ বলিয়া জানিতেন। ব্রাহ্মণদিগের সম্বন্ধেও তিনি দ্রমে পতিত হইয়াছিলেন। তিনি ব্রহ্মচর্য্য ও বান-প্রেন্থ এই ছই আশ্রমের ভেদ বৃঝিতে পারেন নাই। যে ব্যক্তি সাঁইত্রিশ বংসর বয়সে গার্হস্থ ধর্ম অবলম্বন করিল, সে যে পুনরায় গৃহত্যাগ করিয়া নগরবহিঃস্থ উপবন আশ্রয় করিবে, তিনি এতদূর অমুসন্ধান রাখিতেন না। আর সকলেই যে সাঁইত্রিশ বৎসর বয়স পর্য্যস্ত ব্রহ্মচারী থাকিত এরূপ বোধ হয় না। মহুর ব্যবস্থামুসারে ছত্রিশ বৎসর ব্রহ্মচর্য্যের শেষ সীমা। ইহাকে মেগাস্থিনিস সাধারণ নিয়ম
ভাবিয়াছিলেন।

মেগান্থিনিস বলেন যে ব্রাহ্মণেরা এই ভাবিয়া স্ত্রীলোকদিগকে আধ্যাত্মিক জ্ঞান প্রদান করিত না যে পাছে তাহারা গৃঢ়তত্ব প্রকাশ করে, বা জ্ঞান লাভ করিয়া পরাধীন থাকিতে না চায়। মৃত্যুসম্বন্ধে তাহাবা সর্ববদা কথোপকথন করিত। তাহাদিগের মতে এ জীবন গর্ভাবস্থাতুল্য এবং মৃত্যু তত্ত্ববিদ্দিগের পক্ষে প্রকৃত ও সুখময় জীবনপ্রাপ্তিরূপ জন্ম। তাহাদিগেব বিবেচনায় যাহা কিছু মানুষের ঘটে ভাল বা মন্দ নহে, অন্তরূপ ভাবা স্বপ্নবৎ মায়া, কারণ একই পদার্থ হইতে কাহারও মুখ, কাহারও হু:খ উৎপন্ন হয়, এবং একবাক্তিরই ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন ভাব উদ্বত হয়। নৈসর্গিক ঘটনা সম্বন্ধে তাহাদিগের গ্রীকদিগের স্থায় মত দেখা যায়। তাহারা বলে যে জগতের উৎপত্তি ও ধ্বংস আছে, ইহার আকার গোল, এবং যে ঈশ্বর ইহার স্রষ্টা ও পাতা তিনি ইহার সর্বত্র ব্যাপিয়া আছেন। ছ্মাহাদিগের মতে বিশ্বমণ্ডলে অনেক ভূতের কার্য্য লক্ষিত হয়, এবং জলদ্বারা ব্দগতেব সৃষ্টি হইয়াছিল। চারিভূতে তাহারা আর একটি ভূত (অর্থাৎ আকাশ) যোগ করে, উহা হইতেই স্বর্গ ও তারকারাঙ্কী নির্ম্মিত। আত্মার উৎপত্তি ও প্রকৃতি এবং অক্তান্ত অনেক বিষয় সম্বন্ধে, ভাহাদিগের মত ঐীক্দিগের সদৃশ। আত্মার অমরতা, ভাবিষ্যৎ বিচার, এবং ঈদুশ বিষয়ে, তাহারা প্লেটোর স্থায় আপনাদিগের মত গল্লচ্চটায় নিবদ্ধ রাখে।

শ্রমণদিগকে মেগান্থিনিস হুই দলে বিভক্ত করিয়াছেন। একদল বনে বাস করিত, পত্র ও ফল আহার করিত, গাড়ের বাকল পরিত, মন্ত ও ইন্দ্রিয়সুখ হুইতে বিরত থাকিত। কোন বিষয়ের কারণ জানিতে ইচ্ছা হুইলে রাজারা তাহাদিগের নিকটে দূত পাঠাইত। অন্যদল ভিষক। তাহারা যদিও বনবাসী নহে, তথাপি মিতাচারী। তাহাদিগের খাল্ল ভাত বা যবের মণ্ড, উহা যেখানে চায় অথবা যেখানে অতিথি হয়, সেইখানেই পায়। তাহাদিগের উষধের গুণে লোকের সন্থান হয়; এমন কি, পুত্র কি কল্লা হুইবে, তাহাও স্থির হয়। তাহারা ঔষধ প্রয়োগ অপেক্ষা পথ্যের নিয়ম করিয়া রোগ আরাম করে। তাহারা তৈল ও প্রলেপকে সর্ব্বশ্রেষ্ঠ ঔষধ জ্ঞান করে।

প্রথম দলের শ্রমণদিগের আচরণ বানপ্রস্থ হিন্দুদিগের ক্যায় লক্ষিত্ত হইতেছে, ইহাতে বোধ হইতে পারে যে হিন্দু ও বৌদ্ধ সন্মাসীদিগের মধ্যে আচারগত কোনরূপ বিশেষ বৈলক্ষণ্য ছিল না, অথব। মেগান্থিনিস উভয়ের বিভেদ ভাল করিয়া জানিতেন না। শ্রমণ ভিষক্গণ যে প্রণালীতে চিকিৎসা করিতেন, অ্যাপি ভারতবর্ষে সেই প্রণালীই চলিতেছে। ইহাতে অমুমান হয় যে প্রচলিত চিকিৎসাপ্রণালী চম্রগুপ্তেরও পূর্বে এতদ্বেশে প্রতিষ্ঠিত হইয়াছিল। মেগান্থিনিস যাদৃশ দার্শনিক মতের উল্লেখ করিয়াছেন, তাহাতে বেদান্তের আভাস স্পষ্ট প্রতীত হয়।

মেগান্থিনিস ভারতবর্ষবাসীদিগকে যে সাতশ্রেণীতে বিভক্ত করিয়াছেন, তন্মধ্যে কৃষকেরা দ্বিতীয়শ্রেণী। দেশের অধিকাংশ লোক এই শ্রেণীর অন্তর্গত। ইহারা ধীর ও নম্রস্বভাব। ইহাদিগকে যুদ্ধ করিতে হয় না। যুদ্ধকালেও ইহাদিগের চাসের ব্যাঘাত হয় না। যেখানে চুক্দলে তুমুল যুদ্ধ হইতেছে, তাহার নিকটেই কৃষকদিগকে নিরাপদে ভূমি কর্ষণ করিতে দেখা যায়। রাজাই ভূস্বামী, কৃষকেরা উৎপন্নের এক চতুর্থাংশ পায়।

তৃতীয় শ্রেণী গোপাল ও শিকারী। ইহারা শিকার করে, পশুপালন করে, পশু বিক্রয় করে, ইত্যাদি। ইহাদিগের নির্দিষ্ট বাসস্থান নাই। চতুর্থশ্রেণী কারুকর ও বাণিজ্যব্যবসায়ী। ইহাদিগের রাজকর দিতে হয়। কিন্তু যাহারা যুদ্ধান্ত্র ও জাহাজ নির্দ্ধাণ করে, তাহারা রাজার নিকট হইতে বেতন পায় শিপঞ্চম শ্রেণী যোদ্ধা। ইহানা সংখ্যায় কেবল কৃষকদিগের অপেক্ষা কম। রাজকোষ হইতে ইহাদিগের ভরণপোষণ হয়, এবং যুদ্ধের উপকরণ ইহারা রাজসংসার হইতে পায়। এজস্ম যথন আবশ্যক হয়, তখনই ইহারা সমরাঙ্গণে নামিতে প্রস্তুত। শান্তির সময়ে তাহারা স্থরাপানাদি করিয়া আমোদ প্রমোদে কাল্যাপন করে। ষষ্ঠ শ্রেণী চর, ইহারা সকল বিষয়ে রাজাকে গোপনে সংবাদ দেয়। সপ্তমশ্রেণী মন্ত্রির্গ। বিচারাসন, রাজকীয় উচ্চ উচ্চ পদ, এবং সাধারণ শাসনকার্য্য ইহাদিগের হস্তে; এবং ইহাদিগের দ্বারাই শাসনকর্ত্তা, কোষাধ্যক্ষ, সেনানী প্রভৃতি নির্ব্বাচিত হয়। একশ্রেণীর লোকের সহিত অস্ত্যশ্রেণীর লোকের বিবাহ হয় না। একশ্রেণীর লোক অস্তাশ্রেণীভুক্ত হইতে পারে না, বা অস্তশ্রেণীর ব্যবসায় অবলম্বন করিতে পারে না। কেবল যে সে শ্রেণীর লোক তত্ত্বিৎ হইতে পারে।

এই শ্রেণীবিভাগ দেখিয়া বোধ হয় যে ব্যবসায়ের সহিত জাতির প্রকৃত সম্বন্ধ বৃক্তিতে না পারিয়া মেগান্থিনিস কয়েকটি ভ্রমে পতিত হইয়াছিলেন। প্রথমতঃ তিনি জাত্যভিমানী ব্রাহ্মণদিগকে ও জাতিভেদরহিত শ্রমণদিগকে এক তত্ত্ববিং-শ্রেণীতে স্থান দিয়াছিলেন, এবং সর্বজ্ঞাতীয় লোক শ্রমণ হইতে পারিত বলিয়া যে সে শ্রেণীর লোক তত্ত্ববিং হইতে পারিত লিখিয়াছিলেন। দ্বিতীয়তঃ তিনি বৃক্তিতে পারেন নাই যে চর ও মন্ত্রিবর্গ ব্রাহ্মণশ্রেণীর অন্তর্গত। জ্ঞানচর্চা তাহা-

দিগের ব্যবসা নহে দেখিয়া তিনি তাহাদিগকে ব্রাহ্মণদলের লোক বলিয়া জ্ঞানিতে পারেন নাই। এই কয়েকটা ভ্রম সংশোধন করিয়া দেখিলে প্রতীতি হইবে যে মন্ত্র্ হিন্দুসমাজের যেরপ শ্রেণীবন্ধনের বর্ণনা করিয়াছেন, মেগান্থিনিসের সময়ে প্রায় সেইরপই ছিল। কৃষকেরা শৃদ্র; কারুকর ও ব্যবসায়ীরা বৈশ্য; যোদ্ধারা ক্ষত্রিয়; চর, মন্ত্রীবর্গ ও তত্ত্ববিৎ ব্রাহ্মণ, শিকারীরা চণ্ডালাদি নীচজ্ঞাতি। মেগান্থিনিস চমৎকৃত হইয়া লিখিয়াছেন যে ভারতবর্ষবাসীরা সকলেই স্বাধীন,কেহই দাস নহে।* ইহাতে বোধ হয় যে মন্ত্রর সময়ে শৃদ্রদিগেব যে প্রকার অবস্থা ছিল, মেগান্থিনিসের সময়ে তাহার অনেক পরিবর্ত্তন ঘটিয়াছিল। অন্তঞ্জাতির দাসত্ব করা আর তাহাদিগের জীবনের মৃখ্য উদ্দেশ্য ছিল না। আমাদিগের বিবেচনায় তাহারাই কৃষকশ্রেণীতে পরিণত হইয়াছিল।

মেগান্থিনিস এতদেশীয় লোকদিগকে কার্পাস বস্ত্র ব্যবহার করিতে দেখিয়াছিলেন। তাঁহাবা একখানি নিম্নবাস পরিতেন, উহা হাঁটুর নীচে কিছুদূর পর্যান্ত পড়িত; এবং আর একখানি উত্তরীয় কতক কাঁধে ফেলিতেন, কতক মাথায় জড়াইতেন। আমাদের বর্ত্তমান ধৃতিচাদর এই পোষাক বলিলেই হয়; তবে কি না আমবা চাদর হইতে মাথাটা ছাড়াইয়া লইয়াছি, এবং প্রয়োজনমত অহ্যক্রপ শিরস্ত্রাণ এবং কাটা কাপড় পরিতে শিখিয়াছি।

কিন্তু চন্দ্রগুপ্তের সময়েও যাহাদিগের অবস্থা ভাল ছিল, তাহাদিগের পোষাকের জাঁকজমক ছিল। লিখিত আছে, তাহারা বেশভ্ষা ভালবাদে। তাহাদিগের পোষাক স্বর্ণজড়িত ও মণিমাণিক্যখচিত, এবং তাহারা স্কৃচিক্কণ ফুলকাটা বস্ত্র পরিধান করে। অনুগমনকারী অনুচরবর্গ তাহাদিগের মস্তকের উপর ছত্র-ধারণ করে; কারণ তাহারা সৌন্দর্য্যের অত্যস্ত আদর করে, এবং সর্ক্বিধ উপায়ে আপনাদিগের শ্রীবৃদ্ধি করিতে চেষ্টা পায়।

রুচিভেদে তাহারা দাড়ির ভিন্ন প্রকার রং করিত। সম্ভ্রান্ত ব্যক্তিমাত্রেই আতপত্র ব্যবহার করিত। তাহারা শ্বেতচর্শ্মের পাছকা পায়ে দিত; পাছকাগুলি চিত্র বিচিত্র ও উচ্চথুরবিশিষ্ট ছিল। শ

সাধারণ লোকে উদ্ভে, অশ্বে ও গর্দ্দভে চড়িত; রাজা এবং ঐশ্বর্যাশালী লোকে হস্তীতে আরোহণ করিত। বাহনের মধ্যে গজই সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া গণ্য হইত; তাহার নীচে চতুরশ্বযুক্ত রথ; তৎপরে উদ্ভ ; এবং একাশ্বযানে চড়া কোনরূপ সম্ভ্রম বলিয়াই পরিগণিত হইত না । ও বর্ত্তমানে একা বোধ হয় এই একাশ্বযানের প্রতিনিধি।

^{*} Arrian's Indica Sec. X.

[†] Arrian's Indica Sec. XVI.

[#] Arrian's Indica Sec. XVI.

মেগান্থিনিসের সময়ে ভারতবর্ষীয় পদাতিগণ সাধারণতঃ ধমুর্বাণ ব্যবহার করিত। ধমুক মামুষ সমান এবং বাণ প্রায় তিন গন্ধ লম্বা। মাটীতে ধমুক স্থাপন করিয়া বামপদদ্বারা চাপিয়া ধরিয়া তাহারা বাণত্যাগ করিত,—এবং এমন কোনরূপ ঢাল বা কবন্ধ ছিল না যাহা সে বাণে ভিন্ন হইত না। পদাতিক-দিগের বামহন্তে গোচর্মের ঢাল থাকিত। কেহ কেহ ধমুকের পরিবর্ষে বর্ষা ব্যবহার করিত, কিন্তু সকলেই অসি ধারণ করিত। অসি তিনহাতের অধিক লম্বা হইত না, এবং অত্যন্ত কাছাকাছি যুদ্ধ করিতে হইলে উহা দ্বিহস্তদ্বারা সন্ধালিত হইত। অশ্বারোহী যোদ্ধাগণ চর্ম্ম ও তুইগাছা বর্ষা ব্যবহার করিত। তাহাদিগের জিন ছিল না, লোহ বা পিত্তলের কাঁটাবিশিষ্ট চর্ম্মের লাগামদ্বারা আশ্বসঞ্চালনকার্য্য নির্বাহিত হইত। করেথ সারথী ছাড়া তুইজন রথী থাকিত, এবং মাতক্তে মাছত ছাড়া তিনজন যোদ্ধা থাকিত।

মেগাস্থিনিস ভারতবাসীদিগকে মিতাচারী বলিয়া বর্ণনা করিয়াছেন। তাহাদিগের খাত সাধারণত: ভাত, যজ্ঞভিন্ন তাহার। মতা ব্যবহার করিত না। চৌর্যা তাহাদিগের মধ্যেই অল্পই হইত। চন্দ্রগুপ্তের শিবিরে চারিলক্ষ লোক ছিল, কিন্তু প্রতিদিন তথায় দেড় শত টাকার অধিক চুরি হইত না। লোকে মামলা মোকর্দামা কদাচ করিত। দলিল বা সাক্ষী না রাথিয়া কেবল বিশ্বাসের উপর নির্ভর করিয়া অস্ত্রের নিকটে কিছু বন্ধক বা গচ্ছিত রাখিতে সঙ্কুচিত হইত না। তাহারা সচরাচর গৃহ ও সম্পত্তি অরক্ষিত অবস্থায়ই রাখিত। তাহারা সতা ও ধর্ম্মের আদর করিত। এজম্ম বৃদ্ধলোক জ্ঞানী না হইলে কোন বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইত না। তাহার। অনেক স্ত্রী ক্রয় করিয়া বিবাহ করিত, কাহাকে ধর্মপত্নী এবং কাহাকে. বা কামপত্নী করিত। কোন পণ না দিয়া বা না লইয়াও অনেকে বিবাহ করিত; এরূপস্থলে পিতা ক্যাকে সাধারণসমক্ষে উপস্থিত করিতেন, এবং যে ব্যক্তি মল্লযুদ্ধে বা অম্য কোনরূপ শক্তিপ্রকাশ কার্য্যে বিজ্ঞয়ী হইতেন, তিনিই কম্মার পাণিগ্রহণ করিতেন। 🕆 ইহা আমাদিগের দেশের পুরাতন স্বয়ংবরা। মেগাস্থিনিস বলিয়াছেন যে এদেশে লিখিত আইন ছিল না। বোধ হয় এতদ্দেশীয় ব্যবস্থা এম্বের নাম স্মৃতি শুনিয়া তাঁহার এইরূপ ভ্রম জন্মিয়াছিল।

রাজা যুদ্ধের সময়ে এবং বিচারকালে প্রাসাদ হইতে বহির্গত হইতেন; এবং বিচার করিতে গিয়া তিনি সারাদিন বিচারালয়ে থাকিতেন। এতম্ভিন্ন যজ্জ ও মুগয়া করিতেও তিনি বাহির হইতেন। রাজার শরীররক্ষিণী রমণীদল

[·] Arrian's Indica Sec. XVI.

⁺ Arrian's Indica Sec. XVII.

ছিল; মৃগয়াকালে তাহারা তাঁহাকে ঘেরিয়া যাইত। শরীররক্ষণীরা কেহ রথে, কেহ অথে, কেহ গজে, সর্ব্বপ্রকার অন্ত্রে সচ্ছিত হইয়া উঠিত; এবং রাজা হস্তীতে চড়িয়া যাইতেন।

ছুইটা দেবতার উপাসনার বিশেষ উল্লেখ দেখা যায়, সমতল প্রদেশে বিশেষতঃ মথুরার নিকটে হিরাক্লিসের, এবং পার্বব্যপ্রদেশে দিওনিস্থসের। হিরাক্লিস বোধ হয় আমাদিগের অছুত কীর্ত্তিশালী কৃষ্ণ, এবং দিওনিস্থস প্রমন্ত মহাদেব।



বাৰালির মনুষাত

হাশয়! আপনাকে পত্র লিখিব কি—লিখিবার অনেক শক্রঃ। আমি এখন
যে কুঁড়ে ঘরে বাস করি, তুর্ভাগ্যবশতঃ তাহার পাশে গোটা ছুই তিন ফুল
গাছ পুঁতিয়াছি। মনে করিয়াছিলাম কমলাকাস্তের কেহ নাই—এই ফুলগুলি
আমার সখা সখী হইবে। খোষামোদ করিয়া ইহাদের ফুটাইতে হইবে না—
টাকা ছড়াইতে হইবে না, গহনা দিতে হইবে না, মন যোগান গোছ কথা বলিতে
হইবে না, আপনার স্থেখ উহারা আপনি ফুটিবে। উহাদের হাসি আছে—
কান্না নাই; আমোদ আছে—রাগ নাই। মনে করিলাম যদি প্রসন্ধ গোয়ালিনী
গিয়াছে তবে এই ফুলের সঙ্গে প্রণয় করিব।

তা, ফুল ফুটিল—তারা হাসিল। মনে করিলাম—মহাশয় গো! কিছু মনে করিতে না করিতে, ফুটস্ত ফুল দেখিয়া ভোমরার দল,—লাখে লাখে ঝাঁকে ঝাঁকে, ভোমরা বোলতা মৌমাছি—বছবিধ রসক্ষেপা রসিকের দল, আসিয়া আমার দ্বারে উপস্থিত হইলেন। তখন গুণ গুণ ভন্ ভন্ ঝন্ ঝন্ ঘ্যান্ ঘ্যান্ করিয়া হাড় জ্বালাইতে আরম্ভ করিলেন। তাঁহাদিগকে অনেক ব্ঝাইয়া বলিলাম যে, হে মহাশয়গণ! এ সভা নহে, সমাজ নহে, এসোসিয়েশান, লীগ, সোসাইটা, ক্লব প্রভৃতি কিছুই নহে—কমলাকান্তের পর্ণকৃটীর মাত্র, আপনাদিগের ঘ্যান্ ঘ্যান্ করিতে হয় অস্তাত্র গমন কক্লন—আমি কোন রিজ্বলিউশ্তনই দ্বিতীয়িত করিতে প্রস্তুত্ত নহি; আপনারা স্থানান্তরে প্রস্তুন কক্লন। গুণ গুণের দল, তাহাতে কোনমতে সম্মত নহে—বরং ফুলগাছ ছাড়িয়া আমার কুটারের ভিতর হল্লা করিতে আরম্ভ করিয়াছে। এই মাত্র আপনাকে এক পত্র লিখিতে প্রস্তুত্ত হইতেছিলাম—(আফিক ফুরাইয়াছে)—এমত সময়ে এক ভ্রমর কুচকুচে কালো আসল বৃন্দাবনী কালাচাঁদ, ভৌ করিয়া ঘরের ভিতর উড়িয়া আসিয়া কাণের কাছে ঘ্যান্ ঘ্যান্ আরম্ভ করিলেন—লিখিব কি মহালয় ?

ভ্রমর বাবাঞ্জি নিশ্চিত মনে করেন তিনি বড় সুরসিক—বড় স্মুক্তা— তাঁহার খ্যান্ খ্যানানিতে আমার সর্বাঙ্গ জুড়াইয়া যাইবে। আমারই ফুল গাছের ফুলের পাপড়ি ছি ড়িয়া আসিয়া আমারই কাণের কাছে ঘাান্ ঘাান্? আমার রাগ অসহা হইয়া উঠিল; আমি তালবৃদ্ধ হস্তে ভ্রমরের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলাম। তখন আমি ঘূর্ণন, বিঘূর্ণন, সংঘূর্ণন প্রভৃতি বছবিধ বক্র-গতিতে তালবৃস্তান্ত্র সঞ্চালন করিতে লাগিলাম; ভ্রমরও ডীন, উড্ডীন, প্রডীন, সমাডীন প্রভৃতি বছবিধ কৌশল দেখাইতে লাগিল। আমি কমলাকান্ত চক্রবর্ত্তী —দপ্তর মুক্তাবলীর প্রণেতা, আমি কখনই ক্ষুদ্রবীর্যা নহি। কিন্তু হায় মনুখ্যবীর্য্য! তুমি অতি অসার! তুমি চিবদিন মনুখ্যকে প্রতারিত করিয়া শেষ আপন অসারতা প্রমাণীকৃত কর! তুমি জামার ক্ষেত্রে হানিবলকে, পলটোবার ক্ষেত্রে চার্লসকে, ওয়াটলুর ক্ষেত্রে নেপোলিয়ানকে, এবং আজি এই ভ্রমর-সমরে কমলাকান্তকে বঞ্চিত করিলে। আমি যত পাখা ঘুবাইয়া বায়ু সৃষ্টি করিয়া ভ্রমরকে উড়াইতে লাগিলাম ততই সে হুরাত্মা ঘুবিয়া ঘুরিয়া আমার মাথামুগু বেড়িয়া বেড়িয়া চোঁ বোঁ করিতে লাগিল। কখনও সে আমার বস্ত্রমধ্যে লুকায়িত হইয়া, মেঘের আড়াল হইতে ইন্দ্রজিতের স্থায় রণ করিতে লাগিল, কখনও কৃষ্ণকর্ণ নিপাতী রামসৈক্ষের স্থায় আমার বগলের নীচে দিয়া ছটিয়া বাহির হইতে লাগিল; কখনও স্থাম্পসনের স্থায় শিরোরহমধ্যে আমার বীর্য্য সংস্থান্ত মনে করিয়া, আমাব নীরদ-নিন্দিত কুঞ্চিতকেশদাম মধ্যে প্রবেশ করিয়া ভেরী বাজাইতে লাগিল। তখন দংশনভয়ে অস্থিব হইয়া আমি রণে ভঙ্গ দিলাম। ভ্রমর সঙ্গে সঙ্গে ছুটিল। আমি সেই সময়ে চৌকাট পায়ে বাঁধিয়া—পপাত ধরণীতলে !!! এই সংসারসমরে মহারথী শ্রীকমলাকান্ত চক্রবর্ত্তী-যিনি দারিজ্ঞা, চিরকোমার এবং অহিফেণ প্রভৃতির দারাও কখন পরাজিত হয়েন নাই—হায়! তিনি এই ক্ষুদ্র পত্তর কর্ত্তক পরাজিত হুইলেন।

তখন ধূল্যবলুষ্ঠিত শরীরে দ্বিরেকরাজের নিকট ক্ষমা প্রার্থনা করিতে লাগিলাম। যুক্ত করে বলিলাম "হে দ্বিরেকসন্তম! কোন্ অপরাধে গৃংধী ব্রাহ্মণ ভোমার নিকট অপরাধী 'যে তৃমি তাহার লেখা পড়ার ব্যাঘাত করিতে আসিয়াছ? দেখ, আমি এই বঙ্গদর্শনে পত্র লিখিতে বসিয়াছি—পত্র লিখিলে আফিক আসিবে—তৃমি কেন ঘ্যান্ ঘ্যান্ করিয়া তাহার বিল্প কর?" আমি প্রাতে একখানি বাঙ্গালা নাটক পড়িতেছিলাম—তখন অক্সাৎ সেই নাটকীয় রাগগ্রান্ত হইয়া বলিতে লাগিলাম—"হে ভ্কা! হে অনক্ষরত্ব তরঙ্গবিক্ষেপকারিন্ হে ছ্র্দান্ত পাষ্তভণ্ডভিত্তভ্জারিন্! হে উদ্ভান্ বিহারিন্—কেন তৃমি ঘ্যান্

ঘাান্ করিতেছে ? হে ভৃঙ্গ ! হে ছিরেফ ! হে ষট্পদ ! হে অলে ! হে ভ্রমর ! হে ভোমরা ! হে ভোঁ ভোঁ !—"

ভ্রমর রূপ করিয়া আসিয়া সামনে বসিল। তখন গুণ গুণ করিয়া গলা ত্রস্ত করিয়া বলিতে লাগিল—আমি অহিফেণ প্রসাদে সকলেরই কথা বৃঝিতে পারি—আমি স্থিরচিত্তে শুনিতে লাগিলাম।

ভঙ্গরাজ বলিতে লাগিলেন, "হে বিপ্র! আমার উপর এত চোট কেন? আমি কি একাই ঘ্যান ঘেনে! তোমার এ বঙ্গভূমে জন্মগ্রহণ করিয়া ঘ্যান ঘ্যান করিব নাত কি করিব ? বাঙ্গালি হইয়া কে ঘ্যান ঘ্যানানি ছাড়া ? কোন্ বাঙ্গালির ঘ্যান ঘ্যানানি ছাড়া অন্ত ব্যবসা আছে ? তোমাদের মধ্যে যিনি রাজা মহারাজা কি এমনি একটা কিছু মাথায় পাগড়িঙ হইলেন, তিনি গিয়া বেলভিডিয়রে ঘ্যান্ ঘ্যান্ আরম্ভ করিলেন। যিনি হইবেন ওম্মেদ রাখেন, তিনি গিয়া রাত্রিদিবা রাজদ্বারে ঘ্যান ঘান করেন। যিনি কেবল একটি চাকরির উমেদওয়ার – তাঁর ঘ্যান্ ঘ্যানানির ত আবে অন্ত নাই। বাঙ্গালি বাবু যিনিই তুই চাবিটা ইংরেজি বোল শিথিয়াছেন তিনি অমনি উমেদারক্সপে পরিণত হইয়া, দবখান্ত বা টিকিট হাতে দ্বারে দ্বান দ্যান — জাঁশমাছির মত খাবার সময়ে, শোবার সময়ে, বসবার সময়ে, দাঁড়াবার সময়ে, দিনে, রাত্রে, প্রাহে, অপরাহে, মধ্যাহে, সায়াহে, ঘ্যান ঘ্যান ঘ্যান ! যিনি উমেদওয়ারি ছাড়িয়া স্বাধীন হইয়া উকীল হইলেন, তিনি আবার সনদী ঘ্যান্ ঘ্যানে! সত্য মিধ্যার সাগরসঙ্গমে প্রাতঃস্নান করিয়া উঠিয়া, যেখানে দেখেন কঠিগড়ার ভিতর বি'ডে মাথায় সরকারি জুজু বসিয়া আছে—বড় জজ, ছোট জজ, সবজজ, ডিপুটি, মুন্দেফ—সেইখানে গিয়া সেই পেশাদার ঘ্যান্ ঘ্যেন, ঘ্যান্ ঘ্যানানির মোহনা খুলিয়া দেন। কেহ বা মনে করেন ঘ্যান্ ঘ্যানানির চোটে দেশোদ্ধার করিবেন— সভাতলে ছেলে বুড়া জমা করিয়া ঘ্যান ঘ্যান করিতে থাকেন। কোন দেশে বৃষ্টি হয় নাই--এসো বাপু ঘ্যান ঘ্যান করি; বড় চাকরি নাই না-এসো বাপু ঘ্যান ঘ্যান করি—রাম শর্মার মা মরিয়াছে—এসো বাপু স্মরণার্থ ঘ্যান ঘ্যান করি। কাহারও বা তাতেও মন উঠে না—তাঁরা কাগজ কলম লইয়া, হপ্তায় হপ্তায়, মাসে মাসে দিন দিন ঘান ঘান করেন। আর তুমি যে বাপু আমার খ্যান খ্যানানিতে এত রাগ করিতেছ তুমিও কি করিতে বসিয়াছ? বঙ্গর্শন সম্পাদকের কাছে কিছু আ্ফিঙ্গের যোগাড় করিবে বলিয়া ঘ্যান ঘ্যান করিতে বসিয়াছ। আমার চোঁ বোঁই কি এত কটু ?

তোমায় সভ্য বলিভেছি কমলাকান্ত! তোমাদের জাতির ঘ্যান ঘ্যানানি আর ভাল লাগে না। দেখ আমি যে কুজ পডক্ত আমিও শুধু ঘ্যান ঘ্যান করি না—মধু সংগ্রহ করি আর হুল ফুটাই। তোমরা না জান মধু সংগ্রহ করিতে, না জান হুল ফুটাইতে—কেবল ঘ্যান ঘ্যান পার। একটা কাজের সঙ্গে খোঁজ নাই—কেবল কাঁছনে মেয়ের মত দিবারাত্রি ঘ্যানঘ্যান। একটু বকাবকি লেখালেখি কম করিয়া কিছু কাজে মন দাও—তোমাদের জ্রীরৃদ্ধি হইবে। মধু করিতে শেখ—হুল ফুটাইতে শেখ। তোমাদের রসনা অপেক্ষা আমাদের হুল শ্রেষ্ঠ—বাক্যবানে মাহুষ মরে না; আমাদের হুলের ভয়ে জীবলোক সদা সশক্ষিত! স্বর্গে ইল্রের বজ্ব, মর্ত্যে ইংরেজের কামান, আর আকাশমার্গে আমাদের হুল। সে যাক, মধু কর; কাজে মন দাও। নিতান্ত যদি দেখ, রসনাকভ্রম রোগ জন্ম কাজে মন যায় না—জীবে কাইকি দিয়া ঘা কর—অগত্যা কাজে মন যাইতে পারে। আর শুধু ঘ্যান ঘ্যান ভাল লাগে না।"

এই বলিয়া ভ্রমররাজ ভোঁ করিয়া উড়িয়া গেল।

আমি ভাবিলাম যে, এই ভ্রমর অবশ্য বিশেষ বিজ্ঞ পতঙ্গ। শুনা আছে
মহুয়ের পদবৃদ্ধি হইলেই সে বিজ্ঞ বলিয়া গণ্য হয়। এই জন্য দ্বিপদ মহুয়া
হইতে চতুষ্পদ পশু—পক্ষাস্থবে যে সকল মহুয়েব পদবৃদ্ধি হইয়াছে—তাহারা
অধিক বিজ্ঞ বলিয়া গণ্য। এই ষট্পদের—একখানি না, ছুখানি না—ছয় ছয়
খানি পা! অবশ্য এ ব্যক্তি বিশেষ বিজ্ঞ হইবে—ইহার অসামান্য পদবৃদ্ধি দেখা
যায়। এই বিজ্ঞ পতঙ্গের পরামর্শ অবহেলন করি কি প্রকারে! অতএব
আপাতত ঘান ঘানানি বন্ধ করিলাম—কিন্তু মধু সংগ্রহের আশাটা রহিল।
বঙ্গদর্শন পুষ্প হইতে অহিফেণ মধু সংগ্রহ হইবে এই ভরসায় প্রাণ ধারণ করে—

আপনার আজ্ঞাবহ শ্রীকমলাকান্ত চক্রবর্তী।

প্রাপ্ত হাজ্ব সাক্ষিপ্ত

র সংগ্রহ। প্রথম খণ্ড। অর্থাৎ নানা গ্রান্থের বিশেষ বিশেষ স্থানের অমুকরণ অমুবাদ ও ভাব। শ্রীআবহুল হানিদ খাঁ কর্ত্বক সংগৃহীত। ময়মনসিংহ, ভারতমিহির যন্ত্রে মুদ্রিত। মূল্য /১০ আনা মাত্র।

গ্রন্থখানি অতি ক্ষুদ্র ; ২০ পৃষ্ঠা। ইহার অধিকাংশ ধর্মবিষয়ক বাক্যাবলী। আর ৫ পৃষ্ঠা নীতি কথা। ধর্মবিষয়ক সকল কথাগুলি আমরা বুঝিতে পারি নাই, তাহা সংগ্রহকারের দোষ কি আমাদের দোষ তাহা ঠিক বলিতে পারি না। ভরুসা করিয়া বলা যায় না কিন্তু বোধ হয় কতকটা বিষয়ের দোষও আছে। এক স্থলে লিখিত হইয়াছে "হে পথিক! যদি তুমি ঈশ্বরের দ্বারে যাইতে চাও, তবে হীনতার অসি হাতে লইয়া, মান সম্ভ্রমের মস্তক ছেদন কর।" এ ধর্ম-উপদেশ সংগ্রহকার কোথা হইতে পাইলেন আমরা তাহা জানি না, মানসম্ভ্রম বিসর্জ্জন করিয়া হীনতা অবলম্বন কবিলে যে কিরূপে লোকে ধার্ম্মিক হয় তাহা আমরা বৃঝি না। চোর ডাকাতেরা মান সম্ভ্রম ত্যাগ করিয়াছে অথচ তাহারা ঈশ্বরের ভারে যায় নাই ধার্মিকও হয় নাই। আমরা জানিতাম যে মানসম্ভ্রম বরং ধর্ম্মের সহায়তা করে। মানী ও সম্ভ্রাস্ত লোকের মধ্যে অনেকে একাস্ত ধর্ম্ম ভয়ে না হউক, আপনাদের মান ও সম্ভ্রমের ভয়েও, নীচ বা ধর্মবিরুদ্ধ কার্য্য করিতে পারেন না। তাহা পারেন না বলিয়া কি তাঁহাদের মান সম্ভ্রম ত্যাগ করিতে বলা হইয়াছে ? যে ধর্মাত্মা হইবে সে ধর্মের নিমিন্তই ধর্মাচরণ করিবে; পাছে কেহ মান সম্ভ্রমের নিমিত্ত ধর্মাচরণ করে এই ভয়ে কি মান সম্ভ্রমের मखक एक म कतिए वना श्रेगार ? नी ि कथा श्रीन जान, वानक राम अपि ।

ভিগিনীবিলাঁপ। শ্রীমহেন্দ্রনাথ দাঁ কর্ত্ক বিরচিত। গ্রন্থানির মর্ম এই যে, এক গৃহস্থ আপন কম্মাকে এক অপাত্রে সম্প্রদান করেন, সম্প্রদানের পূর্বের গৃহস্থ পাত্রের দোষ গুণ সম্বন্ধে বিশেষ তদম্ভ করেন নাই, পাত্রকে একবার চক্ষেও দেখেন নাই। কাজেই সম্প্রদানাম্ভে গৃহস্থ কাঁদিলেন:—

শনা দেখি আপন চক্ষে
বিশাসি পরের বাক্যে
পিতা হয়ে কক্সাটিরে
সঁপিলাম তুঃখ নীরে
হায় মোর কেন হেন তুর্মতি ঘটল।

কিন্তু আর কি হইবে, বিবাহ হইয়া গিয়াছে, কন্সা পতির আলয়ে, স্থান্থেই হউক ছংখেই হউক, কাল্যাপন করিতে লাগিল। কিছুকাল পরে এক দিবস প্রাতে কন্সাটির দেহ এক পুছরিণীর জ্বলে ভাসিয়া উঠিল। ভগিনীর মৃত্যু হওয়ায়, বিশেষতঃ অপঘাত মৃত্যু হওয়ায় ভ্রাতা এই গ্রন্থে বিলাপ করিতেছেন। যদি এই গ্রন্থে বিলাপ প্রকৃত ঘটনামূলক হয় তবে ইহা মুদ্রান্ধন না করিলেই ভাল হইত। ইহা রুচিবিক্লম। বিশেষতঃ শোক পবিত্র, তাহা যত্নে গোপনে রাখাই ভাল। আপনাব শোকেব কথা মুদ্রিত কবিয়া সকলেব হাতে হাতে দিলে প্রথমেই বুঝায় যে তোমরা হকলে দেখ আমি কেমন শোক কবিয়াছি। এন্থলে শোক অপেক্ষা বাহাত্রি অধিক দেখান হয়। গ্রন্থকাব বলিতে পাবেন বিলাপ দেখাইবার নিমিত্ত ভগিনীবিলাপ লিখিত হয় নাই, অন্য উদ্দেশ্য আছে। সে উদ্দেশ্য বোধ হয় বাল্যবিবাহ প্রথাকে তিবস্কাব করা। এবং সেই জ্বন্য সমীরণ, বিহঙ্গ, প্রোত্রত্যী, সুধাংশু, সুন্দবী, নিশাদেবী প্রভৃতি সকলকে ডাকিয়া কবি বলিতেছেন:—

9

"সন্ধ্যা সমীরণ! এই যে পরশ দানে,
তৃষি'ছ তাপিত মন, সঞ্চালি' পল্পবগণ,
রাথ এক কথা, বলি ধরিয়া চরণে,
কৃষ্ম সম্পদ হরি, সৌরতে আমোদ করি'
পশিবে জগতে যবে, স্বার প্রবণে
কৌমার' বিবাহ গুণ কহিও যতনে।

00

ওহে বিহঙ্গনকুল, এই যে বসিয়া,
ধরি'ছ মধুর তান, কাজিয়া লই'ছ প্রাণ,
কলোলিনী কল কল সাথে মিলাইয়া,
মোর এক কথা মান, যথন করিয়া গান,
কালাবে অপত জনে, করিয়া যতন,
কহিও সকলে, বাল্যবিবাহ কেমন

೦ಶ

শ্রোতস্থতি ! ভ্বনবাহিনি ! তুমি ষবে

স্থানি দৈবে ঘরে ঘরে, রম্ব রাজি ভারে ভারে

বঙ্গবাদী জনে দবে যতনে কহিবে—

"তোদের তৃষ্ণা যত, নিশ্চয় হইবে গত,

কৌমার বিবাহ প্রথা যদি দূর হয়;

নতুবা মজিবে দেশ, নাহিক সংশয়।"

85

নিশা দেবি ! অবশেষে নিবেদি ভোমায়
অসিত বরণে ঘন, করি' সব আবরণ,
পশিবে জগতে যবে করি, তমোময়;
বলকাল কুলালারে, কহিও যতন করে,'
কৌমার বিবাহে হয়, বল আছকার;
প্রচার করিও স্বে, এই স্মাচার।"

যত দোব কৌমার বিবাহের। পিতা অপাত্রে কস্থাদান করিলেন সে দোব বাল্যবিবাহের। পিতা বিবাহের পূর্বে পাত্র একবারে দেখিলেন না সে দোব কৌমার বিবাহের। এ দোবরোপে একটি পুরাতন গল্প মনে পড়িল। একজন বৃদ্ধ মূন্সেফের একটি পুদ্ধরিণী ছিল, বাটির অতি নিকটে বলিয়া তথায় তাঁহার সস্তানেরা স্ত্রীলোকদিগের সঙ্গে সর্ব্বদাই যাইত। ঘাটের নিকটে একটি চালিতা গাছ ছিল তথায় বসিয়া স্ত্রীলোকেরা কখন কখন বিশ্রাম করিত, চারিপার্শে বালকেরা খেলিয়া বেড়াইত, একদিন খেলাইতে খেলাইতে একটি শিশু জলে পড়িয়া গেল। তাহার শোকে মূন্সেফ বড় অধীর হইলেন। কিছুকাল পরে আর একটি সস্তান সেইস্থানে আবার জলমগ্র হয়। এই সম্বাদ মূন্সেফ লোকে মূখে শুনিলেন। ক্ষণেক পরে ভ্তাকে জিজ্ঞাসা করিলেন, পুদ্ধরিণীর কোনদিকে সন্তান ডুবিয়াছে? ভ্তা বলিল, চালিতা তলার ঘাটে। বৃদ্ধ মূন্সেফ বাগতভাবে বলিলেন "সেই চালিতা তলায়! সেই চালিতা গাছ আমায় তুইবার দাগা দিল, এবার বাটা যাইব, চালিতা গাছ কাটিব, ঢেঁকি বনাইব, ছই পায়ে দলিব, তবে. ছাড়িব।" চালিতা গাছের অপরাধ যেরূপ, বাল্যবিবাহের অপরাধ সেইরূপ!

তত্ত্বদর্শন। ত্রাপূর্ণচন্দ্র মিত্র প্রণীত। মূল্য ১॥০ টাকা।

প্রথমে গ্রন্থেব নাম দেখিয়া আমাদের ভয় হইয়াছিল। কিন্তু পাঠ করিতে আরম্ভ করিয়া আর সে ভয় রহিল না, বরং অনেকটা আমোদ হইল। প্রথম ৩৫ পৃষ্ঠার রহস্ত কিঞ্চিৎ বিবৃত না করিয়া থাকিতে পারিলাম না, উদ্ধৃত অংশ পাঠ করিলে তত্ত্বদশনের মর্ম্ম বুঝা যাইবে।

গ্রন্থকার প্রথমেই লিখিতেছেন, "সন ১২৭১ অব্দে ৯ ভাব্রে আমি একবার ঘোরতর ভীষণ জ্বরে আক্রান্ত হইয়াছিলাম, তাহাতে প্রায় আট দিবস পর্যান্ত আমার কলেবর দারুণ ছংসহ যন্ত্রনায় দগ্ধ ও অন্থির হইয়াছিল, তদবস্থায় একজ্বন স্থাচিকিৎসক বছ্যতুসহকারে নানা ঔষধ প্রয়োগে ঐ ছংসহযন্ত্রণা নির্ভি করিলে পর নবম দিবসের প্রভাষে আমি নীরোগ মান্ধ্যবর স্থায় শয়নাগারে শয়োপরি শয়ন করিয়া রহিয়াছি, এমত সময় * * * সহসা দিব্যাকৃতি কোন যোষিৎদেহনিংস্ত ভেল্পংপুঞ্জে আমার অঙ্গ মুকুলিত, নেত্রযুগল প্রতিহত করিয়া গৃহাভান্তরে প্রবেশ করিলেন। আমি চকিত হইয়া নয়ন উদ্মীলন করিলাম, কিন্তু কিছুই দেখিতে পাইলাম না, তিনি কোখা যাইলেন তাহার কিছুই নির্ণয় করিতে পারিলাম না, কিন্তু যেরূপ পূর্ণশশ্বর উদ্যাচলশিখরে উদ্যত হইলে তমস্বিনীর গাঢ় ভমিশ্রা অপসারিত হয় সেইরূপ সেই ত্রিভ্বনবিমোহিনী কামিনীর ক্ষণপ্রভাসদৃশ প্রভাজালে আমার স্থান্যাকাশের সমৃদয় মোহান্ধকার বিনষ্ট হইয়া যাইল, সহসা মোহাপশ্বমে

স্থবিশদ চিত্তে জ্বগতের সমৃদয় কার্য্যকারণতা পরিক্ষুরিত হইতে লাগিল। তখন অক্ষৈতবাদ আমার হৃদয়ে অঙ্কুরিত হইয়া উঠিল, জ্বগৎ ব্রেক্ষের ভেদ জ্ঞান অপনীত হওয়াতে আমি ঈশ্বরে তশ্ময় হইয়া পড়িলাম।"

কিঞ্চিৎ পরে গ্রন্থকার লিখিতেছেন "আমার বোধ হইল, আমি যেন পরব্রহ্মানন্দে লীন হইতেছি ও আমিই ব্রহ্ম নিশ্চয় জানিয়া, ব্রহ্ম কথা বলিতে বলিতে
আমি নিস্তর মৃচ্ছাগিত হইলাম, সেই সময়ে আমার এইরূপ বোধ হইল যেন আমি
একটা পাক ঘ্রিয়া স্থ্যরূপে অবস্থিত হইয়াছি, সমৃদয় জগৎ আমার নয়ন গোচর
হইতে লাগিল। আমি যেন সর্ব্রন্থতের বহিরন্তরব্যাপী হইয়া রহিয়াছি, পদার্থ
সকল অতি বিমল ও লোচনানন্দদায়ক, স্থানে স্থানে বিবিধ মধ্র স্বরে আনন্দধ্বনি
হইতেছে, পশু পক্ষী জলচর প্রভৃতি যে সমস্ত প্রাণী এই জগতে আছে সে সকল
আমি, ভেদাভেদ কিছুই নাই। আমি ব্রহ্মানন্দময়, আমা ভিয় এই অনন্ত মহাবিশ্বে
আর কিছুই নাই, এই বিশ্ব আমারই স্বভাব, আমি কালেতে পুন: পুন: বিশ্বরূপে
প্রকাশিত হইতেছি সকলই আমি। আমার এই প্রকার নিশ্চয় বোধ হইবামাত্র
এই সংসারের আত্মীয় বন্ধু বান্ধর ও পুত্র কলত্র, প্রভৃতির প্রতি যে মায়া তাহা
একেবারে নিমেষমধ্যে তিরোহিত হইয়া যাইল স্বতরাং ছৈত বন্ধ না থাকায় আমিই
অবৈতরপে অবস্থিত রহিলাম।"

তুই এক পূর্চা পরে গ্রন্থকার তাঁহার আর এক ঘটনার কথা বলিতেছেন। "পৃথিবী ছাড়িয়া পূঞ্বী হইতে অতি দূরবন্ধী মকং পথে উঠিতে উঠিতে শৃক্তমধ্যে একটি বৃহৎ অট্রালিকা আমার দর্শনপথের অতিথি হইল।" গ্রন্থকাব দেখিলেন যে, যে সকল মনুষা বিগতামু হইতেছে তাহারা এই অট্রালিকার পূথক পূথক কক্ষায় রক্ষিত হইতেছে কাহার সহিত কাহার সক্ষাৎ হয় না। প্রলয় পর্যান্ত তাহারা ঐরপে থাকিবে ও প্রলয়ের পর নৃতন সৃষ্টি হইলে ঈশ্বর-ইচ্ছায় ঐ সকল আপন व्यापन कर्षकरण नत्रक वा स्वत्थारम शमन कतिरव। अञ्चकात्र के ब्रोणिकात এক কক্ষ পাইযাছিলেন। তাহার পর অকন্মাৎ কোথা হইতে তিনটা ঈবৎ নীল 🖔 রক্তাদি বর্ণ অতি তেজোময় জ্যোতিঃপ্রবাহ রক্ষুবং তাঁহার গাত্র বেষ্টন করিয়া তাঁহাকে কক্ষ হইতে লইয়া চলিল। গ্রন্থকার বলিতেছেন "লেষ এক ভরল স্থবিস্তীর্ণ অনিবার অভিভীষণ প্রবাহে তরঙ্গিত অলস্থ পাবকময় মহাসিজু মধ্যে নিক্ষেপ করিল, আমি সেই অগ্নিময় সমুজে নিমঃ। চইয়া, অভিশয় যম্বণায় কাভর হইতে লাগিলাম, সেই স্থানটি অতি ভয়াবহ, অবচ্ছ, আলোকিত অথচ কিছুই দৃষ্টি-গোচর হয় না, সকলই বহ্নিবর্ণ ও তরলম্পর্শ। সেই নিদারশ অনলে আমার দেহ যত দশ্ধ হইতে লাগিল আমি তত্তই তুঃসহ যন্ত্রণা ভোগ করিতে লাগিলাম, কিন্তু আ্যার ভূতাবাস ভস্মসাৎ না হইয়া পূর্ববং অবিকৃত রহিল, আমি সেই কঠোর

অবস্থায় নিপতিত হইয়া এই চিস্তা করিলাম, বোধ হয় পরমেশ্বর এই অনস্ত নরক পাপিলোকদিগের নিমিত্ত সৃষ্টি করিয়াছেন।"

তাহার পর সেই তিনটা জ্যোতিঃপ্রবাহ গ্রন্থকারকে নরক হইতে তুলিয়া আর একস্থানে কেলিয়া গেল। গ্রন্থকার লিখিয়াছেন "তথায় এক সুরম্য হর্ম্যে উপন্থিত হইলাম। গৃহটা সন্তানক কুসমমালাসনাথ অরবিন্দপরিমলবাহী মৃহ্মন্দ গন্ধবহের নিয়ত সঞ্চারে অতি সুখসেব্য, নয়নপ্রীতিকর সুমিন্ধ মস্থ মরকত প্রস্তরে নির্মিত কৃট্টিম, তাহার অভ্যন্তরে হ্যুক্তেশসন্ধিত পুত্পপ্রকরাবকীর্ণ কোমল পর্যাছোপরি উত্তান শয়নে এক দিব্যাকৃতি পুরুষ শয়ান রহিয়াছেন। ব্রন্ধা, রুজ, বায়ু, বরুণ, ইন্দ্র, সপ্রবিমণ্ডল তাঁহার চতুর্দিকে পরিবেষ্টন করিয়া রহিয়াছেন। আমি উপস্থিত হইলে তিনি মুখব্যাদান করিলেন; আমি তৎক্ষণাৎ ভাহাতে প্রবেশ করিলাম; প্রবেশ মাত্র আমার দিব্য জ্ঞান জন্মিল।"

যাহা উপরে উদ্ধৃত করা গেল বোধ হয় তাহাই যথেষ্ট, পরে ৩৬ পৃষ্ঠা পর্যান্ত যাহা আছে তাহার সর্ব্বত্র এইরপ। এই সকল অংশ পাঠ করিয়া যিনিই যাহা বলুন, আসল এই সকল ঘটনাই গ্রন্থের মূল। গ্রন্থকার ৪০ পৃষ্ঠায় লিখিয়াছেন "সমূদ্য় ধর্ম্বের প্রতি আমার সংশয় হওয়াতে, আমি কে, কোণা হইতে আগত হইলাম, ও পরিণামে কোণায় গমন করিব, এই প্রপঞ্চ সংসার কোণা হইতে আগত হইল, তাহাও পরিণামে কোণায় যাইবে, অভএব, এই বিশ্ব কিরূপে কোণা হইতে আসিল ? এই চিন্তা আমার মনোমধ্যে নিরবধি থাকিত, তদনন্তর আমি আমার গত পীড়িত অবস্থায় ঐ বিশ্বয়জ্ঞনক ব্যাপার দর্শনাবিধি এ পর্যান্ত কোন বিতর্ক না দেখিয়া এই বিশ্বের স্থান্তি, স্থিতি ও প্রলয় ঐ প্রকারে হইতেছে, তাহা নিশ্চয় বোধ হওয়ায়, স্বভাব নামে মহা পুস্তকের সহিত আমি ঐক্য করত, আমার সামান্ত বৃদ্ধির কৌশলে যাহা স্থির করিয়াছি তাহা আমি সর্ব্ব-সাধারণকে জ্ঞাতকরণ জন্ত প্রকাশ করিতেছি।"

গ্রন্থস্চনা এই। এক্ষণে গ্রন্থ কিরপ তাহা না পড়িয়া অনেকে অকুভব করিতে পারেন। গ্রন্থকার পীড়ার পরিচয় দিয়া ভাল করেন নাই; প্রশংসা কবিরাক্ত একা লইল, তাঁহার ঔষধ অতি আশ্চর্যা!

পঙ্গাধরশর্মা ওরয়ে জটাধারীর রোজনামা

পঞ্চদশ পরিচ্ছেদ

''রাম না হতে রামায়ণ''

ত্র ও বহা লভাজালে আমাদের গৃহ-প্রাঙ্গণ বেষ্টন করে, যদি দর্প ভেকে আমাদিগের গৃহে ভাগাভাগী করিয়া বাস করে, যদি জলবদ্ধ হইয়া সেৎসেঁতে সেওলার বিভানা হইতে তুর্গদ্ধ বিস্থার হয়, যদি দিনে তুই প্রহরে, হেতে জোঁক ও শিলেটি হাঁড়ির মত মশা রক্ত শোষণ করে, তথাপি হস্ত বাহু পরিচালনা করিয়া কৃষ্ণের জীবকে বিনাষ্ট করিতে বড় মায়া হয় ও সবে বসিতেও ব্রেশ বোধ হয়। সসর্প গৃহে বাস, তুর্গদ্ধ ভোগ ও জরেব দ্বালা সহা হয়, তরু আলম্ম পবিত্যাগ করিতে কাতর, আবাস ভূমি পরিদ্বান করিতে কাতর, সকল কার্যাই কাতব; কিন্তু বাক্তব্যয়ে, অহন্ধার করিয়া বলিতে পারি, আমাদের তুল্য অকাতর কে আছে ? মিধ্যা বাক্যে যে আমাদের নিজ্ক কার্য্য বিশৃদ্ধল হয়, স্থায়বিচার ক্ষমতা ও চিন্তা-শীলতার হ্রাস হয়, গুরুতর পরিশ্রমলন্ধ কার্য্য বৃধা গল্প করার তুল্য মধুর আর অনিষ্ট হয়, হলই বা, অন্থুরি তামাক মিশাইয়া বৃধা গল্প করার তুল্য মধুর আর কি আছে ? বৃধা গল্প বড় ভাল লাগে, তাহাতে, নিজ্ক উপকার হউক না হউক, যাহারে ভাল না বাসি তাহারও কখন কথন অনিষ্ট হয়, না হয়, তাহার নিন্দাবাদও তো প্রচার হয় ? সে বড় কম কর্ণস্থে নহে !

আমাদের শঞ্জভীম কুলমান্তার ও বিখ্যাত হকিম ডাকমুন্সি গলোপাধাায় মহালয় এইরূপ কৃতসংকল্ল হইয়া ডাকঘরের মেজেতে পাটি পাড়িয়া গল আরম্ভ করিয়াছেন। মান্তার বাবু গজাননের বিরুদ্ধ। গজানন ইংরেজি শিক্ষার শক্ত, গজানন নিংসন্তান, চক্ মুদিলে তাঁহার ধন কে ভোগ করে! কাহাকে ধন দান করিবার ইচ্ছা নাই কিন্তু তিনি মহান্ হিন্দু। পরলোকে পিণ্ডি পাইয়া নরক হইতে উদ্ধারের আশা রাখেন। এই জন্ম বছ যত্তে একটি দূরদেশন্ত আডির

সম্ভান লইয়া পালিতেছেন, তাহাকে যথেষ্ট স্নেহ করেন—ও পোষ্যপুত্র করিয়া পিগুাধিকারী ও ধনাধিকারী করিবার বিশেষ প্রয়াস রাখেন, আগুতোষ বাবুর অমুরোধে এই নীলমণিকে তিনি শঞ্জভীমের হন্তে অর্পণ করিয়াছেন ; সুশিক্ষার জন্ম মাষ্টার বাবুও অনেক যত্ন করিতেছেন। কিন্তু যাহাকে প্রকৃতি দেবী প্রতিকৃল, মানব চেপ্তায় তাহার কি হইতে পারে! নীলমণি আজি যাহা বছ কণ্টে শিখিয়া গৃহে যান, কাল প্রাতে ক্ষীর, ননি, সন্দেশের সহিত বেমালুম "জলপান" করিয়া আদেন। তিনি "লোককে" "নোক" রসিককে "অহিক" রাঙ্গাকে "নাঙ্গা" ভিন্ন কহিতে পারেন না—এ দিকে বাঙ্গকে "লাঙ্গ"—অভয়কে "রভয়" বলিয়া "লোকোমোটীব" কে "নোকো মাটী" কহিতেন ও একদিন "কামসকাটকা" উচ্চারণ করিতে উভ্তম করায় দম্ভপাটীতে খিল লাগাইয়া মাষ্টার বাবুকে বিশেষ তিরস্কৃত করিয়াছিলেন। এদিকে তিনি পরীক্ষাব সময়ে (প্রাইজ) পারিতোষিক পান না বলিয়া গজানন মাষ্টার বাবুর উপব অসস্তুষ্ট হইয়া থাকেন। সময়ে সময়ে গজানন মাষ্টার বাবুব কাছে প্রস্তাব করিয়া থাকেন, "বাপু! পরীক্ষককে কিছু বেশবত দিলে আমাব নীলমণি প্রাইজ্পেতে পাবে না ? না হয় আশুতেষ বাবু দারা পবীক্ষককে একখানি অমুরোধপত্র লিখাইলে ছাত্রবৃত্তির পাশ আসিতে পাবে না ?" আবাব কখন কখন বলেন, "বাবা, আমি উহার তত লেখাপড়া চাই না—যাহাতে মতভ্রপ্ত না হয়, পিওটা বজায় থাকে তাহাই করুন।" মাষ্টার বাবু একদিকে এই সকল মতেব অন্তুমোদন কবিতে অক্সদিকে নীলমণির শিক্ষার কিছু মাত্র উন্নতি দেখাইতেও পারিতেন না। তাঁহাকে অপদস্থ করিয়া নৃতন মাধার আনাইবার জন্ম গজানন ছই একবার আশুতোষ বাবুর নিকট অমুরোধ করেন। মাষ্টাব সেই সূব কথা শুনিয়া দেওয়ানুজ্জির বিশেষ বিছেষী হন। আজ মাষ্টার বাবু স্থসময় পাইয়াছেন। দেওয়ানজি যে নাজির সাহেবের যোগে মিথ্যা করিয়া সুরসিকা ললনা সুন্দরী গোপিনীকে কাদম্বিনী সাজাইয়া বিচারস্থলে আনয়ন করিবেন, ভাহা মাষ্টার বাবুর কর্ণগোচর হইয়াছে। স্থলরীর সঙ্গে তাঁহার অনেক কথা হইত-ও সেই সকল কথা বাক্ত করিবার জন্ম পূর্ণবাবুর বৈঠকে আসিয়াছেন।

এ দিকে পূর্ণ বাবু নাজিরের ছিন্ত অনুসন্ধান করিতেছেন, গ্রামে একজনই হাকিম থাকিতে পারে—এক কম্বলে চার জন দরবেস্ বসিতে পারে, কিন্তু এক রাজ্যে ছইজন রাজার স্থান হইতে পারে না—নাজির আবার কোথাকার হাকিম, ছই দিবস পর্যান্ত গ্রামে প্রভুষ করিতেছে অথচ ডাকমুন্সী মহাশয়কে একটি কথা, একটী পরামর্শন্ত জিজ্ঞানা করে না। ভাল, কেমন তার হাকিমী, কেমন তার পরামর্শ দেখা যাইবে।

ভাকষরের কার্য্য পরিদর্শনাভিপ্রায়ে অছ্য ভাক্তার ইট্ওয়াল্ সাহেব আগত-প্রায়; তাঁহার কর্ণগোচর হইলে, জজ্ঞ লুমুল্ সাহেব সকল কথা শুনিবেন। একজনের মনোবাদ সোণা, আর একজানের বিষেষ সোহাগা—মাষ্টার বাবুও ভাকমূলী মহাশয়ের গল্প শেষ হইল—পরস্পার হস্তম্পর্শ করিয়া বিদায় হইলেন— পরক্ষণেই একজন হরকরা আসিয়া কহিল, সাহেব বাহাছরের ঘোড়া নদীর বাঁথের উপর দেখা গেল।

সাহেবের নাম শুনিবামাত্র ডাকমুন্সী মহাশয় পার্শ্বস্থিত ডাকবাঙ্গালায় উপস্থিত হইলেন। আৰু ডাকবাঙ্গালা পোষাকী বেশ পরিয়াছে, সকল জব্য মাৰ্জিড: দেয়ালে খানসামা সাহেব পান চিবাইতে চিবাইতে শ্লেমা বৰ্জনে যে চিত্ৰ বিচিত্র অন্ধপাত করিয়াছিলেন, বাঁখারির কলমের আঘাতে ডাকমুন্সী মহাশয় যে থামের চুণ খসাইয়া পানের ঝালের লাঘবতা সম্পাদন করিয়াছিলেন, তাহা সকল সংস্থার হইয়াছে, সকল খেত খড়িতে মার্জ্জিত হইয়াছে, বড় মেঞ্জের উপর 😎 চল্রজ্যোতির স্থায় চাদর বিছান হইয়াছে, বেলাওয়ারি বাসন, চীনের প্লেট গিল্টির জলে আজ খানার কামরা ঝক্ ঝক্ করিতেছে, দারে ত্ইটি পূর্ণ কলসী ও কলার গাছ রোপণ করা হইয়াছে, টেবিলের উপর গরম ডবল ডিসে বড় হাঞ্জরির জাতি-विमानिनौ পित्रिनिक्नकनिष्कानौ ज्ञाना शक विश्वात कतिराउए । धानमामात वयम প্রায় অনীতি বৎসর, গৌরবর্ণ, গোলাম আলি, দম্বগুলি পরিষার ফাঁক ফাঁক, পরিধানে অতি শুভ্র চাপকান, তাহার বামপার্শ্বে শ্বেডলোমবিকীর্ণ বক্ষ:স্থলের किकिनः म तिथारेया ও উপর হইতে প্রচুর শুল্রশাঞ্চকেশরাশি দোলাইয়া ছারের নিকট দাঁডাইয়া আছেন, মাধার পাগড়ি বন্ধনে ৩০ গল মলমল পর্য্যবসিত হইবাছে—হাতে একখানি মাস্ত্রান্তি ক্রমাল ও বগলে একটা সাটফিকেটের ভাড়া লইয়া আছেন: আবশুক হইলে আপন কার্য্য দক্ষতার পরিচয় দিতে প্রস্তুত। এই ভাডায় ভারতবর্ষের নব পুরাবৃত্ত পর্যাপ্ত হইয়াছে। দিতীয় মারহাট্টা বৃদ্ধ হইতে পঞ্জাব অধিকারের সময়তালিকা এই তাড়া হইতে নির্দার্য্য হইতে পারে—উল্ল পাঠ করিলে ডাক্তার রাজেজ্ঞলালের পুরাবৃত্ত, বা বৃদ্ধিন বাবুর উপক্তাস সংগ্রহের পরিশ্রম লাঘব হইতে পারে—লর্ড নেপিয়রে ফুটীমাত্র আধপোড়া চিকিণ ভক্ষণ করিয়া এই পথে সিন্ধুযাত্রা কোন্ কালে করেন, প্রথম নেটিৰ ইঞ্জিনিয়ার বৈকুষ্ঠবাসী বেচারাম হালদার মহালয় বাধীন বিভাগের ভার কোন সময় প্রাপ্ত হন, ও কোন দিনে সার কলিন কেম্বেল মিউটিনি নিবারণ জক্ত মরিচমিঞ্জিত অলোণা কাঁচা আলো ৫ পণ্ডা আহারান্তে এই পথে প্রয়াগতুর্গে পমন করেন, সকল ভারিখ এই ভাড়া হইতে ছিন হইতে পারে। কোন্ সাহেব কি খাইতে ভাল বাসেন ও কোন বাৰু প্রথমতঃ হিন্দুধর্মনিষিদ্ধ জব্য ঐ হাতের গুণে নিজ্ঞাসে গ্রহণ করিয়া জানজ্জাভ

করেন—সকল কথা গোলাম আলি বলিতে পারেন। কিন্তু আপাততঃ গন্তীর-প্রকৃতি ধীর লোকের স্থায় সম্পূর্ণ ভক্তিসহকারে ডাক্ডার সাহেবকে একটি সেলাম করিবার আশয়ে দাঁড়াইয়া রহিয়াছেন।

ইতিমধ্যে অশ্বপদের দড়বড়ি শব্দ শুনা গেল, ও পরক্ষণেই ঘোড়া বারাসভের মধ্যে দেখা দিল, একজন বেহারা কহিয়া উঠিল "ও! তীর আস্ছে!" সাহেবকে দেখা যায় না কেবল অশ্বপৃষ্ঠে একটা ক বর্গের পঞ্চম অক্ষর ও ঠাকুরের স্থায় মস্তকে বৃহৎ টুপিধারী পাদছয় সম্মুখ ভাগে হেলান দেখা যাইতেছে, চতুম্পদের ঘর্ষণে ধূলা রক্ষ্পাকের স্থায় ঘ্রিয়া আকাশে উঠিতেছে। কথা কহিতে কহিতে গাড়ির বারান্দায় ঘোটক উপস্থিত, সাহেব বাহাত্বর চকিতে অবরোহণ করিলেন, সেলামের উপর সেলাম চতুম্পার্শ হইতে বর্ষণ হইল। সাহেব বাহাত্বর কেবল টুপিটি চকিত মাত্র উঠাইয়া বৃহৎ মস্তকের টাক সকলে দেখিতে না দেখিতেই আবার টুপি মাধায় রাখিলেন, কারণ সরদির ভয়ে সাহেব টুপি খ্লিতে নিতাস্ত অনিজ্বক। বারেশু। হইতে সোপানের দিকে দেখিলেন ও পূর্ণ বাবুকে ইক্ষিত্র করিয়া "ওয়েল" "Well" মাত্র কহিয়া ক্রেত্রপদে কামরায প্রধান চৌকিতে উপবিষ্ট হইলেন—পাখা অমনি শন শন করিয়া চলিতে লাগিল।

ডা, সা। "All right with you, Purna ?" (সব ভাল ত ?)

পু। Sir, master, your blessing (ভুজুর খামিন্দি। আপনার আশীর্বাদ।)

ডা, সা। My blessing!

পু You master! you are my most obedient servant। এখন পূৰ্ণ বাবু বিহ্বল হইয়াছেন, কি বলিভে কি বলিলেন। ও কহিয়া উঠিলেন forgote, forgote sir—!

ডা। Am I your most obedient servant ?

71 No sir.

ডা, সা। No sir.

পু। তবে yes sir.

ডা, সা৷ I am your most obedient servant, either you or I must be fool.

পুর্ব। Both, my Lord.

সরলচিত্ত ডাক্তার সাহেব হাসিয়া উঠিলেন। তিনি পূর্ণবাব্র ইংরেজি বিভায় যতদূর বৃহপত্তি তাহা বিলক্ষণ জানিতেন, কিন্ত পূঁট আখরের প্রতি তাহার স্লেছ ছিল, তাহার কার্য্যবিভাগ এক্লপ পুঁট আখরেতেই পরিপূর্ণ ছিল, ও যথন বিভঙ্ক ইংরেজি ভাষার পত্র পাইতেন, নিশ্চয় জানিতেন, তাহা অপর হাতে লিখিত। পূর্ণ বাবুর প্রতি দৃষ্টি করিয়া আবার কহিলেন, "What's the news", খবর কি ?

পু। খবর—Sir Ghost's father's verb done! (ভূতের বাপের শ্রাদ্ধ ক্রিয়া হইতেছে।)

ডা: What do you mean ?

প। The cake of Udo on the neck of Budho (উদোর পিতি বুধোর ঘাড়ে) Horse's evil on monkey's head (ঘোড়ার বালাই বানরের ঘাড়ে।) পূর্ণ বাবু এই কথা গুলি উচ্চারণ করিয়া দেখিলেন সাহেব তাহার অর্থ সংগ্রাহে অক্ষম; তখন খানসামাকে ইঙ্গিত করিলেন, সে বাহিরে গেলে কিঞ্চিৎ নিমুম্বরে গাঙ্গুলি মহাশয় ডাক্তার সাহেবের নিকট নাঞ্জিরের অত্যাচার ও গন্ধাননের स्क्रितिश विश्व । बानकन्ना माखाईवात অভিসন্ধি সমস্ত वाकु कतिया मिलन, ও যাহাতে তাহা জ্জু সাহেব বাহাতুরের কর্ণগোচর হয় তাহাই যাজ্রা করিলেন। ডাক্তার সাহেব কেবল মাত্র কহিলেন "এ সকল অনধিকারচর্চ্চা, তোমাদের সমাজে এ সকল মিথাা রচনা অভ্যাসের কর্ম, বিশেষ এ বিষয়ের বিচার পরে জজ সাহেবের নিকট হইতে পারে, তাঁহাকে পুর্বাহ্নে কোন কথা জ্ঞাত করান সঙ্গত হইতে পারে না"—এই সময় পকেট হইতে ঘডি লইয়া বাস্তু সমস্ত হইয়া কহিলেন, "Hang them!" আমাকে সন্ধ্যা পর্যাস্ত—নগরে আপন কুটাতে পৌছছিতে হইবেক ৷ জজ সাহেবের মেমের সহিত খানা খাইতে হইবেক "বহি লাও" "বহি লাও।" তিলেক সময়মধ্যে আপিসের পুস্তুক সকল আসিল; ও কোন রেজিষ্টারির উপরিভাগে, কাহার তলদেশে, কাহার মধাদেশে, যেখানে প্রথমে হাত পড়িল প্রায় ছুই মিনিট মধ্যে শত স্বাক্ষর ছড়াইয়া পরিদর্শন কার্য্য সমাপ্ত করিলেন ও খাম মেরামত দেখিয়া এবং পূর্ণ বাবুর দম্ভ ও ওষ্ঠাধর খদিররাগবিবন্ধিত দেখিয়া "I am satisfied" (वर्फ मुद्ध हे हेरेग़ाहि) कहिएनन । शतकराई काँठा हती अञ्चर्धाती হইয়া খানসামার প্রতি ইঙ্গিত করিবামাত্র ডিসের ঢাকুনি খোলা হইল, ও কাটাকাটি हिं ए बात्र इंटेन। भिंद इंटेए भूँ या छेठिए बात्र इंटेन, पूर्व वात्र इंटे নাকে ছটা অঙ্গুলির অগ্রভাগ প্রবিষ্ট করিয়া কথা কহিতে লাগিলেন। "You eat nothing? your stomach very small sir!" (মহালয় কিছই খান না, এতট্রকু পেই।)

Il Can you eat more of this meal?

পু। Ram Ram, sir, my caste go, I worship stone every day. (রাম রাম! জাত যাবে, আমি প্রতি দিন লালগ্রাম পূজা করিয়া থাকি)
—but say "rice"—two seers every time, mind sir, I am old.

ডাক্তার সাহেব চা ও জল ভিন্ন অপর কোন দ্রব্য পান করিতেন না— কহিলেন, "এই গ্রীমপ্রধানদেশে স্লিগ্ধ বরফবারির তুল্য আর উপাদেয় কি আছে ?"

পু। তপশি মাছ আর আম বড় মন্দ নহে। মছপান ডাক্তার সাহেব নিষেধ করিতেন। অভএব কহিলেন, "মদেই তোমার দেশ ডুবিবে।" পরে আহার সাঙ্গ করিয়া সাহেব বড় প্রফুল্ল হইলেন, অশ্ব সজ্জিত করিতে আদেশ দিলেন ও কহিলেন, "আমরা আহার করিয়া নিদ্রা যাই না। Well Gangooly what do you want?"

21 I want, thank sir, nothing sir, but pension next October and—

ডা। And what? (এবং কি ?)

পু। My son well learned English, missionary School Daff sahib scholar, Inspectori wants.

ডা, সা৷ I shall see what I can do for him, Purna, I give you no promise.

তখন সাহেবর। অমুগত লোক প্রতিপালনে সর্ব্বদা সুখী হইতেন।

পূর্ণ বাবু সেলাম কবিলেন। সাহেব ছটি মাত্র আধপোড়া পক্ষী রুমালে বাঁধিয়া পকেটে ফেলিলেন। পথে টিফিনের উছোগ রহিল, পরক্ষণে বারান্দায় আসিলেন। খানসামার হস্তে ঝনাৎ করিয়া মূদ্রা দিবামাত্র অশ্বারোহী হইলেন, আবার ক্ষণমধ্যে অশ্ব ধাবিত হইল।

দ্বিতীয় আড্ডায় ঘোড়া প্রস্তুত আছে কিনা পূর্ণ বাবু তাহাই চিস্তা করিতে করিতে সাহেবের ঘোড়ার গতি সর্ব্বাগ্রে দেখিতে লাগিলেন।

যোড়শ পরিচ্ছেদ

বেসবারী

গজানন ব্যয়কুণ্ঠ। পয়সাটি যার ব্রহ্ম, সুখদ পদার্থ তাহার চক্ষের শৃল। যাহাতে প্রকৃত সোন্দর্য্যবৃদ্ধি, যাহাতে শিল্পের প্রীসাধন, যাহাতে বিজ্ঞানের উন্ধৃতি, যাহাতে মানবের শক্তি বৃদ্ধি তাহা কুপণের অসাধ্য ও অসহা। নৃত্য গীতে যাহারা আসক্ত তাহারা গজাননের পরম শক্ত। সাধারণ প্রমোদের চিহ্নমাত্র তাঁহার ক্রোধের কারণ। কেথাও তাস যোড়া দেখিলে খণ্ড খণ্ড করিয়া ছি ড়িয়া ফেলিয়া দেন, শতরঞ্চ বা পাশা খেলার আয়োজন দেখিলে বলের থলিটী পর্যাস্থ

\$ 50

তাঁহাকে জলে নিক্ষিপ্ত করিতে দেখা গিয়াছে। কাহারও তানপুরা দেখিলে তারটি খুলিয়া রাখিতেন ও আবশ্যকমতে আপনার জ্বীর্ণ দস্ত বাদ্ধাইতেন। তাঁহার ভয়ে গান বাজনা অতি সংগোপনে করিতে হইত; কেবল ঢোল ভাঙ্গিয়া দিতেন না, তবলার ছাওনিটি ছুরি লইয়া কাটিয়া দিতেন না, তাহার চর্মতন্ত্রী थुनिया लाऋलात युगाल लाशाहरजन ७ यात घरत रेवर्ठिक शीख इहेगाए अनिरंजन, তাহার সঙ্গিন জ্বিমানা লাগাইতেন ও স্ত্রীলোক হইলে গোপনে উত্তম মধ্যম দেওয়াইয়া গ্রামত্যাগিনী করাইতেন। কোন ব্রাহ্মণযুবার স্কন্ধে অনেকগুলি যজ্ঞসূত্র দেখিলে লাম্পট্য চ্হিন্ন জ্ঞান করিতেন ও ক্রোধভরে কাঁচি দিয়া অর্দ্ধেক কাটিয়া ফেলিতেন।

এই সকল কারণে সুন্দরী গোপিনী গন্ধাননের বিশেষ অন্ধুরাগিণী ছিলেন না, কিন্তু প্রজাবৎসল আশুতোষ বাবুর আশ্রয়ে সুন্দরীর বাস। বাবু গুণরাশী হইলেও তাঁহার ছই একটি বিলক্ষণ মনভ্রাস্তি ছিল। তিনি সৌন্দর্য্যপ্রিয়। প্রকৃতি মধ্যে হউক, উষার গগনে বা হরিত পল্লবক্ষেত্রে বা নীলিময় জনস্রোতমিশ্রিত চম্রকিরণে বা চম্রমুখীদের চম্রবদনে বা বিচিত্র চিত্র পটে, বা প্রস্তরময় প্রতিমৃত্তিতে বা কবিতাকলাপে যেখানে হউক কমনীয় সৌন্দর্য্য দেখিতে পাইলেই তাহাতেই তাহার পক্ষপাত দৃষ্টি হইড, যাহাকে ভালবাসিতেন তাহার শত দোৰ থাকিলেও অন্ধ, এই তাঁহার লোকামুরাপের এক কারণ। তিনি স্থাই দেখিতেন এবং এই স্থাগ্রাহিতা জন্ম তিনি অভাগিনী সুন্দরী গোপিনীর নিকট যোগী ঋষি হইতে ভক্তিভান্ধন ছিলেন। তাঁহার নামের দোহাইয়েই গজানন সকল কার্য্যে সুসিদ্ধ হইতেন, অদ্য সন্ধ্যার পর সেই নাম উচ্চারণ করিয়া গজানন স্থন্দরী গোপিনীর দেখা পাইয়াছেন।

রাত্রি ঘোর অন্ধকার, গবাক্ষ দিয়া দৃষ্টি করিলে নিকটের বুক্ষকায়া-গুলি ঘনীভূত অন্ধকারে চাপ মাত্র বোধ হইতেছে। আকাশের উপর একটি ঘন মেঘখণ্ড মন্দ মন্দ গতিতে উড়ে বাইতেছে। আলোকের পরিচয় দিতে কেবল খদ্যোতিকার দীপ্তি, শব্দের পরিচয় দিতে শত শত ভেকক সপ্ত গ্রাম, মধ্যে মধ্যে একটা কট্ কট্ শব্দ হইতেছে, যেন ভূত দলে বর্ষায় বাতের আশহায় অঙ্গ চালনা করিতেছে আর হাড় মটকাইভেছে। এমন রাত্রে কি অবলা জ্রীলোক খরের বাহির হয় ? তবু আও বাবুর নামে ও দেও-য়ানদ্দীর ভয়ে একটি ভূতাসহ সুন্দরী গোপিনী দোডালার উপর একটি কুক্ত কামরায় গজাননের নিকট আসিয়া উপস্থিত। গৃহের এক কোণে একটি বাঁশের ছেঁচা নির্মিত বেরার মধ্যে এক ভাল গোমরের উপর এক নির্কাশশ্রার ক্ষীপপ্রভা মিহি পলিতা দীপ্তিমান। দীপটি মিটমিট করিভেছে।

একটা ক্লিষ্ট তাকিয়া ঠেশ দিয়া বসিয়া আছেন ও মধ্যে মধ্যে দংশন আলায় বজাত ছারপোকাকুলের উপর তম্মি করিতেছেন। পার্শে নীলমণি—তাঁহার প্রাণাধিক নীলমণি—শয়ন করিয়া একটি একটি কথা কহিতেছে। গজানন কহিতেছেন, "ও বাপু, রাত্রি হল, বাড়ী চল, ঘুমাও, ব্যাম হবে।"

नी। कि वावा ? व्यत ?

গ। বালাই। অমন কথা বলতে নাই। তুমি না ঘুমাও, চুপ করে থাক।

নী। কেন বাবা চুপ করলে জ্বর হয় না।

युन्पत्री निकरि विमिशां हिल। कशिन, व्यापारित !

নী। ছ, তুই ক্ষেপি-

স্থ। অমন কথা বল্তে আছে ? আমি—তোমার—

নী। কে, খুড়ি?

युन्पत्री कहिल-पूष्ट्रि हरल कि তোমার জ্যোঠার কাছে আসি।

নী। তবে কি পিসি ?

গ। তানয় ক্ষেপা, ও দিদি হয়।

নী। ঠাকরণ দিদি? এই কথা কহিতে কহিতে প্রদীপ নির্বাণ-প্রায় হইল। গজানন কহিল, "ওরে উসকাইয়া দে।" নীলমণি কহিল, "নিবে যায় ভ বেশ হয়, সকলের ঘুম হবে—"

স্বন্দরী কহিল, তোমার জ্যেঠার যে প্রদীপ, নির্ববাণ, দীপ্তিমান্ উভয় সমান—
নী। আমি বড় লোক হই—পিডিম ভেঙ্গে বাটি লঠন জ্বালাব।

গঞ্জানন অমনি সজ্জলনয়নে কহিলেন, "কে বলে এর বৃদ্ধি নাই। রঘুবীর করুন ভূমি বড় লোক হবে।" কথা কহিতে কহিতে নীলমণির ভজ্জা আসিল। সুন্দরী কহিল "আমাকে কেন স্মরণ করিয়াছেন।"

গজানন কহিলেন, "পারবি ?"

স্থ। আমি কি না পারি ? কারও যোগ ভঙ্গ করিতে হইবে ?

গ। তা नय, अप पर्नाहेट इहेटव। स्मिट य कथा स्मिन विनयाहि, कापियों मानिए इहेटव।

य। कि त्मचमाना ? कांत्र अनाग्न कि क्र्यांटेर हरेरिक ?

আজ গজানন রসিক হইয়াছেন, তাঁহার কেবল কেটো রস কার্য্যসিদ্ধির পদ্মা—কহিলেন, "জড়াও ত হাকিমের গলায়।"

মু। ও মা জাত যাবে! সে যে গোখাদক! ও হরি!

গ। এখন যে কথাগুলি বল্ছি বুঝেছ কি না ? বুঝা ত বল, না বুঝা তাও বল—বল গো বল। সু। সব বুঝেছি, কাপড় আর অলঙ্কার চাই।

আমাকে নীলমণি "জ্বটা ডাডা" বলিয়া বড় ভক্তি করে। আমি তার পাশে শুইয়া এতক্ষণ কপটনিজায় ছিলাম। এখন কহিয়া উঠিলাম, "সুন্দরীর কাপড় আর গয়না আর সোনা।" আমার কথা শুনিয়া চমিকয়া উঠিল ও কহিল, "গঙ্গা দাদা! ঘুমাও নাই! যে আমায় সোনা দেয়, গহনা দেয়, আমি তার; ছুমি দিবে!" আমি কোন উত্তর দিবার পূর্কেই সুবৃদ্ধিমান্ নীলমণি ভবিশুৎবাণীর স্বরূপ কহিল, "ছিছি! আমি দিব।" গজানন কহিয়া উঠিলেন, "ক্ষেপাছেলে।"—নীলমণি আবার কহিল, "আমার যে তু টাকার ডুয়ানি আছে—টোনা খরিদ কর্ব।" আমি কহিলাম, "ভাই নীলমণি, তুই টাকায় কটা তুয়ানি হয়!"

নী। সাডে নয়টা—জটা ডাডা।

গ। ভীমে মাষ্টারটা অতি বেল্লিক, শিখাইবার প্রণালী আদৌ জানে না।

স্থ। একটা বন্দবস্ত করুন—আমার কাপড় অলঙ্কার ?

গ। সব প্রস্তুত।

সম্থে একটা হাতবাক্স ছিল। ছইটি গিল্টির বাগ্মুখো চক্চকে বালা দেওয়ান্জী স্থল্দরীকে দিলেন। সেও সঙ্গে সঙ্গে পবিল ও ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। আবার একটি পার্শস্থিত বস্তা হইতে একখানি সাড়ি ও উড়ানি ও পাদভূষণ পশ্চিমে পাঁইজর স্থল্দরীকে দেওয়া হইল। স্থল্দরী বারেগুার দিকে গেল। মুহূর্ত্ত মধ্যে বেশ পরিবর্ত্তন কবিয়া রাজ-পুতানী কাদম্বিনী হইয়া প্রবেশ করিল। বাস্তবিক তাহাকে তাদৃশ রাজপুতানীর মত দেখাইত না, সে তাদৃশ গৌরাঙ্গী স্থূল উশ্লতকায় নহে। তাহার আধির ও জ্বুগালের ভাবভঙ্গি সেরূপ প্রশস্ত পরিমাণের নহে; সে উজ্জ্বল-শ্রাম, কৃষাঙ্গী, কোমলাঙ্গী, পঞ্চদশবর্ষীয়া বঙ্গ গোপকস্থা মাত্র; তথাপি যে দিন হইতে সে রাজ-পুতানী সাজ্লিল, সেই দিন হইতেই তাহাকে ঠিক রাজপুতানী বলিয়াই অনেকে দেখিতে লাগিল, ও গ্রামে ছই একটি বৃদ্ধ লোক জ্র উত্তোলন করিয়া কহিতে লাগিল, "না হবে কেন, এ কে জান !" আর এক বৃদ্ধ কহিল, "এ বাবুর বাটীর জ্বমাদার ভবানী স্থক্লের উরসজাত কস্থা, সেই জ্বন্থ ও কেমন লোচ হিন্দিতে কথাবার্ত্তা কহে শুনেছ!" এখন সজ্জা পরিবর্ত্তন করিয়া গ্রন্থানের সম্মুখে দাড়াইবাসাত্র গ্রন্থানন কহিলেন, "বেশ সেজ্বছ—স্থলরে!"

স্থলরী কহিলেন, "এ আপনার ভ্রম—আমি কাদম্বিনী।" নীলমণি কহিয়া উঠিল—

> "দিদি! তুমি জান কত রঙ্গ, ধানভান, চিঁড়ে কোট—বাজাও মুদঙ্গ।"



বি বৰ্ষে এসো যাও এ বাদালা ধামে কে তৃমি যোড়নী কন্যা, মুগেন্দ্ৰবাহিনি ?

চিনিয়াছি তোরে ছুর্গে,

তুমি নাকি ভব ছর্গে,

তুর্গতির একমাত্র সংহারকারিণী।

মাটি দিয়ে গড়িয়াছি

কত গেল খড় কাছি,

সঞ্জিবারে জগতের স্তজনকারিণী।

গড়ে পিটে হলে। খাড়া,

বাজা ভাই ঢোলকাড়া,

কুমারের হাতে গড়া ঐ দীনতারিণী!

বাজা-ঠমকি, ঠমকি ঠিকি, খিনিকি ঝিনিকি ঠিনি।

2

কি সাজ সেজেছ মাতা রাজতার সাজে !

এদেশে যে রাজই সাজ কে তোরে শিখালে ?

সস্তানে রাজতা দিলে, আপনি তাই পরিলে,

কেন মা রাজের সাজে এ বল ভূলালে ?
ভারত রতন খনি, রজত কাঞ্চন মণি,

সেকালে এদেশে মাতা, কত না ছড়ালে ।

বীর ভোগ্যা বস্থদ্ধরা, আজি তুমি রাজতা পরা,

ট্ডা ধৃতি রিপু করা, ছেলের কপালে !

ছেড়া ধূতে রেপু করা, ছেলের কপালে ! ভবে—বাজা ডাই ঢোল কাঁশি মধুর ধেমটা ভালে !

এই কাব্যে ছন্দের নিয়ম পুনঃ পুনঃ লজ্মিত হইয়াছে—ব্যাকরণের ত কথাই নাই।—লেখক।

কারে মা এনেছ সব্দে, জনস্ক রন্দিণি!

কি শোভা হয়েছে আজি, দেখরে সবাই।

আমি বেটা লন্মীছাড়া, আমার ঘরে লন্মী থাড়া,

ঘরে হতে থাই তাড়া, ঘর ধরচ নাই।

হয়েছিল হাতে থড়ি, ছাপার কাগল পড়ি,

সরস্বতী তাড়াতাড়ি, এলে বুঝি তাই?

করো না মা বাড়াবাড়ি, তোমায় আমায় ছাড়াছাড়ি,

চড়ে না ভাতের হাঁড়ি, বিছায় কাল নাই।

তাক্ তাক্ ধিনাক্ ধিনাক্ বাজনা বাজারে ভাই।

त्र मण्ड्र मणाइध কেন মাতা ধর ?

 কেন মাতা চাপিয়াছ সিংহটার ঘাড়ে ?

ছরি দেখে ভর পাই, ঢাল খাড়া কাজ নাই,
 ও সব রাধ্ক সিয়ে রামদীন পাড়ে।

সিংহ চড়া ভাল নয়, দাত দেখে পাই ভর,
 প্রাণ বেন খাবি খায়, পাছে লাফ ছাড়ে।

আছে ঘরে বাঁধা পাই, চড়তে হয়ত চড় ভাই,
 তাও কিছু ভর পাই, পাছে সিল্ল, নাড়ে।

সিংহ পৃঠে মেষের পা! দেখে কাশি হাড়ে হাড়ে।

বি

তোমার বাপের কাঁধে—নগেন্তের খাড়ে
তুল শৃলোপরে সিংহ—দেখ সিরিবালে!

শিমলা পাহাড়ে ধ্বলা, উড়ায় করিয়া মন্ধা,
শিতৃসহ বন্দী আছ, হর্ঘান্দের আলে।
তুমি বারে রুপা কর, সেই হয় ভাগ্যধর—
সিংহেরে চরপ দিরে কডই বাড়ালে!
কামি প্লে পারপলে, পড়িছ্ আড়ালে!
কটি মাখন খাব মাগো! আলোচাল ছাড়ালে!

এই শুন পুন: বাজে মন্ধাইয়া মন, সিংহের গভীর কঠ, ইংরেজ কামান!

হুড়ুম হুড়্ম হুম, প্রভাতে ভালার ঘুম, হুপুরে প্রাদোবে ভাকে, শিহরর প্রাণ!

ছেড়ে ফেলে ছেড়াধৃতি জলে ফেলে খুকী পুঁথি, সাহেব সাজিব আজ আছান সম্ভান।

পূচি মণ্ডার মূথে ছাই, মেজে বস্তে মটন খাই।
দেখি মা পাই না পাই তোমার সন্ধান।
সোলা-টুপি মাধায় দিয়ে পাব জগতে সন্মান।

এনেছ মা বিশ্ব-হরে কিসের কারণে ?
বিশ্বময় এ বালালা, তাকি আছে মনৈ ?
এনেছ মা শক্তিধরে, দেখি কত শক্তি ধরে ?
মেরেছ মা বারে বারে হুটাস্থরগণে ॥
মোরেছে তারকাস্থর, আজি বঙ্গ ক্ষ্ধাত্র,
মার দেখি ক্ষাস্থর, সমাজের রণে ?
অস্থরে করিয়া ফের, মায়েপোয়ে মার্লে চের।
মার দেখি এ অস্থরে, ধরি ও চরণে ॥
তথন—"কত-নাচ গো রণে!" বাজাব প্রাক্র মনে ॥

ভোমার মহিমা মাতা ব্বিভে নারিছ,
কিসের গাগিয়া আন কাল বিবধরে ?

ঘরে পরে বিবধর, বিবে বন্ধ জর জর,

আবার এ অঞ্চার দেখাও কিছরে ?

হই মা পরের দাস, বাধি আঁটি কেটে ঘাস,

নাহিক ছাড়ি নিংখাস, কালসাপ ভরে।

নিতি নিতি অপমান, বিবে জর জর প্রাণ,

b

চানাড অপমান, াববে অর অর প্রাণ কড বিষ, কঠ মাবে, নীলকঠ ধরে ? নির্ভয় বিষয়ে আলার প্রাণ ছট ফট করে !

হুৰ্গা হুৰ্গা বল ভাই হুৰ্গা পূজা এলো
পুঁতিয়া কলার তেড় সাজাও তোরণ।
বৈছে বৈছে ভোল ফুল, সাজাব ও পদমূল,
এবার হৃদয় খুলে পূজিব চরণ।
বাজা ভাই ঢাক ঢোল, কাড়ানাগরা গওগোল,
দেব ভাই পাঁটার ঝোল সোনার বরণ।
স্থায়রত্ব এসো সাজি, প্রতিপদ হলো আজি,
জাগাও দেবি চঙীরে বসায়ে বোধন ?

> 0

যা দেবী সর্বভ্তেষ্—ছায়া রূপ ধরে !

কি পুঁথি পড়িলে বিপ্র ! কাঁদিল হৃদয় !
সর্বভ্তে সেই ছায়া, পবিত্র হইল কায়া,
ছুচিবে সংসার মায়া, বদি তাই হয় ।
আবার কি তান কথা ! শক্তি নাকি বখা তথা ?
সা দেবী সর্বভ্তেষ্, শক্তিরপে রয় ?
বালালী ভ্তের দেহ— শক্তি ত না দেখে কেই ;
ছিলে বদি শক্তিরপে, কেন হলে লয় ?
আভাশক্তি শক্তি দেহ ! কয় মা চঙীর কয় !

22

পরিল এ বন্ধবাসী, নৃতন বসন,
ভীবস্থ কুম্ম সজ্জা, বেন বা ধরায়
কেহ বা আপনি পরে,
বে বাহারে ভালবাসে, সে তারে সালায়।
বাজারেতে হড়াছড়ি, জাত কেবা বায় ?
মধ্যের বড় বাড়াবাড়ি,
টাকার বেলা ভাড়াভাড়ি
এই দশা ত সকল বাড়ী, লোবির বা কার ?
বর্ষে বর্ষে কুলি, মালো বড়াই টাকার লায় !

হাহাকার বন্দদেশে, টাকার আলায়। তুমি এলে শুভঙ্করি ! বাড়ে আরও দায়। কেন এলো কেন যাও, কেন চাল কলা থাও তোমার প্রসাদে যদি টাকা না কুলায়। তুমি ধর্ম তুমি অর্থ, তার বৃঝি এই অর্থ, তুমি মা টাকা-ক্লিণী, ধরম-টাকায়। টাকা কাম, টাকা মোক, রক মাত:, রক রক, होका मां कक नक, नितन ल्यान यात्र। টাৰা ভক্তি টাৰা নতি, টাকা মৃক্তি টাকা গতি, না জানি ভকতিস্তৃতি, নমামি টাকায়! हा होका रहा होका रहित, अबि रहन होका स्मित, षश्चिमकारन भारे यन क्रभाव ठाकाय!

30

তোর লাগি সর্বত্যাপী, ওরে টাকা ধন!
ক্ষনমি বালালী-কুলে, ভূলিফ ও রূপে!
তেয়াগিস্থ শিতা মাতা, শুরু যে ভগিনী প্রাতা,
দেখি মারি জ্ঞাতি গোষ্ঠী, তোরে প্রাণ ফুলে!
ব্রিয়া টাকার মর্ম, তাজেছি যে ধর্ম কর্ম,
করেছি নরকে ঠাই, ঘোর কুমিকুপে।
ছুর্গে ছুর্গে ভাকি আজ, এ লোভে পড়ক বাজ!
অস্বনাশিনি চণ্ডি, আর চণ্ডীরূপে!
এ অস্বরে নাশ, মাত। ভ্রম্ভে নাশিলে বেরুপে।

এসো এসো জগন্মাতা, জগন্ধানী উমে!
হিসাব নিকাশ আজি, করি তব সন্দে।
আজি পূর্ণ বারমাস পূর্ণ হলো কোন্ আশ ?
আবার পূজিব তোমা কিসের প্রসন্দে?
সেই ত কঠিন মাটি, দিবা রাত্রি ত্থে হাঁটি,
সেই রৌদ্র সেই রৃষ্টি, পীড়িতেছে অলে।
কি জন্ম গেল বা বর্ণ ? বাড়িয়াছে কোন হর্ণ ?
মিছামিছি আয়ুংক্ষয়, কালের ভ্রুভলে।
বর্ণ কেন গণি তবে, কেন তুমি এসো ভবে,
পিঞ্চর ষন্ত্রণা সবে, বনের বিহলে?
ভাক মা দেহ-পিঞ্চর! উড়িব মনের রকে।

36

ওই শুন বাজিতেছে গুম্ গাম্ গুম্

ঢাক ঢোল কাড়া কাশি, নৌবত নাগরা।
প্রভাত সপ্তমী নিশী,
রাধিবে ভোগের রায়া, হাঁড়ি মাল্শা ভরা।
কাদি কাদি কেটে কলা, ভিজাইয়াছি ভাল ছোলা,
মোচা কুমড়া আলু বেগুন, আছে কাঁড়ি করা।
আর মা চাও বা কি?
মিহিদানা শীতাভোগ, লুচি মনোহরা!
আজ এ পাহাড়ে মেয়ের, ভাল করো পেট ভরা।

39

আর কি থাইবে মাতা ? ছাগলের মৃগু ?
কথিরে প্রবৃত্তি কেন হে শান্তিরূপিনি !
তুমি গো মা কগরাতা, তুমি থাবে কার মাথা ?
তুমি দেহ, তুমি আস্মা, সংদারব্যাপিনি !
তুমি কার কে তোমার, তোর কেন মাংসাহার ?
হাপলে এ তৃপ্তি কেন, সর্কাশংহারিনি ?
করি তোমার কতাঞ্চলি, তুমি যদি চাও বলি,
বলি দিব স্থধ হংধ, চিত্তবৃত্তি জিনি;
হ্যাভ্যাং ভ্যাভ্যাং ভ্যাং ভ্যাং ! নাচ গো রণর্ভিণি।

ছয় রিপু বলি দিব, শক্তির চরণে

ঐশিকী মানসী শক্তি ! তীত্র জ্যোতির্ময়ি !
বলি ত দিয়াছি হথ, এখন বলি দিব তুখ

শক্তিতে ইন্দ্রিয় জিনি হইব বিজয়ী ।
এ শক্তি দিতে কি পার ? ঠুনে তবে পাঁটা মার,
প্রথমামি মহামায়ে তুমি ব্রহ্ময়মী ।
নৈলে তুমি মাটির ঢিপি, দশমীতে গলা টিপি,
তোমায় ভাস্বে গাঁজা টিপি, সিদ্ধি বস্তু কই ।
ঐটুকু মা লাভ দেখি, পুজি তোমায়, মুন্মী !

75

মন্ বোতলে ভব্জি-ধেনো রাধিয়াছি তারা,

এঁটেছি সন্দেহ-ছিপি বিভার গালাতে।

শিধিয়াছি লেখা পড়া, ঠাকুর দেবতার মেজাজ কড়া,

হইয়াছি আধ পোড়া, সংসার জালাতে।

সাহেবের ছকুম চড়া, গৃহিণীর নথনাড়া,

ঋণে কব্লে দেশ ছাড়া, পারি না পালাতে।

তাতে আবার তুমি এলে, টাকার হিসাব না করিলে,

এতে কি মা ভক্তি মেলে সংসার লীলাতে?

বোতলে এঁটেছি-ছিপি! পার কি তুমি খোলাতে?

কাজ নাই সে কথার; পূজা কর সবে।

দেশের উৎসব এ বে ঠেলিতে কে পারে?

কর সবে গণ্ডগোল, দাও পোলে হরিবোল,

সাপুটি পাটার ঝোল ফিরি ছারে ছারে—

যাজার লেগেছে ধুম, ছেলে বুড়ার নাহি ঘুম,

দেশ না জলিছে জালো বন্ধের সংসারে।

দেশ না বাজনা বাজে, দেশ না রমণী সাজে,

কুস্থমিত তক্ষ বেন কাডারে কাডারে।

তবু ত এনেছ স্থা মাডা বন্ধ-কারাগারে।

2:

বর্ষে বর্ষে এসো মাগো, খাও সুচি পাঁটা ছোলা কলা কচু ঘেঁচু যা যোটে কপালে,

যে হলো দেশের দশা, নাই বড় সে ভরসা,
আস্বে বাবে থাবে নেবে, সম্বংসর কালে।
তুমি থাও কলা মূলো, ভোমার সম্ভানগুলো,
মারিতেছে ব্রাণ্ডি পাণি, মুর্গী পালে পালে।
দীন কবি আমি মাতা, পাতিয়া আলট পাতা,
ভোমার প্রসাদ থাই, স্বৃত আলো চালে।
প্রসীদ প্রসীদ তুর্গে, প্রসীদ নগেন্দ্র বালে!

অহং কমলাকাস্থস্ত ছাত্র ভীন্নদেবস্ত খোষনবীশ জুনিয়ার M.A. B.L.



ষাঢ়ের বঙ্গদর্শনে একজন বাঙ্গালি গবর্ণরের অস্তৃত বীরত্বের বিবরণ প্রকাশিত হইয়াছে। স্থবিজ্ঞ লেখক সয়ের মতাকখরীণ হইতে এই বিবরণ সংগ্রহ করিয়াছেন। ♦ কিন্তু তিনি হাস্মরসেব অমুচিত অবতারণা করিতে যাইয়া তুর্লভরামের চিত্র অতিরঞ্জিত করিয়া তুলিয়াছেন। মূল ইতিহাসের সহিত তাঁহার কোন কোন কথার এক্য নাই। ছুর্লভরামের সেনাপতির নাম আতাউল্লা খাঁ নহে, মির আবহুল আজিজ। মারহাট্টারা আসিয়া উপস্থিত হইলে, মির 🚊 আবহুল আজিজ হুর্লভরামের অমুমতির অপেক্ষা না করিয়াই আপনার লোকদিগকে প্রস্তুত হইতে আদেশ করেন। নিদ্রাভঙ্গ হইলেই তুর্লভরাম দৌড় মারেন নাই। তিনি বাহিরে আসিয়া হুর্গে যাইবার জন্ম পাল্কিতে আরোহণ করেন। মির আবহুল 🗻 আপনার লোক লইয়া সেই পান্ধির সঙ্গে যাইতে থাকেন। কিছু দূর গেলে মারহাট্টা সৈক্ত আসিয়া পড়াতে তুর্লভরাম পান্ধি ছাডিয়া কোন ভগ্নগৃতে পলাইতে-ছিলেন, এমন সময় সেনাপতি আবহুল তাহাকে ধরিয়া ফেলেন, এবং অশ্বে আরোহণ করিতে কহেন। তুর্লভরাম অশ্বারোহণে আবহুল আঞ্জিও তাঁহার रिमण्णपान महिल पूर्व जैनील हारान। जिनि पूर्वभार्य वन्त्री हारान नाहै। ছর্লভরাম সন্ম্যাসীদের কথায়, আত্মসমর্পণ করিয়া সন্ধির প্রস্তাব করেন। সৈশ্র-সংক্রাম্ভ অনেক কর্মচারী তুর্গভরামের প্রস্তাবে সম্মত হয়েন। কিন্তু মির আবতুল ইহাতে নিতাস্ত অসম্মতি প্রকাশ করেন। সন্ধ্যাসীদের কুপরামর্শে তুর্লভরামের বৃদ্ধি লোপ পাইয়াছিল, স্বভরাং তিনি সন্ধি করিতেই উ্গত হয়েন। কয়েক দিন । कथावाखीत भत्र, पूर्वां छत्राम शंख इंट्रेंट वाहित्त जानिया मात्रहाष्ट्रीभिक त्रचुकी ভৌসলার সহিত সাক্ষাৎ করেন। সাক্ষাতের পর তিনি বাসস্থানে ফিরিয়া আসিতে চাহেন, কিন্তু মারহাট্টাপতি তাঁহাকে প্রচণ্ড সূর্য্য তাপের সময় বাসায় যাইছে. বারণ করিয়া, সেইখানে কিছুকাল বিঞাম করিতে অন্থুরোধ করেন। তুর্লভরাম ও

^{*} Seir Mutagherin. II. 511-514.

তাঁহার সমভিব্যাহারিগণ এইরপ অমুরুদ্ধ হইয়া অস্ত্রাদি পরিত্যাগ পূর্ব্বক রঘুজীর শিবিরে নিজিত হইয়া পড়েন। এই অবসরে মারহাট্টাগণ তাঁহাদিগকে বন্দী করিয়া ফেলে। আবহুল আজিজের ভ্রাতা, ছর্লভরামের সঙ্গে গিয়াছিলেন, সুভরাং তিনিও বন্দী হয়েন। কেবল মির আবহুল আজিজ ছর্গে আসিয়া, আপনাদের স্বাধীনতা ও নবাব আলিবর্দ্দি খাঁর সম্মান রক্ষা করেন।

হুর্লভরামের এই পরিচয়ে, বাঙ্গালার ইতিহাসানভিজ্ঞ পাঠক, উদ্দেশে সমস্ত বাঙ্গালীর প্রতি তর্জনী সঞ্চালন করিতে পারেন; সেই জ্বস্থ এই স্থলে বাঙ্গালীর বীরত্ব সহত্বে হুই একটা দৃষ্টাস্ত দেখাইতে ইচ্ছা হইতেছে। বাঙ্গালার সকলেই হুর্লভরামের স্থায় ছিলেন না অদৃষ্টদোষে বাঙ্গালার সর্ব্বাঙ্গসম্পূর্ণ ইতিহাস নাই; বাঙ্গালার ইতিহাসের আলোচনা করিতেও অনেক বাঙ্গালীর প্রবৃত্তি নাই। এক হুর্লভরামের বিবরণ বঙ্গদর্শনের স্তত্তে দেখিয়া, অনভিজ্ঞ পাঠক উচ্চ করতালিধ্বনির সহিত বলিয়া উঠিতে পারেন "হো! বাঙ্গালী কবে মানুষ ছিল ?"

বাঙ্গালার পূর্বের গোরব অনেক ছিল, বাঙ্গালীর পূর্ববীরম্বও অনেক ছিল, আপনাদের পূর্বে গৌরবকাহিনী শুনিলে লাভ ভিন্ন ক্ষতি নাই, এবং উপকার ভিন্ন অপকার নাই। ধাঁহাদের মনোবৃত্তি বিকারগ্রস্ত হইয়াছে, ডাঁহারা ইহাতে উপহাস
ুক্রিতে পারেন, কিন্তু তাঁহাদের জন্য আমাদের এই প্রয়াস নয়।

त्रचुवः का निमान त्रचुत्र मिश्रिक्षः वर्गनाः वाकानीत नयस्य निश्रिशास्त्रः—

"বঙ্গাহুৎখায় ভরুষা নেভা নৌষাধনোদ্যভান্। নিচধান জয়ভভান্ গুকুবোভোহুভুৱেষু সং ॥(১)

ইহাতে বোধ হইতেছে, কালিদাস যখন রঘুবংশ লিখেন, তখন বাঙ্গালী নোযুদ্ধে পটু ছিল। এবং তখন বাঙ্গালী স্বাধীন ছিল। কেহ কেহ অনুমান করেন, বালী ও যবদীপেও বাঙ্গালীর জ্বয়পতাকা উড়িয়াছিল। সমুদ্রযাত্রা ও সামুদ্রিক রাজ্য জ্বয়ে বাঙ্গালী যেমন যোগ্যভা দেখাইয়াছে, এমন ভারতবর্ষের আর কোন ক্লাভি দেখাইতে পারে নাই।

পাল ও সেনবংশের বীরত্বের বিবরণ আজ্বও বাঙ্গালা উজ্জাল করিয়া রাখিয়াছে। মৃঙ্গেরে যে একখানি ভাত্রশাসন-পত্র পাওয়া যায়, ভাহাতে লিখিভ ক্লাছে, গৌড়ের অধিপতি দেবপাল দেব মৃদ্য গিরিভে (মৃঙ্গেরে) শিবির সন্ধিবেশ

⁽১) সেনানায়ক সেই রঘু, রণভরী আরোহণ পূর্বাক বৃদ্ধার্ক উপস্থিত বছবাসীহিলকে পরাধ্য করিয়া গদার মধ্যক হীপে ক্ষয়ভঙ্ক স্থাপন করিলেন।

করিয়া অবস্থান করিয়াছিলেন, তাঁহার যুদ্ধাশ্ব কাম্বোজ দেশে (২) উপনীত হইয়া-ছিল। (৩) রাজসাহীর অমুশাসন-পত্রেও মহারাজ লক্ষ্মণসেনের এইরূপ দিখিজ্বয় বর্ণনা দেখা যায়। * ইতিহাসের পাঠকমাত্রেই অবগত আছেন, উড়িয়ার গঙ্গাবংশীয় রাজারা অত্যন্ত পরাক্রান্ত ছিলেন; এই গঙ্গাবংশীয়দিগের আদিপুরুষ বাঙ্গালী। তমোলুক ও মেদিনীপুর প্রদেশে ইহাদের আবাস ছিল (৪) হণ্টর সাহেব লিখিয়াছেন, বিষ্ণুপুরের রাজাগণ মুসলমান হইতে আপনাদের স্বাতন্ত্র্য রক্ষা করিয়াছিলেন, (৫) অতএব বাঙ্গালী পুর্বেষ্ঠ নিতান্ত ক্ষুদ্র জ্বাতি ছিল না।

আবার আমাদের একজন সুপণ্ডিত ঐতিহাসিক বাঙ্গালায় ইতিহাস লিখিতে যাইয়া, বাঙ্গালীর সম্বন্ধে কি বলিয়াছেন, পাঠক তাহাও শুমুন। বাঙ্গালার ইতিহাসে ইহার সরস লেখনী হইতে এই বাক্য নির্গত হইয়াছে:—

"পাঠানেরাই এতদ্দেশে মুসলমান জয়পতাকা উড্ডীন করেন। ৩৭২ বৎসর
পরে তাঁহাদিগের রাজ্ঞরের শেষ সময়ে, এ দেশেব কতদূর তাঁহাদিগের অধিকৃত
ছিল, একবার বিবেচনা করিয়া দেখা মন্দ নহে। পশ্চিমে বিষ্ণুপুর ও পঞ্চকোটে
তাঁহাদিগের ক্ষমতা প্রবিষ্ট হয় নাই; দক্ষিণে স্থান্দরবনসিরিছিত প্রদেশে স্বাধীর
হিন্দু রাজা ছিল। পূর্বের চট্টগ্রাম নোয়াখালী এবং ত্রিপুরা, আরাকানরাজ ও
ত্রিপুরাধিপতির হস্তে ছিল; এবং উত্তরে কুচবিহার স্বতন্ত্রতা রক্ষা করিতেছিল।
স্থতরাং যে সময়ে পাঠানেরা উড়িয়া জয় করিতে সক্ষম হইয়াছিলেন, যে সময়ৣয়
তাঁহারা ১,৪০,০০০ পদাতিক ৪০,০০০ অশ্বারোহী এবং ২০,০০০ কামান ক্ষ
দেখাইতে পারিতেন, সে সময়েও এ দেশের অনেকাংশ তাঁহাদিগের হস্তগত হয়

এগুলি প্রকৃত ইতিহাসের কথা। বাঙ্গালার স্থবিজ্ঞ সমালোচক ও স্থপ্রসূদ্ধ লেখক এই কথা উদ্ধৃত করিয়া অভিমানের সহিত বলিয়াছিলেন, "বাঙ্গালার

⁽২) কাংপাক দেশ সিদ্ধু নদের উত্তরপশ্চিমদিক্বর্তী বলিয়া বোধ হয়। ইছা অধ্যের জন্ম সবিশেষ প্রসিদ্ধ ছিল। রামায়ণ, পদ্মপুরাণ ও রঘুবংশাদিতে এই দেশের উল্লেখ আছে।

⁽⁹⁾ As. Res. vol. I. 125.

^{*} Journ. As. Soc. Beng. 1865. Part I.

⁽⁸⁾ Wilson's Preface to Mackenzie Collection. CXXVIII.

⁽৫) Hunter's Annals of Rural Bengal. ১২৮১ সালের ভাজ মাসের বন্দদর্শনের ঐতিহাসিকজম শূর্মিক প্রবন্ধে এই সকল বিষয়ের সবিভার বিবরণ আছে। কুত্হলপর পাঠক ঐ প্রবন্ধটী পড়িয়া দেখিবেন। বাহারা উহা পড়েন নাই আমরা এ ছুলৈ কেবল ভাঁহাদের কল্প করেকটি মোটামুটি কথা ঐ প্রবন্ধ ছইতে গ্রহণ করিলাম।

⁽७) প্রীযুক্ত বাবু রাজকৃষ্ণ মুখোপাধ্যার প্রাণীত বাখালার ইভিহার। ৩৬।৩৭ পূর্চা।

অধংপতন একদিনে ঘটে নাই।" (৭) চারি বৎসর পূর্বের স্বদেশবৎসল বাঙ্গালি, স্বদেশের পূর্বেতন গোরবে উন্নত হইয়া বঙ্গদর্শনে যে সরলভাবে সে সরল বাক্যের উল্লেখ করিয়াছিলেন, চারিবৎসর পরেও আজ আমরা সেই বঙ্গদর্শনে সেই সরল ভাবে সেই সরল বাক্যের পুনরুল্লেখ করিতেছি:—"বাঙ্গালার অধংপতন একদিনে ঘটে নাই।"

পাঠানেরা যে কেবল সপ্তদশ অশ্বারোহী মাত্র লইয়া বাঙ্গালা অধিকার क्रियाहि, এ कथा भिथा। वाक्रालाय পाठीत्नत উपय, श्वि ও विलय श्रेयाहि, তথাপি অনেকস্থানে অনেক বাঙ্গালী আপনাদের স্বাধীনতা রক্ষা করিয়াছে। ইহার পর মোগলের আধিপতা সময়েও বাঙ্গালীর বীর্যাবহ্নি নিবিয়া যায় নাই, যশোহরের প্রতাপাদিত্যের নাম আমাদেব দেশেব সকলেই জ্ঞানেন। প্রতাপাদিতা কখনও কাপুরুষের ক্যায় আপনাব স্বাধীনতায় জলাঞ্চলি দেন নাই, এবং কখনও কাপুরুষের স্থায় দিল্লীর সেনাপতিব সহিত যুদ্ধ করিতে পরাম্ব্রখ হয়েন নাই। আমাদের দেশে যে সকল পরাক্রান্ত বার ভূঁইয়ার বিবরণ শুনা যায়, প্রতাপাদিত্য তাঁহাদের অক্তম। প্রতাপাদিত্য ব্যতীত আরও অনেক পরাক্রমশালী ভূইয়ার নাম করা ষাইতে পারে, ইহাদের হুর্গ ছিল, সৈত্য ছিল, যুদ্ধপোত ছিল। ইহারা যুদ্ধস্থলে বীরত্ব দেখাইতেন, সাহস দেখাইতেন। ইহারা সৈক্ত দিয়া, অন্ত্র দিয়া, যুদ্ধপোত দিয়া বাদসাহের সাহায্য করিতেন। * ইহারা গোডের অধিপতির অধীনে থাকিয়া, শেষৈ আপনাদের ক্ষমতাবলে স্বাধীন হয়েন। ইহারা কাহাকেও কর দিতেন না, •বা কাহারও অধীনতা স্বীকার করিতেন না। ইহারা আপনা আপনি স্বাধীন রাজা হইয়া, যুদ্ধের জন্ম এবং পর্ভুগীজ ও মগ দস্যাদের আক্রমণ নিবারণ জন্ম সৈশ্য ও সামরিক পোত রাখিতেন। ক অত্এব বাঙ্গালী পূর্বের বীর্ত্বপুষ্ণ हिन ना।

⁽৭) বঙ্গদৰ্শন। ভৃতীয় বঙ্গ (১২৮১):

^{*} আইন আক্বরীতে লিখিত আছে বালালার জমীলারেরা ২৩,৩৩০ অভারোহী ৮,০১,১৫৮ পদাতিক, ১,১৭০ গজ, ৪,২৬০ কামান ৪,৪০০ নৌকা যোগাইতেন। Gladwin's Aim Akbarı vol. II. ও রাজকৃষ্ণ বাবুর বালালার ইতিহাস দেখ।

[†] The Bhuyas ** had been dependants of the king of Gour, but had acquired independence by force of arms. They refused to pay tribute, or to acknowledge allegiance to any one. From being prefects appointed by the king, they had become kings, with armies and fleet at their command, ever ready to wage war against each other or to oppose the invasion of Portuguese pirates and Mog freebooters."—Journ. As. Soc. Beng. XLV. 182—188.

আমরা এন্থলে এই বলবীর্য্যশালী বাঙ্গালী ভূষামীদিগের আরও তুই এক জনের নাম করিব। খিজিরপুরের (৮) ঈশাথার বীরত্বের বিবরণ আজ পর্যন্তে বাঙ্গালীর লিখিত কোন বাঙ্গালা ইতিহাসে উঠে নাই। ঈশাথা নাম শুনিয়াই আনেকে মনে করিতে পারেন, এ ব্যক্তি পাঠান ছিল; হুতরাং ইহার কথা তুলিয়া বাঙ্গালার বীরত্বের গোরব করা অসঙ্গত। কিন্তু আমরা তাঁহাদিগকে বলিতেছি ঈশাথার পিতা হিন্দু ছিলেন। তাঁহার নাম কালিদাস। ছসেন সার রাজত্ব সময়ে (প্রাঅব্দে ১৪৯৩—১৫২০) কালিদাস মুসলমান ধর্ম গ্রহণ করেন। হুতরাং ঈশাথা পাঠান নহেন, মুসলমান ধর্মাবলম্বী হিন্দুর সন্তান, বিশেষ বাঙ্গালী।

ঈশার্থা স্বর্ণগ্রামে আধিপত্য করিতেন, সমস্ত পূর্ব্ব বাঙ্গালা তাঁহার অধীনে ছিল। তিনি আসামের অন্তর্গত রাঙ্গামাটীতে, বর্ত্তমান নারায়ণগঞ্জের অপর পারস্থ বিবেণীতে, এবং যেস্থানে লাক্ষ্যনদী ক্রহ্মপুত্র হইতে বাহির হইয়াছে সেইস্থানের নিকটবর্তী এগারসিন্ধৃতে হুর্গ নির্মাণ করেন। ১৫৮৫ খ্রীঅন্দে রালফ ফিচ নামে একজন ভ্রমণকারী স্বর্ণগ্রামে উপস্থিত হয়েন। তিনি লিখিয়াছেন, "এই সমস্ত দেশের প্রধান রাজার নাম ঈশার্থা। তিনি অস্থান্থ অধিপতিদিগের মধ্যে প্রধান, এবং খ্রীষ্টান্দিগের পবমবন্ধু (৯)। ১৫৮৫খ্রীঅন্দে দিল্লীশ্বরের সেনানী সাহাবাদ্ধ বাঁ অনেক সৈন্থ সামন্থেব সহিত পূর্ব্ব বাঙ্গালায় প্রবেশ করেন, কিন্তু ঈশার্থার পরাক্রমে তাঁহার এই দেশ জয়ের চেষ্টা বিফল হয়। সাহাবাদ্ধ বাঁ পরাভূত হইয়া প্রস্থান করেন। ঈশার্থার স্বাধীনতা অটল থাকে। এই সময়ে ঈশার্থার জয়পতাকাল গোরাঘাট হইতে সমুদ্র তট পর্যান্থ উড়িয়াছিল।

১৫৯৫ প্রীঅব্দে সম্রাট্ আকবরের আদেশে ক্ষত্রিয়বীরপ্রেষ্ঠ রাজ্ঞা মানসিংহ আবার বাঙ্গালা জয় করিতে উপস্থিত হয়েন। তিনি বাঙ্গালায় আসিয়া ঈশার্থার এগারসিদ্ধ্র হুর্গ অবরোধ করেন। ঈশার্থা, তখন উপস্থিত ছিলেন না, হুর্নের অবরোধ সংবাদ শুনিয়া, অবিলম্বে সৈম্পুগণের সহিত এগারসিদ্ধৃতে আসিলেন। কিন্তু তাঁহার সৈম্পুগণ কোন কারণ বশতঃ অসন্তুই হইয়া, যুদ্ধ করিতে অসম্মত হইল। ঈশার্থা কাপুরুষ ছিলেন না। তিনি রাজ্ঞা মানসিংহকে দ্বন্ধ যুদ্ধে আহ্বান করিয়া কহিলেন, এই যুদ্ধে যে জীবিত থাকিবে, সেই বাঙ্গালা একা ভোগ করিবে। মানসিংহ ঈশার্থার প্রস্তাবে সম্মত হইলেন। কিন্তু ঈশার্থা অশ্বারোহণে যুদ্ধস্থলে

⁽৮) शिक्षित्रभूत वर्खमान नात्रायनगरक्षत्र श्वाय এक मार्टन উत्तरत व्यवश्विष्ठ।

^{(&}gt;) "In 1586, Ralph Fitch visited Sunargon and remarked that the chief king of all these countries was called Isacan, and he was the chief of all the other kings, and was a great friend to the Christians," Ibid XLIII, 210,

উপনীত হইয়া দেখিলেন, তাঁহার প্রতিষ্ণী একজন তরুণবয়স্ক যুবক, রাজা स्मूनिमः ने निरुप्त भानिमः एव सामाजा। इटात महिष्टे युक्त आतस्य ट्रेन। ৰানসিংহের জামাতা নিহত হইলেন। ঈশার্থা মানসিংহকে ভীক্ন বলিয়া ভং সনা করিয়া, শিবিরে প্রস্থান করিলেন। কিন্তু শিবিরে আসিতে না আসিতেই সংবাদ আসিল, রাজা মানসিংহ "সমবাঙ্গনে অবতীর্ণ" হইয়াছেন। সম্বাদ পাওয়া মাত্র ঈশার্খা অশ্বারোহণে তড়িৎ গতিতে সমর ভূমিতে উপস্থিত হইয়া, এই অভিপ্রায় প্রকাশ করিলেন যে, যাবৎ তিনি তাঁহার প্রতিদ্বন্দীকে রাজ্ঞা মানসিংহ বলিয়া ভালরপ চিনিতে না পারিবেন, তাবৎ যুদ্ধে প্রবৃত্ত হইবেন না। শেষে ঈশার্থা ভাল করিয়া চিনিলেন যে উপস্থিত প্রতিদ্বন্দী যথার্থ ই রাজা মানসিংহ, স্মুতরাং যুদ্ধ আরম্ভ হইল। প্রথম আক্রমণেই মানসিংহের তরবারি বিনম্ভ হইয়া গেল। ঈশার্থা আপন তরবারি রাজাকে দিলেন, কিন্তু রাজা তাহা গ্রহণ না করিয়া আৰু হইতে নামিলেন। তাঁহার প্রতিপক্ষ ঈশাধাঁও আৰু হইতে অবরোহণ করিয়া, নিরস্ত্র রাজার সহিত মল্ল যুদ্ধে উছাত হইলেন। মানসিংহ আর যুদ্ধে প্রবৃত্ত হইলেন না। প্রতিদ্বন্দীর উদারতা সাহস ও বীরদে সম্ভষ্ট হইয়া, তাঁহাকে বন্ধ বলিয়া আলিঙ্গন করিলেন। ক্ষত্রিয় বীর, ক্ষত্রিয়ধর্মের অবমাননা করিলেন না। ঈশার্থাকে আপ্যায়িত করিয়া অনেক উপহার দিয়া বিদায় দিলেন (১০)।

^{(50) &}quot;When Man Sing invaded Bengal about 1595, he advanced to Igarasindhu and besieged the garrison of the fort. hastened to its relief, but his troops were disaffected and refused to fight. He, however, challenged Man Sigh to single combat, stipulating that the survivor should recieve peaceable possession of Bengal. Man Singh accepted the challenge and its conditions but when Isakhan rode into the lists, he recognized in his opponent a young man, the son-in-law of the Raja. They fought and the latter was slain. Upbraiding Man Singh for his cowardice, Isakhan returned to his camp. Scarcely had he done so, when word was brought to him that Man Singh himself was in the field. He again mounted and galloped to the ground but refused to engage with his opponent until satisfied of his identity. Being assured that Man Singh was opposed to him, the combat began. In the first encounter Man Singh lost his sword. Isakhan offered his, but without accepting it Man Singh dismounted. His adversary did the same, and desired him to have a wrestling bout. Instead of acceding to his wish, Man Singh, struck by the generosity and chivalry of the man, embraced him as a friend. After entertaining Isakhan he loaded him with presents on his taking leave."-J. A. S. Bengal XLIII. 213-214.

দিশার্থী ইহার পর রাজা মানসিংহের সহিত আগ্রাতে সম্রাট্ আক্বরের নিকট উপনীত হইলেন। কিন্তু তাঁহাকে এই স্থানে কারাগারে অবরুদ্ধ কর্মু হইল। শেষে সম্রাট্ যখন এগারসিন্ধুর ছম্ম্যুদ্ধের বিবরণ শুনিলেন, তখন কালবিলম্ব না করিয়া ঈশার্থাকে কারাগার হইতে মৃক্ত করিলেন এবং তাঁহাকে "দেওয়ান" ও "মসনদ্ই আলি" উপাধি দিয়া বাঙ্গালার অনেক পরগণা দিলেন (১১) বোড়শ শতাব্দীর শেষভাগে একজন বাঙ্গালীর এইরূপ বীরম্ব ও সাহসের বিবরণ পাওয়া যায়। এক্ষণে ঈশার্থার বংশধরেরা পূর্ব্ব বাঙ্গালার সম্রান্ত জমীদার বিলয়া গণ্য। কিন্তু তাঁহাদের বংশের সে সাহস সে বীর্য্য এক্ষণে অনন্ত কালের সহিত্ত মিশিয়া গিয়াছে।

ইশাখাঁকে ছাড়িয়া দিলেও বলবীর্য্যশালী খাটি হিন্দু বাঙ্গালীর অভাব হইবে না। বিক্রমপুরের কায়স্থবংশীয় চাঁদরায় ও কেদাররায় পরাক্রান্ত ভূস্বামী বিলিয়া প্রসিদ্ধ ছিলেন। যে ইশাখাঁর বীরত্বে মোগল সেনানী বিশ্বিত হয়েন সেই ইশাখাঁর সহিত এই হুই প্রাতার সর্ব্বদাই যুদ্ধ হুইত। ইশাখাঁর সহিত যুদ্ধে চাঁদরায় ও কেদার রায় দীর্ঘকাল আপনাদের স্বাধীনতা রক্ষা করেন। বাক্লা চক্রত্বীপের (বর্ত্তমান বাখরগঞ্জ জেলা) কন্দর্পনারায়ণ রায়, ও সুন্দরবনের সন্ধিহিত প্রদেশের মুকুন্দরামও বীরত্বে বিখ্যাত ছিলেন। ১৫৮৬ খ্রীঅবেদ রালফ ফিচ বাক্লাচক্রত্বীপ দর্শন করেন, তাঁহার লিখিত বিবরণে স্পষ্ট বোধ হয়, বাক্লাচক্রত্বীপ বর্ত্তমান স্বাধীন রাজাদিগের শাসিত রাজ্য অপেক্ষা কোন অংশেই নির্কৃষ্ট ছিল না। কন্দর্পনারায়ণের অনেক সমরপোত ছিল। অভাপি তাঁহার একটী পিত্তলের কামান চক্রত্বীপে আছে। ফরিদপুরের নিক্টবর্ত্তী "চরমুকুন্দরা" নামক স্থানে মুকুন্দরায়ের অনেক চিহ্ন পাওয়া যায়। মুকুন্দরাম দিল্লীশ্বরের একজন সেনানীকে যুদ্ধে নিহত করেন। তাঁহার পুক্র শত্রুজিৎও দিল্লীশ্বর জাহঙ্গীরের অধীনতা স্বীকার করেন নাই।

শ্রীষ্টীয় সপ্তদশ শতাব্দী পর্যান্ত বাঙ্গালায় বাঙ্গালীদিগের এইরপ প্রতাপ ছিল। অষ্টাদশ শতাব্দীতে আমরা যশোহরের রাজা সীতারামকে দেখিতে পাই। কেহ কেহ সীতারামকে একজন ডাকাইত বলিয়া নির্দেশ করিয়াছেন। আমরা ইহাতে সায় দিই না। সীতারাম একজন পরাক্রান্ত হিন্দু জমীদার। সে সময়ে, বাঙ্গালায় আর কেহই সাহসে ও বীরত্বে তাঁহার সমকক ছিল না। সীতারামের

(>>) "On their arrival at Agrah, Isakhan was thrown into prison but when the story of the combat at Igarasindhu was told the Emperor ordered his immediate release, conferred on him the titles of Diwan and Masnad i Ali, and gave him a grant of numerous parganas in Bengal."—Ibid 214.

সেনাপতি মেনাহাতীর নামে অভাপি যশোহরের লোকের হৃৎকম্প ইইয়া থাকে।
কুনীতারামের পরাক্রম যখন বাড়িয়া উঠে, তখন বাহাছরসা ও ফিরোখ সাহা
যথাক্রমে দিল্লীর সিংহাসনে অধিষ্টিত ছিলেন। এই সময়ে যশোহর জেলা দাশ
চাক্লায় বিভক্ত ছিল। এই সকল চাক্লার অধিস্বামিগণ বাদশাহকে কর
দিতেন না। বাদশাহ সীতারামের পরাক্রমের কথা শুনিয়াছিলেন, স্কুতরাং
তাঁহাকেই এই অবাধ্য জমীদারদিগকে বশীভূত করিতে অমুরোধ করেন।
সীতারাম বাদশাহের আদেশ লিপি পাইয়া, অবিলম্বে অবাধ্য জমীদারদিগকে
দমন করিয়া দ্বাদশ চাক্লার অধিকারী হয়েন এবং বাদশাহ হইতে এই কার্য্যের
পুরস্কার স্বন্ধপ রাজা উপাধি লাভ করেন। ইহার পর সীতারাম বাঙ্গালার নবাবের
অধীনতা উচ্ছেদ করিলে, নবাব তাঁহার শাসন জ্বন্থ অনেকবার সৈত্য পাঠান,
কিন্তু সীতারামের বীরত্বে নবাবের সৈত্ব বারম্বার পরাভূত হয়। নবাব অবশেষে
অনেক সৈত্বের সহিত স্বীয় জামাতা আবৃত্রাবকে প্রেরণ করেন, মহাপরাক্রশু
মেনাহাতী সীতারামেব অমুপস্থিতিতেই, এই সৈত্বদল পরাজয় করেন, এবং নবাব
জামাতা আবৃতারাবের ছিন্ন মন্তক আনিয়া সীতারামকে দেখান। পূর্কে বাঙ্গালি
শক্রব আক্রমণে দৌড় মারিত না।

যে সময়ে তুর্রভরাম বর্ত্তমান ছিলেন, সেই সময়ে রাজা কীর্ত্তিচাঁদ ও রাজা বামনারায়ণ শক্রর সহিত যুদ্ধ করিতে পরাষ্মৃথ হয়েন নাই। মস্তাফার্থা যখন বিদ্রোহী হইযা আলিবর্দির্থাব সৈত্য পরিত্যাগ পূর্ব্বক আজিমানাদ আক্রমণ করেন, তখন তথাকার দেওয়ান জৈনউদ্দীন, কীর্ত্তিচাঁদ ও রামনাবায়ণের হস্তে সৈত্যাধ্যক্ষতা সমর্পন করেন *। ইহারা অস্তাত্য মুসলমান সেনাপতির ত্যায় মস্তাফার্থার সহিত যুদ্ধ করিয়াছিলেন।

ঐতিহাসিকের মতে সিরাজউদ্দোলার সেনাপতি দেওয়ান মাণিকটাদ ও মোহনলাল বাঙ্গালি। সিরাজউদ্দোল্প। যখন কলিকাতায় ইংরেজদের ছুর্গ আক্রমণ করেন, তখন মানিকটাদ, আক্রমণকারী সৈম্প্রদলের অধ্যক্ষ ছিলেন।

^{•&}quot;The command of the army was divided into several brigades, and every one of them put under the orders of a commander that could be depended upon, the first was Abdool-allyqhan, • • the second Ahmedqhan Coreishy, the third Raja Kirtichand • • the fourth Raja Ramnarayan, the fifth Ahadan Husenkhan, and the sixth Nasar Alykhan. Seir Mutaqherin. II. 487.

^{† &}quot;• • • Manikchand, the governor of Hugli, who commanded a considerable body of troops in the army before the fort • • • "____Orm's Hindustan. II. 72.

পলাসির যুদ্ধক্ষেত্রে মোহনলালের কিরপে বীরত্ব প্রকাশ পাইয়াছিল, তাহা বাঙ্গালার ইতিহাস পাঠকের অবিদিত নাই; এস্থলে ইহা বলিলেই যথেষ্ট্র হইবে যে, মিরজাফর বিশ্বাসঘাতক হইয়া সিরাজউদ্দৌল্লাকে কুপরামর্শ না দিলে, পলাসির যুদ্ধে জয়ী হওয়া ক্লাইভের ভার হইত। বাঙ্গালি এক সময়ে ব্রিটিশ তেজের নিকটেও অবনত হয় নাই।

আমরা আর অধিক উদাহরণ দিয়া প্রবন্ধের কলেবর বাডাইতে চাহি না। যাহা কিছু বলা হইল, তাহাতে বাঙ্গালি ব্রিটিশ অধিকারের পূর্বে কিরূপ ক্ষমতাপন্ন ছিল, বুঝা যাইবে। আমরা এস্থলে বাঙ্গালির সাহসের একটি উদাহরণ দিব। ইতিহাস নির্দেশ করে যে, সূরবংশীয় ফরিদ স্বহস্তে একটি প্রকাশু ব্যাঘ্র হত্যা করিয়া 'সেরশাহ' নাম ধারণ করেন। একাকী একটা বাঘকে ন্দারিয়া ফেলাতে ইতিহাসে সেরআফগানের সাহসের কতই প্রশংসা করে। 🖛রিদ যে সাহস দেখাইয়া ইতিহাসে নাম রাখিয়াছেন, হতভাগ্য বাঙ্গালার একজন হিন্দু যুবকও এক সময়ে সেই সাহস দেখাইয়াছিলেন। কিন্তু বাঙ্গালার ইতিহাসের পত্রে আজ পর্য্যন্তও তাহার নাম পাওয়া যায় না। এই বাঙ্গালী যুবকের নাম উদয়নারায়ণ, বাসস্থান ঢাকার অন্তঃপাতী উলাইল পরগণা। উদয়নারায়ণের মজমদাব উপাধি, মিত্রবংশীয়। বাক্লাচন্দ্রদ্বীপের কন্দর্পনারায়ণের বংশের সহিত ইহাব নিকট সম্পর্ক ছিল। কালক্রমে কন্দর্পনারায়ণের* বংশ লোপ হইলে, তাহাদের সমস্ত ভূসম্পত্তি উদয়নারায়ণের হস্তগত হয়। ুকিন্তু কিছুকাল পরে মুর্সিদাবাদের নবাব বংশের এক ব্যক্তি উদয়নারায়ণকে এই সম্পত্তির অধিকার হইতে বিচ্যুত করেন, উদয়নারায়ণ মুর্সিদাবাদে যাইয়া নবাবের দববারে ইহা জানাইলে, নবাব কহেন, যদি উদয়নারায়ণ স্বহস্তে একটি ব্যাদ্র বধ করিতে পারেন, তাহা হইলে তাঁহাকে সমস্ত সম্পত্তি দেওয়া যাইবে। উদয়নারায়ণ বিলক্ষণ বলিষ্ঠ ও সাহসী ছিলেন, নবাবের প্রস্তাবে অসম্মত হইলেন না। অবিলম্বে একটি ভয়ঙ্কর প্রকাণ্ড ব্যাত্তের সহিত যুদ্ধ আরম্ভ করিলেন, এবং অস্ত্রসঞ্চালনকৌশলে তাহাকে হত্যা করিয়া আপন সম্পত্তির অধিকারী হইলেন (১১)। বাঙ্গালী পূর্বেব বেশ বলশালী ছিল, সাহসী বলিয়াও বিখ্যাত ছিল।

^{(&}gt;>) "With the grandson of this Basideb Rai the line of the Bose Rajas of Chandradip became extinct. He was succeeded by a cousin Udayanarayan of the Mitter Mazumder family of Ulail, in the neighbourhood of Dhaka, whose descendants still represent the Raja's of Chandradip. Shortly after his accession, Udayanarayan was expelled from his estates by a relative of the Nawab of Murshida

এক্ষণে যাঁহার। আপনাদের বাসগ্রামে বানরের পাল আসিলে, মহাজীত হইয়া গবর্ণমেন্টের সাহায্য প্রাপ্তির আশায় সংবাদপত্রে আর্ত্তম্বরে চীৎকার আরম্ভ করেন, তাঁহাদের পূর্ব্বপুরুষ তাঁহাদের স্থায় অপদার্থ ছিলেন না; আর যাঁহারা হল্ল ভরামের অন্তত বীরম্বে উচ্চ হাস্থের সহিত করতালি দেন, তাঁহাদিগকে বলি, বাঙ্গালি পূর্ব্বে সাহস শৃত্য ও বীরম্বশৃত্য ছিল না, এবং বাঙ্গালা এক দিনেই অধংপাতে যায় নাই।

bad. Udaya proceeded to the court, but the Nawab refused to reinstate him, unless he fought and overcame a tiger. Udaya young and fearless, accepted the terms, and being skilled in the use of weapons he encountered the brute and killed it. In this way he regained his ancestral property."—J. A. S. B. XLIII. 209.



রদ সংহিতায় নিম্নলিখিত রাগ রাগিণীর নাম পাওয়া যায় যথা—

> "মালবলৈত্ব মলার: শ্রীরাগণত বসস্থক:। হিন্দোলশ্চার্থ কর্ণাট এতে রাগা: প্রকীম্ভিডা:॥"

মালব, মল্লার, শ্রীরাগ, বসস্ত, হিন্দোল, কর্ণাট এই ছয় রাগ। ইহাদের ভার্য্যা যথা—ধমনী, মালসী, রামকিরী, সিদ্ধুড়া, আশাবরী, ভৈরবী। (মালব । ভার্য্যা) বেলাবলী, পুরুবী, কনড়া, মাধবী, গোড়া, কেদারিকা, (মল্লারের দ্রী) গান্ধারী, স্থভগা, গৌরী, কোমারী, বল্লরী, বৈরাগী, (শ্রীরাগের ভার্য্যা) তুড়া, পঞ্চমী, ললিতা, পটমঞ্লরী, গুরুরী, বিভাষা, (বসন্ত রাগের প্রিয়া) ইত্যাদি। মালবী, দীপিকা, দেশকারী, পাহাড়ী, বরাড়ী, মারহাটী, (হিন্দোলের ভার্য্যা) নাটিকা, ভূপালী, রামকেলী, গড়া, কামোদী, কল্যাণী, (কর্ণাটের ভার্য্যা)।

হন্তুমন্মতে রাগ রাগিণীর অনেক প্রভেদ দেখা যায় যথা—ভৈরব, কৌশিরুন, শ ্ হিন্দোল, দীপক, শ্রীরাগ, মেঘরাগ, এই ছয় পুরুষ রাগ যথা—

> ''ভৈরব: কৌশিক কৈব হিন্দোলো দীপকন্তথা। শ্রীরাগো মেঘরাগন্ত বড়েতে পুরুষাহ্বয়া:।''

ইহাদের স্ত্রীগণ-

মধ্যনাদী, ভৈরবী, বাঙ্গালী, বরাটিকা, সৈন্ধবী, (ভৈরবের স্ত্রী) ভৌট্টী, ধাত্ববভী, গৌরী, শুণক্রী, ককুড়া, (কৌশিকের ভার্য্যা) বেলবলী, রামকিরী, দেশা, পটমঞ্জরী, ললিভা, (হিন্দোলের ভার্য্যা) কেদারা, কানড়া, দেশী, কামোদী, নার্ক্টকা, (দীপকের ভার্য্যা) বাসস্তী, মালবী, মালত্রী, ধনাসী, আশাবরী, (প্রীরাগের স্ত্রী) মন্ত্রারী, দেশকারী, ভূপালী;, শুর্জরী, চক্করী, চক্করী, (মেবরাগের পত্নী।)

এই সকল মভভেদ থাকায় বুঝা যায় না যে, কোন ছয় রাগ এবং কোন ছয় রাগিণী প্রথমে প্রকাশ হইয়াছিল। কিন্তু কুরাগটি সকল মতেই আছে। বস্তুতঃ—

"ন তালানাং ন রাগাণাং অস্তঃ কুত্রাপি বিস্ততে।"

হয়ুমান্ বলিয়াছেন যে, রাগরাগিণীর ও তালের অস্ত নাই। তাহার পরেই বলিয়াছেন,

"ইদানীং রাগ রাগিণ্যোকদাহরণমূচ্যতে ।"

তথাপি সম্প্রতি রাগ রাগিণীর উদাহরণ ব্যক্ত করিতেছি। হনুমান্ এইরূপ
ভূমিকা করিয়া বছতর রাগ রাগিণীর লক্ষণ, স্বর, অলঙ্কার, মূর্চ্ছনা প্রভৃতি বলিয়াছেন। এই মতে রাগ রাগিণীর স্বরঘটিত অবয়বের পূর্ব্বাপেক্ষা তারতম্য আছে।
ভূর্বাৎ পূর্ব্বে যে সকল স্বরগুলি যে পরিপাটিক্রমে বিস্থাস করা হইয়াছে, এ মতে তাহার কোন কোনটিতে ব্যতিক্রম আছে। তাহা দেখান উচিত, কিন্তু
এ ক্ষুদ্র প্রস্তাবে তাহা সম্ভরে না। হমুমান্ ভৈরবকেই আদি রাগ বলিয়াছেন
যথা—

"ভ্ৰদ্ৰান্বরো জয়তি ভৈরব আদি রাগঃ।"

হমুমন্মতে এই ভৈবব রাগ ওড়ব। এত দ্বিদ্ধ আর এক ভৈরব আছে, রাগার্ণব মতে তাহাকে "শুক্ক ভৈরব" বলে। এই শুক্ক ভৈরব সম্পূর্ণ। যথা—

> "ধৈবতাংশগ্রহন্তাসমূক্তঃ স্তাৎ শুদ্ধ ভৈরবঃ। সকম্প মন্ত্র গান্ধারে। পেয়ো মধ্যাহুতঃ পুরা।"

ইহার অংশ, গ্রহ ও ক্যাস স্বর ধৈবত, সকম্প স্থগভীর গান্ধার প্রধান, মধ্যাহের পূর্বের গেয়। যদি ওড়ব জাতীয় ভৈরব রাগ একটী না ধাকিত, তাহা হইলে হন্মানোক্ত নিম্নলিখিত ভৈরবীর লক্ষণে সঙ্গতি হইত না। যধা—

> "সম্পূর্ণা ভৈরবী জেয়া গ্রহাংশ ক্সাস মধ্যমা। সৌবেরী মৃচ্ছনা জেয়া মধ্যম গ্রামচারিণী। কশ্চিদেষা ভৈরববং শ্বরা জেয়া বিচক্ষণৈ:।"

* ভৈরববৎ বলিয়া ধ নি স গ ম ইতি ভৈরব স্বর।

এত দ্বিদ্ধ রাগার্ণব নামক গ্রন্থেও অনেক মতভেদ এবং অধিক রাগ রাগিশীর কথা আছে।

এখন আর কোন একটা নির্দিষ্ট মতে গান দেখা বায় না। সকল ব্যক্তিই নানা মত মিঞা করিয়া গান করেন, এখন থেমন যে সে রাগ, যে লে রসে গীত হয় পূর্বে তাহা হইত না। এক এক প্রকার রাগের এক একটি অমুগত রস আছে। পূর্বেকালে যে যে রাগ যে যে রসে গীত হইত, এবং এক্ষণেও হওয়া উচিত তাহা বলা যাইতেছে। সঙ্গীত নারায়ণে ব্যক্ত আছে যে নটুরাগ সাংগ্রামিকা। বের—গুপ্তরাগ বীররসে গেয়।

বসস্তরাগ বসন্ত সময়ে যথা---

"न त्नरमा वनख्वार्तात्यः वनखनमरम वृत्यः।"

ভৈরবরাগ প্রচণ্ডরসে, বঙ্গালরাগ করুণ ও হাস্তরসে গেয় যথা—

''প্রচণ্ডরূপ: কিল ভৈরবোহয়ম্।" ''গেয়া করুণ হাস্তয়ো:'' ইত্যাদি।

সোমরাগ বীররসে এবং মেঘোদয় সময়ে গেয় যথা—

''রদে বীরে প্রযুক্ষাতে। মেঘচ্ছায়াগমে গেয়ঃ দোমরাগো মতঃ শতাম্॥"

কামোদ করুণ ও হাস্তরদে গেয় এবং ইহার কাল প্রথম প্রহরার্দ্ধে যথা—

"কামোদ: করুণে হাস্তে। যামার্দ্ধে গায়তে সভা॥"

মেঘের সময়ে এবং বীররসে মেঘরাগ গেয় যথা—

"ধারে ধাংশগ্রহন্যাস:— গেয়ে। ঘনাগমে মেঘরাগোহয়ং মন্ত্রহীনক:।"

গৌড় অনেক প্রকার। তুরস্ক গৌড় ও জাবিড় গৌড় প্রভৃতি। তন্মধ্যে জাবিড় গৌড় রাত্রে এবং বীর ও শৃঙ্গাররসে গেয় যথা—

"গেয়ে। জাবিড় গৌড়োহয়ং বীরশৃঙ্গারয়োনিশি।"

তুরস্ক গৌড় ওড়ব রাগ। গুর্ব্দরী রাত্রে এবং শৃঙ্গাররন্যে গেয় যথা—

"अर्जनी-

—त्रात्को भिषा भूभात्रविक्ती।"

তোড়িকা বা তোড়ী মধ্যাহ্ন সময়ে এবং বীর ও শৃঙ্গাররসে গেয় যথা—

"—তোড়িকা শুদ্ধ বাড়বা— জাতা মধ্যাহ সময়ে পেনা শুলারবীরহৈ।" মালব**্রী** শরৎকালের রাগ (ইহাকেই মালসী বলিয়া থাকে) শরৎকালেই ইহা গেয়। যথা—

"मानव जी भवरमगद्या-"

সৈন্ধবী বা সিন্ধুড়া, মধ্যাক্ষের পর ও শৃক্ষার এবং করুণরসে গেয় যথা—
"দৈশ্ববী—মধ্যাহ্নাদুর্গতো গেয়া শৃকারে করুণেহলিচ।"

দেবকৃতি রাগ সকল ঋতুতে বীররসে গেয়। কৃষ্ণদত্ত বলেন এইটি 😎 বসম্ভের জাতি যথা—

"দেবকৃতিম তা। অসার্তৃষ্ সর্কেষ্ গাতব্যা সময়েষ্ চ।"

तामिकती > প্রহরের মধ্যে গেয়। यथा-

"প্রহরাভ্যস্করে গেয়া। —ভদ্দৈ রামকিরী মতা।"

প্রথম মঞ্চরী বা পটমঞ্চরী প্রাতঃকালে এবং শৃঙ্কাররসে ও উৎসবকালে গেয় যথা—

"শৃঙ্গারে চোৎসবে গেয়। প্রাতঃ প্রথম মঞ্জী।"

নট্রাগ রাত্রে, মঙ্গল কার্য্যে, শৃঙ্গার, হাস্ত, ও অস্তুত, ৩ রসে গেয় যথা—
"নট্টা নট্টবদাধ্যাতা—হাজেইছতে চ শৃগারে গাত্র্যা নিশি মঞ্চলে।"

বেলাবলী শৃঙ্কার ও করুণরসে গেয়। নারদ সংহিতায় ইহা ওড়ব রাগ বলিয়া উক্ত আছে। যথা—

"नृजादा कक्रल रेठव लिया दिनावनी बूरेथः।"

গোড়ী বীর ও শৃঙ্গাররসে গেয়। যথা—

"—গেড়ী মানবকৌশিকা। বীরশুলারয়ো র্গেয়া সকস্পান্দোলিত শ্বরা।"

নাট রাপ রাত্রে এবং শৃঙ্গার ও বীররসে গেয় যথা—

"नाटी निनि उटी वीदा।"

নট্ট নারায়ণ দিবাতে গেয় যথা—

''ধৈবতাংশগ্রহকালো নইনারারণো দিবা।''

শঙ্কাভরণ বীররসে এবং রাত্রে গেয়। যথা—

"वीद्य निभि निभाषाः भक्षत्राख्यशः नषा।"

ষট্ স্বরের কতকগুলি রাগ হরি নায়কের সম্মত ছিল তাহা এই—
গৌড়, কর্ণাট, দেশী, ধ্যাশিকা, কোলাহলা, বল্লারী, দেশাখ্যা, শৌবীরী, স্বস্থাবতী, হর্ষপুরী, মল্লারী, হুঞ্জিকা,

"ইত্যান্তা: वहें चत्रा त्रांशाः हत्रिनायक मच्चाराः।"

গৌড়বীর ও শৃঙ্গাররসও দিনান্ত সময়ে গেয়। যথা---

"গৌড়: স্থাৎপঞ্মোজি ্যতঃ। বীরশুকারয়ো র্গেয়ো নিদাস্থে বিরল্গভঃ॥"

দেশী > প্রহরের মধ্যে এবং শান্ত ও করুণরসে গেয় যথা—

"বেরগুপ্তোম্ভবা দেশী। প্রহরাভ্যস্তরে গেয়া শাস্তে চ করুণে রুসে ॥"

ধন্নাসিকা, বীর ও শৃঙ্গাররস এবং সকল সময়ে গেয় যথা—

''এষা ধন্নাসিকা জ্ঞেয়া। রসে বীরে চ শৃক্ষারে গাভব্যা সর্ববদা বুধৈঃ ॥"

বল্লারী ১ প্রহরের পর শৃঙ্গাররসে গেয় যথা—

"বরাট্যপান্ধা বল্লারী—শৃন্ধারাখ্যে রসে গেয়া হরিনায়ক সম্মতা।"

গৌড় আরও আছে। কর্ণাট গৌড় ও মালব গৌড়। মালব গৌড় বীররসে গেয় যথা—

''বীরে মালবগোড়ক:।"

সঙ্গীতসারের মতে মল্লাররাগ মেঘাগমে এবং শৃঙ্গাররসে গেয় যথা—

⁶⁴মলারঃ স-প-হীনোহয়ং—। শৃকারে চ রসে গেয়ঃ পরোদাগমনে বুঠিঃ ।"

কেদারা সায়ংকালে এবং বীর ও শৃঙ্গাররসে গেয় যথা—

"রসে বীরে চ খুন্ধারে গেয়া সায়মিয়ং বুধৈ:।"

ইহাকে কোন কোন গ্রন্থে দেশকারী ও দেশপালী বলা হইয়াছে।

```
মালব অপরাক্তে, রাত্রে ও বীর, এবং শৃঙ্গাররসে গেয়। यथा--
```

"——মালবোহপিরি-পোজি্ঝ তঃ—। বীর শৃকারয়োর্গেয়ো দিনাস্থে নিশি বা বুধৈঃ।"

হিন্দোল—সকল কালে এবং বীর ও শৃঙ্গাররসে গেয়। যথা—

"----हिस्साता त्रि-भ-विष्ठः।

---वीदमुकाद्रद्धाः मना।"

ভৈরব—মঙ্গল কার্য্যে গেয় ও মধ্যাক্তের পূর্ব্বে গেয়। প্রমাণ পূর্ব্বে বলা গিয়াছে।

ললিতা—রাত্রিশেষে, দিনের প্রথম ভাগে ও বীর, শৃঙ্গাররসে গেয়।

''——ললিতা ললিতস্বরা। শুকারবীরয়োর্গেয়া নিশান্তে চ দিনাদিকে।"

ছায়াতোড়ী—দিবাতে (তোড়াব স্থায়)

গান্ধার—সকল কালে ও করুণরসে গেয়।

"ककरण मरेमव"

বিহঙ্গড়া—মঙ্গল বিষয়ে ও অর্দ্ধরাত্রে গেয়। যথা—

"গেয়া বিহ্ৰত্ব। চৈষা নিশীথে মৰ্কাথিভি:।"

(गोड़ मात्रक्रो—मधारक्त्र পরে বার ६ শাস্তিরসে গেয়। यथा—

''——বীরশান্তিরসাম্রিতা। সম্পূর্ণা সৌড়সারকী সেয়া মধ্যাক্তঃ পরম্।"

শ্যাম-প্রদোষকালে গেয়। যথা---

"সম্পূর্ণ: স্থামরাগ: স্থাৎ— প্রাদোষো গানকালোহস্থ নির্ণীতো গান কোবিলৈ:।"

শঙ্করা—অন্ধিরাত্তের পর হাস্তরসে গেয় যথা—

"--- नक्द्राडिधा।

নিশীথাক্ত পরং পেয়া রসে হাত্তে প্রযুজ্যাতে ।"

জয়ত**্রী**—রাত্রিতে শৃঙ্গার ও করুণরসে। যথা—

"ৰয়তপ্ৰীক সন্পূৰ্বা——।

তমবিন্যাং প্রগাতব্যা পৃত্তারে করণে রসে ।"

সংগীতদর্পণের মতামুসারে যে যে রাগ যে সময়ে গেয় তাহা বলা যাইতেছে।
মধুমাধবী, দেশী, ভূপালী, ভৈরবী, বেলাবলী, মল্লারী, বল্লারী, সামগুজ্জরী,
ধনাজ্রী, মালবজ্রী, মেঘরাগ, পঞ্চম, দেশকারী, ভৈরব, ললিতা, বসস্ত এই সকল
রাগ নিত্য প্রাতঃকালে গেয়। যথা

"মধুমাধবী চ দেশাখ্যা তুপালী ভৈরবী তথা। বেলাবলীচ মন্ধারী বন্ধারী সামগুক্ষরী। ধনাশ্রীম'লবশ্রীশ্চ মেঘরাগশ্চ পঞ্চমঃ। দেশকারী ভৈরবশ্চ ললিতা চ বসস্তকঃ। এতে রাগা প্রশীয়স্তে প্রাতরারভ্য নিত্যশং॥"

গুজ্জরী, কৌশিক, সাবেরী, পটমঞ্জরী, রেবা, গুণকিরী, ভৈরবী, রামকিরী, সৌরাটী, এইগুলি ১ প্রহরের পর গেয়। যথা

> "গুচ্ছরী কৌশিকশৈচব সাবেরী পটমঞ্চরী। রেবা গুণকিরী চৈব ভৈরবী রামকিষ্যপি। সৌরাটী চ তথা গেয়া প্রথম প্রহরোত্তরম্॥"

বৈরাটী, তোড়ী, কামোদী, কুড়ারিকা, গান্ধারী, নাগশন্দী, দেশী, শঙ্করাভরণ, ইহা ২ প্রহরে গেয়। যথা

> "বৈরাটী ভোড়িকা চৈব কামোদী চ কুড়ারিকা। গান্ধারী নাগশন্ধী চ তথা দেশী বিশেষতঃ। শক্ষরাভরণো গেয়ো ঘিতীয় প্রহরাৎ পরম॥"

শ্রীরাগ, মালব, গোড়ী, ত্রিবণী, নট্টকল্যাণ, সারঙ্গ, নট্ট, সকল নাট, কেদারী, কর্ণাটী, আভারী, বড়হংসী পাহাড়ী, এই সকল ৩ প্রহরের পর এবং অর্দ্ধ রাত্র পর্য্যস্ত গেয়। যথা

শ্ৰীরাগো মালবাধাশ্য পৌড়া ত্রিবণসঞ্চিকা।
নট্টকল্যাণসজ্জশ্য সারন্ধ নট্টকৌ তথা।
সর্বে নাটাশ্য কেদারা কর্ণাট্যাজীরিকা তথা।
বড়হংসী পাহাড়ীচ তৃতীয় প্রহরাৎ পরম্।।"

যথা নির্দিষ্ট কালেই গান করিবেক, রাজাজ্ঞাস্থলে কালবিচার করিবে না, সকল সময়েই গাইবেক। যথা

> "ষথোক্ত কাল এবৈতে গেয়াঃ পূর্ব্ববিধানতঃ। রাজাজ্ঞা সদা গেয়া ন তু কালং বিচারয়েং ॥"

(পঞ্চম-সার-সংহিতা নামক গ্রন্থ হইতে সঙ্কলিত)

বিভাষা, ললিতা, কামোদী, পটমঞ্চরী, রামকেলী রামকিরা (এই ২টা পরস্পর ভিন্ন, কেহ কেহ ভ্রমবশতঃ রামকিরাকেই রামকেলী বলিয়া থাকেন) বড়ারী, গুজ্জরী, দেশকারী, সুভাগা, ভাবী, পঞ্চমী, গড়া, ভৈরবী, কৌমারী, এই পঞ্চদশ রাগিণী পূর্ব্বাহ্নকালেই গান করিবেক। যথা

"বিভাষা ললিতাচৈব কামোদী পটমঞ্জরী।
রামকেলী রামকিরা বড়ারী গুক্জরী তথা।
দেশকারী চ স্থভগাভীরীচ পঞ্চমী গঢ়া।
ভৈরবী চাপি কৌমারী রাগিণ্যো দশ পঞ্চ।
এতাঃপুর্বাহুকালে তু গেয়া গুলগানকোবিদৈ:।"

বরাটী, মালবী, রৌজ্রা, রেবতী, ধামসী, বেলাবলী, মারহাট্টা, এই ৭ জীরাগ বা রাগভার্য্যা মধ্যাক্তকালে গান করিবে। যথা—

> "বরাটা মালবী কোন্দ্রা রেবতী চাপি ধানসী। বেলাবলী মারহাট্টা সব্যৈতা রাগ ঘোষিত:। গেয়া মধ্যাক্ষকালে চ ধথা ভাবঞ্চ ভাষিত্ম।"

গান্ধারী, দীপিকা, কল্যাণী, প্রবরাবরী, আশাবরী, কান্দুলা, গৌরী, কেদারী, পাহাড়ী, এই সকল রাগিণী পণ্ডিতেরা সায়াহ্নে গান করিয়া থাকেন। যথা—

> "গাছারী, দীপিকাচৈব কল্যাণী প্রবরাবরী। আশাবী কান্দুলাচ গৌরী কেদার পাহিড়া। সায়াহে রাগিণী রেডাঃ প্রগায়ন্তি মনীবিণঃ।"

মেঘরাগ ও মল্লার কিম্বা নেঘমল্লার বর্ষাকালের সকল সময়েই গেয়। রাত্রে ১০ দণ্ডের পর অস্তু সকল রাগের গান হইতে পারে। যথা—

> "মেঘ মরার রাগস্ত গানং বর্গাস্থ সর্কাদা। দশ দশুাং পরং রাজৌ সর্কোবাং গানমীরিতম্।"

এস্থলে দাক্ষিণাত্য অর্থাৎ কর্ণাট প্রভৃতি দেশীয় পণ্ডিভেরা বা গায়কেরা বলেন—দেশাখ্যা, ভৈরবী, দোরক্তদংশী মাহুলা, এই কয়েকটি রাত্রে মনোরঞ্জন হয় না, সায়ংকালে বিশেষ নিন্দিত। যথা—

"দেশাখ্যা ভৈরবী দেচ রক্তদংশী চ মাহলা। ন নক্তরঞ্জিকা এতা সারংকালে চ নিশ্বিতা। প্রভাতে বেন সীয়ক্তে স নরঃ স্থবমেধতে।" যে ব্যক্তি প্রভাতে গান করে সে গান করিয়া সুখী হয়।

শুদ্ধ নট্ট, সারঙ্গী, নট্ট বরাটিকা, ছায়া গোড়ী, অস্থাস্থ গোড়ী, ললিতা, মালবগোড়, মল্লারিকা, ছায়া গোরী, ভোড়ী, গোড়ী, রামকিরী, ছায়া রামকিরী, সকল প্রকার ছায়া বড়ারিকা, কর্ণাট, বঙ্গালী এই সকল রাগ প্রাতঃকালে বিশেষ নিশিক।

এই সকল সায়ংকালে গাইলে লক্ষ্মী ভাগ্য হয়। যথা---

ভদ্ধ নট্টাচ সারন্ধী তথা নট্ট বরাটিকা।
ছায়া গৌড়ী তথা চাক্সা ললিতাচ তথা মতা।
মল্লারিকা তথা ছায়া গৌরীতু তোড়িকাহবয়া।
গৌড়ী মালব গৌড়ীচ রামকিরী তথৈবচ।
ছায়া রামকিরী চৈব ছায়া সর্ব্ধ বরাডিকা।
এতে রাগাঃ বিশেষেণ প্রাভঃকালে চ নিন্দিতাঃ।
সায় মেষাস্ক গানেন মহতাং প্রিয় মাপু ফাং।"

গীতগোবিন্দ টীকাতে লক্ষণ ভট্ট বলিয়াছেন—

গোওকিরী, মহামলহরা, দেশী, গুজ্জরী, প্রাত্যকালে। মধ্যাহ্নে রামকিরী (ছই প্রকার) কর্ণাট, নাগ বা নট্ট, সন্ধ্যাকালে। মালব ও সারক শেষ সন্ধ্যায়। গোড়ও ভৈরবী প্রত্যুষে। যথা—

'প্রোত: গৌগুকিরী মহামলহরী দেশাব্যিকা গুজ্জরী।
মধ্যাহেশি রামকুচ্ছু যমথো কর্ণাট নাটাদ্য:।
সায়ং মালবিকাকুতেতি স্বধিয়ো গায়ন্তি সায়ন্তনে।
সারক্ষং পুনরেব গৌড়মপরং প্রত্যুষতো ভৈরবী"।

কোমুদী নামক সংগীত গ্ৰন্থ হইতে সঙ্কলিত।

শ্রীপঞ্চমীতে আরম্ভ করিয়া তুর্গোৎসব কাল পর্যান্ত বসন্তরাগ গীত হ**ই**তে পারে। ভৈরব প্রভাতে বরাটি প্রভৃতি মধ্যাহে, কর্ণাট ও নাট সায়ংকালে, শ্রীরাগ ও মালব প্রভৃতির গান করিলে দোষ নাই। যথা—

শ্ৰীপঞ্চমীং সমারভ্য যাবদুর্গ। মংহাৎসবম্।
তাবৰ্দস্তোগীয়েত প্রভাতে ভৈরবাদিক:।
মধ্যাহ্নেতৃ বরাট্যাদেং সায়ং কর্ণাট নাট্যো:।
শ্ৰীরাগ'মালবাদেস্ত গানে দোষো ন বিছতে।"

ইন্দ্রপূঞ্জার কাল হইতে (প্রাবণ মাস) দিক্পতিপূজার সময় পর্য্যস্ত মালবরাগ গেয়। যথা— "ইক্রপৃক্ষাং সমাসাদ্য যাবন্দিদ্যেবতার্চনম্। তাবদেব সমৃদ্দিটং গানং বৈ মালবাশ্রয়ম্॥"

সংগীতাচার্য্যেরা এইরূপ বহু প্রকার উপদেশ করিয়াছেন, নানা গান কালের নিয়ম বলিয়াছেন, পবস্তু যে দেশে যে সময়ে প্রধান সংগীতাচার্য্যেরা যাহা গান করিয়া গিয়াছেন, বিজ্ঞ ব্যক্তি সেই দেশে সেই সময়ে তাহাই গান করিবেন। যথা—

> "এবস্ক বছধাচাৰ্য্যে গানকালঃ সমীরিতঃ। যক্ষিন দেশে যথা শিষ্টে গীতং বিজ্ঞন্তথা চরেৎ।"

অকাল বা অসময়ে গাইলে দোষ হয় যথা—

"সময়োল্লজ্মনং গানে সর্ব্ধনাশকরং ধ্রুবম্। শ্রেণীবন্ধে নুপাঞ্জায়াং রঙ্গড়মৌন দোষদম।"

গানের সময় মর্যাদা অভিক্রম কবিলে সর্বনাশ হয়। কিন্তু শ্রেণীবদ্ধ, রাজাজ্ঞা ও রঙ্গভূমিতে দোষ হয় না।

কোহলীয় গ্রন্থে ইহার প্রায়শ্চিত্ত আছে। যথা—

লোভাৎ মোহাচ্চ যে কেচিৎ গায়ন্তি চ বিরাগত:। স্থরসা গুৰুরী ভক্ত দোবং হস্তীতি কথাতে।

লোভ বা মোহ বশতঃ যদি বিরাগে গান করে তবে সুরস গুজুরী গাইলেই উজ্জ্য দোষ নই হয়।

রত্নমালাগ্রন্থে উক্ত আছে, বসন্ত, রামকিরী, স্থরসা, গুজ্জরী, এই কয়েকটী সক্ষ সময়ে গাইতে পারে, কিছু দোষ হয় না। যথা—

> বসস্থো রামকিরী চ গুজুরী স্থরসাপি চ। সর্ববিদ্যন্ গীয়তে কালে নৈব দোষোভিজায়তে।

নারদের একটা বিশেষ উক্তি আছে। যথা—

"দশদভাৎ পরং রাজৌ সর্কেবাং পানমীরিতম্ ॥"

১০ দণ্ড রাত্রের পর সকল গানই করিতে পারে। অবশেষে রাগ সকলের ঋড় বিভাগ বর্ণনা করা যাইডেছে।

"জীরাগে। রাখিণীযুক্তঃ শিশিরে গীয়তে বুধৈঃ।"

ভার্য্যাসহ ঐরাগ শিশির ঋতুতে গীত হইয়া থাকে।

"বসন্ত: সসহায়ন্ত বসন্তর্কো **একী**য়তে ।"

সসহায় বসম্ভরাগ বসম্ভকালে গীত হয়।

ভৈরব: সসহায়স্ত ঋতে গ্রীমে প্রণীয়তে। পঞ্চযন্ত তথা গেয়ো রাগিণ্য সহ শারদে।

সসহায় ভৈরব গ্রীম ঋতুতে গীত হয়। ভার্য্যাসহ পঞ্চমরাগ শরৎকালে গেয়।

মেঘরাগো রাগিণীভিযু কো বর্ধায়ু গীয়তে।

রাগিণীর সহিত মেঘরাগ বর্ষাকালে গান হইয়া থাকে।

নট্টনারায়ণো রাগে। রাগিণ্যাসহ হৈমকে।

রাগিণীসহ নট্টনারায়ণ রাগ হিম ঋতুতে গেয়।


यत्थाक्या वा शीखवा। मर्व्यक्षय स्थलाः।

সুখপ্রদ রাগ সকল যথেচ্ছা অর্থাৎ ইচ্ছামুস।রে সকল ঋতুতে গাইতে পারে।

সঙ্গীতবিদ্যা এত বিস্তীর্ণ যে এমন বহুকাল লিখিলেও সকল ব্যাপার পাঠকগণকে গোচর করান যায় কি না সন্দেহ। স্থতরাং স্থুল বিষয়গুলি লিখিলাম।

সঙ্গীতবিছার গ্রন্থ সকলের আর ছুইটী অংশ আছে, তাহা প্রকীর্ণক একং অপর একটি অংশ তাহা প্রবন্ধ নামে অভিধেয়। প্রত্যেক গ্রন্থের প্রকীর্ণক অংশে গীতের উপযোগী, আলপ্তি, গমক, প্রভৃতির নিরূপণ আছে। প্রবন্ধ নামক অংশে স্বর এবং গীতের যে কিছু উপকরণ (বস্তু, রূপম প্রভৃতি) সমস্তই নির্ণীত আছে।

এরামদাস সেন ≰্



বিচার সেইরূপ হইয়াছে। যাহাদিগের উপকার হইবে বলিয়া এই বিলাতী বিচার বাঙ্গালায় আনীত হইয়াছে, তাহারা সে উপকাব স্বীকার করে না, বরং মধ্যে সেই বিচার লইয়া উপহাস কবে। কেন জুরীর বিচারে লোকের শ্রদ্ধা নাই তাহা একবার আলোচনা করা যাউক।

বহুকাল হইল এক সময়ে জুরীর বিচার ইংলণ্ডদেশে লোকের মনোরঞ্চন করিয়াছিল। তৎকালে ভূম্যধিকারী লার্ড ও সাধারণ কমনারদিগের মধ্যে পরম্পর বড় বিদ্বেষভাব ছিল। কাজেই একের বিচার অপরে করিলে স্থবিচার হইত না। তুৎকালে বিচাবকার্য্য কেবল লার্ডদিগের হস্তে ছিল, অতএব সাধারণের প্রতি সর্ব্বদাই অত্যাচাব হইত। এই অবস্থায় রাজাজা হইল যে, আসামীরা স্বশ্রেণীস্থ লোকের দ্বারা বিচারিত হইবে, অর্থাৎ কোন জমিদার লার্ড সাহেব অপরাধ করিলে অন্ত লার্ড সাহেবেরা তাঁহার বিচার করিবেন এবং কোন সাধারণ লোক অপরাধী হইলে সাধারণ লোকে তাহার বিচার করিবে। এই রাজাজ্ঞায় সাধারণ লোকের वर्षु मरस्रोष रहेन ; ভাহার। বিদেষী বিচারকগণের হস্ত হইতে রক্ষা পাইল। একণে তাহাদের বিচার তাহার। আপনার। করিবে। জুরীর বিচারে কাজেই সাধারণের মনোরঞ্জন হইল। মনোবঞ্জন হউক, কিন্তু ভাহাতে অবিচার রহিত হইল না, পুরুষামুক্রমে যে ব্যক্তি আসামীর সহিত একত্রে অত্যাচার সম্থ করিয়া আসিয়াছে সে ব্যক্তি বিচারক হইলে স্বগণের স্বপক্ষ হইবে ইহার আর আশ্চর্ব্য কি ? স্বপক্ষতা হেতৃ নৃতন বিধি অমুসারে অপরাধীরা অব্যাহতি পাইতে লাগিল। পূর্ব্বে বিপক্ষবিচারক দারা আসামীরা বিনা অপরাধে দণ্ড পাইড, এক্ষণে স্বপক্ষ-বিচারকদারা অপরাধীরা নির্বিবন্ধে খালাস পাইতে লাগিল। অবিচার রহিল, কিন্তু অত্যাচার গেল। অপরাধীরা খালাস পাইতে লাগিল, কিন্তু নিরপরাধীরা আর দণ্ড পাইল না। তাৎকালিক অবস্থায় এই যথেষ্ট হইয়াছিল। এই বিচার

পদ্ধতির উৎকর্ষতা সম্বন্ধে অপর সাধারণের সংস্কার জন্মিয়া গেল এবং সেই সংস্কার পুরুষপরস্পরা চলিয়া আসিতে লাগিল।

ক্রমে লর্ড ও অপর ব্যক্তিদিগের পরস্পর বৈরিতা অন্তর্হিত হইতে লাগিল।
কিন্তু তথাপি এই বিচারপদ্ধতি আর পরিবর্ত্তিত হইল না। যাহা পুরাতন তাহা
অনেকের ভাল লাগে বলিয়াই হউক, আর যে কারণেই হউক, জুরীর বিচার চলিয়া
আদিতে লাগিল।

যাহা ইংলণ্ডে এক সময় উপকার করিয়াছিল, তাহা ভারতবর্ষে সকল সময়ে অবশ্য উপকার করিবে বিবেচনায়, হয় ত জুরীর বিচার ভারতবর্ষে প্রেরিত হইয়াছে, এইরূপ অনেকের সংস্থার। অতএব তাঁহার। আক্ষেপ করেন যে, ছুর্ভাগ্যবশতঃ ইহার সারাংশ ইংলতে পড়িয়া আছে অগ্রাপি তাহার চালান পৌছে নাই। ইহার সারাংশ (Trial by peers or equals) স্বশ্রেণীস্থ লোকের ছারা আসামীর বিচার। আমাদের দেশে সেটী নাই। কেন নাই, তাহা তাঁহারা বিবেচনা করেন না। ইংরেজের দেশে লোকেরা ছুই শ্রেণীতে বিভক্ত, লর্ড ও কমনার। আমাদের দেশেও সেইরূপ ছিল, ব্রাহ্মণ ও শুদ্র। ইংবেজের দেশে লোকবিভাগ এ পর্যান্ত বলবৎ বহিয়াছে; কিন্তু আমাদের দেশে তাহা উঠিয়া যাইতেছে। ব্রাহ্মণ শুদ্র প্রভেদ আর বড নাই। তাহার পরিবর্ত্তে আর একরূপ বিভাগ হইতেছে, সেটি শেষ কি দাঁডাইবে তাহা এখনও নিশ্চয় হয় নাই। বিদেশীরা অমুভব করেন এক্ষণে আমাদের দেশে কোনরূপ লোকবিভাগ আর বিশেষ বলবৎ নাই সেইজ্ব্য হয় ত জুবীর বিচাবের সারাংশটি বিলাতে পড়িয়া আছে। তাঁহারা বলেন আইনেব চক্ষে সকল বাঙ্গালী সমান, বাঙ্গালীর ছোট বড় নাই, বাঙ্গালীর नर्फ ७ कमनात नारे, कार्ष्ट्र रेश्नर७ खुतीत विচात यारा निर्णास व्यासाधनीय रहेगाहिल राजालाग्न जारात প্রয়োজন বোধ रग्न नारे। এখানে জমীদার প্রজার বিচার করিতে পারে, প্রজা জমীদারের বিচার করিতে পারে, কিন্তু ইংলণ্ডে তাহ্ম পারে না।

স্বশ্রেণী দারা বিচার যে একাস্ত বাঞ্চনীয় এমত আমরা বলি না, বরং তাহার বিপরীত বলিতে সাহস করি। স্বশ্রেণীস্থ ব্যক্তিদিগের মধ্যে সহাদয়তা প্রবল থাকে; তাহাদের মধ্যে কেহ আসামী কেহ বিচারক হইলে নিরপেক্ষতার বিষয় সন্দেহ হইতে পারে। একজন ইংরেজ লিখিয়াছেন:—

"The principle that a tribunal ought to be composed of the prisoner's equals, strikes us as being *prima facie* unreasonable. If the sole object of administering justice were to provide every means of escape for a prisoner accused of even the gravest offences, we could see a direct purpose in the provision which substantially enacts that his judges shall be of the class most likely to sympathize with him, and look with a lenient eye on his guilt."

এই কথার প্রমাণ ইংলণ্ডে ভূরি ভূরি পাওয়া যায়, এই জন্ম তথায় কেহ কেহ ইদানীং জুরীর বিচারের বিশেষ বিরোধী হইয়া দাঁড়াইয়াছেন।

স্বশ্রেণীস্থ লোকের দ্বারা বিচার বলিয়া জুরীর বিচার এক সময়ে ইংলণ্ডে যে আদর পাইয়াছিল এক্ষণে বোধ হয় সে আদর আর বড় থাকে না। সাধারণ লোকে যাহাই বলুক, বিবেচকগণ এ বিচারপদ্ধতির প্রতি সন্দেহ করিতে আরম্ভ করিয়াছেন। তাহা হইলে আমাদের দেশে এ বিচারের সারাংশ আইসে নাই বলিয়া যে কাহার কাহার আক্ষেপ আছে, তাহা অনর্থক। যে ভাগকে তাহারা সারাংশ বলেন, এই বিচারের পদ্ধতির সেইটিই অপকৃষ্ট অংশ। তাহা ভারতবর্ষে আইসে নাই, ভালই হইয়াছে। বোধ হয় আমাদের রাজপুরুষেরা বিবেচনা করিয়াই এই অপকৃষ্ট ভাগটি চালান দেন নাই।

এদেশে জুরীর বিচার বলিয়া যাহা প্রচলিত হইয়াছে, তাহা আমাদের পঞ্চায়েত বিচারের অমুকরণ মাত্র! তবে এই বিচারে কেন লোকে উপহাস করে, কেন কাজির বিচারের সহিত তুলনা করে, তাহা একবার আলোচনা করা উচিত।

পঞ্চায়েত আমরা আপনারা ননোনীত করিয়া থাকি, যাহার দারা অবিচার সম্ভব কদাচ তাহাকে মনোনীত করি না। যাহারা বিজ্ঞা, বিবেচক ও অপক্ষপাতী, যাঁহাদের প্রতি আসামী ফরিয়াদি উভয়ের শ্রদ্ধা আছে, কেবল তাহারাই পঞ্চায়েত মনোনীত হইয়া থাকেন। কিন্তু মফাস্বলে জুরীনির্ব্বাচন যেরূপে হইয়া থাকে তাহাতে বিজ্ঞা বা অপক্ষপাতী লোক ভিন্ন অস্থা লোক মনোনীত হইবার কোন বাধা নাই। আইনে এমত নিষেধ নাই যে অধন্মী, অবিশ্বাসী, কি পক্ষপাতী লোক জুরীর আসনে বসিয়া বিচার করিতে পারিবে না। আইনে এরূপ নিষেধ থাকিলেও কোন ফলদায়ক হইতে পারে না; যতদিন আদালতে এই সকল দোষ সপ্রমাণিত না হয় ততদিন অধন্মী অবিশ্বাসী কি পক্ষপাতী বলিয়া কেহ আদালত হইতে দোষম্পৃষ্ট হইতে পারে না, আমরা গোপনে যাহাকে যাহা মনে করি না কেন, আইন অমুসারে সকলেই ধর্মিষ্ঠ, সকলেই বিশ্বাসী, সকলেই অপক্ষপাতী; অতএব আইন অমুসারে আপামর সাধারণ সকলেই জুরীর আসনে বসিতে পারে, কাহার পক্ষে তাহার বাধা নাই, জুরীর আসন বারোইয়ারীর সভার শ্রায়। রাজা ত্র্য্যোধন, উড়ে মালী,।মূচি, চুলি সকলেই এক আসনে।

জুরীনির্বাচনের ভার কালেক্টার সাহেবের প্রতি আছে। কিস্তু এ সকল বিষয়ে কালেক্টার সাহেবের প্রতিনিধি নাজির সাহেব, কখন কখন নাজিরের বিল্পি সাহেবই কর্ত্তা দাঁড়ান। জুরীর আসনে কে কে বসিবে তাহা প্রায় তাঁহারাই স্থির করেন; কালেক্টার সাহেব ফর্দে দস্তখত ভিন্ন আর কিছুই করেন না। কেবল একবার মাত্র আমরা শুনিয়াছি, সার উইলিয়ম হারসেল এ বিষয়ে বিশেষ যত্নবান্ হইয়া কয়েকজন সন্ত্রান্ত ভল্রলোক দ্বারা জুরী-নির্বাচন করাইয়াছিলেন। যেখানে নাজির সাহেব কর্ত্তা, সেখানে জুরী-নির্বাচন কিন্নপ হইয়া থাকে, তাহা এক প্রকার অনুমান কবা যাইতে পারে। প্রায় ভাল লোক ব্রতী থাকে না কাজেই জুরীর বিচারের প্রতি লোকের শ্রদ্ধা থাকে না।

যাঁহারা জুরীর আসনে বসেন, তাঁহাদের মধ্যে হুই চারি জন বিশেষ ভস্ত লোক থাকিলে থাকিতে পারেন; কিন্তু অধিকাংশ লোকই অতি সামান্ত। ক্ষুত্র দোকানদার, আলু পটল বিক্রেতা, কৃষী, উমেদার, তস্তুবায়, কৃন্তুকার বা তদ্রপ লোকই জুরীর মধ্যে অধিক। সামাশ্য লোকের প্রতি আইন-কর্ত্তাদের কোন আপত্তি নাই। তাঁহারা বিবেচনা করেন যে, সামাশ্য লোকে সামাশ্য বুদ্ধিতে যাহাকে অপরাধী বলিয়া স্থিব কবে, সে ব্যক্তি নিশ্চয়ই অপরাধী। এ কথা বাস্তবিক সত্য। কিন্তু আদালতে প্রমাণ প্রয়োগের এক্ষণে যে প্রণালী তাহাতে একথা বড় খাটে না। জোবানবন্দিব যুদ্ধ হইতে প্রকৃত কথা বৃঝিয়া লওয়া সামান্ত লোকের কার্য্য নহে। এ বিষয়ে বিশেষ শিক্ষাব আবশ্যক, অন্ততঃ বুদ্ধির কিঞ্চিৎ তীক্ষতা আবশ্যক, কিন্তু সামান্ত লোকদিগের ততটা থাকে না। উকীল কৌন্সিলের। বিপক্ষেব সাক্ষীকে ভান্ত কবিবার নিমিত্ত বিশেষ উচ্চোগী থাকেন, তাঁহাদের কোশলে অধিকাংশ সাক্ষীরা বাস্তবিক হতবুদ্ধি হইয়া পড়ে, প্রকৃত ঘটনা স্বচক্ষে দেখিয়া থাকিলেও তাহা বলিতে পারে না; বলিতে গেলে হয় ত এরূপ বিপর্যায়ভাবে বলে যে, তাহার প্রত্যক্ষতার বিষয়ে সন্দেহ হয়। এরপ স্থলে সাক্ষী বিশ্বাসযোগ্য কি না তাহা মীমাংসা করা বড় কঠিন; যে সকল বিচারকদের» বহুদর্শন আছে, ভাঁহারাও অনেক সময় ভ্রান্ত হয়, সামাস্য লোকের ত কথাই নাই। যে সকল কামার কুমার জুরীর আসনে একবার কি তুইবার বসিয়াছে, তাহারা কিছুই স্থির করিতে পারে না। তাহাদের সঙ্গে কোন সুশিক্ষিত ভদ্রলোক থাকিলে প্রায় তাঁহার উপর নির্ভর করিতে তাহারা নিতান্ত বাধ্য হয়।

যাঁহারা আমাদের দেশে ইতরলোকের সহিত অধিক আলাপ করিয়াছেন, তাঁহারই জানেন যে বুঝিবার শক্তি ইতর লোকের অতি সামাশ্য। তাহারা চাসের কথা, দ্রব্যাদির মূল্যের কথা, পীড়ার কথা, রা যে বিষয় লইয়া তাহারা আপনাদের মধ্যে নিত্য আলাপ করিয়া থাকে সেই বিষয়ের কথা ভিন্ন অশ্য কথা বড় বুঝিতে পারে না, ছাহারা জোবানবন্দির ক্ষেরফার একেবারেই বুঝিতে পারে না; বিশেষতঃ এক. একজন সাক্ষীর জোবানবন্দি শেষ হইতে দীর্ঘকাল লাগে, সেই দীর্ঘকাল মনঃসংযোগ করিয়া থাকা কামার কুমার প্রভৃতি অশিক্ষিত লোকের পক্ষে বঁড় কঠিন। কোন বিষয়ে দীর্ঘকাল মন নিবিষ্ট রাখা শিক্ষার কার্যা, অশিক্ষিত লোকের নিকট তাহা একেবারে প্রত্যাশা করা যাইতে পারে না; এ পর্য্যন্ত আমরা কখন ভানি নাই যে কোন সামান্য লোক জুরীর আসনে বসিয়া সাক্ষীর জোবানবন্দি আছান্ত ভানিয়াছে বা তাহা বুঝিয়াছে। তাহারা যাত্রা ভানিতে বসিলে যে পর্যান্ত সং না আইসে ক্রমাগত চুলিতে থাকে, জোবানবন্দির মধ্যে রং তামাসা নাই, কাল্লেই জোবানবন্দি ভানিতে ভানিতে তাহাদের চুলিতে হয়। অধিকন্ত এজলাবে টানাপাখা আছে; আহারাস্তের নিয়মিত নিদ্রা কেনই বা উপেক্ষিত হইবে। যাহারা জোবানবন্দি বুঝিতে পারে না, যাহারা তৎপ্রতি দীর্ঘকাল মনোনিবেশ করিতে পারে না, তাহারা বিচাবক হইলে কাজিদের ন্যায় কাল্লেই হইবে।

কোন বিষয়েব প্রকৃত ঘটনা কি হইয়াছিল, জোবানবন্দি শুনিয়া শ্বির করা অতি কঠিন। সকল কার্য্যেই কিছু কিছু শিক্ষা আবশ্যক, বিচারকার্য্যে বিশেষতঃ। কিন্তু জুরীর বন্দোবস্ত দেখিয়া বোধ হয় আইনকারদিগের ধারণা যে বিচারকার্য্য অতি সহজ্ব। সকলেই এই কার্য্যে পটু, তাস খেলিতে শিখিতে হয়, তথাপি বিচাবকার্য্য শিখিতে হয় না। কলু ঘানি ছাড়িয়া এজলাবে বসিলেই বিচার করিতে পারে, তাঁতি কখন বিচার আলয়ে যায় নাই তথাপি এজলাবে বসিবামাত্রই বিচার করিতে পারে। বোধ হয় আইনকর্ত্তাদের মতে এজলাবে বিস্কোমাদিত্যের সিংহাসন। সিংহাসনের গুণে বৃদ্ধির স্ফুর্ব্তি হয়। তথায়ে যে বসিবে সেই বিচারে অন্ধিতীয় দাঁড়াইবে। গোরুর রাশাল হউক না কেন, তাঁহার বিচারের প্রশংসা অবশ্য হইবে।

আর এক কথা। যে সকল সামাস্ত লোক জুরীর আসনে বসে, তাহাদের
মধ্যে অনেকেই সচ্ছল অবস্থার লোক নহে। হয় ত কেই কষ্টে দিনপাত করে,
হয় ত কেই যে দিন পবিশ্রমদ্বারা কিছু উপার্জন না করিতে পারে, সে দিন
তাহাদের ঋণ করিতে হয়। এরূপ দরিদ্র লোককে আবদ্ধ রাখিলে অভ্যাচার
করা হয়। এক জনের পক্ষে স্থবিচার কবাইতে গিয়া আর একজনের উপর
শীড়ন করা হয়। একবার একজন দরিদ্র ব্যক্তি জুরীর কর্দ্দ হইতে অব্যাহতি
পাইবার নিমিত্ত আমাদের সাহায্য প্রার্থনা করিতে আসিয়া গলায় কাপড়
দিয়া বাহিরে দাড়াইয়াছিল। আমরা কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত
করিবার পরামর্শ দেওয়ায় সে ব্যক্তি যোড় হাত করিয়া বলিল, "নাজির বাব্রকে
একখানা পত্র দিলে ভাল হয়, তিনিই আমার এই বিপদের মূল।" জুরীর

আসনে বসা সামাশুলীবীর পক্ষে বাস্তবিক বিপদ। পূর্বের নবাবী আমলে "বেগার" ধরা প্রথা ছিল, এক্ষণে জুরীধরা সেইরূপ হইয়াছে। ইংলণ্ডে জুরীরা পরিশ্রমের পারিতোষিক স্বরূপ কিছু কিছু পাইয়া থাকেন, এখানে সে প্রথা নাই। কেন নাই তাহা বৃঝা যায় না। বোধ হয় বিচারকার্য্যের ব্যয় কমাইবার নিমিত্ত এইরূপ নিয়ম করা হইয়া থাকিবে। কিন্তু ইহাতে গবর্ণমেন্টের লাভ অতি সামাশু, দরিজের ক্ষতি অতি গুরুতর।

যেন্থলে সামাস্থ দীনদরিক্র ব্যক্তি বিচারক, সেন্থলে উৎকোচের আশহা প্রবল। দরিক্রের পক্ষে লোভ সম্বরণ করা বড় কঠিন। আসামীরা তাহা জ্ঞানে প্রয়োজন হইলে ইচ্ছামূরূপ কার্য্য উদ্ধার করিয়া লইতে পারে। দরিক্র, কাজেই কেহ তাহাকে লোভ দেখাইতে ভয় পায় না, বা কৃষ্ঠিত হয় না।

কে কে জুরীর আসনে বসিবে তাহা পূর্ব্বাহ্নে আসামী জানিতে না পারিলেই উৎকোচের পথ বন্ধ হইতে পাবে এরপ অনেকেব সংস্কার আছে। এই জন্ম কোন কোন জল সাহেব এক এক মোকর্দ্ধমায় ৭০ কি ৮০ জন ব্যক্তিকে জুরীর নিমিন্ত আহ্বান করিয়া তাঁহাদেব মধ্যে আবশ্যকমত কয়েকজনকে বাছিয়া লইয়া অবশিষ্ট সকলকে বিদায় দেন। ইহা দ্বারা কিরপে উৎকোচেব পথ রুদ্ধ হয়, তাহা আমরা বৃষিতে পারি না। কে কে জুরীর আসনে বসিবে আসামী পূর্বেব জানিত না কিন্তু পরে জানিল, উৎকোচ দিবার প্রয়োজন হইলে অনায়াসে পরেছিতে পারে, মোকর্দ্ধমা সচরাচর একদিনে নিম্পত্তি হয় না, জুরীরাও রাত্রে আদালতে তালা কুলুপ বন্ধ থাকে না, গৃহে যাইতে পায়, গৃহে যাহার সহিত ইচ্ছা আলাপ করিতে পায়; এ অবস্থায় প্রস্তাবনার প্রতিবন্ধক কিছুই থাকে না। আমরা এমনও মধ্যে মধ্যে শুনিয়াছি যে জুরীরা কে কি মত দিবেন, বাটীতে বসিয়া প্রতিবাসীর সহিত তাহার পরামর্শ আটিয়া কাছারী যান, নহিলে চলে না, নিজে কিছুই বৃক্ষেন না, হয় ত লাভালাভের বিষয় যিনি পরাম্পী তিনি একাই ভোগ করেন। অনেক সময়ে জুরীর সহিত কোন বন্দোবস্তু না করিয়া তাহার পরামর্শীর সহিত বন্দোবস্তু করিলেই চলে।

অভএব জুরীর উৎকোচ অসম্ভব নহে। বিলাতেও তাহা আছে। কোথাও কোথাও কনা যায় যে, জুরীর সহিত পূর্ব্বাহ্নে কোন রফা করিতে হয় না, বিচারের পর জুরীর "বিদায়" মামূলি দম্ভর। জুরী তাহা ইচ্ছা করিলে নিশ্চয়ই পায়। কিন্তু না চাহিলে পায় না।

আমাদের দেশে "বিদায়" মন্দ কথা নহে। "বিদায়" "দক্ষিণা" প্রভৃতি অনেক প্রচলিত নিয়ম আছে, গুরু পুরোহিত, আত্মীয়, কুটুম্ব সকলেই "বিদায়" প্রভ্যাশা করেন। গরীব জুরীর হুই এক জন কেনই বা ভাছা প্রভ্যাশা না করিবে। অনেকে বলিতে পাবেন যে, যে সকল দোষের উল্লেখ করা হইল, অনায়াসে তাহা নিবারণ করা যাইতে পারে। যদি ইতরলোক বা অশিক্ষিত লোককে জুরীর আসনে বসিতে না দেওয়া যায়, যদি কেবল ভদ্র ও সুশিক্ষিত ব্যক্তিগণকে নির্বাচন করা হয়, তাহা হইলে এ সকল দোষ আর থাকে না। তহতুরে আমরা বলি তাহা হইতে পারে না। এত ভদ্রলোক কোথা পাওয়া যাইবে ? প্রতিবংসর যে পরিমাণে মোকর্দমা নিষ্পত্তি হইয়া থাকে তাহার নিমিত্ত জ্বেলায় জেলায় অন্ততঃ হুই তিন শত জুরি আবশ্যক।

অল্পলোক মনোনীত করিয়া রাখিলে প্রায় প্রতি মোকর্দ্দমাতেই তাহাদিগকে আসিতে হয়, কান্দেই বহুসংখ্যক লোক আবশ্যক। কিন্তু প্রতি জজ-আদালতের নিকটবর্ত্তী স্থানে ছই চাবি শত বিশেষ স্থশিক্ষিত ভক্রব্যক্তি পাওয়া যায় না। না পাইলে কাজেই ইতব লোক মনোনীত করিতে হয়।

মনে করুন প্রতি জেলায় তিন চারি শত সুশিক্ষিত ভদ্র লোক পাওয়া গেল। প্রতি মোকর্দ্দমায় ভদ্রলোক ভিন্ন আর কেহ জুবীর আসন গ্রহণ করিতে পাইল না। তাহাতেই বা কি লাভ হইল। একজন বিজ্ঞ জজ্জ একা যেরূপ বিচার করিবেন, পাঁচ জন অব্যবসায়ী একত্র হইয়া সেরূপ বিচার করিতে পাবিবাব কথা নহে। শত অব্যবসায়ী একত্রিত হইয়া একজন ব্যবসায়ীর কার্য্য করিতে পারে না।

লোকের সংখ্যা বাড়িলে বল বাড়ে, কিন্তু পারকতা বাড়ে না। তাঁতি একা কাপড় বুনিতে পারে কিন্তু অপর ব্যবসায়ী পাঁচজন একত্রিত হইলে, তাহারা একত্রিত হইয়াছে বলিয়া কাপড় বুনিতে পারিবে না। বস্ত্রবয়ন প্রথমতঃ তাহাদের শিখিতে হইবে অব্যবসায়ী পাঁচ সহস্র লোক একত্রিত হইলেও শিক্ষা ব্যতীত কাপড় বুনিতে পারিবে না।

জুরীর মধ্যে কেই আপনাকে দায়ী বলিয়া মনে করে না। সকলেই পরস্পরে বিবেচনা করে পাঁচ জনের মধ্যে আমি একজন মাত্র। যদি অবিচার কি নিন্দা হয় পাঁচ জনেরই হইবে কেই আমার একার নিন্দা করিবে না; ভালয় মন্দায় কেই আমার নামও করিবে না। জজের এসকল কথা মনে হয় না, তিনি একা বিচার করেন কাজেই একাই দায়ী থাকেন। ঠাহার নিজের সম্ভ্রমও রক্ষা করিতে হয়।

জ্ঞজের বিচারে সকলেই সস্থোষ ছিল। জুরীর বিচার আরম্ভ করাইয়া কি উৎকর্ষ সাধন হইল, ভাহা আমরা কিছুই বৃঝিতে পারি না, গরিব বাঙ্গালীকে বিচারকার্য্য শিখাইবার নিমিত্ত যদি এ পদ্ধতি অবলম্বন করা হইয়া থাকে তবে সে পরামর্শ ভাল হয় নাই। ইহাতে লোকের মাথা কাটিয়া ক্লোরকর্ম শিখান হইতেছে মাত্র।

এই ষাটকোটী লোকের মধ্যে এ পর্যাস্ত কয়ন্ধন জুরীর আসনে বসিয়াছে ?
কয়ন্ধন বিচারকার্য্য শিপিয়াছে ? অনেক দিন জুরীর বিচার আরম্ভ হইয়াছে
তাহাতে অবিচার ও অত্যাচার ভিন্ন কি লাভ হইয়াছে ? বিশেষ বিজ্ঞ জল্প
মাত্রেই এই পদ্ধতির মধ্যে মধ্যে রিপোর্ট করিয়া থাকেন কিন্তু গবর্ণমেন্ট যে
কেন মনোযোগ করেন না তাহা আমরা জানি না। অবশ্য কোন গুরুতর
কারণ আছে।



সপ্তদশ পরিচ্ছেদ

ক্রিল আমরা বলিব, অকস্মাৎ এই সৈন্য কোথা হইতে আসিয়া মোগলদিগকে আক্রমণ করিল।

মাণিকলাল পাৰ্ববতাপথ হইতে নিৰ্গত হইয়াই ঘোডা ছটাইয়া একেবারে রুশ্বনগরের গড়ে গিয়া উপস্থিত হইলেন। রূপনগরের রাজার কিছু সিপাহী ছিল, ্তাহারা বেতনভোগী চাকর নহে: জমি কবিত: ডাক হাঁক করিলে ঢাল, খাঁড়া, লাঠি, সোঁটা লইয়া আসিয়া উপস্থিত হইত; এবং সকলেরই এক একটি ঘোড়া ছিল। মোগলসেনা আসিলে রূপনগরের রাজা তাহাদিগকে ডাক হাঁক করিয়া-ছিলেন ! প্রকাশ্যে তাহাদিগের ডাকিবাব কারণ, মোগল সৈত্যের সন্মান ও খবরদারিতে তাহাদিগকে নিযুক্ত কবা। গোপন অভিপ্রায়, যদি মোগলসেনা হঠাৎ কোন উপদ্রব উপস্থিত করে তবে তাহার নিবারণ। ডাকিবামাত্র রাঞ্চদুতেরা ঢাল খাঁড়া, যোড়া লইয়া গড়ে উপস্থিত হইল—রাজা তাহাদিগকে, অস্ত্রাগার হইতে অস্ত্র দিয়া সাজাইলেন। তাহারা ক্য়দিন নানাবিধ পরিচর্য্যায় নিযুক্ত থাকিয়া মোগল সৈনিকগণের সহিত হাস্ত পরিহাস ও রঙ্গরসে কয়দিবস কাটাইল। তাহার পর ঐ দিবস প্রভাতে মোগলসেনা শিবির ভঙ্গ করিয়া রাজকুমারীকে লইয়া যাওয়াতে, ক্লপনগরের সৈনিকেরাও গৃহে প্রত্যাগমন করিতে আজ্ঞা পাইল। তখন তাহারা অব সঞ্জিত করিল এবং অস্ত্র সকল রাজার অস্ত্রাগারে ফিরাইয়া দিবার জক্ত লইয়া व्यानिन, त्राक्षा खराः তारामिशस्क এकिछ कत्रिया स्वरुष्ट्रकरात्का विमाय मिएड-ছিলেন, এমত সময়ে আঙ্গুলকাটা মাণিকলাল ঘর্মাক্ত কলেবর অধ সহিভ সেখানে উপস্থিত হইল।

মাণিকলালের সেই মোগল সৈনিকের বেশ। একজন মোগল সৈনিক অভি ব্যস্ত হইয়া গড়ে ফিরিয়া আসিয়াছে, দেখিয়া সকলে বিশ্বিত হইল। রাজা জিজ্ঞাসা করিলেন, "কি সম্বাদ ?" মাণিকলাল অভিবাদন করিয়া বলিল, "মহারাজ, বড় গগুগোল বাঁথিয়াছে, পাঁচহাজার দক্ষ্য আসিয়া রাজকুমারীকে ঘেরিয়াছে। জোনাব হাসান আলি খাঁ বাহাছর, আমাকে আপনার নিকট পাঠাইলেন—তিনি প্রাণপণে যুদ্ধ করিতেছেন, কিছু আর কিছু সৈতা ব্যতীত রক্ষা পাইতে পারিবেন না। আপনার নিকট সৈতা সাহায্য চাহিয়াছেন।"

রাজা ব্যস্ত হইয়া বলিলেন, "সোভাগ্যক্রমে আমার সৈক্স সজ্জিতই আছে।" সৈনিকগণকে বলিলেন, "ভোমাদের ঘোড়া ভৈয়ার, হাতিয়ার হাতে! ভোমরা সওয়ার হইয়া এখনই যুদ্ধে চল। আমি স্বয়ং ভোমাদিগকে লইয়া যাইতেছি।"

মাণিকলাল বলিল, "যদি এ দাসের অপরাধ মাপ হয়, তবে আমি নিবেদন করি যে, ইহাদিগকে লইয়া আমি অগ্রসর হই। মহারাজ আর কিছু সেনা সংগ্রহ করিয়া লইয়া আসুন। দস্যুরা সংখ্যায় প্রায় পাঁচহাজ্ঞার। আরও কিছু সেনাবল ব্যতীত মঙ্গলের সম্ভাবনা নাই।"

স্থলবৃদ্ধি রাজা তাহাতেই সন্মত হইলেন। সহস্র সৈনিক লইয়া মাণিকলাল অগ্রসর হইল; বাজা আরও সৈম্পুসংগ্রহের চেষ্টায় গড়ে বহিলেন। মাণিক, সেই রূপনগরের সেনা লইয়া একেবাবে মবারকের পশ্চাতে উপস্থিত হইল। মাণিকলাল দেখিয়া যায় নাই যে তৎপ্রদেশে যৃদ্ধ উপস্থিত হইয়াছে। কিন্তু রক্ত্রপথে রাজ্বসিংহ প্রবেশ করিয়াছেন; হঠাৎ তাহার শল্পা হইয়াছিল যে মোগলেরা রক্ত্রের এই মুখ বন্ধ করিয়া রাজ্বসিংহকে বিনষ্ট করিবে। সেই জম্মই সে রূপনগরের সৈম্পুসংগ্রহার্ছে গিয়াছিল। এবং সেই জন্য সে প্রথমেই এইদিকে রূপনগরের সেনা লইয়া উপস্থিত হইল। আসিয়াই বৃঝিল যে রাজপুতগণের নাভিশাস উপস্থিত বলিলেই হয়—মৃত্যুর আর বিলম্ব নাই। তখন, মাণিকলাল মবারকের সেনার প্রতি অন্তৃত্তি নির্দেশ করিয়া দেখাইয়া বলিল, "ঐ সকল দস্য়! উহাদিগকে মারিয়া কেল।"

সৈনিকেরা কেহ কেহ বলিল, "উহারা যে মুসলমান!"

মাণিকলাল বলিল, ''মুসলমান কি লুঠেরা হয় না ? হিন্দুই কি যত ছক্তিয়া-কারী ? মার।"

মাণিকলালের আজ্ঞায় একেবারে হাজার বন্দুকের শব্দ হইল। মবারকের সেনা ছিন্ন ছেইয়া পর্বতাবোহণ করিয়া পলায়ন করিতে লাগিল, ভাহা পূর্বেই কথিত হইয়াছে। রূপনগরের সেনা ভাহাদিগের পশ্চাদ্ধাবিত হইয়া পর্বভারোহণ করিতে লাগিল। এই অবসরে মাণিকলাল বিশ্বিত রাজসিংহের নিকট উপস্থিত হইয়া প্রণাম করিল। রাণা জিজ্ঞাসা করিলেন, "কি এ কাণ্ড মাণিকলাল? কিছুই বৃঝিতে পারিতেছি না। তুমি কিছু জান?"

মাণিকলাল হাসিয়া বলিল, "জানি। যখন আমি দেখিলাম যে মহারাজ রক্ত্রপথে নামিয়াছেন, তখন বুঝিলাম যে সর্ব্বনাশ হইয়াছে। প্রভুর রক্ষার্থ আমাকে আবার একটি নৃতন জুয়াচুরি করিতে হইয়াছে।"

এই বলিয়া মাণিকলাল যাহা যাহা ঘটিয়াছিল, সংক্ষেপে রাণাকে শুনাইল। আপ্যায়িত হইয়া রাণা মাণিকলালকে আলিঙ্গন করিয়া বলিলেন, ''মাণিকলাল! তুমি যথার্থ প্রভুভক্ত! তুমি যে কার্য্য করিয়াছ, যদি যখন উদয়পুব ফিরিয়া যাই, 'তবে তাহার পুরস্কার করিব। কিন্তু তুমি আমাকে বড় সাথে বঞ্চিত করিলে। আজ মুসলমানকে দেখাইতাম যে রাজ্পুত কেমন করিয়া মরে!"

মাণিকলাল বলিল, "মহারাজ! মোগলকে সে শিক্ষা দিবাব জন্ম মহারাজের অনেক ভূতা আছে। সেটা রাজকার্য্যের মধ্যে গণনীয় নহে। এখন, উদয়পুরের প্রথালসা। রাজধানী ত্যাগ করিয়া পর্বতে পর্বতে পরিভ্রমণ করা কর্ত্তব্য নহে। এক্ষণে রাজকুমাবীকে লইয়া স্বদেশে যাত্রা করুন।"

রাজসিংহ বলিলেন, "আমার কতকগুলি সঙ্গী এখন ওদিকের পাহাড়ের উপরে আছে—ভাহাদের নামাইয়া লইয়া যাইতে হইবে।"

মাণিকলাল বলিল, "আমি তাহাদিগকে লইয়া যাইব। আপনি অগ্রসর হউন। পথে আমাদিগের সঙ্গে সাক্ষাৎ হইবে।"

রাণা সম্মত হইয়া, চঞ্চলকুমারী সহিত উদয়পুরাভিমুখে যাত্রা করিলেন।

षक्षापम পরিচ্ছেप

রাণাকে বিদায় দিয়া, মাণিকলাল রূপনগরের সেনার পশ্চাৎ পশ্চাৎ পর্ব্বভারোহণ করিল। পলায়নপরায়ণ মোগলসেনা তৎকর্ত্বক ভাড়িত হইয়া যে যেখানে পাইল পলায়ন করিল। তখন মাণিকলাল রূপনগরের সৈনিকদিগকে বলিলেন, "শক্র সকল পলায়ন করিয়াছে—আর কেন রথা পরিশ্রম করিতেছ ? কার্য্য সিদ্ধ হইয়াছে, রূপনগরে ফিরিয়া যাও।" সৈনিকেরাও দেখিল—ভাও বটে সম্মুখ শক্র আর কেহ নাই। তখন ভাহারা মহারাজা বিক্রমসিংহের জয়ধ্বনি তুলিয়া রণজ্ম পর্ব্বে গৃহাভিমুখে ফিরিল। দওকাল মধ্যে পার্ব্বভা-পথ জনশৃত্য হইল—কেবল হত ও আহত মমুন্য ও অব সকল পড়িয়া রহিল। দেখিয়া উচ্চ পর্ব্বতের উপরে, প্রান্তর-সঞ্চালনে যে সকল রাজপুত নিযুক্ত ছিল, ভাহারা নামিল। এবং কোথাও

কাছাকে না দেখিয়া রাণা অবশিষ্ট সৈশ্য সহিত অবশ্য উদয়পুর যাত্রা করিয়াছেন বিবেচনা করিয়া তাহারাও তাঁহার অমুসন্ধানে সেই পথে চলিল। পথিমধ্যে রাজসিংহের সহিত সাক্ষাৎ হইল। মাণিকলালও আসিয়া জুটিল। সকলে একত্রে উদয়পুরে চলিলেন।

এ দিকে মোগলসেনাপতি বিষম বিদ্রাটে পড়িলেন। রণে তিনি পরাজিত হইয়াছেন—বাদশাহের ভাবী মহিষী তাঁহার হস্ত হইতে রাজপুতে কাড়িয়া লইয়াছে! কি বলিয়া তিনি দিল্লীতে মুখ দেখাইবেন? বাদশাহকে কি উত্তর দিবেন? বাদশাহের নিকট লঘুদণ্ডের সম্ভাবনাই বা কি? সৈন্যের অধিকাংশই হত হইয়াছে—যাহা জীবিত আছে তাহারা কে কোথায় পলাইয়া গিয়াছে তাহার কোন ঠিকানাই নাই। তিনি মবারককে ডাকিয়া পরামর্শ জ্বিজ্ঞাসা করিলেন।

মবারকের পরামর্শে এক প্রান্তরমধ্যে নিশান পুঁতিয়া ভেরী বাজাইতে আজ্ঞা করিলেন। তুইজনে সন্ধ্যা পর্যান্ত তথায় অবস্থিতি করিতে লাগিলেন। মোগল সেনাগণ এ দিক ওদিক পলাইয়াছিল – যুদ্ধ ক্ষান্ত হইয়াছে বুঝিয়া তাহারা ক্রমে ক্রমে আসিয়া নিশানের কাছে জুটিল। তথন সেই ভগ্নসেনা লইয়া সেই প্রান্তরে শিবির সংস্থাপন করিয়া হাসানআলি রাত্রিযাপন করিতে লাগিলেন।

সন্ধ্যার পর একাকী তাত্মধ্যে বসিয়া হাসানআলিখা গভীর চিস্তা করিতে লাগিলেন—কি উপায়ে বাদশাহের কাছে মান ও প্রাণ রক্ষা হইবে ? শেষ তাহার উপায় স্থির করিয়া আপনার প্রিয়পাত্র হামিদখাকে ডাকিবা স্বীয় অভিপ্রায় বুঝাইয়া দিলেন। হামিদ সেলাম করিয়া বিদায় হইল।

উনবিংশ পরিচ্ছেদ

এখন আবহুলহামিদও ভাবিতে জানে। তাহারও একটা ছোট তামু ছিল—
সেখানে সে আসিয়া কুরশীর উপর বসিয়া ছক্কায় অম্বরী তামাকু চড়াইল। চারি
পাঁচ জন পারিষদ জুটিয়া গেল। সকলে মিলিয়া রাজপুতগণের ধূর্বতা ও ভীক্কতার
বিশেষ নিন্দা, এবং আপনাদিগের আসাধারণ বীক্ষের বিশেষ প্রশংসা করিতে
লাগিলেন। তাঁহারা দাড়ি চুমরাইয়া, ছেপ ফেলিতে ফেলিতে স্থির করিলেন যে,
তাঁহারা একটা ভারি রণজয় করিয়াছেন, এবং রাজপুতেরা মৃষিক তুলা পলায়ন
করিয়াছে— কোনক্রমে রাজকুমারীকে চুরি করিয়া লইয়া গিয়াছে মাত্র। বিশেষ
শিবির মধ্যে গোটাকত বড় বড় বকরি ও আরও বড় বড় চতুম্পদ ও পক্ষবিশিষ্ট
বিপদের শুভাগমন হইয়াছে ও শুভ জ্বাইয়ের উল্লোগ হইতেছে, ইতি সম্বাদ
আসিয়া অম্ব রাত্রে সমাংস বিচুড়া ভোজনের বিশেষ প্রভাগা সকলেরই চিত্তমধ্যে

উদিত হইল। স্তরাং তাঁহারা যে বিজ্ঞানী বীর পুরুষ তিছিষয়ে আর কাহারও কোন সন্দেহ রহিল না। আমাদিগের দৃঢ় বিশ্বাস আছে যে পলাণ্ডু লমুণ বিমিক্তা পক্ষ মাংসের স্থপদ্ধে যাঁহার মনে বীররস উছলিয়া না উঠে, তাঁহার দাড়ি গোঁপ বৃথায় ধারণ। সে গিয়া শাক্ষ্য গুল্ফ ও মস্তক মুগুন পূর্বক ত্রিপুণ্ডু ধারণ করিয়া, আতপ তণ্ডুল ও মর্স্তমান রম্ভার উপর ভরাভর করুন—তাঁহার আর কোন গতি দেখি না। তাঁহাদিগের হুংখে আমি সর্বদা কাতর।

এইরপে আবহুল হামিদ এবং তস্তু পারিষদেরা, মাংসাহার ভরসায় উচ্ছলিত বীররসে পরিপ্লুত হইয়া, শাশ্রুভার বহন সার্থক বিবেচনা করিলেন। আবহুল
হামীদ তখন ছিলিমে একটু ফুৎকার দিয়া বলিলেন, 'ভাই সব! বীরপনা'
ত দেখাইয়াছ—কিন্তু মেয়েটা যে রাজপুতেরা লইয়া গিয়াছে, সে কাজটা বড় ভাল হয় নাই।—বাদশাহ সে কথা শুনিলে মনে করিবেন, যে ভোমাদের রণজয় সব বৃথা গল্প! বিশ্বাস করিবেন না।" এই বলিয়া আবহুল হামিদ, একটা ফারশী বয়েৎ আওড়াইলেন—আমবা শুনিয়াছি যে সে বয়েতের একটি শব্দও ফারশী নহে— তবে থা সাহেবের বক্তবর্ণ চক্ষু, হাত নাড়ার জোর, এবং গন্তীর উচ্চারণের ঘটায় পারিষদেরা সকলেই মনে করিল যে এ একটা ভারি বয়েৎ। তখন আবহুল হামিদ বিশ্বিত শ্রোভ্বর্গের সম্মুখে সেই অলোকিক বয়েতের ব্যাখ্যা করিয়া সকলকে বৃঝাইয়া দিলেন যে, ফলেই কার্যোর পরিচয়। ফলটা না দেখিলে বাদশাত রণজয়ের কথায় বিশ্বাস করিবেন কেন! তাঁহাকে ফলটা দেখাইয়া দিতে হইবে। তবে আমাদের সেরোপা মিলিবে।

মাজ্মহোসেন নামে একজন স্থুলবৃদ্ধি পারিষদ বলিল, "সে ফলটি কি ?" আবতুলহামিদ বলিলেন,

"বদ্বধ্ । বৃঝিলে না ? সে ফলটি রাজকুমারী।" মাজ্জুম। রাজকুমারী আর কোথায় পাওয়া যাইবে ?

আবহুলহামিদ। কেন, রাজকুমারী কি কাহারও গায়ে লেখা থাকে ? যে হয় একটা মেয়ে ধরিয়া দোলায় চড়াইয়া লইয়া গেলেই বাদশাহকে ভুলান যাইতে পারে।

শ্রোভূগণ আবত্দহামিদের বৃদ্ধির দৌড় দেখিয়া একেবারে বিমৃশ্ধ হইল। তাঁহারা বিস্তর সাধুবাদ করিলেন। কিন্তু বোকা মাজ্জুম সহজে বুঝে না। সে বলিল, "হঁ! যে-সে মেয়ে লইয়া গিয়া দিলে কি বাদশাহ ঠকিবে? মুলুকের বাদশাহ—সে কি ছোট-লোক বড়-লোক চিনিতে পারে না!"

व्यावष्ठल । व्यामता वर्ष घटतत स्माराई नहेगा याहेव । माञ्क्म । काषाग्र भाहेरव ? আব। যেখানে বড় বাড়ী দেখিব, সেইখানে তরবাল হাতে প্রবেশ করিয়া, মেয়ে কাড়িয়া আনিয়া দোলায় বসাইব।

মাজ্জুম। দোলাই বা পাইবে কোথায় ? তাও ত রাজপুত কাড়িয়া লইয়া

আবহুল। তাহাও যেখানে দেখিব সেইখান হইতে কাড়িয়া আনিব।
মা। বস্ত্রালন্ধার ?

আ। তাও লুঠ করিয়া আনিব। হাতিয়ার থাকলে অভাব কিসের ? যার হাতিয়ার আছে, ছনিয়া তার।

পারিষদগণ আবহুলহামিদের বিজ্ঞতার বিশেষ প্রশংসা করিতে লাগিল ।
কিন্তু মূর্থ মাজ্জুম তবু বুঝে না—তথাপি আপত্তি করিতে লাগিল—বলিল, "তোমরী যেন রাজক্সা সাজাইয়া বাদশাহের সম্মুখে উপস্থিত করিয়া বলিলে এই রূপনগরের রাজকুমারী—কিন্তু কন্যা যদি বলে যে না—আমাকে মার কোল থেকে কাড়িয়া আনিয়া জ্ঞাল রাজকুমারী সাজাইয়াছে গু

আবছল বলিল, ''ফু: তা আর বলিতে হয় না—দিল্লার বাদশাহেব বেগম হতে কার অসাধ !"

মাজ্জ্ম। হৌক—না হয় সেই যেন লোভে পড়িয়া চুপ কবিল—কিন্তু এই ছাউনিতে এত শিপাহী—ইহাদের কাহাবও না কাহার দ্বারা এ জাল প্রকাশ পাইবে—তথন আমাদিগের প্রাণ কে রাখিবে ?

আবহুল হতাশ হইয়া বলিল—''আল্লা। এত বড় বে-অকুব বদ-হোস কমবধ্ৎ বেচারা আমি ত কখন দেখি নাই! এই ছাউনির মধ্যে আমার এ কারসাজি জানিবে কে? আমি.কি এ কথা আর কাহাকে বলিব না কি? কন্সা আনিয়া ছাউনিতে উপস্থিত করিয়া বলিব যে রাত্রে রাজপুতের ছাউনিতে পড়িয়া তাহাদের ফতে করিয়া রূপনগরের শাহজাদীকে কাড়িয়া আনিয়াছি। ভাবনা কি? সকলে সেরোপা পাইব।"

শুনিয়া পারিষদের। ধন্য ধন্য করিতে লাগিল। স্থভান-এক্লা! এত আক্ষেল ও হোস ও ফেকের ও হিম্মৎ ও যঁওয়া মরদী ও এলেম পোষত পোষতান্ বৃজুর্গ মধ্যে কেহ কখন দেখে নাই। মাজ্জুমও পরাভূত হইয়া নীরব হইয়া রহিল।

তখন আবহুলহামিদ আপন পৌরুষের পরাকাষ্ঠা প্রদর্শনার্থ বলিলেন, "হে ভাই সকল! কাল বিলম্বে প্রয়োজন নাই।—আজ রাত্রেই এ কার্য্য সম্পন্ন করিতে হাইবে। এখানে কোথায় বড় লোকের বাড়ী আছে কেহ সন্ধান রাখ ?

তখন মেহেরসেখ নামে একজন শিপাহী বলিল, "আমি একটি বড় মানুষের বাড়ী দেখিয়া আসিয়াছি। যুদ্ধকালে বড় পরিশ্রম হওয়ায় আমি দশুক্ষাজন্য বিশ্রামলাভের অভিপ্রায়ে এক উষ্পানমধ্যে অবস্থিতি করিতেছিলাম (অস্থার্থ: প্রাণ লইয়া পলাইয়া বনের ভিতর সারাদিন লুকাইয়াছিলেন)—সেইখানে এক বড় ভারি বাড়ী দেখিয়াছি—বড় লোকের বাড়ী অমুমান হয়।"

व्यावञ्चलिशामन भूमी श्हेशा किकामा कतिरानन,

🧸 "সে বাড়ীতে যুবতী ও স্থন্দরী স্ত্রীলোক আছে কি না কোন সন্ধান রাখ ?"

যে বাড়ীর কথা মেহেরসেখ বলিতেছিল সে মোহনলাল শেঠিয়া নামে এক-জন অতি ধনাঢা বণিকের বাড়ী। তাহারই পার্শ্বন্থ জঙ্গলে মেহের লুকাইয়া প্রাণ-রক্ষা করিয়াছিল! সেই বাড়ীতে যমুনা নামে একজন অর্ধ্ধবয়সী পরিচারিক। **ছिल**—कृष्णक्री, कूटलामत्री,—পঞ্চाশৎ वर्ष वयस्या। रेमवार উপরের জ্ञানেলা হইতে, বনমধ্যে লুক্কায়িত মেহেরের উপর তাহার দৃষ্টি পড়িয়াছিল। মেহেরেরও সেই সময়ে ষমুনার উপর দৃষ্টি পড়িয়াছিল। এখন, এ পঞ্চাশৎ বংসর মধ্যে কেহ কখন যমুনার ক্লপে মুগ্ধ হইয়া তাহার পানে চাহে নাই। যমুনা মনে করিল আজ সে সুধের দিন উপস্থিত হইয়াছে – যখন এ ব্যক্তি বনের ভিতর লুকাইয়া থাকিয়া আমার পানে চাহিতেছে তখন নিশ্চিত এ আমার উপাসক; ইহাকে মদনানলে পীড়িত করাই আমার অবশ্য কর্ত্তব্য। এই ভাবিয়া যমুনা মেহেরের প্রতি চক্ষুকোঠর হইতে একটি বিলোল কটাক্ষ ঝাড়িয়া গৃহকর্মে গেল। আবার একটু ঘুরিয়া আসিয়া আবার একটা ধারাল রকম নয়নবান হানিয়া ফেলিল। মেহেরও মশ্ম ব্রিয়া চরিতার্থ হইলেন—এই প্রায়ট্ট বৎসর বয়সে তাঁহার পাকা দাড়ি সার্থক বিবেচনা করিলেন—এবং বিমুদ্ধচিত্তে সন্ধ্যার পর সেই ত্রিতল গৃহমধ্যে ছাধ্মফেশনিভ শয্যায় গদ্ধরুবা ও পুষ্পমাল্য সহিত যমুনামুন্দরীর বাছলতায় কণ্ঠ বেষ্টনের মুখকল্পনা করিতেছিলেন—ইত্যবসরে হাসানআলির ভেরী বাঞ্চিল। অগত্যা তাঁহাকে শিবিরে আসিতে হইয়াছিল কিন্তু অদর্শনে কল্পনাদেবীর কিঞ্চিৎ অমুগ্রহ হয়—অভএব মেহের ক্রমে ভাবিতে লাগিলেন যে সেই বাতায়নবিহারিশী মেহের-প্রেমে অভি-ভূতার স্থায় সুন্দরী আর ইহলোকে জন্মগ্রহণ করে নাই। ইহাতে মেহেরের অপরাধ নাই—কেন না এই পঞ্ষষ্টি বংসর পরিমিত জীবনমধ্যে তাহার অস্থিময় কৃষ্ণকান্তি কখনও স্থীব্রাতির সরস কটাক্ষের বিষয়ীভূত হয় নাই। অভএব যখন আবচ্চল হামিদ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, সে গৃহে যুবতী ও সুন্দরী স্ত্রী আছে কি না, তখন মেহের বেচারা এককালীন কল্পনা ও অলম্ভার শাল্রাধিষ্ঠাত্রী সরস্বতী দেৱীর বশীভূত হইয়া বলিল, যে গোলাবের মত মোলায়েম, আফতাব ও সেতারের মত রোশনাই করনেওয়ালী তুই এক জন বোড়শী রমণী তিনি সেই গতে দেখিয়া बाসিয়াছেন। আরও বলিলেন যে তাহারা (কল্পনায় বছ বচন)—তাহারা অত্যস্ত স্থ্যসিকা,—ভাঁহার প্রতি বিশেষ কুপা করিয়াছিলেন—এবং কেবল নিমকের অস্থ-

রোধেই তিনি সেই ত্রিতল গৃহস্থিত ত্থকেগনিভশয্য। পরিত্যাগ করিয়া শিবিরের কঠিন মাটাতে শয়ন করিতে আসিয়াছেন।

আবহুলহামিদ মেহেরের সকল কথায় বিশাস করিলেন কি না বলিতে পারি না — কিন্তু তিনি আহারান্তে সেই গৃহমধ্যে ইষ্টসাধনার্থ প্রবেশ করাই স্থির করিলেন। এবং অমুচরবর্গকে বলিলেন যে, তোমরা ভাই বেরাদারি মধ্যে পঞ্চাশন্তন জ্যোষ্ট্রম সংগ্রহ কর। ঠুসিয়া খিচুড়ী ভোজন করিয়া সকলে হাতিয়ার বন্দ হইয়া এইখানে আসিও। মোল্লা মৃফতির মাধায় বাজ পড়ুক—আমি কিছু উত্তম সরাব সংগ্রহ করিয়াছি—একত্রে পান করিয়া কার্য্যোদ্ধার করিতে যাত্রা করিব।



 কটি শৃথলের সঙ্গে আর একটি শৃথল, তাহার সঙ্গে আর একটি শৃথল এইরূপ
 অনেকগুলি শৃথল একত্র সংলগ্ন হইয়া যেরূপ এক স্থদীর্ঘ শৃথল প্রস্তুত হয়, সেইরূপ এই জগৎকার্য্যে একটী ঘটনার পর আর একটী ঘটনা, তাহার পর আর একটী ঘটনা, এইরূপ ঘটনা পরস্পরা কার্য্যকারণ সম্বন্ধে নিবদ্ধ হইয়া সৃষ্টিপ্রক্রিয়া বহুমান করিতেছে। একটা ঘটনা, কারণ রূপে, আর একটা ঘটনারূপ কার্য্য উৎপাদন করিল। আবার শেষোক্ত ঘটনাটী কারণ হইয়া আর একটি ঘটনারূপ কার্যা উৎপাদন কবিল। যাহা একবার কার্যা ভাহাই আবার কারণ হইয়া অক্ত কার্যা উৎপাদন কবিতেছে। এইরূপ আবহুমান কাল যাহা কারণ বিশেষের কার্যা মাত্র, তাতাই আবাব কারণ হইয়া অস্থা কার্যা উৎপাদন করিতেছে। জ্বল ও উত্তাপের সংযোগ একটি ঘটনা, বাষ্প উহার কার্যা। আবার বাষ্প হইতে মেঘ উৎপন্ন হইল। মেঘের সহিত শীতল বাযুর সংযোগ হইয়া বৃষ্টি হইল। সমস্ত স্ষ্টিকার্য্যে এইরূপ ঘটনার পর ঘটনা চলিতেছে। একটা ঘটনা আর একটার সহিত অধ্বনীয় যোগে বন্ধ। বিংশতিটি গোলা একটা একটা করিয়া সরল রেখায় রাখিয়া দেও: প্রথমটিতে আঘাত কর, যদি পার্বে সরিয়া যাইবার কোন कार्य ना थारक, তाहा हहेरल व्यथमी शिया विजीयिक, विजीयिक जुजीयिक এইরপে শেষে উনবিংশ গোলাটী বিংশ গোলাটীকে আঘাত করিবে। প্রথম গোলাটীকে যে বলের সহিত আঘাত করা হইল, যদি সেই বলের পরিমাণ নির্দ্ধারণ কর। যায়, এবং প্রতিকৃল অবস্থা সকলের শক্তি, (অর্ধাৎ ভূমির বন্ধুরতা, বায়ুর প্রতিঘাত ইত্যাদি) নিশ্চয়ক্সপে অবগত হওয়া যায়, ভাহা হইলে প্রথম গোলাটি যখন চলিল, তখনই ঠিক করিয়া বলা যাইতে পারে যে, বিংশ গোলাটা চলিবে কিনা। কেবল ভাহাই নহে। কয় মুহুর্ত্ত পরে শেষ গোলাটাডে আঘাত লাগিবে ও উহা চলিবে তাহা নি:সন্দেহে গণনা করা যাইতে পারে। প্রথম গোলাটীর গতির উৎপত্তি হইতে, শেষ গোলাটির গতি উৎপন্ন হওয়া পর্ব্যস্ত যে কয়েকটি ঘটনা হইল উহা কার্য্য কারণ শৃঙ্খল মাত্র। পূর্ব্ববর্ত্তী আঘাত পরবর্ত্তী আঘাতের কারণ, আর সেই পরবর্ত্তী আঘাত তৎপরবর্ত্তী আঘাতের কারণ, স্থতরাং যেমন পূর্ব্বে বলা হইয়াছে যাহা একটি ঘটনা সম্বন্ধে কার্য্য তাহাই আবার আর একটী ঘটনা সম্বন্ধে কারণ হইতেছে। ঘটনা সকল পর্য্যায়ক্রমে কার্য্য ও কারণ হইতেছে।

সামাস্থ গোলার বিষয়ে যে কথা বলা হইল অসীম ব্রহ্মাণ্ডের যাবতীয় ঘটনা সম্বন্ধে সেই কথা থাটিবে। বৈজ্ঞানিকেরা যাহাকে নিয়ম বলেন তাহা আর কিছুই নহে, এই কার্য্যকারণ সম্বন্ধীয় প্রণালী মাত্র। সমান কারণ সমান অবস্থায় সমান কার্য্য উৎপাদন করে, ইহা দেখিয়াই আমাদের প্রাকৃতিক নিয়মের জ্ঞান হইয়াছে। কোন একটি ঘটনা একপ্রকার অবস্থায় একপ্রকার কার্য্য উৎপাদন করিল। আবার সেইরূপ ঘটনা, অবিকল সেইরূপ অবস্থায় ঠিক সেইরূপ কার্য্য উৎপাদন করিল, এইপ্রকার পুনঃপুনঃ দেখিয়াই আমরা বৃঝিয়াছি যে, প্রকৃতি নিয়মান্থ সারে চলিতেছে। ইহাতে কিছুই বিশৃন্ধলা নাই। কোন ঘটনাই আকস্মিক নহে।

সামান্ত একটা দৃষ্টান্ত দেখ। 😘 তৃণ অগ্নিতে নিক্ষেপ কর, তৃণ দশ্ধ হইয়া গেল। যখন যেখানে শুক্ক তৃণ অগ্নিতে নিক্ষেপ করিবে, সেইখানেই তৃণ দশ্ধ হ'ইবে। কিন্তু আর্দ্র তুণ অগ্নিতে নিক্ষেপ কবিয়া দেখ, উহা যতক্ষণ আর্দ্র থাকিবে, কখনই দগ্ধ হইবে না। যখন যেখানে আর্দ্র তুণ অগ্নিতে দিবে, আর্দ্রাবস্থায় উহা কখনই দগ্ধ হইবে না। এই প্রকার দেখিয়া দেখিয়াই লোকের প্রাকৃতিক নিয়মের জ্ঞান জ্বন্মে। যদি এমন হইত যে, একসময় দেখিলাম শুদ্ধ তৃণ অগ্নিতে দগ্ধ হইল, আর এক সময় হইল না : এক মময় দেখিলাম উত্তাপসংযোগে জল বাষ্প্রপে পরিণত হইল, আর এক সময় হইল না; এক সময় দেখিলাম বৃক্ষখালিত ফল পৃথিবীতলে পতিত হইল, আর এক সময় উহা উদ্ধ্যামী হইল, এক সময় দেখিলাম জল নিমুগামী হইয়া চলিতেছে, আর এক সময় দেখিলাম উহা উদ্ধগামী হইতেছে; এক সময় দেখিলাম বিষ শরীরের রক্তকে দৃষিত করিয়া দিতেছে, আর এক সময় দেখিলাম উহাকে বিশুদ্ধ করিতেছে; যদি জগতে সকল সময়ে ও সর্বত্ত এই প্রকার বিশৃষ্থলা দেখিতাম, যদি দেখিতাম যে, সমান কারণ, সমান অবস্থায় সমান কার্য্য উৎপাদন করিতেছে না, তাহা হইলে আমাদের পক্ষে নিয়মের জ্ঞান অসম্ভব হইত। বাস্তবিক প্রকৃতির ক্রিয়ার মধ্যে সমান ভাব (uniformity) দেখিয়াই আমাদের প্রাকৃতিক নিয়মের জ্ঞান জন্মিয়াছে।

যাহা আলোচনা করা হইল ভাহাতে এই ছটি কথা বলা হইয়াছে। প্রথমতঃ কার্য্যকারণশৃখলে সমগ্র জগৎ দৃঢ় নিবন্ধ রহিয়াছে; দিতীয়তঃ সমস্ত ঘটনা পরস্পারের সহিত অখণ্ডনীয় কার্য্যকারণ শৃত্মলে বদ্ধ হইয়া রহিয়াছে বলিয়াই আমাদের প্রাকৃতিক নিয়মের জ্ঞান জ্বন্মিয়াছে।

200

বহির্জগতে যেমন অস্তব্ধ গতেও সেইরূপ। বহির্জগতে যেমন গ্রহ নক্ষত্রের গতি হইতে সামান্ত ধূলিকণার পতন পর্য্যস্ত কিছুই আকস্মিক নয়, কিছুই বিনা কারণে হয় না, সেইরূপ অস্তব্ধ গতেও কোন জ্ঞান, ভাব, বা ইচ্ছা বিনা কারণে উৎপন্ন হয় না।

আমি একটি কার্য্য করিলাম। কার্য্যের কারণ কি ? ইচ্ছা (will)। ইচ্ছার কারণ কি ? ইচ্ছা কখন কি বিনা কারণে উৎপন্ন হইতে পারে ? ইচ্ছার অবশ্য কারণ আছে। ইচ্ছার কারণ বাসনা (desire)। বাসনা কোথা হইতে আসিল ? বাহ্যপদার্থ বা ঘটনার সহযোগে প্রকৃতি বা চরিত্র হইতে। প্রকৃতি ও চবিত্রের কারণ কি ? কতক বৈজ্ঞিকতন্ত্রামুসাবে পিতৃপুরুষ হইতে, এবং কতক অবস্থা ও শিক্ষা হইতে।

"স্বাধীন ইচ্ছা" এই বাক্যটির তাৎপর্য্য বৃঝিতে চেপ্টা করা যাউক। কেহ কি এরপ মনে করিতে পারেন যে, মনুষ্যের কোন একটি ইচ্ছা বিনা কাবণে উৎপন্ন হইতে পারে ? ইচ্ছা থাকিলেই তাহাব উৎপত্তির কাবণ আছে। ইচ্ছা মাত্রেই বাসনার কার্য্য। কার্য্য, কারণের অধীন, স্মৃতবাং ইচ্ছা অবশ্য তাহার কারণ বাসনার অধীন।

বাহ্য প্রতিবন্ধক অনতিক্রমণীয় না হইলে যাহা ইচ্ছা তাহা করিতে পারি। ইহারই নাম যদি "স্বাধীন ইচ্ছা" হয়, তবে সে স্বাধীন ইচ্ছা ত মমুষ্য মাত্রেই অমুভব করিয়া থাকে। ইচ্ছা হইলে সেই ইচ্ছা অমুসারে মমুষ্য স্বাধীনভাবে কার্য্য করিতে পারে, এ কথা কোন্ বৃদ্ধিমান্ ব্যক্তি অম্বীকার করিবেন! কিন্তু স্বাধীন ইচ্ছামতের পক্ষপাতীরা কি এরপ বলিতে পারেন যে, মমুষ্য যাহা ইচ্ছা তাহাই ইচ্ছা করিতে পারে! যাহা ইচ্ছা তাহাই ইচ্ছা করিতে পারে! হাছার উৎপত্তির পূর্বের কেমন করিয়া ইচ্ছা আসিবে! ইচ্ছার উৎপত্তির পূর্বের কেমন করিয়া ইচ্ছা আসিবে! ইচ্ছার উৎপত্তির পূর্বের কেমন করিয়া ইচ্ছা আসিবে! ইচ্ছার উৎপত্তির পূর্বের অবশ্য আর কিছু আছে। সেই "আর কিছু" ইচ্ছার কারণ, ইচ্ছা তাহার কার্য্য; স্কুতরাং ইচ্ছা তাহার অধীন। ইচ্ছার স্বাধীনতা কোথায় রহিল!

আমরা যাহা ইচ্ছা তাহা করিতে পারি, সেই জ্বন্থই ইচ্ছার স্বাধীনতার মতটি উঠিয়াছে। স্বাধীনতা শব্দের অর্থ ই স্ব অধীনতা, আপনার অধীনতা অর্থাৎ আমাদের যাহা ইচ্ছা তদমুসারে কার্য্য করিতে পারি। কিন্তু ইচ্ছার সৃষ্টি করিতে পারি না। কেন না কোন্ ইচ্ছা দ্বারা ইচ্ছার সৃষ্টি করিব ? ইচ্ছাস্টির পূর্বের অবশ্য ইচ্ছা ছিল না।

"ষাধীন ইচ্ছা" মতের পক্ষপাতীরা বলেন যে, প্রত্যেক মন্থা আপনাকে ষাধীন বলিয়া অন্থভব করে; ষাধীনতার বিশ্বাস স্বাভাবিক। আমরা জিজ্ঞাসা করি প্রত্যেক মন্থা কি অন্থভব করে? ইহা ভিন্ন আর কিছুই নহে যে, আমরা যাহা ইচ্ছা তাহা করিতে পারি। যদি কাহারও পক্ষাঘাত হয় সে আপনাকে ষাধীন মনে করে না কেন? এই জন্ম যে, মনে ইচ্ছা থাকিলেও তদম্যায়ী কার্য্য করিবার শক্তি নাই। কিন্তু প্রত্যেক মন্থা কি এরপ অন্থভব করে যে, সে ইচ্ছাব সৃষ্টি করিতে পারে? কোন প্রকার বিশেষ ইচ্ছা সৃষ্টি করিবার ইচ্ছা যদি জন্মিয়া থাকে, তবে ইহাই বলিতে হইবে যে, সে ইচ্ছাই জন্মিয়াছে। ষাধীন-ইচ্ছামতের পক্ষপাতীরা বলেন যে, কোন কার্য্য করিবার পূর্কের্ব মন বলিয়া দেয় যে, উহা করিতেও পারি, না করিতেও পারি। উক্ত কার্য্য করিলে পর মনই বলিয়া দেয় ইহা না করিলেও করিতে পারিতাম। সেই জন্মই হৃদ্ধে করিয়া অন্থতাপ হয়। এটি অত্যন্ত অযুক্ত কথা। মনোবিজ্ঞানবিদ্ মাত্রেরই মতে সংজ্ঞা (consciousness) মনের বর্ত্তমান অবস্থা বলিয়া দেয়। ভূত ভবিশ্যতের সহিত উহাব সম্বন্ধ কি ?

বিপরীত প্রকৃতির ছটী অভিসন্ধি বা বাসনার মধ্যে যখন বিরোধ উপস্থিত হয়, তখন মনুষ্য আপনাকে বিশেষরূপে স্বাধীন বলিয়া প্রতীতি করে। বিরোধের অবস্থায় মনুষ্য বিচার করে, বিতর্ক করে, আলোচনা করে, একবার অগ্রসর হয়, আবার পশ্চাঘত্তী হয়, স্মৃতরাং সে মনে করে যে সে নিজে স্বাধীন ভাবে এ প্রকার করিতেছে। এরূপ বিরোধের অবস্থায় স্বাধীনতায় বিশ্বাস উজ্জ্বলতর হইয়া উঠে।

একটা দৃষ্টান্ত গ্রহণ কর। মনে কব, ছটা চুম্বক পাথরের ছই পার্শ্বে মধ্যস্থলে এক খণ্ড লোহ রহিয়াছে। যদি ছইখানি চুম্বকের আকর্ষণ সমান হয়, তাহা হইলে লোহখণ্ড যেখানে আছে সেইখানেই থাকিবে। কোন দিকেই চালিত হইবে না। কিন্তু যদি ছইখানি চুম্বকের মধ্যে একখানির আকর্ষণ প্রবলতর হয়, তাহা হইলে লোহ সেই দিকেই চালিত হইবে। আমাদের প্রবৃত্তি বা বাসনা সকল অবিকল এই প্রকার ভাবে কার্য্য করে। যদি ছটা বাসনা সমান প্রবল থাকে, তাহা হইলে মমুষ্য কোন দিকেই হেলিতে পারিবে না। কিন্তু যদি ছটির মধ্যে একটা অধিকতর প্রবল হইয়া উঠে তাহা হইলে সেই প্রবলতর বাসনার দিকেই ধাবিত হইবে, এবং সেই বাসনার অমুযায়ী কার্য্যই অমুষ্ঠিত হইবে। মনে কর একটি নির্জ্জন স্থানে কতকগুলি স্বর্ণমুজা কুড়াইয়া পাইলাম, পাইবামাত্র উহা আত্মসাৎ করিবার ইচ্ছা হইল। কিন্তু তৎপরক্ষণেই মনে হইল যে উহা অধর্ম্ম, যাহার ধন তাহাকে অন্বেষণ করিয়া প্রত্যেপণ করাই বিধেয়। এই উভয়প্রকার

ৰাসনার মধ্যে ঘোরতর বিরোধ উপস্থিত হইল। একবার একটা আবার অপরটি পর্য্যায়ক্রমে প্রবল হইতে লাগিল। অবশেষে উভয়ের মধ্যে কোন একটির জয়-লাভ হইল।

300

এস্থলে কেই বলিতে পারেন যে, প্রবলতর বাসনা যে মনুয়াকে স্বীয় অধীনে আনিল এমন নহে, মনুয়া নিজেই সেই অভিসন্ধিকে প্রবল করিল; সে আপনিই স্বাধীন ভাবে উভয়প্রকার অভিসন্ধির মধ্যে কোন একটাকে জয় দান করিল। কিন্তু জিজ্ঞাসা করি জয় দান করিল কেন? একটীর পরিবর্গ্তে আর একটিকে জয়দান করিবার যে ইচ্ছা ভাহার কি কোন কারণ নাই? সেই মানসিক অবস্থার উৎপাদক কি কোন পূর্ববর্ত্তী অবস্থা নাই?

আমরা দেখিলাম যে জড় জগৎ কার্য্য কাবণ শৃষ্থালবদ্ধ একটা কল মাত্র।
আবার ইহাও প্রতিপন্ন হইল যে, মনোজগৎও ঐ প্রকার আর একটি কল।
আধুনিক উন্নত বিজ্ঞানেব ইহাই উপদেশ যে, সমগ্র ব্রহ্মাণ্ডেব সকল অংশের
সহিত সকল অংশের যোগ রহিয়াছে। নিয়ত পূর্ববর্ত্তী ও নিয়ত পরবর্তীরূপে
ঘটনা সকল পরস্পবের সহিত সংবদ্ধ। এই প্রকাশু যন্ত্রেব নিগৃঢ় কার্যাপ্রশালীর
অনুসন্ধান কবাই মন্ত্র্যের স্থুমহৎ অধিকার। এই যন্ত্রসন্ধ্রীয় সতা আহরণ করাই
বৈজ্ঞানিকের কার্যা। এই যন্ত্রের জ্ঞানই প্রকৃত বিজ্ঞান।

জড় ও মন উভয়ই যখন নিয়মে বদ্ধ তখন উভয় সম্বন্ধীয় ঘটনারই ভবিষ্যদ্বাণী সন্তব। কেবল সন্তব কেন! বহুকাল হইতে বৈজ্ঞানিকেবা ভাবী ঘটনা সম্বন্ধে ভবিষ্যদ্বাণী করিয়া আসিতেছেন, এবং উহা সফলও হইডেছে। আমরা পূর্বের গোলার বিষয়ে যেমন বলিয়াছি যে, সমস্ত অবস্থাসম্বন্ধে সম্পূর্ণ জ্ঞান থাকিলে প্রথম গোলাটিতে আঘাত লাগিবে কি না, সেইরূপ সমস্ত অবস্থা নিয়ম সম্বন্ধে সম্পূর্ণ জ্ঞান থাকিলে জগতের যাবতীয় ঘটনাসম্বন্ধে ভবিষ্যদ্বাণী করা যায়। কবে স্থ্য চল্রের গ্রহণ হইবে, কবে ধ্মকেতুর উদয় হইবে, জ্যোতির্বিদ্পগুততেরা বহুকাল হইতে ভবিষ্যদ্বাণী করিয়া আসিতেছেন। গ্রহ উপগ্রহ বিষয়ক নিয়মাদির জ্ঞান কডকটা লাভ করা হইয়াছে বলিয়াই তাঁহারা অক্রেশে উক্ত ঘটনা সকল বহুকাল পূর্বের হইতে দেখিতে পান।

যে পরিমাণে বিজ্ঞান উন্নতিপ্রাপ্ত হইতে থাকিবে, সে পরিমাণে মসুষ্য, জগতের ভাবী ঘটনার জ্ঞানলাভ করিতে থাকিবে। এই শতাব্দীতে বিজ্ঞান যতাকু উন্নত হইয়াছে, তাহা দেখিয়াই আমরা আশ্চর্য্য হই। কিন্তু বাস্তবিক ইহা নিশ্চয় যে বিজ্ঞানের এখন শৈশবাবস্থা মাত্র। সেইজ্লফ বৈজ্ঞানিকেরা অভি অল্প বিষয়েরই ভবিষ্যৎ দেখিতে পান। এই প্রকাশু ব্রহ্মাণ্ডের অধিকাংশ বিষয়েরই এখন ভাবী জ্ঞান অসম্ভব। কেন না, সে সকলের নিয়মাদি সম্বদ্ধীয় জ্ঞান এখনও মন্তব্য

উপার্জন করিতে সক্ষম হন নাই। মমুষ্য যদি সকল বিষয়েরই কার্যকারণশৃত্বল স্মুম্পান্তরূপে দেখিতে পাইড, তাহা হইলে সকল বিষয়েরই ভাবী কার্য্য বলিয়া দিতে পারিত। জড়জগৎ সম্বন্ধে যেমন বলিয়া দিতে পারিত এবং এখনই কিয়ৎপরিমাণে পারে, মনোজগৎ সম্বন্ধেও অবশ্য সেইরপ পারিত। জড়ও মন সম্বন্ধেও ভবিষ্যদ্বাণী সম্ভব হইলে, ব্যক্তিগত ও সামাজিক সকল ঘটনারই ভবিষ্যদ্বাণী সম্ভব হইলে, বাজিগত ও সামাজিক সকল ঘটনারই ভবিষ্যদ্বাণী সম্ভব হইলে, বাজিগত ও সামাজিক সকল ঘটনারই ভবিষ্যদ্বাণী সম্ভব হইলে। এখন যেমন বলা যায় যে, কবে ধূমকেতুর উদয় হইলে, কবে চক্দ্রগ্রহণ হইলে, সেই প্রকার আমাদের জ্ঞান অধিকতর উন্নত হইলে আমরা বলিতে পারিব যে কবে অমুক ব্যক্তি একটা মিথ্যা কথা বলিবে, কবে সে প্রবঞ্চনা করিয়া আপনার লাতার সম্পত্তি অপহরণ করিবে, কবে সে নরহত্যা করিয়া রাজদণ্ডে দণ্ডিত হইবে। অথবা কবে সে অসাধারণ মহন্ত প্রকাশ করিয়া জনসমাজের হিত্সাধন করিবে। সামাজিক বিষয়েও সেইরপে নিঃসন্দিশ্বচিতে বলা থাইতে পারিবে যে, কতদিন পরে প্রচলিত হিন্দুধর্ম্ম বিনাশদশা প্রাপ্ত হইবে, আর কতদিন ভাবতবর্ষ বিদেশীয় জ্বাতির অধীন থাকিবে।

এ হলে একটা কথা সহজেই আসিতেছে। প্রসিদ্ধনামা জন ই ুয়ার্ট মিল উাহার রচিত তর্কশান্ত্রে আসিয়া (Asia) দেশের প্রচলিত অদৃষ্টবাদ ও ইউরোপ খণ্ডে প্রচলিত কারণবাদ মধ্যে বিভিন্নতা প্রদর্শন করিতে গিয়া বলিয়াছেন যে, আসিয়ার প্রচলিত অদৃষ্টবাদ মমুষ্যের অদৃষ্টকে কোন অজ্ঞাত বা দৈব শক্তির অধীন করে, কিন্তু ইউরোপে প্রচলিত কারণবাদ মমুষ্যের কার্যানিচয় ও কার্য্যকারণসম্বদ্ধ বারা ব্যাখ্যা করে।

Real fatalism is of two kinds. Pure Asiatic fatalism, the fatalism of Œdipus, holds that our actions do not depend upon our desires. Whatever our wishes may be, a superior power, or an abstract destiny, will over-rule them and compel us to act, not as we desire, but in the manner pre-destined. The other kind, modified fatalism I will call it, holds that our actions are determined by our will, our will by our desires, and our desires by the joint influence of the motives presented to us and of our individual character.

J. S. Mill.

মিল যে কথা বলিয়াছেন তিষিয়ে আমাদের বক্তব্য এই যে, এই উভয় প্রকার মত মূলে বিভিন্ন হইলেও ফলে সম্পূর্ণ এক। আসিয়ার প্রচলিত অনৃষ্টবাদ বেমন নিশ্চয় করিয়া বলে যে, যাহা ঘটিবার ভাহা ঘটিবেই, কেহ ভাহার অক্তথা করিতে পারে না; ইউরোপীয় পণ্ডিতগণের প্রচারিত কারণবাদ হইতেও সেই কথা নিষ্পন্ন হইতেছে যে, যাহা ঘটিবার তাহাই ঘটিবে। ব্যক্তিগত জীবন ও সামাজিক জীবন অখণ্ডনীয় কার্য্যকারণসূত্রে বন্ধ হইয়া রহিয়াছে। ইউরোপ ও আসিয়ার মত বিভিন্ন পথ দিয়া আসিয়াছে বটে, কিন্তু পরিশেষে একস্থানেই আসিয়া উত্তীর্ণ হইয়াছে। এই উভয় মতের মধ্যে ফলে প্রভেদ কোখায় ?

আমরা এতক্ষণ আলোচনা কবিয়া যে সিদ্ধান্তে উপনীত হইলাম, এক্ষণে তাহার ফলাফলের বিষয় বিচার কবিয়া দেখা যাউক। জড়জগৎ ও জনসমাজ কার্য্যকারণশৃত্ধলে বদ্ধ; এই মত হইতে অতি গুরুতর ফল উৎপন্ন হইতে পারে। আলোচিত মতে যদি সকল মহুযোব সন্দেহশৃত্য সূদৃঢ় বিশ্বাস জন্ম, তাহা হইলে এখন জগতে যে প্রকার ভাবে নিন্দা প্রশংসা, ঘৃণা ও শ্রদ্ধার কার্যা চলিতেছে ইহা সম্পূর্ণ পরিবত্তিত হইয়া যায়। কেবল তাহাই নতে, অমুশোচনা ও উল্লোগ বিনাশ-দশা প্রাপ্ত হয়।

মিধ্যাবাদী, প্রতাবক, ব্যভিচাবী, নবহন্তা, মন্থ্য যতই কেন ছজিয়াসক্ত হউক না, তাহাকে তুমি হুণা করিতেছ কেন! তাহার নিন্দা কবিবার তোমার কি! তাহার যখন নিজের বিন্দুমাত্র স্বাধীনতা নাই; কার্য্যকাবণশৃন্ধলে তাহার দেহ মন দিবারজনী যখন দৃঢ়নিবন্ধ, নিয়মচক্রে যখন সে প্রতিনিয়ত ভ্রাম্যমান তখন তাহাব অপরাধ কি! আবার যে পবিত্রচেতা সাধু, লোকহিত্রতে শরীর মন উৎসর্গ কবিয়াছেন, তাহারই বা এত প্রশংসা করিতেছ কেন! তিনিও ত অখণ্ডনীয় নিয়মের দাস মাত্র! তুমি উত্তর করিবে যে স্থান্তর পদার্থ দেখিলে প্রীত হওয়া মান্দুষের স্বভাব। স্থান্দর গোলাব, স্থান্তর চন্দ্রমা দেখিয়া কে না আনন্দিত হয়! ভাল জিনিস দেখিলেই লোকে তাহাকে স্থভাবতঃ ভালবাসে, কুৎসিত বস্তু দেখিলেই তাহাকে স্বভাবতঃ ঘুণা করে। চন্দ্র স্বাধীন ইচ্ছায় স্থান্দর হয় নাই, এবং পদ্ধ স্বাধীন ইচ্ছায় মলিন হয় নাই, অপচ আমাদের এমনি প্রকৃতি যে আমরা একটীকে ভাল না বাসিয়া এবং অপরটীকে গুণা না করিয়া থাকিতে পারি না। মন্দুষ্য সম্বন্ধেও সেইরপ। ভাল লোককে আমরা স্বভাবতঃ ভালবাসি, মন্দ লোককে আমরা স্বভাবতঃ ঘুণা করি। স্বাধীন ইচ্ছা থাকুক না থাকুক তাহাতে কি আসিয়া গেল!

এ সকল কথা মানিলাম। মন্দলোককে মন্দ অবশ্য বলিবে, কিন্তু তাহাকে অপরাধী বলিতে পারিবে না; "বাহাত্রি" নাই এ কথা অবশ্য স্বীকার করিতে হইবে; কেননা তিনিও নিয়মের দাস। যে বসস্তরোগী রোগযন্ত্রণায় ছট্ফট্ করিতিছে, যে গলিতকুন্ত রোগপ্রশীড়িত দরিজ্ব পথে বসিয়া চাংকার করিতেছে, উহাদিরকে তুমি স্বাগ কর ? লোকের বাড়ী বাড়ী কি উহাদের রোগের ক্ষা, উহাদের

নিন্দা করিয়া বেড়াও ? তাহা যদি না কর, তবে তোমার যে প্রতিবাসী চৌর্যাবৃত্তি-প্রবৃত্ত হইয়াছে, তাহার কেন নিন্দা করিতেছ ? চৌর্যবৃত্তি দ্বারা সমাজের যত অনিষ্ট সংঘটিত হয়, সংক্রোমক বসস্তরোগে কি তদপেকা কিছু অল্প অনিষ্ট হয় ? আর বসস্ত ও কুষ্ঠরোগ যেমন নিয়মের ফল, চৌর্যাবৃত্তিও কি সেইরূপ নহে ?

সেই জক্মই বলিতেছিলাম যে অদৃষ্টবাদে বা কারণবাদে দৃঢ়বিশ্বাস হইলে যে ভাবে এখন জনসমাজে নিন্দা প্রশংসা চলিতেছে সে ভাবে কখনই চলিতে পারে না। চৌর, প্রভারক, নরহস্থা প্রভৃতি লোকের কথা দূরে থাকুক, এখন জনসমাজের যে প্রকার অবস্থা ভাহাতে যে অশেষ যন্ত্রণাপ্রশীড়িত জীর্ণদেহ অক্ষম দরিত্র উদরের জ্বালায় অপরের অন্ধমৃষ্টি অপহরণ করে, ভাহাকেও অন্ধপানে পরিপৃষ্ট পিতৃপুরুষার্জিত ধনলাভে নিশ্চিন্ত, নীতিজ্ঞেরাও আন্থরিক দ্বণা প্রকাশ করিতে ক্রুটি করেন না। যে যুবতী বিধবা, প্রকৃতির ছ্র্নিবার উত্তেজনা অতিক্রম করিতে অক্ষম হইয়া বিপথে পদার্পণ করে, ভাহাকেও যে অশীতিপর বৃদ্ধ চতুর্থ পক্ষে বিবাহ কবিয়াছেন, ভিনিও অসতী বলিয়া স্থণা করিতে সঙ্কৃতিত হন না।

কারণবাদে দৃঢ় বিশ্বাস জন্মিলে সহাত্মভৃতি ও ক্ষমা যে এখনকার অপেক্ষা সহস্র গুণ বৃদ্ধিপ্রাপ্ত হইবে তদ্বিষয়ে লেশমাত্র সংশ্য নাই। লোকে যদি দেখে যে মান্থ্য অবস্থার দাসমাত্র, ব্রহ্মাণ্ড যন্ত্রের একটি হাল মাত্র, সে নিজে স্বাধীনভাবে, কার্য্যকারণ স্ত্র অভিক্রম করিয়া একটি ক্ষুদ্র কেশকেও বিচলিত করিতে পারে না, তাহা হইলে কেন আর কর্কশভাবে তাহাকে তিরস্কাব করিতে প্রবৃত্ত হইবে ! যে বংশখণ্ডেব আঘাতে তৃমি মস্তকে বেদনা পাও তাহাকে কি তৃমি তিরস্কার করিতে চাও! বালক ভূমিভলে পতিত হইলে রাগ করিয়া ভূমিকে আঘাত করে, কেন না সে মনে করে যে ভূমি চৈতক্সবিশিষ্ট পদার্থ ও সে তাহাকে স্বাধীনভাবে আঘাত করিল। কিন্তু যখনই বয়োবৃদ্ধির সঙ্গে সক্ষে বৃনিতে পারে যে ভূমি চৈতক্সবিশিষ্ট ও স্বাধীন নহে, তখন আর পতিত হইলে সে ভূমির উপর রাগ করিবে না। মন্ত্র্যা সম্বন্ধেও সেইব্রপ। যখন লোকে বৃনিতে পারিল যে প্রত্যেক মান্ত্র্যের সহিত মন কার্য্যকারণ স্ত্রে বন্ধ, তখন আর কাহারও দোষের জ্বন্য তাহাকে কেহ দ্বণা বা তিরস্কার করিতে যাইবে না।

এক্লে কেই জিজ্ঞাসা করিতে পারেন যে তবে রাজনৈতিক ও সামাজিক শাসন একেবারে উঠিয়া যাইবে ? স্বাধীনতা নাই বলিয়া কি চৌর ও নরহস্থাকে রাজা শান্তি দিবেন না ? কেই কোন ছ্কার্য্য করিলে কি সমাজ ভাহার শাসন করিবে না ? এবং তাহা হইলে সংসার হইতে শাস্তিও শৃত্ধলা এককালীন কি ভিরোহিত হইয়া যাইবে না ? নিশ্চয়ই যাইবে। যাঁহারা কারণবাদের পক্ষপাতী তাঁহারা কখনই এমন বলেন না যে রাজনৈতিক ও সামাজিক শাসন উঠাইয়া দেও। যে সকল কারণে লোকের চরিত্র ও আচরণকে নিয়মিত ও পরিচালিত করে, রাজকীয় ও সামাজিক শাসন তল্মধ্যে প্রধান, স্তুতরাং রাজকীয় ও সামাজিক শাসন কারণবাদের বিরোধী নহে, বরং উহার সহিত সম্পূর্ণ সঙ্গত। কারণবাদীরা ইহাই বলেন যে, মমুষ্য অভিসন্ধির অধীন হইয়া কার্য্য করে। হছর্ম হইতে নির্বির পক্ষে, অস্তাম্ত অভিসন্ধির মধ্যে শাসনের ভয় একটা অভিসন্ধি হইয়া দাড়ায়। স্তুবাং সামাজিক ও রাজকীয় শাসনের সহিত কারণবাদের অসঙ্গতি কেন থাকিবে? কারণবাদ স্বীকার করিলে দোষী ব্যক্তিকে ঘুণা অবশ্য করিতে পারি না কিন্তু ভবিষ্যতে সে আর ছন্ম না করে সে জন্ম তাহাকে শাসন করিতে পারি। এতিন্তির অন্ত লোকে ছন্ম করিতে ভয় পাইবে বলিয়াও শান্তিবিধান আবশ্যক।

আমর। পূর্বে বলিয়াছি যে, যে ভাবে এখন সমাজে নিন্দা প্রশংসা চলিতেছে, কারণবাদে বিশ্বাস জন্মিলে তাহা আর কখনই চলিতে পারে না। ইহাও বলা হইয়াছে যে কারণবাদে স্ফুড় বিশ্বাস জন্মিলে অমুশোচনা ও উড়োগ বিলুপ্ত হইয়া যাইবে।

একথা যদি সত্য হয়, তবে ইহা সকলকেই স্বীকার করিতে হইবে, উহা কারণবাদের একটি নিতাস্থ অনিষ্টকর ঘণিত ফল। এন্থলে কারণবাদীরা বিরক্ত হইয়া বলিবেন, কারণবাদ হইতে এপ্রকার জঘন্ত ফল কখনই উৎপন্ন হইতে পারে না। আমরা এখনই পরিষ্কারক্তপে দেখাইব যে, কারণবাদে নিশ্চয়ই এই বিষময় ফল প্রস্ব করে।

এন্থলে পাঠকগণ বলিতে পারেন যে, তুমি যে কারণবাদকে প্রতিপন্ন করিবার জন্ম এতক্ষণ তর্কজাল বিস্তার করিলে, স্বাধীন ইচ্ছা মতের মূলে কুঠারাঘাত করিলে, এখন আবার সেই কারণবাদেরই বিক্লছে দণ্ডায়মান ছইলে কেন? তাহারই অশুভ ফল প্রদর্শন করিতে প্রয়াস পাইভেছ কেন?

এ কথার উত্তরে এইমাত্র বক্তব্য যে, আমরা মতের দাস হইতে চাই না, সভ্যের অমুগত থাকিতে ইচ্ছা করি। যে বিশুদ্ধস্বক্তি আমাদিগকে দেখাইয়া দিতেছে যে, স্বাধীন ইচ্ছা মতের কোন মূল নাই, সেই বিশুদ্ধস্ক্তিই আমাদিগকে বলিতেছে যে, উক্ত মতের নৈতিক কল নিতান্ত শোচনীয়।

স্থ্য হইতে কি অন্ধনার আসিতে পারে । সভ্য হইতে কি অমঙ্গল উৎপন্ন হইতে পারে ! কারণবাদ যদি সভ্য হয়, তবে তাহা হইতে অভ্যন্ত ফল প্রস্ত হইবে কেন ! এ প্রশ্নের এখন আমরা কোন উত্তর করিতে পারি না। ছটি সিদ্ধান্ত আপাততঃ পরস্পর বিরোধী বলিয়া বোধ হইতে পারে, অখচ ভাহাদিগের মধ্যে বাস্তবিক সঙ্গতি থাকাও অসম্ভব নহে। সামঞ্জস্ত করিতে পারিভেছি না বলিয়া যে, ছটি আপন্তির বিরুদ্ধ মতের মধ্যে একটিকে পরিভ্যাপ করিতে হইবে ইহা আমরা স্বীকার করি না।

কিন্তু কারণবাদীরা বলিবেন যে, বাস্তবিক এ স্থলে সে প্রকার অসামঞ্চস্তের বিষয় কিছুই নাই। কারণবাদ হইতে মানবচরিত্র সম্বন্ধে কোন অশুভ ফল উৎপন্ন হয় না।

আমরা বলি হয়। একটি দৃষ্টাস্ত গ্রহণ কর। একজন কারণবাদী দেখিলেন যে, তাঁহার তরুণবয়স্থ পুত্র বিভাশিক্ষায় অনাবিষ্ট হইয়া দিন দিন অধংপাতে যাইতেছে। তিনি অত্যন্ত হংখিত ও বিরক্ত হইয়া পুত্রকে তিরস্কার ও উপদেশ করিতে প্রবৃত্ত হইলেন। পুত্র পিতাকে বলিল আপনি কেন আমাকে তিরস্কার করিতেছেন? আপনি ত জানেন যে সকলই কার্য্যকারণ শৃথলে বন্ধ। আমি নিজে স্বাধীনভাবে কিছুই করিতে পারি না। আমার প্রত্যেক চিন্তা, ইচ্ছা, ও কার্য্য এই প্রকাণ্ড ব্রহ্মাণ্ড যন্ত্রের অংশ মাত্র। জগতের সকল ঘটনাই অধণ্ডনীয়। উপযুক্ত ভাবী দৃষ্টি থাকিলে, আমি যে মন্দ হইয়া যাইব ইহা সহস্র বংসর পূর্বের কেহ বলিয়া দিতে পারিত। পিতা বলিলেন, কারণবাদ সভ্য বলিয়াই আমি তোমাকে উপদেশ দিতেছি যে, উপদেশে তোমার মন পরিবর্ত্তিত হইবে। পুত্র বলিল, আপনি উপদেশ দিন, কিন্তু হয়ত ইহাই অনাদিকাল হইতে স্থির হইয়া রহিয়াছে যে, আপনি কলের স্থায় আমাকে তিরস্কার করিবেন, এবং আমিও আপনার তিরস্কার কলের স্থায় অগ্রাহ্ণ করিয়া মন্দ হইয়া যাইব। কার্য্যকারণ শৃথলে যখন ভূত ভবিষ্যৎ বন্ধ, তখন ভাল হইবার হয় ত ভাল হইব, মন্দ হইবার হয় ত মন্দ হইব।

আর একটা দৃষ্টান্ত। ঐ যে সম্মুখে ঘড়িটা টিক্ টিক্ করিতেছে মনে কর উহার জ্ঞান আছে। ঘড়িতে তিনটায় একটা বাজিল। তুমি বিরক্ত হইরা ঘড়িকে বলিলে, "ঘড়ি, তোমার ইহা বড় অক্সায়, মিধ্যা কথা বল কেন?" ঘড়ি বলিল, "আমার দোব কি? আমি কল মাত্র। আমার স্বাধীনতা নাই; স্তরাং অপরাধ নাই, অনুতাপও নাই।" বাস্তবিক ঘড়ি তিনটার সময় একটা বাজার জ্ল্ম্য আপনাকে অপরাধী মনে করিতে পারে না; এবং অনুতপ্ত হইরা আক্ষেপ করিতেও পারে না "হায়! হায়! আমি কি করিলাম! আমি মহা পাণী।"

মন্থারও যদি দৃঢ় বিশ্বাস হয় যে সে আনবিশিষ্ট কল মাত্র তবে সে কখনই অন্ত্রাপ করিতে পারে না। করা অসম্ভব। কেহ বলিতে পারেন বে, অনেক লোক ত কারণবাদী আছেন কিন্তু তথাচ তাঁহারা অস্থার কর্ম করিয়া অমুতাপ করেন কেন ? এই জন্ম যে কারণবাদের মতে তাঁহাদের স্থান্ত ও সম্পূর্ণ বিশ্বাস নাই।

যেমন অমুশোচনা অসম্ভব সেইরপ চেষ্টা ও যত্নও অসম্ভব। ঘড়ির দৃষ্টাম্ভ পুনর্ব্বার গ্রহণ কর। যে ঘড়িতে তিনটার সময় একটা বাজিল তাহাকে তুমি যদি বল "ঘড়ি তুমি ভবিশ্বতে আর এমন কর্ম করিও না। ঠিক তিনটার সময় যাহাতে তিনটা বাজে তাহাই করিবে।" ঘড় উত্তর করিল "আমি কল, চেষ্টা করিবার আমার সাধ্য কি !"

মান্নুয়াঘড়িও সেই প্রকার বলিবে, আমি কি করিব ? নিয়তিব অবিনশ্বর পুস্তকে যাহা লিখিত রহিয়াছে তাহাই হইবে।

এখন দেখা যাইতেছে যে, কারণবাদে দৃঢ় বিশ্বাস জন্মিলে উৎকর্ষ লাভ বা সংশোধনের চেষ্টা একেবারে বিনষ্ট হইয়া শাইবে, আলস্থ্য সম্পূর্ণ প্রশ্রেয় পাইবে। স্থতরাং সংসারের যারপরনাই অমঙ্গল সংঘটিত হইবে। দায়িত্ব বোধও চলিয়া যাইবে, কেন না যে কল, তাহার আবার দায়িত্ব কি ?

এ স্থলে বৃদ্ধিমান্ ব্যক্তি বলিতে পারেন যে, হয় কারণবাদের মত মিধ্যা, নতুবা তাহার যে ফলের কথা বলা হইল তাহা মিধ্যা। আমরা বলি তাহা হইতে পারে। কিন্তু যদি তাহা কেহ প্রমাণ করিয়া দিতে পারেন তাহা হইলে ভাল হয়। আমরা জানি বর্ত্তমান প্রস্তাবে আমরা যাহা লিখিলাম তাহা অনেকেরই মত্তের সহিত মিলিবে না। সেই জন্ম আমরা অনুরোধ করিতেছি যে, যদি কেহ এই প্রবন্ধের প্রতিবাদ লিখিয়া ইহার ভ্রম প্রমাদ প্রদর্শন করেন, তাহা হইলে আমরা তাহার নিকট একান্ত অনুস্হীত হই।

न, ना।

গঙ্গাধরশর্মা ৪রয়ে জটাধারীর রোজনাম্য

সপ্তদশ পরিচ্ছেদ

প্রেম-বিকার

গর ও শান্তিপুরের প্রান্তরের মধ্যে বেগবতী ক্ষ্-ড্র.নদীর কূলদ্বয় শরদাগমে আঞ্জাল বমণীয় শ্রীধাবণ করিয়াছে। উভয়পার্শ্বে বিস্তৃত হরিতময় শস্তক্ষেত্রে শিখা পরিপূর্ণ শস্তদল নিরম্বর উন্মিবৎ হেলিতেছে তুলিতেছে, চকিত মাত্র আলোকচ্ছায়া শন শন করিয়া হরিতপল্লবের শযোাপরি বেগবান হইতেছে। মধ্যে মধ্যে প্রগাঢ়পীতবর্ণ শণকুমুম শস্তক্ষেত্রের উপর শিবোন্তোলন করিয়া শরৎ-বায়ুতে আন্দোলিত হইতেছে, আবার কোথাও হুই একটা ক্ষেত্রে উচ্চ উচ্চ পাট-বৃক্ষশিরে তীক্ষ্প শণপত্র সমূহ বায়ুশ্বাসে উন্টাইয়া পড়িতেছে। এই ক্ষেত্রের প্রান্তরে বহুদুরবিস্তত নীল জলাশয়, খেত রক্ত শতদলে পরিপূর্ণ, নীলবসনা মহীর স্বচ্ছ উরসে আঙ্গিয়া সদৃশ দৃশ্যমান। এই সরসীর পার্ষে আশুতোষ বাবুর বিস্তৃত "রমণা" কাননের পাকা প্রাচীরপরিধি দেখা যাইতেছে। অংশে ফলের উত্তান কোন অংশে কুন্ত কুন্ত স্বদেশী বা বিদেশজাত বছল পুষ্প-আবার কোন স্থল শত শত কুন্ত ফুলের বীঞ্জুমি; শোভমান। শরৎজ্ঞলে ধৌত হইয়া সকল বৃক্ষের সকল পত্রের সকল পুষ্পেরই রং নবভাব প্রাপ্ত, শরদালোকে সকলই কমনীয়। উদ্যানের নৈশ্বত পুষ্করিণীর তটে একটা শ্বেত অট্টালিকা শোভয়ান। ভাহার সরোবরবক্ষে নতশিরে কাঁপিতেছে, আন্ধ বর্ষান্ধলসিক্ত শারদ মেখদল আকাশের मधाणां जांग कविया वक्षपत, श्रास्त्रत, वृक्षणित नयन পূर्याकिরণে অঙ্গ বিশুষ্ক করিতেছে। আকাশের মধ্যদেশ নির্মাল নীলিম অচ্ছ ম্ঘাটিকের কটাছের মত উদ্ভানের উপরিভাগে চাপিয়া বসিয়াছে। অট্রালিকার विमित्क शुक्र तिनी जाहात व्यभन्न मित्र त्माभानत्वानीत भागरम्य हहेर्ड अक्षि कहत-

নির্দ্মিত বিস্তৃত পথ বৃক্ষশ্রেণীর মধ্য দিয়া চলিয়া গিয়াছে ও বছদ্রে একটি সুরম্য বিলের উপর কার্চনির্দ্মিত সেতৃর সঙ্গে মিলিত হইয়াছে। সূর্যাদেব আব্ধ প্রাতেই কোমল রক্মিতে নির্দ্মল আকাশ, উচ্চ বৃক্ষের পল্লবদল, অট্টালিকার কাচ্ছার, শ্বেড শতদল, রাক্লা পদ্ম, রাক্লা জবা, শেকালিকা, কৃষ্ণচূড়া, হাস্তমুখী স্বামিসোহাগিনী সূর্যামণি, নানাজাতীয় গোলাব, নবহুর্বাদল, জলজপুষ্প উজ্জ্ল করিয়াছেন। বর্ধা শেষ হইল, এমনি বোধ হইতেছে, কারণ, বায়ুতে হীমামূভব হইতেছে ও দূর্বাদলে শিশিরবিন্দু দেখা যাইতেছে। প্রিয় ভূত্য ভৈরব আশুক্তাষবাবুর মাধার উপর রাক্লা সাটিনের ছাতাটি হেলাইয়া ধরিয়াছে, ঝালর ঝলমল করিতেছে, আশুতোষ বাবু একটি কৃদ্ধ কাঁচি হস্তে ইতস্ততঃ বৃক্ষপরিদর্শনে যথার্থ প্রভূত্রী ধারণ করিয়া পাদচালনা করিতেছেন ও কর্তব্যবিষ্ট মালিগণ আসিলে যে কয়েকটি কথা কহিবেন তাহা ভাবিতেছেন। ইত্যবসরে ধঞ্পভীমকে বাগানের লম্বমান পথে আসিতে দেখা গেল। আমি বৈঠকখানার একটা গ্বাক্ষপার্শ্বে দাড়াইয়া আছি। শনৈঃ শনৈঃ তালে তালে ধঞ্পপদ চালাইয়া বাব্মহাশয়ের সম্মূধে আসিলেন ও নমস্কার করিলেন।

"কি হে ভীমচন্দ্র" বলিয়া আশুভোষবাবু সম্ভাষণ করিয়া তাহার দিকে দৃষ্টি পাত করিয়া আবার কহিলেন "এত চঞ্চলচিত্ত, মলিন মুখ কেন !"

শঞ্চতীম কহিলেন, মনের কথা কখন আপনাকে কহিতে ভীত নহি।
আমার ধর্মনীতি সমৃদয় মহাশয় পরিজ্ঞাত। "ব্রাহ্মধর্ম" অবলম্বন করিয়া আমার
আতিভেদের প্রতি যে বড় ভক্তি নাই, তাহাও মহাশয় জানেন, আমি যে সুন্দরী
গোপিনীতে অমুরক্ত তাহাও মহাশয় শুনিয়া পাকিবেন। তাহার সুনীতি ও সতীদ্ধ
রক্ষা হেতু আমি তাহাকে বিবাহ করিতে প্রস্তুত। তাহার জয়দাতা কর্নোজয়য়
শুদ্ধ ব্রাহ্মণ। তাহার নিজের প্রকৃতি বিশুদ্ধ। এখন কিশোরী সুন্দরী গোপিনী
সভ্যোজ্ঞাত বনকুস্থমের স্বরূপা পবিত্র নির্মাণা। কি কহিব! দেওয়ানজী মহাশয়ের
য়ড়য়য়য় সেই স্বন্দরী গৃহত্যাগিনী হইয়া যবনধর্মামুসারী নাজির সাহেবের হত্তে
অপিত হইয়ছে। অবশেবে লোভপরায়ণা হইয়া প্রতী হইবার সম্ভাবনা, অভএব
আমার পরিশয়ের সম্পূর্ণ ব্যাঘাত দেখিতেছি। শেবোক্ত কথাগুলি কহিতে কহিতে
খঞ্জতীমের চক্ষে জল আসিল।

আশুতোষবাবৃ ভাবিলেন এ একপ্রকার বায়ুগ্রন্ত লোক। এবং বিয়ে পাপলা শীতৃ ক্ষেপাকে শ্বরণ করিয়া কহিলেন এ বিবাহের ফল কি ?

ধঞ্চ ভীমচাদ উত্তর দিলেন, আমার অভি আনন্দের ওভদিন যে, মহাশরের মত মহদভিপ্রায় মহাজন এ কথার জিজ্ঞাত্ম হইলেন । কিন্তু এই আক্ষেপই ভ নিভান্ত শোচনীয় যে, আপনার। একবার দেখেন না যে, জাভিভেদে কি অনিষ্টপাড হইতেছে, পরিশুদ্ধ প্রীতির পথে কি কণ্টক রোপিত হইয়াছে—আমাদের ইংরেজি পুস্তকে একটি কথা রহিয়াছে "মুলিকা হইতে মুদৃষ্টাস্ত ভাল।" আমি বলি কুলীন কন্যাপেকা বিধবা কন্যাবিবাহ করা ভাল, তাহা করিলে কত উন্নতি লাভ হইতে পারে।—আমায় বাঙ্গাল বলুন আর যাহাই বলুন তবু আমারা সভ্য—ব্রাহ্মসমাজ' করেছি, বিধবা ভাজবধুর বিবাহ দিয়াছি, আমরা দেশের ভক্ত দ্রী পুরুষে মিলিয়া সাহেবদের সঙ্গে খানা খাইয়াছি, কতবার সভ্যতার পরিচয় দিয়াছি, এখন আবার আর একটি শ্রেয়ক্ষর দৃষ্টাস্ত সকলকে দেখাইব। জাতিভেদ যে মন্দ তাহা কেবল মুখে না কহিয়া এক্ষণে কার্য্যে তাহার অসারতা দেখাইব এবং আলা করি আমার দৃষ্টাস্ত দেখিয়া অপরে উৎসাহিত হইবে। কেবল রিফরমার কথায় হয় না!

আন্ততোষবাবু কহিলেন, শান্তবিরুদ্ধ ও দেশাচারবিরুদ্ধ কার্য্য হঠাৎ করা কি ভাল ? চরম ফল কি হইবে ?

"মহাশয় এ কার্য্য প্রকৃতিবিক্লন্ধ নয়, তাহা হইলে শান্ত্রবিক্লন্ধও নয়। শান্ত্র, শান্ত্র কি ? আপনি যা চালাইবেন তাই চলিবে, আপনার বাক্যই শান্ত্র—আপনি কি বৈঞ্চবীর সহিত গরিব ব্রাহ্মণের বিবাহ দেন নাই ? আবার তাহাকে জ্ঞাতিতে তুলেন নাই ? আপনি চালাইলে সকলই চলিতে পারে, মহাশয় পতিতপাবন।"

व्याक्टाववाव कहित्नन, এ कथा वित्वचनाथीन, युन्नतीत कि विश्रम ?

ধঞ্চতীম নিম্নরে আশুতোষধাবৃকে কি কথা কহিলেন, শুনিতে পাইলাম না। কিন্তু বাক্য সমাপ্ত হইবামাত্র মৃন্সির নিকট কি এক আদেশ লইয়া এক হরকরা ফ্রন্ডপদে চলিল। এদিকে ভর্কালয়ার মহাশয় ও রঘুবীর আসিয়া উপস্থিত হইল। ভর্কালয়ার মহাশয় কাশীর নস্ত প্রচুর রূপে প্রশস্ত নাসারক্তে যেন জ্বোড়া নলী বন্দুকে বারুদ ঠাশিতেছেন, মধ্যভর্জনীর অর্জেক প্রবেশ করিতেছে অথচ নস্ত ভেজোহীন হইয়াছে, বর্ষায় জ্বলসিক্ত হইয়াছে কহিতেছেন।

রখুবীর একটি শুদ্র রেকাবিতে শুদ্র রুমাল ঝাপিয়া কি দ্রব্য হস্তে বাবৃদ্ধি মহাশয়ের পশ্চান্তাগে আসিয়া সসম্মান মৃর্ত্তি স্থিরভাবে দাড়াইল। দ্রব্যগুলি কি আমি জানিতাম, আমি স্বস্থান হইতে আরও অন্ধকার স্থানে লুকায়িত হইলাম।

আশুভোষবাবু প্রথমতঃ তর্কালয়ার মহাশয়ের প্রতি দৃষ্টি করিয়া বর্ণায়রের বিবাহ কতদূর শুদ্ধ বা অশুদ্ধ তাহারই বিধান জিল্পাসা করিলেন। তর্কালয়ার তহন্তরে বিশুদ্ধ জাতির সহিত বিশুদ্ধ জাতির বিবাহ ভিন্ন অপর সমস্ত বিবাহ পশুবং বা পৈশাচিক বলিয়া ব্যাখ্যা করিতে আরম্ভ করিলেন। আশুভোষ বাবু ফুদ্ধ হইয়া কহিলেন শাস্ত্র সকল অনুসন্ধান করিলে কোন্ বিষয়ের বিধান প্রাপ্তি না হয় ? রম্বীর কহিয়া উঠিল হল্পর, বড় কেওয়ানি আদালতের সেরেল্ডা

আর এ ভট্টাচার্য্য মহাশয়ের পুঁথি কামধের, আমার মোকদ্দমায় বড় উকীল সাহেব রকম বেরকম আইন বাহির করে আমায় খালাস দিলেন, সুগন্ধি বাবুও ষ্টম্বর কাগজে খুব মোসাবেদা করেছিলেন। সাহেব শুনিলেন আর কহিলেন রঘু নির্দোষী খালাস। বাবাঠাকুর মাষ্টার বাবুকে উদ্ধার করিবেন।

তর্কালন্ধার মহাশয় কহিলেন "হতে পারে—অনেক বিষয়ই যুক্তির উপর
নির্ভর।"

রঘু কহিল, "আর দক্ষিণার উপর।" তর্কালঙ্কার মহাশয় গর্জন করিয়া উঠিলেন ও দর্মপাত্কা গ্রহণ করিতেছিলেন কিন্তু নাসের শস্তুক ভূমে পতিত হওয়ায় নস্তু ছড়াছড়িতে বস্তু তাত্রবর্ণ হইল।

আশুবাবু তাঁহাকে সাম্বনা করিয়া বিধানামুসন্ধান করিতে আদেশ দিলেন ও রঘুর দিকে দৃষ্টিপাত করিবামাত্র ভূমে একটি থালি রাখিয়া রঘুবীর নজর দান করিল।

আশু। একি?

রঘু। মোকর্দমা জিতে ঘরে আসিয়াছি। প্রভুর জন্ম যংকিঞ্চিৎ নজর আনিয়াছি। ফল মাত্র—

ভৈরব ক্সমাল উঠাইল ও কহিল এই ভোমার এলাইচ দানা—আর বেদানা! এদিকে ঢাকুনী উঠাইতেই রেকাবের একাংশ হইতে ফর ফর করিরা কুন্ত ক্ষত শত শত কাচপোকা থালা হইতে উড়িয়া গেল আর এক পাশে বিলাতী ঘেটু বৃক্ষের নব নব রাঙ্গা কুসুমগুলি মাত্র রহিল।

আ। একি?

রঘু। এ ঘেটু ফুল আর কাচপোকা অনেক যত্নে জমা করিয়াছিলাম, প্রস্কু, পোকা গুলি মারিয়া আনিয়াছিলাম বাডাসে বাঁচিয়া উঠিল।

আ। এ কি তামাসা ?

রঘু। আজ্ঞানা, উভয় জবাই ও হজুরের প্রিয়। এই বিলাভী ঘেটু ফুল যাহাকে হজুর বেদানা কহেন। এ কুজ কাচপোকা যাহাকে বড় লোকে এলাইচ দানা বলেন।

আ। এ শিক্ষা তোরে কে দিলে ?

র। জটাধারী। এখন হজুরের মর্জ্জি হয় ও তর্কাশহার মহাশয়ের টোলে পাঠাইয়া দিই। এত প্রকাল নয় ইহার কোন দোষ নাই।" বাবু মহালয় ঈশং হাস্ত করিলেন, এই সময় একজন অধারোহী পুরুষ দড় বড় করিয়া উপস্থিত হইল। জীবৃত মহালয় একখানি পত্র পাইয়া পুনরায় তাহার হল্তে অর্পন করিল। অধারোহী আবার বেগে উন্তানের বৃহৎধার হইয়া বহির্দেশে ধরিত গমন করিল।

অপ্তাদশ পরিচ্ছেদ

বিয়ে পাগলা শীতু।

রমণা কাননের বৈঠকখানার হল কামরায় আশুবাবু বসিলেন। পাখা শন শন শন্দে ছলিতে লাগিল, সেই শন্দ বাহিরে ঝাউগাছের উচ্চ উচ্চ পত্রশীর্ষে সাঁও শন্দের সহিত সংমিলিত, এক একবার বাতাসের টেউ কামরায় প্রবেশ করিয়া বেলওয়ারি লঠন ঝাড়, দেওয়ালগিরি আর গিল্ড লেম্পের ক্যাটিক ঝালরে সংস্পর্শনে স্থমিষ্ট বাত্যের তরঙ্গ উঠাইয়াছে, এই সময় ইঙ্গিত মাত্র একটী ভূত্য বিলাতী বাজার বন্ধের কল ঘুরাইল, অমনি স্থমিষ্ট বাত্যতরঙ্গ ঝলকে ঝলকে কর্ণ-কৃহর পরিপূর্ণ করিতে লাগিল। পাখার শন শন, ঝাড় লঠনের ঠনঠন, ও আরগিনের সঙ্গীত মিলিয়া এক স্থমিষ্ট রাগিণী উথিত হইল। সকলেই কিঞ্চিৎকাল নিস্তব্ধ, এমন সময় দূরে ঝিলের উপর কাষ্ঠনির্মিত সেতুর রেলে ঠেস দিয়া শীতৃ ক্ষেপা সুক্র ইইতে একটি গ্রাম্য গীত ছাড়িয়া দিল।

অতিসামান্ত গীত—কিন্তু সময় গুণে মিষ্ট লাগিল,

সদা, বববম্, বববম্, বববম্, বাজায় ভোলা গাল।
ভাকে ভোর নেশায় ঘোর
আবার ভাক্ ভাক্ ভাক্ বলে শিকে,
ভল্রেতে ধরে ভাল ।
আজ আমাদের কি আনন্দ, নৃত্য করে সদানন্দ,
সদানন্দের সকে আবার নাচে ভাল বেভাল।
স্বর্দীর ভনে ধ্বনি
আমাদের নৃত্য করে মহাকাল ।

গীতটি লিখতে হবে, কারণ জটাধারীর একটা গোপনীয় আখড়া ও সংগীতের দল ছিল। এই মনে করে কেরতা গাইতে আরম্ভ কালে, পালের একটি দার দিয়া বৃক্ষ তল হইয়া এক দৌড়ে সেতুর নিকট উপস্থিত। শীতু ঠাকুর গানে মন্ত, আমি আলে পালে দাঁড়াইয়া রহিয়াছি, তাঁহার গানেই মন, হুইবার গীত গাওয়া হইল, আমি কহিলাম, "লিখেছি শীতু খুড়।" কেপা উত্তর করিলেন, "কি ভাই!" আমি কহিলাম, খুড়ীর ঠিকানা হইয়াছে, বাবুমহাশয় কহিতেছিলেন যে আগামী অগ্রহায়ণ মাসেই ভোমার শুভবিবাহ নির্কাহ হইবে—আল আপনার গানে বড় ইবী হইয়াছেন। আমার শেব কথা উচ্চারিত না হইডেই শীতুঠাকুর আবার পান

করিতে উদ্ভত। আমি এমন সময় কহিয়া উঠিলাম, আপনি সকল গুণসমন্বিত— কেবল বর সাঞ্জতে হবে কি না,—এক পদের রসাবাডটী—আরাম করা আবশুক।

শীতু। আর বাবা চুলগুলি যে পাকিয়াছে, তার ঔষধ জ্ঞানিস্? তোমরা যে ইংরেজী পড়ছ, ইংরেজীতে অনেক ঔষধ আছে যে শুনি ভাই। আমি কহিলাম ডাক্তারবাবু আমায় বড় ভাল বাসেন, তা সব আরাম করে দেওয়া যাইবে, কেশ কাল হইবে, পদন্বয় স্বাভাবিক ভঙ্গী পাইবে—দাঁত ? সব আছে না ?

শীতৃ। বাবা সব আছে, কেবল কসের আটটী গিয়াছে আর সম্মুখের নিম্ন-পাটিতে একটিও নাই।

"এখন যে দাত তৈয়ার হতেছে।"

মনে মনে কহিলাম, বনপাশের কর্মকার ভিন্ন ও কোদালিদম্ভ সংস্কার হওয়। কঠিন।

শীতু আবার কহিলেন, তা বাবা ইংরেঞ্জ সব পারে, বিবাহের পণ উঠে যাবে না ? বাবা চক্ষুত্টি ত আছে ?

"পদ্ম চকু" (প্রকৃতার্থে গুগলিগঞ্জিত।) "আবার মহাশয়ের নাকটি যথার্থ ই বাঁশী বলিলেও হয়; ইংবেজী "হাওইট্জার" আখ্যাধারী ডবল তোপ বিনিশিত বলা যাইতে পাবে।"

শীত। দেখতে ভাল ?

"ভাল বৈ কি। আয়নাতে মুখ দেখেন নাই ! মহাশয়, পরকালে আপনি যথার্থ ই লক্ষ গোলান কবিয়াছিলেন, বক্ষদেশ, পৃষ্ঠদেশ সমলোমাকীর্ণ ঐ সংপুরুষের প্রকৃত লক্ষণ। কেশ কাল করা ও পায়ের ফুলটুকু আরাম করা আমার ভার, টাকার কি খুড় মহাশয় !"

শীতু দীর্ঘনিশাস ত্যাগ করিয়া কহিলেন, "তারও কি ভাবনা ছিল, বাবা, গজানন অধংপাতে যাক! বার বার বিঘা ব্রহ্মন্তর সেই কুচক্রী রাছ এক কলমে গ্রাস করিল, বাজাপ্ত করে নিলে, তা না হলে আর কিসের অভাব।" আমি কহিলাম, "সে গজানন তোমার অভিসম্পাতেই মর্বে।"

শীত কহিলেন, "তার মরণ আছে ? মশে ব্রহ্মন্ত হরণ কে কর্বে—সে আছ হয়ে পাপ ভোগ কর্বে।" আমি কহিলাম, "বুথা কথার সময় নাই, উদ্বোগ কি আছে—"

"তোমার পিতৃপ্রসাদে আমি নিঃসম্বল নই, বশ্ন মোকর্দামা হয়, জেলার গেছ্লাম, ত্ইরকমই গান অভ্যাস করেছিলাম, ত্ই দলেই গেয়েছি,— ত্ই দলেই টাকা লয়েছি, যার কাছে যেমন ভার কাছে তেমন—এই দেখ কোমরে গেঁজে, এখন কিছু টাকা নগদ মজুত আছে, আর নাখেরাজ পুছরিশীর অর্থেক জলে আছে ভাছা বন্ধক দিব, আবার বিবাহ করি, স্থিতি হই—আমার বগলে এই কাগজের তাড়া দেখ্ছ ? দলীল দন্তাবেজ সব প্রস্তুত, আমি কি ব্রহ্মন্তর র্থা তাগ কর্ব ! আবার মোকর্দমা আরম্ভ কর্ব, ডিক্রি হাঁদিল কর্ব, বাঁশগাড়ী করে, খরচা আদায় করে তবে ছাড়্ব, ওটাকে তবে ছাড়্ব, তবে দেখ্বে শীতু শর্মা! ব্রাহ্মণ ঔরসজাত! তবে দেখ্বে শীতুক্ষেপা! হতভাগার এতই লোভ—" কহিতে স্বর কম্পিত হইল, শীতুঠাকুরের কোন হাদয়গত গুপ্ত ক্রোধবহিন প্রজ্জালিত হইল ও বগল হইতে একটি বস্ত্র প্রলোপিত কাগজের নথী বাহির করিয়া কহিলেন, "এই দেখ, মোহর দস্তুখত, মহারাজ রাজচক্ষের ছাড়, এই দেখ পরওয়ানা ফয়সালা কি নাই ? এই জজ্জ সাহেবের মোহর দস্তুখত—"। আমি কহিলাম, খুড়ো একবার যে কলিকাতা পর্যান্থ মোকর্দামা করিলে, কোথাও জিত ত হল না।

শী। হবে কিসে, সব সতা ত মিথ্যে করে দিলে, আইন আদালত কি জম্ম বাবা! ছেঁড়া কাপডের জম্ম, মাটাপালামের জ্ব্যা, ভিক্সুকেব রক্ষা জন্ম, না সামলার পাগড়ি, রেসমের চাপকান, সোণার চেনেব শ্রীরদ্ধিজন্ম স্থাপিত হয়েছে বাবা! যা তোক্ এবাব পাপর কব্ব। উকীল বাবু বলেজেন সীমানা ফেবফার করে দিলে আবাব মোকর্নামা চলবে।

জ। খুড়ো, আগে মোকর্দামা না আগে বিবাহ ?

শী। আগে সংসারটা বঞ্চায় করি, গৃহী হই।

আমি। আব কি কখন গৃহ হও নাই।

পীতু খুড়া হাসিয়া কহিলেন, "লোকে বলে আমার বাবার বিয়ে হয়েছিল কি না সন্দেহ। আহার আভরণেব যা সংস্থান ছিল, পোড়া দেওয়ান্দ্ধি তা সকল নৈরাশ করিল, বিবাহের চিন্তা কি ছিল গ"

"ফলে এখন পিণ্ডের উপায় কবা উচিত হয়েছে; চল ঔষধ দিইগে।" এই কথা কহিয়া শীতৃ ঠাকুবকে ঝিলের মধাস্থিত উপদ্বীপে একটি কুন্ত গৃহে আনিলাম, তথায় তাঁহাকে তৈল মাখাইয়া তাহার উপর এখানে সেখানে শিমুল তুলা বসাইয়া ঔষধ দিলাম।

একদিকে অর্থপ্রিয়, মোকর্দামা ব্যবসায়ী আর এক দিকে লোভী বিষয়ীর প্রাছর্ভাবে দেশ বিদেশে এমন কত ক্ষেপা ক্ষেপিয়াছে! আমার শীতুঠাকুরের মৃষ্টি দেখিয়া হাসি সম্বরণ করা ছক্কর হইল। আমি কহিলাম, খুড় চল, সীত গাইতে গাইতে বাবুর নিকট চল।

শীতু রামপ্রসাদী শ্বরে গীত আরম্ভ করিলেন—

"ক্ষেপা ক্ষেপা বলে, সবে, কিসের ক্ষেপা কেবা ক্সানে।
আমার উকীল চাঁদে মজালে ভাই, আকাশের চাঁদ হাতে এনে।
সেটেমে ফুরাল টাকা, চিরকুটের দাম হাজার টাকা।
ফিয়েতে ফকির, শেষে, ভিটে নিলে মহাজনে।
বাকি জমী যে ক কাঠা, সব নিলে গজানন বেটা।
এখন সম্বল্যাত্র এই দলিল কটা, স্ববিচারের গুণ বাধানে।"

গাইতে গাইতে শীতু বৈঠকখানার হল কামরায় উপস্থিত। ভৈরব খানসামা কহিয়া উঠিল, "কি বিটকেল।" শীতু যতদূর পাবিলেন উপরপাটির দংট্রা নির্গত করিয়া ভৈরবের মাথার উপর ছইবার, কি বিটকেল। কি বিটকেল। কহিলে, ভৈরব ভীত হইয়া কহিল, "মনিকারের ঘরে গিয়াছিলাম, ভাল মুকুটের ফরমাইস দিয়াছি।" যেন চকিতে মেঘাস্ত-শশীর উদয়। শীতু হাস্ত করিলেন ও চর্মের ক্রম্ম থলি হইতে এক গুলি গঞ্জিকা ভৈববকে হাসিতে হাসিতে অর্পণ করিলেন।

আশুতোষ বাবৃ শীতৃঠাকুরের উভয় পাদার্দ্ধ তৈল তুলায় রঞ্জিত দেখিয়া শীতুকে কহিলেন, কি হে শীতলচাঁদ, এ যে নায়কের বেশ।

শীতু কহিলেন, কন্সা স্থির করিয়াছি ? আশুবাবু কহিলেন, কোথায় ?

শী। মহাশয়! স্থানরী গোপিনীকে আমার মনোনীত, কাল সেই পথে আসিতেছিলাম, সে স্নান করিয়া কেশমুক্ত করিয়া একটী ক্ষুদ্র পূর্ণ কলসী কক্ষে লইয়া বক্ষঃ ঈষৎ বাঁকাইয়া, ঘবমুখে আসিতেছে আমি তার অনুসারী হলেম, তাদের ঘরে গেলাম—তার মা সাহেবিনী গোপিনীকে বলিলাম, আমায় জামাই কর্তে হবে, সে বল্লে কি দিবে ? আমি কোন কথা না কয়ে গেঁজে খুলিলাম। ডবল টাকা ছই হাতে দিয়া বায়না করিয়া আসিলাম।

কথা শুনিয়া খঞ্জভীম দীর্ঘনিশ্বাস ফেলিলেন। মনে করিলেন, হাতে ধন আসিতে আসিতে পথেই মারা যায়। প্রকাশ্যে কহিলেন, "মহাশয় কেমন কথা! উনি যথার্থই কি পাগল—আপনি কর্ত্তা এর সংবিচার আপনার নিকট; আমার অনেক কালের দাবি, বোধ করি সুন্দরীকে জিজ্ঞাসিলে সে আমারই প্রিয়া প্রকাশ পাইবে। আমার উদ্দেশ্য "রিফরমেসন" ইহাও মহাশয় জ্ঞাত আছেন।"

আশুতোষ বাবু কহিলেন ইহার সংমীমাংস। সম্বর্থ হইবে। এমন সময় গন্ধানন আসিয়া উপস্থিত। ধঞ্চভীমের সাক্ষাৎ তেলে বেগুণে দেখা দেখির মত। ধঞ্চভীম ঠিকুরে চলিয়া গেলেন। শীতুকে গন্ধানন কহিলেন, কি খুড়!

শীতৃ। এ নাগর বেশ!

গ। মোকর্দ্দমা করবে ?

শী। মোকর্দমা কর্বে! তুমি জমিগুলি ফাঁকি দিবে?

গ। যেদিন কণের মায়ের নিকট জামাইয়ের আদর পাবে, সে দিন খুড়ো জমি লবার মর্ম্ম জান্বে। শীতুর হাত ধরিয়া গজানন অস্ত কামরায় লইয়া গেলেন। ছজনে একটি "নিরালা" মজলিস করিলেন।

গ। বলি বেশ কথা বাবা, এত বেশ কথা। সুন্দরীই স্থির ও ভীমাটাকে আমি ভাগাব, ভোমার যে জমি লইয়াছি, তাহার মর্ম্ম আছে; দোহাই ভগবান্। দোহাই রঘুবীর! তুমি আগুতোষ বাবুকে কোন কথা বলো না, সেই জমি পাঁচ বংসরের জন্ম বন্ধ থেকে পণের আড়াইশ টাকা প্রস্তুত করেছি। বাবা আড়াই, আড়াই শ টাকা পণের টাকা, পণের ?

শীত। ভালারে মোব ভাইপো। গঙ্গু তোমার নিত্য শ্রীবৃদ্ধি হক। পরক্ষণেই আবার শীতু গীত গাইতে গাইতে চলিয়া গেল।


চলি চলি পা পা

যুরে গন্ধুর চাকা,

সংসারটা চলে
গন্ধাননের কলে,

মন জ্বলে দাবানলে

(গন্ধুর) প্রাণ ঠাণ্ডা নগদ পেলে ।



দিতীয় প্রস্তাব

ইতিহাস

তীনকালে কামরূপেশ্বব পূর্বে ভারতের পার্বেভা প্রদেশে সম্রাট্ নামে মভিছিত হইতেন। সে সময় মণিপুর নিভান্ত অপবিচিত ছিল। কালে প্রাগ্জ্যোতিষপুরের ভূজগর্বে থব্ব হুইয়া আসিলে, ত্রিপুরেশ্বর মন্তকোন্তোলন করিলেন। আসামের হুক শৃক্ষ হুইতে, আবাকান, ত্রহ্মপুত্র (মেঘনা) হুইতে, ত্রাবাভীতীর তাঁহার "ধবল ছত্রের" ছায়ায় আচ্ছাদিত হুইল। তংকালে মণিপুর উপত্যকা মৈরাং, খোমান, আঙম ও লোয়াং এই চারিটা স্বভন্ত জাতীয় বাজো বিভক্ত ছিল আত্মকলহে ত্রিপুরার অধ্যপতনের স্ত্রপাত হুইল। করদন্প মণ্ডলী, সময় বুঝিয়া স্বাধীনতার স্বাগীয় স্বাধ লাভে যত্রবান্ হুইলেন। দীর্ঘকাল বিরোধের পর পূর্বেজিক চারিটি ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য সংস্থাপিত হুইল বি তাহারই প্রকৃত নাম "মিভাই লেইপাক"। শ "ধর্মান্ত প্রার্জিক" অধিকারীদিগের কুপায় অনতি প্রাচীন নাম মণিপুর হুইয়াছে। এই ক্ষুদ্র রাজ্য চতুইয়ের সন্মিলনকাল, সার্দ্ধিজ্যত বৎসরের অধিক হুইবে বিলিয়া বোধ হয় না।

^{*} বোধ হয় এই চারিটা রাজ্যের অধিবাদিগণ "কুকি" ও "নাগা" আতীয় ছিল। কাছার প্রদেশে প্রচলিত প্রবাদ অবলয়ন করিয়া এছ গার সাহেব লিখিয়াছেন—"There (Maniporis) origin is ascribed by tradition to the union of two powerful tribes, one Naga and the other Kooki which had for a long time contended for the fertile valley of Manipore—"History and Statistics of the Dacca Division. page 331.

[†] মিতাই অৰ্থ মিশ্ৰজাতি; লেইপাক অৰ্থ ভূমি। ইহার যৌগিক অৰ্থ "মিতাই ভূমি" বা "মিতাই দেল।"

মণিপুরপতি ক্রমে সাংপো ১, কাপোই ২, কোরেং ৩, লুছপ্পা ৪, চামকো ৫, খাইরো ৬ ও তাংখোল * ৭ প্রভৃতি উপত্যকার চতুম্পার্থবর্তী পার্ববর্তীয় ক্ষুত্র রাজ্যগুলি জয় করিয়া মণিপুরের সীমা বিস্তার করিলেন। বিজিত রাজ্যের প্রজাদিগের সহিত উপত্যকাবাসীদিগের সকল বিষয়ে সংপূর্ণ প্রভেদ পরিলক্ষিত হয়। উপত্যকাবাসীগণ "মিতাই" বলিয়া উক্ত হইয়াছে। বিজিত পার্ববত্য মানবর্গণ "হাও" ও নামে পরিচিত।

মণিপুরের পূর্বে সীমা জামডুকু পর্বেত। পশ্চিমে কাছার, উত্তর সীমা নাগাপর্বেত দক্ষিণসীমা লুসাই প্রদেশ। ইহার উত্তর দক্ষিণসীমা লুসাই প্রদেশ। ইহার উত্তর দক্ষিণ দৈর্ঘ্য ১২৫ মাইল, পূর্বে পশ্চিমে পরিসব ৯০ মাইল। পরিমাণ কল ৭৫৮৪ বর্গ মাইল। অধিবাসীব সংখ্যা প্রায় পাঁচ লক্ষ হইবে। §

মণিপুরীয়গণ মধ্যমাকার, সবলশবীব, সমরপ্রিয়, অহস্কারী ও পরজাতি-বিদ্বেষ্টা। কিন্তু বাহাাকৃতি দর্শনে ইহাদিগকে শান্তপ্রকৃতি বলিয়া বোধ হয়। উপত্যকাবাসী মিতাইগণ বাঙ্গালিদিগের স্থায় গো মহিষাদি দ্বাবা হাল চাষ করে, পর্বতবাসী হাওগণ অস্থান্য পার্ববতা জাতির নাায় "জুম" ই কৃষি। মণিপুরে ধান্য

- তাংগোল তিনভাগে বিভক্ত, যথা উত্তর দক্ষিণ ও মধ্য তাংগোল। ইহাদের প্রশার ভাষার প্রভেদ আছে। (See Jorn B A. Society vol. VI page 1028).
 - 🕈 হাও অৰ্থ নাগা কুকি প্ৰভৃতি।
- ‡ নিংথি নদী মণিপুরের প্রাণীমা অবধারিত ছিল। কিন্তু "জান্দাবুর" সন্ধিতে বিচীশ গ্বর্ণমেণ্ট বন্ধবাজের মনস্কাষ্ট জন্ত জামডুজু পর্বাত মণিপুরের পূর্বা সীমা অবধারিত করিছা নিয়াছেন এবং মণিপুরের এই ক্তিপূরণ স্বন্ধপারণিত মণিপুরপতিকে বাহিক ছয় সহস্র টাকা দান করিছা থাকেন। See Atchison's Treaties vol. I. page 121.

্ব মণিপুরের পরিমাণ কোন কোন ছলে ১৯৬৪ বর্গ মাইল লিখিত আছে। এচিসন সাহেব মণিপুরের লোক সংখ্যা ৭৫৮৪ জিথিয়াছেন। মন্টগোমেরি মার্টিন সাহেব ছুইটি মণিপুরের উল্লেখ করিয়াছেন। একটি Munnipoor. ও অপরটী Monipoor লিখিয়াছেন। বোধ হয় একটি মিতাইভূমি বা মণিপুর উপত্যকা। অপরটী পার্কাত্যপ্রদেশ সম্মিলিত মণিপুর রাজ্য। মার্টিন সাহেব প্রথমোক্ষটীর দৈখ্য ৪ মাইল ও পরিসর ৩ মাইল লিখিয়াছেন। প্রকৃত পক্ষে উপত্যকাটি এতাধিক বিশ্বত হইবে না। See History, Antipuities, Topography and statistics of Eastern India by Montgomery Martin. Vol. III. page 640 and 664.

\$ জুম কৰিকাণাপ্ৰণালী (রাজমাণবা) ত্রিপুরার ইতিবৃত্তে বিভারিত বিবৃত চইরাছে। (ত্রিপুরার ইতিবৃত্ত এঠ, ৮০ পৃষ্ঠা) ১২৮১ বজাজের ৩য় সংখ্যক বজ্বপর্বনে কবিবর বারু নবীন চল্লা দেন "জুমিরা জীবন" নামে একটি কবিতা লিবিয়াছিলেন। তাহার শীবভাগে জুমুক্রবীর কাণ্যপ্রশালী লিখিত আছে।

কলাই, মূগ, খেসারি, ইক্ষু প্রভৃতি প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। সিখং ও নিয়েংল উপত্যকায় লবণ জন্মে। খারকোল ও লৈতাং নগরে রেসমের কারখানা আছে। মণিপুরীয়গণ প্রায়ই স্ব স্ব গৃহনির্দ্মিত বস্ত্র পরিধান করে। মিতাই মহিলাগণ শিল্পকার্য্যে বিলক্ষণ পটু।*

মণিপুরীয় গো, মহিষ আমাদের দেশীয় গো মহিষাপেক্ষা বড়। অশৃগুলি শর্ককায় সূত্রী ও শ্রমসহিষ্ণু। হস্তীগুলিও স্থানর বটে। তত্রতা গৃহপালিত পশুর মধ্যে গো, মহিষ, অশ্ব হস্তী ও গবয়ই শ প্রধান। মিতাইগণ অশ্বারোহণ বিদ্যায় বিশেষ সুশিক্ষিত। ইহাবা অশ্বের প্রতি সাতিশয় অমুরক্ত।

ইমফাল তুরেল। \$ তিকি প্রভৃতি কতকগুলি নদী মণিপুরের উত্তর পূর্বব দিক্স্থ পর্বত হইতে উৎপন্ন হইয়া, উপত্যকার মধ্য দিয়া দক্ষিণাভিমূখে প্রবাহিত হইতেছে। ইরং বড়াক বা বড়চক্র ঐ পর্বত হইতে উদ্ভূত হইয়া মণিপুরের পশ্চিম প্রান্ত দিয়া পশ্চিমদিকে প্রবাহিত হইতেছে।

রাজকীয় ঘটনা

মণিপুরীয়গণ বলে,—"গুরুসিদাবা" দেব মানবের অধিপতি। তিনি মৃত্যু-ৠয়। তাঁচার পত্নী "লেইত্রেন সিদাবী।" তাঁচাদের তুই পুত্র। জ্যেষ্ঠ "সানামাহি" কনিষ্ঠ "পাখংবা"। পাখংবা নাগকুলের ঈশ্বর। কনিষ্ঠ পুত্র পিতার পরম স্লেহ-

- আমাদের ঘরের লন্ধীদের মত মিতাই মহিলাগণ পার উপর পা তুলিয়া বদিয়া
 থাকিতে পারে না। তাহাদিগকে পতির সহিত ভাগাভাগিতে কাল করিতে হয়। "আচার
 ব্যবহার" নামক প্রভাবে এই সকল বিষয় বিবৃত হইরে।
- ক প্রয়, পো ও মহিবের সাদৃশ্য বিশিষ্ট জন্ত ; চট্টগ্রাম ত্রিপুরা, কাছার, ও মণিপুর পার্কাভ্যপ্রদেশে সচরাচর দেখিতে পাওয়া বায়। যুবরাজ "প্রিক্স অব ওরেল্স"-কে ত্রিপুরার মহারাজ তাহাকে একটি প্রয়বৎস উপহার দিয়াছিলেন। তাহা অক্যাপি "কুলজিকেল পার্ডেনে" আছে।
- # এডগার সাহেব লিখিয়াছেন যে মণিপুরীয়গণ অশ্বক্ষের জন্ত সমরে সময়ে প্রাণ-প্রিয়তমা সহধর্মিণীকেও বিক্রয় করিয়া থাকে। See History and Statistics of Dacca Division page 331. অশ্বক্ষের জন্ত ত্ত্বী বিক্রয় সহছে আমরা কোন প্রভাক্ত প্রমাণ প্রাপ্ত হট নাই। কিন্ত ভাহাদিগের মধ্যে ত্বী বিক্রয় বন্ধক ও দান করার প্রধা প্রচলিভ আছে। "আচার ব্যবংগর" প্রত্তাবে এই সকল বিশদরূপে লিখিত হইবে।
- \$ ইমফালতুরেলকে বৈদেশিকগণ "মণিপুর নগী" বলেন। ইহার ভীরে রাজধানী মণিপুর নগর অবভিত। কোন কোন ইংরেজি লেখক এই নদীকে "Nankatha khyaung Biver" লিখিয়াছেন।

ভাজন ছিলেন। এই জন্য গুরুসিদাবা জ্যেষ্ঠ পুত্রকে অতিক্রম করিয়া তাহার হস্তে
মিতাই ভূমির আধিপত্য সমর্পণ করেন।

পাধংবার উত্তর পুরুষ চেরাইরংবা খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দীর প্রথমভাগে মণিপুর সিংহাসনে অধিরু ছিলেন। তাঁহার রাজ্যশাসন সময়ে "সামজুক" । রাজমিতাই দেশ আক্রমণ করেন। চেরাইরংবা ও তাঁহার পুজের বাহুবলে আক্রমণকারী পরাভৃত হইয়াছিলেন। এই যুদ্ধবৃত্তান্ত মণিপুরীয়গণ লিপিবদ্ধ করিয়া রাখিয়াছে। সেই গ্রন্থের নাম "সানজুকঙাস্থা" ণ অর্ধাৎ সামজুক বিজয়। এই হস্তলিখিত গ্রন্থ ৭২ পৃষ্ঠায় সম্পূর্ণ।

১৭১৪ খৃষ্টাব্দে চেরাইরংবা জীবলীলা সংবরণ করিলে তস্তু পুত্র "পায়হেইবা" রাজ্যভার গ্রহণ কবেন। মণিপুরীয়গণ সচরাচর পায়হেইবাকে "গরিম-নওয়াজ" বা "করি-করিম-নওয়াজ" বলিয়া থাকে। গরিম-নওয়াজ ত্রিপুরেশ্বর মহারাজ ধর্মমাণিকের‡ সমসাময়িক। ত্রিপুরার সীমান্তপ্রদেশ রক্ষার জন্তু যে সকল সৈক্ত ছিল, গরিম-নওয়াজ তাহাদিগের সহিত বিগ্রহে প্রার্ত্ত হইলেন। ই ঘোরতর সংগ্রামে ত্রিপুর সৈক্তজ্জয় করিয়া, গবিম-নওয়াজ "তাথেল্ডাম্বা" বা ত্রিপুরাজ্মী উপাধি ধারণ কবিলেন। কতিপয় ত্রিপুরসৈক্ত পরাজয় করিয়া মণিপুরীয়দিগের যে গর্ম্ব হইয়াছিল ১৬০ ই বৎসর অতীত হইল অ্যাপি তাহাদিগের সেই অভিমান অন্তরিত হয় নাই। স্বজাতীয় বীর্ষ্বের চিহ্ন প্রদর্শন করিতে হইলেই তাহারা "তাথেল্ডাম্বার" নাম উল্লেখ করে। এই সামরিক ঘটনাগুলি একখণ্ড পুস্তকে লিখিত হইয়াছে। তাথেল্ডাম্বা গ্রন্থ ৯০ পূষ্ঠায় সমাপ্ত।

তাংখোল প্রভৃতি ৭টী কুজ রাজ্যের নাম পূর্বে লিখিত হইয়াছে। তন্মধ্যে অধিকাংশই ত্রিপুরার অধীন ছিল। এই যুদ্ধ দারা সে সকল মণিপুরের কুক্ষিগত হইয়াছে। গরিম-নওয়াজ ব্রহ্মরাজ্য আক্রমণ করিয়া কয়েকটি যুদ্ধে জয়লাভ

সামজ্ক রাজ্য মণিপুরের দক্ষিণ পূর্ব প্রান্তে অবস্থিত। আধুনা ইহা একরাজের অধীন।

[🕈] মণিপুরীয় শব্দগুলি বাদালা ভাষায় লেখা নিভান্ত কটকর।

ф ধর্মাণিক নিতাত ছুর্তাগ্য ছিলেন। যবনদিগের ক্রমাগত পাচ বংসর চেটার পর, তাহার রাজ্যশাসনসমযে, মুসলমান সাফ্রাজ্য ফেণি নদীর তীর পর্যন্ত বিভূত হইয়াছিল।

[§] বোধ হয় এ সংগ্রামে কবিচন্দ্র বোব ত্রিপুর সেনানায়ক ছিলেন।

^{\$} কবিচজের মণিপুর গমনকাল প্রথম প্রস্তাবে ১৬০ বংসর নির্ণয় করা হইরাছে। এখনে সেই ক্ষে ১৬০ বংসর লেখা হয় নাই। ১৭১৪ হইতে ১৮৭৮ খুঃআজে প্রথনা বারা ১৬০ বংসর পাওয়া গিয়াছে।

করিয়াছিলেন; কিন্তু বিজ্ঞিত অংশে আধিপত্য স্থাপন করিতে পারেন নাই।
গরিম নওয়াজের তিন পুদ্র ছিল। সামসাই, উগত সাই, ও চিংতামখোষা বা
ভাগ্যচন্দ্র। মধ্যম উগত পিতা ও জ্যেষ্ঠ প্রাতাকে বধ করিয়া মণিপুর সর্পাসন
অধিকার করেন। ভগ্যচন্দ্র, হর্দান্ত অগ্রজের ভয়ে মণিপুর পরিত্যাগ করিয়া
"তুমু" ণ রাজের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। উগত অতান্ত প্রজ্ঞাপীড়ক ছিলেন।
ভাহার উৎপীড়নে প্রজ্ঞাগণ উত্তেজিত হইয়া উঠিল। ভাগ্যচন্দ্র প্রজ্ঞাবর্গের মানসিক
ভাব অবগত হইয়া ভাহাদিগের সহিত যোগ দিলেন। সমবানল প্রজ্ঞলিত
হইয়া উঠিল। স্বীয় সৈনিকবর্গ দ্বাবা অবাধ্য প্রজ্ঞাবর্গকে দমন করিতে
না পাইয়া, অগত্যা উগতকে মণিপুর পরিত্যাগ করিয়া পালায়ন করিতে
হইলেন।
ইত্যবসরে নাগবংশাবতংস যশস্বী ভাগ্যচন্দ্র নাগাসনে অধিরাড়
হইলেন।

ভাগ্যচন্দ্রেব অমিত যত্নে মিতাইগণ এক্ষণে হিন্দুশ্রেণীতে আসন অধিকার করিয়াছে। তাহারই অসাধাবণ অধ্যবসায়ে মিতাইভাষা সজীব হইয়া দাঁড়াইয়াছে। মিতাইদিগের সমস্ত প্রাচান গ্রন্থ তাহারই সময়ে লিখিত। ভাগ্যচন্দ্র শান্তিপ্রিয় ছিলেন। তিনি প্রায় দেবারাধনায় জীবন্যাপন করিয়াছেন। এই মহাস্থাই মণিপুরে মনোহর রাসক্রীড়ার # সৃষ্টি করেন। একমাত্র তাহার খারাই মণিপুরের আত্যন্তরিক যথেও উন্নতি সাধিত হইয়াছে।

ভাগাচন্দ্রেন ছই পুদ্র ছিল। গুরুশ্বাম ও জয়সিংহ। পিতার মৃত্যুর পর জ্যেষ্ঠ গুরুশ্বাম বাজাসনে অভিষিক্ত ইইলেন। কিন্তু তিনি নামে রাজা ছিলেন মাত্র। জয়সিংহই রাজ্যশাসন করিতেন। আবারাজ বারম্বার মণিপুর আক্রমণ করিতেভিলেন। জয়সিংহ তাহাকে দমন করিতে অক্রম হইয়া সাহায্যাবেষণে বহির্গত হইলেন। তিনি চট্টগ্রামস্থ পার্বব্যানরাধিপদিগের নিকট সাহায্য প্রার্থনা করিলেন; সবদারবর্গের অন্ধুরোধে ব্রিটিশ গ্বর্ণমেন্ট তাঁহার সহায়তা করিতে প্রতিশ্রুত ইইলেন। ১৭৬২ স্বৃষ্টাব্দের ১৪ই সেপ্টেম্বর জয়সিংহের সহিত্

^{*} আবুল ফাজলের মতাজ্পরণ করিয়। মউপোমেরি মাটিন লাহেব কামরূপ লাম্রাক্ষ্যের পূর্ব্ব সীমা "মহা চীন" বা পিও লামাক্ষ্য অবধারিত করিয়াছেন। বোধ হয় এ লময়েও আবা প্রদেশ পিও সমাক্ষ্যের অধীন ছিল। কারণ তথনও পিও রাক্ষ বংশের ধ্বংশকারী বর্ত্তমান ক্রমরাক্ষ্যের স্থাপয়িতা প্রসিদ্ধ বৃদ্ধবীর আলমপ্রা। রক্ষ্যে আছা প্রকাশ করেন নাই।

[†] তুমুরাজ্য সামজুক রাজ্যের দক্ষিণ পশ্চিম দিকে অবস্থিত।

[#] রাসজীয়ার মনোহর চিজটি আমরা প্রস্থাবাস্থরে পাঠকবর্গকে উপহার দিজে ইচ্ছা করি।

কোম্পানিবাহাছরের সদ্ধিবন্ধন হইল। চট্টগ্রাম হইতে ভারলেন্ট সাহেব ৩৭৫ জন পদাতিসৈক্মের সহিত পার্ববভ্য ত্রিপুরার পশ্চিম প্রাস্থ দিয়া কাছারের ভদানীস্তন রাজধানী কশপুরে উপনীত হইলেন। সে সময় পার্ববভ্যপ্রদেশ অতিক্রম করিয়া মণিপুরে গমন করা নিতাস্ত ক্লেশকর ছিল বলিয়া ইংরেজসৈক্ত আপাতত: কশপুরেই বিশ্রাম করিতে লাগিল। এমত সময় পশ্চিমবঙ্গে সমরানল প্রজ্ঞালিত হইয়া উঠিল। কালবশে আলিজা মিরকাসিমের সোভাগ্যসূর্য্য ক্রেমে অন্তগত হইতে চলিল। কলিকাতার কৌন্সেল ভারলেন্টকে সাহায্যার্থ আহ্বান করিলে, তিনি অগত্যা জয়সিংহকে পরিত্যাগ করিয়া সসৈন্যে পশ্চিম বঙ্গে যাত্রা করিলেন। শে

জয়সিংহ স্বদেশে উপনীত হইলে, গুরুস্থাম ভ্রাতৃ-উপদেশামুসারে ইংরেজ-দিগের সহিত মিত্রতাস্ত্রে বদ্ধ হইতে প্রতিশ্রুত হন। তিনি ১৭৬০ খৃষ্টাব্দের অক্টোবর মাসে প্র্যোক্ত সন্ধিপত্রে স্বীয় নাম স্বাক্ষর করেন। কিন্তু ত্র্ভাগ্যবশতঃ ১৭৬৪ খৃষ্টাব্দের প্রারম্ভে তাঁহার পরলোক প্রাপ্তি হয়।

ভ্রাত্বিয়োগের পর জয়সিংহ প্রায় পঞ্চবিংশতি বৎসর রাজ্যশাসন করেন। তাঁহার সাত পুত্র ও এক কন্সা ছিল। পুত্রগণ মধ্যে মধ্চন্দ্র, চৌরজিৎ, মারজিৎ ও গন্ধীরসিংহই বিখ্যাত। জয়সিংহ স্বীয় ছহিতাকে ত্রিপুরেশ্বর মহারাজ রাজধর মাণিক্যের করে সমর্পণ করেন।

১৭৯৯ খৃষ্টাব্দে মধ্চন্দ্র পৈতৃকাসনে অধিক্ষা হইলেন। তিনি প্রাতৃবর্গের বয়:প্রাপ্তি পর্যান্ত একপ্রকার নির্কিন্দে রাজ্যশাসন করিয়াছিলেন। ১৮০৯ খৃষ্টাব্দে তাঁহার অনুক্ষন্ব চৌরজিৎ ও মারজিৎ তাঁহাকে সমরাঙ্গনে আহ্বান করিলেন। মারজিতের বাহুবলে মধ্চন্দ্র সমরক্ষেত্রে পরাজিত হইয়া পলায়নপর হইলেন। প্রাতৃবর্গমধ্যে মারজিৎই প্রকৃত যোদ্ধা ছিলেন। যুদ্ধান্তে ভক্ত থার্মিক চৌরজিৎ অনুজ মারজিতের সহিত এই মর্ম্মে বন্দোবস্ত করিলেন যে, তিনি হুই বৎসর রাজ্যশাসন করিয়া, মারজিতের হত্তে সর্পাসন সমর্পণ করত, চিরকালের তরে তীর্থবাসী হইবেন।

মধুচন্দ্র, কাছাররাজ \$ কৃষ্ণচন্দ্রের আন্তায় গ্রহণ করিলেন। কাছারপতি বিপদাপরের সাহায্যার্থ বন্ধপরিকর হইলেন। পঞ্চ শত যোদ্ধা সমরাভরণে সক্ষিত

[•] Aitchison's Treaties vol. 1 page 121.

⁺ History and statistics of Dacca Division.

^{\$} কাছারের রাজবংশ মণিপুরের রাজবংশের ভায় অভিনব নহে। ইহা অভি প্রাচীন। সাধারণের এরপ সংস্থার বে বিভীয় পাওব বুকোর্যের পদ্ধী রক্ষরাজ হিড়িখের সহোবরা হিড়িখা, কাছার রাজকুলের আদি মাতা। এই উক্তি সমর্থনোপ্রোমিনী

হইল। মধুচন্দ্র কাছাররাজের সৈষ্ঠ লইয়া ভ্রাতৃবর্গের প্রতিকৃলে যাত্রা করিলেন। রণকামুক মিতাই জ্বাতি কাছার সৈম্মের যুদ্ধযাত্রা প্রবণে, আনন্দে নৃত্য করিতে লাগিল। মধুচন্দ্র মণিপুরের সীমান্তপ্রদেশে উপনীত হইলে, সমরানল প্রজ্ঞালিত হইয়া উঠিল। দীর্ঘকালের পর এই প্রবল হুতাশন মধুচন্দ্রের রুধিরপ্রবাহে নিৰ্বাপিত হুইয়াছিল।

তিন বংসর পর মারঞ্জিৎ অগ্রন্ধকে আত্মপ্রতিশ্রুতি স্মরণ করিতে অমুরোধ করিলেন। চতুর চূড়ামণি চৌবজিতের স্মৃতি বিস্মৃতি সাগরে ডুবিয়া গেল। অধিকন্ত মারঞ্জিতেব প্রাণবধের চক্রান্ত হইতে লাগিল। এই দারুণ সংবাদ অবগত

একটি বংশাবলীও প্রদর্শিত হইয়া থাকে। কোন কোন ব্যক্তি, এই বংশাবলী ১৭০০ খৃঃ অবে প্রস্তুত হইয়াছে বলিয়া তংপ্রতি দ্বণা প্রদর্শন করেন। আমরা এতত্ত্যের কোন একটি মত পোষণ করিতে পারি না। প্রায় সার্দ্ধ চারি শতাব্দী পূর্কে বালালা ভাষার অতি প্রাচীন ঐতিহাসিক গ্রন্থ "রাজ্মালা" বলিয়া গিয়াছেন যে "ত্রিপুরেশর মহারাজ জিলোচনের জ্যেষ্ঠপুত্র দৌহিত্র স্বত্বে (কাছার) হেরম্বরান্ধের সিংহাসন অধিকার করেন। ত্রিলোচনের দ্বিতীয় পুত্র দক্ষিণ পৈতৃক রাজ্যের অধিকারী হন।" কাছারের শেষ রাজা গোবিল্ফক্তের হত্যাকাণ্ডের পর, যে মহাত্মার হতে সেই রাজ্যের শাসনভার (History and statistics of Dacca Division p. 335) সমর্পিত হয়, তিনি (কাপ্তান ফিসর লিখিয়া গিয়াছেন) প্রায় সহস্র বংসর অতীত হইল আসাম, রলগুর, কাছার ও ত্রিপুরা প্রভৃতি দেশ সকল দীর্ঘকালাবধি শাসন করিতেছিলেন। তাঁহার রাজধানী কামরূপে অবস্থিত ছিল। কুচরাজ্বগণ প্রাগজ্যোতিষেশ্বরকে রাজ্যচাত করেন। সিংহাসনচাত নৃণতির জ্যেষ্ঠপুত্র কাছারে খতত্র রাজ্যখাদন করিলে, সেই রাজার কনিষ্ঠ পুত্র অগ্রন্ধের স্তার ত্রিপুরা রাজ্য স্থাপন করেন। গোবিন্দচক্রের মৃত্যুতে (১৮৩- খ্রীষ্টম্পে) কাছারের সেই প্রাচীন বংশের লোপ হইয়াছে। কনিষ্ঠের উত্তরপুরুবেরা অভাপি ত্রিপুরার প্রসিদ বোড়শ-দিংহধুত স্থাসনে বিরাজ করিতেছেন। এই উভয় মত ছারাই কাছার রাজ-বংশের প্রাচীনত অবধারিত হইতেছে। কাছারের ভৃতপুর্ব্ব ডিপুটি কমিসনর এডগার मार्ट्य এर मकन প্রাচীনতবের প্রতি অবজা প্রদর্শন করিয়া বলেন যে, "যুদ্ধবীর নির্ভয় নারায়ণ কাছার রাজবংশের স্থাপয়িতা। তিনি এটান্দের সপ্তদশ শতান্ধীর শেহার্ছে জীবিত ছিলেন। তাঁহার উত্তরপুক্ষ রাজা হরিশুল ১৭৭৮ এটাজে প্রলোক প্রম করেন। চরিশক্ত ভােচপুত্র কুঞ্চত্র পিতার মৃত্যুর পর ৩৭ বৎসর রাজ্যশাসনের পর দেহ ত্যাগ করিলে, গোবিশচক্র ১৮১৫ খ্রীটান্দে আতৃ-উত্তরাধিকারিত্ব স্ত্রে সিংহাসনে অধিরচ হইয়াছিলেন। এছগার সাহেব কোন প্রকার বিলেব প্রমাণ ছারা বীয় উজি সমর্থন করেন নাই। তিনি খেচ্চাচারিতা সহিত লেখনী স্পালিত করিয়াছেন। এডগার সাহেবের সহিত প্রতিষ্থিতার এ উপযুক্ত স্থান নহে। বৃদ্ধি দৈবছুনিপাকে পভিত না হই, তবে সময়ান্তরে পাঠকবর্গকে কাছারের চিত্রপট উপহার দিয়া পরিতোম লাভ করিব। কিন্তু চিরকর বাক্তির আশা ছ্রাশা।

হইয়া মারঞ্জিৎ একমাত্র অশ্বারোহণে কয়েকজন বিশ্বস্ত অনুচরের সহিত গোপনে কাছার যাত্রা করিলেন।

কাছাররাজ্ঞ কৃষ্ণচন্দ্রের ভাতা গোবিন্দচন্দ্র মারজিতের মনোহর অশ্ব দর্শনে লোভাক্রান্ত হইলেন। ইচ্ছামুরূপ মূল্য লইয়া অশ্ব বিক্রয়ের জন্ম মারজিৎকে অমুরোধ করা হইল। মিতাই রাজনন্দন প্রাণপ্রিয়তর অশ্বের জন্ম সহস্র সহস্র স্বর্ণ ভুচ্ছজ্ঞান করিলে, গোবিন্দচন্দ্র সেই অশ্ব বলক্রমে গ্রহণ করিলেন। স্থাতসর্ববিদ্ব মারজিৎ আশ্রয়দাতা কর্তৃক মর্ম্মণীড়িত হইয়া বনে বনে ভ্রমণ করিতে লাগিলেন।

বছকটে নগনদী প্রান্তর অতিক্রম করিয়। মারঞ্জিৎ আবা রাজধানীতে উপনীত হইলেন। তিনি ব্রহ্মরাজ কর্তৃক সাদরে গৃহীত হন। শ্বেতগজাধীশ বিপন্নকে মণিপুর বাজাসনে অভিধিক্ত করিতে প্রতিশ্রুত হইলেন। মারঞ্জিৎও প্রতিশ্রুত হইলেন যে "ব্রহ্মের ভূজবলে মণিপুর নাগাসন তদধিকৃত হইলে, তিনি স্বয়ং আবায উপস্থিত হইয়া রাজস্মবর্গ পূজিত ব্রহ্মবাজের রাজাসন সমক্ষে মস্তক অবনত করিবেন।"

মারজিৎ বৃহৎ একদল ক্রন্ধ সৈন্ত লইয়া ভাতৃবিক্লকে যাত্রা করিলেন। চৌরজিৎ ও গন্ধীরসিংহ স্বজাতীয় সৈন্ত লইয়া অগ্রসর হইলেন। তুমূল সংগ্রামের পর মিতাইদিগকে ক্রন্ধ সৈন্তের নিকট পরাজয় স্বীকার করিতে হইল। চৌরজিৎ ও গন্তীরসিংহ কাছার ও ত্রিপুরায় পলায়ন করিলেন। মারজিৎ মিতাই রাজাসন অধিকার করিয়া ভাতৃস্তাদ্বর্গের প্রাণদণ্ড করেন। রাজ্যচ্যুত নূপতি চৌরজিৎ ত্রিপুরার তদানীস্তন যুবরাজ কাশীচক্রের হত্তে কন্তা (কৃটিলাক্ষী) সমর্পণ করিয়া ত্রিপুরার সহিত প্রণয়স্ত্রে বন্ধ হইলেন।

মারজিৎ পৈতৃক রাজ্য অধিকার করিয়া দেখিলেন, তাঁহার অশ্বাপহারী পার্শ্ববর্ত্তী রাজ্যের রাজাসনে বিরাজ করিতেছেন। প্রতিহিংসাবৃত্তি তাঁহার হৃদয়ে প্রবল হইল। তিনি বন্ধসংখ্যক সৈত্য হইয়া কাছার ধ্বংস করিতে চলিলেন।প

শমণিপুরীয়গণ বলে, চৌরজিৎ ত্রনি যুদ্ধে স্থানিকিড ছিলেন। মারজিৎ অখারোহণে সংগ্রামক্ষেরে অলোকদামান্ত বীরত্ব প্রদর্শন করিতেন। তাঁহার অলের ভায় স্থা ও সমরকুশন অব কল্মিনকালে মণিপুরে জন্মে নাই বলিয়া প্রবাদ আছে। সর্বাভূজ গভীরসিংহ ভগদভের ভায় হন্ত্যারোহণে যুদ্ধ করিতেন।

[†]মণিপুরীয়গণ বলেন শিশু বৃদ্ধ বাতীত মণিপুরীয় পুরুষ মাত্রই মারজিভের মরণাজে সহপমন করিয়াছিল।

মারজিৎ কাছারে প্রবেশ করিয়া রাক্ষসবৃত্তি অবলম্বন করিলেন। রাজধানী কশপুর ভস্মীভৃত হইল। গোবিন্দচন্দ্র শ্রীহট্টে পলায়ন করিলেন। নরক্ষবিরে কাছার প্লাবিত হইল। পথে, ঘাটে, মাঠে, মাংসজীবী পশুপক্ষী সকল শব লইয়া টানাটানি করিতে লাগিল। গ্রাম, নগরে, আবাল বৃদ্ধের রোদনধ্বনিতে গগনপ্রতিধ্বনিত হইল। কাছার ধ্বংস করিয়া মারজিৎ "মৈয়াঙাম্বা" বা কাছারবিজ্ঞয়ী উপাধি গ্রহণ করিলেন।

রাক্ষসবৃত্তি মারজিতের প্রায়শ্চিত্তের সময় শীষ্থই উপস্থিত হইল। ব্রহ্মরাজ্ঞ তাঁহাকে আত্মপ্রতিশ্রুতি পালন জম্ম আহ্বান করিলেন।

"কাজের সময় কাজি, কাজ ফুরালে পাজি।" বোধ হয় এ সংসারে অধিকাংশ লোক এই জঘক্ত প্রকৃতির। মারজিৎও তাহা হইতে মুক্তিলাভ করিতে পারেন নাই। তিনি আবারাজকে লিখিলেন "যদি ব্রহ্মরাজ উভয় রাজ্যের মধ্যবর্ত্তী কোন একটি স্থান নির্দেশ করিয়া স্বয়ং তথায় উপস্থিত হন, তবে মণিপুরেশ্বরও সেখানে, যাইয়া তাহার সহিত সাক্ষাৎ করিতে প্রস্তুত আছেন।" ব্রহ্মরাজ, মারজিতের পত্র পাইয়া ক্রোধে অধীর হইয়াছিলেন। কিন্তু পুনর্কার শাস্তভাব অবলম্বন করিয়া লিখিলেন, "রাজা মারজিৎ আত্মপ্রতিক্রেও প্রতিপালনে প্রস্তুত হউন, নচেৎ মণিপুর উপত্যকা নরক্রধিরে রক্ষিত হইবে।" অহঙ্কারী মণিপুরীয়দিগের অহঙ্কার ধর্ব্ব হইল না। আবাদৃত অপমানিত হইয়া ব্রক্ষে প্রত্যাবর্ত্তন করিলে, বস্ক্ষরা নরক্রধির জন্য লালায়িত হইলেন।

আবাসৈক্ত দলে দলে মিতাইদিগের বিরুদ্ধে যাত্রা করিল। মিতাইগণ শক্রসৈক্তের গতিবোধ করিতে অগ্রগামী হইল। নিংখি নদীতীরে প্রথম সংগ্রাম হয়। সেই যুদ্ধে মিতাই অবারোহিগণ অসাধারণ বীর্দ্ধ প্রদর্শন করিয়াছিল। কিন্তু "বন্দুক" ও "কামান" দ্বারা ব্রহ্মগণ তাহাদিগকে পরাভ্ত করে। নিংখি তীরে মিতাইগণ পরাজিত হইয়া পশ্চাৎপদ হইলে, আবা সৈক্ত উপত্যকার মধ্যে প্রবেশ করিল। প্রায় তিন মাস পর্য্যন্ত মিতাইগণ প্রাণ্যরক্ষা করিয়াছিল। পরে দেশ ছাড়িয়া পলাইতে বাধ্য হইল। রাজাও পলায়ন করিলেন। আবা

"চুয়া চন্দন পংতেই ভেই,

অতুবা না ভালা শংচেন চেন।"

শর্ব। তোমরা চ্রা চন্দন বারা শরীর ভূষিত করিয়া আঁকজমক কর এবং আপনাকে আপনি অলোকসামান্ত বোদা বলিয়া জ্ঞান কর। কিছু আবাদিসকে দুর্শন করিলে তোমাদের আতল হয়। আত্মরকার জন্ত বিক্রিদিক্ জ্ঞান না করিয়াই দৌভিতে আক।

[◆]হাওপণ তথন মিতাইদিপকে বলিয়াছিল—

* 4

সৈক্তগণ ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিজ্ঞোহী সিপাহিদিগের স্থায় শিশু, বৃদ্ধ ও রমণীর প্রতি অত্যাচার করিতে লাগিল। যুবতীদিগকে সানন্দচিত্তে বন্ধন করিয়া লইয়া চলিল। গ্রাম ও নগর সকল পুড়াইয়া ছারখার করিল। জীবসকুল শস্তুশালিনী উপত্যকা মরুভূমিতে পরিণত হইল।

মারঞ্জিৎ কাছারে আসিয়া ভ্রাতৃত্বয়কে আহলান করেন। চৌরঞ্জিৎ ও গন্তীর সিংহ ভ্রাতৃসমক্ষে উপনীত হইলে মারঞ্জিৎ তাঁহাদিগকে বিঞ্জিত রাজ্যের (কাছার) এক একটি অংশ দান করিলেন, স্বতরাং তাঁহারা পরস্পর বিপদে সাহায্য করিতে প্রতিশ্রুত হইলেন।

কাছাররাজ গোবিন্দচক্র সিংহাসন্চ্যুত হইয়া ইংরেজদিগের নিকট সাহায্য প্রার্থনা করিতেছিলেন, কিন্তু সে সময় কোম্পানি বাহাত্ব অমিতপরাক্রম মহা-রাষ্ট্রীয় ও পিণ্ডারিদিগের সহিত বিগ্রহে লিপ্ত ছিলেন বলিয়া ঠাহার বাক্যে কেহ কর্ণপাত করিলেন না। উপায়হীন গোবিন্দচক্র অবশেষে আবারাজসদনে সাহায্য-প্রার্থী হইলেন। আবাগণ সে সময় মণিপুর গ্রাস করিয়া বিশ্রাম করিতেছিল। পররাজ্য গ্রাসের আর একটা স্থন্দর উপায়-দার উদ্যাটিত দর্শনে তাহাদের আলস্ত অন্তর্হিত হইল। আবাদিগের রাজ্যকাম্কতায় অচিরাৎ—কাছার সমরানলে প্রজ্ঞালিত হইল। আবাদিগের রাজ্যকাম্কতায় অচিরাৎ—কাছার সমরানলে প্রজ্ঞালিত হইল। মারজিৎ ভাতৃদ্বের সাহায্যে এই বিষমাগ্নি নির্বাণ করিতে যথাসাধ্য প্রয়াস পাইয়াছিলেন। কিন্তু কোনও ফল দর্শিল না। অবশেষে মণিপুরীয়দিগের রুধিরপ্রবাহে সমরানল নির্বাপিত ও কাছার প্রদেশ আবারাজের কৃক্ষিগত হইল। গোবিন্দচক্র পুনর্বার ইংরেজদিগের আশ্রয়প্রার্থী হইলেন। তখন মিতাইরাজকেও গোবিন্দচক্রের মতামুসরণ করিতে হইল।

ব্রিটীস গভর্ণমেন্ট আর বসিয়া থাকিতে পারিলেন না। আবাদিগের দমনার্থ ১৮২৪ খ্রীষ্টাব্দের ৫ই মার্চ্চ লর্ড আমহাষ্ট্র সাহেব যুদ্ধঘোষণা করিলেন। প্রায় ছুই বৎসরাবধি এই সংগ্রাম চলিয়াছিল। সেই লোমহর্থণ ঘটনার রুধির-রঞ্জিত যবণিকা অর্দ্ধ উত্তোলন করা অসঙ্গত বোধে আমরা আবার সংক্ষিপ্ত ইতিবৃত্ত লিখিতে প্রায়ন্ত হইলাম।

औरकमाम हन मिश्र।

এই সময় মণিপুরীয়পণ ব্যবেশ ছাড়িয়া কাছার প্রীহট্ট, ও ত্রিপুরায় উপনিবেশ স্থাপন করিয়াছে। ঔপনিবেশিক মণিপুরীয় সংখ্যা, কাছার ১১০০০০, প্রীহট্ট ৩০০০০ ত্রিপুরা ১৫০০০। অল্পাল মধ্য ঢাকায়ও কডকওঁলি মণিপুরীয় উপনিবেশ স্থাপন করিয়াছে।

• त्त्रकात्त्र क्षित्र वरनन,— ১৮২৪ खेडोर्चित २०११ क्ष्माই है त्राक त्यानी कर्तन बाउन खेटाइत शीमाच्याल्य चार्चा र्मेष्ठ कर्ड्क भ्रताक्षिण हहेल, भ्रवर्गत स्कारतन प्रत्यां करतन । (British Empire in India vol. iv page 112) क्षि मार्गरमन खक्षि बेण्डिशित्कत मण्ड के जातिस्वत श्र्वंह वृक्षावाया हहेताहिन।



ধারণতঃ ও প্রধানতঃ, আমাদের 'আদর্গ' বাঙ্গালি সমালোচক বাব ছিবিধ সমালোচনা শিথিয়া রাখিয়াছেন। যে কোন গ্রন্থ হাতে পড়ুক না কেন, এই ছইয়েব অক্যতর অবলম্বিত হইয়া থাকে। এক প্রকার সমালোচনা এইরূপ, —"এই গ্রন্থ ভাল, খ্ব ভাল, অতি ভাল; এমন গ্রন্থ হয় না, হইবার নয়।" আর এক প্রকারের সমালোচনা—"গ্রন্থ মন্দ, অতি মন্দ, যারপরনাই মন্দ; ইহার ভিতরে কেবল মাথা আর মৃত, ছাই আর ভন্ম।" কল কথা, ইহা এক প্রকার স্থির যে, যাহাকে ভাল বলিতে হইবে, তাহাকে, আকালে তুলিতে হইবে, যাহাকে মন্দ বলিতে হইবে, তাহাকে, ছই পায়ে দলিতে হইবে। নিয়ম এই, হয় স্থাতি কর নয় নিন্দা কর—সমালোচনা একেবারেই করিও না।

এক পার সমর্থনার্থ দৃষ্টান্ত প্রিলিতে অধিক দৃর যাইবার প্রয়োজন নাই।
এই "ভার্গবিবিজয়" কাব্যের কতকগুলি সমালোচনা মৃদ্রিত হইয়া গ্রন্থের প্রারম্ভে
সন্ধিবেশিত হইয়াছে; তাহা পাঠ করিয়া আমরা হতবৃদ্ধি হইয়াছি। যে প্রশাসাকরা হইয়াছে, তাহা 'প্যারাডাইস দাই' অথবা "ডিভাইনা কমেডিয়া" সম্বন্ধে করিতে গেলেও একটা কিন্তু রাখিয়া করিতে হয়। একজন লিখিয়াছেন,—"যে পর্যান্ত পাঠ করিয়াছি ভাহাতেই বলিতে পারি যে, পুত্তকখানি অতি উৎকৃষ্ট; ইহাতে রস-ভাব-রীতি-গুল আদি যথাস্থানে যথাসময়ে সন্ধিবেশিত হইয়াছে।" যে পর্যান্ত পড়িয়াছেন তাহাতেই এই, শেষ পর্যান্ত পড়িলে না জানি কি বলিতেন। আমরা নির্গজ্ঞ হইয়া জিজ্ঞাসা করি, যদি রস, ভাব, রীতি, গুল আবার আদি, যথাস্থানে এবং যথাসময়ে সন্ধিবেশিত হইল, তবে আর বাকীই থাকিল কি ? বাল্মীকি অথবা

ভার্গবিষয় কাব্য। প্রীপোপাল চন্দ্র চক্রবর্তী কর্ম্বল প্রাণীত ও প্রকাশিত। কলিকাতা, মেছুয়াবাজার ট্রাট, আলবার্ট প্রেনে মুক্তিত। মুল্য ১৪০ মাত্র।

ব্যাসে, বর্চ্ছিল অথবা মিণ্টনে, গোটে অথবা শেক্ষপীয়রে, ইহার অধিক আর কিছু আছে কি ?

আবার কতকগুলি সংবাদপত্তে এই পুস্তকের যে সমালোচনা বাহির হইয়াছে তাহা দেখিয়াও আমরা অবাক্ হইয়াছি। সে কেবল খাঁটি নির্জ্ঞলা নিন্দা। তার সার মর্ম্ম এই যে, গ্রন্থখানি কিছুই নহেরও অধম, এবং গ্রন্থকার বাতৃল। লিউইস সাহেব তাঁহার 'দর্শনশাস্ত্রের ইতিহাসের' এক স্থলে লিখিয়াছেন যে, কোমতকে নৃতন নৃতন মত সকল প্রচার করিতে দেখিয়া অনেকে তাঁহাকে বাতৃল স্থির করিয়াছিল, কিন্তু 'প্রামাণিক দর্শন' যদি বাতৃলতার ফল হয়, তাহা হইলে আমাদের কামনা, বাতৃলতার এপিডেমিক হউক। এতটা গৌরবের সঙ্গেনা হউক, কিন্তু তবু আমরা বলিতে পারি যে, ভার্গববিজ্ঞয় যদি বাতৃলতার ফল হয়, তাহা হইলে আমরা কায়মনোবাক্যে কামনা করি—বাঙ্গালার কায়্য-লেখকদিগের পালের মধ্যে বাতৃলতার এপিডেমিক হউক। অধিকাংশ বাঙ্গালা কায়্য অপেকা ইহা ভাল।

কিন্তু এ কথায় কিছু প্রশংসা হইল না। জ্বলধরের অপেক্ষা স্থন্দর বলিলে কিছু সৌনদর্যোর প্রশংসা হয় না। বিছাদিগ্গজ্ঞ অপেক্ষা বৃদ্ধিমান্ বলিলে কিছু বৃদ্ধিমন্তার প্রশংসা হয় না। অধিকাংশ বাঙ্গালা কাব্যগ্রন্থ এত জঘন্ত যে, তাহার অপেক্ষা ভাল বলিলে কোনই প্রশংসা হয় না। সেই জন্ত একটু বিস্তৃত সমালোচনার প্রয়োজন।

ভার্গববিজ্ঞয় গ্রান্থের বিষয় সম্বন্ধে কোন পরিচয় দিবার আবশ্যক রাখে
না। কীর্ত্তিবাস ও কাশীরামের প্রসাদে কথক ও গায়কের প্রসাদে, যাত্রাওয়ালা
ও নাটকলেখকদিগের দৌরাত্মো, মহাভারত ও রামায়ণের কথা কিছু কিছুনা
জানে এমন লোক বঙ্গদেশে বিরল। রামচন্দ্র কর্ত্ত্ক পরশুরামের অভিভব, এ
গ্রান্থের বিষয়। জিনিস্টা কি, সকলেই বৃধিয়াছেন।

ইহা সকলেই স্বীকার করিবেন যে বিষয়টা শুক্রভর বটে। এ মছন্যাপারে যাহারা লিপ্ত ভাহারা সকলেই মহৎ—আকাশের স্থায় উচ্চ, সাগরের স্থায় পভীর, বাসুকীর স্থায় ধীর, হিমালয়ের স্থায় স্থির। নায়ক, সাক্ষাৎ পুক্রষোভ্যম—দেবভার ভয় দূর করিতে, পৃথিবীর ভার লঘু করিতে মহুয়দেহ ধারণ করিয়াছেন। নায়িকা, অযোনিসম্ভবা সীতা—যিনি জ্রীবিহিত গুণে রমণীকুলের আদর্শস্থলাভিষিক্তা। প্রতিনায়ক, ভার্গব পরশুরাম—ধিনি একবিংশতিবার পৃথিবী
নিক্ষত্রিয় করিয়া ক্ষত্রিয়শোণিতে "সমস্তপঞ্চকে পঞ্চ চকার রৌধিরান্ হুদান্।" লোকসমাবেশ অভি উচ্চ অঙ্গের বটে। বিষয় মনোনীত করা নিভান্থ মন্দ হয় নাই।

খ্ব ভালও হয় নাই। পরশুরাম বীর, রামচন্দ্র বীর, লক্ষণ বীর, দশরথও বীর; বিশ্বামিত্র ঋষি, বশিষ্ঠ ঋষি, পরশুরামও ঋষি;—এইরপ একপ্রকারের লোক একত্র কার্য্যক্ষেত্রে আনিয়া তাহাদের ব্যক্তিগত পার্থক্য রক্ষা করা অভি ছরুছ ব্যাপার—সকলে পারে না। আবার ঘটনা এত অল্প, কথা এমন সংক্ষেপ, যে ইহা লইয়া সার্দ্ধ তিনশত পৃষ্ঠারও অধিক একখানি গ্রন্থ লেখা হয় না— অন্তত্তঃ সকলে পারে না। তবে কি না, কবি আপন কল্পনাসন্তুত অনেক নৃতন চিত্র দিতে পারেন, অনেক নৃতন সৃষ্ঠি সল্লিবেশিত করিতে পারেন—ইহাও সকলে পারে না। ভার্গববিজ্ঞায়ের শেষে গোপাল বাবু পরিচয় দিয়াছেন যে, তিনি অতি অল্পবয়ন্ত্ব—অল্প বয়সে, প্রথম উভ্যমে, এই অগাধ, অপার-সাগরে কাঁপ দেওয়া ভাল হয় নাই।

এক্ষণে গ্রন্থের পরিচয়। প্রথম সর্গে বড় কিছু নাই—বাজে কথায় পরিপূর্ণ, কাজের কথা দেখিলাম না। তবে শেষকালে কবি বলিয়া দিয়াছেন, কোন্ কোন্ খনি হইতে তিনি রত্ন সংগ্রহ কুরিবেন,—

> "হে ৰাশ্বীকে, কালিদান, কীৰ্ন্তিবান, মধো, তোমাদের কোব হতে হে রাজেন্দ্রগণ; লইবে——ইত্যাদি।"

কোষগুলি যে বছরত্নপূর্ণ, তাহাতে সন্দেহ নাই; কিন্তু এই সকল কোষ হইতে রত্ন সংগ্রহ করিয়া অভিনব কাব্যভূষণ নির্মাণ করিলে কভদূর মহামূল্য হয়, তাহাতে বিলক্ষণ সন্দেহ আছে—হয় ত খাটে না—প্রায়ই মিলে না। ভার্গব বিজয় হইতেই ইহার প্রমাণ দেওয়া যায়।

দিতীয় সর্গে ভার্সবের আশ্রম বর্ণনা। হিমাচলেয় এক নিশ্ব রিণীভীরে ভার্সবের আশ্রম বিরাজিত। তথায় দেবদাক্ততক্রজ অম্বরশর্শ করিয়া দাড়াইয়া আছে। ইঙ্গুদী, খদির, তীব্রগন্ধ তেজপত্র, লবঙ্গবল্পরী, এলালভাবীথি, দাক্রচিনি, চিত্রিত-বিগ্রহ ভূর্জপত্র, শাল, তাল, তমাল, পিয়াল, যাহা হইতে,

মঞ্গ-মঞ্রী রজো-রাশি নভোমার্গ অনিশ আবরি উড়ে চক্রাত্পনিত।

পীয়্ব-প্রিত জাক্ষা, কম সোমলতা, অদূরে স্থামান্ত নীবার ধাক্তভূমি,— অলোক, কিংওক, বকুল, কর্ণিকার প্রভৃতি নানা বক্ষে, নানা কলে, নানা লভার নানা কুলে এই স্থান পরিশোভিত। মলয়ানিল মৃত্ল বহিতেতে, পরাগরাদ্যি উড়াইতেছে, শতাপাদপ আন্দোলিতেছে। তথার কল্পরী কুরঙ্গ আঞ্জম-পাদপে গাত্র-কণ্ড নাশ করিতেছে—মৃগমদগন্ধে তপোবনস্থলী আমোদিত করিতেছে। মৃগযুথ অভিনবতম শম্প-প্ররোহতল্পে বিশ্রাম করিতেছে; শাবকগণ মেযশিশুর সঙ্গে খেলা করিতেছে। দূরস্থ কন্দর-শায়ী সিংহগর্জন শুনিয়া বৃষভ গবয় প্রভৃতি বস্থধাতল ক্ষুরাগ্রে বিদীর্ণ করিয়া সদর্পে নাদিতেছে। অশ্বর্খ প্রভৃতি বক্ষছায়ায় হস্তিযুথ আযাত্দিগস্তব্যাপী নবমেঘের স্থায় দাড়াইয়া আছে, এবং

—————করেণু নিবহ কমল-পরাগ গন্ধি সলিল ছড়ায়ে

দিতেছে প্রণয়ে খীয় খীয় প্রিয়তমে।

মন্দ নহে; কিন্তু এ সুন্দর চিত্রটা কালিদাসের, গোপাল বাবুর নহে—
কুমারসম্ভব হইতে অমুবাদিত।

এই তপোবনে ভগবান্ ভৃগুকুলপতি তপস্থা করিতেছেন—সারঙ্গবিভিত্যাসনে আসীন, বন্ধল-পিহিত, আশীর্ষ উন্নত দেহ, অন্ধনিমীলিত স্থির লোচনযুগলে অপূর্ব্ব দ্যুতি, করযুগ নাভীর উন্ধে বন্ধ, গলে অক্ষমালা এবং যজ্ঞোপবীত, ললাট ফলকে ঔন্ধ-পোণ্ডুকেয় লেখা, শবীর শ্বেত চন্দনচর্চিত, মৌলী উপরে জ্বটাজাল বিনিবন্ধ, বদনমণ্ডল শাশ্রুরাজি-বিশোভিত—

দেবগৃহ-দ্বস্তু গাত্তে ঝুলিয়া বিরলে যেমতি চামর-রাজ বিকাশে শুক্লিমা।

উপমাটি অভি স্থন্দর এবং সম্পূর্ণরূপে বিষয়োপযোগী। আমরা পাঠকগণকে এই সর্গ পাঠ করিতে অমুরোধ করি—সময় রূপা নষ্ট হইল বলিয়া বোধ হইবে না। যদিও ইহা কালিদাসের অমুকরণে রচিত, তবু গ্রন্থকার প্রাশংসা পাইতে পারেন এমন অনেক জিনিব ইহাতে আছে।

তৃতীয় সর্গেও প্রসঙ্গাধীন কথা কিছু নাই—আগা গোড়া কেবল প্রাতঃকালের বর্ণনা।

চতুর্থ সর্গে রাজা দশরথের পুত্র-স্বন্ধনাদির সহিত অবোধ্যা-বন্ত্রে সোৎসব গমন। দশরথ মহা সমারোহে চলিয়াছেন, দেবগণ তাহা দেখিতে আসিয়াছেন। ইহার এক স্থলে লিখিত হইয়াছে—

বিনা বর্ষণে জলধনুর উদয় সম্ভবে না ;—মেঘ থাকিলেই যে ভাছার সজে জলধনুকে থাকিতে হইবে, এমন কোন কথা নাই। পঞ্চম সর্গে পরশুরামের আগমন। মহারাজ্ঞ দশর্থ ছর্নিমিত্ত ঘটিতে দেখিয়া বশিষ্ঠকে কারণ জিজ্ঞাসা করিলেন। বশিষ্ঠ বলিলেন, কোন চিস্তা নাই, যদি কোন অশিব ঘটনার সম্ভাবনা থাকে, তাহা আমি স্বস্তায়নে নিবারণ করিব।

হেনকালে রুজ্র্যুর্ত্তি পরশুরাম দেখা দিলেন। সকলে স্তম্ভিত হইল।
সকলেই বৃঝিল যে এ অশিব স্বস্তায়নে সারিবার নহে। ক্ষত্রিয়ললাটে না জানি
কি আছে বলিয়া সকলেই প্রমাদ গণিল। যঠ সর্গে পরশুবাম গালিগালাজ আরম্ভ করিলেন—রাজা দশরথকে, রামচন্দ্রকে, সৈন্দ্রগণকে, প্রাণ ভরিয়া গালি
দিলেন। লক্ষ্মণকে রাম জিজ্ঞাসা করিলেন, ভাই, এ কি ! লক্ষ্মণ বলিলেন,
সীতার সঙ্গে উহার বিবাহের কথা ছিল, তাহাতে বঞ্চিত হওয়ায় ব্রাহ্মণ
চটিয়াছে।

সপ্তম সর্গে আবার পরশুরামের গালিগালাজ এবং আত্মশ্রাঘা। দশরথের স্তুতি, রামচন্দ্রের বিনতি—পরশুরামের কেবল কটুক্তি।

অষ্টম সর্গে লক্ষণের ক্রোধ এবং ভার্গবকে ভর্ৎসনা। ভার্গব অপমানিত হইয়া মহাক্রোধে লক্ষণের বক্ষান্থল লক্ষ্য কবিয়া ধন্ততে শর যোজনা করিলেন। এমন সময়ে বিশ্বামিত্র আসিয়া তাঁহাকে অনেক বৃঝাইয়া শাস্ত করিলেন। তব্ সম্পূর্ণ শাস্ত হইলেন না। আর সকলকে রেয়াৎ করিলেন, কিন্তু রামের সম্বন্ধে বলিলেন যে আমার এই ধন্থা ভক্ষ করুক, নতুবা উহার রক্ষা নাই।

তারপর নবম সর্গে আরও কিছু কটু কাটব্যের পর পরশুরাম স্বহস্তবিভ ছব্জয় ধয়: বারদর্পে রামের হাতে দিলেন। এদিকে সাঁতার বড় তয় উপস্থিত হইল – একবার ভার্গব একখানা ধয়ু আনিয়া দিয়াছিলেন, তাহা ভাঙ্গিয়া তাঁহার সঙ্গে রামের বিবাহ হইয়াছে; আবার আজ ভার্গব সেইরূপ শরাসন আনিয়াছেন, বুঝি রামের আবার বিবাহ হয়় অতএব – কতই সপত্নী মম আছে পোড়া ভালে!

সীতার এই আশস্কাটুকু মন্দ নহে। সঙ্গত হউক, অসঙ্গত হউক, ইহাতে রস আছে।

দশম সর্গে ভার্গব-রাঘব-দ্বস্থ অবলোকন করিতে ত্রিদিব-তলে ত্রিদশসমূহ সভা করিয়া বসিয়াছেন। পার্ববতী শঙ্করকে বলিলেন, রাম এবং ভার্গব উভয়েই আমার প্রিয়, অতএব এ দ্বন্থ যাহাতে নিবারিত হয় তাহা কর। মহাদেব ভার্গবের নিকট পদাকে পাঠাইলেন। বলিয়া পাঠাইলেন,

পরাক্য অকীকারী দাশরথি কাছে সপ্রণয়ে প্রাণী কচ অর্গমার্গরোধ।

ইতিপূর্বেই রামচন্দ্র অবলীলাক্রমে ধন্তুর্গ্রহণ করিয়াছিলেন। তারপর একটা পার চাহিয়া লইয়া ধন্তুতে যোজনা করিয়া বলিলেন—এই শরে আপনাকে বধ করিতে পারিতাম, কিন্তু ব্রাহ্মণ অবধ্য; অতএব ইহার লক্ষ্য দেখাইয়া দিন। এদিকে পদ্মা আসিয়া ভার্গবের উপর শিবের ছকুম জারি করিয়া গেল। পরশুরাম রামচন্দ্রকে বলিলেন, আমার স্বর্গমার্গ রোধ কর। তাহাই হইল।

একাদশ সর্গে উভয় রামে প্রীতিসংস্থাপন হইল। তারপর ভার্গব সাধারণ সমক্ষে ক্ষত্রবধ বাসনা পরিত্যাগ করিলেন, রাঘবকে আলিঙ্গন করিলেন, ক্ষত্রবধ-তেজঃ সমর্পণ করিলেন, আশীর্কাদ করিলেন এবং শেষে প্রস্থান করিলেন। দশরথ আনন্দিত হইলেন; সীতা প্রফুল্লিতা হইলেন—সকলেই উল্লাসিত হইল।

দ্বাদশ সর্গে সকলের আনন্দ, বাহ্য, নৃত্য, গীত, বন্দির্ন্দের বন্দনাসঙ্গীতিকা, দেবগণের স্বস্থানে প্রস্থান, আকাশ-বাণী, এবং গ্রন্থকারের মামূলি আত্মপরিচয়;— কাজের কথা প্রসঙ্গাধীন কথা, নাই বলিলেই হয়।

ত্রয়োদশ সর্গে সকলের অযোধা। প্রবেশ। এই সর্গে পথিপার্শস্থ সৌধরাজ্বিতে পুরক্সীবর্গের বিবিধ বিভ্রমবিচেষ্টা পাঠ করিয়া সংস্কৃতজ্ঞ পাঠকের কালিদাসকে মনে পড়িবে। বাস্তবিক এই স্থলটি কালিদাসের অমুক্ররণ; স্থানে স্থানে অবিকল অমুবাদ।

এইখানেই কাব্য শেষ হওয়া উচিত ছিল। ইহার পব তিন সর্গ কেবল প্রকৃতিবর্ণনা এবং অক্সান্ত অপ্রাসঙ্গিক কথা। এ তিন সর্গ একেবারে ছাঁটিয়া ফেলিলেও মূল কথার কোনই ক্ষতি হয় না।

আমরা সমালোচ্য গ্রন্থের যতটুকু পরিচয় দিয়াছি তাহাতেই পাঠকবর্গ অবশ্ব বৃষিয়াছেন যে গ্রন্থখনি এত বড় হইবার কোনই প্রয়োজন ছিল না। শেষ তিন সর্গ, ছাদশ সর্গ, তৃতীয় সর্গ, এবং প্রথম সর্গ একেবারে বাদ দেওয়া যাইতে পারে। অন্যান্য সর্গেরও অনেক অংশ ত্যাগ করা যায়; এবং প্রত্যেক সর্গেরই শেষ ভাগ—আত্মপরিচয় এবং অন্থ্রহভিক্ষা—পরিবর্জ্জনীয়। যে সকল উপায়ে গ্রন্থকলেবর ফ্রীড হইয়াছে, তদবলম্বনের অর্থ আমরা প্র্রিজয়া পাই না। নিসর্গ বর্ণনাতেই গ্রন্থের প্রায় চতুর্থাংশ নিয়োজিত। নিসর্গ বর্ণনা মন্দ নহে, কিন্তু কেবল প্রাতঃকাল বর্ণনা করা একটা সম্পূর্ণ সর্গ গ্রন্থকারের কুরুচির পরিচায়ক, পাঠকের পক্ষে বিরক্তিজনক এবং সমালোচকের পক্ষে—মাবাত্মক। তবু নিস্র্রবর্ণনা কাব্যের একটা অঙ্ক বটে, কিন্তু কাব্যস্থচনা, বান্দেবতার আরাধনা, ভারতীপ্রার্থনা, কল্পনার উপাসনা, বান্মীকির কবিজ্যেন্তম, কলিদাসের মহাকবিদ, মাইকেলের পরলোক, অকালমুত্যু-জন্য শোক, ভর্ত্থরির স্তব, জয়দেবের মহিমাকীর্ত্তন, ভব্তুতির বন্দনা—এ সকলের ছারা কাব্যের যে কি উপাদেয়তা বৃদ্ধি হইতে পারে, আমরা সর্গমর্জ্যরসাডল শ্র্রীজ্যা পাই না।

প্রতি সর্গের শেষেই একবার পণ্ডিতমগুলীর কাছে "সগল-বসনে মুদি যোড় কর" করা হইয়াছে। এ সম্বন্ধে আমরা এই বলিতে চাই যে, যিনি এত বড় একখানি কাব্য লিখিতে বসিয়াছেন, যিনি বান্দেবীর কাছে "কবিছ বিমল নভে মাধ্যন্দিন ভানুমান্" হইবার প্রর্থনা করিয়াছেন, তাঁহার একটু আত্মাদর, একটু অহঙ্কার থাকা উচিত। নত্রতা, বিনয়, এ সকল মন্দ নহে, কিন্তু কথায় কথায় কাকৃতি মিনতি করা ভাল দেখায় না। যার তার হাতে পায়ে ধরিতে গেলে সম্ভ্রম থাকে না।

গ্রন্থকার আপনি স্বীকার করিয়াছেন যে তিনি মাইকেলের চেলা; কিন্তু বাস্তবিক তাহা নহেন। প্রকৃতপক্ষে তিনি জয়দেবের চেলা; জয়দেবের সেই ললিত-नवन-नज-भित्रनीनन-कामन-मनय-ममीद्रत नाय मधूत कामन कास भागवनी, আর গোপাল বাবুর এই দাঁত ভাঙ্গা শব্দবিন্যাস তুলনা করিলে আপাততঃ এ কথায় অনাস্থা হইবার সম্ভাবনা, কিন্তু একটু বুঝিয়া দেখিলেই ইহার সারবত্তা হৃদয়ক্ষম দেবের ন্যায় গোপাল বাবুর কল্পনা মাগৈ কপ্রোহিত—যতকারিগরি বাহাঞ্চগৎ লইয়া; অন্তর্জ গতের উপর বড় একটা দৃষ্টি নাই। সূর্য্যরশ্মিব প্রফুল্লতা, বসম্থপবনের মধুরতা, সায়াহ্লগগনের সৌন্দর্য্য, নবকুসুমিতা লতার সৌকুমার্য্য, এ সকল চিত্রিত করিতে গোপাল বাবু বিলক্ষণ পারগ—জয়দেব অভ্রাস্ত। কিন্তু প্রণয়ের উন্মন্ততা, নৈরাক্তের কাতরতা, শৌর্য্যের মহন্ব, অমুরাগের চাঞ্চল্য, এ সকল চিত্রিত করিতে গুরুলিয় কাহারও তুলি চলে না। জড়জগতের ভীম ভঙ্গী সকল চিত্রিত করিতে জয়দেব চেষ্টা করেন নাই; গোপাল বাবু চেষ্টা করিয়াছেন, কিন্তু কুতকার্যা হয়েন নাই। জয়দেব আত্মশক্তি বুঝিতেন, গোপাল বাবু হয় ত বুঝেন না ;—জয়দেব গুরু, গোপাল বাবু চেলা। অন্তর্জগতের উপর দৃষ্টি না থাকিলেও বাহ্যপ্রকৃতির সঙ্গে লেখকের বিল-ক্ষণ সহামুভূতি আছে এবং নিসর্গ সৌন্দর্য্য তিনি প্রেমিকের চক্ষে দেখেন—যে চক্ষে ওয়ার্ডস্ওয়ার্থ দেখিতেন সেই চক্ষে গোপাল বাবু দেখেন—অনেক ভলী, যাহা অপ্রেমিকের চক্ষে পড়ে না গোপাল বাবুর চক্ষে পড়ে, এবং তিনি তাহাতে মুদ্ধ হইয়া যায়েন শতমুখে, সহস্রমুখে তাহা ব্যক্ত করেন। সামাশ্য কথা লইয়া কেন এড আড়ম্বর, তাহা প্রেমিক যে সে বুঝিবে—সকলে বুঝিবে না।

অন্তর্জ গতের উপর দৃষ্টি না থাকিলে যে দোব ঘটে, তাতা এই প্রাছেও ঘটিয়াছে—
একটা চরিত্রও উত্তমরূপে সংরক্ষিত হয় নাই। দশরথকে দেখ। যখন ভার্গব সেই
ছর্জ্জয় কার্শ্মক রামচন্দ্রের হত্তে দিলেন, তখন রাজা দশরথ পুত্রবিয়োগাশদ্বার অত্যন্ত
কাতর তইলেন—অনেক বিলাপ করিলেন—শেষে মূর্চ্ছা গেলেন। রাজা দশরথ
শ্বাং বীরপুরুষ, তাঁহার মূর্চ্ছা যাওয়া ভাল হয় নাই। একটু ভয়, একটু আশহা, হর

হউক, তাহাতে আমাদের বিশেষ আপত্তি নাই; কিন্তু মূর্চ্ছাটা বড় অসঙ্গত। রামায়ণের দশরথ মূর্চ্ছিত হয়েন নাই।

আবার পরশুরামকে দেখ। ভার্গব-বিজ্ঞারের পরশুরামকে দেখিয়া আমাদের সেই চিরপরিচিত পরশুরাম বলিয়া চিনিতে পারিলাম না। রামায়ণের পরশুরাম,—মহাবীর, মহাতপস্বী, উন্নতচিত্ত, প্রশস্তহাদয়। তিনি যখন ক্রোধোদীপ্ত হইয়া সিংহনাদ করেন, তখন সুরাস্থর কম্পিত হয়, বায়ু স্তম্ভিত হয়, চন্দ্র সূর্য্য গ্রহ উপগ্রহ পথহারা হইয়া দাঁড়াইয়া থাকে। আর গোপাল বাবুর পরশুরাম—যদি বিশেষণ পদ ঘারা তাঁহার চিত্র আঁকিতে হয়, তবে এইরূপ লিখিতে হয়়—কুভাষী, অভদ্র, মুখসর্বস্ব, দান্তিক, নির্লজ্জ, অসার, ত্রিনীত এবং অব্যবস্থিতচিত্ত। তিনি যখন আশ্ববীর্যা খাপন করেন, আমাদের হাসি পায় যখন ত্র্বাক্য ব্যবহার করেন, পড়িতে লক্ষা হয়। বীবের মুখে, ঋষির মুখে তেমন কথা আসে না। রামচন্দ্রের প্রতি যে সকল বাক্য প্রয়োগ করিয়াছেন তাহা ভদ্র লোকের অব্যবহার্য্য।

কোথা সেই নবাধম, দে শীঘ্র দেখায়ে,— ধুরত জম্ক সম ভয়ে দ্রে গেল লাস্ক ভটায়ে, পাপ !

রামায়ণের পরগুরামে এরপ ইতরতা নাই। তিনি রামচন্দ্রের সঙ্গে যেরপ সম্ভাষণ করিয়ছেন, তাতা বীরের স্থায, মহতেব স্থায়, পরগুরামের স্থায়—দূর শ্রুত জলদনিনাদের নাায় ধীর, গস্তীর এবং ভয়ন্কর—

व्राम ! मानवरथ ! बीव ! बीवां: एक अक्टरक्रुकः ।

তদিদং মোরসকাশং জামদর্যাং মহজ্জঃ।
প্রয়ন্ত শরেণৈত ব্যবসং দর্শরন্ত চ ।
তদহং তে বলং দৃট্য ধক্ষবোহপ্যক্ত প্রণে।
কন্দ্যুক্তং প্রদাস্যামি বীধ্যুরাঘ্যমহং তব ।

রসাবতারণায় আমাদের কবি সকল স্থানে কৃতকার্য্য হইতে পারেন নাই। তাঁহার রসে সঞ্জীবতা নাই। পরশুরাম আসিয়া বীররসের কত কথাই বলিলেন, তিন সর্গ ব্যাপিয়া বীরদর্পে বীরবাক্য কতই উচ্চারিত করিলেন, কিন্তু এত বীররসের মধ্যে আমাদের একবিন্দুও শোণিত উষ্ণতর হইল না—পড়িতে পড়িতে একবারও আমাদের রোমাঞ্চ হইল না, একবারও একটু উৎসাহ অনুভব করিলাম না। আবার সীতা যখন পীরিতের কাঁদ পাতিয়া বলিতে লাগিলেন,

ৰগতে ভোমার দনে মিলে না তুলনা, ভোমার উপমা, দেব, তুমিই ভ্বনে। ভোমার বিক্রম সাবে ভোমার বিক্রমে: ভোমার বছন যেন ভোমার বছন; ভোমার নয়ন, নাথ, ভোমার নয়ন; রামের হুতহু সম রামের হুতহু!

তথন আমরা কোনরূপ কোমলতা অনুভব করিলাম না। কেমন বোধ হইল, যেন একথাগুলি সীতা বাড়ী হইতে কণ্ঠস্থ করিয়া আসিয়াছিলেন, এতক্ষণ সময় প্রাপ্ত হয়েন নাই বলিয়া বলা হয় নাই – বোধ হইল যেন 'তোমার তুলনা তুমি প্রাণ এ মহীমণ্ডলে" এই গীতটি সীতা জানিতেন, সময় পাইয়া তাহার দিতীয় সংস্করণ বাহির করিলেন। দিতীয় সংস্করণ, সূতরাং হাল আইনামুসারে পরিশোধিত এবং পরিবন্ধিত।

নিসর্গ বর্ণনার অবতারণাতেও স্থানে স্থানে রসভঙ্গ ইইয়াছে। কোথাও উপমা সংযোজনে বিপর্যায় ঘটিয়াছে—তৃতীয় সর্গের প্রথম পাঁচছত্র ইহার প্রমাণ। আমাদের কবি একই নিঃশ্বাসে স্র্যাদেবকে একবার "প্রাচীদিক্ অধীশ্বরীর সীমস্ত মুকুট হৈম শিখা মণি" বলিযাছেন, আবার "জ্বগৎলোচন" বলিয়াছেন পুনরায় আবার তাঁহারই গলে "সম্জ্বলমালা" দোলাইয়াছেন। তবে মালার সম্বন্ধে এই এক কথা আছে যে, উহা জ্বগৎলোচনের গলে, কি দিক্ অধীশ্বরার গলে, তাহা ঠিক বুবা যায় না।

কোপাও বা অলস্কার দোষ ঘটিয়াছে—

———"বিমণ্ডিত কুম্বম শুবক ভাবে"

যাহার ধারা বিমণ্ডিত হওয়া যায়, তাহাকে ভার বলা ভাল হয় নাই। এক আধ স্থলে অল্লীলতা দোষও ঘটিয়াছে—দৃষ্টান্ত, ১৫৯—১৭০ ছত্রধয় এবং ২৩৫—
২৩৮ ছত্র চতুইয়, তৃতীয় সর্গ। দিতীয় দৃষ্টান্তে "লাবগণ সনে" ধাকায় কিঞ্চিৎ
হাক্সম্বন্ধও হইয়াছে।

স্থানে স্থানে উপযোগিতা রক্ষিত হয় নাই। তপোবন বর্ণনায় এক স্থলে লিখিত হইয়াছে,

> বাজিছে বিবিধ বান্ত সংগীত সংহতি স্থান মন্দ্রিরা বীণা মুরলী রসাল ,

আবার, অন্য স্থলে, তপোবনস্থ লতা পাদপ মৃত্ব পবনে ত্রলিতেছে— কেমন !—লাসিকা ললনা যথা লাস্য লীলা করে।


তপোবনে মুরক্ত মন্দিরা প্রভৃতির ধ্বনি, তপোবন বর্ণনায় উপরি উক্ত উপমার সমাবেল বড় অসঙ্গত হইয়াছে—অবমেধ যক্তে যেন খেমটার নাচ হইয়াছে, দেবর্ষি নারদ যেন চাবির লিকঙ্গ পরিয়াছেন! আমরা একবার যাত্রা শুনিতে পিয়াছিলাম, নকাব শ্রামা বিষয়ক গান গাইতে গাইতে 'বজ্বনি লো' বলিয়া রাগিনী টানিয়াছিল তাহা আমাদের মনে পড়িল।

প্রান্থের ভাষার আমরা প্রশংসা করিতে পারিলাম না। বাঁহারা সংস্কৃত জানেন না তাঁহাদের পক্ষে এ গ্রন্থ বুঝা স্কঠিন। বাঁহারা অর সংস্কৃত জানেন তাঁহাদিগকেও পাঠকালে বোধ হয় একখানি অভিধান কাছে করিয়া বসিতে হইবে। এরূপ ছ্রুহ, ছর্ব্বোধ্য ক্লেশোচ্চার্য্য শব্দ সন্নিবেশ করিলে গ্রন্থের সাধারণ্যে আদর হয় না। তরুণেরা কিছু শব্দাভূম্বর প্রিয় হইয়া থাকেন, কিন্তু এ গ্রন্থে বড় বেজায় বাড়াবাড়ি করা হইয়াছে, এবং তন্ধিবন্ধন রচনার উপাদেয়তা অনেকটা নষ্ট হইয়াছে—"এনীশাবলেখাহীন হিমধামাননা" না বলিয়া যদি "অকলঙ্ক শশিমুখী" বলিতেন, আমরা পরম আপ্যায়িত হইতাম।

ভাষার এই জটিলতা কিয়ৎপরিমাণে অলঙ্কারপ্রিয়তার ফলও বটে—অন্ধ্রাস এবং মালোপমার দায়ে অনেক স্থান ত্রধিগম্য হইয়া পড়িয়াছে। স্থানে স্থানে অলঙ্কারাধিক্য নিবন্ধন ভাব ক্র্তি প্রাপ্ত হইতে পায় নাই—সোণা রূপার ভারে সংকৃতিত জড়সড়, কাতর, অর্দ্ধ লুকায়িত, নির্দ্ধীবভাবে রহিয়াছে। গ্রন্থকারকে এই বলিতে চাই যে, পায়ের নথ হইতে মাধার চুল পর্যান্ত সোণা রূপায় ঢাকিয়া দেওয়া অপেক্ষা একখানা জড়াও গহনা ভাল—স্থলব, স্কুকি-পরিচায়ক, ম্ল্যবান্ এবং সন্ত্রান্ত। কিন্তু এ বয়সের দোষ বয়সে সারিয়া যাইবার সন্তব।

গ্রন্থকার কল্পনাশালী ব্যক্তি বটেন। ভার্গববিজ্ঞারে অনেক স্থলে তাহার পরিচয় আছে; দৃষ্টান্ত স্বরূপ আমরা রাঘববৈবাহ লক্ষ্মীর বর্ণনার উল্লেখ করিতে পারি—ইহা নির্দ্দোষ না হইলেও স্থল্দর বটে। গ্রন্থকারের কবিশ্বও বিলক্ষ্ণ আছে; তবে কিনা, যাহা বলিয়াছি তাই—এক তরফা; দৃষ্টি কেবল বাহ্য জগতের উপর, অন্তর্জ্ঞ গতের সঙ্গে ভাল শরিচিত নহেন। যাহাই হউক, গোপাল বাব্

অমিত্রাক্ষর পছা রচনায় গোপাল বাবুর বিলক্ষণ পারদর্শিতা আছে; তবে হুই এক স্থানে যে নিতান্ত গছোর ক্ষায় হইয়া পড়িয়াছে তাহা মার্চ্ছনীয়। প্রস্থকার যে তরুণবয়স্ক এবং ভার্গববিজয় যে তাহার কবিষতকর প্রথম কল তাহা যে কেহ গ্রন্থখানি পড়িবেন তিনি বুর্ন্ধিতে পারিবেন। গ্রন্থকারের নবীনন্ধ বিবেচনা করিলে আমরা আশাতিরিক্ত কল পাইয়াছি বলিতে হইবে। তাঁহার রচনার গান্তীর্ঘা, ছৈর্ঘ্য, এবং অবিচলিত ধীরা গতির আমরা প্রশংসা করি এবং ভরসা করি গ্রন্থকার অনতিবিলম্বে ইহা অপেক্ষা উৎকৃষ্টতর গ্রন্থ সমালোচনার্ধ আমাদের হাতে অর্পণ করিয়া আমাদিগকে সুখী করিবেন।



প্রথম প্রস্তাব

চি কা শিক্ষাসভার মেম্বর প্রীযুক্ত বাবু তারিণী প্রসাদ ঘোষ বি,এ, ইংরেজিতে একখানি গ্রন্থ লিখিয়াছেন। শিক্ষাবিভাগের একজন কর্মচারী কয়েক মাস হইল প্রস্তাব করিয়াছিলেন যে, বিবাহিত ছাত্রকে বিশ্ববিভালয়ের প্রবেশিকা পরীক্ষা দিতে না দিলে বাল্যবিবাহ কতক নিবারণ হইতে পারে। এই প্রস্তাবনার মূল কয়েকজন বাঙ্গালি। তারিণী বাবু সেই সকল বাঙ্গালিদের ব্রাইবার নিমিন্ত গ্রন্থ লিখিয়াতেন। কিন্তু তাঁহারা বৃথিবেন কি না সে বিষয়ে আমাদের বড় সন্দেহ আছে। তাঁহারা মনে করেন তাঁহাদের মতামত তাঁহাদের নিজের। কিন্তু বাস্তবিক তাহা নহে। তাঁহারা অক্সের অমুগামী। বড়লোকের মত যত দিন না কেরে তত দিন তাঁহাদের মত ফিরিবার আশা করা বৃথা।

তাহাদের স্থিরবিশ্বাস যে বাল্যবিবাহ আমাদের অনিষ্ট করিতেছে। হয় ভ বাস্তবিক অনিষ্ট করিতেছে। কিন্তু তাঁহাদের এ বিশ্বাস ইংরেজ হইভে। ইংরেজদের মধ্যে বাল্যবিবাহ চলিত নাই, বাঙ্গালিরা মনে করেন যে বাল্যবিবাহ অনিষ্টকর বলিয়া ইংরেজদের মধ্যে তাহা চলিত নাই। ইংরেজরা বলেন যে বাল্য-বিবাহে সন্থান স্বল্পবি হয়, জনকজননীর দেহ কয় হয়। বাঙ্গালিরা মনে করেন তাহা আমরা স্পষ্ট দেখিতেছি। কিন্তু স্পষ্ট দেখার কথা কতক সন্দেহের বিষয়। মন্ত্রর সময় অবধি পশ্চিমরাজ্যে বাল্যবিবাহ চলিয়া আদিতেছে কিন্তু কেহ কখন ইহার কুকল স্পষ্ট দেখেন নাই। তাঁহারা বলেন ইহার কুকল বাঙ্গালায় অভি স্পাই, অধিবাসীরা দিন দিন তুর্বল ও স্বল্পবীবা হইয়া যাইতেছে। তুর্বল দিন দিন হইয়া যাইতেছে কি না তাহা আমরা জানি না কিন্তু বাঙ্গালিরা যে তুর্বল তাহার আর সন্দেহ নাই। হিন্দু মুসলমান ফিরিজী যে জাতিই পুরুষাভূক্রেমে বছকাল বাঙ্গালায় বাস করিতেছেন, তাঁহাদের মধ্যে বাল্যবিবাহ থাক আর নাই থাক, সেই জাতিই তুর্বল হইয়াছে। বাঙ্গালার গঙ্গ, বাঙ্গালার ছাগ, বাঙ্গালার বোটক नकनरे धर्वकाय । हिंदू अपिता । हिंदू अपिता । विक्रिक्त क्षेत्र कि । विक्रिक्त क्षेत्र कि विक्रिक्त कि विक्र कि विक्रिक्त कि विक्र

বাল্যবিবাহের মত সমর্থন করিবার নিমিন্ত আমরা এই সমালোচনা করিতে বিসি নাই। লিখিতে গিয়া এ বিষয়ে জ্রমরলেখকের মত স্মরণ হওয়ায় কয়েকটি কথা জ্রমর হইতে উল্লেখ করিতেছিলাম। অপুষ্ট দেহে সস্তান উৎপাদিত হইলে সস্তান ত্বলৈ হইবার ষে সম্ভাবনা ভাহা সত্য। অনেকেই জ্ঞানেন বৃক্ষাদির বাল্যবিবাহ আছে। অনেক স্থলে মধুমক্ষিকা ভাহার ঘটক। মক্ষিকারা পুরুষ-বৃক্ষ হইতে রেণুরূপী বীক্ষ অজ্ঞাতে বহন করিয়া স্ত্রী বৃক্ষের ফুলে মধু সংগ্রহ করিতে বসে; ভাহাদের পক্ষ হইতে রেণু যদি মধু সংস্পর্শ করে ভাহা হইলে বালিকারক্ষের সর্ভ হয় অর্থাৎ কড়ায়া বা গুটি বাঁধে, যে সকল মালি বাল্যবিবাহের বিরোধী ভাহারা ইহা নিবারণ করিবার নিমিন্ত বালিকার্ক্ষের মুকুল ভাঙ্গিয়া দেয়। কিন্তু বনে মালি নাই, তথায় বলপূর্বক বৃক্ষের গর্ভশ্রাব কেহ করায় না, কাজেই বালিকারক্ষের ফল ধরে। ফলগুলি কৃত্র অবস্থায় অধিকাংশই ঝরিয়া যায় কিন্তু ভাহাতে বনের কোন ক্ষতি হয় না। বৃক্ষেরও অভাব থাকে না ফলেরও অভাব হয় না। কিন্তু ভথাপি মধুমক্ষিকাবা বড় গুরুতর অপরাধী; ভাহাদের প্রবেশিকা পরীক্ষার বিষয় শীত্র বন্দোবস্ত হইবে অর্থাৎ ভাহাদের পাখা ঝাড়া না লইয়া ভাহাদের আর পুশেশ প্রবিতে দেওয়া হইবে না!

নারিকেল সম্বন্ধে বোধ হয় সকলেই দেখিয়াছেন যে বালিকারক্ষের স্থপক নারিকেলের সারভাগ অভি সামাশ্য ও অপুষ্ট। যত্নে গৃহে রাখিলেও অশ্য রক্ষের নারিকেলের স্থায় ভাহা দীর্ঘকাল থাকে না, শীত্র পচিয়া যায়। এই জ্বন্ধ অনেকে বলেন বৃক্ষের প্রথম অবস্থায় নারিকেল না হইতে দেওয়াই ভাল। ভাল ভাহার সন্দেহই নাই। স্বভাবের কুনিয়ম অনেক আছে, ভাহা সমৃদয় সংস্থার করা নিভান্ত আবশ্যক। যখন ইংরেজি অধ্যয়ন হইভেছে তখন পৃথিবীর নিয়মাবলী যে শীত্র সংশোধন করিতে পারা যাইবে এমত ভরসা অনেকে করিয়া থাকেন।

বাঁহারা এরপ ভরসা করেন তাঁহারা প্রকৃত সাহসী ও অনেক সময় দেখা যায় বাস্তবিক কার্যাপটু। সকল দেশেই এরপ কৃতকর্মা লোক আছে; ভবে কোন দেশে অধিক, কোন দেশে অল্ল। বোধ হয় ফ্রান্স ও মার্কিন দেশে সর্ব্বাপেক্ষা অধিক। সমাজ ভাঙ্গা গড়া ইহাদের প্রধান কার্য্য। কোন সমাজ প্রথাই ইহাদের মনে ধরে না। কি পরিবর্ত্তন করিবেন এই তাঁহাদের সভত চেষ্টা অনেক সময় সেই চেষ্টায় শুরুতর অনিষ্ট ঘটে। কারণ সমাজভন্ধ বৃথিতে অনেক বিশ্বম্ব আছে।

হঙ্গেরী দেশের এই দলের লোকেরা একসময় বিবেচনা করিলেন লোকের যে দৈশ্যদশা দেখা যায় তাহা কেবল বিবাহের দোষে। যাহাদের বিশেষ ধন সম্পত্তি নাই, তাহারা বিবাহ করিলে সন্তানসন্ততি কই পায়, সন্তান প্রতিপালন কবিবার নিমিত্ত তাহাবা চুরি পর্যান্ত কবে। অতএব দীনত,খীর বিবাহ বন্ধ করা নিতাত আবশ্যক। এই সম্বন্ধে মহা চীৎকার আরম্ভ হইল, আমাদের দেশে কয়েকজন বাঙ্গালি বাল্য বিবাহ লইয়া যেরূপ চীৎকার আরম্ভ করিয়াছেন হঙ্গেরীর যুবারা সেইরূপ কোলাহল কবিতে লাগিলেন। শেষ, আইন হইল যে লোকে ধনবান না হইলে বিবাহে অধিকারী হইবে না। যুবাদের আর. আহলাদেব সীমা রহিল না। তাহারা মনে কবিতে লাগিলেন যে এই আইনের দ্বারা তাহাদের রাজ্যের সকলেই ধনবান হইবে। বাভেরিয়া রাজ্য এইবার সর্বপ্রধান হইবে। এবং তাহাদের কাঁতি জ্বপংব্যাপ্ত থাকিবে।

কিন্তু গুরদৃষ্টবশৃত: এ সকল কিছুই হইল না অল্প দিনের মধে অতি বিপরীত ফল ফলিল। বাজাজ্ঞায় নির্দ্ধনের আর বিবাহ হইল না সতা, কিন্তু তথাপি তাহাদের সন্থান হইতে লাগিল। সে সকল অবিবাহিত অবস্থার সন্থান। এক মিউনিচ নগরে যত সন্থান জন্মিল তাহার অর্থ্যেক জারজ।

এইরপ ঘটনা অনেক আছে। সংস্কার করিতে গিয়া অদূরদর্শী লোকেরা সমাজেব এইরপ অনেক অনিষ্ট ঘটাইয়া থাকেন। তাহা বলিয়া তাহাদের নিন্দা করি না। কেহই এ জগতে অভ্রান্ত নহেন, বরং তাহারা আপনাদিগকে অভ্রান্ত বিবেচনা করিয়া কার্য্য করেন এই তাহাদের এক বিশেষ গুণ। আপনাকে ভ্রান্ত মনে কবিয়া কার্য্য করিতে গেলে একাগ্রতা জন্মে না।

এই শ্রেণার লোক, তালই ইউন মন্দই ইউন, বাঙ্গালায় বড় নাই। এখানে আর এক শ্রেণার লোক আছেন, ইংরেজেরা তাহাদের সচরাচর ইয়াং বেঙ্গাল বলিয়া থাকেন। তাহারাই মনে করেন যে যখন ইংরেজি অধ্যয়ন আরম্ভ ইইয়াছে তখন স্বতাবেব যত কুনিয়ম দেখা যায় সে সমৃদ্য়ের উচ্ছেদ ইইবে। তাহারাই মনে করেন প্রবিশিকা পরীক্ষা প্রজাপতির ঘার্যারপ; তথায় পাহারা বসাইতে পারিলে বাল্যবিবাহ সাগরপারে পলাইবে। আসল কথা, তাহারা নিজে বিবেচনা করিয়া কোন করিয়া কোন করিছে পারেন না। যাহা কিছু তাহারা করেন সকলই অক্টের অফুকরণ মাত্র, অফুকরণ নন্দ নহে, তন্ধারা উন্নতিসাধন হয় কিন্তু তাহাদের চিন্থালীলতা এতই অল্প যে কোন্ বিষয় অফুকরণীয় আর কোন্টি বর্জনীয় ভাহা তাহারা প্রায় একেবারে ব্রিতে পারেন না, এই জন্ম সচরাচর তাহারা সাহেবদিগের নিকট দ্বণিত।

বাল্যবিবাহ সম্বন্ধে এই দলের প্রধান আপন্তি যে তদ্বারা মনুষ্য অল্পার্ হয়, দেহ রুগ্ন হয়। কিন্তু মন্তপানেও ত তাহা হয়, অথচ তাঁহারা কেহ বলেন না যে, যে ছাত্র মন্তপান করিরাছে তাহাকে প্রবেশিকা পরীক্ষা দিতে দেওয়া হইবে না। ইংরেজদের মধ্যে মন্তপান আছে এইজন্ত ইয়ং বাঙ্গালিরা মন্তপান নিষেধ করেন না, বয়ং আপনারা তাহা পান করিয়া আরও উৎসাহ বর্দ্ধন করেন। ইংরেজদের মধ্যে বাঙ্গাবিবাহ নাই, কাজেই ইয়ং বাঙ্গালির নিকট বাল্যবিবাহ দোষের হইয়াছে। তাহাই বলিতেছিলাম যে ইয়ং বেঙ্গাল কেবল অনুকরণপ্রিয়, চিন্তাশীলতা তাঁহাদের কিছুমাত্র নাই।

আমাদের দেশে ইয়ং বাঙ্গালির সংখ্যা অল্প, এত অল্প যে তাঁহাদের কোন কার্য্য বঙ্গসমাজের অন্তর স্পর্শ করে না। তাহারা বঙ্গসমাজের কেহই নহে বলিলে চলে। ক্ষুদ্র কুল্র তরঙ্গমালা সাগর সম্বন্ধে যেকপ, ইহাবা বঙ্গসমাজ সম্বন্ধে সেইরূপ। তরঙ্গ কেবল সাগরের উপরে ভাসে উপরে লম্প কম্প করে, কেণা প্রক্ষেপ করে, কুল্র কীটেরা সেই কেণায় আশ্রায় লয়। তরঙ্গের কতই আফালন, কতই গর্জন, কতই গলাবাজি কিন্তু সাহস করিয়া নিকটে যাও পদে আছডাইয়া পড়িবে। স্পর্শ কর দেখিবে অতি মস্থা কোমল জল মাত্র।

ইংরেজেবা ইহাদিগকে ইয়াং বেঙ্গাল অর্থাৎ নৃতন বাঙ্গালি বলেন কিন্তু বাস্ত-বিক ইহারা নৃতন নহেন। সম্প্রতি ইংবেজ আসিয়াছেন বলিয়া ইংরেজি শিক্ষায় যে এই দল ক্ষায়াছে এমত নহে এই দল বাঙ্গালায় চিরকাল আছে। মুসলমানের সময় সাত শত বৎসব পর্যায়্ত ইহাদিগকে অবিকল এইরপ ক্রীড়া করিতে দেখা গিয়াছে। ইহারাই তখন সর্ব্বাঞে "মের্জ্জাই" পরিয়া মের্জ্জা সাজিয়াছিলেন, চূল বাউরি করিয়াছিলেন, হাতে মেন্দি মাখিয়াছিলেন "কুর্নিস" অভ্যাস করিয়াছিলেন। ইহারাই শকাব্দ ছাড়েয়া মহাম্মদাব্দ গ্রহণ করিয়াছিলেন। ইহারাই অপ্রে দীল্লীঝরো বা জগদীঝরো বা বলিয়াছিলেন। ইহারাই "জানানা" মহলে অগ্রে চাবি দিয়াছিলেন। এক্ষণে ইংরেজ আমলে ইহারাই অগ্রে মের্জ্জাই ছাড়িয়া সর্ট পরিয়াছেন, চূল ছাঁটিয়াছেন, "জানানা মহলে" চাবি খুলিতেছেন, শক সন ত্যাগ করিয়া "এই উনবিংশ শতাব্দী" বলিতে আরম্ভ করিয়াছেন, কুর্নিস ত্যাগ করিয়া মাধা নাড়িতেছেন, রাজা প্রজা সমান বলিতেছেন।

যাঁহাদের বঙ্গসমান্তের তরঙ্গস্বরূপ বলিয়া পরিচয় দিলাম আমরা তাঁহাদের সম্পূর্ণ নিন্দা করি না। তাঁহাদের ধারা অনেক সময় অন্যের কার্য্য সিদ্ধ হইয়াছে। চৈতক্ত তাঁহাদেরই ধারা বৈষ্ণবধর্ম প্রচার করিয়াছিলেন। এই দলের লোক বাঙ্গালায় না থাকিলে তিনি কতদূর কৃতকার্য্য হইতে পারিতেন তাহা বলা যায় না। কেবল অমুকরণপ্রিয়তা গুণের নিমিস্ত যে এই ব্যক্তিরা অক্তের হস্তগত হইয়া পড়েন

এমত নহে তাঁছারা নৃতন ভালবাদেন, যাহা কিছু নৃতন দেখেন বা শুনেন তাছাই ভাল বলিয়া গ্রহণ করেন। এইজ্জু ইহারাই প্রথম বৈষ্ণব হন। ইহারাই আবার প্রথম খৃষ্টান হইতে আরম্ভ করেন। এতদিন সকলেই খ্রীষ্টান হইয়া পড়িতেন কেবল সময়মত ব্রাহ্মধর্ম উপস্থিত হওয়ায় ইহারা সে পথ হইতে বিরত হইয়াছেন।

আপাততঃ কিছু নৃতন নাই। ইংরেজি খানা, ইংরেজি পোষাক পুরাতন হইয়া পড়িয়াছে। শিল্প সাহিত্য সম্বন্ধে যাহা হউক, নতুবা ইংরেজদের সকল বিষয়েই একপ্রকার অনুকরণ হইয়া গিয়াছে। এক্ষণে আর দিন কাটে না। ভাহাই আর ইয়াং বাঙ্গালিদের সম্বন্ধে কোন নৃতন ব্যাপার শুনিতে পাওয়া যায় না। ভবে কেহ কেহ অর্দ্ধনিজিত অবস্থায় মধ্যে মধ্যে বাল্যবিবাহ! বিধবাবিবাহ! বলিয়া ছই এক শব্দ করিতেছেন মাত্র।

বাল্যবিবাহ বদি বাস্তবিক মন্দ হয়, আসুন, সকলেই তাহা ত্যাগ করি।
কিন্তু প্রথমে বঙ্গসমান্ধকে প্রতীত করান যে বাল্যবিবাহ মন্দ, বাল্যবিবাহের
কোন গুণ নাই সকলই দোষ। তাহা না করিয়া যদি কেবল ইংরেজদের দিকে
অঙ্গলি নির্দেশ করিয়া দাঁড়াইয়া থাকেন তাহা হইলে কিছুই হইবে না। তাহা
হইলে বঙ্গসমান্ধ এই দলকে যেরূপ অঞ্জন্ধা করিয়া থাকে সেইরূপ করিতে
থাকিবে। কোন ফল হইবে না। গ্যারেট সাহেবের মত লোক ভিন্ন আর
তাঁহাদের উপায় থাকিবে না।



করিয়া থাকেন, কিন্তু তাঁহারা উড়িয়া নাম শুনিবামাত্র দ্বণা প্রকাশ করিয়া থাকেন, কিন্তু তাঁহারা উড়িয়াদিগের এবং উৎকল দেশের আভ্যন্তরীণ অবস্থা অবগত হইতে পারিলে তাঁহাদের কুসংস্কার অপনোদিত হইবার সম্ভাবনা। আমি উৎকল প্রদেশে অনেকদিন বসবাস করত উৎকল প্রদেশের পুরাকালিক এবং বর্ত্তমান সাম্যকি আভ্যন্তরীণ অবস্থা যাহা অবগত হইয়াছি, তাহার সংক্ষিপ্ত বিবরণ প্রকাশ করিতেছি।

উৎকলদেশের ইতিহাসলেখকেরা উৎকলবাসীদিগের জাতিনির্বাচন সম্বন্ধে আনেক স্থলে শ্রমে পতিত হইয়াছেন, তজ্জ্যু প্রথমে উৎকলের পুরাকালিক বিষয় কিঞ্চিৎ সমালোচনা করা আবশ্যক। হণ্টার সাহেব বলেন "বর্ণভেদ হইবার পূর্বে আর্যাক্টাতি উৎকল এবং বঙ্গদেশে বাস করিয়াছিলেন, তজ্জ্যুই মন্ত্রুর নির্দিষ্ট চতুর্ব্বর্ণ এ হুই দেশে নাই।" হণ্টার বিশেষরূপে অন্তুসন্ধান করিতে পারেন নাই বলিয়া জাতিনির্বাচন সম্বন্ধে তাঁহার ঈদৃশ শুম হইয়াছে। মন্তু লিখিত চতুর্ব্বর্ণ ই বন্ধ প্রাচীনকাল ইইতেই উৎকলে বসবাস করিতেছেন তৎপক্ষে প্রমাণের অপ্রত্রুল নাই; কিন্তু মন্ত্রুর পূর্বে আর্যাক্টাতি যে উৎকলে আসিয়াছেন তাহার কোন প্রমাণ নাই। আর্যাক্টাতিগণ যৎকালে আর্যাবর্ত্ত, ব্রন্ধাবর্ত্ত প্রদেশে অবস্থিতি করেন তৎকালে উৎকলপ্রদেশে "কন্দ" প্রভৃতি অসভ্যক্তাতিদিগের পূর্ব্বপুরুষণণ বসবাস করিবারই সম্ভাবনা। যে সকল আর্যাসম্ভানগণ শুকুতর অপরাধ করিতেন, তাহাদিগকে নির্বাসিত করিবার বিধি মন্থতে প্রত্যক্ষ করা যায়। কদর্য্য স্থানই নির্বাসনভূমি নির্দিষ্ট হওয়াই চিরপ্রচালিত রাজনীতি; গ্

ন ভাতৃ ব্রাহ্মণং হস্তাৎ সর্ব্ধ পাপের্শিস্থিতং।
 রাট্রাদেনং বহিঃ কুর্ব্যাৎ সমগ্রধন মক্ষতং ।
 মন্থ ৮আ, ৩৮০ প্লো।
 বিকর্মখান্ শৌতিকাং শু কিশ্রং নির্ব্বাস্থেৎ পুরাৎ।
 মন্থ ৮আ, ২২৫ প্লো।

বোধ হয় এই জ্বস্থাই তৎকালে উৎকল প্রদেশই নির্ব্বাসন ভূমি অবধারিত ছিল। সকল প্রবাদবাক্যের মধ্যে আংশিক সতা থাকা যগুপি স্বীকার করা যায়, তাহা হইলে প্রাচীনকালে উৎকল প্রদেশ কেন "যমালয়" উপাধি প্রাপ্ত হইয়াছিল তাহা কতক বৃঝা যায়; উৎকল প্রদেশ যমালয় নামে প্রসিদ্ধ ছিল। "বৈতরণী নদীই" তাহার প্রমাণ স্বরূপ। "বৈতরণী" প্রেত উদ্ধারের স্থান। গা

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শৃদ্র, এই চতুর্ব্বর্ণের নিয়ম সকল মন্থু, বিধিবন্ধ করত পশ্চাৎ যে পতিত ক্ষত্রিয়েব উল্লেখ করিয়াছেন, ! একণে দেখা যায়, এ সকল পতিত ক্ষত্রিয় বংশেব মধ্যে তিন শ্রেণীব বংশ বছকাল হইতে উৎকল প্রদেশে বসবাস করিতেছেন। "পাণ" এবং "অড" উপাধিবিশিষ্ট যে ছটি নীচ জাতি আছে তাহাদের মধ্যে "পাণ" জাতিটি মনুর লিখিত "পৌণ্ডুক" বংশীয়, এবং "ওচ্" হইতে "অড়" অথবা "ওড়" শব্দ নিষ্পন্ন হইয়া থাকিবার সম্পূর্ণ রাহ্মণগণ্ড শুকুত্ব অপরাধ কবিলে রাজা হইতে বহিন্ধত कत्रिवात विधि दर्शियात्व, : ताथ वय सिर्व मकन अभवाधी नाक्षणगण, आर्या।वर्ख, ব্ৰহ্মাবৰ্ত প্ৰভৃতি স্থান হইতে বিভাডিত হইলে উংকল প্ৰদেশেই উপস্থিত হইয়া উপনিবাস সংস্থাপন করিতেন। উৎকল প্রদেশে 'দাস" উপাধিকারী এক সম্প্রদায় ব্রাহ্মণ আছেন; ব্রাহ্মণবংশে "দাস" উপাধি থাকা ভারতবর্ষের কোন স্থানেই শুনা যায় না, কেবল উডিয়া প্রদেশেই ব্রাহ্মণজাতি মধ্যে "দাস" উপাধি শুনা যায়। 'দাস' উপাধিটী নিতাম্ব বৃণাম্বচক। ব্ৰাহ্মণবংশে 'দাস' উপাধি প্ৰচলিত থাকায় স্পষ্টই অমুভব হয় যে বহু প্রাচীনকাল হইতে যে সকল পত্তিত ব্রাহ্মণগণ আর্য্যাবর্ত অথবা ব্রহ্মাবর্ত চইতে বিভাড়িত চইয়া উৎকল প্রদেশে বসবাস করিতেন আর্যাাবর্ত্তবাসী অথবা ব্রহ্মাবর্ত্তবাসী ব্রাহ্মণগণ ঐ সকল ব্রাহ্মণবংশীয়কে পতিত মনে করিয়া "দাস" উপাধি প্রদান করত রুণা প্রকাশ করিতেন: অথবা এমনও চইতে পারে যে যৎকালে আর্য্যগণ উৎকলপ্রদেশে উপস্থিত হইয়া উড়িগ্রার নানা স্থানে

[†] এই জন্মই কি এ দেশীরদিগের চিরবিশাস যে দক্ষিণ দিকে ব্যালয় ? প্রীপ্রায়
অঞ্জের অনেকে দেখা বার দক্ষিণ দিকে যাও বলিলে ব্যালয় যাও বলা হইল বিবেচনা করেন
ভাহার কি এই কারণ ?

[‡] খলো মল শু রাজস্তাৎ ব্রাত্যাদ্রিছিবি বেবচ। নটশু করণশৈুৰ খলো প্রবিদ্ধ এবচ।

মহ ১০ অ, ২২ লোক।
পোঙুকা শ্চোডু জবিড়াং, কাৰোজা ববনাং, শকাং,
পারদা প্লবাশ্চীনাং, কিয়াতা দ্রদাং, ধশাং ।

মহ. •১ অ ৪৪ লো।

উপনিবাস সংস্থাপন করেন, তৎকালে যে সকল ব্রাহ্মণবংশীয়গণ আচারভ্রষ্ট, পতিত ছইয়া বছ প্রাচীনকাল হইতে উড়িষ্যাপ্রদেশে নির্ব্বাসিত ছিলেন তাঁহাদিগকে "দাস" বলিয়া ঘূণা করিতেন, তজ্জগ্যই উড়িষ্যায় একটি শ্রেণীর প্রাহ্মণবংশে "দাস" উপাধি এক্ষণপর্য্যস্ত গোচর রহিয়াছে।*

উৎকলদেশে এক্ষণে অস্থান্য যে সকল ব্রাহ্মণ বসবাস করিতেছেন।
তাঁহাদিগের উপাধি প্রবণ করিলে তাঁহারা যে অতি অল্পকাল উড়িয়াতে উপস্থিত হইয়া বসবাস করিতেতেন, তাহা স্পট্ট অমুভব হয়। উড়িয়াতে "দোবাই" উপাধিধারী ব্রাহ্মণ আছে। সংস্কৃত "দিবেদী" হইতে হিন্দি "দোবে" উৎপন্ন, "দোবে" হইতে উড়িয়া "দোবাই" হইয়াছে। উড়িয়া ব্রাহ্মণ বংশে "তেহাড়ি" উপাধি আছে। সংস্কৃত "ব্রিবেদী" হইতে হিন্দি "তেয়ারি উৎপন্ন, উক্ত তেয়ারির অপভ্রংশ উড়িয়া "তেহাড়ি" উপাধি হইয়াছে। সংস্কৃত পণ্ডিত হইতে হিন্দি "পাড়ে" এবং হিন্দি পাড়ে হইতে উড়িয়া "পাড়া" উপাধি সমূৎপন্ন হইবারই সম্ভাবনা। উড়িয়ায "মিশর" উপাধি আছে। সংস্কৃত "মিশ্র" উপাধি উৎপন্ন স্প্রাবনা। উড়িয়ায "মিশর" উপাধি আছে। সংস্কৃত "মিশ্র" উপাধি উৎপন্ন স্পাইই জানা ঘায়। এই সকল ব্রাহ্মণবংশীয়গণ উৎকলে অল্পকাল উপস্থিত হওয়া অনুভব অসক্ষত বোধ হয় না।

"মাহান্তি" অথবা "মাইতি" উপাধিবিশিষ্ট একটি জাতি উৎকলদেশে আছেন, গাঁহারা এক্ষণে আপনাদিগকে "করণ" বলিয়া পরিচয় প্রদান করেন। মমুর উল্লিখিত "করণ" শব্দ হইতে 'মাহান্তি" অথবা "মাইতি" শব্দ কিরপে উৎপন্ন হইয়াছে, ভাহার কোন প্রমাণ প্রাপ্ত হওয়া যায় না। তাঁহাদের মধ্যে কেহ কেহ বলেন, উৎকলের রাজাদিগের নিকটে তাঁহারা 'মাহাতি' উপাধি প্রাপ্ত হইয়াছিলেন; কিন্তু রাজ উপাধি বংশগত অথবা ব্যক্তিগতই প্রচলিত, জাতিগত কোন রাজাই ত প্রত্যক্ষ হয় না। অমরকোষে 'অমুষ্ঠ করণাদ্য" ইত্যাদি লিখিত আছে, তদ্ধারা করণজাতি শম্বর জাতিমধ্যে পরিগণিত; কিন্তু উড়িষ্যার মাহিতি জাতির অশৌচ পালনের রীতি যাহা প্রচলিত আছে (অর্থাৎ ১০ দিবস অশৌচ গ্রহণ করা) তাহা মাহিতিদের মধ্যেও প্রচলিত, কিন্তু বৈদ্য প্রভৃতির ১৫ দিবস অশৌচ গ্রহণের ব্যবস্থা প্রচলিত; বৈশ্বদিগের স্বগোত্রে বিবাহ হয় না, কিন্তু মাহিতিদের মধ্যে স্বগোত্রে বিবাহ প্রচলিত আছে, তমন উড়িষ্যার মাহিতি জাতিটী

একণে দেখা যায় যে যে সকল বাকালিরা ইদানীং তিন চারি পুরুষ অবাধে উড়িস্তায়
বাস করিতেছেন তাঁহারা "কেরা" বাকালি বলিয়া উড়িস্তায় পরিচিত। "কেরা বাকালি"
বড় সম্মানের উপাধি নহে। এই সকল ব্যক্তি বাকালায় আসিলে সমাজে বড় একটা সূকীত
হন না। পশ্চিম অঞ্লে বাহারা বহু পুরুষ অবধি বাস করিতেছেন তাঁহারা সূকীত হুইয়া
থাকেন। উড়িস্তার পক্ষে এ পৃথক্ নিয়ম কেন ?
সম্পাহক।

মমুলিখিত করণ অথবা অমরসিংহের উল্লিখিত শঙ্করবর্ণ করণ, তাহা স্বীকার করিছে পারা যায় না। এই মাহিতিজ্ঞাতি মেদিনীপুর অঞ্চলে বছকাল হইতে বসবাস করিয়া দক্ষিণ রাঢ়ীয় কৈবর্ণ্ডের মধ্যে পরিগণিত হইয়াছেন, তৎপক্ষে একটি প্রস্তাব আমা কর্ত্বক লিখিত হইয়াছিল।

উৎকলদেশে "খণ্ডাইড" নামধারী একটা জাতি আছে। তাহাদের বিবাহের সময়ে উপবীত হইবার রীতি প্রচলিত আছে। এই "খণ্ডাইড" শব্দ, "ক্ষত্রিয়" অথবা "খণ্ডধারী" ইত্যাদি পদের অপস্রংশ বলা যাইতে পারে। এই জাতি বহু প্রাচীনকাল হইতে উৎকলদেশে অবস্থিতি করিতেছেন। এই জাতি উপবীতধারী হইয়াও শ্বজাতি মধ্যে পরিগণিত, ইহারা মাহিতি জাতিতে কক্ষা সম্প্রদান করিয়া থাকেন, এতদ্বারা স্পষ্টই প্রমাণিত হয় যে, এ জাতিও পতিত এবং আচারম্রষ্ট ক্ষত্রিয়জাতি হইতে উৎপন্ধ হইয়াছে।

উৎকলদেশে ব্রাহ্মণ, মাহিতি, খণ্ডাইত এই তিনটিই শ্রেষ্ঠজাতি, এবং পাণ, ওড় প্রভৃতি নীচজাতি বহু প্রাচীনকাল হইতেই এই দেশে বসবাস করিতেছে; এই সকল জাতি মমুর উল্লিখিত বর্ণভেদ হইবার পরে যে উৎকলে উপস্থিত হইয়াছেন, তাহাতে স্পষ্টই প্রমাণিত হইতেছে, তবে হণ্টার সাহেব কি উপলক্ষ করিয়া বিপরীত মত প্রকাশ করিয়াছেন তাহা বলা যায় না, মমুর পূর্কে আর্যাগণ উৎকলে বসবাস করিয়াছিলেন তাহার কোন যুক্তি বা প্রমাণ প্রাপ্ত হওয়া যায় না।

"উৎকল" শব্দ "ভারবহ" হঠতে উৎপন্ন হটয়া থাকিতে পারে, কিন্তু "কল" শব্দে মধ্রধ্বনি বুঝায় মনে করিয়া উৎকল দেশের নাম প্রতিপন্ন করা কেবল এগুবান্ ঘীপবাসী ভিন্ন কোন সভ্য জাতির বলিয়া বোধ হয় না। যাহা হউক বোধ হয় "ওট্র" অথবা "উদ্র" জাতির বাসস্থল বলিয়া উড়িব্যা নাম. এবং "ওট্র" অথবা "উদ্র" শব্দ হইতে "ওড়িয়া" কিন্বা "উড়িয়া" নাম প্রচারিত হইরা থাকিবে।

বছ শতান্দী পরে যখন আর্য্যগণ উৎকল প্রদেশে উপনিবাস সংস্থাপন করেন, তৎকালে উৎকল দেশের প্রাকৃতিক সৌন্দর্য্য প্রত্যক্ষ করত বিমোহিত হইয়া আর্য্য ঋষিগণ উৎকল প্রদেশকে পুণাভূমি বলিয়া প্রচারিত করেন; এবং উৎকল প্রদেশে পুণ্য প্রবাহিণী নদী ও তপস্থার অমুকৃল ফল পুন্পাদি পরিপূর্ণ বলিয়া উৎকল ভূমির অনেক গৌরব প্রচার করেন; বোধ হয় উৎকল প্রদেশে উপনিবাসীর সংখ্যা বৃদ্ধি করাইবার জন্মই আর্য্য ঋষিগণ উৎকল প্রদেশের ঈদৃশ অত্যুক্তিপূর্ণ বর্ণনা সকল করিয়াছিলেন। যাহা হউক পৌরাণিক কালের মধ্যাবন্ধার উৎকল প্রদেশে আর্য্যগণ উপনিবাস সংস্থাপন করিতে আরম্ভ করেন, এই ক্লপ

অমুমান করা নিতান্ত অসকত বোধ হয় না। ঐ সময়েই উৎকল প্রদেশ পঞ্চ কলিক্ষের অন্তর্গত "কলিক্ষ" নামে বিখ্যাত হইবার সম্পূর্ণ সন্তাবনা; ঐ সময় হইতেই উৎকল প্রদেশে রাজশাসন, সামাজিক শাসন, ধর্মাশাসন প্রতিষ্ঠিত হইবার স্ত্রপাত হইয়াছিল বলিয়া বোধ হয়। উৎকল প্রদেশে পৌরাণিক কালের মধ্যে কোনরূপ সংস্কৃত কাব্যাদি প্রকৃতিত হইবার নিদর্শন প্রাপ্ত হওয়া যায় না, বৌদ্ধদিগের সময়েই উড়িয্যায় সোভাগ্যলক্ষ্মী উদিত হন, এবং বৌদ্ধদিগের সময় হইতেই উড়িয়ার প্রকৃত প্রীবৃদ্ধি হইতে আরম্ভ হয়; বৌদ্ধদিগের অভ্যুদয়ের পূর্বে সময়ে উৎকলের আভ্যন্তরীণ ব্যাপার অনুসন্ধান করিতে গিয়া কেবল মাত্র উপস্থাস ভিন্ন আর কিছু পাওয়া যায় না; অতএব যে অংশ গালগল্পের উপরে নির্ভর করে, সে অংশটী পরিত্যাগ পূর্ব্বক বৌদ্ধদিগের সময় হইতে উৎকলের আভ্যন্তরীণ বিষয়ের আলোচনা করা যাইতেছে।

মহর্ষি শাক্যসিংহের শিষাগণ উৎকল প্রদেশে যুখন উপস্থিত হন, তখন উৎকলের আদিমবাসী অর্থাৎ যাহারা আর্য্যাবর্ধ ব্রহ্মাবর্ধ প্রভৃতি স্থান হইতে বিতাড়িত হইয়া বংশপরস্পরায় উৎকল প্রদেশে বাস করিতেছিলেন এবং উপনিবাসী আর্যাসম্ভানগণ কর্ত্তক ঘুণিত নিষ্পীডিত সমাজচ্যুত অপমানিত হইয়া আসিতেছিলেন, তাঁহারা সময় পাইয়া বৌদ্ধধর্ম প্রচারকদিগের আঞায় গ্রহণ করেন। নিষ্পীড়িত লোক একট্মাত্র অবলম্বনের উপায় প্রাপ্ত হইলেই শত**গু**ণ উৎসাহের সহিত কার্যাসাধনে প্রবৃত্ত হওয়া তাঁহাদের স্বভাবসিদ্ধ; তাহাতে আবার বৌদ্ধর্মপ্রচারকগণ অত্যস্ত বিনীতস্বভাব ছিলেন, কি কুব্র কি নীচ কি ধনী মানী কি রাজা প্রজা সকলকে সমভাবে আলিঙ্গন করা, সকলের অন্ধ গ্রাহণ করা, সকল নর নারীকে মৃক্তির পথে আকর্ষণ করা তাঁহাদের জীবনের লক্ষ্য ছিল, অর্থচ আর্য্যদিগের ব্রহ্মচর্য্যের রীত্যমুসারে যোগাদি সাধন করাও তাঁহাদের প্রধান কার্য্য ছিল ; এই সকল অকপট ধর্মভাব তাঁহাদের মধ্যে প্রভাক্ষ করত উৎকল-বাসী নিষ্পীডিত নরনারী সকল আগ্রহের সহিত বৌদ্ধর্ম্ম গ্রহণ করেন। উৎকলবাসী যাহারা পতিত বলিয়া চিরকাল ধর্মের স্থবলাভে চিরবঞ্চিত হইয়া পুরুষামুক্রমে হীন হটয়। আসিতেছিলেন বৌদ্ধর্ম্ম প্রচারকগণের এবং বৌদ্ধ ধর্ম্মের উদারতা দেখিয়া তাঁহারা যেমন বৌদ্ধর্ম্ম গ্রহণ করিতে লাগিলেন, সেইক্সপ জীবস্ত উৎসাহের সহিত বৌদ্ধধর্শ্মের উন্নতিসাধনে প্রাণপণে যতুবান হইয়াছিলেন। সেই সকল নিষ্ণীড়িত লোকদিগের অস্তরে নৃতন ধর্মভাব বিকসিত হইবার সঙ্গে সঙ্গে ধর্মোনাত্ততা উপস্থিত হয়, তব্দশ্য সমর উৎকল দেশে বৌদ্ধর্মের স্তীবৃদ্ধি সংসাধিত হইয়াছিল। সেই সকল উৎকলবাসী ধর্মোশ্বস্ত বৌদ্দদের যে সকল প্রাচীন কীর্ত্তি উৎকল দেশের নানাস্থানে অফ্যাপি বিশ্বমান রহিয়াছে পৃথিবীর অপর কোন স্থানে একত্রে এতাধিক প্রাচীন কীর্ত্তি বিশ্বমান থাকার পরিচয় বড় প্রাপ্ত হওয়া যায় না। প্রাচীন উড়িয়াগণ কিরূপ উৎসাহী এবং ক্ষমতাশালী লোক ছিলেন তাঁহাদের প্রাচীন কীর্ত্তিস্তম্ভগুলিই তাহার বিশেষ পরিচয় প্রদান করিতেছে।

ক্ৰমশঃ

अमिननाथ वत्मााशायाय ।



বার্ত্ত পাঠ করিলে জনসমাজের ছই প্রকার অবস্থা দেখিতে পাওয়া যায়।
প্রথম, অবাতকম্পিততড়াগের স্থায় নিশ্চল। দ্বিতীয় আন্দোলনপূর্ণ ও
পরিবর্ত্তনশীল। এই উভয় প্রকার অবস্থার মধ্য দিয়া মানবজ্ঞাতির সামাজিক
শীবন চলিয়া যায়। যখন লোকে নি:সন্দিশ্ধচিত্তে প্রদ্ধার সহিত চিরাগত ধর্ম ও
আচার ব্যবহারের অমুবর্ত্তী হইয়া চলে, তখনই জনসমাজের নিশ্চল অবস্থা।
আর যখন প্রচলিত আচার ও সংস্কারাদির প্রতি শ্রদ্ধার লাঘব হয়, যখন
নৃতনবিধ আচার ও বিশ্বাসের দিকে লোকের চিত্ত আকৃষ্ট হইতে থাকে;
প্রাতন পত্র খলিত হইয়া নৃতন পত্র উদ্ভিন্ন হইতে থাকে; তখনই জনসমাজের
পরিবর্ত্তনের অবস্থা।

প্রায় ছই সহত্র বংসর পূর্বে যখন সেণ্টপল রোমনগরে খ্রীষ্টান ধর্ম-প্রচারার্থ গমন করেন, তখন তথাকার এই অবস্থা। প্রচলিত পৌতলিকতার প্রতি সাধারণ লোকের বিশ্বাস ক্ষীণ হইয়া আসিতেছিল। সুনিক্ষিত ব্যক্তিগণ চিরপূজ্য দেবদেবীগণের প্রতি বীতপ্রদ্ধ হইয়াছিলেন। একজন প্রসিদ্ধ লেখক বলেন যে, তৎকালীন রোমনগরে পুরোহিতদিগের মন হইতেও বিশ্বাস অন্তর্হিত হইতেছিল; এমন কি, তাঁহারা কোন কুসংস্কারমূলক ধর্মাম্বর্চানে প্রবৃত্ত হইয়া অনেক সময় পরস্পরের মুখের প্রতি দৃষ্টিপাত করিতেন না; পাছে হাস্তসম্বরণে অক্ষম হইয়া মনের ভাব ব্যক্ত করিয়া কেলেন! এই পরিবর্ত্তনত্রোত ক্রমশ: বহমান হইয়া, সেণ্টপলের ধর্মপ্রতারের পর কয়েক শতাজীর মধ্যেই রোমরাজ্যে ধর্ম ও সামাজিক বিষয়ে প্রায় সম্পূর্ণ পরিবর্ত্তন উপস্থিত করিল। ভারতবর্ষে বৌদ্ধর্ম্ম প্রচার সময়েও এই প্রকার ঘটিয়াছিল। অধিক দৃষ্টান্তের প্রয়োজন নাই। ইতিহাস পাঠকমাত্রেই জানেন বে, সকল দেশেই সময়ে সময়ে উক্তর্মণ পরিবর্ত্তনের অবস্থা উপস্থিত হয়।

এক্ষণে আমাদের দেশের ঐ প্রকার অবস্থা; অতিশয় শুরুতর সামাজিক পরিবর্ত্তনের সময় আসিয়াছে। মুখ উন্মুক্ত করিয়া দিলে বছকালের বন্ধ নদী বেমন স্রোভস্বতী হয়, সেইরূপ পাশ্চাত্য সভ্যতার সংস্পর্শে এই প্রাচীন স্থির-ভাবাপর রক্ষণশীল হিন্দুসমাজ বিচলিত হইয়াছে। লোকের চিন্তার গতি ভিন্ন দিকে চলিয়াছে; স্বভরাং কি সামাজিক, কি ধর্মবিষয়ক, সকল বিষয়েই পরিবর্ত্তন সংঘটিত হইতেছে।

এই গুরুতর সময়ে চিন্তাশীল শিক্ষিত সম্প্রদায়ের কর্ত্তব্য কি ? "যাহা হয় হউক, দেশের কি হইবে না হইবে ভাবিয়া আমাদের মাথা ধরাইবার প্রয়োজন নাই" এ কথায় আমরা সায় দিতে পারি না। পরিবর্ত্তন মাত্রেই যদি ইতকর হইত, তাহা হইলে ত কোন কথাই ছিল না। কিন্তু পরিবর্ত্তনে ভাল হয়, মন্দও হয়। পরিবর্ত্তনেই রোমসাদ্রাজ্যের পতন, পরিবর্ত্তনেই ভারতবর্ষে বৌদ্ধ ধর্মের বিলোপ, পরিবর্ত্তনেই এখন মিতাচারী হিন্দুজাতির মধ্যে সুরাপানের স্রোড দিন দিন প্রবল্পতর হইয়া উঠিতেছে। পরিবর্ত্তনমাত্রেই যে ভাল হয় এক্সপ নহে।

যে পরিবর্ত্তন এখন সংঘটিত হইতেছে কাহারও সাধা নাই যে, ভাহার গতিরোধ করে; এবং গতিরোধ করা প্রার্থনীয়ও নহে। কে না স্বীকার করিবে যে, সামাজিক কদাচার সকল বিদূরিত হইয়া তাহার স্থানে সদাচার সকল প্রতিষ্ঠিত হওয়া আবশুক। পরিবর্ত্তন হইবেই, তবে যাহাতে সেই পরিবর্ত্তন মঙ্গলের দিকে যায়, প্রভ্যেক স্থানিক্ষিত চিন্তালীল ব্যক্তির এ প্রকার যত্ন করা কর্ত্বব্য।

মঙ্গলের দিকে লইয়া যাইবার উপায় কি ? যাহা সভ্য বলিয়া, ভাল বলিয়া বুঝিয়াছি, যাহাতে ভাহা অস্ত লোকেও বুঝিতে পারে, এমন চেষ্টা করা। পুস্তক ও পত্রিকা প্রকাশ, প্রকাশ্য বক্তৃতা, পরস্পর কথাবার্ত্তা ও ভর্ক বিভর্ক প্রভৃতি উপায় দ্বারা সাধারণতঃ সভ্য প্রচার হইয়া থাকে।

কিন্ত ঐ সকল করিলেই কি যথেষ্ট হইল ? কখনই না। আমি লোককে যে সত্য শিখাইতে যাইব আমাকে তাহা কার্য্যে পরিণত করিতে হইবে। মুখে বলিব, কাজে করিব না, লোকে তাহা শুনিবে কেন ? বাঁহারা মানব-প্রাকৃতি ভাল করিয়া বুবেন তাঁহারা সকলেই স্বীকার করিবেন যে, দৃষ্টাশ্ত না দেখিলে কেবল উপদেশে লোকে তাদৃল আকৃষ্ট হয় না। অনেক সময়েই সে প্রকার উপদেশের প্রতি অবজ্ঞাও স্থা প্রকাশ করিয়া থাকে। একজন পরস্বাপহারী ব্যভিচারী পাষ্ও ধর্ম্মোপদেশ দিবার জন্ত দণ্ডায়মান হইলে কে ভাহার কথা প্রজার সহিত প্রবণ করে ?

শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে এরপে অনেক লোক আছেন যাহারা বলেন যে, "যে সকল চিরপ্রচলিত সামাজিক প্রথার অনিষ্টকারিতার বিষয় ব্ঝিয়াছ, তাহার বিরুদ্ধে পুস্তক লেখ, বক্তৃতা কর, তাহাতে আপত্তি নাই; কিয়ৎপরিমাণে তদমুযায়ী কার্য্য কর তাহাতেও আপত্তি নাই; কিন্তু সম্পূর্ণরূপে করিও না। যতদূর করিলে সমাজের লোক সহ্য করিতে পারে, ততদূর কর; তাহার অধিক আর যাইও না।" "সমাজের লোক সহ্য করিতে পারে" অর্থাৎ সমাজচ্যুত করিয়া না দেয়।

যাঁহারা এ প্রকার বলেন তাঁহাদের যুক্তি আছে। যুক্তি এই যে, "তুমি যদি কোন উন্নত সত্য হৃদয়ঙ্গম করিয়া তদমুসারে কার্য্য করিতে থাক, কিন্তু যদি দেশের সাধারণ লোকের মনে চিরপ্রচলিত তদ্বিরোধী স্রমাত্মক সংস্কার বদ্ধমূল হইয়া থাকে তবে তাহারা তোমার আচরণ কথনই সহা করিতে পারিবে নী। তাহারা তোমাকে সমাজ হইতে বহিষ্কৃত করিয়া দিবে; তোমার সহিত আহারাদি বা আদান প্রদান করিবে না। সমাজ হইতে বহিষ্কৃত হইলে সমাজের ভিতর আর তোমার কোন ক্ষমতা চলিবে না, স্মৃতরাং তোমার দারা সমাজের কোন উপকারের সম্ভাবনা থাকিবে না।"

সমাজের বাহিরে থাকিলে সমাজের ভিতরে কোন প্রভাব থাকে না, সমা-জের কোন প্রকার উন্নতিসাধন করা যায় না, আমরা এ কথা স্বীকার করি না। ধাঁহারা এমন কথা বলেন, ওাঁহারা প্রভাক্ষের বিরুদ্ধ কথা বলেন। এখন হিন্দু-সমাজে যে আশ্র্যা পরিবর্ত্তন সংঘটিত হইতেছে তাহার মূল সমাজের ভিতরের লোক, না বাহিরের লোক ? চক্ষুকর্ণবিশিষ্ট ব্যক্তি মাত্রকেই স্বীকার কবিতে হইবে যে, এ পরিবর্ত্তনের মূল কারণ ইউরোপীয়গণ। ইংলণ্ডের অধিকারে আসাভেই আমাদের দেশে এ পরিবর্ত্তন উপস্থিত হইয়াছে। সমাজের ভিতরের লোক পরিবর্তনের কারণ নয়, সমাজের বাহিরের লোকই উহার মূল কারণ। এদেশে ইংরেজ অধিকার না হইলে এ পরিবর্ত্তনস্রোত কে প্রবাহিত করিত ? লোকে ষত ইউরোপীয়দিগের সংস্পর্শে আসিতেছে, যত পাশ্চাত্য জ্ঞান চতুর্দ্ধিকে বিল্পত ছই-তেছে, সেই পরিমাণে হিন্দুসমান্তের ভিত্তি মূল পর্যান্ত বিকম্পিত হইয়া উঠিতেছে। প্রস্তাব লেখকের জনৈক বন্ধু যথার্থই বলিলেন যে, আঞ্চলাল যে "আর্য্য" "আর্য্যবংশ" "আর্য্যগোরব" বলিয়া চীৎকার উঠিয়াছে, হিন্দুসমাজভুক্ত কোন ব্যক্তি ইহার হেতৃ নহে। সুপ্রসিদ্ধ কর্মান পণ্ডিত মোকস্কুর ইহার প্রধান কারণ। ভবে কেমন করিয়া বলিব যে, সমাজের বাহিরে থাকিলে সমাজের ভিতর क्या हरण ना १

অতীত সান্দী ইতিহাস কি বলে একবার দেখা বাউক। প্রাচীন প্রীস ও রোমবাসিগণ আমাদিগের ক্সায় পৌত্তলিক ধর্ম্মাবলম্বী ছিলেন। 🚵 🚈 কেমন করিয়া সেই পৌত্তলিকভার বিলোপসাধনপূর্ব্বক ভাহার সিংহাসন অধিকার করিল ? সেণ্টপল—একজন য়িছুদি ভাহার মূল কারণ। ভিব্বৎ সিংহল প্রভৃতি দেশে ভারতবর্ষীয় প্রচারকেরা বৌদ্ধধর্ম প্রচার করিয়া উক্তদেশ সকলের সমাজের আকার নূতন করিয়া দিয়াছিলেন। অধিক দৃষ্টাস্ত দিবার প্রয়োজন নাই। সমগ্র পৃথিবীর ধর্মপ্রচারের পুরাবৃত্ত পাঠ করিলে দেখা যায় যে, শত শত স্থলে সমাজের বাহিরের লোক আসিয়া সমাজের ভিতর প্রভাব বিস্তার করিয়াছে। ইংলগুবাসিগণ সর্ব্বপ্রথমে সভ্যতাসোপানে কেমন করিয়া আরোহণ করিলেন ? বিদেশীয় রোমান জাতির সংস্পর্শে আসাই কি ভাহার কারণ নহে ? ভবে কেমন করিয়া বলিব যে, সমাজের ভিতরে না থাকিলে সমাজের কোন উপকার করা যায় না, সমাজে কোন প্রকার ক্ষমতা চলে না ?

সমাজে থাকা কাহাকে বলে ? সমাজের লোকের সহিত একত্রে আহার ও পরস্পর আদান প্রদান থাকিলেই সমাজে থাকা হইল। যদি সমাজের লোকে তোমার সহিত.আহার না করে এরং তোমার পুত্র কম্যার সহিত ভাহাদের ক্সা পুত্রের বিবাহ না দেয়. ভাহা হইলেই তুমি সমাজ্বচ্যুত হইলে। সমাব্দে থাকার অর্থ এই। আমরা যাহাকে হিন্দুসমাব্দ বলি বাস্তবিক তাহা সম্পূর্ণ একটি সমাজ নহে। ত্রাহ্মণসমাজ, কায়স্থসমাজ, বৈচ্চসমাজ, এই প্রকার যত প্রকার ভিন্ন ভাতি আছে, ততগুলি সমাজ। তাহাই কেন? সকল ব্রাহ্মণ বা সকল কায়স্থ বা অস্ত যে কোন জাতি হউক না কেন, তাঁহাদের সকলের মধ্যে পরস্পর ভোজ্যান্নতা বা আদান প্রদান নাই। এক একজাতির মধ্যে আবার কুল্ল কুল্ল বিভাগ; সেই বিভাগের মধ্যে ভোজ্যান্নতা ও আদান প্রদান বন্ধ। রাটীয় কি বারেন্দ্র কি বৈদিক শ্রেণীর ত্রাহ্মণদিগকে অথবা রাট্রীয়, বঙ্গন্ধ, বা বারেন্দ্র শ্রেণীর কায়স্থদিগকে এক একটি স্বতম্ম জাতি বলিলে অসঙ্গত হয় না। তাঁহাদিগের সমাঞ্চ স্বতন্ত্র স্বতন্ত্র। হিন্দুসমাঞ্চ বলিলে একটি প্রকাণ্ড পদার্থ ব্যায় বটে, কিন্তু বাস্তবিক প্রত্যেক হিন্দুর ভোজ্যান্নতা ও আদান প্রদান যত লোকের সঙ্গে চলিয়া থাকে তাহা ধরিলে প্রত্যেকের সমাজ অপেক্ষাকৃত অতি কুত্ৰ পদাৰ্থ।

সে যাহা হউক এখন প্রকৃত কথার আলোচনা করা যাউক। আদান প্রদান ও ভোজ্যারতা থাকিলেই যদি সমাজে থাকা হয়, তাহা হইলে জিল্লাস্ত এই যে, আদান প্রদান ও ভোজ্যারতা থাকিলেই কি সমাজের ভিতরে ক্ষমতা চলে, নতুবা চলে না? সমাজের বাহিরে থাকিলেও যে সমাজের ভিতরে ক্ষমতা চলে, সমাজের উপকার করা যায় ইহার অকাট্য প্রমাণ পূর্বেই প্রদর্শিত হইয়াছে। সে বিষয়ে আরও করেকটি কথা বলা যাইতেছে। এমন শত শত লোক রহিয়াছে ভাহারা হিন্দুসমাজভুক্ত, অথচ সমাজের ভিতর তাহাদের কিছুমাত্র ক্ষমতা চলে না, কেইই তাহাদিগকে গ্রাহ্ম করে না। আবার এমন লোকও দেখিয়াছি থাঁহারা প্রচলিত আচারবিক্ষম কার্য্য করিয়া জাতিচ্যুত ইইয়াছেন, তথাচ হিন্দুসমাজের অনেক লোকে তাঁহাদিগকে প্রান্ধা করে এবং তাঁহাদের প্রভাব অমুভব করে। মুতরাং সমাজের ভিতরে থাকিলেই যে, সমাজে ক্ষমতা চলে বা সমাজের উপকার করা যায়, এবং বাহিরে থাকিলে করা যায় না তাহা প্রতিপন্ন হইতেছে না। সমাজে থাকিলে যে অনেক বিষয়ে সুবিধা আছে;—কোন কোন হিতকর কার্য্য অপেক্ষাকৃত সহজে সম্পন্ন করা যায় তাহা আমরা অস্বীকার করি না। কিন্তু তাহা বলিয়া আমরা কখনই ইহা স্বীকার করিতে পারি না যে, সমাজে না থাকিলে সমাজসংস্কার করা যায় না। বরং আমরা তাহার বিপরীত কথাই সত্য বলিয়া মনে করি যে, এখন হিন্দুসমাজের যে প্রকার অবস্থা তাহাতে সমাজে থাকিয়া সমাজ সংস্কার কার্য্য সম্পূর্ণ ও সর্ব্বাক্ষযুক্ষররূপে সম্পন্ন করা অসম্ভব। আমরা ক্রমে ক্রমে আমাদের কথা প্রতিপন্ন করিতে চেষ্টা করিব।.

আর একটা কথা। সমাজসংস্কার সম্বন্ধে কোন গুরুতর বিষয়ের কথা উত্থাপন করিলে অনেক কৃতবিভ ব্যক্তি অমনি বলিয়া উঠেন "এখনও সময় আসে নাই।" তাঁহারা স্থাক্ষিত, স্থুতরাং পুরাবৃত্ত ও বিজ্ঞানের সাহায্য লইয়া তাঁহারা তাঁহাদের মত সমর্থন করিতে চেষ্টা করেন। তাঁহারা বলেন যে, উপযুক্ত সময় না আসিলে কোনপ্রকার সংস্কারকার্য্য স্থুসিদ্ধ হইতে পারে না। ফেমোন্নতিই জগতের নিয়ম। জড়, উদ্ভিজ্জ, কি প্রাণীজগৎ সর্ব্বত্তই বিজ্ঞান ফেমোন্নতির নিয়ম প্রতিপন্ন করিতেছে। আগষ্ট, কম্ট, হারবার্ট স্পেন্সর প্রভৃতি আধুনাতন কালের স্প্রাসিদ্ধ পণ্ডিভগণ প্রদর্শন করিয়াছেন যে, জনসমাজ সেই নিয়মের ব্যতিরেকস্থল নহে। বিকাশের (evolution) নিয়ম ব্রক্ষাণ্ডের সকল কার্য্যেই পরিলক্ষিত হয়। সমাজসংস্কার এই বিকাশের নিয়মের উপর নির্ভর করে। স্থুতরাং উপযুক্ত সময় না আসিলে কোন প্রকার সংস্কারকার্য্য সম্পন্ন হইতে পারে না।

ক্রমোন্নতির নিয়মে আমরা বিশ্বাস করি। উপযুক্ত সময় না আসিলে যে কোন সংস্কারকার্য্য সুসম্পন্ন হয় না তাহাও সত্য মলিয়া স্বীকার করি। কিন্তু তাঁহারা ইহা হইতে যে সিদ্ধান্ত করেন, তাহা স্বীকার করিতে পারি না। অর্থাৎ আমরা স্বীকার করি না যে সেই জন্ম আমাদিগকে হত্ত পদ সহুচিত করিয়া বিসায়া থাকিতে হইবে। আমরা মনে করি যে, সমন্ন আমুক আর নাই আমুক যাহা সত্য বলিয়া বিশ্বাস করিয়াহি, অকুতোভয়ে তাহা বলিব ও তদমুঘারী কার্য্য করিব। তালক্ষ্য কষ্ট যন্ত্রণা বহন করিতে হয়, অম্বানবদনে করিব। সমাজ হইতে

বহিষ্ণুত হইতে হয়, সত্যের গোরব রক্ষার জ্বস্থ তাহাও শিরোধার্য্য করিব। ইহাই আমাদিগের অনতিক্রমণীয় পবিত্র কর্ত্তব্য । এই কর্ত্তব্যসাধনে চরিত্র উন্নত হয়; হৃদয় মনের উচ্চতর বৃত্তি সকল সতেজ্ব ও বিকশিত হয়। আর আমরা যতই সভ্যকে সভ্য বলিয়া জানিয়াও ভাহার বিরুদ্ধাচরণ করিব, নিশ্চয়ই চরিত্র সেই পরিমাণে অবনতি প্রাপ্ত হইবে।

সময় আসার অর্থ কি ? সময়ের কি হাত পা আছে যে, সে আপনা আপনি চলিয়া আসিবে। সময় আসার অর্থ সাধারণ লোকের মন সত্যগ্রহণে প্রস্তুত হওয়া। এখন জিজ্ঞাস্থ এই, সাধারণ লোকের মন কেমন করিয়া প্রস্তুত হয় ? উপদেশ ও দৃষ্টাস্তু সত্যপ্রচারের এই ছই অমোঘ উপায়। উপদেশ ও দৃষ্টাস্তের ফল শীঘ্র না ফলিতে পারে, কিন্তু কালে নিশ্চয়ই ফলিবে। নৃতন সত্য প্রচার জক্ম আপাততঃ হয় ত যারপরনাই অত্যাচার বহন করিতে হইবে, কিন্তু কাঁদিতে কাঁদিতে যে শস্তু বপন করা হইবে, এমন সময় আসিবে যখন লোকে হাসিতে হাসিতে উহা কর্মন করিবে।

সময় না আসিলে সমাজসংস্কার কার্য্য স্থসম্পন্ন হয় না, মানিলাম, কিন্তু সময়কে আনিতে হইবে। আনার উপায় কি তাহা পূর্বেবলা হইয়াছে। এখন নিশ্চিম্ম হইয়া বসিয়া থাকি, সময় আসিলে কার্য্য আরম্ভ করিব, নদী শুদ্ধ হইলে পার হইব, ইহা নির্বোধের কথা।

যিনি কোন গুরুতর সমাজসংস্কার কার্য্যে প্রবৃত্ত হন, তিনি যে সকল সময়ে জীবদ্দশাতেই তাঁহার চেষ্টার সম্পূর্ণ ফল দেখিতে পান এমন নহে। তিনি যে বীজ বপন করিয়া যান, বংশপরস্পরায় তাহা অঙ্কুরিত হইয়া ক্রমে উন্নত বৃক্ষরূপে পরিণত হইয়া অমৃত ফল প্রসব করে। স্প্রসিদ্ধ পণ্ডিত ফ্রান্সিস নিউম্যান বলেন যে, সূপর যদি জন্মগ্রহণ না করিতেন তথাচ ইউরোপে প্রটেষ্টান্ট ধর্মসংস্কার অবিলয়ে স্থাসিদ্ধ হইত। বহুকাল পূর্ব্ব হইতে শিক্ষাধারা লোকের মন এরপ প্রস্তুত হইয়াছিল যে সূপর উক্ত সংস্কার কার্য্যে কেবল একটি উপলক্ষ মাত্র।

যে শিক্ষাদ্বারা লোকের মন প্রস্তুত হইয়াছিল, সে শিক্ষা কি প্রকার তাহা বিবেচনা করা উচিত। সে শিক্ষা কেবল বিভালয়ের শিক্ষা নহে। লুখরের পূর্বে আরও অনেক সংস্থারক জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহার পূর্বে প্রায় বিংশতি বার ধর্মসংস্থারকগণের অস্থ্যদয় হইয়াছিল। রোমীয় ধর্মসমাজের কুসংস্থার ও কদাচার সকল বিনষ্ট করিবার জন্ম তাঁহারা প্রোণগত যত্ন ও চেষ্টা করিয়াছিলেন। সাধারণ সংস্থারের বিরুদ্ধে দণ্ডায়মান হওয়াতে তাঁহাদিগকে

^{*} Vide Pro. Newman's "Phases of Faith" Sixth Edition p. 97-98,

নুমান্দ হইতে বিদ্বিত ও অশেষ যক্ত্রণাগ্রস্ত হইতে হইনাছিল। যে সত্যের ব্লক্ত্র তাঁহারা জীবন সমর্পণ করিয়াছিলেন, জীবন থাকিতে সেই সত্যের জয় তাঁহারাঃ দেখিয়া যাইতে পারেন নাই। কিন্তু তাহা বলিয়াই কি তাঁহাদের সকল যত্ন ও চেষ্টা বৃথা হইয়াছিল! কখনই না। সত্যের ক্রক্ত একটি বিন্দু রক্তও কখন বৃথা পতিত হয় নাই। উইকলিফ প্রভৃতি সমান্ত্রসংস্কারকগণ ক্রম্মগ্রহণ করিয়াছিলেন বলিয়াই লুথরের কার্য্য অপেক্ষাকৃত সহক্র হইয়াছিল। ললার্ড প্রভৃতি উন্নতমতাবলম্বী লোক সকল যৎপরোনান্তি অত্যাচার ও কষ্টভোগ করিয়াছিলেন, এবং তাঁহাদিগের জীবদ্দশায় সাধারণের মধ্যে তাঁহাদিগের বিশ্বাস প্রচার করিতেও সক্রম হন নাই বটে, কিন্তু তাঁহারাই ভবিশ্বতের পথ প্রস্তুত করিয়া গিয়াছিলেন। এই সকল ব্যক্তির যত্ত্বই সাধারণ লোকের চিন্তান্ত্রোত নৃতন পথে ক্রমশং প্রবাহিত হইতে আরম্ভ হইয়াছিল। যে শিক্ষা ছারা আপামর সাধারণের মন প্রস্তুত হইয়াছিল, উইকলিফ প্রভৃতির চেষ্টা সেই শিক্ষার

ইউরোপের পুরাবৃত্ত ত দূরের কথা। আমাদের দেশের বিষয় ভাবিয়া দেখা যাউক। যখন মধৃস্দন গুপু মেডিকেল কালেজে সর্বপ্রথম শবচ্ছেদনের দৃষ্টাস্ত প্রদর্শন পূর্বক সমাজচ্যুত হইয়াছিলেন, তখন কি সময় আসিয়াছিল ? যখন বেথুন বালিকাবিভালয়ে কন্সা প্রেরণ কবিয়া মৃত কবিবর মদনমোহন তর্কালন্ধার সমাজচ্যুত হন, ও কলিকাতার ধর্মসভা ঘোষণা করেন যে, যে বালিকাবিভালয়ে কন্সা পাঠাইবে তাহাকেই সমাজচ্যুত হইতে হইবে, তখন কি সময় আসিয়াছিল ? বাহারা সময় আসে নাই বলিয়া সংস্কার কার্য্য বন্ধ করিতে বলেন, তাঁহাদিগকে জিজ্ঞাসা করি সময় আসা না আসার কি কোন বিশেষ চ্ছিন্ত আছে ? যদি থাকে তাহা কি ?

অনেকে উক্ত প্রশ্নে এই উত্তর করেন যে, কোন সংস্কারকার্য্যে প্রবৃত্ত হইয়। যদি দেখ যে, তাহা করিলে তোমাকে সমাজ হইতে দুরীকৃত হইতে হইবে,

^{*} উইক্লিফ ও তাহার পরবর্তী সংখারকগণ যে ইংলতে ধর্মসংখারের পথ সহজ্ব করিয়া দিয়া গিয়াছিলেন ইহা এমন স্থারিচিত সভ্য বে সামান্ত বালকদিগের পাঠাপুত্তকেও এ কথা লিখিত থাকে।—Wycliff warmly attacked the corruptions of the church by exposing the evil lives and evil teachings of the priests. His followers were called Lollards: and though the Lollards were persecuted by many of the English kings, especially by Henry IV, they undoubtedly prepared the people of England for the reformation.

ভাহা হইলেই জানিবে যে এখনও সময় আসে নাই। যে সংস্কার সমাজে থাকিয়া করা যায়, তাহারই সময় আসিয়াছে। এ কথা যদি সত্য হয়, তাহা হইলে মধুস্দন গুপ্তের সময়ে শবচ্ছেদের সময় আসে নাই, এবং বেগুনস্কুল সংস্থাপন সময়েও বালিকাবিত্যালয় প্রতিষ্ঠা করিবাব সময় আসে নাই। তবে ইহাও বলিতে হইবে যে, মধুস্দন গুপ্ত ও মদনমোহন তর্কালন্ধাব অত্যায় ও অবিবেচনার কার্য্য করিয়াছিলেন। কিন্তু তাহাই বা কেমন করিয়া বলিব ? যখন দেখিতেছি যে লোকে তাঁহাদের দৃষ্টান্তের অনুসবণ করিতেছে, তখন কেমন করিয়া বলিব যে, তাহাদের সময়ে সময় আসে নাই। বাস্তবিক কথা এই যে তাঁহারা কষ্ট করিয়া পাশ্চাত্য জ্ঞানের সাহায্যে সময়ের কেশাকর্ষণ প্র্বেক আনিয়াছিলেন বলিয়াই এখন সময় আসিয়াছে।

বিগত পঞ্চাশৎ বৎসরের আমাদিগের সামান্ত্রিক অবস্থাব বিষয় আলোচনা করিলে অনেক শিক্ষা পাওয়া যায়। যখন স্থপ্রিমকোর্টে কোন এক মোকর্দমায় সাক্ষ্য দিবার সময় বাবু রসিককৃষ্ণ মল্লিক বলিলেন "আমি সাক্ষ্য দিবার জন্ম গঙ্গাজল হন্তে লইব না, আমি গঙ্গা মানি না।" তখন সেই কথায় কলিকাতায় তুলস্থল হইয়াছিল। এখন সে সময় কোপায ? দেখা যায় যে এক সময় যে কাৰ্য্য কৰিয়া জাতিচাত হইতে হইত এখন অবিকল সেই কাৰ্য্য কৰিয়া জাতি রক্ষা করা যায়। মেডিকেল কালেজে শবচ্ছেদ ও বালিকাবিভালয়ে কস্তা প্রেরণের দৃষ্টাম্বে ইহা প্রমাণ হইতেছে। পলাওু ভোজন করিলে এক সময় জাভিচ্যুত হইতে হইত, এখন লোকে প্রকাশ্যরূপে পলাণ্ডু ভোজন করিতেছে অথচ জাতিচ্যত হইতেছে না ৷ বঙ্গদেশের কোন কোনস্থানে পলাণ্ড ভোজন করিলে অভাপিও জ্বাভিচ্যুত হইতে হয়। প্রকাশ্বরূপে যবনার ভোজনে সমাজ্ঞচাত হইতে হয় বটে, কিন্তু শত শত লোক গোপনে উহা করিতেছে অথচ তাহাদের জাতি যায় না; গোপনে, অর্থাৎ সকলেই জানে অর্থচ গোপন। প্রকৃত হিন্দুয়ানি এখন অক্ত সকল স্থান হইতে তাড়িত হইয়া ক্রিয়াবাটীর সামিয়ানার নিমে ঘনীভূত হইয়া অবস্থিতি করিতেছে। সেইখানেই যত বিচার। যবনারভোজন এখন সমাজের অন্তঃস্থল পর্যান্ত প্রবেশ করিয়াছে। ওনিয়াছি মহারাজা কুষ্ণচক্ষের সময়ে স্নানের পূর্বে সকলে কাগজ পত্রের কার্য্য নির্ব্বাছ করিত, স্নানের পর পূজা আহ্নিক করিয়া আর কেহ কাগজ স্পর্শ করিত না, করিলে ধর্মবিগর্হিত কার্যা হইত। কি আশ্রুষ্ঠা পরিবর্তন! ব্রাহ্মদিগের মধ্যে

^{*} চারি পাঁচ বংসর হইল নবখীপে এক ব্যক্তি প্লাপু ভোজন করাতে প্রায়ন্তিত্ত করিতে হইয়াছিল।

এখন যাঁহারা উপবীত পরিত্যাগ করিতেটেঁন, তাঁহাদিগের প্রায় সকলকেই জাতিচ্যুত হইতে হইতেছে। কিন্তু এমন এক সময় ছিল যখন কেবল ব্রাহ্মসমাজে উপস্থিত হওয়ার জন্ম কোন ব্যক্তিকে তাঁহার গ্রামের লোক সমাজন্তই করিয়াছিল।

যে কার্য্য করিলে সমাজচ্যুত হইতে হয় তাহাই করিবার সময় আসে নাই এ কথা যে নিতান্ত অযুক্ত তাহা বোধ হয় আমরা সুন্দররূপে প্রমাণ করিয়াছি।

বাস্তবিক সমাজে থাকিয়া সমাজসংস্থার করিবার মত সকল স্থলে মানিতে হইলে, কতকগুলি অতি প্রয়োজনীয় কার্যা হইতে এখন নিবৃত্ত হইতে হয়। বিধবাবিবাহ প্রথা প্রচলিত করিবার জন্ম পণ্ডিতবর ঈশ্বরচন্দ্র বিভাসাগর মহাশয় যে চেষ্টা করিতেছেন তাহা একেবারে বন্ধ করিয়া দিতে হয়। কেন না. আঞ্চ সমাজের এমন অবস্থা হয় নাই যে, বিধবাবিবাহ করিয়া কেহ সমাজে থাকিতে পাবে। সমাজে থাকিয়া সমাজের উপকার কর, এ উপদেশ মানিতে হইলে কেবল সমাজসংস্থাব বন্ধ হয়, এমন নহে, আমাদিগের রাজনৈতিক উন্নতির মূলেও কুঠারাঘাত করা হয়। সিবিল সরভিস, মেডিকেল সরভিস, বা ইপ্লিনিয়ারি: পবীকা দিবার জম্ম, শিল্পশিকা ও বাণিজ্যের উন্নতি জম্ম, কোন বিষয়ে এ দেশেব রাজনৈতিক উন্নতির উদ্দেশে আন্দোলন করিবার জন্ম, অথবা কেবল ভ্রমণ করিয়া অভিজ্ঞতা উপার্জ্জন করিবার জন্ম বিলাত গমন করিতে পারা যায় না। কেন না এ পর্যান্ত যত লোক প্রকাশ্যভাবে বিলাত গিয়াছেন সকলকেই সমাজ্ঞচাত হইতে হইয়াছে। আজ যদি পালামেণ্ট মহাসভা ভারতবর্ষ হইতে প্রতিনিধি গ্রহণ করিবার ব্যবস্থা করেন, আর যদি কডকগুলি হিন্দুসন্থান প্রতিনিধি হইয়া বিলাভ যাইতে প্রস্তুত হয়েন, তাহা হইলে কি তাঁহাদিগকে এই বলিব "না, তোমরা এমন ছঙ্কশ্ম করিও না। বিলাভ গমন করিলে সমাজ্বচ্যুত হইবে। সমাজে থাকিয়া সমাজের হিতসাধন কর ?" সমাজে थाकिया नमात्मत मक्रमनाथरनत में मानिए इसेल देशहे विलाख हय. विश्वाविवाह श्राठातत्र त्र क्षेत्र क्ष বিলাত যাওয়ার ষ্টেট্ স্কলাসিপ উঠিয়া গিয়া বড়ই ভাল হইয়াছে।

ভবে বাস্তবিক কি এমন কোন স্থল নাই যেখানে উপযুক্ত সময়ের জক্ত প্রভীক্ষা করা উচিত ? অবশ্য আছে। মহুয়ের কর্ত্তব্যসকলকে গুইভাঙ্গে বিভক্ত করা যায়। প্রথম, এমন কভকগুলি কর্ত্তব্য আছে যাহা সম্পূর্ণরূপ সামাজিক। দিতীয় প্রকার কর্ত্তব্যগুলি ব্যক্তিগত। প্রথম প্রকার কর্তব্যর এই প্রকৃতি যে, সমাজের সমস্ত লোক বা অধিকাংশ লোক একত্র না হইত্রে প্রত্যেক ব্যক্তি দারা কখনই তাহা সম্পন্ন হইতে পারে না।

আর দ্বিতীয় প্রকার কর্ত্তব্য সকল, প্রত্যেক ব্যক্তির কর্ত্তব্য বলিয়াই সামাজিক বা জ্বাতীয় কর্ত্তব্য । কেন না, প্রত্যেক ব্যক্তিকে লইয়াই সমাজ বা জ্বাতি। এই সকল কর্ত্তব্য সমাজের সর্ব্বসাধারণ লোকে করুক আর নাই করুক প্রত্যেক ব্যক্তিকে উহা করিতেই হইবে।

আমরা এই উভয় প্রকার কর্ত্তব্যের কয়েকটি দৃষ্টান্ত দেখাইতেছি। প্রথম সামাজিক বা জাতীয় কর্ত্তব্য বিষয়ে তুই একটি দৃষ্টান্ত গ্রহণ করুন। মনে করুন কোন প্রাধীন জাতির মধ্যে এক বাক্তির মনে হইল যে, জাতীয় স্বাধীনতা বাতীত কোন জাতির সর্বাঙ্গীণ উন্নতির সন্তাবনা নাই। তাঁহার তখন কর্ত্তব্য কি ? তিনি কি তখনই স্বয়ং অস্ত্র শস্ত্র লইয়া রাজবিদ্যোহী হইবেন ? তাহা হইলে ত বাতুলের কার্যা হইবে। আর একটি দৃষ্টান্ত গ্রহণ করুন। মনে করুন আমার এইরূপ বিশ্বাস জ্পাল যে বাঙ্গালিজাতিব পক্ষে এখন দেশান্তরে গিয়া উপনিবেশ সংস্থাপন করা উচিত। কিন্তু আমি একাকী বিদেশে গিয়া বাস করিলেই ত উপনিবেশ সংস্থাপন করা হয় না। স্কৃতবাং দেশের লোকের মন যাহাতে তিষিয়ে প্রস্তুত্ত হয়, এমন যত্ন করিতে হইবে; এবং উপযুক্ত সময় আসিলে বিশেষ কার্যো পরিণত করিতে হইবে।

দিতীয় প্রকার কর্ত্তব্য সম্বন্ধে এ প্রকাব প্রণালীতে কার্য্য করিলে চলিবে না। আমার সন্থানের জীবন রক্ষা করা, তাহাকে প্রতিপালন করা ও উপযুক্ত শিক্ষা দেওয়া কর্ত্তব্য। এ বিষয়ে আমি সমাজের বা সময়ের মুখাপেক্ষা করিয়া থাকিতে পারি না। সমাজ যদি আমাকে বলৈ ভোমার শিশুকে হত্যা কর, (শিশুহত্যা প্রথা, বাস্তবিক কোন কোন জাতির মধ্যে অন্তাপিও প্রচলিত আছে) আমি কি সে আজ্ঞা পালন করিতে পারি ? আমার জাতি, কুল, মান, সন্তম যায় যাউক, প্রাণ যায় ভাহাও স্বীকার তথাচ আমি পারি না। কোন হালয়বান্ সন্ধিবেচক বিশিষ্ট ব্যক্তি বলিতে পারেন না যে, "ওরূপ স্থলে সমাজের খাতিরে ভোমার শিশুহত্যা করা কর্ত্তব্য।" শিশুহত্যা পাপ, ইহা কেবল মুখে উপদেশ দিয়া উপযুক্ত সময়ের জন্ত কখন প্রভৌক্ষা করিয়া বসিয়া থাকিতে পারি না। পঞ্চাশৎ বা একশত বংসর পরে কবে সময় আসিবে আমি কি তাই বলিয়া আমার প্রাণের সন্থানকে দেশাচার রাক্ষসের মুখে নিক্ষেপ করিতে পারি ?

আর একটি দৃষ্টাস্ত। মনে করুন আমার একটি বিধবা কন্সা আছে। ছর্বিবৰহ বৈধব্য যন্ত্রণায় দিবা রঞ্জনী সে অঞ্চবিসর্জন করিভেছে। এন্থলে কি আমার কর্ত্বন্ত নহে যে, বিবাহ দিয়া তাহাকে সুখী করি? সমাজ কবে প্রস্তুত হইবে ভাবিয়া নিশ্চিম্ন থাকিলে কি পিতার কর্ত্বন্ত করা হয়? এ স্থলে কি রক্ষণশীল আতারা বলিবেন যে, "তোমার কক্সার কষ্ট যতই অধিক হয় হউক," হর্দমনীয় প্রার্থির উত্তেজনা অতিক্রম করিতে অক্ষম হইয়া সে বিপথগামিনী হয় হউক, জনহত্যারূপ মহাপাতকে কলঙ্কিত হইতে হয়, তাহাও হউক, কিন্তু তুমি তাহার বিবাহ দিয়া সমাজের বাহিরে যাইও না।" আর এ কথা বলিলে কি আমার তাহা শুনা উচিত? কন্সার প্রতিকর্ত্বন্ত আমার ব্যক্তিগত কর্ত্বন্ত; সে বিষয়ে সমাজ বা সময়ের মুখাপেক্ষা করা আমার কোন ক্রমেই উচিত নহে। সে বিষয়ে আমার প্রতি বল করিবার, কি আমার কার্য্যে হস্তক্ষেপ করিবার কোন অধিকার সমাজের নাই।

হিন্দুসমাজ্বে শত শত লোক কি করিতেছেন ? গোপনে ভ্রূণহত্যারূপ মহাপাতকের অমুষ্ঠান দেখিয়াও নিশ্চিত হইয়া আছেন, তথাচ বিধবাবিবাহে মত দিবেন না। সকলে মত দিউক তবে আমি মত দিব একথা বলিলে চলে না। আমরা পূর্ব্বেই বলিয়াছি যে যাঁহারা কোন সংস্কারকার্যো প্রবৃত্ত হয়েন অনেক সময়ে তাঁহার৷ তাঁহাদের চেষ্টার সফলতা দেখিয়া ইহলোক হইতে অবস্ত হইতে পারেন না, লোকে ভাবে তাঁহার। অকুতকার্যা হইলেন। কিন্তু বাস্তবিক ভবিষ্যখংশীয়েরা তাঁহাদেব চেষ্টার ফলভোগ করে। নূতন সংস্কারকদিগের অভ্যুদ্য জন্ম কখন কখন প্রচলিত কুসংস্কার পূর্ববাপেক্ষা দৃচীভূত হয়। কিন্তু যখন দ্বিতীয় বার সেই সংস্থারের চেষ্টা হয়, তখন পুর্বের একবার অন্দোলন হইয়াছিল विनया विःमं वि वर्गतित कोक मन वर्गति मुल्ली ह्या। यमिष्टे वा अमन मत्न করা যায় যে, কোন কার্য্যের ফল বর্ত্তমান বংশীয়েরা অথবা ভবিষ্যুদ্ধশীয়েরা কেহই লাভ করিতে পারিবে না-সমাজের উপব সে কার্য্যের কোন कम इहेरव ना, उपाठ यमि जाहा वाक्तिगंज कर्खवा कार्या हय, जरव छेहा করিতেই হইবে। কবে সময় আসিবে বলিয়া আমার বিধবা ছহিতার প্রতি কর্মবাধন করিব না ? সমাজের লোকের ক্রোধান্ধ নয়নের প্রতি লক্ষ্য না করিয়া, নির্ভীকচিত্তে সভ্য ও বিবেকের গৌরব রক্ষা করিতে क्ट्रेट्व ।

আমরা এই প্রবন্ধে যে মত সমর্থন করিতেছি, বর্ত্তমান সময়ের সর্ব্বপ্রধান
চিস্তাশীল পণ্ডিত হার্বাট স্পেন্সর তাহা অতি স্থল্সরন্ধপে ব্যাখ্যা করিয়াছেন।
তিনি বলেন যে, যাহা সত্য বলিয়া ব্ঝিয়াছ তাহা নির্ভয়ে বলিবে, ও তদমুযায়ী
কার্য্য করিবে। সময়ের জন্য প্রতীক্ষা করিবে না। যে পরিবর্ত্তন সাধন করা

তোমার লক্ষ্য তাহাতে কৃতকার্য্য হও ভালই, না হও তথাচ ভাল, কেন না তোমার যাহা কর্ত্তবা তাহা করা হইল। #

ন্তন সত্য নির্ভয়ে প্রচার করিতে হইবে বটে, কিন্তু প্রচারের প্রণালী কি প্রকার হওয়া উচিত ? আমাদিগের বিবেচনায় সম্পূর্ণরূপ জাতীয় রুচির অমুবর্তী হওয়া কর্ত্বয়। লোকভয়ে বিন্দুমাত্র সত্যের অপলাপ করিব না, অথচ প্রচার প্রণালী সম্বন্ধে দেশের লোকের যাহা ভাল লাগে তাহাই করিতে হইবে। সংক্ষেপতঃ আমাদিগের ইহাই মত যে, যাহাতে শারীরিক মানসিক বা আধ্যাত্মিক কোন প্রকার অমঙ্গল প্রস্তুত না হয়, এমন সকল বিষয়ে সম্পূর্ণরূপে জাতীয় ভাব রক্ষা করিয়া চলা উচিত।

But nature makes that mean: over that art Which you say adds to nature, is an art That nature makes.


Not adventitious. therefore, will the wise man regard the faith which is in him. The highest truth he sees he will fearlessly utter; knowing that, let what may come of it, he is thus playing his right part in the world—knowing that if he can effect the change he aims at—well: if nct—well also! though not so well. First Principles, by Herbert Spencer, Third Edition p. 123.

[•] Whoever hesitates to utter that which he thinks the highest truth lest it should be too much in advance of the time, may re assure himself by looking at his acts from an impersonal point of view. Let him duly realize the fact that opinion is the agency through which character adapts external arrangements to itself, that his opinion rightly forms part of that agency, is a unit of force, constituting, with other such units, the general power which works out social changes and he will perceive that he may properly give full utterance to his innermost conviction, leaving it to produce what effect it may. It is not for nothing that he has in him these sympathies with some principles and repugnance to others. He, with all his capacities, and aspirations and beliefs is not an accident, but a product of the time. He must remember that while he is a descendant of the past, he is a parent of the future; and that his thoughts are as children born to him, which he may not carelessly let die. He, like every other man, may properly consider himself as one of the myriad agencies through whom works the Unknown Cause, and when the Unknown Cause produces in him a certain belief he is thereby authorized to profess and act out that belief. For, to render in their highest sense the words of the poet :-

জাতীয় ভাব রক্ষা করিব, অথচ জাতীয় ভ্রম, কুসংস্কার, কদাচারের বিরুদ্ধে नित्रस्तत्र थ्फारुस थाकित। भूष्णगयााग्र गग्नन कतिया সমाझमः स्रात रुग्न ना। সংসারে কখন তাহা হয় নাই। সমস্ত ইতিহাস এ কথায় সাক্ষাদান করিতেছে। যদি কুতকার্য্য হইবার সম্ভাবনা দেখি, তবে করিব, নতুবা নয়, সমাজসংস্কার এ প্রকার ভীক্র, সাবধান লোকের কান্ধ নয়। প জন ষ্ট্রাট মিল যথার্থই বলিয়াছেন যে, যখন খ্রীষ্টের শিশ্ব ষ্টিফিনকে, তাঁহার অবলম্বিত ধর্ম্মের জন্য লোকে হত্যা করিয়াছিল তখন কে মনে করিতে পারিত যে, সেই অনাথ, দরিজ, মূর্য ষ্টিফিনের মত সভা জগতে প্রচারিত হইবে, আর তাঁহার পরাক্রান্ত ধনশালী শক্রদিগের দেশপ্রচলিত প্রবল ধর্ম, চিরকালের জন্য সংসার হইতে তিরোহিত হইবে। থিওডোর পার্কার বলিয়াছেন যে পূর্বতন সমাজসংস্কারক মহাপুরুষেরা আপনাদিগের শোণিত দিয়া যে পথ ধৌত করিয়া দিয়া গিয়াছেন, আমরা এখন তাহাতেই ভ্রমণ করিতেছি। বায়ু দূষিত হইলে ঝঞ্চা ঝটিকা তাহা বিশুদ্ধ করে, শরীরে গভীর ক্ষত হইলে সুতীক্ষ অস্ত্রচিকিৎসা চাই, সেই প্রকার বছকালস্থায়ী সামাজিক অমক্ষল সকল বিদ্রিত করিতে হইলে, অনেক স্বার্থত্যাগ, কট্ট যন্ত্রণা বহন করা আবশ্যক। সতাপালন করিতেই হইবে, তাহাতে স্থুসাচ্ছন্দা, সমাজ, আত্মীয় স্বজন ও স্বদেশবাসীর প্রসন্ধতা পাওয়া যায়, ভালই, নতুবা প্রমেশ্বরকে স্মরণ করিয়া. क्लाकरलत विठात ছाডिया निया "य याय याक य थाक थाक" विलया मकल करे. मकल यन्नगा. मकल विश्वन शिर्ताशाया कतिया लहेर्ड इहेर्व ।

শ্ৰীন: না

Those who will be so full of foresight and so prudent as not to act till they are secure against failure, will surely have no chance of success. Such persons ought to be called timid and weak, not prudent: they will never commence any noble enterprise; nor must we regret that, for they would probably embarrass it by a perpetual suggestion of difficulties. Danger and loss cannot always be avoided. They must often be met and borne. No great object has ever been won by those who make it essential to avoid them. The eleven disciples would not have founded Christianity, if they had first taken in hand to ensure against the danger of future quarrelling among themselves.—Catholic Union, by Pro. F. W. Newman.



শং বলিয়াছেন, স্ত্রীলোকই দেবতা, স্ত্রীসেবাই ধর্ম; আমরা বাঙ্গালি, প্রাণের সহিত বলিয়াছি—তথাস্তা। ত্র্ভাগ্যবশতঃ কোমং প্র্লার পদ্ধতিটা তাল করিয়া বিবৃত করেন নাই। আমরা বাঙ্গালি—চিরকাল পৌত্তলিক—পৌত্তলিকতা আমাদেব হাড়ে হাড়ে প্রবেশ করিয়াছে, আমাদের অস্থি মক্ষার সঙ্গে মিশিয়া গিয়াছে—শুদ্ধ আধ্যান্থিক উপাসনায় আমাদের তৃপ্তি হয় না। আমরা শন্ধ ঘন্টা বাজাইব, ধূপ ধূনা জালিব, দান ধাান করিব, স্তবস্তুতি করিব;—প্রুবোহিত মন্ত্র বলিবে, যজ্ঞের অনল জ্বলিয়া উঠিবে, আঙ্গিনায় ঢাক ঢোল বাজিবে, হাড়কাঠে ছাগ বা৷ বা৷ করিবে, নতুবা কেমন যেন অঙ্গহীন হইল বলিয়া বােধ হয়। কোমংধর্মেব এই সভাব আমি আজ্ঞাই পূর্ণ করিব। অমিতশক্তি কােমং পৃথিবাব পাঁচটি স্থসভা জাতির জন্ম যে ধর্মের জ্ঞানকাণ্ড প্রকাশ করিয়াছেন, ক্ষুত্রশক্তি আমি পৃথীবার একটা অন্ধসভা জাতির জন্ম সেই ধর্মের কর্মকাণ্ড প্রকাশ করির।

পূজার উপকরণ। অশ্রুক্তল এবং দীর্মবাস এ পূজার পাছ আর্য্য; সুবর্ণালন্ধার এ পূজার পূস্প; সৌন্দর্য্যত্ত্বলা ইহাতে হাড়কাঠ; উপাসকের প্রাণ
তাহাতে ছাগ; সোহাগ ধর্পর; ভালবাসা কামার; ঢাকাই সাড়ী ইহাতে
বিশ্বপত্র; ফ্রেক্স পারফিউমারি তাহাতে চন্দনের ছিটা। প্রতি শনিবারের রাত্রি
এ পূজায় মহান্টমী। পুরোহিত যৌবন।

যজ্ঞ। যজ্ঞকালে পুরোহিত যৌবন মহাশয় উপাসকের প্রাণ-সমিধে মোহের আগুন লাগাইয়া দিয়া সর্ব্বনাশ তত্ত্ব হইতে মন্ত্র পড়িয়া আছ্তি দিবেন— "নান ভাঙ্গিতে নিজা যাহা"—"কথা রাখিতে শ্রান্তবন্ধন স্বাহা"—"অলভার ও শাটা কিনিতে যথাসর্ব্বিস্থ স্বাহা"—"পাঠের জ্বন্তু নাটক কিনিয়া দেশীয় সাহিত্য স্বাহা"—"মন রাখিতে ইহলোক পরলোক স্বাহা"—ইত্যাদি।

স্তুতি। সংসারগগনে তুমি ব্যোমযান—কথায় কথায় আকাশে ভোল; আবার যথন ফেলিয়া দাও, তথন সমৃত্তগর্ভে অথবা পর্বতশৃলে হাব্ডুবু থাইতে হয়, অথবা হাড় চূর্ণ হইয়া যায়। জীবনের পথে তুমি রেলের গাড়ি—যখন রসনারপ এঞ্জিনে ফুল কোর্স্ দাও তখন এক দণ্ডের মধ্যে চৌদ্দ ভুবন দেখাও। কার্য্যক্ষেত্রে তুমি ইলেক্ট্রিক টেলিগ্রাক—কথাটি পড়িলে নিমেষের মধ্যে তাহা দেশদেশাস্তরে চালাইয়া দাও। ভবনদীর তুমি নৌকা—অধমকে পার কর।

তুমি ইন্স-শশুরকুলের দোষ দেখিতে তুমি সহস্রচক্ষ্ ; স্বামীর শাসনে তুমি বক্সপাণি ; তোমার থাকিবার স্থান অমরাবতী—যেখানে তুমি সেই স্বর্গ।

তুমি চক্স—তোমার হাসি কৌমুদী—তাহাতে মনের অন্ধকার দূর হয়। তোমার ভালবাসা অমৃত—যার অদৃষ্টে ঘটে তার সশরীরে স্বর্গভোগ। আর লোকে যে অনর্থক বলে তুমি পরাধীন, ঐটুকু তোমার কলঙ্ক।

তুমি বরুণ—কেন না, মনে করিলেই জলে মাটা ভিজাইতে পার। তোমার চক্ষের জল; দেখাদেখি আমরাও গলিয়া যাই।

তুমি সূর্য্য—উপরে আলোকের আবরণ, ভিত্তরে অন্ধকার বাষ্প। একদণ্ড চক্ষের বাহ্যর হইলে দশদিক্ অন্ধকার দেখিতে হয়। আবার যখন মাধায় উঠ, তখন আঞ্চান করিয়া মরি—দেশ ছাড়িয়া পলাইতে ইচ্ছা করে।

তুমি বায়—জগতের প্রাণ। তোমা ছাড়া হইলে কতক্ষণ বাঁচি ? একদণ্ড তোমার দেখা না পাইলে প্রাণ ছটফট করে, জ্বলে ঝাঁপ দিতে ইচ্ছা করে; a আবার যখন প্রাখর বহ, কার বাপের সাধ্য তোমার সম্মুখে দাড়ায় ?

তুমি যম—বেড়াইয়া আসিতে রাত হইলে। তোমার বক্তৃতা নরক—সে যন্ত্রণা যাহাকে সহা করিতে না হয়, দে পুণ্যবান্—তার অনেক তপস্তা।

जूमि जन्नि-त्कन ना पिरानिमि जामापिशतक शाए शएए (भाषाशिक्ष ।

তুমি বিষ্ণু—তোমার নাসিকার নথ তোমার স্থদর্শন চক্র—উহারই ভরে পুরুষ অসুরগণ মাথা গুলিয়া তটস্থ হইয়া থাকে। একমন একচিত্তে তোমার সেবা করিলে স্থানীরে গো-লোক প্রাপ্ত হয়।

তুমি ব্রহ্মা — তোমার মুখ দিয়া যাহা বাহির হয় তাহাই আমাদের বেদ — অক্স বেদ আমরা মানি না— ঋক্, যজু, সাম, আনেক দিন হইল বৈতরশী পার করিয়াছি।

তুমি নীলকণ্ঠ—কেন না তোমার কণ্ঠ ভরা বিয—অন্ততঃ দরিজের ভাগ্যে। পরনিন্দায় তুমি পঞ্চমুখ। স্ত্রীস্বাধীনভাবাদীরা ভোমার দলবল, অভএব তুমি ভূতনাথ। তুমি লক্ষী—তুমি যার ঘরে নাই, সে লক্ষীছাড়া। তুমি ধনের দেবতা
—প্রধান আচার্য্য ম্যালপস্ আইন স্থারি করিয়াছেন, যার টাকা নাই সে যেন তোমার উপাসনা করিতে না আসে।

তুমি সরস্বতী—বোধোদয় এবং পশাবলী পড়িয়াই। বহু আরাধনায় তোমায় লাভ করিতে হয়, বহু সেবায় রাখিতে হয়।

তুমি মহামায়া—কেন না অত মায়া আর কেহ জানে না। পরচ্ছিত্রদর্শনে তুমি তিনয়নী। শরীরসজ্জার উপকরণ গ্রহণে তুমি দশভুজা। শাস্তিপুরের প্রসাদে তুমি দিগম্বরী।

তুমি শ্রামা—কেন না স্বামী তোমার পদতলে। তোমার সাধনায় অনেক ভূত প্রেতিনীর দৌরাত্ম সহ্য করিতে হয়—বাসর ঘরের প্রেতিনীদিগের দৌরাত্মের কথাটা মনে পড়িলে এ বৃদ্ধবয়সেও হৃৎকম্প শিরঃশূল নৃতন করিয়া উপস্থিত হয়।

তুমি একুঞ্চ—কেন না এই সংসার গোষ্ঠে পুরুষ গোরুদিগকে চরাইয়া লইয়া বেড়াও। সারাদিন চরাইয়া সন্ধ্যাকালে ছুইটি ঘাস জল দিয়া গোয়ালে বন্ধ কর।

তুমি জগন্নাথ—তোমার জুরিস্ডিক্সনের মধ্যে জাতিভেদ নাই; বাহ্মণ, কায়স্থ, তাঁতি, জোলা, সব একগোত্র। জগন্নাথের হাত নাই; বঙ্গদেশে তোমারও কিছতে হাত নাই।

তুমি গয়া—কত লোকের পিণ্ডই যে তোমাতে মর্দ্দিত ইইয়াছে তার সীমা নাই। তুমি কাশী—পৃথিবীর ধর্মের বাঁড় তোমাদের চেলা।

তুমি বসস্থ—মিলনে; তথন হৃদয়োভানে কত ফুল যে ফুটে, কত বায়্ যে বহে, কত ভ্রমর গুঞ্জরে, কত কোকিল কুহরে—শ্বংধর স্পর্লে অফুক্ষণ পুলকপূর্ণ। তুমি গ্রীম্ম—বিরহে; সদাই আঞ্চান, ছটফট, জ্মলে মরি, বাতাস দে, নির্দ্ধীর, নিরুৎসাহ, অলস, অবশ—প্রাণটা হুছ করে, পৃথিবীটা খাঁ খাঁ করে, যেন প্রলয় উপস্থিত। তুমি বর্ষা—রোগে; হৃদয়াকাশ সদা মেঘাচ্ছর, নয়ন জলদ সদা জলভারাকীর্ণ এবং বর্ষণোলাখ—একবার বর্ষে, তথনই ধরে, আবার তথনই বর্ষে—সর্বদা আশহা, কখন কি হয়। তুমি শীত—রাগে; জড়সড়, কম্পযুক্ত, পেটের ভিতর হাত পা চুকিয়া ঘায়, দাঁতে দাঁতে লাগে; শীতে কেবল আহারের মুখ, তুমি যে দিন রাগে থাক সে দিনও বটে—তুই জনের ভাগ একার হয়। তুমি শরৎ—প্রার্থনায়; যখনই তোমার দিকে চাহিয়া দেখি যে দিয়ওল পূর্ণ প্রকাশ, শশধর যোল কলায় হাসিতেছে, খঞ্জনচকোর নাচিতেছে, তথনই বুঝিতে পারি, আজ বুঝি কিছু আবদার আছে, নহিলে এত ক্কপের ছড়াছড়ি, সোহাগের এত বাড়াবাড়ি!

তুমি বেদ—তোমার কথাই সকল ধর্মের উপর ধর্ম। তুমি ধর্মশান্ত্র—মন্থবিবিষ্ণুহারীত প্রভৃতিকে তামাদি করিয়া তুলিয়াছি, এখন তোমার বিধানমতেই
চলিব। তুমি তন্ত্র—উচ্ছন্নের মূলমন্ত্র। তুমি পুরাণ—অধিকাংশই বাজে কথা,
অনেক মিথ্যা কথা, কাজের কথা খুঁজিয়া পাওয়া ভার। তুমি সাংখ্য—প্রকৃতিই
মূল তন্ত্ব। তুমি বেদান্ত—সব মায়ার মোহ। তুমি স্থায় — অন্ততঃ কলহপটুতায়।
তুমি পাতঞ্চল—তোমা বৈ আবার যোগ কি ? তুমি মীমাংসা—তা কেবল দর্শন
বলিয়া কেন, দর্শনে স্পর্শনে, আস্বাদনে, তুমি যাই বল তাই নিষ্পত্তি, যে আপত্তি
করে তার কম্বন্তি।

তুমি ক্ষিতি—কেন না প্রকৃত পক্ষে তুমিই বস্থন্ধরা—যে হাসি হাস, যে কথা কও, যে চাহনি চাও কুবেরের ভাগুার বেচিয়া দিলেও তার মূল্য হয় না। তুমি অপ, কেন না তুমি তরলমতি। তুমি তেজ্বঃ—বালিকাবিভালয়ের প্রসাদাৎ। তুমি মক্রৎ, কেন না শব্দ বহন করা তোমার ধর্ম। তুমি ব্যোম—কত রঙ্গেই যে ধাক তার ঠিকানা পাই না।

এ স্তর্বটা হিন্দুমতে হইল। ব্রাক্ষেবা হয়ত তঁজ্ঞস্থা কিঞ্চিৎ মনক্ষুণ্ণ হইবেন। কিন্তু আমবা কাহাকেও বঞ্চিত করিব না; ব্রাক্ষমতেও একটা স্তোত্র দিতেছি। আমার ইচ্ছা সকলকেই অন্ধকার হইতে আলোকে লইয়া যাই; চক্ষুর দোষে যদি কাহারও আলো আধারি লাগে, আমি কি করিব ? স্তোত্র যথা,—

হে সর্ব্বময়ি, এই পরিদৃশ্যমান জগৎ নিরন্তর তোমার অপার মহিমা ঘোষণা করিতেছে। এই নিথিল ব্রহ্মাণ্ড তোমার মঙ্গলময় ইচ্ছা পরিপূর্ণ করিতেছে। বায়ুর স্পষ্টি তোমার গ্রীম দূরীকরণ করিবার জন্ম; মৃত্যুর সঞ্চার তোমার মাধার উকুন মারিবার জন্ম; স্থোর উদয় তোমার ভিজা কাপড় শুকাইবার জন্ম; চল্রের বিকাশ তোমার শোবার ঘরের বারান্দায় বাঁধা রোশনাই করিবার জন্ম; ফুল ফুটে, তুমি খোঁপায় পরিবে বলিয়া; ফল পাকে, তুমি শ্রীউদরে দিবে বলিয়া; হে পরম সৎ, আশীর্বাদ কর, রাত্রে যেন স্থ্নিস্তা হয়।

তুমি অনস্থ, কেন না তোমার অস্তু পাওয়া ভার। তুমি সর্ব্বশক্তিমতী, কেন না তুমি না করিতে পার হেন কর্ম নাই। তুমি একমেবাদিতীয়াং কেন না তোমার যোড়া নাই—হে সশরীরে মুক্তি প্রদায়িনি, পাণীর অপরাধ লইওনা, আমি কথায় কথায় অমুতাপ করিব;—অমুতাপ আমি পৃব করিতে পারি, এক প্রকার সিদ্ধবিশ্ব বলিলেই হয়।

তুমি সভ্যস্বরূপ, কেন না তোমা বৈ সব মিধ্যা। তুমি যে অমৃতস্বরূপ তাহা আর বলিতে হইবে কেন ? তুমি অতি শুরু—নতুবা লোকে ভূতের

> সনাতন ধর্মপ্রচারের সেওঁ পল শ্রীচ:।



66 । তুরি প্রাচীন উড়িয়া বৌদ্ধদিগের প্রধান কীর্ত্তি। এই বওগিরি কটক সহরের ৮।৯ ক্রোশ দূরবর্ত্তী দক্ষিণ পশ্চিমাংশে ভূবনেশ্বর নামক শৈবক্ষেত্রের নিকটে জঙ্গলমধ্যে হুইটা পর্বতমধ্যে সংস্থাপিত। এ হুইটা পর্বতের গাত্র খোদিত করত দ্বিতল ত্রিতল বাটি সকল প্রস্তুত হইয়াছে। সেই বাটী সকলের নিম্নে প্রাঙ্গণ, উপরের ঘরে উঠিবার ব্রুহ্ম সোপানাবলী, দরদালানের একপার্শ হইতে অপর পার্শ পর্যান্ত থাম সকল শ্রেণীবদ্ধ, দরদালানের পরে কুঠারী সকল জ্বেণীবদ্ধ। কুঠারীগুলি যে নিভান্ত সঙ্কীর্ণ এমত নহে, কলিকাভার অনেক বাসাডের ঘর অপেক্ষা তাহা লম্বাচৌড়া; গৃহদ্বারের উপরে খোদিত নানারূপ পুত্তলিকা আছে। একটি পর্ব্বতে এরূপ বাটা ছইটি, অপরটাতে একটি আছে। উত্তরপার্শের পর্বতেটী মধ্যস্থলে সর্পের আকৃতির ন্যায় বক্রভাবে খোদা গহ্বর, লম্বা প্রায় ৩০।৪০ ফুট; নিম্নে পর্ব্বত, উর্দ্ধে পর্ব্বতচূড়া, দূর হইতে দেখিলে বোধ হয় যেন পর্বত মৃথব্যাদান করিয়া রহিয়াছে। এইটীর নাম ইংরাজিতে "এস্নেক্ কেভ্" বলে! এই কেভটী পশ্চিমাংশে ব্যাজ্ঞের মুখাকৃতির ন্যায় আঁই এক গহবর আছে, সেটির নাম ইরেজিতে 'টাইগার কেভ" বলে, সেইটির মধ্যে একটি কুঠারী, এবং দরদালান আছে। পশ্চিমাংশের পর্ব্বতে একটি হস্তীর মুখাকৃতি কৃত্রিম গুহা আছে, তাহার নাম "এলিফেন্ট কেভ"; ঐ চুই পর্ব্বতে আরও অনেকগুলি কেভ অর্থাৎ কুত্রিমগুহা আছে ; ছুইটি পর্ব্বতে প্রায় ৬০।৬২টা গৃহা প্রভাক হয়। পর্বতের অন্য পার্ব একণে জঙ্গলপূর্ণ, হিংশ্রম্ভর আবাসস্থল বলিয়া গমনাগমনের নিভাস্ত অস্থাবিধা হইয়াছে। ঐ তুইটি পর্বভের উপরে পাঁচটি চৌবাচ্ছা আছে; ঐ গুলি "গঙ্গা" নামে প্রসিদ্ধ। যে সকল বৌদ্ধধর্ম প্রচারকগণ অনেকদিন কার্য্য করিয়া বার্দ্ধক্য প্রাপ্ত হইতেন, তাঁহারাই ঐ সকল গৃহাতে যোগসাধনা করত জীবনাতিবাহিত করিতেন; আর ঐ চোবাচ্ছাতে স্নানাদি করিতেন। পশ্চিমাংশের পর্ববতের উপরে একটি মন্দির, এবং ভাছার

সংলগ্ন ছুইটি লাটমন্দির আছে; কিন্তু তাহা আধুনিক বলিয়া বোধ হয়। ঐ মন্দির প্রস্তরাদি দ্বারা নির্দ্মিত। তন্মধ্যে বেদী আছে, এবং বেদীতে বৃদ্ধদেবের কুব্ৰ কুব্ৰ মূৰ্ত্তি কয়েকটি সংস্থাপিত আছে। কয়েকটি দ্বিতল গৃহা অৰ্দ্ধখোদিত হইয়া অসম্পূর্ণ অবস্থায় রহিয়াছে, বোধ হয় ভুবনেশ্বরের কেশরীবংশীয় রাজ্ঞা-দিগের প্রাত্মভাব কালে যখন শৈবধর্ম্মের উৎসাহ-অগ্নি উৎকল দেশে প্রজ্ঞালিত হয়, এবং শৈবগণ বৌদ্ধদিগকে উৎপীড়ন আরম্ভ করেন, তাহার প্রাক্কালেই ঐ কয়েকটি কেভ খোদিত হইতেছিল, তৎপরে শৈবদিগের উৎপীড়ন হেডু বৌদ্ধগণ ঐ খণ্ডগিরি পবিত্যাগ কবত প্রস্থান করেন; যাহা হউক, খণ্ডগিরি অশোক রাজার সময়ে একটি সমৃদ্ধিশালী স্থান এবং পুণ্যভূমিমধ্যে পরিগণিত ছিল। ইতিহাসলেখক হন্টর প্রভৃতিব মতে ঐ সকল কেভ প্রায় বাইশশত বর্ষের অধিককাল হইবে নির্মাণ হইয়াছে। তাহা যাহাই হউক এক্ষণে খণ্ডগিরির ব্যাপার দেখিলে প্রাচীন উৎকলবাসী বৌদ্ধদিগের ধর্মোৎসাহের চূড়ান্ত নিদর্শন প্রাপ্ত হওয়া যায়। উৎকলের ইতিহাসলেধকগণ বলেন, নানা স্থানীয় বৌদ্ধগণ সেই সময়ে উৎকলপ্রদেশে উপস্থিত তইয়া এই আন্চর্যা কীত্তি স্থাপন করিয়াছিলেন; যদিও তাহা দ্বীকার করা যায় তাহা হইলেও বিদেশী বৌদ্ধগণ সংখ্যাতে কয়জনই वा व्यक्तिया थोकिरवन १ धे मकन व्याभाव मन्भन कता छूटे सन कि मन सन লোকের কার্যা নতে। এই কার্যা উপলক্ষে বতুসংখাক লোক ভিন্নদেশ হইতে উৎকলপ্রদেশে যে আসিয়াছিলেন, তাহার কোন বিশিষ্ট প্রমাণ যখন প্রাপ্ত হওয়া যায় না, তখন প্রাচীন উৎকলবাসীদিগের দ্বারাই যে ঐ সকল কীর্ত্তি সংস্থাপিত হইয়াছিল, তাহা মুক্তকণ্ঠে স্বীকার করা যাইতে পারে।

ু পুর্বীর জগল্পাথের মন্দিরটিও বৌদ্ধর্মাবলম্বীদিগের একটি প্রধান কীর্দ্তি। হন্টারের মতে গ্রীঃ ঘাদশ শতাব্দীতে তৃতীয় ইপ্রস্থায় রাজা কর্তৃক প্রসিদ্ধ মন্দিরটি নির্দ্মিত হইয়াছে। শু এই মন্দিরের বেষ্টিত ভিত্তির মধ্য দিয়া একটা গুপ্ত সোপান

[•] হণ্টার তৃতীয় ইন্দ্রভায় কর্তৃক বাদল শতাব্দীতে ঐ মন্দির নির্মাণ হইবার কথা উল্লেখ করিয়াছেন, তাঁহাকে এ বিষয়ে ভ্রমণ্ক বলিয়া মনে করিতে পারা যায় না। হণ্টার সাহেব নিজকত ইতিহাসে লিবিয়াছেন—"ঝাঁ: পঞ্চম শতাব্দীর কিঞ্চিং পূর্বে হইতেই উৎকলবাসী বৌদ্ধপ লৈবধর্মাবল্দী রাজগণ কর্তৃক উৎপীড়িত হইরা ক্রমণ: লৈবধর্মাবল্দী তে নৈবধর্মাবল্দী বজাতিকেশরী রাজা কর্তৃক তৃবনেশরের প্রসিদ্ধ মন্দির নির্মিত হয়।" বখন পঞ্চম শতাব্দী হইতে উৎকলের বৌদ্ধপাত্তিবের হত্তে পতিত হইরা ক্রমণ: দেশ পরিত্যাপ ও ধর্ম পরিত্যাপ করিয়া আসিতেছিলেন, এমত অবস্থায় আইম শতাব্দী পর্যন্ত বৌদ্ধধর্মাবল্দী উৎকলদেশে থাকা, অস্থ্যান করা যায় না। বে যুক্তিতে, বে কারণে মহন্দ্রের অন্যাচার এবং

আছে; তাহা ত্রিতল এবং তাহা সম্প্রতি প্রকাশ হইয়াছে। ভিত্তির মধ্য দিয়া বরাবর উপরে উঠিবার সিঁড়ি প্রস্তুত করা বড় সাধারণ বৃদ্ধির এবং ক্ষমতার কার্য্য নছে। এই মন্দিরটি প্রায় দেড়শত হস্ত অপেক্ষা উচ্চ হইবে। মন্দিরের চতৃষ্পার্শে বিস্তৃত প্রাঙ্গণ, তৎপার্শ্বে দেবালয় সকল সংস্থাপিত, বাটার চারিদিকে চারিটা গেট।

উৎপীড়ন আরম্ভ হইবার ২।৩ শত বর্ষ পরে আরবরাজ্যে অন্ত ধর্মাবলম্বী বেশী লোক থাকা षरमान कता याहेटल भारत ना, माहे युक्ति खरलधन कतिया प्रथा यात्र रेनवधर्यावलधी क्यात्री-বংশীয় রাজাদিগের পীড়ন আরভ্যের তুই তিন শতাস্থীর পরে বৌদ্ধর্মাবলম্বীরা উৎকলদেশ হইতে নির্মাণ হইয়াছিলেন, এক্রপ অফুমানও অসকত বোধ হয় না। এদিকে ভাক্তার মৃষ্টি প্রমাণ করিতেছেন, ভাষা হইলে তৃতীয় ইন্দ্রন্তম রাজার তিন শত বর্ষ পূর্বের, এমন কি ভূবনেশ্বরের মন্দির নিশ্বিত হইবার পূর্বের পুরীর মন্দির নিশ্বিত হইবার সম্ভাবনা এবং তৃতীয় ইন্দ্রায় রাজা বৌদ্ধার্থাবশ্বী ছিলেন, এরপ স্বীকার করিতে হয়, নচেৎ তৃতীয় ইন্দ্রায় রাজা বৌদ্দেবতার ঐ মন্দিরের কেবলমাত্র সংস্থারকার্য্য সম্পন্ন করত, বৌদ্ধদেবতার আক্ষরিক यहिंदिक "अश्रवाध" नाम श्रामान कविशा विकृधार्याव উन्छिनाधन कविशाहित्सन, এই याख অভুমানসিদ্ধ চইতে পারে। পুরীর মন্দিরটি ঞ্জী: ঘাদশ শতানীর বছকাল পুর্বের নির্মিত হইবার আরও একটি যুক্তিদঙ্গত প্রমাণ হন্টার সাহেবের মতেই প্রকাশ হইতেছে: হন্টার শাহের নিজ্পত ইতিহাসে লিখিয়াছেন "লাক্যসিংহের মৃত্যুর পরে বৌদ্ধপ্র উৎকলে भाकामिश्टू इहि एउ चानियाहिएनन . এवः त्मरे इहि एउटक त्रथादार्श कतारेया होना ছইত, বৰ্ষে বৰ্ষে তদ্ধেতৃক খুব জাকজমকের মেলা হইত। যথন লৈবধৰ্মাবল্ছিপ্ন বৌদ্ধ-मिश्राक छेर शीएन चारास करान, उथन अकसन रवीय के घटेंगे प्रक नहेंगा निरहन बीर्ल भनायन करवन।" रुक्ताव मारश्यव धरे कथारे श्रमांग कविरक्ताह रम, रेनवध्यावनश्री क्यांत्री-বংশীয় রাজাদিগের প্রাছ্ডাব বৃদ্ধি হইবার পূর্বে অর্থাৎ জ্ঞীঃ ষষ্ঠ শতানীর আরও পূর্বে পুরীর মন্দির নির্শ্বিত, এবং দণ্ডোৎসৰ উপলক্ষে রথঘাতার প্রথা প্রচলিত হওয়াই সম্ভব। ষঞ্চাতি কেশরী রাজার সময়ে এঃ বর্চ শতান্ধীতে ভূবনেশরের প্রসিদ্ধ শিবমন্দির নির্শ্বিত হইয়াছিল, এরণ ছলে এঃ পঞ্ম শতাঝীতে বৌদ্দিগের উন্নতাবস্থার সময়ে পুরীর মন্দির নির্মিত হওয়াই সম্ভব। উৎকলের "মাদলাপঞ্জিকা" প্রভৃতির বারা যে স্ব প্রমাণ সংগ্রহ করা হইয়াছে, তাহা তত ঠিক বোধ হয় না। তাহার প্রধান কারণ কেশরীবংশীয় রাজাদিগের সময়ে অথবা ইক্সচায় রাজার সময়ে উড়িয়া ভাষাই অস্পূৰ্ণাবছা ছিল, তৎকালে "মাদলাপঞ্জিকা" প্ৰভৃতি প্ৰস্তুত হওয়া বলাচই সৃত্তুত বোধ হয় না; "মাদলা পঞ্জিকা" প্রভৃতি গলাপতি বংশীয়দিগের সময়ে প্রচলিত ছওয়াই স্ভব। তথ্ন ঐ পঞ্জিকাদির হার। বহু প্রাচীনকালের বিবরণ সংগ্রহ হওছা ঠিক वना वाहेर्फ भारत ना । त्वाथ एवं हेळकाव ताका भूतीत यन्मिरतत नार्ड यक्कित निःहकात প্রভৃতি নির্মাণ কার্য্য সম্পন্ন কবিয়াছিলেন, ডক্ষয়েই ঐ মন্দিরও তাঁহার কীর্দ্ধি বলিয়া প্ৰচাৱিত হইয়া থাকিবে।

জগন্ধাথের বাটার ফ্লার উচ্চতায় প্রায় ৮।৯ হস্ত হইবে। মন্দিরের সম্মুখন্থ তিনটা লাটমন্দির সংস্থাপিত আছে, উক্ত তিনটা লাটমন্দিরের কার্ণিসের চতুম্পার্থে এবং গাত্রে ঈদৃশ জঘন্ত অশ্লীলভাবব্যঞ্জক মূর্ত্তি সকল সংস্থাপিত আছে, তাহা দেখিলে ঐ মন্দির দেবমন্দির না বলিয়া 'নরকধাম" বলিতে ইচ্ছা হয়।* উক্ত মন্দিরের সিংহ্ছারের সম্মুখে "অরুণস্তম্ভ" সংস্থাপিত আছে। স্তম্ভটী প্রায় ৪০ ফুট উচ্চ; ব্যাস প্রায় গড়ে আড়াই ফুট; ঐ স্তম্ভটীর নিম্নদেশে কৃষ্ণবর্ণ প্রস্তারের ক্ষুত্র ক্ষুত্র হংসমালা বেষ্টিত। ঐ হংসমালা দেখিলে চমৎকৃত হইতে হয়। ঐ স্তম্ভটী কণারক নামক স্থানের স্বর্থ্যমন্দিরের সম্মুখে সংস্থাপিত থাকে, মহারাষ্ট্রীয় রাজাদিগের সময়ে ঐ স্তম্ভটীকে তিনখণ্ড করিয়া, পুরীতে আনা হয়; এরং জগন্ধাধের বাটীর সম্মুখে

 হণ্টার প্রভৃতি উৎকলের ইতিহাস লেখকগণ, ঐ অবক্ত মৃতি সকল মন্দিরের সংখ সংস্থাপিত হইয়াছে, কি অন্ত কোন সময়ে সংস্থাপিত হইয়াছে তদস্সভানে ওঁদাসিভ অবলম্ব করিয়া গিয়ছেন। আমি ইহার অমুসন্ধান করিয়াছিলাম, প্রথমে দেখিলাম প্রধান মন্দির এবং লাটমন্দির প্রস্তরনিশিত; শ্রেষ্ঠ মন্দিরটীর উত্তর পার্বের গাজে একস্থানে একটি মাত্র ঐবপ কঘলমূর্ত্তি আছে; কিছু সেটা কেবলমাত্র চুণ বাবির ক্ষমাটে প্রস্তুত হইয়াছে; এইখানেই আমার সন্দেহ হয় যে মন্দির নিশাণের সময় ঐ মৃত্তিটী দংস্থাপিত হইলে, ঐ মৃত্তি ি প্রতার বোদিত হইত এবং গাঁধুনির দলে সংযুক্ত হইত; তংপরে সম্মুখের প্রথম লাটমন্দিরের সম্মুখের গাত্তে ক্লফবর্ণ প্রগুরের বভগুলিন অবস্ত মৃত্তি সংস্থাপিত দেখিলাম, औ সকল মৃত্তি লাটমন্দিরের গাত্র সাবধানে খোদিত হইরা ভন্মধ্যে সংস্থাপিত হইয়াছে, বড় লাটমন্দিরের চতুম্পার্থে যে সকল অঘন্যমৃত্তি আছে, ভাহাও চুৰ্ণ বালির জমাট করা প্রস্তুত, ভাহাতে স্পষ্ট বোধ হইল ঐ সকল জখনা মূর্ত্তি মন্দির নির্মাণের বছকাল পরে সংস্থাপিত হইয়াছে। এমন কি ঐ সকল অখন্যমূর্ত্তি মুসলমান্দিপের রাজত্বের পরে সংস্থাপিত হইয়াছে এরপ অনুমান অসম্ভত বোধ হয় না। মুসলমানগণ পুরীর মন্দিরের পাত্রে যে সকল বোদিত কৃত কৃত্র দেবমূর্তি ছিল, তৎসমুদরের হন্তপদ নাসিকা, গ্রীবা প্রভৃতির কোন না কোন খংশ ভর করিতে ফ্রাট করে নাই; ষ্ম্বাপি তংকালে ঐ সকল মূর্ত্তি মন্দিরে সন্নিবেশিত থাকিত ভাচা চইলে, ঐ স্কল মুর্তিরও অন্ততঃ কোন না কোন অঙ্গ ভাঙ্গিতে ফ্রাট করিত না, ঐ সকল মুর্তি क्लाठरे अक्छ अब थाक्छि नः ; हेरात बाता न्नहेरे बाना गाहेरछह मे नकन मुर्खि মুসলমানদিপের শেষকালে ষধন লৈব তাব্লিকদিগের হতে মন্দিরের কার্যাভার পভিড হইয়াছিল, সেই সময়ে ভাত্মিক পুরোহিতপণ "বটুক ভৈরব" নামক একটা শিবষ্তি জগনাথের সমূথে প্রতিষ্ঠিত করেন, এবং বোধ হয় সেই সময়েই তাঁহারাই ঐ সকল অখন্য-মুর্ত্তি লাটমন্দির প্রাকৃতির গাজে দরিবেশিত করত আপনাদের পাপকৃচির চিক্ সংস্থাপিত করেন। তৎপরে বধন তথ্য মূলাধারী বৈষ্ণবদিপের হল্তে মন্দিরের ভার পভিত হয তথন তাঁহারা অপলাথের সম্ধ হইতে বটুক ভৈরবের মূর্ভি উঠাইয়া সমূত্রে বিস্থান करतन । अहे घटेना वाध इस महाबाह्यमिरगत्र व्यामनमात्रिएक मञ्जाह इस ।

সংস্থাপিত করা হয়। পুরীতে তিনটি প্রকাণ্ড পুষরিণী আছে, "ইন্দুত্যমু" একটার নাম, বিভীয়টীর নাম "মার্কণ্ড" তৃতীয়টীর নাম "নরেন্দ্র, এইটা অপেক্ষাকৃত আধুনিক।

পুরীর প্রায় দেড় ক্রোশ দূরবর্ত্তী—"লোকনাথ" নামক একটি শিব আছেন।

ঐ শিবের মন্তক হইতে জলস্রোত নির্গত হইতেছে।

ভূবনেশ্বর — এই মন্দিরেব নির্মাণকার্য্য যজাতিকেশরী রাজার সময়ে সম্পন্ন হয়। অর্থাৎ ঝাঃ ষষ্ঠ শতান্দীতে প্রস্তুত হয়; প্রায় তেরশত বর্ষ অতীত হইল ঐ মন্দিরের নির্মাণ-কার্য্য সমাধা হইয়াছে। নির্মাণ করিতে একশত বর্ষ অতিবাহিত হইয়াছিল। উড়িয়া শৈবধর্মাবলম্বীদিগের ঐ কীর্ত্তি দেখিলে চমৎকৃত হইতে হয়। মন্দিরটী যেমন বৃহৎ, সেইকপ আবার প্রশস্ত। মন্দিরের গাত্রে নানা প্রকার প্রস্তুরময়ী মৃত্তি সকল সন্ধিবেশিত আছে। একটা মৃত্তির পায়ে একরূপ বৃটজুতা আছে, তদ্প্তে বোধ হয় তংকালে বৃটজুতার ব্যবহাব প্রচলিত ছিল। শু মন্দিরের মধ্যস্থলে, চতুম্পার্যে প্রাচীব এবং দেবালয় সকল সংস্থাপিত, সম্মুখে প্রকাণ্ড সিংহছার, এবং অন্থ তিনদিকে তিনটা বৃহৎ প্রবেশদারও আছে; এই মন্দির প্রাচীন উৎকলীয় লোকের সর্বেবাৎকৃষ্ট কীন্তি। এর্মণ স্থন্দর এবং স্থগঠন মন্দির ভারতবর্ষের কুত্রাপিও নাই বলা অত্যুক্তি হয় না।

ভ্বনেশরে "মার্কণ্ডেশ্বর" নামক অপর একটি শিবালয় আছে। তাহার কার্যাও অতি স্থলর। ঐ দেবালয়টি মর্কটকেশরী রাজার সময়ে নির্মিত হইয়াছে বলিয়া ইতিহাসলেখকগণ বলেন। উক্ত দেবালয়ের মধ্যে প্রবেশঘারের হই পার্ষে হইখানি কৃষ্ণবর্ণ প্রস্তরফলকে উক্ত মন্দিরের বিবরণ লিখিত আছে; আমি তাহা পড়িতে চেষ্টা করিতে গিয়া দেখিলাম, তাহার অক্ষর অনেকগুলি দেবনাগর, কতকগুলি বাঙ্গালা, আর এক্ষণে যে সকল উড়িয়া বর্ণমালা প্রচলিত, সেরূপ অক্ষরও মধ্যে মধ্যে আছে; ঐ বিবরণ উল্লিখিত তিন প্রকার বর্ণমালাতে সম্পন্ন হইয়াছে, তদ্ধে বেশ অমুভব হইল, মর্কটকেশরী রাজার সময়েও উড়িয়া বর্ণমালা পূর্ণাবস্থা প্রাপ্ত হয় নাই; এবং বাঙ্গালাভাষা অথবা বাঙ্গালা বর্ণমালা তাহার বহুকাল পূর্বের পূর্ণাবস্থা প্রাপ্ত হইয়াছিল; সংস্কৃত, এবং বাঙ্গালা এই হুই ভাষার বর্ণমালা হইতেই উড়িয়া বর্ণমালা প্রস্তুত হইয়াছে তাহা উপরোক্ত প্রস্তরক্ষলকের লিখন দৃষ্টিমাত্রেই অমুভব হইবে। খ্রী: ষষ্ঠ শভান্ধীতে কেশরীবংশীয় রাজাদিগের সময়েও উড়িয়া বর্ণমালা সম্পূর্ণতা প্রাপ্ত হয় নাই।

ইতিহান লেধকদিগের মতে গ্রীক্গণ তৎকালে উৎকল দেশে আসিরাছিলেন,
 তাঁহালের পাতৃকা ঐরপ ছিল, তদ্টেই মন্দিরের গাত্রে প্রথরমন্ত্রী মৃর্ভিতে বৃটক্তা খোদিত
হয়াছে।

ভ্বনেশ্বের নানা স্থানে প্রাচীন দেবমন্দির সকল সংস্থাপিত রহিয়াছে, ঐ সকল মন্দিরের গাঁথুনী কেবল মাত্র পাথরে পাথরে ঘর্ষণ করিয়া, পাথরের উপর পাথর সংস্থাপিত হইয়াছে; চৃণ বালি শুরকী অথবা অপর কোনরূপ মসলা ছারা ঐ কল মন্দিরের গাঁথুনী হয় নাই; শত শত বর্ষাতীত হইল, তথাপি ঐ সকল মন্দির অটলভাবে অল্পাপি বর্ত্তমান রহিয়াছে। ভ্বনেশ্বেরে পূর্বে উত্তরাংশে জঙ্গলমধ্যে একটি অত্যাশ্চর্য্য প্রাচীন মন্দির আছে; ঐ মন্দিরের গাত্রে নানারূপ মূর্ত্তি সকল খোদিত। মন্দিবমধ্যে যে মূর্ত্তি আছে, তাহার নিম্নদেশ হইতে জলপ্রোত নির্গত হইয়া একটি কুণ্ডমধ্যে পতিত হইতেছে, পুনরায় সেই কুণ্ড হইতে জল নির্গত হইয়া মাঠে পতিত হইতেছে, ঐ মন্দিরের প্রায় ত্রই ক্রোশ দূরে পর্বতে আছে, বোধ হয় সেই পর্বত হইতে জলপ্রোত নিম্নদেশ দিয়া অলক্ষিতভাবে ঐ স্থানে আসিতেছে। ঐ স্থানটি অতিশয় রমণীয়। ভ্বনেশ্ববের প্রাচীন মন্দির যতগুলি আছে, সকল গুলিই উডিয়াদিগেব অসাধারণ ক্ষমতার পরিচয় প্রদান করিতেছে।

কণাবক-এই স্থান কটক নগরীর পুর্ব্ব দক্ষিণ প্রায় ১৬৷১৭ ক্রোশ দূববর্ত্তী সমুদ্র তাঁরবর্তী। এই ক্ষানে একটি সূর্যামন্দির প্রতিষ্ঠিত ছিল। মে: হণ্টারের মতে এই মন্দির খ্রী: ছাদশ শতাব্দীতে নির্মিত হইয়াছিল। যঞ্জাতিকেশরী রাজা যে দশ সহস্র ব্রাহ্মণ যাজপুর নামক স্থানে বসবাস কবাইয়াছিলেন, তাঁহাদের মধ্যে ঘাঁহাবা সুর্য্যোপাসক ছিলেন, ঐ মন্দিব তাঁহাদেরই কীর্ত্তি। ঐ মন্দিরটা একণে ভাঙ্গিয়া গিয়াছে: দূর হইতে দেখিলে বোধ হয় যেন একটা পর্বত উন্নতমন্তকে দুগুয়ুমান রহিয়াছে। ঐ মন্দিরের ১৪।১৫ ক্রোশ মধ্যে কোন পর্বতাদি প্রত্যক্ষ হয় না; কিন্তু এ মন্দির প্রকাণ্ড প্রকাণ্ড প্রস্তুরে নিম্মিত হইয়াছিল। ঐ মন্দিনের সম্মুখদারে একখানি বৃহৎ প্রস্তর সন্ধিবেশিত ছিল, তাচাতে নবগ্রছের প্রতিমূর্ত্তি খোদিত আছে; এখানি আমুমানিক ছই বিঘা হ্লমি সরাইয়া আনিতে গভর্ণেটের বিস্তর অর্থ ব্যয়িত হইয়াছে, এমত স্থলে মন্দির নির্মাণকালে ঐ প্রস্তুর সকল বহু দূরদেশ হইতে কিরূপে কণারকে আন। হইয়াছিল, ভাহা চিম্বা করিতে গিয়া আশ্রুষ্ট্য হইতে হয়। এখন এত বিজ্ঞানের উন্নতি, এত কল, এত মুগম্য পথ, তথাচ ঐ প্রস্তরখণ্ড স্থানান্তরিত করিয়া সমুক্রতীরে আনা দুব্ধহ ব্যাপার হইয়াছে, কিন্তু সেই প্রাচীন কালে উড়িয়াগণ অন্ততঃ ১৭৷১৮ ক্রোশ **न्त्र २**हेर७ **ओ श्राप्त्र शामिया मिल्या छेला छेत्रा छेत्रा छेत्रा छेत्रा छिलान. इ**हा ७ সাধারণ ক্ষমতা এবং অধ্যবসায়ের কার্যা নহে। এই মন্দিরের ভগ্নাবশেষ কার্যা नकन प्रिथित लाहीन उरकनीय पिश्व रखना ना पिया थाका याय ना ।

কটক—কটকের এক পার্শ্ব দিয়া মহানদী, অপর পার্শ্ব দিয়া কাঠযোড়ী নদী প্রবাহিত হইতেছে। এ হুই নদীর স্রোতে কটক সহর ভাঙ্গিয়া যাইতেছিল, সেই অপকার নিবারণ জন্ম কাঠযোড়ী নদীর গর্ভ হইতে একটা প্রস্তরের পোস্তা গাঁথা হয়; ঐ পোস্তা প্রায় তিন মাইল পথ ব্যাপ্ত; কোন স্থানে ত্রিশ ফুট, কোন স্থলে ততোধিক উচ্চ; মধ্যে মধ্যে প্রশস্ত ঘাট; এবং প্রকাণ্ড প্রকাণ্ড স্তম্ভ সকল নদীগর্ভ হইতে উত্থিত হইয়াছে, তাহার মধ্যে একটা স্তম্ভের গঠনকোশলা দেখিলে প্রাচীন উড়িয়াগণ কতদূর ইঞ্জিনিয়ারিং বিভাবিশারদ ছিলেন, তাহার চূড়াস্ত উদাহরণ প্রাপ্ত হওয়া যায়। বর্ষাকালে যথন অতিবেগে জলম্রোত প্রবাহিত হয়, তথন ঐ স্তম্ভ কটক রক্ষা করে। জলম্রোত বেগে আসিয়া শেষোক্ত স্তম্ভে আঘাত করে; করিবাত্রাত্রই জলম্রোত হুস্বতেজা হইয়া এপার ছাড়িয়া অপরপারে প্রধাবিত হইতে থাকে;— আর কটকের পারে জলের আঘাত লাগিতে পারে না, এরূপ কোশল অবলম্বন করা সাধারণ বৃদ্ধির কার্য্য নহে। এই স্তম্ভ প্রায় আট শত বর্ষের অপেক্ষাও প্রাচীন হইবে; উৎকলের ইতিহাসলেথক স্টার্লিং সাহেব বলেন উড়িয়ায় প্রাচীনকালে শবদাহের জন্য কর নির্দ্ধারিত ছিল, সেই শবদাহ হইতে যে কড়ি আদায় হইত তদ্বারাই ঐ পোস্তা সুকল নির্মাণ হইয়াছে।

ধবলেশ্বর — মহানদীর মধ্যস্থলে একঠি ক্ষুদ্র, পর্বত এবং অল্লাংশ উচ্চ ভূমি আছে; ঐ স্থানে একটি মন্দির আছে; দেই মন্দিরের সম্মুখে কৃষ্ণবর্গ প্রস্তরের নানাপ্রকার মূর্ত্তি সকল পড়িয়া রহিয়াছে। তল্মধ্যে অনেক মূর্ত্তিই ভগ্নদেহ। ঐ সকল মূর্ত্তির গাত্রে যে সকল অলঙ্কার খোদিত দেখিয়াছি, তল্মধ্যে অনেকগুলি অলঙ্কার এ পর্যান্ত আমাদের দেশে ব্যবহার হইয়া থাকে। কটকের কাঠযোড়ি নদীর এবং মহানদীর পরপারের পর্বতে বৌদ্ধদিগের খোদিত গুহা সকল আছে, কিন্তু শৈবগণ ঐ সকল গুহার উপরে চূড়া নির্মাণ করত তল্মধ্যে শিব সংস্থাপন করিয়া "শিবমন্দির" "শিবাল" নাম প্রদান করিয়াছেন।

যাজপুর—এই স্থান বৈতরণী নদীর তীরবর্তী; এখানে প্রাচীন কালের প্রতিষ্ঠিত ছটি প্রস্তরময় স্তম্ভ আছে; এইস্থান এক সময়ে কেশরীবংশীয় রাজাদিগের কালে সমৃদ্ধিশালী ছিল, এখন কেবল নাম মাত্র আছে। বালেশ্বর প্রদেশে প্রাচীন কীর্ত্তি প্রায় প্রতাক্ষগোচর হয় না।

এই সকল প্রসিদ্ধ দেবালয় ভিন্ন অপরাপর অনেক ক্ষুদ্র ক্রাচীন দেবালয় প্রভৃতি উড়িয়াতে বিভ্যমান আছে; সে.সব বিষয়ের উল্লেখের ভঙ আবশ্যক নাই, একণে উৎকলবাসীদিগের অন্যান্য বিষয়ের ক্ষমতা কভদূর ভাহারও কিছু বলা আবশ্যক হইতেছে।

সার্ব্বভৌমিক রাজা গৌড়াধিপতি দেবল দেবের সময়ে উৎকল প্রত্তৈশ যদিও গৌড় দেশের অধীনস্থ ছিল, পালবংশীয় রাজাদিগের সময়েও উৎকল প্রদেশ যদিচ পঞ্চগৌড়ের অন্তর্গত ছিল, এবং বঙ্গদেশীয় গঙ্গাপতি বংশীয় রাজাগণ যদিচ বছকালাবধি উৎকল দেশে একাধিপত্য সংস্থাপন করিয়াছিলেন, কিন্তু এক সময়ে উড়িয়ারাও বঙ্গভূমির ত্রিবেণী পর্যান্ত রাজ্য বিস্তার করিয়া স্বজ্ঞাতীয় বীরন্থের পরিচয় প্রদান করিতে ক্রটি করেন নাই। তবে এই মাত্র বলা সঙ্গভ, বিদেশ আক্রমণ করিতে যে সকল কৌশল অবলম্বন করা আবশ্যক, গঙ্গাপতি বংশীয় রাজ্যাদিগের নিকটই উড়িয়াগণ তাহা শিক্ষা প্রাপ্ত হইয়াছিলেন, কারণ গঙ্গাপতি রাজ্যাদিগের পূর্বেব উড়িয়াগণ কোনকালে কখন ভিন্নদেশ আক্রমণ করিয়া-ছিলেন তাহার প্রমাণ প্রাপ্ত হওয়া যায় না।

উৎকল রাজ্য যেটুকু বঙ্গদেশীয় গবর্ণমেন্টের অধীনে আছে, কেবলমাত্র সেই টুকু উৎকল প্রদেশ নহে, উৎকলের অনেকাংশ মান্দ্রাজ্ব প্রেসিডেন্সির এবং মধ্য-ভারতবর্ষের অন্তর্গত হইয়া রহিয়াছে; এই বছজনপূর্ণপ্রদেশকে উৎকলবাসীরাই স্থাসনে রাখিয়া স্বজাতীয় প্রভুহ রক্ষা করিয়াছিলেন, তদ্বারা তাঁহাদের বীরন্ধের বিশেষ পরিচয় প্রাপ্ত হওয়া যায়। এক্ষণে বাঙ্গালা প্রেসিডেন্সিতে উৎকলে ১৮টা গড়জাত মহল আছে, এবং মান্দ্রাজ্ব প্রেসিডেন্সি, মধ্যভারতবর্ষের অন্তর্গত আরও কয়েকটি গড়জাত মহল আছে; এ সকল প্রদেশের রাজাগণ ইংরাজ গবর্ণমেন্টকে সামান্ত মাত্র কর প্রদান করেন,—তাঁহাদের রাজ্যত্বের বিচারকার্য্য সকলেই তাঁহারা স্বয়ং সম্পন্ন করিয়া থাকেন, তাঁহাদের জেলখানা আছে, তিনবর্ষ মিয়াদের যোগ্য ক্রেজনারি মোকর্দ্ধমা তাঁহারাই করেন, ততােধিক অপরাধী যাহারা, তাহাদের বিচার উড়িন্থার স্থানীয় কমিশ্রনর সাহেবকে সোপর্দ্ধ করিছে হয়। এই নিয়ম অতাপি প্রচলিত থাকাতে বঙ্গদেশ অপেক্ষা উড়িন্থার অনেকটা স্বাধীনতা এ পর্যান্ত অক্ষত রহিয়াছে।

বছকাল হইতে উড়িয়াগণ কুজ কুজ জাহাঁজ নির্মাণকার্য্যে স্থশিক্ষিত হইয়া আপনারা সমুজপ্রথে জাহাজ চালাইতে সক্ষম হইয়াছিলেন । তথাপি উড়িয়াগণ

[•] বলবাদীদিপের নিকটেই উড়িয়াগণ ভাহাজনির্মাণ শিক্ষা করিবারই সভব।
বলদেশের রাজা সিংহবাছর পুত্র বিজয়সিংহ খুটের ৪৭৭ বর্ব পূর্কে সিংহল অধিকার
করেন; উহার সময়ে বলদেশে জাহাজ নির্মাণ হইত, তিনি সমূত্র পথেই পঞ্চত
পরিচারক সহিত সিংহলে গমন করেন। জাহাজ ভিন্ন সিংহলে গমন করা সভব
হইতে পারে না; গলাপুত্রবংশীর রাজাগণ বগন তমলুকে রাজত্ব করেন, তৎকালে
তমলুকে জাহাজ নির্মাণ হইবার প্রমাণ প্রাপ্ত হওয়া বার; উড়িয়ার তৎকালে জাহাজ
নির্মাণের কোনরূপ প্রমাণ প্রাপ্ত হওয়া বার না, বোধ হয় বধন গলাবংশীয় রাজাগণ
উৎকল অধিকার করত উৎকলে প্রভুত্ব সংস্থাপন করেন, সেই সময় হইতে উৎকলবাসীয়া
বলদেশীয়দিগের নিকট হইতে জাহাজ নির্মাণ শিক্ষা করেন, এবং সমুত্রপথে গমনাগমন
ভারা বাণিজ্য ব্যবসায় আরম্ভ করিবাছিলেন।

কুত্র কুত্র জাহাজ নির্মাণ করিয়া বঙ্গোপসাগর দিয়া বাণিজ্যকার্য্য সম্পন্ন করিতেছেন। যদিচ চট্টগ্রামের কয়েকজন বাঙ্গালীর জাহাজ আছে সত্য, কিন্তু তাহাদের প্রধান প্রধান জাহাজে কাপ্তেন ইয়ুরোপীয়, কিন্তু উৎকলবাসীদিগের জাহাজ, উড়িয়াগণ আপনারাই চালাইয়া থাকেন, উড়িয়ার জাহাজে কাপ্তেন, মালিম, ইঞ্জিনিয়ার এবং অপরাপর সকল কার্য্যকারকই উড়িয়া। জাহাজ নির্মাণ এবং সমৃত্রপথে জাহাজ পরিচালন সম্বন্ধে উড়িয়াগণ সমগ্র ভারতসম্ভানের অপেক্ষা শ্রেষ্ঠ।

बीमीननाथ वत्मााभाशाय ।

গঙ্গাধরশর্মা ৪রয়ে জটাধারীর রোক্তনামার

উनविश्म পরিচ্ছেদ

গোষ্ঠবাত্রা

ন্ধ্যার প্রাক্কাল। কেহ কেহ কহিতেছেন আজ "শীত শীত" বোধ হইতেছে, তুই একটি বৃদ্ধ হিমের ভয়ে মস্তকে চাদরের উল্টা ফেটা লাগাইয়াছেন, শুভ্র 😎 চুলের তুই পার্শ্বে কর্ণছয় ঝহির হইয়া রহিয়াছে, কুষকেবা গোপাল লইয়া b-অ-ল অমুকের গোরু বলিয়া প্রভুর গৌরব বৃদ্ধি করিতেছে। কোন গোপাল ক্হিভেছে চল আজ ঠাঙা হয়েছে এখনি ধুমও দিব, কোন রাখাল ক্হিভেছে আজ কেবল আলে কিছু হবে না ভাই, ঘরে খ্যাড় আলাতে হবে, এমন সময় ছ' ছ' শব্দ শুনা গেল—দেখা গেল একটি তানযানে আশুতোষ বাবু উন্থান হইতে বাটা প্রত্যাগমন করিতেছেন, লাল পাগড়ি মস্তকে, লম্বা লাঠা হস্তে ছইজন পদাতিক অগ্র পশ্চাতে দৌড়িতেছে ও একজন ভ্তামাত্র একটি বৃহৎ উক্তরণ রৌপ্যানির্মিত ফুরসী হস্তে পশ্চাতে শশব্যস্ত ৮ বেহারাদলের, ছারবানের, ছাঁকা বরদার ভূত্যের, সকলেরই এক চাল, তালে তালে পা পড়িতেছে। বাব্মহালয় অবতরণ করিবামাত্র কালিন্দী সায়েরের ঘাটোপরি গঙ্গাধরের মন্দিরে একটি প্রশাম করিলেন, পরে অক্ষুট বচনে কোন স্তব উচ্চারণ করিতে করিতে বৈঠক-খানার দিকে গমন করিয়া প্রশস্ত বারেন্দায় পাদচালনা করিতে লাগিলেন। ঠাকুর বাটীতে আরতীর বাজন। বাজিতেছে, নহবতে টিক্ক্রা সংযুক্ত সানায়ে পুরবী পাইতেছে, সেই দিক্লেই মন দিয়া যেন বাবুমহাশয় মধ্যে মধ্যে মস্তক হেলন ক্রিভেছেন। ইতিমধ্যে একটি কামরা আলোকময় চইল, হ্রম-ফেশনিভ व्यनन्त्र नामत्त्राश्रति अकि कृत्य नाम, अक दृश्य जिया ७ करमकी कृत्य कृत्य বালিস সংযুক্ত হইল, পার্বে একটি মোচার খোলের স্থায় বৃহৎ স্বর্ণজ্ঞাতির্ময় বাঁধা হ'কাও কদলীপত্রনিশ্মিত হস্তদ্বয় প্রমাণ পুষ্পনল শোভমান হইল, রক্তত-নির্মিত শুভ্র রেকাবীতে কয়েকটা চামেলী পুস্প ও রঞ্জনীগদ্ধা সংস্থাপিত হইল—

মৃহুর্ত্তমধ্যে বাব্মহাশয়ের কাঞ্চননিভ সুগঠনশালী অঙ্গ শয্যোপরি শোভমান হইল। সকলেই জানিত যে বাব্মহাশয়ের একটা সোণার খল লুড়ি ছিল, প্রতিদিন প্রাতে ছই ঘণ্টা পর্যান্ত মধু দিয়া ঘর্ষিত হইত ও ঐ মধুসংযুক্ত স্বর্ণ, বাব্মহাশয়ের দৈনিক ভোজ্য ছিল, তাহাতেই তাঁহার রঙ্গে সোণার আভা। বাব্মহাশয় গদির উপরে উপবেশন মাত্র ভৈরবকে তলব ও তালবৃন্তের পাখা হেলাইবার হুকুম হইল। আজ্ব সবার শীভাকুভব তবু বাব্মহাশয়ের এক একটা পাখা চাই, সকলে জানিত, তাহার গরম ধাত, কেহ কেহত কহিত সে কেবল টাকার গরমী।

ভৈরব তাকিয়ার পশ্চান্তাগে কিঞ্চিৎ অস্তরে বসিল। এক হাতে পাখা হেলাইতেছে ও আর এক হস্ত হেলাইয়া মুখভঙ্গীর সহিত সকলকে কহিতেছে "যা, বলে দেব এখনি দেখ্বি।" আমি গৃহের দ্বারে এক উকি মারিলাম। বাবুমহাশয় কয়েকটা ফুল হস্তে আদ্রাণ লইতেছেন, ভৈরব আমাকে দেখিয়া চক্রাকারে অস্থলি ঘুরাইল ও ঠাকুরবাটীর দিকে যাইতে ইঙ্গিত করিল।

আমি ঠাকুরবাটীতে গেলাম, দেখিলাম রাধাবল্লভের সমস্ত দিনের বাহার ভোগ বিতরণ হইতেছে, শীতল ভোগে তাদৃশ আক্রয় ছিল না, লুচি মোগুা, চাল ছোলা ভাজা কতকটি লইয়া বৈঠকখানার প্রতি আবার ধাবমান। আমার মন সেইখানেই রহিয়াছে, শুনিয়াছি দেওয়ান্জী আগতপ্রায় অনেক পরামর্শ হইবে। এ দিকে রাঙ্গা ঠাকুরুল আমাকেই রিপোটার বাহাল করিয়াছেন, তাঁহার অজলাশে এক একবার সব কাছারীর বিচারের আলোচনা ও স্থ্যাতির মীমাংসা হইত। আমি সহর ভৈরবের নিকট সমাগত, ক্ষণকাল মধ্যে গজানন গৃহমধ্যে বিছানার কাঠার্ছ স্থান যুড়িয়া উপবিষ্ট।

বাব্মহাশয় কহিলেন, "শ্বিসহায়ের কি বিপদ শুনিতে পাই।" গঞ্জানন সমস্ত কথা ব্যক্ত করিলেন, কেবল সুন্দরী গোয়ালিনীর পালাটি গোপন রাখিলেন।

বাব্মহাশয়। তবে শিবসহায়ের বড় বিপদ, আদালতে কি ভলব হবে ?

গ। হাকিমের একাস্ত জেদ।

আ। এখন উপায়; তখন বিরুদ্ধাচরণ করেছিল, কিন্তু সে কথা ড আমার এখন মনে রাখা আর উচিত নয়। সে সময়ও গড, সে শক্রতাও গড, এখন রক্ষা করা চাই, উদ্ধারের উপায়।

গ। উপায় মহাশয়, শিবসহায় ইহার যে কষ্ট দেয়—শ্বরণ আছে--

আ। সে কথা শারণ করে লাভ, সে শত্রু হউক, মিত্র হউক, এখন বিপদ্-গ্রাস্ত, উদ্ধার করা চাই।

গ। এত উদারতা কেন? একটু পাকে পড়ুক, ছই এক ভেউ চেউ খাক, ছই একটা চেউ; বড় বড় নয়। আ। বল কি! পরের বিপদ্ চিন্তা করিতে আছে; অনিষ্ট সকলেই ঘটাতে পারে, সংসার ত অনিষ্টপূর্ণ, মঙ্গলবর্জন করাই ধর্ম।

গ। তবে হাকিমের সহিত দেখা করুন, তিনি এলেন, কি আগতপ্রায়।

আ। দেখা করিয়াই বা ফল কি দাঁড়াবে, বলি কি, আবার তিনি না ব্ঝেন যে, তাঁহার কর্ত্তব্য কর্ম্মে প্রতিরোধ করিতেছি, বড় কঠিন কার্য্য। তবে দয়া ? বিচারকার্য্যে কি দয়া মিশান যায় না — ভদ্রের মান রক্ষা করিতে পারেন না ? হাকিম পৌছিলেই যেন সংবাদ পাই। হাকিম হলেই কি দয়া বিসর্জ্জন দিতে হয় ? পরের সম্মানে উপেক্ষা করিতে হয় ?

এই কথার পর উভয়েই স্তব্ধ, উভয়েই গস্তীরভাবে চিন্তা করিতেছেন, পাখার স্বন্ স্থান ভিন্ন আর কোন শব্দ নাই, এমন সময় কি একটি কট্কট্ শব্দে নিস্তব্ধতা ভঙ্গ হইল, "কিসের শব্দ রে ভৈরব !" ভৈরব কি উত্তর দিবে, শেষ বলিল—

এই জটাধারী বাবু ঠাকুর বাটীর প্রসাদ খাইতেছেন। ভৈরব এবার মজ্ঞালে ! বাবু মহাশয় পশ্চাদ্দৃষ্টি নিক্ষেপ করিয়া দেখিলেন, জটাধারী শায়িত।

আমাকে উঠে বসিতে হইল, কিঞ্চিৎ তিরস্কৃত হইলাম, সন্ধ্যার পর নিজা? পাঠাত্যাস কখন হইবে—তগবান্ বিপদের বন্ধু! আমার মনে পড়িল, হউক না হউক, বলিয়া দিলাম, আজু যে শনিবারেব রাত্রি। সকলে নিক্তর।

আন্ত। এখন কেমন পড়া হইতেছে ? কহিলাম—কিছুই নয়। মাষ্ট্রার পাগল হইয়াছে। আন্তবাবু জিজ্ঞাসিলেন, কিসের পাগল ?

ভৈরব কহিল, শীতু ক্ষেপা সুন্দরী গোয়ালিনীর সহিত কথা কহিয়াছিল বলিয়া তুমুল যুদ্ধ করিয়াছে।

ইহা গভাননের কর্ণে অতি সুসম্বাদ। সময় পাইয়া কহিলেন, এখানে ইহাদের আর পড়ার আবশুক নাই, হেয়ার স্কুলে বা আঞ্চ স্কুলে পড়াইলে ভাল হয়।

আশুতোষ বাবু কিঞ্চিৎ ভাবিয়া কহিলেন "সকলকে ? যাহারা বার বংসরের উপর বয়:প্রাপ্ত হইয়াছে তাহাদিগকে পাঠান যাইবে। ভোমার নীল-মণিকেও পাঠাও, সেও ত প্রায় চতুর্দশবর্ষীয় হইল।"

গঞ্জানন বিপদ মনে করিলেন, প্রকাশ্যে কহিলেন, সে নিভাস্ত শৈশব— ভৈরব কহিল, মহাশয় নীলমণি বাবুকে পাঠাইলেই ত লক্ষ্মী বিকে সঙ্গে দিতে হইবে ?

গজানন একটি দীর্ঘ নিংশাস পরিত্যাপ করিলেন।
তিরব আবার কহিল এবার নীলমণির গোষ্ঠযাতা।

বিংশ পরিচ্ছেদ

যে যার কর্মে বাস্ত

এখন চিকিৎসালয়ে যেমন আড়ম্বর রোগও তেমনি উৎকট—যেমন বাঘা তেঁতুল তেমনি বক্স ওলেরও তেজবৃদ্ধি। যেমন কুইনাইন, তেমনি না ছোড় পিয়াদা জর প্রীহা, যেমন বিষাক্ত হায়পর-ক্রোরোডাইন তেমনি জলদ পিয়াদা বিষ্চিকার সংবৃদ্ধি। যেমন রিলিফের প্রশস্ত প্রণালী তেমনি বিস্তার প্রদেশে ঘন ঘন ছতিক্ষপীড়ন, যেমন শীত তাপের গণক "ওয়েদাব প্রফেট" তেমনি রক্সশালী হঠাৎবাহী বাত্যা বা সাইক্রোন। যেমন কার্য্য-কৌশল-সম্পন্ন স্থনির্মিত সেতুশ্রেমী তেমনি বানের তোড়, যেমন ইরিগেসন সিস্টেমের বহুব্যয়সাধ্য খাল-প্রণালী তেমনি ঘন ঘন বিন্দুপাতবিহীন হুক ও শস্তাপচয়। একদিকে বাঁধ দিতে অস্ত দিকে ভাঙ্গে—ইহাই কি বিজ্ঞান শাস্তের উন্নতির পরিচয় গ্রা পাশ্চাত্য উচ্চতর সম্ভাতার অমুকরণ ফল!

আজকাল কোন পীড়া হইলে শীঘ্র আরাম হউক না হউক হই একদিনই
গৃহ সাজে শোভমান হয়। যেমন প্রতিমা সাজে খুলে তেমনি রোগীর বিছানার
পার্শে বরঙ্গ দীর্ঘ থবর্ব গণ্ডা গণ্ডা কারফা, বোতল, অর্দ্ধ বোতল, ছ্য়ানি বোতল,
কুলে সান্টর শিসাতে কগ্রশয্যার শ্রীবৃদ্ধি হইয়া উঠে। বরকের তলব ঘন ঘন,
নাপিতের কুরের আঘাতেই মস্তকের গ্রীয় তাপ ছুটিয়া যায়। মৃত্যুপরে মৃতদেহ
পার করা সহজ, কিন্তু আনামত শিশি বোতলাদি স্থানান্তর করা ব্যয়সাধ্য
কর্ম হইয়া উঠে। গঙ্গাধর যে সময় জ্বটাধারীর বেশে বাল্যক্রীড়া করিতেন তখন
কোন কার্য্যেরই এত আড়ম্বর ছিল না, এক রামার মা, নাপিত বৃড়ি নক্লণ দিয়া
ডাক্তার সার্জন জান্দরেলের কর্ম শেষ করিত—আমাদের শুভঙ্কর লাউসেন দন্ত
মহাশয়ের ধাতুজ্ঞানে ও মৃষ্টিযোগে অনেকের প্রাণরক্ষা হইত। যাঁহারা প্রবীণ
বিজ্ঞ বৈছা ছিলেন ভাঁহাদিগকে সাধারণতা কেহ ডাকিত না, তাঁহারা বিকারকালে
আসন্ধাবস্থার বিষম বটীকা বা চালানে বড়ি দিতে নিমন্ত্রিভ হইতেন।

অভ পূজার বন্ধের পর দত্তজ্ব মহাশয়ের কার্য্যগৃহদার স্থবিস্তার হইয়া উদ্যাটিত হইয়াছে। পাঠশালার একদিকে অনেক ছাত্র একদিকে কতকগুলি রোগী বসিয়াছে। যাহার গাত্র কণ্ঠ হইয়াছে তাহাকে তুলসী পাতার রস প্রয়োগ করিতে কহিলেন—বুড়ো জোনকে গঙ্গামৃত্তিকামর্দ্ধনে দাদ ভাল করিতে পরামর্শ দিলেন, তাহাতে একাস্ত ভাল না হয় ক্ষুত্র কন্টকাকীর্ণ শিউলিপল্লব ঘর্ষণ করিতে

কহিলেন, বৃদ্ধ হায়দর বৃদ্ধ শিরংপীড়ায় অন্থির, তাহাকে দাড়িসকুসুমরেণুর নস্ত লইতে ও আহারান্তে একটি বস্ত্র দিয়া শিরোবদ্ধনের ব্যবস্থা কহিয়া দিলেন। মির্জ্ঞা বুড়ো অমুশুলে কাতর, রাত্রে উষ্ণ জলে ঘটিম দিয়া পরদিন প্রাতে সেই জল পান করিতে কহিয়া দিলেন। যাহার শিশু সন্তান শ্লেমাভিভূত তাহাকে রসাসিদ্ধু নাম দিয়া রাদ্ধ। মাটীর বটীকা দিয়া বিদায় করিলেন ও যাহার শিশু তৃধ তৃলিয়াছে তাহাকে দোতলবাসী প্রদীপের তৈল জল সেবন করিতে আদেশ করিলেন। স্কলে চলিয়া গেলে কেবল সাহেবানী গোয়ালিনী একপার্শ্বে কোন চিন্তায় নিমগ্না হইয়া বসিয়া রহিল। চিকিৎসা বিভাগের কার্য্য শেষ হইল, এখন শিক্ষা বিভাগে মনোনিবেশ হইল।

দত্তক মহাশয় আৰু বেত্ৰপাণি না হইয়া ধুতুরা ফল হস্তে কার্য্যারস্ক করিয়াছেন। সর্বাঙ্গ গাত্র কণ্ডতে পূর্ণ, তক্ষ্ম্য একটি ধৃত্রাফলের কউকাগ্রগুলি ঘর্ষিত
করিয়া আপন লম্বা হস্ত ও পদদ্বয় সেই ফলে বিঘটিত করিতেছেন। প্রথমে
কটাধারীর প্রতিই তাঁহার মৃদৃষ্টি। আৰু আমার মুপ্রভাত, কেন না আজই একবার
দত্তমহাশয়ের মুখে প্রিয়বাক্য শুনিলাম। আৰু পাঠশালায় দওবিধির সব জ্বালা
ভূলিয়া শীতল হইলাম—আৰু দত্তক এত মিষ্টভাষী কেন? তিনি শুনিয়াছেন
আমরা সন্বর তাঁহার শাসনাধীনৰ হইতে মুক্ত হইব—আমরা কালেক্তে ঘাইব।

দত্তক আজ মিইভাবে (যত মিই তিনি হইতে পারেন) মধুরভাবে কহিলেন ''এহে গঙ্গাধর ভায়া তুমি কালেভে যাবে শুনিতেছি। নগরে থাকিবে, মধ্যে মধ্যে যেন পত্র লিখিলে উত্তর পাই, আমার জন্ম একজোড়া চটি জুতা ও নস্মের ডিপা একটি পাঠাইবে। আর কি বলিব ?" আমি কহিলাম মহাশয় "বাজারে বলে বেশ ছাঁচি বেত পাওয়া যায়!! দেশী গুলা মহাশব্যের হতে অতি শীঘ্র শীঘ্র ভাঙ্গিয়া যায়!" "ভায়া আমায় পরিহাস করিতেছ! এই বেতের গুণ—" বলিয়া বেড গ্রহণ করিয়া ছই একবার হেলাইলেন। আমি অভ্যাসগুণে চমকিয়া স্থানাস্তরে বসিলাম। "ভায়া ভয় নাই—আমি আর ভোমায় মারিব না এই বেভের গুণ সময়াম্বরে জানিবে। যদি জমিদার হও যেদিন গোমস্তার হিসাবে ভূল ধরিবে— यि भराष्ट्रन २९ यिनिन व्यथीनक छोधूतीत छूति निवातरण मक्कम इहेरव-यिन বিচারক হও যেদিন আমলা কি মামলাবাজের তঞ্চক বুঝিতে পারিবে সেই দিন লাউসেন দত্তের নামও স্থারণ হবে, বেতও স্মারণ হবে—ভায়া এমন যে সুমিষ্ট ইকুদও তা ঘানিতে না বুরালে রসও দেয় না, গুড়ও হয় না—তেমনি বেড না थारेल वृष्टि छेम्छेल इय ना। धरे य भगानि नित्र निर्त्रमानि चनानि वित्रनानिष्टू মুক্তার ভায় ভোমার অক্ষর, এই যে কড়ানে, সটকে, বুড়কে, আনা মাসা কাঠা-"কালি, বিঘাকালি কসিতে তুমি এক ওভত্বর বিশেষ। এই যে রামায়ণ, মহা-

ভারত, শুরুদক্ষিণা, দাতাকর্ণ, শিব রামের যুদ্ধ পাঠে এত সুস্বর হয়েছ, এ কেবল আন্বে এই বেতের ভয় এই বেতর গুণ।" বলিয়াই সম্মুখের পাটির উপর আবার ছই চারি বার সজোরে বেত্রাঘাত করিলেন ও কহিলেন "আমার নাশের কথা ভূল না।" দত্তজ্ব মহাশয়ের কথা শুনিয়া কিঞ্চিৎকাল নিস্তব্ধে ভাবিলাম, যেরূপ জন্ম হইলেই মৃত্যু, শীল পড়িলেই জল, সেইরূপ পাঠশালায় প্রবেশ করিলেই বেতেরী পটপটী লাভ স্থনিশ্চয়।

দত্তক মহাশয়ের দণ্ডবিধির অধীনে আসিয়া কোন ছাত্রই দণ্ড অতিক্রম করিতে পারে না, তথাপি কৃতজ্ঞতার বিষয় এই গঙ্গাধর অপরের মত দণ্ডনীর হইতেন না, তাঁহার পক্ষে কিছু যেন ক্ষমা ছিল, সেই জ্ল্ফ এই বক্তৃতার শেষ হওয়ায় আমি দত্তক মহাশয়ের প্রতি একেবারে ভক্তিশৃত্য না হইয়া তাঁহাকে এখনও স্মরণ করিয়া থাকি ও সময় পাইলে সাধ্যমত তাঁহার উপকার করিতে ব্রতী হইয়া থাকি। অহা! গুরুভক্তি!

আমার চিন্তা শেষ না হইতেই সাহেবানী গোয়ালিনী কহিয়া উঠিল—"বেলা হল, আমার কথা শুনিবার কি আজ সরকার সহাশয়ের অবসর হবে ? আমি চলিলাম।" বলিয়া নিকটস্থিত ত্থ্যপাত্র উঠাইল। দত্তজ্ব মহাশয় কহিলেন, শত কাজ পরে, তবু তোমার কার্যা প্রথমে—সাহেবানী চক্ষু ঘুরাইয়া কহিল "ছ" এত ভাব হে! তবে কেন এতক্ষণ নির্থক বসে আছি ?"

দত্তজ। যা হবার হইয়া গিয়াছে, এখন কি ছকুম ?

সাহেবানী দত্তভার নিকটে আসিয়া বসিল ও নিম্নস্বরে কহিল "শুনেছেন স্বন্দরীকে সাহেবের কাছে লয়ে গেছে। তাই এলাম একবার—খড়ি পাত, শশুণে বল, সব ভাল হবে ত ?" দত্তজ্ব মহাশয় গণক। একটি "হমুমান চরিতের" পুখি দপ্তর হইতে বাহির করিলেন—পাঠশালায় সব নিস্তব্ধ। খড়ি বাহির করিলেন—ভূমে একটি অহ্বপাত করিলেন ও কহিলেন "ফল হাতে আছে ?"

मा। তা जुनि नाहै।

গাঁট হইতে একটি হরিতকী বাহির করিল। লাউসেন কহিল, মুপারি নাই ? আরও ভাল। একটি মুপারি সঙ্গে সঙ্গে স্থাপিত হইল। পুস্তক হইতে একটি বচন ব্যাখা করিলেন ও দক্তল মহাশয়ের রিকিডার পরিচয় আরম্ভ হইল। "মুন্দরীর পিতার নাম কি ?" সাহেবানীর ও লজ্জা রাখিবার স্থানাভাব হইল। কহিল, "এত পরিচয় কেন ?" আবার চক্ষু খুরাইয়া কহিল, "বাপের সংবাদে ক্রান্ধ কি—সে আমার গর্জজাত কন্থা কি না ?"

দত্তক কহিলেন "সেই প্রকারেরই গণনা করি, যদি ভূদ হয় ভো ক্রবাবদিহি ভোমার !" সাহেবানী। তা গর্ভে ধারণ করে অবধি জ্ঞানা আছে! দারোগাকে দাও, দেওয়ান্জীকে দাও, টাকা কি তোমরা দিয়েছিলে। এখন পুরাণ কথায় কাজ নাই যা বলি তা কর।

গণনা আরম্ভ হইল। "ভাল হবে কি মন্দ হবে ? এই গণনা ? এই প্রশ্ন ?" বঁলিয়া আর একটি খড়ির দাগ দিলেন ও দত্তজ্ব খড়ির তালটি লুফিতে লাগিলেন, কত কত বচন অক্ট্রুবরে কহিতে লাগিলেন, "ভাল মন্দ" "মন্দের ভাল" "বড় মন্দ নয়" "মন্দেও নয়" "ভালও নয়।"

"দেওতো আবার এক জায়গায় হাত দেও। এজে হমুমানের ঘরে হাত দিলে। দেখি হমুমান কি করেন।"

সাহেবানী কহিল "মশয় তুমি ভিন্ন—তুমি যা বলবে হহুমান্ তাই করবে—"

ইতিমধ্যে তর্কালন্ধার মহাশয় পাঠশালার বারান্দায় আসিয়া উপস্থিত। এক মুহূর্ত্ত জন্ম সব কার্য্য বন্ধ হইল। একটি কম্বল আসন সন্ধর বিস্তৃত হইল, তর্কালন্ধার উপবেশন করিবামাত্র দত্তজ্ব মহাশয় সাষ্টাঙ্গে প্রণত হইলেন। তর্কালন্ধার কহিয়া উঠিলেন, "লাউসেন তুমি প্রকৃত ভক্ত কিন্তু এটি তোমার অনধিকার চর্চ্চা। জ্যোতিষ চর্চচা করিয়া তুমি কেবল কলির শৃজের পরিচয় দেও।" দত্তজ্ব কহিলেন "এখন সে কথা যাহা হউক মহাশয়ের আগমন সাহেবানীর শুভদায়ক হইবে সন্দেহ নাই। এখন আপনিই খড়ি গ্রহণ কক্রন—এই অন্ধ গৃহও প্রস্তুত।"

তর্কা। লাউসেন, আবার তুমি ভুলিলে! তোমার অঙ্কে আমি গণনা করিব ? একটা নৃতন খড়ি নাই ?

নৃতন খড়ি সঙ্গে বাহির হ'ইল, তর্কালন্ধার মহাশয়ও সঙ্গে সঙ্গে অদৃষ্টদর্শনে ধীরভাবে নিযুক্ত—

"এই স্থানে কোন জব্য রাখ।" সাহেবানী একটি হরিভকী বাছির করিল— ভকালদ্বার রুপ্ট হইয়া ফোকলা মূখে কহিলেন, "আমি ফল গ্রহণ করি না—ও গোপিনী, ভুই আজ নৃতন হলি, রঞ্জত মূজা ।" দত্তক মহাশয় কহিলেন "কলে হবে না; সিকি, আধুলি কিছু নাই ।"

সাহেবানী একটি সিকি রাখিল—তর্কালয়ার মহালয় কিঞ্চিৎ কাল ন্তর্ক থাকিয়া কহিলেন "অস্মিন ব্যাপার এক কালেই মঙ্গল স্চক কলাচিৎ হয়। এক কলসি হুরে বিন্দুমাত্র লবণাক্তও অসুচীর কারণ। সাহেবানী ভোকে রিষ্ট ভল জন্ম একটা কার্য্য করা চাই। সে পাঁচ আনা পাঁচ সিকার কাল নয়। কল্পারু, মঙ্গল চাস ড শুদ্ধ গব্য রুত সংগ্রহ কর। একটি ভাল করে যাগ করা চাই, ভোলের পুরোহিতকে পাঠাইয়া দিস্।"

সা। কত ধরচ হবে না হয় পাঁচ টাকা ?

সাহেবানীর এই কথা উচ্চারণ হওন সময়ে শীতু খেপা উপস্থিত। কহিল "অধ্যাপক মহাশয়, বলি পাঁচ টাকা, আর নয়—স্বন্দরীর শুভসাধন জন্ম আমিই পাঁচ টাকা দিব।" পাগলের যেমন কথা তেমনি কাজ। সঙ্গে সঙ্গে থলি হইতে মুদ্রা পঞ্চ বাহির করিয়া তর্কালকারের সম্মুখে রাখিয়া দিল কিন্তু তাহার বাক্য সাঙ্গ না হইতেই খঞ্চভীম গর্জন করিতে করিতে রক্ষপূমে উপস্থিত—"ডেম ক্ষেপা, তুই পাঁচ টাকা দিবি, আমার স্বন্দরী।" ক্ষেপা কহিল "আমার স্বন্দরী।" অমনি আমার 'আমার" যুদ্ধ উত্তেজক বাণী উভয় পক্ষে উচ্চারিত হইতে লাগিল, ও পরক্ষণেই একটি ক্ষুদ্র কুরুক্ষেত্র উপস্থিত হইল। শীতু দংখ্রা নির্কাচন পূর্বক ভীমের প্রতি ধাবমান, ভীম দত্তজার বেত্র হত্তে দণ্ডায়মান। যে যার আপন কার্য্যে ব্যস্ত। ইতিমধ্যে বেগতিক দেখিয়া তর্কালকার মহাশয় সাহেবানীর প্রতি ইন্ধিত করিয়া ক্ষেপার দত্ত পঞ্চ মুদ্রা হত্তে লইয়া মুহূর্ত্ত মধ্যে অন্তর্জান।



রতবর্ষে লোকসংখ্যা দিন দিন বৃদ্ধি হইতেছে। নিভাই দেখিতে পাওয়া যায় নৃতন নৃতন নগর স্থাপিত হইতেছে, পুরাতন জঙ্গল আবাদ হইতেছে ও নগর নগরীর আয়তন বৃদ্ধি হইতেছে। কৃষ্টভূমির আয়তন বৃদ্ধি হইতেছে, নুতন নুতন খনি আবিষ্কার হইতেছে, রেলওয়ে লাইন বিস্তার হইতেছে, কিছ কোথাওই লোকের অভাব নাই। যখন এলফিনষ্টোন ভারতবর্ষের ইতিহাস লিখেন, তখন ভারতবর্ষের লোকসংখ্যা কমবেশ ১৪০০০০০০ কোটী ছিল বলিয়া অমুভব হইয়াছিল, মহাস্থা এনফিলষ্টোন ভারতবর্ষের নানা স্থানে নানা প্রকার চাকরী করিয়া শেষ বোম্বাইয়ের গবর্ণর হন। তিনি ভারতবর্ষের কোনস্থানে কতলোক আছে, এক প্রকার জানিতেন, তাঁহার অমুভব আমরা গ্রাহণ করিতে পারি। মোটামৃটি ভাঁহার সময়ে ভারতবর্ষে চৌদ্ধকোটা ্লোকের বাস ছিল। একণে ভারতবর্ষের লোকসংখ্যা ২৪০০০০০০ কোটা। এই চল্লিল পঞ্চাল বৎসরের মধ্যে দল কোটা লোক বৃদ্ধি হইয়াছে। যদি বাস্তবিক হইয়া থাকে, ভাহা হইলে এই লোকবৃদ্ধি ভারতের মঙ্গল কি অমঙ্গল গ এই সকল লোকের অবস্থা কিরূপ, ইহাদের দারা ভারতের ভাবী উন্নতির আশা করা যাইতে পারে কি না চিন্তাশীল ব্যক্তিমাত্রেরই মনে এইরূপ প্রশ্ন উদিত হয়। কেই বলেন ভারতের মঙ্গল হইতেছে, কেই বলেন অমঙ্গল হইতেছে। আন্ধি আমরা এ বিষয়ের কিছু আলোচনা করিতে ইচ্চা করি।

বাস্তবিক দেখিতে গেলে এইরূপ লোকসংখ্যা বৃদ্ধি ভারতবর্ষের হুর্গভির এক মাত্র কারণ। যে পরিমাণে লোক বৃদ্ধি হইতেছে স্বর্ণপ্রসবিদী ভারতভূমিও তাহাদের আহার যোগাইয়া উঠিতে পারেন না। ভারতবর্ষের উৎপন্ন হইতে যত লোকের সুখে ও স্বচ্ছদেশ জীবিকা নির্ব্বাহ হইতে পারে, লোকসংখ্যা, তীহা অপেক্ষা অধিক হইয়া উঠিয়াছে। তাহার সাক্ষী প্রভিবৎসর ছুর্ভিক। প্রতিবৎসর লক্ষ্ণ লোকের প্রাণবিনাশ। আর যে সকল লোক আছে, তাহারাও অন্নাভাবে জীর্ণকলেবর। তাহা নাই বা হইবে কেন? ভারতবর্ষের পরিমাণ ১৬০০০,০০ যোল লক্ষ বর্গ ক্রোশ, এক এক বর্গ ক্রোশে ১৯৩৬ বিঘা জমী আছে। তবে সর্ববশুদ্ধ ভারতবর্ষের জমী মোটামৃটি ৩০৯৭৬০০০০ বিঘা। এই জমিতে পাহাড়, পর্বত, নদী, হুদ, মরুভূমি, জঙ্গল, লবণক্ষেত্র প্রভৃতিতে অর্থেকের উপর আচ্ছন্ন; অপর অর্দ্ধেকের উপর গ্রাম, নগর, বাগান বাগিচা, রেলওর্মে রাস্তা আছে, বেলে, জ্বলা, উ'চু কান্ধরিয়া মাটি আছে ইহাতেও আন্দান্ধ অন্ধেকের এক তৃতীয়াংশ বাদ যায়, তাহা হইলে প্রায় ১০৩২৫০০০০ বিঘা জমি আবাদের জন্ম পাওয়া যায়, যদি এই সমস্ত জমী ২৪০০০০০০ চবিবশ কোটী লোকের মধ্যে সমান ভাগ করিয়া দেওয়া যায়; ভাহা হইলে প্রভ্যেকের অদৃষ্টে গড়ে ৪। স চারি বিঘা জমী পড়ে। স চারি বিঘার উৎপন্ন গড়ে প্রতি-বৎসর বিঘায় পাঁচ মণ ধরিলে ২১ ব একুশ মন পড়ে। কিন্তু একজন জোয়ান মামুষের যদি সম্পূর্ণ পেট ভরিয়া আহার করিতে হয়, তাহা হইলে তাহার অন্ততঃ ২ সের আহার প্রত্যহ দরকার হয়, প্রত্যহ হুই সের আহার হইলে, বৎসরে ১৮ মণ হয়। ইহার উপর কাপ্লড় চোপড় আছে, ঘর বাড়ী আছে, সে সকল বাকী ১ঃ মণে কোনরত্বেই হয় না। যদিও হয়, তাহাতে স্বাস্থ্য রক্ষা হয় না। স্বাস্থ্যকর আহারের কথা ছরে থাকুক, মাছরে শুইয়া পেট ভরিয়া আহারও হয় না।

কেহ কেহ বলিতে পারেন, এক এক বিঘায় কোথাও ১৬ মণ ২০ মণ চাউল হইয়া থাকে। সে কথা সত্য, কিন্তু তাহাতে যে সার দিতে হয় ও বে খরচ করিতে হয় তাহা করা চাসাদিগের অনেকেরই সাধ্যাতীত। বাঙ্গালায়» সারের ব্যবহার প্রায়ই নাই এই জম্ম বাঙ্গালার চাসারা আজিও খাইতে পায়, কিন্তু অম্বত্র সার ভিন্ন শস্ত একেবারেই হয় না। এই জ্ব্যু সেখানে লোক অনাহারে মারা যায় ও আধপেটা খাইয়া জীবনধারণ করে।

আবার কেহ বলিতে পারেন যে /২ সের নিত্য খোরাক অধিকতর रहेग्राष्ट्। जारा नरह, वाकामात्र मध्य त्यामकीवी ভजामात्कत्र भाक्त र मत অধিক হইতে পারে, কিন্তু চাসাদের সেরপ নহে। কাবুলের লোক ২ সের মাংসই প্রত্যহ খায়, ইহা ভিন্ন অফ্য উপকরণ আছে। শুনা যায়, আকবর ৰাঁ এক একবারে /৫ সের মাংস /১ সের চাল ও /১ সের স্বত ভক্ষণ করিতেন। আমাদিগের /২ সের বলা বরং অল হইয়াছে ত অধিক হয় নাই।

 আমরা যে ভাবে হিসাব করিয়া ভারতবাসীর লোকের অন্ধাহার দেখাই-্লাম, ইহাতে সমস্ত জমি সমানভাগে বিভাগ করিয়া লওয়া হইয়াছে, কিছ বাস্তবিক তাহা নহে, অসমানভাগ হওয়ায় গড় ঐ ৪৳ স চারি বিঘাই দাড়াইয়াছে:

ইহার অপেক্ষা অনেক লোকের অধিক জ্বমী, অনেকের আবার কমও আছে। বহুসংখ্যকের কিছুই নাই। যাহাদের কিছুই নাই, তাহারা চাকরী করে ভিক্ষা করে উঞ্চর্ত্তি করে এবং অতি কপ্তে দন্তরসমাত্র পান করিয়া কোনরূপে মনুষ্যজ্ব কাটাইয়া যায়। যখন দেখা যাইতেছে যাহাদের গড় মাকিক আছে, তাহাদেরই অর্জাহার তখন যাহাদের নাই, তাহাদের ত কথাই নাই।

এখনও হয় নাই; ভারতবর্ষ ইংলণ্ডের স্থায় বিদেশ হইতে শস্ত সংগ্রহ করিতে পারে না, ইহার ঘরের শস্তের গুজরান করিতে হয়, এই শস্তের মধ্য হইতেও আবার অনেক শস্ত প্রতিবংসর দেশ বিদেশে নীয়মান হইতেছে ২১ রু স একুশ মণে অসম্পূর্ণাহার হয়, তাহার উপর হইতে প্রতিবংসর লক্ষ লক্ষ মণ শস্ত বিদেশে পাঠান হয়।

তুংখের কাহিনী এখনও ফুরায় নাই, ইহার উপর হইতে এই ভারতবর্ষ হইতে এক ব্রিটিশ গভর্গমেণ্ট ৫৫০০০০০০ পঞ্চায় কোটী টাকা লইতেছেন। করদ ও মিত্ররাজ্যের আয় সর্ববস্তদ্ধ প্রায় ২০ কোটী। আর ব্রিটিশ গভর্গমেণ্টের ও প্রজাগণের মধ্যবর্তী জমিদার, তালুকদার যতদূর ইস্ক্র্প চলিতেছে অণুমাত্র কস্তব করিতেছেন না। মোট আয় ত ২১ঃ একুশ মণ ক্রমে যে সব যায়, তোমার উদর চলুক না চলুক, তুমি খাও না খাও, তুমি সমাজে বাস কর, সমাজের জন্ম যেটুকু চাহি তাহা তোমার দিতে হইবে। সেটুকু জোর।

পাঠক মনে করিও না হতভাগ্যদিগের ইতিহাস ইহার মধ্যেই শেষ হইয়াছে, তাহাদের সমস্ত আশা ভরসা আকাশের উপর নির্ভর করে; গ্রীম্ম সময় পড়িতেই না পড়িতেই তাহারা হাঁ করিয়া আকাশের দিকে চাহিয়া থাকে, একদিন ছইদিন তিনদিন—দিন যত যাইতে থাকে, তাহাদের বৃক হড়হড় করিতে থাকে সমস্ত বৎসর অন্ধাহারে গিয়াছে, আর আবার অন্ধহারের পথও রুদ্ধ হয়। জ্যৈষ্ঠ পড়িল, এখনও একবিন্দু জল নাই, এইবার সর্বনাশ, আকাল পড়িল, কতকগুলি নিঃস্বলোক সমাজের ঘাড়ে পড়িয়াই আছে, যাহাদের আছে তাহারা তাহাদের গুজরান করিয়া উঠিতে পারে না। আবার লক্ষ্ণ লক্ষ লোক ঘর বাড়ী বিক্রেয় করিয়া লাঙ্কণ গোরু জলে ভাসাইয়া জীবনে হতাশ হইয়া চলিল, যাহার জোর আছে কাড়িয়া খাইবে, যাহার জোর নাই সে যেখানে বসিবে সেইখানেই মারা ঘাইবে। কাড়িয়া খাইবে কি? পুলিশ আছে ধরিয়া প্রহার। এইরূপে গভ বৎসর লক্ষ্ণ লক্ষ লোক পশ্চিম ও দক্ষিণ দেশে মারা গিয়াছে। গভর্ণমেই

রিলিকওয়ার্ক খুলিয়। কত লোকের প্রাণদান করিবেন! যখন দেশের অর্দ্ধেকের উপর লোক নিরুপায়, তখন কত রিলিক করিবেন।

এইরূপে ভারতবর্ষের প্রায় সমস্ত লোকই অদ্ধাহারে জীবন্যাপন করে। ীযাহাদের লইয়া দেশ, যাহাদের লইয়া জ্ঞাতি, যাহাদের লইয়া বল, যাহাদের লইয়া ভরসা, তাহারা নিরন্ধ, তাহাদের হু:খের পার নাই। যাহারা ইংলণ্ডে রাজার উপর হুকুম জারী করে, যাহারা ফ্রান্সদেশে সর্ব্বময় কর্তা, যাহারা কটাক্ষে ইটালীর উদ্ধার সাধন করিল, যাহারা আমেরিকায় নৃতন সমাজের সৃষ্টি করিতেছে ও সমস্ত জ্বগৎ ভাঙ্গিয়া চুরিয়া গড়িতে চাহিতেছে এই বিশাল ভারত-শামান্দ্যে সেই সাধারণ লোক নিরন্ধ, অর্দ্ধাহার, ঘোরঅজ্ঞানতমসাচ্ছন্ন, কিরূপে আপনার অবস্থার উন্নতি করিতে হইবে জানে না জানিতে পারে না, সে বিষয়ে ভাবে না ভাবিতে পারে না, ভাবিবার সময় নাই, ভাবিতে গেলে অপার-নৈরাশ্য সাগরে আপ্লুত হয়, কুল কিনারা না পাইয়া অদৃষ্টে যা হয় হবে, "জীব দিয়াছেন যিনি শিব দিবেন তিনি" বলিয়া কোনরূপে আপন আপন তুর্গতি ভূলিয়া আপন সমবস্থ লোকদিগের নিন্দা কৃৎসা প্রভৃত্বি নির্দ্দোষ আমোদে কাল কাটায় কিস্তু হুর্গতিদহন নিরস্তর হৃদয় দগ্ধ করে। এই ত সাধারণ লোকের অবস্থা, আবার যাঁহার৷ ভদ্রলোক বলান যাঁহাদের পূর্ব্বপুরুষেরা রাজ্কীয় কার্য্যে লিপ্ত ছিলেন, যাঁহারা শ্রেষ্ঠ জাতি তাঁহাদের অবস্থা আরও শোচনীয়। কি মুসলমান কি হিন্দু সকল ঘরেই লোকসংখ্যা বৃদ্ধি, যে আয়ে গত শতান্দীতে রাজার হালে চলিত এখন তাহাতে নিয়ত বৃদ্ধিশীল পরিবারের ভরণপোষণ নির্ব্বাহ হয় না। পেটে ক্ষ্ধা মূখে লাজ মানের ভয়ে স্বীয় অবস্থা প্রকাশ করার জো নাই; ছভিক্ষ হইলে ছোটলোকে রিলিফ-ওয়ার্ক পায়, কিন্তু ইহাদিগকে গৃহমধ্যেই থাকিতে হয়: স্বচক্ষে অনশনে প্রাণসম শিশু সম্ভানকে কাতর দেখিতে হয়, তাহার ক্ষধাঞ্জনিত ছটফটানি দেখিয়া কাঁদিতে হয়, শেষ যখন অসহা হয় তখন সেই শ্মশান সমান আত্মগৃহে, হয় সন্তানের না হয় আপনার, প্রাণ বধ করিয়া ছঃখানলে আছডি দিতে হয়।

এরপ অবস্থায় ভারতবাসীদিগের ছুইটি মূল মন্ত্র জ্বপ ও সাধনা নিতান্ত আবশ্যক। প্রথম লোকসংখ্যা হ্রাস, দ্বিতীয় সাংসারিক উন্নতিসাধন। যে পরিমাণ লোক সংখ্যা, ইহা ভারতবর্ষের উৎপন্ন হইতে রক্ষিত হইতে পারে না; অত এব ইহার হ্রাস করা ও পরে আর যাহাতে বাড়িতে না পারে তাহার চেষ্টা করা নিতান্ত আবশ্যক। লোকসংখ্যা হ্রাসের এক উপায় বিদেশে লোক পাঠান, সে চেষ্টা সফল হইতে অনেক দিনের কথা। গতবৎসর ছর্ভিক্ষে পশ্চিমাঞ্চলে ১৫০০০০ দেড় লক্ষ লোক মারা গেল তথাপি দশহান্তারও বিদেশে যায় নাই।

লোকসংখ্যা হ্রাস করার তিন স্বাভাবিক উপায়; যুদ্ধ, ছর্ভিক্ষ ও মারীভয়। আমাদের দেশে যুদ্ধ বিগ্রহ নাই, যুদ্ধে অনেক লোক মারা যায় এবং অনেক দিন সেই ক্ষতি পুরণ করিতে লাগে, আছে ছভিক্ষ, মারীভয়ও বিশেষ নাই। যে ম্যালেরিয়া আছে, তাহাতে লোক ত অধিক মরে না, কেবল কণ্ট পায়। অতএব যাহাতে সেই ছর্ভিক্ষ ইচ্ছামত কাজ করিতে পারে সে বিষয়ে অন্সের হস্তক্ষেপ করা উচিত নহে। যুদ্ধ অপেক্ষা তুর্ভিক্ষে লোকনাশ অনেক পরিমাণে বাঞ্চনীয়, কারণ যুদ্ধে যাহারা মরে তাহারা সবল সুস্কায়, তাহাদের ছারা সংসারের উন্নতি হইতে পারে। ছর্ভিক্ষে মরে যাহারা ছর্বল উপায়হীন—তাহাদের পাকায় তাহাদের নিজের ত যন্ত্রণার সীমা নাই আর অন্মেরও কট্ট। যাহাই इউक ১৬०००० वर्ग मार्टेल २८००००० लाक প্রতিপালন করা তুরহ। २১३म একুশ মণ হইতে টেক্স খাজনা দিয়া চলে না, অশ্য অনেক দেশেও এইরূপ আছে কিন্তু তাহাদের বাণিজ্য আছে, শিল্প আছে, ক্রমে সে সব দেশে মূলধন সঞ্চিত হইতেছে স্বতরাং অনেক লোক তাহাতে প্রতিপালন হয়। আমাদের দেশে विरम्नीय मृलध्य वाशिका, विर्मनीय मृलध्य दबल्द्य, विरमनीय मृलध्य निज्ञ, मृलथत्नत्र ममन्त्र मृनका विष्मत्म इलिया याष्ट्रेट्टक, आमाष्ट्रत वर्षन्तील लाक সমূহের আহার চলে কিসে ? কিন্তু ইহাও স্বীকার করিতে হইবে যে এই পরিমাণে लाक वाष्ट्रिया व्यात्रात्न ६ विराम्नीय मृनधरनत मार्शाया ना भारेरन व्यापारमत व्यवसा আরও শোচনীয় হইত।

এরূপ বিদেশীয় মূলধনের প্রাত্ভাব ত চিরদিন থাকিবে না যদি না থাকে তবে কি উপায় হইবে।

আর এক উপায় সাংসারিক উন্নতিসাধন। চাসারা যাহাতে স্থাধ অক্টালেন্তঃ
থাকিতে পারে তাহাব যত্ন করা, তাহাদের যাহাতে বিবাহ তিয় জগতে আরও
সুখ আছে এরপ প্রতীতি জন্মে, তাহার চেষ্টা করা। যাহারা নিজে কট্ট না পায়
তাহারা ছেলে কট্ট পায় এটা চাহে না, সুতরাং তাহারা একটু পরিণাম দর্শন
করিয়া চলে, তাবিয়া বিবাহ করে এবং সতর্ক হইয়া জগতের ভার বৃদ্ধি করে।
বাবুআনা করা অভিপ্রেত নহে, কিন্তু যাহাতে অভাব কমে, স্বচ্ছন্দ বৃদ্ধি হয়়,
সে বিষয়ে সকলেরই বিশিষ্টরূপে যতুশীল হওয়া চাই। এই স্বাচ্ছন্দা যত বৃদ্ধি
হইতে থাকিবে ততই লোকের সেই দিকে টান হইবে। যতক্ষণ সেই সকল
শোক্রী না পায় ততক্ষণ অন্য বায় করিতে ইচ্ছা করিবে না। নিজের আরাম
যাহারা চায় তাহারা শীম্ম বিবাহ করে না, বিবাহ করিলেও সন্তানেরাও
যাহাতে সেই সকল আরাম পায় সে বিষয়ে চেষ্টা করে। যাহার কিছু নাই
তাহার বৃদ্ধি বিবেচনাও নাই। সে ভাবে আমারও যেমন করিয়া চুলিল পরে

एएएएए प्रहेन किया विषय । जाराना निष्य स्रोवतन करे यञ्चना वरे ভোগ করিল না, তাহারা জ্বানে জ্বগৎ যন্ত্রণাময়, যা সুখ আছে তাহা বিবাহ-ন্ধনিত সাংসারিক। স্থতরাং তাহারা প্রথম হইতেই বিবাহ করিবার জন্ম ব্যগ্র ^{ৰূ}হয় এবং ছেলেদের বিবাহ দেওয়া পর্যাস্তই পিতার একমাত্র কর্ত্ববা কর্ম্ম মনে করে। বিবাহে তাহারা অনেকটা সহামুভূতি পায়। নিজ সুখ ছঃখের ভাগী পায় যম্বণাময় জীবলোকে কতকটা আরাম পায়। সকল যম্বণা গৃহলন্দ্রীর মুখ দেখিয়া দূর করে। ছেলে হয় মরে সে কেবল স্বভাবের উপর নির্ভর। যত দিন ছেলেগুলি রহিল নিঞ্জের মূখের গ্রাস তাহাকে দিয়া বাঁচাইয়া রাখিল। বরাবর বাঁচিয়া রহিল ত পাঁচবৎসর বয়স হইতেই সে রোজগার করিতে শিখিল। সে একরকম আন্মোদর পূর্ত্তি করিতে শিখিল। কিন্তু তাহাতে কোন উপকার নাই, সে ভাল শিক্ষা পাইল না, ভাল কারিগর হইতে পারিল না। চিরদিন সকল অপেকা অল্পদেরর যে মজুরি তাহাই করিয়া তাহার দিনপাত করিতে ছইবে। কখনও পুবা পেট ভাত খাইতে পাইবে না। এরপ অবস্থা হইতে ভাহাদের উদ্ধার করিতে হইলে, তাহাদের সাংসারিক উন্নতিসাধন যাহাতে হয়, তাহার চেষ্টা করা প্রয়োজন। যাহাতে সহারা সঞ্চয় করিতে শিখে, সে বিষয়ে যত্ন করা, আর যাহাতে ভাছারা বিবেচনা করিয়া বিবাহ করে ও সাবধানে জগতেব ভার বৃদ্ধি করে সেইটি ভাহাদিগকে শিখাইয়া দেওয়া श्राक्त।

শুদ্ধ গুংখীলোকদিগের সাংসারিক উন্নতি সাধন করিলেই হইবে না। জাতিগত উন্নতিও সেই সঙ্গে চাহি। এলফিন্টোনের সময় ভারতবর্ধে এক কোটি;
চিল্লিশ লক্ষ লোক ছিল, তখন অন্নকট্ট ছিল না। মিউটিনির সময়ও অন্নকট্ট
বিশেষ ছিল না। তাহার পর হইতেই অন্নকট্ট আরম্ভ হইয়াছে। মিউটিনির
সময় লোক আন্দাজ ১৭ কোটী, এখন শুদ্ধ বৃটিশ গবর্ণমেন্টের অধীনেই তাহা
আছে। মনে কর এই ১৭ কোটী লোকেই ভারতবর্ধের বর্ত্তমান উৎপন্নে শুল্করান
করিতে পারে। তাহা হইলে সন্তর লক্ষ লোক বাড়তি হইয়াছে ইহাদের কি উপায়!
মনে কর বৃটিশ বর্মা প্রভৃতি নৃতন দেশে এক কোটী লক্ষ লোক আছে।
জঙ্গল আবাদ করিয়া আর এক কোটী লোকের চলিতেছে এবং রেলওয়ে ও
পবলিক ওয়ার্ক কল ইত্যাদিতে আর দশ লক্ষ লোক সংসার্যাত্রা নির্বাহ
করিতেছে। এখনও চারি কোটী বাকি। ইহারাই ছুর্ভিক্ষে মরিতেছে, প্রাক্তি
বংসরই শুনা যায় এখানে দেড়লক্ষ ওখানে ভিন লক্ষ মরিতেছে। এই চল্লিশ
লক্ষ পূর্ব্বোক্ত বিংশতি কোটী লোকের কষ্টের কারণ ছইয়াছে। বিশ কোটীর
যাহাজে, চলে ভাহাতে চব্বিশ কোটীর চলিতে গোলে কালেই সকলেরই অর্ছাহার।

অভএব এই চারি কোটা লোকের জন্ম বন্দোবস্ত চাই। এ জেলা হইতে ও জেলা এইরূপে চারাইয়া দিলে বোধ হয় এখনও পতিত জনী আবাদ করিয়া ছই লক্ষ লোকের চলিতে পারে, কিন্তু তাহা করে কে? প্রথম লোকে ত বাড়ী ঘর ছেড়ে যেতেই রাজী নয়, তৎপর যাওয়ার ও যাইয়া সংসার ফাঁদিয়া বসিবার * খরচ চাই, কাহারই কিছু নাই, দেয় কে? ছংখী ভদ্রলোকের এইরূপে এখান হইতে ওখান করিয়া অনেক সহস্রের উপায় হয় কিন্তু গরিব ছংখীর হয় কই?

দিভীয়, জাভীয় সাংসারিক উন্নতি অর্থাৎ দেশীয়শিল্প ও বাণিজ্যের औর্থি। ব্যবসায়াদিতে মূলধনের প্রয়োগ, কৃষির উন্নতি অগ্ল ভূমিতে অধিক শস্তোৎপাদনের চেষ্টা ইত্যাদি। আমাদের দেশে বাণিজ্ঞা ও শিল্পের এক কথা এই যে, ইংরেজদিগের সঙ্গে যেন আমাদের শিল্প ও বাণিজ্যের এরূপ শৈশাবাবস্থায় সংঘর্ষ (compitition) না হয়। হইলেই আমাদের লোকসান। বহিববাণিজ্ঞা ইংরেজে করে. তোমরা তাহাতে এখন যাইও না। এর পর সে সব হবে। অন্তর্কাণিজ্ঞার ভাল করিয়া শ্রীবৃদ্ধি কর দেখি, তাহাতে দশ লক্ষ লোকেব এখনও চলিতে বেশ পারে। রেলওয়ে থাল ইত্যাদি লইয়া সে বিষয়ের ত খুব স্থবিধা হইয়াছে ? চার চাসে ইংরেজ আছে, ভাহাতে ভোমরা ঘাইও না, প্রথম উহাদের টাকা অধিক, তাহার উপর আবার তোমাদের লোকসান করিয়া দিবার উহাদের অনেক উপায় আছে। যাহাতে ইংরেজ আছে তাহাতে থাইও না শোকসান হইবে, দেশের বড় ক্ষতি হইবে। কয়লার খনিতে ইংরেজ আছে, কিন্তু এক্সপ কাব্দে ইংরেজের সঙ্গে দেশীয় লোকেও কাজ চালাইতেছে। ছোট নাগপুরে 🤺 অনেক কাজ আছে, ভাহাতে ইংরেজ নাই। অনেক তামার ধনি আছে, এই সকল কাব্দে দেশীয় লোকের উঠিয়া পড়িয়া লাগা উচিত। বাঙ্গালায় এখন : নীলের কাজে ইংরেজলোক ক্রমেই কম হইডেছে। সেদিকে আনেক লাভ ও লোকসানের সম্ভাবনা, তাহাতে অনেক লোক প্রতিপালন হইতে পারে। অন্তর্বাণিজ্যে বিস্তর টাকা খাটিতে পারে, যাহা খাটিতেছে তাহা ঠিক নয়। আরো অনেক থাটিতে পারে ও অনেক লোক প্রতিপালন হইতে পারে। স্বামালপরের রেলওয়ে কেরাণীগণ অন্তর্বাণিজ্যের জক্ত এক সম্ভয় সমুখান (Joint Stock) কার্য্য আরম্ভ করিয়াছেন, ঠাঁহারা যেরপে শীঘ্র শীঘ্র এবং বিনা আয়াসে ২০,০০০ বিশ হাজার টাকা তুলিয়াছেন তাহাতে তাঁহারা কুতকার্য্য হইবার বিলক্ষণ সম্ভাবনা। ঠাহাদের সেয়ার পাঁচ টাকা, সুভরাং ভাঁহারা অন্ধ আয়াসেই অধিক সেয়ার বিক্রেয় করিতে পারিতেছেন, ভাঁহারা যেরূপ দক্ষতার সহিত কার্যা করিতেছেন, ভাঁহাদের উপর আমাদের যথেষ্ট ভরসা হয়। এই দৃষ্টাস্তাত্ম্যায়ী প্রতি গ্রামে গ্রামে সমবেত কারবার খুলিতে লাগিলে অনেক উপায় হইতে পারে। কিছ

এইর্শ সাংসারিক উর্রতির সঙ্গে সঙ্গে যেন অকাতরে বিবাহ না হয়, আর যেন লোকসংখ্যা বৃদ্ধি কোন মতেই না হয়। পঞ্চাশ বৎসর পূর্বের ইংলণ্ডের দুশাও আমাদের মত কতকটা ছিল, ছংখী লোক খেতে পাইত না, তাহাদের সূবিধার জ্ব্যা খাধীন বাণিজ্যু স্থাপিত হইল, জিনিস পত্রের দাম সস্তা হইল। কিন্তু এই কয়েক বৎসরের মধ্যে নানা উপনিবেশ স্থাপনা সন্তেও ইংলণ্ডে শতকরা ৫০ জন লোক বাড়িয়া গিয়াছে। ইংলণ্ডে এখন প্রতি ২৪ জন লোকে একজন ভিখারী আছে। এখনও ইংলণ্ডের চলিতেছে কিন্তু আমাদের আর চলে না। আমাদের উপস্থিত হিসাবে ৬ জনের মধ্যে একজন কাঙ্গাল, ইহাদের জ্ব্যু কোনরূপ বন্দোবস্ত করিতে হইলে সর্ব্বপ্রথমে যাহাতে আর সংখ্যা বৃদ্ধি না হয়, সে বিষয়ে বিশেষ সভ্যক্ষ থাকা উচিত।

অনেকে মনে করেন ট্যাক্সই আমাদের তুগতির কারণ সেটী আমাদের ভল। ট্যান্ত্রে গুরুতর কিছুই নাই। যদি চব্বিশ কোটা লোক ৫৫০০০০০০ পঞ্চান্ন কোটা (ইংরেজদের ৫৫ ও স্বাধীন বাজাদের ২০ কোটা) টাকা দেয় তবে প্রতিজ্ঞনের ৩/০ তিন টাকা হুই আনা গড়ে, এখন যেরপে উচ্চমূল্যে জব্যাদি বিক্রয় হুইতেছে, তাহাতে ২১: মণের মূল্য ৫০ পঞ্চাশ টাকা হইতে ৩৮/০ তিন টাকা হই আনা দিলে শত করা ৬ ছয় টাকা ট্যাক্স প্রাযামত। কিন্তু কথা হইতেছে এই যে স একুশমণ হইতে স ডিন টাকা লইয়া চাসা যে আর কোন কালে কিছু সঞ্চয় করিবে তাহার জ্বো ত রহিলই না। বরং তাহার স্বাচ্ছন্দ্যের যা ছিল তাহাও রহিল্ না। কিন্তু সে দোষটি কার ? লোকসংখ্যা বৃদ্ধির। যদি এই বৃদ্ধি না হইত মনে কর ২০ কোটা লোকই যদি থাকিত তাহা হইলে ৩ তিন টাকা ৭০ আনা খাজনা দিতে হইত সন্দেহ নাই তাহা হইলে কিন্ত তাহাদের আয় হইত ১০৩২৫০০০০ বিঘা \times ৫ মণ=২৭। স সাভাইশ মণ হইত। অনায়াসে চলিত। সাতাইশ মণ হইতে ১৮ মণ খাবার ও ৩৭০ তিন টাকা বার আনা রাজ্য দিয়া সুখে স্বাক্তলে থাকিতে পারিত। সঞ্চয় তখনও হইত কি না সন্দেহ। এখন ঘোর কষ্ট হইয়াছে। মোটে তাহা হইলে টেক্স কষ্ট নহে লোক সংখ্যা বৃদ্ধির দক্ষণ এই টেক্স কষ্টকর হইয়াছে। ইহাতে গবর্ণমেন্টের দোব দেওয়া যায় না। তাই বলিয়া আমরা গভর্ণমেণ্টের ট্যান্স সিষ্টেমের স্বাপক্ষে কিছু বলিতেছি না। আমরা কেবল এইমাত্র বলিতে চাহি যে দোষ যত আমাদের, তত গবর্ণমেন্টের নয় ৷ আমরা দেখিতেছি যে গবর্ণমেণ্ট আমাদের রক্ষা করিতেছেন, আর বর্গীর ছালামা নাই, পুট তরাজ নাই, একমূটা যেমন জোটে খাইতে পাইতেছি। আমাদের কর্ত্বর কর্ম এখন বংশ বৃদ্ধি করা। যাহাতে বংশলোপ না হর যাহাতে

আমাদের বংশের কীর্ত্তি-ধবজ্ঞা চিরদিন উড়িতে পারে। এই একমাত্র আমাদের কাব্ধ হইয়া উঠিয়াছে। যদি বংশবৃদ্ধির কোনরূপ প্রতিবন্ধক না থাকিত, যদি ছর্ভিক্ষ বা মারী ভয় না থাকিত যদি বালকদিগের মৃত্যু সম্ভাবনা অধিক না হইত, যদি আমরা—আর কাব্ধ নাই—তাহা হইলে এই চল্লিশ বংশবে আমাদের বংশবঙ্গপালে ভারতভূমি ছাইয়া যাইত। স্থবিধার মধ্যে এই, যখনই দেখি কই হইয়াছে বিদেশীয় রাজ্বন্ধ বলিয়া পরের ঘাড়ে দোষ চাপাইয়া দীর্ঘ নিশাস ফেলিয়া খুন হই।

যদি এই সময় হইতে আমরা সভর্ক না হই, তবে ভবিষ্যতের গর্ভে কি যে নিহিত আছে তাহা বলা যায় না। আমাদের অবস্থা এখনই অতি ভয়ানক। ৪ কোটী লোকের অন্ন নাই। কেহই পূরা পেট আহার করিতে পায় না। এই সময় ঠেকিয়া যদি আমরা না নিধি তবে আমাদের তৃঃখে শৃগাল কুকুর ও রোদন করিবে।





উপন্যাস

স্চনা

5

কদা সিংহশত গ্রামে একজন ধনবান্ রাজা বাস করিতেন। এক্ষণে সে গ্রাম নাই, সে রাজাও নাই, কেবল ছই, একটি বৃহৎ বৃহৎ অট্টালিকার ভগ্নাংশ পড়িয়া আছে। ধনবানের শেষ চিস্কু এইরপ—প্রস্তর্থণ্ড, বা ইস্টকস্তৃপ। উপযুক্ত পরিণাম! বিক্রমাদিত্যের এক্ষণে সিংহ্ছারের এক ভগ্নাংশ মাত্র আছে। কিন্তু গরীব কালিদাসের শকুন্তুলা অভ্যাপি নবপ্রস্কৃতিত কাননকুন্থমের স্থায় সভ্যস্ক; পূর্ণচন্ত্রের স্থায় মনোহর ও দিগন্তব্যাপী। মূর্থের নিকট শকুন্তুলা বৃধা। আন্ধের নিকট চক্রপ্র মিধ্যা। বিক্রমাদিত্য স্বর্ণ সিংহাসনে, আর কলিদাস নিয়ে, যোড় হস্ত। ভূল।

সিংহশত গ্রামের শেষ রাজ্ঞা ইন্দ্রভূপ পরাক্রান্ত ছিলেন না, সামাক্ত লোকের ক্রায় সরল, শান্ত, ও ধর্মপরায়ণ ছিলেন। সেই ধর্মপরায়ণতা তাঁহার অনর্থের মূল হইয়াছিল। অতি প্রাচীনকাল অবধি বংশের এই নিয়ম ছিল যে, জ্যেষ্ঠ পুত্র বিষয় অধিকারী ইইবেন, কনিষ্ঠেরা কেবল কিঞ্চিৎ মাসিক পাইবেন। এই নিয়ম সঙ্গত হউক, অসঙ্গত হউক, রাজবংশের মধ্যে হইটি নৃতন বৈষম্য ঘটাইয়াছিল; একটি প্রকৃতিগত; অপরটি আকৃতিগত। এক শাখা সদা সম্ভুট, সরল, শাস্ত ও উদার। অপর শাখা সদা ঈর্য্যাপরবল ও কুটিল। এক শাখা রূপবান, অপর শাখা কৃৎসিত। একবংশের মধ্যে পরস্পার এতাদৃশ প্রভেদ বিশ্বয়জ্বনক, কিন্তু ঘটিয়াছিল। যিনি অভূল ঐশ্বর্য্যের অধিকারী হইবেন তাঁহার অসম্ভোষের কোন কারণ ছিল না, সকলেই তাঁহার আশৈশব সম্ভোষবিধান করিত। কিন্তু যিনি বিষয়বৈভব কিছুই পাইবেন না তিনি সদাই ভাবিজেন, "পিতার এত ঐশ্বর্য়! কি অপরাধে তিনি তাহাতে বঞ্চিত্র? সামাক্ত প্রজার সম্ভানেরা পিতৃবৈভবে ক

তুল্যাংশী, তিনি রাজপুত্র অথচ তাঁহার ভাগ্যে কিছুই নাই!" বাঁহার মনে সভত এই আলোচনা, সর্বাদা তাঁহার জ কুঞ্চিত, সর্বাদা তাঁহার তীর্য্যন্ধ ষ্টি, সর্বাদা তাঁহার দন্তলগ্ন, সর্বাদা তাঁহার মুখ বিকট। মুখের উপর মনের আধিপতা অভি চমৎকার; মনোবৃত্তি মাত্রেই মুখে আসিয়া উদয় হয়। কোন মনোবৃত্তির স্থান জাযুগ, কোনটির বা জাযুগ ও নেত্র। কোন মনোবৃত্তির স্থান ওষ্ঠ, কোনটির বা ওষ্ঠপাশ্ব ও নাসা। এইরূপ, রাগ, ঈর্য্যা, শোক, আহলাদ প্রভৃতি যে কোন মনোবৃত্তি হউক মুখের কোন অংশ না কোন অংশ অধিকার করিয়া থাকে। যে মনোবৃত্তি সর্বাদা উদয় হয়, তাহার অধিকারস্থল ক্রেমে পুষ্টিলাভ করে। মুখের কোই অংশ ক্রেমে এত স্পান্থ হয় যে, প্রথমেই সেই অংশের প্রতি দৃষ্টি পড়ে। সে মনোবৃত্তি তৎকালে মনে উপস্থিত থাক বা না থাক, মুখে তাহার চিহ্ন রহিয়াছে। এইজ্বন্থ দেখিবা মাত্র জানা যায় যে কাহার মুখে কোন বৃত্তির গতিবিধি অধিক। এই লোক স্বভাবতঃ উত্রা, এই লোক স্বভাবতঃ শান্ত, এই লোক স্বভাবতঃ দয়াল্ যে অন্থতব হয়, তাহার কারণ অপর কিছুই নাই।

কুপ্রবৃত্তি, কুৎসিত। মুখের যে অংশ কুপ্রবৃত্তির অধিকারস্থল, তাহা পুষ্ট হইলে, মুখ কুৎসিত হয়। এই জন্ম সিংহশত রাজবংশের এক শাখা কুৎসিত ছিলেন। ইর্ধ্যা, বৈরক্তি, অসম্যোধ প্রভৃতি বৃত্তি সর্বাদা তাহাদের মনে জাগিত।

সজ্জন ব্যক্তিবা সুশ্রী। সংপ্রবৃত্তি মনে প্রবল পাকিলে মুখ সুশ্রী হয়। ধাঁহারা অসজ্জনকে সুশ্রী দেখিয়াছন, ঠাহাদের ভ্রম হইয়াছে। শ্রী মুখের অংশ শ্রীমহে, অস্তরেব।

অবস্থানুসারে প্রকৃতি। প্রকৃতি হইতে আকৃতি।

ইন্দ্রভূপ ষয়ং সর্বাদা সন্তুষ্ট; সকলকে সন্তুষ্ট করিতে চেষ্টা করেন, কেবল জ্ঞাতিদেব পারেন না। তিনি তাঁহাদের সর্বাষ্ট লইয়াছেন, কেন তাঁহারা সন্তুষ্ট হইবেন ? জ্ঞাতিদের নিকট ইন্দ্রভূপ অধান্মিক, অবিবেচক, অত্যাচারী, কেবল একজন জ্ঞাতি ইন্দ্রভূপের প্রশংসা করিতেন, সর্বাদা তাঁহার অমুগত থাকিতেন। তাঁহার নাম চূড়াধন বাবু। তিনি যৎপরোনাস্তি মিষ্টভাষী, নম্ম, শান্ত এবং নির্বিরোধী ছিলেন, তাঁহাকে ইন্দ্রভূপ বিশেষ ভালবাসিতেন। তিনি কাহাকেই বা ভাল না বাসিতেন ?

চ্ডাধন বাবু বড় সাবধানী ছিলেন। আপনি কখন রাজসম্মুখে কোন
কথাই উত্থাপন করিতেন না। মহারাজ কোন কথা জিজ্ঞাসা করিলে সসমানে
নতশিরে কেবল সেই কথারই উত্তর দিতেন, কখন নিজের মত জানাইতেন না।
সাধারণের মত কি, অন্যের মত কি, দেওয়ান মহাশয়ের মত কি, কেবল ভাছাই
, জানাইতেন। ইক্রভূপ ভাহাতেই সভ্তঃ হইতেন। ভাবিতেন চূড়াধন বড় বিজ্ঞ।

রাজা ইন্দ্রভূপ আহার করিবার সময় নিত্য বছজনপরিবেষ্টিত হইয়া আহার করিতেন। অতি উপাদেয় সামগ্রী নানা দেশ হইতে সংগৃহীত হইত। কিন্তু পরিচারকগণ দেখিত, চূড়াধন বাবু সে সকল কিছুই স্পর্শ করিতেন না, বাছিয়া বাছিয়া কেবল অপকৃষ্ট সামগ্রী আহার করিতেন। আহারাস্তে ইন্দ্রভূপ পাশক্রীড়া করিতে ভাল বাসিতেন। চূড়াধন বাবু ভিন্ন আর কাহার তাঁহার সহিত ক্রীড়া করিবার অধিকার ছিল না। কিন্তু অমাত্যবর্গ সকলেই দেখিত যে, চূড়াধন বাবু নিত্য হারিতেন। ইন্দ্রভূপ হাসিয়া বলিতেন, "চূড়াধন অভাপি খেলা শিখিতে পারিল না।"

একদিন ক্রীড়ার পরিচয় দেওয়ান মহাশয় শুনিয়া কিঞ্চিৎ বিমর্থ হইলেন। আনক পরে দীর্ঘ নিশাস ত্যাগ করিয়া আপনা আপনি বলিলেন—"চ্ড়াধন বাবু একদিন জ্বিতিবেন।"

নিকটে একজন আত্মীয় বসিয়াছিলেন, জিজ্ঞাসা করিলেন, "কবে জিভিবেন ?" দেওয়ান্জি কোন উত্তর করিলেন না। ক্ষণেক পরে আপন পুত্রকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন, "আমার অবর্ত্তমানে রাজাকে রুক্ষা করিতে পারিবে ?"

পুত্র। ভবিষাতে রাজার কি কোন ব্লিপদ ঘটিবার সম্ভাবনা আছে ?

(मछ। मण्पूर्व।

পুত্র। কি বিপদ ?

দেও। তাহা আমি এক্ষণে নিশ্চয় অন্নুভব করিতে পারি নাই। কিন্তু কে বিপদ ঘটাইবে, বুঝিতে পারিতেছি।

थू। ति !

দেও। চূড়াধন বাবু।

পুতা। ইচ্ছা পূৰ্বক ?

দেও। ইচ্ছা পূর্বক। রাজার অনিষ্ট ভিন্ন চূড়াধন বাবুর আর কোন ইচ্ছা এ জগতে নাই।

পুত্র। চূড়াধন বাবু বড় সজ্জন বলিয়া ত বোধ হর, সকলেই তাঁহার প্রশংসা করে।

দেও। কিন্তু আমি তাহা করি না। যতদিন আমি জীবিত থাকিব, তত দিন চূড়াধন বাবু কোন বিশেষ উত্যোগ না করিতে পারেন। কিন্তু আমি আর কত দিন ? একে বৃদ্ধ, তাহাতে আবার নানা প্রকার পীড়াগ্রস্ত। ভোমার নিমিত্ত কিছু সঞ্চয় করিতে পারি নাই, সঞ্চয়েরই বা প্রয়োজন কি ? আমি যে রূপ কাটাইলাম তুমিও সেইরপ কাটাইবে। আমরা পুরুষামুক্রমে রাজদেওয়ান, আমার পর তুমি অবশ্য দেওয়ান হইবে, রাজা তোমাকে ভালবাসেন। চূড়াধন বাবু তোমার প্রতি হস্তক্ষেপ করিবেন না; তুমি অল্পবয়স্ক এই জন্ম তুমি তাঁহার লক্ষ্য নহ। তাঁহার সম্মুখে বালকের মত ব্যবহার করিবে। আর এক কথা—রাজার যদি পুত্র না থাকে, বিষয় অধিকারী চূড়াধন বাবু হইবেন। রাজপুত্র বালক, এতএব রাজপুত্রকে বিশেষ সাবধানে রাখিবে। বোধ হয়, রাজপুত্রের উপর চূড়াধন বাবুর লক্ষ্য অধিক।

পুত্র। আমি দেখিয়াছি রাজপুত্রের প্রতি তাঁহার যত্ন অধিক। যথনই ব্রাজপুত্রকে চ্ড়াধন বাবু দেখেন, কতই আদর করেন। প্রত্যহ চ্ই তিন বার করিয়া রাজপুত্রের তম্ব করেন। রাজপুত্রও তাঁহাকে ভালবাসেন।

দেওয়ান আবার বিমর্থ হইলেন। আর কোন কথা কহিলেন না। তাঁহার পুত্র আপন বৈঠকখানায় গিয়া ভাবিতে লাগিলেন, "পিতা অনর্থক চূড়াধন বাবুকে সন্দেহ করিয়াছেন। বৃদ্ধ হইলে অন্তের প্রতি সর্ব্বদাই সন্দেহ হয়, এই বয়সে যেমন প্রত্যেক পীড়ার প্রতি সন্দেহে হয় তেমনই আবার প্রত্যেক মনুষ্যের প্রতি সন্দেহ হয়। সন্দেহই এই বয়সের নিয়ম, সন্দেহের নাম বিজ্ঞতা।"

ঽ

ক্রীড়ান্তে ইন্দ্রভূপ প্রত্যহ নিয়মিতরূপে কোন না কোন সংস্কৃত মূলগ্রন্থ প্রবণ করিতেন, রাজসভায় কখন ভাগবদগাঁতা, কখন যোগবাশিষ্ঠ, কখন রামায়ণ, কখন মহাভারত পাঠ হইত। শ্রোভারা সকলেই সংস্কৃতন্ত, ব্যাখ্যার আর প্রয়োজন হইত না। এই সময় যে কথাবার্ত্তা আবস্তুক হইত, তাহা সমৃদয় সংস্কৃত ভাষায় কহিতে হইত। ফল এই দাড়াইয়াছিল যে, ইচ্ছা হইলেও বড় কেহ কথা কহিতে পাইতেন না, কাল্লেই নির্কিন্তে পাঠ হইত। কিন্তু রামায়ণ কি মহাভারত পাঠকালে এ নিয়ম বড় খাটিত না। রামের বিলাপ, বা অন্ধমূনির বিলাপ, সীতার বিলাপ বা দশরথের বিলাপ বা তছৎ কোন অংশ পাঠ হইতে আরম্ভ হইলে, প্রথমে সকলেই নিম্পান্দ হইয়া শুনিতেন, ক্রমে সকলের হাদয় যখন পূর্ণ হইয়া উঠিত, তখন হয়ত কোন শ্রোতা আর শোকসম্বরণ করিতে অসমর্থ হইয়া কৃষ্ঠিত ভাবে নিশাস ফেলিতেন, অমনি নিকটেই সন্দোরে নস্থ গ্রহণের তুই একটি শব্দ হইত, তাহার পরেই চারিদিকে উপযুগ্পরি নস্কগ্রহণের তুমূল শব্দ হইয়া উঠিত। কেবল নাসার দীর্ঘ শব্দ। এই একরূপ ক্রম্পন । অধ্যাপকের ক্রম্পন শেষ হইলে ইন্দ্রভূপ স্বয়ং কম্পিতকঠে শোক প্রকাশ করিয়া

ফেলিতেন, তাহার পর কথা কহিবার আর বাধা থাকিত না, প্রথম ছই একটি সংস্কৃত, পরেই বাঙ্গালা চলিত। তখন সকলেই কথা কহিতেন, কেবল চূড়াধন বাবু নিস্তব্ধ থাকিতেন। রামায়ণ, মহাভারত তাঁহার ভাল লাগিত না; লোকের কেন ভাল লাগে, তাহাও তিনি অমুভব করিতে পারিতেন না। এক দিন তিনি দেওয়ান্ মহাশয়কে জিজ্ঞাসা করিয়াছিলেন, "আপনি কোন দিন রামায়ণ শুনিতে বসেন না কেন ?" দেওয়ান্ উত্তর করিলেন, "রামায়ণ কর্মানাম, একদিন শুনিলে, ছইদিন কোন কর্ম করিতে পারা যায় না।" চূড়াধন একটু হাসিলেন, তাঁহার বিকট দস্ত দেখা গেল। তাহা দেখিয়া দেওয়ান্ মহাশয়ের একজন পরিচারক ভাবিল, "দাত ছাড়ান যদি হাসি হয়, তাহা হইলে শুগালেরও হাসি আছে।"

বাস্তব সকল হাসি, হাসি নহে। সকলে হাসিতে পারে না, অনেকে আবার হাসিবাব অধিকাবীও নহে। অথচ সকলেই হাসিতে যান, হাসিতে কাহার না সাধ? হাসি দেখিলে হাসি পায়, কিন্তু যে ব্যক্তি হাসিতে অনধিকারী, তাহার হাসি দেখিলে কেহ হাসে না, ভয় পায়! সুখীরা হাসিতে জানে, সরল ও উদার ব্যক্তিবা বিলক্ষণ হাসিতে পাবে, প্রণয়ীরা চ্মৎকার হাসে, শোকাকুল ব্যক্তিরা মান হাসি হাসে, অন্ধকার ঝড় বৃষ্টিভেও কখন কখন দীপ-আলোক পড়ে, কিন্তু কুটিল ব্যক্তিবা হাসিতে পারে না; তাহাতেই পরিচারক চূড়াধন বাবুর হাসিকে "দাত ছাড়ান" বিবেচনা করিয়াছিল।

চ্ডাধন বাবু প্রায় রাজবাটীতেই সময় অতিবাহিত করিতেন। কোন কার্য্যের বিশেষ ভার ছিল না, তথাপি তিনি প্রভাষে আসিয়া রাজ্বারে দাঁড়াইয়া থাকিতেন, ইন্দ্রভূপ বহির্গত হইলে সঙ্গে সঙ্গে পুম্পোছানে বেড়াইতেন, নিতাস্ত নিকটে যাইতেন না, অথচ এমত দূরে থাকিতেন যে, অন্তের কথা যদিও একাস্ত না শুনিতে পান, তথাপি রাজার উত্তব শুনিতে পাইবেন। যিনিই যত মৃত্যুরে কথা বলুন, রাজা তাহার উচ্চৈয়েরে উত্তর দিতেন। ইন্দ্রভূপ কখন মৃত্যুরে কথা কহিতে পারিতেন না। যিনি মৃত্যুরে কথা কহিতে পারেন না, তিনি আবার প্রায় কোন কথা গোপন করিতেও পারেন না; কথা আপনারই হউক, পরের হউক, সকলের সম্মুখে মৃক্তকঠে আলোচনা করা তাঁহার অভ্যাস হয়।

পুম্পোভান হইতে ইন্দ্রভূপ যখন বিষয় কার্য্য করিতে যাইতেন, চূড়াধন বাবু সেই অবকাশে রাক্ষভৃত্য ও পরিচারকদিগের সহিত মিষ্টালাপ করিতেন; কখন বা অধ্যাপকদের সহিত শান্ত্রীয় কথা লইয়া তর্ক করিতেন। নানাশান্ত্রে তাঁহার বিলক্ষণ অধিকার ছিল। পণ্ডিতেরা তাঁহার ভূরি ভূরি প্রশংসা করিতেন, অপর সকলে তাঁহার সদ্ধাবহার সম্বন্ধে প্রশংসা করিতেন, কেবল এক দেওয়ান্ মহাশয় নিস্তব্ধ থাকিতেন।

রাজ্ঞা সর্ব্বদাই চূড়াখনকে মিষ্ট সম্ভাষণ কবিতেন, সর্ব্বদাই সন্তুষ্ট রাখিতে যত্ন করিতেন। ইন্দ্রভূপ ভাবিতেন যে, চূড়াখন বাবুর পিতা রাজ্যাধিকাবী হইলে চূড়াখন কতই স্থুখভোগ করিত; অতএব যাহাতে সে অভাব চূড়াখন অমুভব করিতে না পান, রাজা সতত সেই চেষ্টায় থাকিতেন, কিন্তু অর্থামুকুল্যের দ্বারা সে অভাব পূরণ করিতে পারিতেন না। দেওয়ান্ তাহাতে কোন গতিকে না কোন গতিকে ব্যাঘাত ঘটাইতেন। দেওয়ানের দৃঢ় বিশ্বাস ছিল, চূড়াখন বাবুর অর্থাভাব রাজ্বার পক্ষে মঙ্গল।

দেওয়ানের বৈবিদ্ধ চূড়াধন বাবু জানিতেন, কিন্তু কখন সে জন্য দেওয়ানের সহিত অসদ্বাবহার কবিতেন না, ববং তাঁহার ভূয়সী প্রশংসা করিতেন। সকলেই দেখিত, স্বয়ং ইন্দ্রভূপ দেখিতেন যে, চূড়াধন বাবু দেওয়ানের বিশেষ মঙ্গলাকাজ্জী। এক দিন অকস্মাৎ দেওয়ানের গৃহদাহ হয়, চূড়াধন বাবু তৎক্ষণাৎ সর্ক্রাণ্ডো যাইয়া দেওয়ানকে উদ্ধাব কবেন; সকলেই চূড়াধন বাবুকে ধনাবাদ দিয়াছিল, কিন্তু দেওয়ান দেন নাই; সেই জন্য সকলেই দেওয়ানেব নিন্দা করিত, দেওয়ান্ তাহা শুনিয়া কোন উত্তর করিতেন না। কেবল একবাব পুল্লকে নির্জ্ঞান ডাকিয়া বিশ্ববিদ্ধাহ বিশ্ববধ হইও না।"

পুত্র। কেন?

re । তাহা হইলে যে দাহ করিয়াছে তাহাকে ভুলিবে।

পুত্র। কে দাহ কারিয়াছে ?

দেও। চূড়াধন বাবু।

পুত্র। তিনি আপনাকে উদ্ধার করিয়াছেন।

দেও। উদ্ধার করিবেন বলিয়াই বিপদ ঘটাইয়াছিলেন।

পুত্র আর কোন উত্তর না করিয়া দাড়াইয়া রহিলেন। দেওয়ান্ রাজবাটীতে গেলেন, তথায় যাইয়া দেখেন চূড়াধন বাবু কয়েকজ্ঞন ক্রন্ধ অধ্যাপকপরিবেষ্টিড হইয়া বক্তৃতা করিতেছেন। চূড়াধন বাবু স্বভাবত: অল্প কথা কহেন, তাহাও মৃত্তু- স্বরে; একণে তাহার অস্তুণা দেখিয়া দেওয়ান্ মহাশয় সেই দিকে গেলেন। অস্তু কর্মচ্চলে কিঞ্চিৎ দূরে থাকিয়া শুনিতে লাগিলেন। দেওয়ানের সমাপমে চূড়াধন বাবুর স্বর স্বৰৎ উচ্চ হইল, দেওয়ান্ ভাহা বুকিলেন। চূড়াধন বাবু

বলিতে লাগিলেন—"পুত্রের কুচরিত্র কেবল পিতার দোবে ঘটে, নির্বেষ পিতারা সকল কথাই পুত্রকে বলে, পুত্রকে সাবধান করিতে গিয়া আপনারা অসাবধান হয়। বিজ্ঞতা শিখাইবে মনে করিয়া কুটিলতা শিখায়। উপকার করিলে যাহারা উপকৃত বোধ করে না তাহারা আপনারা অপকার করিতে না পারিয়া সস্তানের উপর ভার দিয়া যায়।"

দেওয়ান্ আর শুনিলেন না; কর্মাস্থরে চলিয়া গেলেন! যাইতে যাইতে একবার একজন পদাতিককে জিজ্ঞাসা করিলেন, "আমার শিবিকার সহিত কে আসিয়াছিল ?"

পদা। আমি আসিয়াছিলাম।

দেও। আমার পাত্তির পূর্কে আর কেহ রাজবাটির দিকে দৌড়িয়া আসিয়াছিল ?

भमा। कहे एमि नाहै।

(मंड! आम्हर्या।

দেওরান্ মহাশয় মৃথে "আশ্চর্যা" শব্দটি মাত্র উচ্চারণ করিলেন, কিন্তু অন্তরে অনেক কথা বলিলেন, অনেক বাদামুবাদ করিলেন। ক্রমে উাহার সন্দেহ ঘনাভূত হইতে লাগিল, তিনি আর দেওয়ান্থানায় বসিতে পারিলেন না, সহর গৃহে গেলেন। প্রথমেই পুত্রকে ডাকিয়া এক দৃষ্টে তাহার প্রতি অন্তমনক্ষে চাহিয়া বহিলেন। পুত্র নতশিরে দাড়াইয়া বহিল। অনেক পরে পুত্রকে বিদায় দিয়া আলবোলা নিকটে টানিয়া অক্ট্রেরে আপনা আপনি বলিলেন, "যার পুত্র পর, তার বিদায় লইবার আর বিলম্ব কনে।" তৎক্ষণাৎ ব্যস্ত হইয়া চারি দিকে দৃষ্টিপাত করিয়া পূর্ব্বমত মৃত্রুরে বলিতে লাগিলেন "গৃহে গোপন কথা যে কহিতে না পায় তার আর গৃহ কেন, সংসার কেন।"


এই দিন চ্ড়াধন বাবু অনেক রাত্রি পর্যান্ত রাজবাটিতে ছিলেন।
অক্ষদিন প্রায়ই সন্ধ্যার পর বাটি যাইতেন। যাইবাব সময় কিঞ্চিৎ
ক্রুত পদবিক্ষেপে যাইতেন; লোকে বলিত, "ঐ চ্ড়াধন বাবু প্রদীপ
নিবাইতে যাইতেছেন। বাস্তবিক সে কথা কড়কাংশে সত্য। গৃহে তাঁহার
প্রতীক্ষায় অনর্থক প্রদীপ না জলে, অনর্থক তৈল নট্ট না হয় ইহা
তাঁহার সাংসারিক বন্দবস্তের কথা বটে। তাঁহার যে নিভান্ত দৈম্পদশা
ছিল এমত নহে। গৃহে দাস দাসী ছিল, ছারপালও ছিল। কিন্তু ভাহা
বলিয়া অনর্থক তৈল নট্ট কেন হইবে ! এই জন্য গৃহে প্রদীপ বড়
জ্ঞানত না।

তাঁহার গৃহ দেখিলে কোন ধনবান্ বা রাজগোষ্ঠা কাহার বাসন্থান বিলিয়া বোধ হইত না। গৃহটি ইষ্টকনির্মিত বটে কিন্তু বড় ক্রু ও ভয়োমুখ, অথচ জাঁকজমক আছে। চারি দিকে কার্ণিসের নিমে বিবিধ প্রকার পক্ষী চতুপ্পদ সেপাই শান্তি চুণকামে অন্ধিত রহিয়াছে—দেখিলে ঢাকাই শাটী মনে আইসে। গৃহাভান্তরে বায়ুপ্রবেশের পথ বড় ছিল না; তৎকালে গবাক্ষের আকৃতি পরিবর্ত্তন হইয়া অতি ক্রু ক্রু ক্রু চতুকোণ ঝরকা প্রচলিত হইয়াছিল, চূড়াধন বাবুর বাটিতে তাহার ছই তিনটি মাত্র ছিল। বাটিব মধ্যে বা পার্শ্বে কোথাও পুপ্পোদ্যান ছিল না; তৎকালে গৃহস্থের পক্ষে ইহা ধর্মবিক্রদ্ধ বলিয়া নিন্দা হইত। একবার একজন বৃদ্ধ ব্রাহ্মণ ভিক্ষার্থে আসিয়া, "ভিক্ষাং দেহি" বলিয়া ঘারে দাঁড়াইল, পরে ইতন্ততঃ অবলোকন করিয়া দেখিল যে, গৃহে কোন পুপ্পর্ক্ষ নাই, অতএব তৎক্ষণাৎ ফিরিল। গৃহিণী স্বয়ং ভিক্ষা লইয়া আসিলেন, ভিক্ষ্ক তাহা গ্রহণ ক্রিল না, বলিল, 'মাতঃ, তোমাব ভিক্ষা আমি লইব না। পুম্পোদ্যান নাই দেখিয়া বৃঞ্চিয়াছি যে তোমাব গৃহে নারায়ণ নাই।"

ভিক্ষক যদি আর কিঞ্চিৎ দাঁড়াইয়া পর্য্যবেক্ষণ করিত, ভাহা হইলে বলিত, "ভোমার গৃতে কোন পালিত পক্ষী নাই, বোধ হয় ভোমার কোন সম্ভান সম্ভতি নাই, আমি ভিক্ষা লইব না; নি:সম্ভানেব ভিক্ষা অগুচি।" চুড়াধন বাবু বাস্থবিক নিঃসন্থান: গুহে আপনি আব গুহিণী বাস করেম। পুত্রবভী হইলে স্ত্রীজাতির যে কোমলতা জন্মে, সর্ববলোকে যে স্নেহ যে দয়া জন্মে, তাহা ভাঁহার গৃহিণীর একবাবে জন্মে নাই। চূড়াধন বাবু জানিতেন যে ভাঁহার স্ত্রী অভিশয় দয়াময়ী, স্লেহময়ী, দাতা, এবং একেবারে স্বার্থপরতাশুন্যা। চূড়াধন বাৰ এসকল বিশেষ দোষ জ্ঞান করিতেন, এবং এইজনা মধ্যে মধ্যে গৃহিণীকে ভিরস্কার করিতেন, তথাপি গৃহিণী রাত্রিকালে স্বামীর ভোজন-পাত্রের নিকট ৰসিয়া নিজের স্নেহ, দয়ার নানা পরিচয় দিতেন। কিন্তু তাহার একটি কথাও প্রকৃত নহে, চূড়াধন বাবু সকল গুলিই প্রকৃত মনে করিতেন। চূড়াধন বাবু অসাধারণ বৃদ্ধিমান ছিলেন, সকলের অম্বরন্থ পর্যান্ত দেখিতে পাইতেন, কিন্তু আপনার স্ত্রীর নিকট অন্তইতেন, কিছুই বৃঝিতে পারতেন না। গৃহিণী বিশেষ বৃদ্ধিমতী ছিলেন না, প্রতিবাসীদিগের অভিসন্ধি কিছুই অমুভব করিতে পারিতেন না ; কিন্তু চূড়াধন বাবুর অন্তন্ত্রল পর্য্যন্ত দেখিতে পাইতেন, বৃঝিতে পারিতেন।

যে রাত্রে চূড়াধন বাবু ক্রন্তপাদবিক্ষেপে বাটী আসিতেছিলেন, সেই রাত্রে তাঁহার বাটাতে ছইজন লোক বসিয়া তাঁহার নিমিত্তে অপেকা করিতেছিল। চূড়াধন বাবু তাঁহাদের দেখিয়া মহা আছলাদ প্রকাশ করিলেন, অর্থাৎ বাক্যের দ্বারা প্রকাশ করিলেন। তাহার পর একত্রে বসিয়া অতি নিম্নস্বরে পরস্পর অনেক কথাবার্তা হইল। শেষ উঠিবার সময় চূড়াধন বলিলেন, "এইবার বুঝিব তোমরা কেমন জাল ফেলিতে পার।" তাহাদের মধ্যে একজন উত্তর করিল, "জেলে ত আপনি, আমরা মাত্র জেলের হাঁড়ি, আমরা সঙ্গে সঙ্গে ফিরিব, দেখিব, আপনার জালে কেমন করে রাজ্বমৎস্থ ধরা পড়ে।"

वर्ष वर्षः छाष्ट्रेम जःचा



বিদেশে যখন একমাত্র দেবভাষা সংস্কৃতের প্রাবল্য ছিল তখন হইতে "রত্ন"
শব্দটি চলিয়া আসিতেছে।

সংস্কৃত শাস্ত্র আলোচনার দ্বারা জ্ঞাত হওয়া যায়, পূর্ববাচার্য্যেরা চুই প্রকার 🛩 অর্থে "রত্ন" শব্দেব সঙ্কেত বর্দ্ধন করিয়া গিয়াছেন। এক সামাস্থত: উৎকৃষ্ট বস্তুর উপর, দ্বিতীয় উৎকৃষ্ট প্রস্তুরের উপরই রত্নের প্রয়োগ দেখা যায়।

"बाटो बाटो वहरक्हेर एकि बद्धर श्राप्तकरण।"

প্রতাক জাতীয় বস্তুর মধ্যে যেটা উৎকৃষ্ট সেইটিই রত্ন। যথা জীরত্ব, প্রুষরত্ব, অশ্বরত্ব, ধনরত্র ইত্যাদি; "রত্রস্ত মণিভেদে স্যাৎ" মণিবিশেষের সহিত রত্রশব্দেব সন্ধেত বাঁধা আছে। রত্রশব্দের এই দ্বিতীয় অর্থের বিবরণ ব্যক্ত করা আমাদের উদ্দেশ্য, এই জ্বন্থই আমরা উপরে "রত্ররহস্য" মুকুট স্থাপন করিলাম। এক সময়ে ভাবতবর্ধবাসীদিগের মনে যে কি পর্যান্ত প্রস্তরপরীক্ষা বিষয়ক অন্থ-সন্ধিৎসা প্রবল হইয়াছিল এই প্রস্তাব পাঠ করিলে ভাহা পাঠকবর্গ অবগত হইতে পাঁরিবেন।

রত্নপদবাচ্য যত প্রকার মণি আছে তন্মধ্যে নয়টি প্রধান। এইজ্ফ আমরা

উ'নবরত্ন" নামটি সর্ববদা শুনিতে পাই।

ভদ্যথা।

"মুক্তা মাণিকা বৈদ্ধ্য গোমেদো বছাবিক্রমো পদ্মরাগং মরকতং নীলকেতি ব্যাক্রমম্।" (তখ্রসার:)

পাঠকগণ, বৈদূর্যা কি ! গোমেদ কি ! বলিয়া ব্যস্ত হইবেন না, ক্রমে সমস্তই বলিব—অগ্রে মুক্তার বিবরণ লিখিতে প্রবৃত্ত হইলাম।

মুক্তা বহুমূল্য রব্ধ। ভারতবাসীগণের ন্যায় ইউরোপীয়গণও প্রাচীনকাল হইতে ইহার বিশেষ আদর করিয়া আসিতেছেন। পূর্ব্বকালে রোমক্পুণ ইহা বছব্যয়ে ক্রেয় করিতেন। একজন রোমক গ্রন্থকার তাঁহার সময় একছড়া মুক্তাহার আপ্ত লক্ষ টাকায় বিক্রেয়ের কথা উল্লেখ করিয়াছেন। প্রসিদ্ধ রূপবতী ব্লিওপেট্রা একটি ৮০৭২৯০ টাকা মূল্যের মুক্তা চূর্ণ করিয়া মন্তের সহিত পান করিয়াছিলেন, এবং এতাদৃশ বছমূল্য একটি মুক্তা দ্বিশুও করিয়া রোমের প্রসিদ্ধ ভিনসের মূর্ত্তির কর্ণাভরণ করিয়া দেওয়া হইয়াছিল। আধুনিক সময়েও রাজ্ঞী এলিজাবেথের রাজ্যকালেও তৎসমক্ষে স্থার টমাস গ্রেসাম একটা ১৫০০০০ টাকা মূল্যের মুক্তা চূর্ণ করিয়া মত্যের সহিত পানকরত স্পেনদেশীয় রাজদূতকে চমৎকৃত করিয়াছিলেন। মুক্তা এইরূপ সকল সময় ও সকল রাজ্যেই আদৃত হইয়া আসিতেছে।

ভাবতের জ্যোতিষশাস্ত্রে ইহার সমধিক গৌরব দৃষ্ট হয়। মুক্তা ধারণে মহা ফল, গৃহে থাকিলে মহা ফল, ইহার অধিষ্ঠা ত্রী দেবতা চন্দ্র, এইরূপে গৌরব বৃদ্ধি করিয়া গিয়াছেন। বৈভকশাস্ত্রকারেরাও ইহার গৌরব করিতে ক্রটি করেন নাই। ইহার গুণ, ঔষধে উপযোগ, উপকারিতা রাজনির্ঘণ্ট ও ভাব প্রকাশ প্রভৃতি বৈভক গ্রন্থে আছে।

মুক্তাব ছায়া বা কান্তি, বিশেষ বিশেষ আকর বা উৎপত্তি স্থান, ও বিশেষ বিশেষ পরীক্ষা প্রভৃতি গরুড় পুরাণে আছে। ইহা ভোজরাজকৃত "যুক্তিকল্পডরুন" গ্রন্থে কিছু অধিক পরিমাণে দৃষ্ট হয়। ভস্তার রাজা রাধাকান্ত দেব এই সমস্ত গ্রন্থ হইতে প্রমাণ সমূহ কল্পড়াম সন্নিবেশিত করিয়াছেন। পাঠকবর্গের গোচ্বার্থ পুস্তকগুলির অগ্রে পরিচয় দিলাম। মুক্তার আকর বা উৎপত্তি স্থান যথা—

মাতকোরগমীন পোত্তি শিরসন্তক্সার শৃথামৃত্থ। শুক্তীনামুদরাচ্চ মৌক্তিক মণিঃ ম্পটং ভবতাইধা। (বৃক্তিকরতক)

(১) মাতঙ্গ—হস্তী। (২) উরগ—সর্প। (৩) মীন—মৎস্ত। (৪) পোত্রী—শৃকর। (৫) স্ক্সার—বাঁশ। (৬) শন্ধ— শাঁশ। (৭) অমুভূৎ—মেঘ। (৮) শুক্তি—ঝিণুক।

ভাবপ্রকাশ গ্রন্থে এইরূপ লিখিত আছে—

"শংখা গৰুত ক্ৰোড়ত ফণী মংস্যত দছ্রি:। বেণুরেতে সমাধ্যাতা ভজ্জ মৌক্তিক যোনয়:।" (ভাবপ্রকাশ)

(১) শশ্ব—শাধ। (২) গজ—হস্তী। (৩) ক্রোড়—বিণুক। (৪) ক্লী—সর্পূ। (৫) মৎস্থ—মাছ। (৬) দছ্র—ডেক। (৭) বেণু—বাশ। मिन्नाथ व्यक्त এकि विष्टान छेट्ना कित्राहिन। यथा-

"বিপেন্স জীমৃত বরাহ শব্দ মৎস্থাহি ওজ ুাত্তববেণুজানি। মৃক্তাফলানি প্রথিতানি লোকে তেয়াত্ত ওজ ুাত্তবনের ভ্রিব।

(১) দ্বিপেশ্র—জাত্যহস্তী। (২) জীমৃত—মেঘ। (৩) বরাহ—শৃকর।

(৪) শব্য—শাখ। (৫) মৎস—মাছ। (৬) অহি—সর্প। (৭) শুক্তি—

বিপুক। (৮) বেণু—বাঁশ। এই সকল স্থান হইতে মুক্তা জয়ে এইরূপ প্রাসিদ্ধ
আছে। পরস্ক শুক্ত্যুদ্ধব মুক্তা বহু উৎপন্ন হয়।

त्राका त्राशाकास्टरमय अग्र आत এक है। यहन छ द्वार कति ग्राह्म । यथा

"গজাহিকোলমংস্থানাং শীর্ষে মৃক্তাফলোম্ভবং। ত্বকু সার ভক্তি শখানাং গর্ক্তে মৃক্তা ফলোব্ডবং।"

হস্তী, সর্প, শৃকর, ও মংস্তের মস্তকে মুক্তামণি জল্মে এবং বাঁশ, ঝিণুক ও শাঁখের উদরে জল্ম। এই সকল বচনের মধ্যে মল্লিনাথের গৃত বচনটীতেই আমা-দের শ্রদ্ধা হয়। কেন না ঐ বচনের একাংশে প্রকাশ করা হইয়াছে যে, "শুক্তিজ্ঞাত মুক্তাই আমরা অধিক পাই, অক্যান্ত আকরের মুক্তা সকল লোকপ্রবাদে প্রসিদ্ধ।" এই কথাই সত্য।

মাতঞ্চ মুক্তা—গজমুক্তা

"মৌক্তিকং ন গৰে গৰে" (চাঁণক্য)—

সকল গজে মুক্তামণি পাওয়া যায় না। অর্থাৎ সকল হস্তীর মস্তকাভ্যস্তরে পার্থরী জন্মে না। কিরূপ হস্তীর মস্তকে জন্মে তাহা বলিভেছি—

> মতক্ষা বেতু বিশুদ্ধবংশা তে মৌকিকানাং প্রচবাঃ প্রনিষ্টাঃ। উৎপদ্মতে মৌকিক বেষু বৃত্তং আপীত বর্ণাং প্রচয়া বিহীন্ম।" (ধুক্তিকল্পতক্ষ)

যে সকল মাতক বিশুদ্ধ বংশোৎপন্ন তাহাদেরই মন্তকে মূক্তা প্রস্তের উৎপন্ন হইয়া থাকে। এই সকল জাতাহন্তীর মধ্যে কোন কোন হস্তীতে যে মূক্তা জয়ে তাহা স্থগোল, ঈবৎ পীতবর্ণ, এবং ছায়াবিহীন। মূক্তার ছায়া কি ? ভাহা পরে বলা যাইবে।

"বন্ধ্যে গল্প পরীক্ষায়াং গল্পজাতিকতুর্বিধা। মৌক্তিকং তেষু জাতং হি চতুর্বিধ মৃদীর্ঘ্যতে।"

(যুক্তিকল্পডক)

হস্তীজাতির মধ্যে বিবিধ শ্রেণীর হস্তী আছে তন্মধ্যে জাত্যহস্তী চারি প্রকার শ্রেণীভূক্ত। সে সকল বৃত্তাস্ত গজপরীক্ষা প্রকরণে বলিব। ৪ শ্রেণীর জাত্য গজেই মূক্তা জন্মিয়া থাকে, স্থতরাং তত্ৎপন্ন মূক্তা ৪ জাতি বা ৪ শ্রেণী। সেই, ৪ শ্রেণীর মূক্তার ৪ প্রকার আখ্যা দেওয়া হইয়া থাকে—ব্রাহ্মণ, ক্ষপ্রিয়, বৈশ্ব ও শৃত্ত।

"বান্ধণং পীতভক্ত ক্ষিয়ং পীতরকক্ম। পীত ভামস্ত বৈভাং দাং দৃদ্রং দাং পীতনীলক্ম্।" (ঐ)

ব্রাহ্মণ জাতীয় মূকা পীত শুক্লবর্ণ, ক্ষত্রিয় মূকার বর্ণ পীতরক্ত, বৈশাজাতীয় মূকার বর্ণ পীতশাম এবং শূজ্জাতীয় গজমূকার বর্ণ পীতনীল। কামোজদেশীয় মাতক্ষ মূকাব কিছু বিশেষ আছে। যথা—

''কাছোজকুন্তসন্ত্তং ধাত্ৰীফলনিভং গুক। অভিপিঞ্জসচ্ছায়ং মৌকিক[€] মন্দদীধতি ॥'' (যুক্তিকল্লভক)

কাম্বোজ্বদেশীয় হস্তিকুস্তে যে মুক্তা জন্ম তাহার আকার ঠিক গোল নহে। তাহার গঠন আমলকা ফলসদৃশ, ওজনে ভারী, পিঞ্চরবর্ণ, ছায়া বা কান্তিহীন নহে অর্থাৎ কিঞ্চিৎ পরিমাণে ছায়া আছে এবং অল্প কিরণও আছে।

সর্পমশি বা ফণিযুক্তা

সকল সর্পের মস্তকে মণি উৎপন্ন হয় না।

"কৃষক্ষমা তে বিষ্যোগ্ৰপ্তা: শ্ৰীবাস্থকেবংশভবাঃ পৃথিব্যাম। কচিৎ কদাচিৎ থলু পুণ্যদেশে ডিঠম্ভি ডে পশ্ৰতি ডান্ মহয়ঃ ।"

যে সকল সর্পের মস্তকে প্রস্তর হয় তাহারা আপনার বিষবেগে পরিতৃপ্ত থাকে। ইহারা বাস্থকি নাগের বংশে উৎপন্ন। পৃথিবীর কোন কোন পুণ্য স্থানে কখন কখন এইরূপ সর্প মন্ত্রোরা দেখিতে পায়।

नक्व

"ফণিজং বর্জুলং রম্যং নীলচ্ছারং মহাত্যুতিঃ। পুণাহীনা ন পশুস্তি বাত্তকঃ কুলস্ভবম্॥" 4

ফণিজাত মূক্তা দেখিতে অতি স্থন্দর বর্ত্ত্বল অর্থাৎ গোল। নীলাভ এবং অত্যস্ত দীপ্তিমান্! অপুণ্যবান্ ব্যক্তিরা বাস্থকিবংশীয় সর্প দেখিতে পায় না। স্থতরাং ফণীজাতমূক্তা তাহাদের নিকট ছল ভ।

দ্বিতীয় লক্ষণ। যথা—

''শৃগালকোলামল কেলগুঞ্চাফল প্রমাণস্ত চতুবিধান্তে। স্থ্য ব্রহ্ম বাছন্তব বৈশু শৃদ্র সর্পেয় জাতাঃ প্রবরাস্ত সর্কো॥"

শৃগালকোল = শ্বাকুল। প্রমাণে শ্বাকুল যত বড়, তত বড় হয়। আমলকী প্রমাণও হয়। শুলা অর্থাৎ কুঁচ পরিমিতও হয়। কুল ফলের মতনও হয়। এই চারি প্রকার মুক্তা চারি জ্বাতি সর্পে জন্মে। ইহা সকলই প্রশস্ত।

ফলঞিড

"প্রাণ্যাপি রম্বানি ধনং প্রিয়ং বা। রাজপ্রিরং বা মহতীং ছ্রাণান্।
তেজোহলিতাঃ পুণাকৃতো ভবস্থি মুকা ফলকাক বিধায়গেন।"
(কর্জুমধুত)

ধন, রত্ন, মহতী রাজন্ত্রী প্রাপ্ত হইয়া এই ফণিম্ক্তা ফল ধারণ করিলে ধারণকর্ত্তার পুণ্য কর্ম্মে প্রবৃত্তি হয় এবং তেজোবৃদ্ধি হয়।

তৃতীয় লক্ষণ

"ভৌজনমং নীল বিশুদ্ধ বৰ্ণং। দৰ্বাং ভবেৎ প্ৰোচ্ছনবূৰ্ণ শোভম্।" (কলজমধৃত)

वर मोनक मूका

মংস্থ বিশেষের মুখ প্রদেশে এক প্রকার পাথর জ্বন্মে তাহাকেই শান্ত্র-ব্লব্রেরা মীনমুক্তা বলিয়া থাকেন। ইহার সবিশেষ বৃত্তাপ্ত ক্রমে বর্ণন করা যাইতেছে।

> পাঠিন পৃঠত সমানবৰ্ণম্। মীনাং ক্রতং লঘুনাতিক্সম । উৎপভতে বারিচরাননেবু মীনাক্তে মধ্যচরাং প্রোধেং ।

পাঠান মংস্থ—রোহিত মংস্থ বাটা মংস্থ। মীন হইতে যে মৃক্তা পাওর। যায় তাহা পাঠান মংস্তের পৃষ্ঠের বর্ণের সদৃশ সুগোল, লঘু অর্থাৎ ওল্পনে হাল্কা, ও নিতান্ত স্ক্র নহে। মীনমূক্তা সকল বারিচর অর্থাৎ মংস্থাদিপের মূথে জনিয়া। থাকে এবং এই সকল মংস্থ সমূদ্রের মধ্যপ্রদেশে বাস করে।

লকণ

গুলাফল সমত্যোল্যং। মৌজিকং তিমিজং লঘু। পাটলা পুন্দ সহালং। অৱকাতি হৃবর্তু শুম্। (করজ্মধৃত)

মীনামূক্তার লক্ষণ এইরপ। তিমিমংস্তজাত মূক্তাদকল স্থুলতায় গুঞ্জা অর্থাৎ কুঁচের ন্যায়। লঘু অর্থাৎ হাল্কা। পাটলা পুষ্পের ন্যায় কাস্তি কিন্তু তাহার ছ্যাতি ছায়া অল্প। ইহার বর্ত্তুলতা অতি সুন্দর।

মীন মুক্তার সামাত্ত লক্ষণ এই বটে কিন্তু মৎস্তদিগের প্রকৃতিভেদ থাকায় । ভগ্নাৎপন্ন মুক্তার কিঞ্চিৎ কিঞ্চিৎ প্রভেদ হইয়া থাকে।

> বাতপিত্ত কফছৰ সন্ধিপাত প্ৰতেদতঃ। সপ্ত প্ৰকৃতহো মীনা সপ্তধা তেন মৌক্তিকম্ ॥ [গঞ্চ পুরাণ]

বায়্, পিন্তা, কফা, এতজ্ঞায়ের ছাই ছাই ও তিন তিন ক্রেমে মংস্থা সকল 🗣 প্রকার প্রকৃতি সম্পন্ন হাইয়া থাকে। স্থাতরাং তত্ত্পেন মৃক্তা ফলও ৭ প্রকারের প্রভেদ যুক্ত হয়, তাহা নির্ণীত হাইয়াছে।

"লঘিট মকলং বাতাং আপ্পাতং মৃত্পিন্ততঃ।
তক্ষং গুৰু কফো দ্ৰেকাং বাতপিন্তান্ম তুৰ্লঘু ।
বাতপ্লেম ভবং সুলং পিন্তপ্লেমজমৰ্থকম্।
সক্ষালিক প্ৰয়েগেন সান্নিপাতিক মৃচ্যতে ।
একজাঃ গুডানা প্ৰোক্তা গুণা বৈ সান্নিপাতিকাঃ।"

বাতাধিক্য বশতঃ লঘু ও অরুণাভ। পিত্তপ্রাধান্ত মৃত্ ও ঈষৎশীতাভ। ককের বাহুল্যে গুরু ও প্রভাভ। বাতপিত্ত উভয়ের প্রাবল্যে মৃত্ অর্থাৎ কোমল ভাবাক্রান্ত এবং লঘু। বাতল্লেম উভয়ের প্রাবল্যে স্থুলত গুণাযুক্ত। পিত্তশ্লেম জাত হইলে সক্ষতার আধিক্য। এক একটি ও তুই তুইটা প্রকৃতিতে যে সকলা লক্ষণ নির্দেশ করা হইল যদি সকল চিহ্ন কিছু কিছু প্রকাশ পায় তাহা হইলে তাহা সান্নিপাতিকক্ষ বলা যায়। এই সকলের মধ্যে সান্নিপাতিকক্ষ এবং একক্ষ মৃক্তাই প্রশন্ত ও শুভদায়ক।

[ক্ৰমণ: প্ৰকাষ্ঠ]

बितामपान तन।



তদারা প্রাচীন উৎকলবাসীদিগের যাহা সংক্ষেপে পরিচয় প্রদান করা হইল, তদারা প্রাচীন কালের উড়িয়াদিগের ক্ষমতা, অধ্যবসায় ধর্মোৎসাহ ধীসম্পন্নতা প্রভৃতির সমীপে, অনেক সভ্যঞ্জাতিরও গর্কিত মস্তক অবনত হইয়া পড়ে, এবং "উড়িয়া" নাম প্রবণ মাত্রেই ধাঁহারা মুখবিকৃতি করত ম্বণাপ্রকাশ করিয়া থাকেন তাঁহাদিগের অভিজ্ঞতা দোষ বিদূরিত হইয়া প্রাচীন উড়িয়াদিগের প্রতি শ্রদ্ধার ভাব উদিত হইবার সম্ভাবনা।

গঞ্জপতিবংশীয় রাজাদিগের কাল হইতে উড়িয়। ভাষা পূর্ণাবন্ধা প্রাপ্ত হয়, এবং এই সময়ে উড়িয়। ভাষাতে কাব্যাদি গ্রন্থ রচনা আরম্ভ হইবার সম্ভাবনা। যাহা হউক, রাজা উপেন্দ্র ভঞ্চ আপনার রাজ্যভার মন্ত্রীর হস্তে প্রদান করত উড়িয়া ভাষায় প্রায় ৫২ খানি কাব্য লিখিয়াছিলেন, এবং দীনকৃষ্ণ-দাস নামক একজন উড়িয়া প্রাচীনকবি অনেকগুলি ভক্তি রসোদ্দীপক কাব্যগ্রন্থও রচনা করেন, ভদ্ভির উড়িয়া ভাষাতে মহাভারত, রামায়ণ, জ্যোভিষ, অন্ধ প্রভৃতি অমুবাদিত হইয়াছিল। কবিতা লিখন সম্বন্ধে-শ্রেহর্ষ, ভট্টনারায়ণ জয়দেব প্রভৃতি সংস্কৃতকাব্য লেখকদিগকে যগুপি পরিত্যাগ করিয়া দেখা যায়, তাহা হইলে কাব্যলিখন সম্বন্ধে উড়িয়াগণ বঙ্গবাসী কবিদিগের অপেক্ষা উচ্চাসন প্রাপ্ত হইবার স্কৃথিকারী। যাহা হউক এক্ষণে উৎকলবাসিগণের বর্ত্তমান সামাজিক আচার ব্যবহার সংক্ষেপে প্রকাশ করতঃ প্রস্তাব উপসংহার করা যাইতেছে।

বর্ত্তমানকালে উড়িক্যাপ্রদেশে ব্রাহ্মণ, মাইতি, খণ্ডাইত, এই তিনটি শ্রেষ্ঠজাতি মধ্যে পরিগণিত। উড়িব্যার ব্রাহ্মণগণের একণে নিতাস্ত শোচনীয় অবস্থা; অধিকাংশ মূর্থ, এবং ভিক্ষাবৃত্তি অথবা কৃষিকার্য্যোপজীবী। ব্রাহ্মণপরিবারে উইকী মংস্ত, পিঁয়াজ, রুষণ আহার নিন্দানীয় নহে, প্রভ্যুতঃ তাঁহারা ঐ সকল জব্য প্রকাশ্তরপেই আহার করিয়া থাকেন। সন্ধ্যাহ্নিক তথৈবচ, কোঁটাছিটার উপরেই নির্ভর, এবং জগন্নাথের নির্ম্মাল্য সেবনই জ্রেষ্ঠ কার্য্য। শ্রীপুরুষে চুরাটের ধুমপান করিয়া থাকেন। উড়িয়া ব্রাহ্মণদিগের মধ্যে বাঁহারা সংস্কৃত অধ্যয়ন করিয়া

থাকেন, তাঁহাদিগের উচ্চারণ বঙ্গদেশীয়দিগের অপেক্ষা বিশুদ্ধ। স্বহন্তে হলকর্বণ, অথবা মন্তকে জব্যাদি লইয়া ফিরিওয়ালার মত বিক্রুয় করা উড়িয়া ব্রাহ্মণদিপের মধ্যে বিলক্ষণ প্রচলিত আছে। পুত্র কল্যার বিবাহ অল্ল বয়সে, অথবা বেশী বয়সে উভয়বিধ রূপেই প্রচলিত প্রত্যক্ষ হয়। জ্রীলোকদিগের গাত্রে উদ্ধীর ছয়লাপী এবং কাছা দিয়া বস্ত্র পরিধান, ললাটদেশে রাংতা প্রভৃতির অলকাতিলকা কাটা, তৈলহরিজা মাথিয়া স্কুলরী সান্ধায় খুব ধূম দেখা যায়। জ্রীশিক্ষাও অল্লাংশে প্রচলিত হইয়াছে। বহুবিবাহ প্রচলিত আছে, কিন্তু বঙ্গদেশীয়দিগের অপেক্ষায় কম। উড়িয়া বিধবার মধ্যে নির্জ্জলা একাদশীর প্রথা প্রায়ই নাই।

মাহিতি, জাতিটি বঙ্গদেশীয় কায়স্থদিগের স্থায় বৃদ্ধিমান, চতুর, এবং বিদ্যাব্যবসায়ী। মাহিতিদিগের মধ্যে স্ত্রীশিক্ষা প্রচলিত আছে, ক্ষ্যা বয়স্থা হইলে বিবাহ প্রদান করা নিয়মও আছে, অল্পবয়সেও বিবাহ সম্পন্ন হয়। মাহিভিদিঞ্জে বাটীতে জামাতাকে আনয়ন করা কঠিন ব্যাপার। জামাতাকে বাটীতে আনিলে জামাতা যে কয়েকদিন বাটিতে থাকিবেন, প্রতিদিন তাঁহাকে যে বাসনে আহার করিতে দিতে হইবে, শয়ন কবিতে যে শয়াদি প্রদান করিতে হইবে হাত মুখ প্রকালন জন্ম যে ঘটি গাড় প্রদান কবিতে ইইবে সকলই জামাতার নিজ সম্পত্তি হইবে। প্রত্যেকবারেই প্রত্যেকদিনেই নৃতন ব্রবাদি দিতে হইবেই; এই ভয়ন্ধর কুপ্রথা প্রচলিত থাকা জন্ম, মাহিতিজ্ঞাতির বাটীতে জামাতাকে আনা কঠিন হইয়া পড়ে। এমন কি এখন যে সকল উড়িয়া মাহিতিদিগের পুত্রগণ ইংরেজি শিক্ষা করিতেছেন, তাঁহারাও এরপ প্রধার অন্তথাচরণ করিতে পারেন না। মাহিতিদিগের মধ্যে একটি পিশাচীয় কাণ্ড প্রচলিত আছে। দাসীতে সম্ভান উৎপাদন করা, এবং সেই দাসীপুত্রগণকে "সাগরপেধ" উপাধি দিয়া ভৃত্য**স্বরূপ** বাটীতে রাখা হইয়া থাকে, মাহিডিদিগের কক্যাগণ পাঠশালায় লিখিতে যায়, তাহারা বয়স্থা হইলে তালপত্রে লোহ লেখনীঘারা কুন্ত কুন্ত পুস্তক এবং পঞ্লিকা লিখিয়া থাকে, ঐ সকল পুস্তকের উপরে লোহলেখনীর দ্বারা স্থন্দর স্থন্দর ছবি অন্ধিত করে, এবং সেই সকল পুস্তিকা বান্ধারে বিক্রয় হয়। মাহিতিদিগের কক্ষাগণ একপ্রকার শতার দারা খেমী, চুবড়ী প্রভৃতি প্রস্তুত করে, তাহা অতি পরিপাটি এবং দেখিতে বড়ই সুন্দর। মাহিতিদিগের গৃহলক্ষীগণ গাত্রে উক্ষী দাপাইয়া পাকেন। এমেরিকান সেলারদিগের গাত্র যজ্ঞপ উন্দীতে ছয়লাপী, মাহিভিদিপের অঙ্গনাগণ তদ্ৰপ উদ্বীতে অঙ্গ শোভিত করিয়া থাকেন; মোটা বন্ত্র পরিধান প্রথাটী আছে, এবং কাছা প্রদানও করেন, কিন্তু সেই সকল বল্লের বহর নিডান্ত অল, তজ্জ্য জীজাতির সম্ভ্রমরক্ষা হওয়া কঠিন হয়। চুরাটের ধুমপান ঐ স্কল কুলকুমারীদিগের মধ্যে খুব প্রচলিত। কাংস্ক, পিন্তল, রূপা প্রভৃতি যে সকল অলহার ধারণ করেন, তদ্প্তে উড়িয়া অঙ্গনাদিগকে একরূপ লোহাঙ্গী বলাও অত্যুক্তি হয় না; ষছপি গাঢ় নিজাবশে দৈবাৎ সেই অলহারসজ্জিত হস্ত চুর্বকলশরীর স্বামীর কপোলদেশে পতিত হয় অথবা মানভরে যদি ঠোনাটা আস্টা কপোলে পড়ে তাহা হইলে, তৎক্ষণাৎ চিকিৎসকের প্রয়োজন হইয়া থাকে। স্ত্রীঙ্গাতির মধ্যে তাত্মল ব্যবহারও বিলক্ষণ প্রচলিত। ব্রতনেমও খুব প্রচলিত। অধিকাংশ ব্রতে পিষ্টকভক্ষণ হইয়া থাকে; স্থেখর মধ্যে বিহারদেশীয় স্ত্রীঙ্গাতির স্থায় উড়িয়া স্ত্রীঙ্গাতি নোংরা নহে। হিন্দুস্থানী স্ত্রীলোকের প্রস্তুত ফটীকাদি ভক্ষণকালে অস্পৃষ্ঠ পদার্থের ময়ান পতিত হওয়ার যে প্রকার সন্দেহ উপস্থিত হইয়া থাকে উড়িয়া স্ত্রীলোকের হস্তের প্রস্তুত ক্রব্যাদি ভক্ষণকালে তদ্ধপ সন্দেহ অথবা ঘূণার উৎপত্তি হইবার সম্ভাবনা নাই কিন্তু উড়িয়া স্ত্রীলোকের প্রস্তুত স্ত্র্যাদি অতি ক্ষম্ম্য এবং ক্রেন্সাপাড়া নামক স্থানে ঠাকুরের জন্ম যে প্রেচড়ার প্রস্তুত হয়, তাহা অতি উপাদেয়, তথায় কয়েক প্রকার স্থান্থ মিষ্টান্নও প্রস্তুত হইয়া থাকে।

খণ্ডাইত জাতির আচার ব্যবহার মাহিতি জাতিদিগের সদৃশই; কিন্তু এই জাতি অধিকাংশই কৃষিকার্য্যোপজীবী, এই জাতির মধ্যে "বেইতো" প্রচলিত আছে। বিধবা ভ্রাতৃজায়াকে বিবাহের নাম "বেইতো।" বেইতোর মন্ত্র কেবল মাত্র ছটী অশ্বপ পত্র বরক্সার হস্তে প্রদান করত "অশতপাতা ঘব ঘবর এ গোত্র থেকে ও গোত্রে পশ" এই মন্ত্র পাঠের পরেই ভ্রতৃজায়ার বিবাহ কার্য্য সম্পন্ন হইয়া যায়। এই জাতি বিবাহের কালে উপবীত ধারণ করে, কিন্তু মাহিতিদিগের কক্সা বিবাহ করত, এই জাতি "মাহিতি" জাতিমধ্যে পরিগণিত হইতে বহু অর্থ ব্যয় করিয়া খাকে। খণ্ডাইত ধনসম্পন্ন হইলেই মাহিতি হইবার চেষ্টা করে, এবং কেহু কেহু মাহিতিজাতি মধ্যে পরিগণিত হইয়া পড়ে। খণ্ডাইত জাতির শ্রীলোকদিগের জাচার ব্যবহার রীতিনীতি এবং বেশবিক্সাসাদির পারিপাট্য মাহিতিদিগের শ্রীজাতিরই সদৃশ; কেবল বেইতো হইলে তাহার চিক্তমন্ধপ একপদে বেক্মল ধারণ করা প্রচলিত আছে।

এই সকল জাতিদিগের মধ্যে তুর্গোৎসব শ্রামাপৃত্বা প্রভৃতি চলন প্রায়ই দেখা যায় না, কেবল গণেশপৃত্বার পদ্ধতি দেখিতে পাওয়া যায়। বঙ্গদেশে যেমন লন্ধী, দরস্বতী, কার্ত্তিক একচেটে, উড়িবাায় তদ্রপ গণেশ একচেটে হইয়াছেন! বোধ হয় উড়িয়ারা মাল্রাল প্রভৃতি দান্দিণাত্য হইতেই গণেশপৃত্বার প্রথা প্রাপ্ত হইয়াছেন। উড়িয়ার ভঙ্গ জ্বাতিরা, মদরিকাকে বড়ই স্থুণা করেন, এমন কি বর্জুররস পান করাও জাতিপ্রংশের কারণ বলিয়া রস ব্যবহার পর্যান্ত করা হয় না।

উৎকলপ্রদেশে বৈষ্ণব সম্প্রদাই অধিক, তান্ত্রিক এবং শৈব অতি অল্পই আছেন, তবে এখন সকল মিশ্রিত হইয়া ধর্মের থিচুড়ি হইয়া পড়িয়াছে।

উড়িয়ার মধ্যে কটক নগরীতে "সোণার" অর্থাৎ স্থবর্ণকারদিগের আচার ব্যবহার যদিচ মাহিতি প্রভৃতি জাতিদিগের সদৃশ হইয়াছে, কিন্তু তাহারা প্রকৃত উড়িয়া নহে। (৮) এই সকল স্থাকার রূপা এবং স্বর্ণের স্ক্র তারের আতরদান, গোলাপপাশ, ফুল, প্রজ্ঞাপতি, ব্রেসলেট্ এবং নানা প্রকার বিলাতী কেসনের জ্ব্যাদি প্রস্তুত করে, পৃথিবীর কোন স্থানে তাদৃশ তারকোষির জ্ব্যাদি প্রস্তুত হয় না। এই স্বর্ণকার জ্ঞাতির মধ্যে কয়েকজন পেরিস প্রভৃতি স্থানের একজিবেসন মেডল প্রাপ্ত ইয়াছিল; ইউরোপের নানা স্থান হইতে কটকের সোণারদিগের নিকট জ্ব্যাদির কর্মাস্ আসিয়া থাকে। কেবল তারকোষির কার্যেই যে ইহারা অন্বিতীয় এমত নহে, ঘড়ির চাবি, চেন, অঙ্গুরী প্রভৃতি যাহা প্রস্তুত করে তাহা হেমিণ্টনের অপেক্ষা ভাল না হউক, মন্দ নহে।

উড়িয়া "গোড়" অর্থাৎ গোয়ালা; বোধ হয় বঙ্গুদেশ হইতে উৎকলে বাস্ব করিয়াছিল তক্ষ্ম "গোড়" উপাধি বিভ্নমান রহিয়াছে। এই জ্বাতি হয় দিধি প্রভৃতির ব্যবসায় করে, এবং পান্ধী বহন করিয়া থাকে, এই জ্বাতির স্ত্রীলোকগণ, বড়ই অপরিক্ষার বস্ত্র ব্যবহার করে ভাহার উপরে সোণায় সোহাগা বিশেষ, ঘৃত হয় প্রভৃতি পতিত হইয়া হর্গদ্ধ বৃদ্ধি করে।

বাড়ুই, অর্থাৎ ছুতার জ্বাতির মধ্যে, কটক প্রভৃতি সহরে যাহারা বাস করে তাহারা টেবিল, কেদারা, আলমারী, খাট প্রভৃতি অতি ফুল্দররূপে প্রস্তুত করে।

এক্ষণে উড়িয়াদিগের প্রধান কয়েকটি জাতির রীতি নীতি যাহা বলা হইল, তদতিরিক্ত অনেকগুলি ইতরজাতি উড়িয়াতে বাস করে; তাহাদের আচার ব্যবহার বঙ্গদেশীয় নীচ জাতিদিগের সদৃশ। গড়জাৎ মহলের অস্তর্গত ঢাকানল নামক স্থানে এক সম্প্রদায় অসভ্যজাতি বাস করে, তাহাদিগের জীজাতি "বাএ খাই" নামে প্রসিদ্ধ। ঐ সকল জীজাতি বস্ত্র পরিধান করিত না। প্রভাহ কটিদেশে কোনরূপ একটা ডোর বন্ধন, অথবা অস্ত্র কোনরূপ বন্ধনী দিয়া কাঁচা পত্র ঝুলাইয়া লক্ষা রক্ষা করিত; কটিদেশ ভিন্ন সর্ব্বাঙ্গ আবরণশৃষ্ঠ থাকিত।

⁽৮) কটকের প্রসিদ্ধ জগনাথ অর্থনারের প্রমুখাত শুনিয়াছি যে, তাহাদিগের পূর্ব্ব-পুরুষগণ বলদেশ হইতে গিয়া,উড়িয়াতে বসবাস করিতেছিল; তাহারা বালালি এবং বছকাল হইতে উড়িয়াতে বসবাস করাপ্রযুক্ত একণে উড়িয়া চাল চলন হইয়া গিয়াছে। জগনাবের শিতা, ভাঁড়িয়াস অর্থকার, বয়স প্রায় ৭৫ বর্ষ হইবে, বলিয়াছিল বে ভাহার পূর্ব্বপুরুষগণ বালালী, বলদেশ হইতেই ভাহারা উৎকল দেশে বাস করিতেছে।

অল্পকাল অতীত হইল, লাকানালের মহারাজা ভাগীরথী মহেন্দ্রদেব বাহাছরের প্রায়ত্বে ঐ সকল অসভ্য স্ত্রীজ্ঞাতি বস্ত্র পরিধানে বাধ্য হইয়াছে, এবং সেই পর্যান্ত ঐ জ্ঞাতি এক্ষণে আর পত্র পরিধান করে না! গড়জ্ঞাৎ মহলে যে সকল জ্ঞাতি বাস করে, তাহার অধিকাংশই, কতকাংশে সভ্য, কিন্তু "বেধি" প্রভৃতি গড়জ্ঞাৎ মহলে "কন্দ" প্রভৃতি যে সকল জ্ঞাতি বাস করে, তাহাবা একেবারে অসভ্য, কিন্তু কৃষিকার্য্যোপজ্ঞাবি এবং সাহসিক।

বঙ্গদেশীয গবর্ণমেন্টের অন্তর্গত যতটুকু উৎকল ভূমি আছে, সেনসেস্ রিপোর্টে দেখা যায়, তন্মধ্যে প্রায় একলক্ষ চল্লিশ হাজার অপেক্ষাও অধিক অধিবাসী বাঙ্গালী; তৎপরে মান্দ্রাজ প্রেসিডেন্সির অন্তর্গত মধ্য ভারতবর্ষের অন্তর্গত উৎকল দেশে যে সকল বাঙ্গালী আছেন, তাহাদিগকে ধরিলে প্রায় দেডলক্ষ অনুমান করা অসকত বোধ হয় না। বহুকাল হইতে যে সকল বাঙ্গালি উড়িষ্যাতে বাস করিতেছেন, তাঁহারা কেরা বাঙ্গালি নামে অভিহিত হইয়া থাকেন। এই সকল কেবা বাঙ্গালি ট্যাসফিরাঙ্গীদিগেব সদৃশ শহ্বজাতি মধ্যে পবিগণিত। ইহারা কেবল "কেরা কাারা" রূপে বিকৃত ভাষাতে কথা বার্তা কহিয়া থাকেন বলিয়া "কেরা বাঙ্গালি" উপাধি প্রাপ্ত হইয়াছেন: নচেং কেবা বাঙ্গালিদিগের বন্ধি এবং আচাৰ ব্যবহার সর্বাংশেই বঙ্গদেশীয় বাঙ্গালিদিগের সদৃশ বলা যাইতে পারে। উড়িয়া ব্রাহ্মণ, মাইতি, খণ্ডাইত, গৌড় প্রভৃতিও কেরা বাঙ্গালি; ব্রাহ্মণদিগের অন্নাহার করে না এই জ্ব্যু কেবা বাঙ্গালিগণ বছকাল হইতে উৎকলে বাস করত উৎকলীয়দিগেৰ সহিত জাতীয় ভাবে সন্মিলিত হইতে পারেন নাই; কিন্তু এই डेट्य मध्यनार्य विस्मय विषय् हाव প्रहाक ह्या ना, किन्न हेमानी सानीय রাজপুরুষদিগের ব্যবহার দোষে অল্লকাল মধ্যে সেই সৌহার্দ্দা ভঙ্গ হইবার সময় উপস্থিত হইয়াছে। উৎকলের রাজপুরুষগণ খাস উড়িয়া এবং কেরা বাঙ্গালি পৃথক্ করিয়া কর্মকার্য্য প্রদান করিতে আরম্ভ করিয়াছেন; জাতীয় স্বার্থের যবনিকা যখন উভয় দলের মধ্যস্থানে পতিত হইয়াছে, তখন আর কত দিনই বা নি:স্বার্থভাব বন্ধৰ থাকিতে পারিবে ?

উড়িব্যায় দেশীয় খ্রীষ্টান্ অনেক আছেন; ত্তিক উপলক্ষে যে সকল অনাথ বালক অনাথা বালিকা খ্রীষ্টান্ যাজকদিগের তত্ত্বাবধাবণে ছিল, তালাদের মধ্যে পুরুষ অপেক্ষা স্ত্রীজ্ঞাতির সংখ্যা অতিরিক্ত লইয়াছে; তালাদের বিবাল হওয়া ভার লইয়া দাঁড়াইয়াছে। উড়িয়া খ্রীষ্টান্দিগের একটু ধর্ম সংস্থারের কথা এখানে উল্লেখ করা আবশুক বোধ করিতেছি। উড়িয়া খ্রীষ্টান্ রমণী নিজ সন্তান সহিত পথে গ্রমনকালে মুসলমান দেখিয়া লয় ত সন্তানকে বলিতেছেন, "ওটা পাঠান টোকা দেখিস যেন ছুঁসনে" ছুভিক্ষের আমদানিতে খ্রীষ্টানই অধিকাংশ।

উড়িষ্যাতে মুসলমান বিস্তর আছে। কটক সইরে বিস্তর গোহত্যা হইয়া থাকে,এই কারণেই উড়িষ্যা হইতে বিস্তর গোচর্দ্ম কলিকাতা প্রভৃতি স্থানে রপ্তানি হইয়া থাকে। মুসলমানেরাও শ্যামাপৃদ্ধা প্রভৃতি হিন্দুধর্মামুষ্ঠানে যোগ দিয়া থাকেন, এবং কটকের হিন্দুদিগের মধ্যে অনেকেই গোঁয়ারাতে যোগ দেন এটি সুলক্ষণ।

এই স্থানে একটা পরিহাসের কথা মনে হইল। যৎকালে লর্ড মেয়োর কটকে যাইয়া দরবার করিবার অবধারিত হয়, তৎকালে উৎকলের সকল রাজাকে নিমন্ত্রণ করা হইয়াছিল। গড়জাৎ মহলের রাজাগণ কটকে উপস্থিত হন; তদ্মধ্যে একজন জঙ্গুলি রাজা সৈত্য সামস্ত সঙ্গে কটক সহর দর্শন করিতে বাহির হইয়াছেন। দেখিলাম তাঁহার পান্ধীর অগ্রে অগ্রে প্রায় ৪০৫০ জন লোক, কাহাব হস্তে বামদা, কাহারও হস্তে তলবার, কাহার হস্তে বল্লম, ইত্যাদি অন্ত্র। প্রায় সকলের কটিবন্ধন কিন্তু পশ্চাতে একটি একটি কুত্রিম লাঙ্গুল দোলায়মান হইতেছে। মস্তকে উফীষ, তত্পরি পাট অথবা শোন প্রভৃতির গোচ্ছা চামরেক্ষল্ল ফব ফব করিয়া উড়িতেছে। অনেকের মুখমণ্ডল গৈরিকাদির দারা বিল্লিভ। টোল, সাণাই, চডচড়ি প্রভৃতি বাস্ত হইতেছে, আর ঐ সকল বীরপুরুষগণ মৃত্য কবিতে কবিতে, টোলিপাক খেলাইতে খেলাইতে, বাজার অগ্রে অগ্রে চলিতেছে। এই ব্যাপারটি দেখিয়া বামায়ণ প্রভৃতির হন্তুমানের কথা অত্যুক্তি বলিয়া আর মনে হইল না।

প্রাচীন উৎকলবাসিগণ প্রাচীন বঙ্গদেশের নিকট হইতে বর্ণমালা সংগ্রহ করিয়াছিলেন, এবং জাহাজ নির্মাণ শিক্ষা করিয়াছিলেন।

উপসংহার কালে ইহাও বলা আবশ্যক যে, উৎকলবাসীদিগের বিষয় যাহা বলা হইল, তাহা কোন ইতিহাসের অমুবাদ নহে। উড়িষ্যার ইতিহাসলেখকগণ অনবধানতাবশতঃ উড়িষ্যার বিষয় যাহা ভুলিয়া গিয়াছেন, অথবা অমুসন্ধান করিতে বিরত হইয়াছেন, সেই সকল বিষয় বিশেষ অমুসন্ধান ছারা লিখিত হইল।

अमिननाथ रत्माभाशाय ।

পঙ্গাধরশর্মা ওরয়ে জটাধারীর রোডনামা

একবিংশ পরিচ্ছেদ

কাছারি গ্রম

পৃটি সাহেবের চস্মা মেরামত হইয়া আসিয়াছে, মফ:স্বলে চসমা হারাইলে যে নয়নতারা হাবা হইতে হয়, তাহা মৌলবি সাহেবের বিলক্ষণ ধারণা হইয়াছে, সেই জ্ব্যু একের বদলে তুই সেট চসমা আনাইয়াছেন, যখন একটি যোড়া জাবিদ্ময়াপরি শোভমান হয়, তখন আর একটি যোড়া জেবে চলে। বিচারের দোষ চসমার উপর দিয়া যাইত, সাধারণে কহিত চসমার মধ্য দিয়া প্রকৃতির বিকৃতিই দৃশ্মমান হইয়া থাকে এ জ্ব্যুই বিচার ভূল হয়। চসমার অভাবে কাছারীর কার্য্য বন্ধ ছিল; যাহা হইয়াছে, তাহা কাণার হাতে প্রতিমা নির্মাণ স্বরূপ হইয়াছে। তাহাতে ক্ষতি নাই, উদ্ধাতর কার্য্যক্ষেত্রে মৌলবি সাহেবের বিশেষ খোসনাম আছে ও তিনি সুদক্ষ কর্মচারি বলিয়া বিশ্ব্যাত। যাহা হউক আজ একবাব চসমার প্রসাদে বিচারক্ষাত্ত উচ্চিসত হইবে।

একজন চৌকিদার এই মাত্র দৌড়িয়া আসিয়া কহিল, "হাকিমের বোড়ার পিঠে জিণ চড়িয়াছে।" সংবাদ প্রাপ্তি মাত্র শাহিপুরে হলস্থুল পড়িল। তাপুর কানাদ কয়েক দিন হইতে দণ্ডায়মান রহিয়াছে, ঝড়ে বাদলে রক্ষ্পুলি শিথিল হইয়াছিল, হাকিমের শুভাগমন সংবাদে খুটাগ্রে মূল্যর প্রহার আরম্ভ হইল। দড়াস্ দড়াস্ শব্দ আরম্ভ হইল। শব্দে কত কত লোকের হাৎকম্প হইতে লাগিল। কৈছ কেছ কহিতেছন, "আইন-আইনের সদেগারব দৃষ্টি করিব, আইনের প্রভাবে উচ্চ নীচ সমতল সার লাভ করিবে," কেছ কহিতেছেন, "ভদ্রসমান্তে সক্রমসোপান ভগ্ন হইবে," শিবসহায় মনে করিতেছেন, আজ সুর্য্যান্ত হইবার পূর্বে তাঁহার কুলমান বৃধি অন্তমিত হইবে। শিবসহায় ন্তর্জভাবে ভাবিতেছেন, এই সময় দন্তহীন ওঠোক্সবিত

"নচ দৈবাৎ পরং বলম্" একটি বচন শুনা গেল, এবং পরক্ষণেই প্রাতঃ সলিলে ধেছি শিকাহিলোলিত তর্কালয়ার মহাশয় শিবসহায়ের সম্মুখে দর্শন দিলেন।

তর্কা। ব্যাপার কি ? যাহাদের শুভাকাজ্জী তাহাদের বিপদ শুনিলেই একাস্ত কাতর হইতে হয়। আমার যা শক্তি তাহা করি, শুনে কি নিশ্চিন্ত থাক্তে পারি ? ভোরে গাত্রোখান করে প্রথমে তোমার নিকট ত্রস্ত আসিলাম।

শিবসহায় দণ্ডবৎ হইলেন, ও কেবল মাত্র কহিলেন, "উপায় ?" তর্কালম্কার কহিলেন, "মধুস্দন নামোচ্চারণ—চণ্ডীপাঠ আজ্ঞই আরম্ভ করা যাক্।" শিবসহায় কহিলেন, "যা ইচ্ছা।"

ত। এখানে হবার নয়— যবন প্রভৃতি অনেক অস্পৃষ্ঠ লোকের আজ এই গ্রামে আগমন হইবে। মনে করেছি সেই প্রান্তরে শান্তিনাথের মণ্ডপে যাইয়া শান্তি মন্ত্র পাঠ করিব।

শিবসহায় মস্তক হেলাইয়া সম্মতি দিলেন। তর্কালম্ভার ভাগুরিকে সঙ্গী করিয়া কোথায় চলিয়া গেলেন।

এদিকে শিবসহায়ের বাটীব কিয়দ্দূর পূর্বেক ক্মুন্ত নদীর ভটে একটি আত্রকাননে আজ নগর বসিয়া গিয়াছে। দূব হইতে বৃক্ষেব কাল কাল সারি সারি সমদূরবর্ত্তী স্বন্ধগুলি কুদ্র কুদ্র লোহস্তম্ভ ফরুপ দেখাইতেছে, আম্র শাখাগুলি পরস্পর সংমিলিত, সকল বৃক্ষই যেন এক ছাঁচে প্রস্তুত, এক তুলিতেই অঙ্কিত। উল্লানের প্রান্তরে বৃক্ষশাখা নির্কিরোধে বর্দ্ধমান হইয়া তলস্থ শস্যক্ষেত্রে সংলগ্ন হইয়াছে। একভাগে দেশবিভাগের কর্মচারীর পটগৃহের শুভ ছাওনি দৃশ্যমান। একটি যেন প্রকৃতির ছবির সঙ্গে মানবনির্দ্মিত ছবি মিলিয়া গিয়াছে। যেন কোন মন্ত্রবলে গৃহটি মুহূর্ত্তমধ্যে উথিত ছইয়াছে। এমন গৃহ দেখিতে পল্লীস্থ কোন্ বালকের বা বালকের পিতার কৌতৃক না জন্ম ? সাহেবের "কাপড়ের ঘর" দেখিতে অনেকেই দৌডিয়াছে, যেখানে পথ কম পরিসর সেখানে কোন দাম্বাল বালক কোন বুড়িকে হুমড়ি করিয়া ফেলিয়া দৌড়িভেছে, বুড়িরা বালকের পিতৃপুরুষ উদ্ধার করিতেছে, ও ছাওনি দর্শনের হাতে হাতে ফলদান করিতেছে। জ্বনে গ্রামের লোক বাগানের নিকটবর্ত্তী হইয়া চতুষ্পার্শ্বে পর্য্যবেক্ষণ করিতেছে, কোন বৃক্ষতলে মোক্তারের দল বসিয়াছে, তাহাদের পাগড়ি দেখিয়াই কত কত ছেলে হাসিয়া গড়াগড়ি দিতেছে। কারও পাগড়িতে একথান, কারও অর্থধান লাগিয়াছে, কারও ছই তিন হস্ত প্রমাণ কাপড়ে যথেষ্ট ছইয়াছে, কারও লাট্রুদার, কারও হাতে বান্ধা, কারো মুরেচ্চা পাগড়ি মস্তকে শোভমান বা অশোভমান রহিয়াছে, কাছারও পাগড়ির পশ্চাৎভাগে রক্ষতনিন্দিত শিকার শেষাগ্র চামরীর লাকুলাগ্র সম বিক্লিপ্ত। প্রায় অনেকের পাগড়ি ছই একটা ছারপোকার ও কুন্ত কীটের বিচরণভূমি। তাহাদিগকে বেদখল করিতে কেহই সাহসী নহেন, কারণ সকলেই মনে মনে জানেন, ঐ স্থান বিচারালয়। সকলেই স্থায় নিয়মের অধীন, ফলনা আইনের ফলনা ধাবার ফলনা প্রকরণে "সি" চিহ্নিত তফসিলামুসারে কীট দলের দখলের সন্থ জন্মিয়াছে।

পাগড়ির নিম্নভাগে ভ্রম্থাল মধ্যে কোন মোক্তাবের গোল বক্তচন্দনের ফোঁটা, কাহার যজ্ঞবিভৃতির রেখা উদ্ধগামী হইয়া শিরোভৃষণে ঠেকিয়াছে। এই কোঁটা সুনীত—সুধর্মের লক্ষণ মাত্র, অহোবাত্র ছন্চিন্তা, জাল, ফেরেপ, দলিল, কাঁটকুট, নূতন কথার সম্জনকোশল, প্রকৃত ঘটনাব বিকৃতি ঘটাইবার ঘটকালির সকল পাপ, সকল দোষ এ পূজার বলে, এ ফোঁটাব মোহিনী গুণে—ধাম্মিকতার সুপরিচয়ে পরিপাক হইয়া যায়, এইরূপ অনেকেরই বিশ্বাস। মোক্তার মহাশয়দের মধ্যে তুই একটি মুসলমান, সুসজ্জিত, ইহাদেব কেহ এত বৃদ্ধ যে পুরাণ জব্যের পবিচয় স্থলে, পরিদর্শনগৃহে স্থাপিত হইবার যোগা। ইহার মধ্যে লয়েদ ফকিরদিন মিয়াই সর্ব্বপ্রধান, তাহার কত বয়স ঠিক কেছ কছিতে ্পাবিত না। যাহাব পিতামহেব কাছে তিনি চল্লিশ বংসর বয়স্ক বলিয়া পরিচয় দিয়াছেন, ভাহাব পৌত্রকে কহেন যে তিনি পঞাশ বংসর মাত্র অভিক্রম করিয়াছেন। তাঁহাব পাগড়িটি সকলের অপেক্ষায় স্থুল, শাশ্রুদেশের ওপ্র কেশগুলি ব্যোধর্মে প্রায় দশ আনা উঠিয়া গিয়াছে। প্রায় দম্ভীন, তথাপি বাকাপটু: অনর্গল কথা কহিতেছেন, কখন বাঙ্গালা, কখন হিন্দি কহিতেছেন, শত কথা কহিতে প্রায় পঞ্বিংশতি বার "ফরুকে <mark>ফরুকে" কহিয়া থাকেন।</mark> তাঁহার গোঁফের মধ্যভাগ কেশহীন। একে দম্ভহীন গোঁফ, তাহাতে ছই পাশে লম্বমান শুদ্র কেশ, মধ্যদেশ একবারেই খুর চাঁচা। বুড় মিয়া এই বয়সে সাত বার মাত্র বেগম পরিতাহ করিয়াছেন: কনিষ্ঠা চাচি অল্পবয়স্কা, এইরূপ গোঁপের পরিপকে বুড় মিয়া চাচিরও মন রাখিয়াছেন, খোলাকেও সম্ভষ্ট করিয়াছেন। ফলে হাঁহার ধর্মপ্রবৃত্তি অতি বলবং, আর ১৪ বংসর হুইতে তাঁহাকে এইরপ বকুতা করিতে শুনা যায়। "আর এ জেন্দুগানি মিছা! আমার বড় পো যে সাহেবেব পানা পাকড়াইয়াছে, ভাহাতে আর বালবাচ্ছার छक्लिक थाकिरव ना। आशामी श्रुष माठानाग्न मका कृठ कत्रिवहें कत्रिव, দরগায় দবগায় কয়তা দিতে দিতে হজে পৌছিব, খোদা এক ক্লটি এক বদনা পানি দেয় বেহেতর, না, দেয় বেহেতর।" যাহা হউক কার্য্যের অন্ধ্রোধে বা অর্থের লাক্সায় ফকিরদি সাতেব স্তকামনা ১৪ বংসর পর্যান্ত সম্পূর্ণ করিতে পারেন নাই—কখন কখন সন্দেহ করেন, তাঁহার কামনা বছকালব্যাপী, তাহাতে হয় ভ ভাষাদির প্রতিবন্ধকতা ঘটিয়াছে, এজক্য এখনও মোক্তারি ভ্যাগ করেন **নাই।**

তিনি ঐ বাগিচার মধ্যেই ডেরা নির্মাণ করিয়াছেন, একটা স্থুল বৃক্ষতলে বিচালির বিছানার উপর সতরঞ্চি পাতিয়াছেন, সম্মুখে পিতলের গুড়গুড়ি, ছই একটি মহরর মুস্বিদা করিতেছেন, তিনি "চড়েব" জ্বায়গায় "নাথি" "পথে মারপিট" পরিবর্ত্তে "গৃহপ্রবেশ করিয়া মারপিট," "লাটির" স্থানে "সাংঘাতিক অন্ত্র তরবাল বা সড়কি" লিখিতে অন্ত্রমতি করিতেছেন। "অহে। তোমবা ছেলে মানুষ, মামলা কিসে সাজে, কিসে থফিফবাত সঙ্গীন হয়, তাব সবক আবতক্ পাইয়াছ কি?" ক্রমে মোক্তার সাহেবের স্থানে ভিড় বাড়িল, পঞ্চ হস্ত মাত্র তাঁহার বিছানার বিস্তার কিন্তু তাহাই আশ্রয় করিয়া সাত হাত পর্যান্ত লোক বসিয়াছে—নৃতন লোক আসিলেই স্থান হইতেছে, সকলে সবে সরে বসিতেছে লোকসংখ্যা সহিত যেন বিছানা বাড়িয়া যাইতেদে। প্রকৃতার্থ অর্দ্ধেক লোক খালি ভূমিতলে উপবিষ্ট। 'ঠাহার নিকট অনেক লোক আগত, কারণ তিনিই বঘুবীরের আমমোক্তার।

আর এক দিকে বামাদিন স্কুলেব বৈঠক, ইনিও একটা প্রসিদ্ধ প্রবীক্ষ মোক্তার, মাথা হইতে পাগড়ি নামাইয়া গাছেব শাখায় রাখিয়াছেন, মাথাটা বৃহৎ, মাথা হেলাইতেছেন, তামাক টানিতেছেন, ও সাক্ষীগুলিকে কহিতেছেন, "ভয় করিও না, হাকিমেব ধমকে ভুল না, এই এছাহার প্রণালী আমার কথাগুলি মনে রেখ, ও যা বলে দিয়েছি বলো, তাহলেই শিবসহায়ের জয়।"

আমকাননের আর এক অংশে হায়দার বন্ধ চাপরাশী এজ্লাশ সাজাইয়াছেন।
একটা পুরাণ কেম্পটেবেল তাহার একটা ভগ্নপদ রজ্ দিয়া বাধা। টেবেলের
উপর কতকগুলি পুসুক কলমদান দোয়াত ও ফারসি লিখিবার একটি ওয়ান্তির
কলম সংস্থাপিত হইয়াছে। একটা হস্তহীন ভগ্নপ্রায় ছারপোকার আবাসস্থান
স্বরূপ কেদারা টেবিলের সম্মুখে রক্ষিত হইয়াছে, সকলে বিচারকের আগমন
আপেক্ষা করিতেছেন, এমন সময় ক্ষুদ্র খালের পার হইতে একটি হাঁক শুনা
গেল, অনেকগুলি চৌকিদার সেই দিকে দৌড়িল, আমি ঘাটের পার্থে এক
উপকৃলে দাঁড়াইলাম, অপরকৃলে দেখিলাম অশ্বারোহী হাকিম সাহেব আসিতেছেন।
ছই জন পদাতিক অশ্বের ছই লাশখলিন রজ্ম্ ধরিয়াছে, অশ্বটী তেজীয়ান্ তাহাতে
জ্বল পার হইতে হইবে। মৌলবি সাহেব খালের অপর কৃল দেখিতেছেন,
তবু তাঁহার ভাবনা অকৃল, মনে মনে ভাবিতেছেন, "বালি না কাদা"
ইচ্ছা, জলের দিকে দেখেও দেখিব না, তজ্জন্ম চসমা খুলিলেন, পকেটে
পুরিলেন; ছই জন চৌকিদার লাগাম ধরিল, ছইজন সাহেবের ছই ্পদ
জিনের উপর চাপিয়া রাখিল; মৌলবি সাহেব নিস্তর। আশ্ব জলে
নামিল। একজন অথ্রে চলিতেছে আড়কাটির (পাইলট) বোল বলিভেছে

"অল্প জল" "বালিসার।" সাহেবের সাহস বৃদ্ধি হইতেছে, তখন আখ চাকিভার জলে নামিয়াছে লাঙ্গুলে জলস্পর্শ হওয়ায় একবার বামে একবার দক্ষিণে বিক্ষেপ করিল, সঙ্গে সঙ্গে হেষারব করিল, অখারোহী মৌলবি সাহেবের মনে হইল বিনা মেঘে বজ্ঞাঘাত। আর ভাবিবার সময় কৈ ? তীরের মত আখ অপর কূলে আসিয়া উপস্থিত। মৌলবি সাহেব "আল্লা হো লাছ লেল্লা" উচ্চারপ করিয়া স্মজ্ঞান প্রাপ্ত হইলেন, ও গর্জ্জন করিয়া "আমাকে কেন ধরেছিস্" কহিয়া চৌকিদারগণকে তিরস্কার করিলেন।

দাবিংশ পরিচ্ছেদ

বিচার ধর্ম

ষাঁহার। বিচারপতি, তাঁহারা ধর্মাবতার অখ্যায়িত, তাঁহারা ন্যায়সাধন করিয়া প্রাকেন, কিম্বা ন্যায়সাধন করাই তাঁহাদের কার্যা বলিয়া এত গোরব। সেই গোরব রক্ষা করিতে তাঁহারা সতত তৎপর, বিচারক কিয়দ্দূর নিয়মের বাধ্য, প্রমাণের বাধ্য, আরো প্রমাণ প্রয়োগ অসম্পূর্ণ ও স্বার্থসম্ভূত মিথাা বর্ণনাম বিদ্বিত হইলে, বিচারককে হতাল কইতে হয়। মনে মনে জ্বানিয়া শুনিয়াও দেশবিধির অমুরোধে, কাগজে কলমে প্রমাণাভাবে, তাঁহাকে নিজ অমুমানের বিপরীত কার্য্য করিতে হয়। ইহা এক মনোকষ্টের কারণ, তাহার উপর আমাদের দেশে সমাজের এমনি স্বভাব, এমনি স্বার্থপরতা প্রবল, এমনিই আপনার স্বরূপ অপরকে দেখিতে তৎপর যে, নিজ ইচ্ছামুযায়ী কার্য্য না হইলে কেবল বিচারককে ভ্রান্তিসম্কুল বলিয়া আমরা সন্তুষ্ট হই না। "পক্ষপাতী" কাণ পাতলা" "বন্ধুজনের অমুরোধরক্ষাকাক্ষী," শেষে "বোকা হাকিমটা," কহিয়া তাঁহার সকল প্রমের, সকল কষ্টের, পুরস্কার দিয়া থাকি।

মাজ শান্তিপুরে আমতলার এজ্লাসে বিচারকার্য্য নিশ্পন্তি হইতেছে।
শুনা যাইতেছে মৌলবি সাহেবের বিংশতিটি টুপি সঙ্গে আসিয়াছে। সকলে
কহিতেছে, যেমন কোন প্রশংসিত ব্যক্তি বিশ তোপ পায়, তেমনি এই হাকিম
সরকার হইতে বিশ টুপি বক্সিস্ পাইয়াছেন, এ জন্য তিনি "বিশ টুপিদার হাকিম"
বলিয়া খ্যাত। কিন্তু কাছারীর কার্য্য এক ঘণ্টা মাত্র আরম্ভ হইয়াছে, ইহার মধ্যে
দণ্ডে দণ্ডে আমরা কেবল তিনটি টুপি পরিবর্ত্তন চইতে দেখিলাম। ঘড়িটে মধ্যে
মধ্যে খ্লিতেছেন, ও "টোপি লাও" কহিতেছেন। টুপি লইয়া তিনটী ভ্তা
আসিতেছে, ছই জন রেখা পরিবর্ত্তন নিবারণাশয়ে কেশাগ্র উভয় কর্পের নিকট
ধরে, একজন পুরাণ টুপিটা উঠাইয়া নৃতন একটা মন্তকে পরাইয়া দের, এটি

কলের কার্য্য! অনেক যত্ন করিয়াও মাধার মধ্যভাগ ভাল করিয়া দেখিতে পাইলাম না, আভাষে বোধ হইল যেন, পার্শ্বদেশ অপেক্ষা মস্তকের মধ্যস্থলের क्म धर्स, याहा इडिक रोमिति मारहरात हे निष्ठ यम्भ माध, मत्रकांत्रि कार्यां छ সেইরূপ আস্থা, কলম খদ খদ চলিতেছে, দস্তখত করিতে বড় আমোদ ''আউর দেও," "আউর দেও" আদেশ করিতেছেন, ও মধ্যে মধ্যে কহিতেছেন, "যেমন মাল থাকুক না থাকুক, লোক চড়ুক না চড়ুক, রেলের গাড়ি নিয়মিত সময়ে চলিবেই চলিবে, তেমনি নির্দ্ধারিত কাছারির সময় তাঁহার হাত থামিবার নহে, কাজ থাকিলেও চলিবে, না থাকিলেও চালাইতে হইবে। অতি সামাস্ত সামাস্ত কার্যো একঘণ্টা অভিবাহিত হইল। এক্ষণে মোকর্দ্দমা পেষের সময় উপস্থিত। হায়দার বন্ধ চাপরাসি চীৎকার শব্দে কহিল "ফরিয়াদি রঘুবীর সিং হাজির হাায়।" অমনি কাননের চতুম্পার্থ হইতে জনস্রোভ ছুটিল; সুকুল ঠাকুর লম্বমান টিকি এক হত্তে উঠাইয়া ব্রহ্মরন্ত্রের উপর রাখিলেন, অস্ত হস্তে তাহা পাগড়ীতে আচ্ছাদিত করিলেন। ফকিরদ্দী মিয়া শুঞ্ কেশসহ ঘন ঘন গুই তিন বার নাশাগ্রে উত্তোলন করিয়া সাঁখিছয় নিমে নিক্ষেপ করিয়া সজ্জা সিঞ্জিল কবিয়া লইলেন, পরে উভয় দলপতি এক একটা দরখাস্ত হস্তে যাত্রার আসরে বিনেদৃতীর স্থায় দলবল সহ বিচারকের সমূখে উপস্থিত হইলেন। রঘুবারের সর্বাঙ্গ আজ আবার গোময়বিকীর্ণ ও চুন হরিজ। প্রলেপিত, অনেক কণ্টে বসিল কিন্তু বাম উক্লতেব ব্যথায় ঋতু হইয়া দাঁড়াইতে অক্ষম, তাহার কাতরোক্তিতে কানন কাতর হইল—তাহার চক্ষে দরদর অঞ পড়িল, কান্দিয়া কহিল, ''ছজুরালি! আজ পর্য্যস্ত দরদ ভাল হয় নাই!" সে বসিয়া সাক্ষ্য দিতে অমুমতি পাইল ্ অমনি তুই তিন জন মুন্তরি এজাহার লিখিতে বসিয়া গেল, মৌলবি সাহেব সকলের কথা শুনিতেছেন সকলকেই প্রশ্ন করিতেছেন সকলের উত্তর মুহুরিদিগকে সঠিক করিয়া লিখিতে কহিতেছেন কিন্তু মনের কথা মনই জানে, সাক্ষী সংখ্যামুসারে মুক্তরিগণ আপন "তহরিকের" মুজা দেওয়ান্জীর নিকট আমানত করিয়া আসিয়াছেন, যাহা লিখিত হইবে তাহাও জানিয়া আসিয়াছেন।

হাকিমের এক বিচারাসন, ও আশে পাশে দশ্ বিচারাসন দেখিতেছি, দশমূখে বিচার নিষ্পত্তি হইতেছে, গাঁরের যাত্ব মণ্ডল কহিতেছে হাকিম সিংহরাশ,
আর একজায়গায় সাগর আচার্য্য কহিতেছে হাকিম প্রায্য বিচারের জন্য "আটু
পাটু" করিতেছেন, যখন রঘুবীরের পক্ষ সাক্ষীকে ধমকাইতেছেন তখন ভার শশুর
সম্বর্গিংহ কহিতেছে হাকিমের ঐদিকে টান দেখছ—এ অন্যায়, না হয় জেলায়
যাইয়া দরখান্ত দিব। শিবসহায়ের ভূতা রামা কহিতেছে যে দিন শিবের জয়

D-C

হইবে সেই দিন জানিব হাকিম স্থবিচারক, এখন কি তোরা ভাল মন্দ বল্চিস ? এইরূপ নিরপেক্ষ অভিপ্রায়ই ত বিচারপতিদের সুখ্যাতির ভিত্তি!

এখন বিচারপতি স্বয়ং নাজির সাহেবকে জিজ্ঞাসা করিলেন "কাদম্বিনীকে হাজির আনিয়াছ? লইয়া আইস।" নাজির কেবল মাত্র কহিলেন "জোনাব" মূহুর্জ্ব মধ্যে মরালগামিনী ছন্মবেশী স্থন্দরী গোয়ালিনী কাদম্বিনীর বেশে বিচারকের সম্মুখগামিনী হইল। বিচারালয়ে একে স্ত্রীলোকের আগমন, তাহাতে স্থন্দরী আনেকের অপরিচিত, অজ্ঞাত, প্রকৃত স্থন্দর যুবতী কামিনী; সেই দৃষ্য দেখিতে কি দর্শককে নিমন্ত্রণ করিয়া আনিতে হয়? কানন পরিপুরিত হইল, চাপরাশি চৌকিদার সকলে চুপ চুপ করিয়া গোলয়োগ বাড়াইতেছে, হাতে লোক সরাইতেছে, তবুও অল্প সময় মধ্যে কাননে লোকসঙ্কলে বায়ু প্রতিরোধ করিল—স্থন্দরী আকানে, পাতালে, সম্মুখে, না পার্শ্বে দেখিবে? সকল দিকে অপরিচিত জনের কটাক্ষাক্রান্ত! প্রগল্ভত। নাই, লজ্জার উত্তেক হইয়াছে, জিজ্ঞাসিলে কি উত্তর ্রাকিব এই ভাবিতেছে, পূর্ব্বের শিক্ষা ভুলিয়া যাইতেছে। মৌলবি সাহেব কহিয়া উরিলেন "তবে নাকি কাদম্বিনী ফোত করিয়াছিল, এবা একবারে রাতকে দিন করিতে চায়, সকলে মনে করে যে আমি দাবোগার বিপোর্টে নির্ভর করিয়াই কার্য্য করি। নাজির!"

না৷ ভ্জুর।

মৌ। বাবু শিবসহায় সিংহকে বোলাও।

নিমেষমধ্যে বৃদ্ধ থর থর কলেবর স্থুল শরীর প্রচুর স্থপক গোঁপধারী শিব-সহায় সিংহ উপস্থিত। বিচারপতি কহিলেন "ইহাকে প্রতিজ্ঞা পাঠ করাও।" মন্ত্র উচ্চারণকালে শিবসহায় আপনাকে একান্ত নিংসহায় পাপপঙ্কে পতিতোমূখ মৃচ্ জ্ঞান করিলেন, চতুর্দ্দিক্ অন্ধকার দেখিলেন—পেষাদার সাক্ষী ও ধর্মভীত ভজের এই প্রভেদ! শিবসহায়ের কাতরতা দেখিয়া শক্র মিত্র সকলেই কাতর হইল। বিচারপতি জিজ্ঞাসা করিলেন "দেখ এই আওরাত কাদ্দিনী নয় গ"

मि। ना।

বি। তোমার কন্যা নয় ?

नि। कानी कानी! ना।

বিচারপতি ক্রেছ হইলেন ও কহিলেন, "তাহাতেই কহিয়াছিলাম এনার। রাতকে দিন করিতে পারেন, ইহার উত্তর লিখিয়া পড়িয়া শুনাও, মিখ্যাবাদীর খান দান এককালে সিকস্ত হওয়া উচিত।"

সকলে ভয়ে ধর ধর, কি ছকুম হইবে কে কহিতে পারে, আরো লোক সংখ্যা চতুম্পার্থে বাড়িভেছে, সকলে সমাগত, কেবল এই পুতুল খেলার যে জন প্রকৃত খেলী সে গন্ধানন কোথায় ? তিনি বিচারালয়ে আসিতে বড় কাতর, হলফ করিতে আরো কাতর। তিনি রক্সভূমিতে আসেন নাই, দূর হইতে কল টিপিতেছেন, ডোর ছাড়িতেছেন, টানিতেছেন, গ্রামের কোন নিভৃত স্থানে বসিয়া আছেন, পলে পলে সকল সংবাদ পাইতেছেন।

পোষ্টমান্তার গাঙ্গুলি মহাশয়েরও এখানে দেখা নাই। মাজিট্রেট ক্ষুদ্র বিচার-পতি, বেঙ্গল গবর্ণমেন্টের ভৃত্য, তিনি কেবল নবাব গবর্ণর জ্ঞান্দেরেলের অধীন। অধীনতম হাকিমের কাছারিতে গিয়া নানতা স্বীকার করা অপমান অথচ ফলতঃ খবর সকল বিষয়ের রাখিতে হইবে এ জন্ম গৃটি ডাকের ধাওয়া কাছারীতে রিপোর্টার নিযুক্ত করিয়া পাঠাইয়াছেন, গঙ্গোপাধ্যায় মহাশয় বিলক্ষণ নিন্দাবাদপটু ও ভদ্রের গ্লানি করা তাহার বিশেষ গৌরব, তিনি মহা তীর্থ জ্ঞানবাপীর স্থায় সমলসলিল পূর্ণ।

সকল সাক্ষীর এজাহার লিখিত হইল। কাগজাৎ পাঠ হইল। হার্কিম রায় লিখিতে বসিলেন। সকলে নীরব, এমন সময় মটুকধারী বনমালী পিতাম্বর্ক্ত সজ্জায় কোথা হইতে শীতু ঠাকুর আসিয়া উপস্থিত ও গদ্গদ বচনে কর্যোড়ে কহিলেন, "আজ ধর্মাবতারের আবির্ভাব, শুনিয়াছিলাম আজ রাবণ আসিয়াছে সীতা হরণ হইবে তা ত নয়; এই আমার দরখান্ত নিন্ধরে দখল দেন আর এই সুন্দরীকে দান করুন প্রত্ন ! আমি ঘনেশ্যাম তাহার উপযুক্ত পাত্র।" বলিয়া আপন গলদেশ হইতে মালা খুলিয়া সুন্দরীর গলায় অর্পণ করিল।

মৌলবী সাহেব ইহার ভয়ানক গোস্তাকি দেখিয়া ক্রুদ্ধ হইলেন। ইঙ্গিভ মাত্র বদ্ধকর হইয়া সিংহাসনেচছু শীতু ঠাকুর কারাবাসে চলিলেন। মধ্যে মধ্যে কেবল মাত্র কহিতে লাগিলেন, এভদিনে দশম দশা প্রাপ্ত হইলাম, ও সঙ্গে সঙ্গে গান হাঁকিয়া দিলেন। এদিকে মৌলবী সাহেবের রায় লিখিতে কিয়ৎকাল অভিবাহিত হইল, পশ্চিমাকাশে প্রবল ঝড় উঠিবার পূর্বের যেমন উচ্চ তরুশ্রেশী স্থিরপত্রে দগুয়মান হয় সেইরপ দর্শকমওল আদেশ প্রচার হইবার পূর্বের স্থান্থির! এক্ষণে হাকিম কহিলেন "শিবসহায় সিংহ, তুমি রঘুকে গুরুতর আঘাত করিয়াছ, সাংঘাতিক অন্ত্র সহকারে দাঙ্গা তোমার অনুমতিতেই হইয়াছে, তুমি কাদদ্বিনীর মৃত্যুর মিধ্যা সংবাদ দিয়াছিলে ও সেই মিধ্যার পোষকে আজ আবার সফৎ করিয়া প্রকাশ্য বিচারালয়ে মিধ্যা কথা কহিলে যে এই আওরাত তোমার দক্তর নহে। এ সকল গুরুতর অপরাধ, আমার অভিমতে তোমার আরো উচ্চতর বিচারস্থলে দণ্ড বিধান হওয়া উচিত, অভএব ভোমাকে সসিহান স্থপর্দ্ধ করিলাম।" একজন মোহরার কহিয়া উঠিল, "আপনি সাকায় সাকীর নাম দেন।"

ছক্ম প্রচার হইল। সকলে বিমর্য, সকলের কোতৃক, সকলের কাছারি দেখিবার উৎসাহ শেষ হইল, যে নিরাহারে আসিয়াছিল তার কৃষা মনে পড়িল, আজ্ঞ কৃষীদের পাক বন্ধ, ছাত্রদের পাঠ বন্ধ, গ্রামে ঘোর বিপদ, কাল প্রাতে মালা ঘুরাইতে ঘ্রাইতে কে আর কৃষীদের বীজধানের হলকর্ষণের খবর লইবে, ছেলেদিগকে একত্র কবিয়া পরীক্ষা করিবে, কৃস্তি খেলা দেখিবে, লাড়ু বিতরণ করিবে, আজ্ল গ্রামের মাখা ভাঙ্গিয়া গেল। শিবসহায়কে দিন দিন কাছারিতে জামিন দিয়া হাজির ধাকিতে আজ্ঞা হইল। একে একে পরে দলে দলে নিরিস্কৃক পল্লীবাসীরা গৃহমুখে চলিল। এখন মৌলবী সাহেবের শ্বরণ হইল যে সরে জ্বমিনে তদারকে আসিয়া তিনি এ পর্যান্ত দাঙ্গার স্থল দৃষ্ট করেন নাই। ঘোড়া চড়িয়া সেই জ্বমি মাড়াইয়া যাইবেন, মনে করিলেন।

কিয়ৎকাল পরেই অন্ব প্রস্তুত হইল, ও তিনিও আরোহী হইলেন। ঘোড়া চালাইতে প্রস্তুতপ্রায় এমন সময় দেখিলেন একটি খঞ্চ ক্রতগামী ক্যেকটী পাঠ-শালার বালকসঙ্গে দূব হইতে সেলাম ঠুকিতে ঠুকিতে ভাঁচার নিকট আসিতেছে, মोनदी সাহেব किकि॰ অপেকা করিলেন, ४४ हो। একটি মুচ্ছবি ইংরাজি লিখিত পত্র হত্তে উপস্থিত হইয়া কহিলেন, "স্থার আমি জ্রীনগরের পাঠশালার প্রধান শিক্ষক, এটি ছজুরের (এড্রেস) অভিনন্দন পত্র, ছজুর যে শীতু তুপ্তকে শাসন করিয়া-ছেন, হাজতে দিয়াছেন ভাহাতে কি কহিব। দেশ বিদেশের লোক সম্ভষ্ট : হুজুর সম্মুখেই তার পরিচয় পাইয়াছেন, সে এক লম্পট বদমাইস লোক।" এই বালক-দলের মধ্যে সকল অপেক্ষা উৎকৃষ্ট "জরক বরখ" জরি বিভূষিত উজ্জল বর্ণময় সজ্জাধারী নীলমণি এতক্ষণ দাড়ইয়াছিলেন; "বঞ্চতীমের কথা শেষ না হইতেই ভিনি কহিয়া উঠিলেন, "আমি একটি বক্টিটা করিব।" মৌলবী সাহেব জিল্ঞাসা করিলেন, "এটি কে?" "I am is sir, Babu Nilmani Chaudhury আই এম ইজ বাবু নীলমণি চৌধুরী Heir apparent Dewan Gajanana Chaudhury your honour come an address, you are very happy". त्कान फेसर ना मिया सोनवी मारहव अक्रकीरमत हुन हुईए अक्रशांन महरमन क তৎক্ষণাৎ জনৈক পদাভিককে কহিলেন "শীতৃকে ছাড়িয়া দাও, সে পাগল বোধ হয়তেছে।" আদেশ দিবামাত্র সকলকে সেলাম করিয়া অব চালাইলেন। খঞ্চ-ভীম মনে করিলেন, হিতে বিপরীত, এড়েসে শীতৃ খালাস পাইয়া গেল। এড়েস ব্যবসায়ী ভত্তগণ অনেক সময় এইক্লপ গোলে পড়েন।

बरग़िवश्म शतिरम्छम

उट्ठ छी भूका

কর্ত্তার ইচ্ছা কর্ম। আশুতোষ বাবুর মতামুসারে গ্রামস্থ কয়েকটি ছাত্রের নগরে যাওয়াই স্থির হইল, গজানন অগত্যা নীলমণিকে কালেজে পাঠাইবার অভিমত করিলেন। তর্কালম্কার মহাশয় লম্বমান চিত্র বিচিত্র কোষ্ট্রীপত্রের পাক খুলিয়া অন্ধপাত করিতে লাগিলেন। দিন, লগা স্থির হইল—আগামী বধবার প্রভাষে বর্তুমান কার্ত্তিক মাসের সপ্তবিংশতি দিবসে শুভদিন সর্বত্র প্রচার হইল, কেন শুভ দিন ? কারণ, তর্কালক্ষার মহাশয় গণিযা বলিয়াছেন ঐ দিবসই শুভ-যাত্রিক, যাহা কিছু রিষ্ট আছে, অর্দ্ধপণ কপদ্দক, অর্দ্ধদের লবণ, অর্দ্ধদের তৈল, একটি কুন্ত কাটারি ও একটি অঙ্গার-খার-বিধোত বস্ত্র রাছগ্রহকে দান করিলেই তাহার অন্তভ চিন্তা বন্ধ হইবে। গ্রহণণ এক্ষণ অপেক্ষা তথন অনেক নির্লোভী ছিলেন, অতি অল্পতেই সম্ভষ্ট হইতেন। একে অনেকের নিকট পূজা পাইতেন তাহাতে দেশ দরিত্র বলিয়া জানিতেন। এখন শুনিতে পান দেশে ধনবুদ্ধি হইতেছে, অনেক প্রকার রাহুও আসিয়া একত্র হইয়াছে ও তাহাদের লোভও ভয়ানক বৃদ্ধি হইতেছে। পূৰ্বে কড়িতেই অনেক কাৰ্যা লব্ধ হইত, কড়িতে বুড়োর বিয়ে হইত, কড়িতেই পাধর দগ্ধ মিলিত, কড়িতেই পরিণয় হইত, এখন স্বর্ণমুজা, মেকেবের ঘড়ি ও গোরাকারিগরের নির্মিত সোণার পেটেণ্ট চেন ভিন্ন ক্স্যাদায় গ্রস্তের বর ক্রয় করা হন্ধর। তখন যে মুদ্রায় এক ভরি মকরধ্বজ্ব পাওয়া যাইত, এখন সেই মূল্যে এক শিশি শোডা পাওয়া হছর। গুছসময়ে তখন অন্ধ মুদ্রায় এক বিঘায় ফসল রক্ষা পাইত। এখন শোণভক্ত, মহানদী প্রভৃতি বান্ধিয়া কি ছভিক্ষ নিবারণ হইতেছে ?

এখন হউক্ না হউক্ তখন তর্কালয়ার মহালয়ের ব্যবস্থায় আমাদের গ্রহবৈশুণা খণ্ডন হইয়াছিল। কিন্তু যাহাদের অনেক অর্থ তাহাদের গ্রহণ ভারী—আমাদের গ্রহদেব অর্লানেই প্রফুল্ল হইলেন, নীলমণির গ্রহের পূজার আড়ম্বর বেলী হইল। আবার অন্তঃপুর হইতে শুভচণ্ডী পূজার আদেশপত্র বাহির হইল, এখন শ্রীমন্ত সওলাগরের সিংহলযাত্রা, ঢাকিয়া গেল। গঞাননের গৃহদেবী সিংহবাহিনীর মন্দির বেলয়ারি সাজে মুসজ্জিত হইল, সম্মুখে এইটা চন্দ্রান্তপ উঠিল, চণ্ডীযাত্রার উজােগ হইতে লাগিল—মঙ্গলবার প্রাতে গ্রামের মুলকামিনীগণ কবরীবন্ধন করিতে লাগিলেন। সোণার অলঙারের বাল্প বাহির করিলেন, চেলীর মূলদার শাটী পরিধান করিতে লাগিলেন, সুসজ্জিতা প্রতিমা

পার্ম্বে লুক্সী, সরস্বতীর স্থায় সক্ষিতকলেবর মারলগামিনীগণ গঞ্জাননের চণ্ডীর মন্দিরে আসিয়া উপস্থিত হইলেন। কোন কোন যুবতী কেশবন্ধন করিতে সময় পান নাই; তাহাতে ক্ষতি নাই, স্বর্ণালন্ধার ভূষিতা প্রচুর মুক্তকেশীর বেশ কিছু মন্দ নহে, প্রাতঃসলিল-স্নাত চাঁচর অলকাগুচ্ছগুলি প্রাতঃসমীরণে মস্তকপার্শ্বে ছলিভেছে, এক একটি যুবতী স্তম্ভপার্শ্বে ঠেস দিয়া গণ্ডদেশে হস্ত ৰাখিয়া, চিত্রপুত্তলিকার ন্যায় দেখিতেছেন, কি দেখিতেছেন ? একটী গৌরাঙ্গী এলোকেশী কিশোরী ব্রাহ্মণকনাা নীলাম্বরী পরিধানে মন্দিরের সম্মুখে প্রাঙ্গণে বসিয়াছেন ও এক হস্তে শীলাতলে ভর দিয়া অন্থ হস্ত তুলিকাসহ ছগ্ধরেপাতে আল্পনা আঁকিতেছেন। মধ্যদেশে একটি বড় শ্বেতপদ্ম, চারিপার্শ্বে গোল করিয়া আবও ক্ষুদ্র ক্ষুদ্র পুষ্প বা কলিকা, পাতা, লতা ও আরও দূরে কয়েকটি খঞ্চহংসের আকার আঁকিলেন। কোন কামিনী কহিতেছেন, "এরপ আমরা শিখিলাম না, ^{*}এর পবে কে আল্লনা দিবে ?" একটা দোজবরের সোহাগী স্থন্দরী কহিতেছেন, ্ৰ্ছাই! ও আবাৰ কি কাৰিকুরি যে শিখতে হবে।" তাহার নাক চোক নড়াতে অনেকে ক্ষান্ত হইলেন-- তাহাব প্রথরতায় কেহ বা ভীত হইলেন, কিন্তু বুনওলের উপর বাগা তেঁতুল আছে। বুড় সাহেবানী গোপিনী তাঁহার মুখে খেত পাউডার ভশ্ম প্রলেপ দেখিয়া কহিয়া উঠিল "সেকালে আমরা পিটালীর আল্পনা দিতাম, এখন সুন্দবীবা পিটালীর গুঁড় মুখে মেখে রং উজ্জ্বল কবেন। এইত এলোকেনী দিদির রং, ইনি ত পাউডর মাথেন নাই, আলতা গুলে ঠোঁটে দেন নাই তবু কেন পদ্ম গোলাপ হেরে যায় ? যাকে ভগবান্রক দিয়াছেন, তাকে কি রং মাখাডে হয় ? এখন যুবতীরা সাবান আব পাউডর নিয়ে ব্যস্ত থাকবে না আল্পনা লিখতে শিখ্বে ? অনেকের মূচকি মূচকি হাসি দেখিলাম, পাগলিনীর মত मार्ट्यांनी करें। कथा किंद्राई भानाईन। এमिरक यान्भना लाश मात्र इन, ঘটস্থাপনা হল, পূর্ণ ঘটে আম্রশাখা দেওয়া হল, তর্কালত্কার মহাশয় চসমা নাকে, পুথি ক্রোড়ে করিয়া উপস্থিত, একটি থামের পার্শে আসনে বসিলেন, সঙ্গে সঙ্গে এক ঝারি জল আসিল, নীলমণির গর্ভধারিণীর প্রতিরূপা গঞ্জাননের গৃহিণী সেই জলে তর্কালঙ্কার মহায়ের পদপ্রকালন করিয়া কেশদলে শ্রীচরণ মৃছিয়া লইলেন। ভর্কালম্বার পাঠক হইলেন, পুথি খুলিলেন, পুথিটী গৈরিক রক্ষের বন্তের উপর লেওয়ার বন্ধ, তাহার উপর আবার প্রচুর চন্দন ছিটা বিকীর্ণ, সম্মান পুরঃসর তাহা সম্মূবে রাখিয়া প্রণাম করিলেন, আবার উঠাইয়া লেওয়ার ও বন্ত্র খুলিলেন, পত্র মধা দিয়া একটা ছিত্র পারাপার হইয়াছে, তন্মধা দিয়া একটা সূত্র চলিয়া গিয়াছে; পুত্তকটা বিস্তার করিয়া রাখিলেন, চসমাটি আবার নাসিকাগ্রে স্থাপিত হইল। যেরপ মৌলবি সাহেবের চসমা স্বর্ণ পালে আবৃত ইছা সেরপ নছে, কেবল

আঁখিছয়ের কাঁচ ছখানি বিশেষ বড় পিতলের পরিধিবেষ্টিত, একটি ধরুকাকার তারে নাকের উপরিস্থিত, সেই তার হইতে একটি সূত্র ভ্রযুগলের কপালের শিরোদেশের মধ্যদেশ হইয়া ব্রহ্মরব্রের শিকাতে আবদ্ধ। আচমন করিয়াই ভট্টাচার্য্য মহাশয় উচৈচঃস্বরে পাঠ করিতে লাগিলেন। বৃঝিবার চেষ্টা করিলাম কিন্তু সকলই সাধ্যাতীত বোধ হইল। একে সংস্কৃত তাহাতে দম্ভহীন স্বরে বৃদ্ধ কণ্ঠের উচ্চারিত। এদিকে তর্কালন্ধার মহাশয়ের সম্মুখে কিঞ্চিৎ দূরে ললাটাংশ স্থন্দর সিন্দুর বিন্দু শোভাষর শুভ চণ্ডীর এয়োতী স্থন্দরীশ্রেণী দণ্ডায়মান। প্রদীপ জ্বলিতেছে, ধৃপ ধূনার গন্ধে প্রাঙ্গণ আমোদিত, চন্দনফুলে পুষ্পপাত্র পরিপুরিত। অবশেষে দেবীর আসনের চতৃষ্পার্শ্বে শুদ্র রাশি রাশি আতপ তণুল চূড় সুগোল সন্দেশ মৃণ্ডিতে শোভিত, উপকরণ ফলের ছটাও স্থুরম্য। আজন্মকৃপণ গজাননের গৃহে অভা প্রচুর সামগ্রী সংগৃহীত হইয়াছে ; নীলমণি তাঁহার একান্ত স্নেহের পদার্থ, তাহার 😎 🕏 সাধনেব জ্বস্তু কুপণ হইলে নিজেরই অশুভ হইবার সম্ভাবনা। এই সুদৃশাস্থানে তর্কালঙ্কার মহাশয় পুস্তক পাঠসময়ে মনে করিতেছেন যে এ মিষ্টান্ন সকল আমারই নির্বিরোধের ধন। সকলে স্থিতভাবে দণ্ডায়মান, অল্লসময়মধ্যে উপক্রেমণিকা পরিচ্ছেদ অনর্গল পাঠে সমাপ্ত হইল। ভৈরব ভৃত্য কহিয়া উঠিল "হা, যাব বিয়ে তাব মনে নাই, নীলমণি বাবু কই ?" ''এই ডে ডাট্টি" বলিয়া মণি স্বয়ং গঞ্জানন চৌধুরীমহাশয়ের সমভিবাাহারে আসিলেন। নীলমণি হরিন্তারক্ষের চেলির কাপড পরিয়া উপস্থিত, দেখিতে অতি গৌরবর্ণ কিন্তু চুলগুলি কুচির স্থায় একটি পৃথক দাড়াইয়া রহিয়াছে, কপালটি প্রায় তিন আঙ্গুল প্রশস্ত, নাকটি আর একটু খান্দা হইলেই পাঁচ অঙ্কের রেখার স্থায় মুখভঙ্গি প্রকাশ পাইত, খেত চন্দন ফে টোডে প্রায় ক্ষুত্র কপাল পরিপুরিত। শুভচণ্ডীর নাম শুনিয়া সম্বর দণ্ডবৎ হইলেন। অমনি সঙ্গে সাজে দাঁড়াইয়া কহিলেন, "এ নৈবিড ডের সন্দেশটী খাব ?" গজানন কহিলেন ক্ষেপ। ছেলে, আবার প্রণাম কর! নীলমণি আবার প্রণাম করিলেন। জ্বটাধারী যাইয়া কাণে কাণে কহিলেন "স্থির হও পূজা শেষ হউক।" মীলমণি নিবারণস্রোতে বদ্ধ হইলেন। এখন তর্কালম্কার পৃথগাসনে ঘটপার্শ্বে আসিয়া विमालन, भूका अकमर्थ ममाल इहेल। अलाकिनी मिनि ह्यौत कथा कहिर्त. তাহার সঙ্গে বরণ ডালা হস্তে এয়োতিগণ চলিল। প্রাঙ্গণপার্শে বাত বাজিয়া উঠিল। শীতু ক্ষেপা নীলমণির নামসম্বলিত একটি আশীর্কাদস্চক গীত গাইতে গাইতে নাচিতে লাগিল। তর্কালক্ষার মহাশয় চণ্ডী পুস্তকের পরিশিষ্ট মাঠে আবার উপবিষ্ট। পৃথক্ প্রাঙ্গণে বাজনা বাজিতেছে, চারিদিকে গোলযোগ বৃদ্ধি হইতেছে, তর্কালয়ার মহাশয়় অনস্থমনে চণ্ডী পাঠ করিতেছেন, নৈবেছ চূড় হইতে মণ্ডাণ্ডলি ক্রমে ক্রমে বেমালুম অন্তর্হিত হইতেছে, বালক বৃদ্ধের খন

ঘন আগমনে ভর্কালয়ার মহাশয়ের সন্দেহ উদ্বেক্তিত হইল, শেষে একবার দখিলেন নাচিতে নাচিতে একটা ক্ষুদ্র হস্তে একটা মণ্ডা চূড় উদ্বোলিড হইল। যোগাসন ত্যাগ করিলে পাঠভ্রন্ত হয়, প্রাঙ্গণে শিশুর আগমনে ছই হাড উঠাইয়া দ্ব! ব ! করিয়া তাড়াইয়া দেন, ইহারা অবলীলাক্রমে মণ্ডা উঠাইয়া প্রস্থান করে। অবশেষে অত্যন্ত বিভ্রাট্ দেখিয়া অধ্যাপক মহাশয় পাঠ সংক্ষিপ্ত করিয়া হইলেন। এদিকে শীতৃ খুড় স্তুতি করিয়া দেবীকে প্রণাম করিলেন যে "কার আদ্ধ কেবা করে, খোলা কেটে বামুণ মরে, কোথা ছেলে, কেবা বাপ কোথা এসে ছাড়ে হাঁপ, কার বা কণ্ডো, কেবা বর, বামুণ যবন একাকার, স্থন্দরী তোর কি বাহার সাড়ী না ঘাগরী পর, কৃষ্ণ না খোদারে ডর!! যাব জেলার আদালতে জীতিব বাজি পাঁপরেতে, পেয়ে বৃত্তি স্থন্দরী যেন চণ্ডীগাঁয় ফিরি।"



টিছে অশনি মেধের গায়,
কে ধরিবি ভোরা আয়রে আয়,
মরত ত্যজিয়া, গগনে উঠিয়া,
অলনে মিশিয়া হাসিয়া স্বপ্তে,
বসি অনাসনে, ঘন গরজনে,
কে ধরিবি আয় অশনি বৃকে ?

জনত পাবকাদনে,
দেখে, ভয় কি পেয়েছ মনে,
হাদয়ে জালাবি দিওল অনল,
ধক্ ধক্ তার জলিবে শিখা,
"অদম্য উভ্তম" উৎদাহ প্রবল,
অনন্ত অক্ষরে রহিবে লেখা।
অনল.
অনন্ত প্রবৈল.

আলাবি অনল, অনন্ত প্রবৈল,

মুহুর্ত্তে ব্রহ্মাণ্ড করিতে লয়।

(সে তেজ স'বেনা অশনির তেজ)

তবে আর তোর কিসের ভয়।

এই ত দধীচি হাড় ?
তুলনা নাহি কি তার ?
হদয় ভালিয়া দেখা না জগতে
এমন নাহি কি আর ?
দেখারে জগতে দেখুক জগৎ,
এ জগতে নাই তুলনা বার,
জলস্থ পাবক উগরে স্থনে,
গ্রাতি পঞ্জায় দধীচি-হাড়।

এ মাটীর দেহ ক্ষণে,
না হয় মিশিবে মাটির সনে।
এ মাটী ষধন মাটীতে মিশিবে,
বিফলে মিশিবে কেনে?
লও বক্ত তুমি আহ্বক ছুটিয়া,
জনম্ব পাবকে এক্ষাও পুড়িয়া,
লঙ বক্ত তুমি বক্ষ বিন্তারিয়া,
কি ভয় তোমার মনে?
এ মাটী ষধন মাটীতে মিশাবে,
বিফলে মিশাবে কেনে?

চিরস্থায়ী কিছু নয়,
মাটার শরীর মাটাতে মিশাবে,
কেন রে করিবি ভয় ?
আহক্ অশনি ভীম গরজনে
কাপুক মেদিনী টল টল টল
ভাতৃক সদর্পে মহীধরপণে
সে দর্পে বহুধা থাক্ রসাতল—
এ বন্ধ পাভিয়া, লইবি সে বন্ধ
সে দর্প হইবে ক্ষয়
না হয়, মাটার শরীর মাটাতে মিশাবে
কেন রে করিবি ভয় ?

জীবনে বিশ্বাস কিবা ?
কে বলিতে পারে ভোমার জীবনে,
আবার ফিরিবে দিবা ?
এই অমাবস্থা গাঢ় অছকারে
গর্জিছে অপনি ভৈরব হুফারে
শ্রমছে মস্তকে কাল সর্পাকারে
সংহার এ তেজ তবে;
লও বন্ধ পাতি ভোমার অন্থিতে
শত শত বন্ধ হবে।

করো না আশকা তবে
দেখ, সাহসে বিজয় ভবে,
এক ধ্যানে ষেই করেছে সাধনা
অসিদ্ধ হয়েছে কবে ?
লও বছ ভবে পাতি বক্ষম্বল,
ভীম ভূজবলে ভাজ হিমাচল,
তূপ হেন জ্ঞানে উপাড়ি ভূধর
হেলায় মধিয়ে অনস্ত সাগর
কাঁপাও সমনে ব্রহ্মাণ্ড ভৈরবে,

সভয়ে এ বিশ্ব রহক নীরবে, কাঁপিয়া উঠুক জলধিজল,

কাঁপুৰ অনম্ভ পাতাল তল,

লও বছ তুমি আক্ ক ছটিয়া অলস্ত পাবকে বন্ধাও পুড়িখা, লও বছ তুমি বন্ধ বিভারিয়া, কি ভয় তোমার মনে? এ মাটী বধন মাটীতে মিশাবে বিফলে মিশাবে কেনে?

ь

ওই শিখা দেখে করিও না তয়,
দেবতা তোমারে দিতেছে অভয়,
পতক ষেমন পড়ে রে অনলে
ওই বজ্ঞানলে পড় কুতৃহলে,
দৃচ বক্ষে তারে ভালি কর ওঁড়া
দে বক্স যেমতি ভালে গিরি-চ্ড়া,
মহাহ্মথে মুথে গাওরে "জয়"।
আহক অশনি ভীম গরজনে,
কাপুক মেদিনী টল টল টল
ভাকুক্ সদর্পে মহীধরগণে,
দেস দর্পে বহুধা যাক্ রসাতল,
এ বক্ষ পাতিয়া লও রে সে বক্স,
দেস দর্প হউক কয়।
না হয়, মাটীর শরীর মাটীতে মিশাবে
কেন রে করিবি ভয় ?

ब्रिमत्नत्रक्षन ७२।



9

স্থাত ব্যক্তির মধ্যে এক জনের নাম পীতাম্বর ছিল, লোকে তাহাকে পিতম পাগ্লা বলিত। পীতাম্বরের কোথা জন্ম, সে কাহার সম্ভান, তাহা কেহ জানে না। প্রবাদ ছিল যে, যখন চল্লিশ বৎসর বয়:ক্রম তখন পিতম ছেলেধরার ভয়ে পলাইয়া শান্তিশত গ্রামে আসিয়া আশ্রয় লয়। "কে পিতা ছিল ?" জিজ্ঞাসা করিলে পিতম নতমুখে মাথা নাড়িয়া বলিত, "জ্ঞানি না," "কে মাতা ছিল ?" জিজ্ঞাসা করিলে গম্ভীর ভাবে রাজার একটি বড হাতী দেখাইয়া দিত।

পিতম প্রায় সর্ব্বদাই বিমর্থ থাকিত। পথে বালকদের খেলিতে দেখিলে আর সেরপ থাকিত না। তখন পিতম অনবরত কথা কহিত, অম্মকে না পাইলে একাই কথা কহিত, কখন কখন গীত পর্যান্ত গাইত। লোকে বলিত, পিতমের গীতগুলি অতি আশ্চর্য্য। কিন্তু গাইতে বলিলে পিতম বড় গোলে পড়িত, একটি গীতও আর তাহার স্মরণ হইত না 1

প্রথম অবস্থায় পিতমের স্মরণশক্তি একেবারে ছিল না। লোকে যে তাহাকে পাগল ভাবিত, তাহার এই এক বিশেষ কারণ ছিল। ভাষা স্মরণ হইত না বলিয়া অনেক সময় পিতম কথার উত্তর পর্যান্ত দিতে পারিত না। লোকে ভাবিত পাগল, এই জম্ম উত্তর দিল না। আবার, কথা কহিলে এক শব্দের পরিবর্দ্ধে অম্ম শব্দ মূখে আসিত। পিতম মনে করিত, প্রকৃত শব্দ ব্যবহার করিতেছি, কিন্তু লোকে হাসিত দেখিয়া পিতম আশ্চার্য্যান্বিত হইত।. পিপাসা পাইয়াছে, পিত্রমু বলিবে "জল খাব" কিন্তু জল শব্দের পরিবর্ত্তে "হাতী" শব্দ মুখে আসিল, পিতম বলিল, "হাতী খাব।" লোকে হাসিয়া উঠিল। জ্বলের পরিবর্দ্ধে হাতী খাইতে চাহিয়াছে ইহা পিতম কোন মতে জানিতে পারিত না; পুন: পুন: সেই ভুল করিত। লোকে জিজ্ঞাসা করিত, "কি খাবে ?" পিতম আবার বলিত "হাতী খাব," লোকে আবার হাসিত: আবার জিজ্ঞাসা করিত, আবার হাসিত।

かんむ

সাধারণে পিতমের প্রকৃত অবস্থা জানিত না। পিতমের স্মরণশক্তি নাই, তাহারা ভাবিত পিতমের জ্ঞান নাই। পিতম ভূলিত, লোকেরাও ভূলিত। পিতমের ভূলে লোকের রহস্য বাড়িত, লোকের ভূলে পিতমের রাগ বাড়িত। পাগলের রাগ বাড়িলে লোকেব আহলাদ বাড়ে। ছর্ভাগ্য পিতম ছালাতন হইয়া মধ্যে মধ্যে স্থানত্যাগ করিত। কিন্তু কিছু দিন পরে আবার ফিরিয়া আসিত। এ সকল প্রথম অবস্থার কথা।

একদিন অপরাহে রাজা ইম্রভূপ কয়েকজ্বন অমাত্য সমভিব্যাহারে পশু-শালা পর্যাবেক্ষণ করিয়া বেডাইতেছেন। পক্ষীদের কলহ শুনিতেছেন, বানরকে কদলী দিতেছেন, ভল্লককে তিরন্ধার করিতেছেন, বনমামুষকে কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিতেছেন, ব্যাছকে বনের সংবাদ দিতেছেন, এমত সময় একজন পশ্চাৎ হইতে বলিল, "বন অপেক্ষা আপনার এ গৃহ ভাল, আমি গৃহস্থ হইব, আর বনে বনে বেডাইতে পারি না, এই গৃহে আমায় স্থানদান করুন, আমি - বাস করি।"

রাজা জিজ্ঞাসা করিলেন, "কে এ ব্যক্তি ?" একজন সঙ্গী বলিল, "পিতম পাগলা।" রাজা কখন পিতমকে দেখেন নাই, দেখিবামাত্র তাঁহার দয়া হইল। পিতমের অঙ্গে বহুতর বেত্রাঘাতের চিহ্ন রহিয়াছে। কোন কোনটা রক্তোশ্মধ। রাজা অঙ্গলি নির্দেশ করিয়া জিজ্ঞাসা করিলেন ''এ চিহ্ন কিরূপে হইল গ' পিতম চিহ্নগুলি একবার দেখিল, হাসিল, কোন উত্তর করিল না। রাজা আবার জিজ্ঞাসা করিলেন। পিতম বলিল, 'মহারাজ, যে দিনে আমি পেটে না খাই সেই দিন भिट्ठे थोरे।" मकरन रामिया छेठिन। बाका शश्चीत रहेरान, वनिरानन, आमि ব্রিতে পারিলাম না। স্পষ্ট করিয়া বল।" পিতম বলিল, "পেট আমার, পিট পরের। হাতীরও তাই, ঘোড়ারও তাই, গরুরও তাই, গাধারও তাই, পেট আপনার পিট পরের। না, না, ঠিক তা নয়, ভুলেছি। আমার সঙ্গে একটু প্রভেদ আছে। গরু আর মানুষ সমান নয়। গরুকে যে আহার দেয়, সেই তার পিট দখল কবে। আমায় যে কখন আহার দেয় না, সেই আমার পিট-দ্রবল করে, যে আহার দেয় সে আদর করে। এই প্রভেদ, ব্রেছেন ? এখন আমি গহন্ত হব।"

রামসেবক নামে একজন ভট্টাচার্য্য বলিলেন, "গৃহস্থ হইতে গেলে বিবাহ করা চাই, একণে ত বিবাহ করিতে হয়।"

পিতম। বিবাহ আমি অনেক দিন হইল করিয়াছি। রাজা। কোপায় বিবাহ করিয়াছ, কে ভোমার জী।

পিতম। জগন্নাথকেত্রে বিবাহ করিয়াছি। তথায় গিয়া এক আশ্চর্য্য সুন্দরী দেখি। পৃথিবীর সকলের অপেক্ষা স্থন্দরী। সমুদ্রের তুলনা নাই। আমি থাকিতে না পারিয়া বিবাহ করে ফেলি।

त्राका। ममूख कि वर् यून्मत्री ?

পিতম। চমৎকার স্থন্দরী! রামধন্থকে শ্রামাঙ্গীর কটীবন্ধন। এই জ্বস্থ তাহার যে বাহার তা আর কি বলিব। স্থন্দরী অনবরত হেলিতেছে ত্লিতেছে আর খিলখিল করিয়া হাসিতেছে।

রাজা। কিন্তু তোমার স্ত্রীর কুল নাই।

পিতম। কুল না থাক, কিন্তু বড় ঘরের মেয়ে। যে তার কাছে স্থান পায়, সেই বড় হয়। দেখুন, চন্দ্র সূর্য্য এখানে কুন্ত, কিন্তু যখন আমার স্ত্রীর পার্শে উদয় হয়, তখন আর এক মূর্ত্তি, তখন সূর্য্য কত প্রকাণ্ড, কত মহৎ, কত স্থান্দর দেখায়, সে সকল কিছুই সূর্যোব গুণ নহে, সকলই আমার স্থান্দরীর গুণ। আহা, তাহার কত রূপ, সে কত নির্মাল, কত গন্তীর, তাহার কি দয়া, কি স্নেহ, সকলকে বুকে করে বহিতেছে।

রাজা। তোমার স্ত্রীকে ফেলে কেন্ এলে ?

পিতম। সে অনেক কথা। আমি তার রূপে ভূলিলাম, একে একে আমার সর্বব্দ দিলাম, আমার হুঁকা কলিকাটি পর্যন্ত তাবে দিলাম। কত আদর করিলাম, কত কথা কহিলাম। প্রেমোন্মন্ত হইয়া শেষে এক দিন ঝাঁপ দিলাম, কিন্তু সে আমায় নিলে না। যতবার আমি তার অঙ্গে পড়িলাম ততবার সে আমায় ছুঁড়ে বালিতে ফেলিয়া দিল। আর আমি কত সহ্য করি বল। আমি উঠে গালি দিলাম, ঝগড়া কবিয়া চলিয়া আসিলাম। সে অতি পাজি, স্বার্থপর; কেবল লোকের সর্বব্দ লবে আর লুকাইয়া রাখিবে। রত্ন বল, পলা বল, আপনি একদিনও পরিবে না। তবে লোকের সর্বব্দ লয় কেন? তোমাদের স্ত্রীর হাতে পার আছে কিন্তু এর কাছে আর পার নাই। বাঙ্গালির মেয়ে বড় জোর ঘর ভাঙ্গে, এ পাহাড় পর্বত ভাঙ্গে। আর অন্তরের ভিতর তাহার যে কি আছে তাহা কে বলিতে পারে। উপরে হাসিতেছেন, খিল খিল ক্রে হাসিতেছেন কিন্তু তাহার ভিতরে যাহা আছে তাহা আমিই জানি। তাই একবার একবার দয়া হয়, বলি আমি যদি কাছে থাকিতাম, তাহা হইলে হয় ত এত যন্ত্রণা তার হত না। হাজার হউক আমি পুরুষ।

এক জন পারিষদ এই সময় পিতমকে জিজ্ঞাসা করিলেন, "ভূমি যে রাগ করিয়া আসিলে সমুদ্র ভোমায় সাধিল না।" পিতম । না, তবে যখন আমি একান্ত ফিরিলাম না দেখিল, তখন হা হভাস করিতে লাগিল, আমি কত দূর পর্য্যস্ত তাহা শুনিতে শুনিতে আসিলাম। লোকে বলে বিরহযন্ত্রণায় সমুদ্র অভাপি হু হু করিতেছে।

পারিষদ। আবার ফিরে যাও।

পিতম। আর না। আমার আর যাইবার শক্তি নাই, বুড়া হইয়াছি, আমি এইখানে এই বাঘের পাশের ঘরে থাকিব। মহারাজের অমুমতি হইলেই হয়।

রাজা। না, আমার অতিথিশালায় চল, তথায় তোমার বন্দোবস্ত করিয়া দিব, সকলে যত্ন করিবে। কোন কষ্ট হবে না।

পিতম। অতিথিশালা দরিদ্রের নিমিত্ত, আমি সেখানে যাইব না। আমায় এইখানে স্থান দিন, ব্যান্ত সিংহের সঙ্গে থাকিলে আমার সম্মান বাড়িবে। আর কেহ তাড়না করিবে না।

রাজ্ঞা। সম্মান চাও, তবে আমার সঙ্গে আইস, যাহাতে লোকে তোমাকে সম্মান করে, তাহা আমি করিব। এখানে তুমি স্থান পাইবে না।

পিতম অমনি রাজার পাদম্লে পড়িল, মিনতি করিয়া ব্যায়ের পার্শে স্থান লইল।

পশুশালা হইতে রাজা ইক্রন্থপ রাহির হইয়া জিজ্ঞাসা করিলেন, "পাগলটির নাম কি ভুলিয়া গিয়াছি।" পারিষদ রামসেবক চ্ড়ামণি উত্তর করিলেন, "শীতাম্বর।" রাজা অস্তমনক্ষে কতক দূর গিয়া পশ্চাৎ ফিরিয়া দাঁড়াইলেন। সঙ্গীদিগের প্রতি চাহিয়া কিঞ্চিৎ পরে বলিলেন, "কি আশ্চর্য্য পাগল।" সকলেই একবাক্যে বলিলেন "আজ্ঞা হাঁ।" কেবল চ্ড়াধন বাবু কোন কথাই বলিলেননা। রাজা আবার কতকদূর যাইতে যাইওে দাঁড়াইলেন। সঙ্গিগণের দিকে ফিরিয়া বলিতে লাগিলেন, "যে এত স্থান থাকিতে বাঘের পার্শ্বে বাস করিতে চাহে তাহার অপেকা পাগল কে!" এই সময় একজন পশ্চাৎ হইতে বলিল, "পিতম একা নহে, মহারাজও বাঘ ভালবাসেন। দেখুন আপনার লাঠির মাধায় কার মুখ! বাঘের।" ইক্রন্থপ আগন্তকের প্রতি না চাহিয়া প্রথমে লাঠির প্রতি চাহিলেন। তাহার পর আগন্তক বলিতে লাগিল, "মহারাজ! মুখখানি সোণার। বাঘ আপনার নিকট সোণামুখী।"

সকলেই ফিরিয়া দেখিল, পিতম পাগলা আসিয়াছে। রাজা জিজাসা করিলেন, "এ আবার কি ? তুমি পলাইয়া আসিলে যে ?"

পিতম বলিল, "আমি পলাই নাই, তাড়িত হইয়াছি। রক্ষকেরা আমার নিকট পরসা চাহিল। আমি বাঘের মত তর্জন গর্জন করিয়া আঁচড় কামড় দিলাম, তাহারা আমাকে মেরে তাড়াইয়া দিল।" রাজা। বল দেখি তুমি কি সত্যই পাগল ?

পিতম। হাঁ আমি পাগল, আমি পিতম পাগল।

রাজা। তুমি জান কাহাকে পাগল বলে।

পিতম। জানি—আমাকে বলে।

রাজা। পাগলের অর্থ কি।

পিতম। অর্থ পিতম—অর্থাৎ আমি।

রামসেবক। পশুশালায় আর যাইবে না ?

পিতম। না ওখানে মারে।

রাজা ফিরিলেন। পশুশালায় যাইয়া ছই তিন জন রক্ষককে পদচ্যুত করিলেন, তত্ত্বাবধারককে বিশেষ ভর্ৎসনা করিলেন। পিতম সম্ভুষ্ট হইয়া আবার পিঞ্জরে প্রবেশ করিল।

8

এই সময়ে সকলেই মনে মনে পিতম পাগলের কথা অমুশীলন করিতে → ছিলেন। চূড়াধন বাবু ভাবিতেছিলেন যে, পিতম নির্কোধ নহে, সময় ব্ঝিয়া কার্য্য করিয়াছে। পিতম ভাবিয়া চিন্তিয়া শেষ ভাল সহুপায় করিয়াছে। আশ্রয় ও আহার ভিন্ন পাগলের আর কি প্রয়োজন হইতে পারে ? যে আপনার প্রয়োজন সাধন করিতে পাবে তাহারে পাগল কেন বলি ? সে নির্কোধ কিসে ? পিতম আমার অপেক্ষা বৃদ্ধিমান ; আমি এ পর্য্যন্ত আপনার কার্য্য সাধন করিতে পারি নাই। পাগল হইয়াও পিতম আপনার কাজ হাঁসিল করিল। আমার নিজের ঔদাস্তে আমি সকল হারাইতেছি।

রামদেবক ভট্টাচার্য্য ভাবিতেছিলেন, পিতম কি উন্মাদ ! এত স্থান ধাকিতে বাঘের পার্শ্বে বাস করিতে গেল। মহারাজ অথিতিশালায় স্থান দিতে চাহিলেন, আপনার নিকট রাখিতে চাহিলেন, তাহা ভাল লাগিল না। যে মনে করে আমি সমুদ্রকে বিবাহ করিয়াছি সে এরূপ করিবে তাহার আর আশ্চর্য্য কি ?

ষারবান্ রামদীন দোবে ভাবিতেছিল পাগল কি আহার করিবে ? রোটি বা ভাত তাহাকে কেহ দিবে না; আহারের বন্দোবস্ত রাজা ত কিছু করিয়া দিলেন না। বোধ হয় পাগলা চানা খাবে, তোহা মন্দ কি ? ভোরপেট যদি চানা পাওয়া যায় আর তাহার সঙ্গে ত্ই চারি সের হৃদ্ধ দেয় তবে আমিও নকরি ছাড়িয়া ওখানে থাকিতে পারি।

রাজা ইন্দ্রভূপও পিতম পাগলার কথা ভাবিতেছিলেন। পিতম সম্বদ্ধে তাঁহার কি ঈষৎ মনে আসিতেছিল, অথচ আসিল না। মনের একাংশে বেন ~ পিতমের ছায়া রহায়াছে, তাহা দেখিতে গেলেই মিলিয়া যায়। রাজা ভাবিলেন,
"পিতম কে ? আর কি কখন দেখিয়াছি ? কবে দেখিয়াছি ? বাল্যকালে না
যোবন কালে ? আমি কত লোক দেখিয়াছি তাহাদের দেখিলে এরপ শ্বরণ
করিবার ত আকাজ্জা হয় না ; শ্বরণ না হইলে এরপ ত য়য়ণা হয় না ।
পিতম, পাতাম্বর ! ইহার আর কি কোন নাম ছিল ? কি নাম ছিল ? কে এ
ব্যক্তি ? সত্যই কি পাগল ? পিতমের কথাবার্তা অসঙ্গত, কিন্তু অসংলগ্ন নহে ।
পাগলের কথা এরূপ হয় না । পিতমের জ্ঞান আছ, বোধ হয় পিতম
পাগল নহে ।

জ্ঞান থাকিলে যে পাগল বলা যায় না এমত নহে। বরং অনেক সময় পাগল শব্দে কতকাংশে জ্ঞানসম্পন্ন বুঝায়। মাধু ভিক্ষা করে, পাক করে, আহার করে, ভয় করে, অথচ মাধুকে লোকে পাগল বলে। যে ভয় করে তাহার পরিণাম বোধ আছে, সে একেবারে জ্ঞানশূন্য নহে। অভয় পুম্পচয়ন করে, পূজা করে, সতরিদ্ধি খেলে, অথচ তাহাকে লোকে পাগল বলে। নিতাই খাজনা আদায় করে, দেনা পাওনা হিসাব করে, ভর্ক করে অথচ লোকে তাহাকে পাগল বলে। ইহাদের সকলেরই কিছু কিছু জ্ঞান আছে, তবে কেন লোকে পাগল বলে।

সাধারণতঃ সকল বিষয়ে কোন ব্যক্তির যে পরিমাণে জ্ঞান দেখা যায়, কোন কোন বিষয়ে সেই পরিমাণে জ্ঞান না দেখিতে পাইলে লোকে হয় ত পাগল বলে। অর্থাৎ জ্ঞানের সামঞ্চস্তা না দেখিলে লোকে পাগল বলে। অন্ততঃ সকলে না বলুক কেহ কেহ বলে।

বালকে উলঙ্গ থাকে কেহ তাহাকে পাগল বলে না, অস্থান্থ বিষয়ে বালকের যেরপ জ্ঞান, এবিষয়েও তাহার সেইরপ জ্ঞান, কাজেই, কেহ তাহাকে পাগল বলে না। ইতর লোকে চুন কালি মাখিয়া পর্ব্ব উপলক্ষে নৃত্য করে, কেহ তাহাকে পাগল বলে না, অক্স বিষয়ে তাহার যেরপ বৃদ্ধি, এ বিষয়েও তাহার সেইরূপ বৃদ্ধি। কিন্তু একজন সন্ত্রান্ত ব্যক্তি যদি চুন কালি মাখিয়া পথে নৃত্য করেন, কে না তাঁহাকে পাগল বলিবে ? অক্সান্ত দিকে যেরপ বোধাবোধ এ দিকে তাহার অক্সথা হইয়াছে লোকে বলিবে। অর্থাৎ জ্ঞানের আর পূর্ব্বমত সামঞ্চত্ত নাই বলিবে। অত্য পাগল, সতর্বিধ্ব খেলে, সাংসারিক সকল কার্য্য করে, কিন্তু "জল পাব কোথায়" এই কথা কেহ তাহার ক্রান্তিগোচর করিলেই সে গালি দিয়া উঠে আর চাঁৎকার করিতে থাকে। সতর্বিধ্ব ফৌড়ায় বা সাংসারিক বিষয়ে তাহার জ্ঞানের যে পরিচয় পাওয়া যায়, এন্থলে তাহার জ্ঞানের সে পরিচয় পাওয়া যায় না। কাজেই তাহার জ্ঞানসম্বন্ধে সামগ্রন্ত নাই বলিয়া লোকে ভাহাকে পাগল বলে।

কিন্তু জ্ঞানের সামঞ্চস্ত অতি অল্প লেকের মধ্যে আছে। পূর্ব্বে কখন তাহা 'ছিল কি না সন্দেহ; এখনও বড় নাই। প্রথম অবস্থায় হয় ত অসম্ভব ছিল। এখন, কতক সম্ভব হইয়াছে। এই সামগুস্তের এক নাম উন্নতি।

দশ সহস্র বৎসর পৃর্বের একেবারে জ্ঞানের সামঞ্জস্ত ছিল না। কাজেই তাৎকালিক সেই অসামঞ্জস্ত কেহ আপনাদের মধ্যে জ্ঞানিতে পারিত না। কেহ কাহাকেও পাগল বলিত না। "পাগল" নৃতন গালি। সামঞ্জস্তের পরে আরম্ভ হইয়াছে। সেই আদিমকালে এতই গুরুতর অসামঞ্জস্ত ছিল যে এক্ষণে আমরা সেই সময়ের লোক দেখিলে তাহাকে পাগল ভাবিবার সম্ভাবনা। অস্ততঃ আশ্চর্য্য হইবার সম্ভাবনা।

এই বর্ত্তমান সময়ে আমাদের মধ্যে জ্ঞানের যেরূপ অসামঞ্জস্ত দেখিতে পাওয়া যায়, তাহা নিতান্ত সামান্ত নহে। যে ব্যক্তিরা বাষ্পীয়য়য় গঠন করিতেছে, চক্র স্র্যোর গতি গণনা করিতেছে, বাষ্প হইতে জলের স্বৃষ্টি করিতেছে, তাহারাই হয় ত বৃষ্টির নিমিত্ত দৈবচেষ্টা করিতেছে। মড়ক নিবারণ করিতে হইবে, তাহারাই হয় ত বলিবে "চল, ধর্মমন্দিরে চল, বা অহ্য আড্ডায় চল, প্রার্থনা গাই গিয়া, মড়ক অবশ্য নিবাবণ হইবে।" বৃদ্ধির এইরূপ বৈষম্য দেখিলে কেহ এক্ষণে অসক্ষত বিবেচনা করে না, কিন্তু পবে করিবে, হয় ত তখন এরূপ বৃদ্ধিমান্কে লোকে পাগল বলিবে।

এরপ অর্থে, পাগল এক্ষণে আমরা সকলেই। বৃদ্ধির বৈষম্য বা জ্ঞানের অসামঞ্জস্ত সকলেরই আছে। কিন্তু কেহ কাহাকে পাগল বলি না। পাগল রূঢ় কথা। তবে নির্কোধ বলি, স্বার্থপুর বলি, দান্তিক বলি, কুপণ বলি, নিষ্ঠুর বলি, হিংস্র বলি। একই কথা। সকল গুলিই বৃদ্ধির বিকৃতিবাচক, পাগলের পরিচায়ক। পাগলের সম্পূর্ণ নামকরণ অভাপি বাকি আছে।

পিতম—পাগল, কিন্তু নিজে তাহা জানে না। বৃদ্ধিতে অক্স লোক যে প্রকার, আপনিও সেই প্রকার এই পিতমের বিশ্বাস; কোন অংশে যে ব্যতিক্রম আছে, তাহা পিতম বৃঝিতে পারে না। কিন্তু পিতমের বোধ আছে যে পাগল শব্দ তাহার নামের অংশ, এই জ্বন্থ লোকে তাহাকে পাগলা বলিয়া ডাকে।

পশুশালায় লৌহপিঞ্চরে স্থান পাইয়া পিতম শয়ন করিল, শয়ন অনেক সময় তৃপ্তিবাচক।

ইন্দ্রভূপ দেখিলেন যে, পিতম আর তাঁহার প্রতি লক্ষ্য করিল না। রাজ্য হাসিলেন, পিতমও হাসিল। রাজা জিজ্ঞাসা করিলেন, "আমাদিগকে আর ডোমার মনে থাকিবে ?" পিতম। আজ মহারাজের পশুশালা সম্পূর্ণ হইল। জাঁকিয়া উঠিল। রাজা। কেন ? তোমার নিমিত্ত ?

পিতম। আমারই নিমিন্ত, আমি মামুষপশু, এক প্রকার নরসিংহ, নৃসিংহ দেব। সে রাজা নৃসিংহকে গারদে পাঠাইতে পারেন নাই আপনি পারিলেন। আপনার জয়। মহারাজ কি জয়। এ অবতারে আমি বড় সুখী। ভক্তকে রক্ষা করিতে হয় না। ভক্তরাই আমায় রক্ষা করে। বরং বৃণু। রাজা বর লও। তথাস্তা। এখন ঘরে যাও। আমি নিস্তা যাই।

রাজা। নৃসিংহ দেব! তোমার প্রহলাদ কই?

পিতম। তুমিই আমার প্রহলাদ, তুমিই আমার ভক্ত, তুমিই আমাব সর্বস্থ।

রাজা। আর তোমার রাজা হিরণ্যকশ্রপ কই ?

পিতম। চূড়াধন বাবুকে দেখাইয়া ঐ আমার হিরণ্যকশ্বপ।

রাজা। চূড়াখন ত রাজা নহে।

পিতম। শীষ হবেন।

হঠাৎ রাজা ও চূড়াধন উভয়েই শিহরিয়া উঠিলেন। কেমন একটা ভয়ে বাজার হৃৎকম্প হইল কিন্তু তৎক্ষণাৎ গেল। একবার তাঁহার মনে হইল পাগল কেন অশুভ কথা হঠাৎ মূখে আনিল। পরক্ষণেই মনে হইল পাগলের কথা মাত্র। আমার সন্তান থাকিতে চূড়াধন কেন রাজা হইবে ? চূড়াধনের মঙ্গল হউক, আমার সোণার চাঁদও চিরজীবি হউক।

চূড়াধন বাবুর চাঞ্চল্য কেহ দেখিতে পাইল না। তাঁহার নয়ন চকিতের স্থায় বিক্ষারিত হইমা আবার তৎক্ষণাৎ পূর্ববমত ক্ষুদ্র হইয়া শাস্তম্র্তি ধারণ করিল।

0

পশুলালা হইতে বহির্গত হইয়া রাজা ইন্দ্রভূপ অক্তমনক্ষে অতিথিলালার দিকে চলিলেন। প্রথমে গুইজন ভোজপুরী পালোয়ান বৃক ফুলাইয়া মাথা হেলাইয়া ঢাল তরওয়াল লইয়া যাইতে লাগিল। তাহাদের প্রায় বিংশতিহন্ত ব্যবধানে রাজা স্বয়ং, তাঁহার পশ্চাতে ছাদশ জন অধ্যাপক, রাজপুরোহিত এবং চূড়াবন বাবু। তৎপরে রাজচিকিৎসক, জাতিতে বৈশ্ব; পরে খাজনাখানার এক-জন মৃহরি, জাতিতে কারস্থ; তৎপরে একজন আচার্য্য ভপুরাকৃতি ঘটকাযন্ত্র হুই হন্তে ধরিয়া একাপ্রচিত্তে বাল্কাক্ষরণ নিরীক্ষণ করিতে করিতে যাইতে লাগিল। আচার্য্যের পশ্চাতে পরিচারকগণ, কাহার হন্তে ব্যক্তন, কাহার হন্তে ক্ষুত্র হতে,

কাহার হস্তে পিকদানি, কাহারও হস্তে পাণের বাটা। সর্ব্ব পশ্চাতে একখানি স্থানর শিবিকা, বাহকস্কন্ধে হেলিতেছে গুলিতেছে। আর তাহার গৃষ্ট পার্শ্বে চারি পাঁচ জ্বন রক্ষক লাঠি শড়কি লইয়া শৃষ্ট শিবিকা রক্ষা করিতে করিতে চলিতেছে।

রাজার বেশ ভূষা অতি সামাশ্য; মণি মুক্তা নাই, জ্বরি জ্ববড় নাই, সামাশ্য অধ্যাপকের ন্যায় একখানি পট্টবন্ত্র ত্রিকচ্ছ করিয়া পরিধান; গলায় উত্তরীয়, পদন্বয়ে ভূজ্জিপত্রের পাতৃকা, হস্তে একটি যৃষ্টি। এক্ষণকার ব্যবহার দেখিয়া বিচার করিলে দণ্ডটি কিঞ্চিৎ দীর্ঘ বলিয়া বোধ হইবে—অন্যুন অর্দ্ধ হস্ত পরিমাণে দীর্ঘ অমুভব হইবে। রাজার লাঠি বলিয়া যে কিঞ্চিৎ দীর্ঘ, এমত নহে। ভজ্জ-লোক মাত্রের যৃষ্টি এইরূপ দীর্ঘ হইত। তৎকালের চৌকিদারের লাঠি মস্তক পরিমাণ হইত। বাহকের লাঠি স্কন্ধপরিমাণ হইত। ভজ্জলাকের যৃষ্টি প্রায় বক্ষপরিমাণ হইত।

রাজা দণ্ডটি মৃষ্টিবদ্ধকরে—ধরিয়া চলিতেছিলেন; তৎকালের প্রথাই এইরূপ ছিল। সকল দ্রব্যই মৃষ্টিবদ্ধ করিয়া ধরিতে হইত, মৃষ্টিবদ্ধ করিয়া কার্য্য করিতে হইত। তৎকালে অঙ্গুলির ব্যবহার বড় প্রচলিত হয় নাই। কারণ শিল্প জন্মে নাই। শিল্পের পূর্বের কৃষী অবস্থায় সমাজের সকল কার্য্য মৃষ্টিতেই চলে, অঙ্গুলির প্রয়োজন বড় অধিক হয় না। ভূমিখনন হইতে ঘণ্টাবাদন পর্যান্ত সকলই মৃষ্টির কার্য্য। প্রহার মৃষ্টি ছারা, ভিক্ষাদান মৃষ্টি ছারা, লেখা (মৃট কলম) মৃষ্টি ছারা কাজেই যটি ধারণও মৃষ্টি ছারা।

রাজা ইন্দ্রভূপ গৌরাঙ্গ পুরুষ, দীর্ঘ ঈষৎ স্থুলকায়। চাহিবামাত্রই সর্বাগ্রে তাঁহার নাসার প্রতি দৃষ্টি পড়ে। নাসা বিশেষ উন্নত নহে কিন্তু দীর্ঘ, ক্রমে উন্নত হয় নাই, ভ্রমুগ হইতে একই ভাবে চলিয়া আসিয়াছে। ভ্রু যুগা। অঙ্গে কোথাও চন্দন নাই কিন্তু অনবরত সেই সদগন্ধ। বয়ংক্রম প্রায় পঞ্চাশ বৎসর।

রাজা অতি মৃত্পাদবিক্ষেপে চলিতেছেন, তুই একবার মস্তক নাড়িতেছেন, আপনার মনের সঙ্গে আপনি কথা কহিতেছেন। রাজপথ দিয়া যে চলিতেছেন ভাহা একেবারে ভূলিয়া গিয়াছেন। এইরূপ কিয়দ্দুর গিয়া একস্থলে দাঁড়াইলেন। চারিদিকে নগরবাসীরা তাঁহাকে প্রণাম করিতেছে। রাজা ভৎপ্রতি লক্ষ্য নাকরিয়া সঙ্গীদের জিজ্ঞাসা করিলেন, "এহাচার্য্য কই ?" গ্রহাচার্য্য অ্থাসর ছইলেন। রাজা জিজ্ঞাসা করিলেন "এক্ষণে কি যোগ ?"

গ্রহাচার্য্য। ব্যতীপাত যোগ। রাজা। আমার এক্ষণে কোন দশা ? গ্রহা। শনির শেষ দশা।

রাজা। কাহার অন্তর্দশা ?

গ্রহা। মঙ্গলের।

রাজা মাথা নাড়িয়া বলিলেন, "বটে বটে, আমি ভুলিয়া গিয়াছিলাম।" রাজা এই বলিয়া আবার পূর্ব্বমত চলিলেন। কিন্তু ক্রমেই তাঁহার বিমর্থ-ভাব স্পষ্ট হইতে লাগিল।

রাজা যখন পশুশালায় ছিলেন, তখনই দিবাবসান হইয়াছিল। একণে শয়ন কাল উপস্থিত। গৃহে গৃহে শঙ্খধনি হইতে আরম্ভ হইল। প্রথমে একটী ছইটি, এখানে সেখানে, ভগ্নস্বরে, নিম্নস্বরে, কম্পিত স্বরে, পরে একেবারে প্রতিগৃহে গন্তীর স্বরে বাজিয়া উঠিল, শব্দে আকাশ পরিপূর্ণ হইল। রাজা আরও বিমর্ষ হইলেন। তাঁহার বোধ হইতে লাগিল যেন, মরণোন্ম্প কোন ভীষণ অসুর হতাশ স্বরে আর্ত্তনাদ করিতেছে। তাঁহার কর্ণে শঙ্খধনি অমঙ্গলধ্বনি বোধ হইতে লাগিল। তাঁহার প্রাণ কাঁদিয়া উঠিতে লাগিল।

রাজ্ঞা আবার দাঁড়াইলেন। চূড়াধন বাবুকে ডাকিলেন। চূড়াধন বাবু সঙ্কোচিত ভাবে অগ্রসর হইলেন। রাজা বলিলেন, "আমার নিকটে আইস, আরও নিকটে আইস। তুমি আমাব পিতামহের প্রপোদ্র আমার প্রাতৃস্তুর, ইচ্ছা করে ভোমায় আমি বুকে করি।" শেষ কথাগুলি ভগ্নস্বরে বলিয়া চূড়াধন বাবুর হস্ত ধারণ করিয়া রাজা চলিলেন; কতক দূর গিয়া রাজা চূড়াধনকে আশীর্কাদ করিতে লাগিলেন। "তুমি অরোগী হও, তুমি চিরজীবী হও।" চূড়াধন বাবু কিছুই বুকিতে পারিলেন না, নম্মুখে সঙ্গে সঙ্গে চলিলেন। এমত সময় দেবমন্দিরে নহবদ বাজিয়া উঠিল। রাম সীভার আরতি আরম্ভ হইল। নগরবাসীরা ঠাকুর দর্শন করিতে বাহির হইল।

নহবদ, সানাই, কাঁশর, ঘণ্টা, শহ্ম, মৃদঙ্গ সকল একেবারে বাজিতে লাগিল। বালকদিগের অন্তর নাচিয়া উঠিল, সকলে সেই দিকে ছুটিল, যে ছুটিতে পারিল না সে কাঁদিতে লাগিল। এক কুটীর সম্মুখে একটি বালিকা একা বসিয়া কাঁদিতেছে, তাহার সহোদর তাহাকে লইয়া ক্রীড়া করিতেছিল বাছোছাম হইবামাত্র ঠাকুর দর্শনে সে ছুটিয়া গিয়াছে, সঙ্গে লইয়া গেল না বলিয়া বালিকা কাঁদিতেছে। বালিকার বয়স প্রায় এক বংসর, দরিজ সন্তান কিন্তু ছাইপুই, দেখিলেই বোধ হয় বড় স্নেহের ধন, অঙ্গে কোথাও ধূলার লেশ মাত্র নাই; নয়নে কক্ষল, ভ্রমুগের মধ্যস্থানে একটি সৃষ্ম টীপ। মুখখানি অভি যদ্ধে মার্জিত।

বালিকাকে কাঁদিতে দেখিয়া রাজা সেইখানে দাঁড়াইলেন। চূড়াধন বাব্ রাজার ইচ্ছা অমুভব করিয়া বালিকাকে ভুলাইতে গেলেন। করতালি দিয়া বালিকাকে ক্রোড়ে আহ্বান করিলেন। বালিকা ভয় পাইয়া মূখ ফিরাইল, কুটারে যাইবার নিমিন্ত পাঁইঠায় উঠিবার চেষ্টা করিতে লাগিল। ব্যাকুলিত স্বরে আরও কাঁদিতে লগিল। রাজা তখন চূড়াধন বাব্কে সরিতে বলিয়া আপনি অগ্রসর হইলেন, ছাই একবার ডাকিলেন, বালিকা ফিরিয়া দেখিল, দেখিবামাত্র ছাই বাছ বিস্তার করিয়া হাসিল। একজন অধ্যাপক পশ্চাৎ হাইতে বলিয়া দিলেন "কন্যাটি বান্ধণের সন্তান।" রাজা অতি আদরে বালিকাকে ক্রোড়ে লাইয়া মুখচুম্বন করিলেন। কন্যাটি তখন ক্ষুদ্র ক্ষুদ্র হস্তে করতালি দিয়া এক একবার পথের দিকে হস্ত বাড়াইয়া "ঐ ঐ" বলিতে লাগিল। রাজা বালিকার মূখ চূম্বন করিয়া জিজ্ঞাসা করিলেন "ঠাকুব দর্শন করিবে ? চল, আমিও তোমার সঙ্গে ঠাকুর দর্শন করিব, অনেক দিন শ্রীরামচন্দ্রকে দর্শন করি নাই, তোমার দ্বারা তিনি আমায় শ্বরণ করাইয়া দিলেন। চল, তোমায় আমি বুকে করিয়া লাইয়া যাই।" বালিকা আনন্দে হাসিতে লাগিল।

বালিকার গর্ভধারিণী জল আনিতে গিয়াছিল। কুটীরসম্মুখে অনেকগুলি ভদ্রলোকের সমাগম দেখিয়া অন্তরালে কলুস কক্ষে দাঁড়াইয়া বহিল, কিছুই বুঝিতে পারিল না। সকলে চলিয়া গেলে ব্রাহ্মণী প্রতিবাসীদের নিকট সকল শুনিয়া মনে করিলেন, তাহার সন্তানকে রাজা আর ফিরাইয়া দিবেন না, অতএব রীতিমত কাঁদিতে বসিলেন।

রাজা কন্যাটিকে ক্রোড়ে লইয়া রামসীতার ঘারে উপস্থিত হইলেন;
সিংহ ঘারে নহবৎ বাজিতেছিল; বালিকা উদ্ধান্থ রাজাকে সেই বাজস্থান
দেখাইতে লাগিল। রাজা ক্রমে মন্দিরে উঠিলেন। তাঁহাকে দেখিয়া সকলেই
সসম্মানে সরিয়া দাঁড়াইল। রাজা বালিকাকে বুক হইতে নামাইয়া অভি ভক্তিভাবে প্রণাম কবিলেন। বালিকাটিও তাঁহার পার্ষে এক প্রকার শয়ন করিয়া
প্রণাম করিল। প্রণাম করিতে করিতে রাজার প্রতি মুখ ফিরাইয়া দেখিতে
লাগিল। রাজা উঠিলেন দেখিয়া বালিকাও উঠিয়া দাঁড়াইল। স্বর্ণালক্কারবিভ্ষিত দেবমূর্ত্তি দেখিয়া "ঐ ঐ" বলিয়া রাজাকে দেখাইতে লাগিল।
আবার পুনঃ পুনঃ প্রণাম করিতে লাগিল, এই সময় বাজোত্যম স্থানিত
হইল। বালিকা "যা—যা" বলিয়া চারিদিকে চাহিতে লাগিল। শেষ
রাজার জামু ধরিয়া দাঁড়াইল। রাজা জিজ্ঞাসা করিলেন "ঘরে যাবে ?"
কন্যাটি অবার দেবমূর্ত্তির দিকে ক্ষুদ্র হস্ত নির্দেশ করিয়া "ঐ ঐ" বলিতে
লাগিল।

মন্দিরে একটা ব্রহ্মচারী উপস্থিত ছিলেন। তিনি অগ্রসর হইয়া জিজ্ঞাসা করিলেন "মহারাজ! সন্তানটি কি রাজকন্যা!" রাজা বলিলেন, "না।" এই বলিয়া বালিকাকে আবার পূর্ব্বমত বুকে তুলিলেন। বালিকা বুকে উঠিয়া একবার রাজার মুখের দিকে চাহিয়া দেখিল, তাহার পর রাজস্বন্ধে মস্তক রাখিয়া স্থিরভাবে রহিল। রাজা তখন ব্রহ্মচারীকে বলিলেন, "বালিকাটি কাহার কন্যা আমি তাহা এ পর্যান্ত জানি না, পথে কন্যাটি কাদিতেছিল, আমাকে দেখিয়া আমার ক্রোড়ে আসিল, কোনমতে আর কাহার ক্রোড়ে গেল না।"

ব্রহ্ম। আশ্চর্য্য ! বালকদেব ত এরূপ কখন দেখা যায় নাই, কখন অপরিচিত লোকের নিকট যায় না।

রাজা। বৃঝি সন্তানটি নিজা গেল। ইহার আত্মীয় কেহ আসিয়াছে ?

"আসিয়াছে" বলিয়া একজন ব্রাহ্মণ যোড়করে সম্মুখে দাড়াইল। রাজা জিজ্ঞাসা করিলেন "আপনি কন্যাটির কে হন ?"

ব্রাহ্মণ। পিতা

রাজা। আপনি বড় ভাগ্যধর। এ কন্যা আমার হইলে আমিও ভাগ্যধর মনে করিতাম। বুক হইতে নামাইতে ইচ্ছা করে না। কিন্তু আপনার কন্যা আমি কি বলিয়া রাখিব, নতুবা আমার ইচ্ছা করে আমি কন্যাটির লালনপালন করি।

এই কথায় ব্রাহ্মণ ভয়ে ইতস্ততঃ করিতে লাগিল দেখিয়া একজন প্রতিবাসী বলিলেন, "মহারাজ, আপনি এ প্রদেশের রাজা, আমরা সকলেই আপনার সন্তানস্বন্ধপ। আপনি যাহাই ইচ্ছা করিবেন, তাহাই করিতে পারেন। আপনি যদি
কন্যাটি গ্রহণ করেন, তাহা হইলে ইহা অপেক্ষা আমাদের সৌভাগ্য আর কি
হইতে পারে। দরিজের কন্যা আপনি ক্রোড়ে করিয়াছেন, ইহাতেই আমরা
সকলেই চরিতার্থ হইয়াছি। দরিজের প্রতি যে দেশে রাজার ম্বণা নাই; সে দেশের
প্রজা অপেক্ষা সুখী আর কোথায় ?"

রাজা উত্তর দিবার পূর্ব্বেই চ্ড়াধন বলিলেন, ''শিশু সম্বন্ধে রাজা প্রজা নাই, ধনবান্ দরিজ নাই। সন্তানমাত্রেই পবিত্র। যে শিশুকে ক্রোড়ে করে, সেই পবিত্র হয়, সেই চরিভার্থ হয়, সম্ভানের কিছু গৌরব বৃদ্ধি হয় না।

রাজা বলিলেন "তথাপি আমি কক্সাটিকে ক্রোড়ে করিয়াছি। আমার ক্রোড়ে করা বার্থ হইবে না। কন্যাটি রাজকন্যার ন্যায় প্রতিপালিত হইবে। আমি তাহার বন্দোবন্ত আগামী প্রাতে করিয়া দিব। আমার বড় যন্ত্রণা হইয়াছিল; মন কাঁদিরা উঠিতেছিল। কম্যাটি ক্রোড়ে করিয়া অবধি আমার সকল ফুর্ভাবনা

গিয়াছে। আবার স্বচ্ছন্দতা লাভ করিয়াছি; ক্সাটী বড় চমৎকার, আমি আন্তরিক ভালবাসিয়াছি। ক্যাটি বাহাতে সুখে থাকে, আমি তাহা অবস্ত করিব। এক্ষণে আপনার ক্যা আপনি লইয়া যান।" ব্রহ্মচারী বলিলেন, "দয়া! আশ্চর্য্য দয়া!"

দরিজ ব্রাহ্মণ রান্ধার ক্রোড় হইতে কম্মাকে গ্রহণ করিতে সাহস করিল না।
চূড়াধন বাবু কম্মাকে লইয়া ব্রাহ্মণকে সমর্পণ করিলেন। কম্মা নিজা গিয়াছিল,
চূড়াধন বাবুর হস্তে জাগ্রত হইয়া পিতৃ ক্রোড়ে গিয়া কাঁদিতে লাগিল। পিতা
ভূলাইবার নিমিন্ত স্ত্রীলোকের ন্যায় "ও আয়, আয় রে" বলিয়া মাথা চাপড়াইতে
লাগিলেন। কন্যাটি তাহাতে শাস্ত হইল না। রাজা তথন অগ্রসর হইয়া
বলিলেন, "আমার ক্রোড়ে আসিবে ? আইস।" কন্যাটি এই আহ্বানে মাথা
তূলিয়া রাজাকে দেখিল, দেখিয়াই হস্তপ্রসারণ করিয়া রাজক্রোড়ে যাইবার ইচ্ছা
জানাইল। রাজা তৎক্ষণাৎ ক্রোড়ে লইলেন, বালিকা আবার পূর্ব্বমত রাজস্কন্ধে
মাথা রাখিয়া নিজা যাইতে লাগিল। সকলেই আশ্চর্য্য, হইল, রাজাও আশ্চর্য্য, হইলেন।

নিজা কিঞ্চিৎ গাঢ় হইয়া আসিলে রাজা ব্রাহ্মণকে কন্যাটি প্রত্যর্পণ করিয়া বিদায় করিলেন। যাইবার সময় ব্রাহ্মণকে রাজা জিজ্ঞাসা করিলেন, "কন্যাটির নাম কি?" ব্রাহ্মণ উত্তর করিলেন, "মাধবীলতা।"



পত্য গ্ৰন্থ

বিকার একজন আয়র্লগুদেশীর সহিত ইংরেজী কাব্য সম্বন্ধে আমাদের কথা হইতেছিল। ইংরেজি শিক্ষাগুণে আমরা তাঁহার সাক্ষাতে ইংরেজি কবিছের প্রশংসা করি। প্রশংসা তাঁহার অসহ হইল। তিনি ক্রেজভাবে বলিলেন, "সে কিকথা! ইংলগু চিরসুখী, কখন কাঁদে নাই, ইংলগু কবিছ কিরূপে সম্ভব ?"

কথাটি কতদূর সত্য তাহা জানি না তবে এই বলিতে পারা যায় যে, যে ব্যক্তি নিত্য অন্ধবংস করিয়া নিতা গিয়াছে, এবং নিত্রাভঙ্গে কেবল পান চিবাইয়াছে, যে শোক তাপ কিছুই জানে না, বা বুঝে না, কাব্যপ্রণয়নে তাহার অধিকার হয় না, প্রয়োজনও জন্মে না। প্রয়োজন বিবেচনা করিয়া যে লিখিতে যায়, কাব্যে সে অন্ধিকারী। প্রয়োজন বিবেচনায় যে কাঁদিতে বসে, সে ভাল কাঁদিতে পারে না। যে একান্ত অন্তরের জ্বালায় কাঁদে কেবল তাহারই চক্ষের জ্বলে লোকে "আহা" বলে।

বোধ হয় চিত্তমুকুর লেখকের অস্তরে জ্বালা আছে। তিনি সেই জ্বালায় কাঁদিয়াছেন। অধিকাংশ কবিতাগুলি তাঁহার আস্তরিক ক্রেন্দন। "কবিতা লিখেছি কত মনের বেদনে।" যাহাই তিনি লিখিতে গিয়াছেন, তাহাতেই যেন তাঁহার চক্ষে জল আসিয়াছে। সকল অবস্থাই তিনি ছংখের চক্ষে দেখিয়াছেন, সকল অবস্থাতেই তিনি আপনার মর্শ্মবেদনা মিশাইয়াছেন। একস্থানে ভাটের ন্যায় স্থাতিপাঠ করিতে গিয়াও সেই মনোবেদনা কতক দেখাইয়াছেন।

তুই চারিটি কবিতা হইতে কিঞ্চিৎ কিঞ্চিৎ উদ্ধৃত করিলে এ কথা প্রতিপন্ন হইবে।

কলিকাতা ৪৪ নং বেণিয়াটোলা লেন, রায় যত্ত্বে প্রীত্মান্ততোব ছোৱাল কর্ত্ত্ব মুক্তি। সন ১২৮৫। মূল্য ৬০ আনা মাত্র। গ্রন্থকারের নাম লিখিত নাই।

উদাসীন নামক কবিতা হইতে উদ্ধৃত:-

"কিন্তু হায় এ পামর নির্মম হানধ, কঙ্গণা পরশে আর জ্রবিবার নয়। পাষাণে বেঁধেছি প্রাণ পাষাণ রহিব, এই তঙ্গ-তলে বসি একাকী কাঁদিব।

সলিল প্রতিমা হইতে উদ্ধৃত :—
"কত সাধ কত আশা, কত প্রেম ভালবাসা,
প্রাণেশর নিরম্বর রেখেছি অস্তরে,
বারেক তোমায় যত্মে দেখাবার তরে;
স্থাচিকণ পুশ্বার, গাঁথিয়াছি কতবার,
দোলাইতে তব গলে—কতই যতনে
কবিতা লিখেছি কত মনের বেদনে।

ছংখিনী রমণী হইতে উদ্ধৃত:—
"ইচ্ছা করে ছুটে যাই কানন-মাঝারে,
পড়িয়া তক্তর তলে কাঁদি একাকিনী।
এ ছংখ কহিব কারে নির্মাম সংসারে,
কে বুঝিবে—কে শুনিবে—আমার কাহিনী

ভাসাইয়া দেহ মোরে জাহুবীর নীরে,

এ মৃধ দেখিয়া কেন পাইবে বেদন।

তদ্ধ পল্লবের মত ঘাইব ভাসিয়া,

প্রবল তরক্ক-শ্রোতে সাগরের জলে।

এ ভক্ষ জীবন-তরি ঘাইবে ভূবিয়া,

দহিতে হবে না আর নিরাশা-জনলে।

কুলীন কামিনী হইতে উদ্ধৃত:

"কি হুঃধ তটিনি! তুমি হেন শুল বেশে
করুণ সলীত তুলি, শৈলময় দেশে ?

ললিত লহরী হায়,

বিবাদে মিশায়ে যায়,
সরস যৌবন মরি বিশুদ্ধ এমন
কোন্ হুথে বল নদি এতেক বেদন!

e2-4

হইবে গভীর নিশি দূরে বিঁ বিঁরব,
আঁধারে ভূবিবে বিশ্ব জগত নীরব।
এই শুদ্ধ ভূপদলে করিয়ে শয়ন।
খুলিয়ে প্রাণের শার করিব রোদন।"

এতই বেদনা যদি, কেন দ্বে নিরবধি, এস কাছে প্রাণেশর কাঁদি ছই জনে। মৃছাইব অশ্রুক অঞ্চল বসনে ধন নাই—ছথ তাই, ধনে প্রয়োজন নাই, উভয়ে পরম হথে রব তরুতলে, প্রিল যুগল আঁথি পুন: অশ্রুকলে।"

শরবিদ্ধ বিহিলিনী মর্মবেদনায়,
অহির যথন পড়ি লতার বিতানে।
কে বুঝে কে দেখে তার তীর যথপায়,
লুটায় সাপটি পক্ষ একাকী কাননে।

হেন চিত্রকর ধদি থাকিত ভ্বনে
হদযের প্রতিমূর্ত্তি চিত্রিতে পারিত,
আশা তৃষ্ণা হুখ হুংখ মনের বেদনে,
তুলিকায় চিত্রপটে হুইত অন্ধিত!
দশ্ম হদযের ছবি তুলিয়া তোমারে
দেখাতেম সহোদরে যাতনা আমার,
দেখিতে জ্বনিছে চিতা হৃদয় মাঝারে,
আশা হুখ পরিবর্ত্তে দেখিতে জ্বার।

হার জানিতাম আমি অনস্থ সংসারে

একা অভাগিনী শুধু পাষাণে বিহরে,

শুদ্ধ শুধু এই প্রাণ,

গায় বিষাদের গান,

শুকায়ে মরম জালা কাঁদি নিরজনে।

একা অনাধিনী আমি অধিল ভূবনে।

তুমিও যে তটিনী রে আমারই মতন,
পাষাণে চাপিয়া বক্ষ কর সম্ভরণ,
নির্দ্ধয়ের পদতলে,
লুটাই নয়ন জলে,
নিষ্ঠুর গিরির পদে তুমি অভাগিনী!
লুটাইছ তর্বাকণী দিবস যামিনী।"

এইরপ করুণরসের অবতারণা যে কেবল শিক্ষার গুণে বা যত্নের বলে হই-য়াছে, এমত বোধ হয় না। কবির নিজের গুণে। ভাবের মধ্যে শোক ভাঁহার মনে বিশেষ প্রবল বলিয়া বোধ হয়। এই জ্বন্স করুণরসে তাঁহার এত অধিকার দেখা যায়। অন্যরসে যে তিনি সম্পূর্ণ বঞ্চিত এমত বলি না, ডবে যে সকল রস তাঁহার চিত্ত স্পর্শণ্ড করে না সে সকল রস উদ্দীপন করিবার নিমিত্ত তিনি ছুই এক স্থানে সময় নষ্ট করিয়াছেন, বোধ হয় তাহা কেবল অমুরোধে। কেন না লেখক আপনিই স্বীকার করিয়াছেন যে মধ্যে মধ্যে তিনি কাব্যের ফরমাইস্ লইয়া থাকেন। কিন্তু ফরমাইস বা চেষ্টা উভয়ই কবির পক্ষে কুপথ। যিনি ভাহা অবলম্বন করিয়াছেন, তিনিই নিফল হইয়াছেন। "কাব্য কি"? যাঁহারা জানেন না, তাঁহারাই কাব্য লিখিতে চেষ্টা পান, বা লিখিবার নিমিত্ত অন্তরে অমুরোধ করেন। যে রস মনে কখন আসে নাই, সে রস অনুবোধে বা চেষ্টায় কিরূপে বর্ণিত হইবে। বোধ হয় তাঁহারা বলিবেন অন্তুত্তব ছারা। সত্যু, মনে কোন ভাবের উদ্দীপন হইলে তাহার হুই একটি কার্যকেলি অমুভব করা যাইতে পারে। কিন্তু যে স্থলে ভাব কি রস কিছুই নাই, সে স্থলে কে তাহার ক্রিয়া অমুভব করাইবে। य ऋल स्मच नारे, म ऋल क वृष्टि ' वर्षन कत्रित ? यनि जूमि कन ছিটাইয়া বল, এই বৃষ্টি হইল ছুই একটা বালক ভিন্ন কে তোমার কথা বিশাস করিবে ? ইদানীং বাঙ্গালার অধিকাংশ কাব্য লেখক যে কবি নহেন তাহার कांत्रम এहे। অনেকে क्रम छिठोरेग्रा रामन, तृष्टि कतिमाम ; ভाব वा त्रम কিছুই তাঁহাদের নাই, কেবল অমুভবের উপর তাঁহাদের নির্ভর। যে কখন স্বচক্ষে পর্বত কি সমুজ দেখে নাই সে তাহা কি অমুভব করিবে ? অস্তের মুখে याश अनिग्राष्ट्र वा व्यत्भव এष्ट्र याश भाठ कतिग्राष्ट्र जाशहे निश्चित । চর্ববেণে যাহার রস গিয়াছে ভাহাই আবার পুনশ্চব্বিভ করিবে। পর্বভে কি সমুদ্রে কাব্যরস নাই। তাহা কেবল দর্শকের অন্তরে থাকে। পর্বেড কি সমুদ্র দেখিলে চিত্তের যে চাঞ্চল্য জন্মে তাহাই কাব্যরস। যে পর্বত বা সমুদ্র দেখিল না, কেবল অন্তের মুখে শুনিল, সে এ চাঞ্চল্য কোথা পাইরে, অমুভবে তাহা সম্ভবে না। কাজেই অনুরোধে কাব্যের সৃষ্টি হইতে পারে না।

সমুজ কি পর্বত দেখিলেও অনেকের চিত্তে কোন চাঞ্চল্য জন্মে না এই জন্য সকলে কবি হইতে পারে না। যাঁহার চক্ষে পর্বত কেবল প্রস্তরস্তৃপ, সমুজ কেবল জালরাশি, কাব্যে তাঁহার অনধিকার, তিনি অন্য ব্যবসা করুন। সমুজ কি পর্বত দেখিলে কবিদের চিত্ত একরূপ চঞ্চল হয় না; ভিন্ন কবির ভিন্ন রূপ হয়। এই জন্য কবি নানা প্রকার, কাব্যও নানা প্রকার। সমুজ ও পর্বতের কথা উদাহরণ স্বরূপ আমরা উল্লেখ করিলাম। সমুজ ও পর্বতের কথা যাহা বলা গেল, বাহ্যবস্তু মাত্রেরই কথা সেইরূপ বলা যাইতে পারে। সঙ্গীত বা শব্দ সম্বন্ধেও সেইরূপ বলা যাইতে পারে।

মৃল কথা, ফরমাইসে কাব্য হয় না। চিত্তের চাঞ্চল্য না জ্বালি কাব্য জ্বালে না। চিত্তের চাঞ্চল্যের কোন বেগ নাই, অথচ আমাদের কবিরা কাব্য প্রাণ্ডান করেন। কেহ বা অন্সের বেগ গ্রহণ করিয়া লেখেন; অর্থাৎ অস্থ্য কবি আপন চিত্তের বেগে যাহা লিখিয়াছেন, তাহাই তাঁহারা অমুকরণ করেন। অমুকরণ অস্থ্য বিষয়ে যাহাই হউক কাব্য সম্বন্ধে দোষেব। অথচ অধিকাংশ কবি কিছু না কিছু নকল করেন। চিত্তমুকুবেব লেখক তুই একটি ভাব বোধ হয় অন্য কবি হইতে গ্রহণ কবিয়াছেন। পুরন্দরের দৌত্য নামক কবিতায় একস্থলে লিখিত হইয়াছে—

"আঘাতি অনল ছটী কন্দরে কন্দরে, ভ্রমে যথা ক্ষণপ্রভা পর্বত প্রদেশে,"

এই ভাব হেম বাবুর বিহাৎ হইতে নীত। হেম বাবুব বিহাৎ দেখুন:—

"কিছা গিরিপুল রাজি
মধ্যে বথা তেজে সাজি
কণপ্রভা থেলে রঙ্গে করি ঘোর ঘটা
থেলে রঙ্গে ভীমভন্দি,
লিথর লিথর লজিয়,
শৈলে শৈলে আঘাতিয়া সুল তীক্ষ ছটা।"

এই অমুকরণটি নিভাস্ত দোষের নয়। আর একস্থানে (৯৬ পৃষ্ঠা) আমাদের গ্রন্থকার লিখিয়াছেন—

"এস তবে শশধর নামিয়া ভৃতলে,
লিখে দিই তব অংক তৃইটি চরণ
হেরিলে ভোমার পানে, পড়িবে নয়নে ভার
প্রাণের সুকান কথা, বৃবিধে বেদন।"

ইংরেজি কবি মূর এই ভাবটী লিখিয়া গিয়াছেন, তাহা নিম্নে উদ্ধৃত করা গেল—

Sweet Moon! if like Crotona's sage,
By any spell my hand could dare
To make thy disc its ample page,
And write my thoughts my wishes there;
How many a friend whose careless eye
Now wanders o'er that starry sky,
Should smile upon thy orb to meet
The recollection kind and sweet,
The reveries of fond regret,
The promise never to forget,
And all my heart and soul would send
To many a dear loved distant friend.

ইহা ভিন্ন অস্ত হুই এক স্থলেও অমুকরণ আছে।

অনেক প্রধান প্রধান কবিরা অমুকরণ করিয়া গিয়াছেন। অমুকরণ নিমিত্ত বিশেষ দোষ দিই না। তবে এই বলি যে, এই গ্রন্থকারের ক্ষমতা আছে, ইনি দোষটি বর্জ্জন করিলে করিতে পারেন।

যে সকল কবিতা উদ্ধৃত করা গিয়াছে, তাহা করুশরসবিশিষ্ট। অস্তু দিকে ঠিন্তমুকুরলেখকের কিরূপ ক্ষমতা আছে, তাহা দেখাইবার নিমিন্ত আর ছই তিনটি অংশ উদ্ধৃত করা গেল।

গ্রন্থের প্রারম্ভে রাঙ্গপুতকুলকলন্ধ জয়চন্দ্রের মানসিকভাবব্যঞ্জক একটি চিত্র আছে; তাহার এক স্থান বড় সুন্দর। স্থীয় ছুষ্কৃতিচিন্তামগ্ন জয়চন্দ্র গভীর রাত্রে একাকী উজানে শ্রমণ করিতে করিতে সহসা—

> "ভাজিল হুদীর্ঘ খাস চাহি শৃক্তপানে, নিবাবার ভরে যেন গগনের আলো; ভাবিল আলোকরাশি পশিষা পরাণে, অদৃষ্ঠ ভাবনাগুলি করিছে উজ্জন। মুদিল নয়ন পুন: আবরিয়া কর, কিন্তু হৃদয়েতে যাহা হয়েছে অভিত মুদিলে নয়ন কেন হইবে অভর। বরং উজ্জনতর হবে অভ্যুক্ত।

(সমরসাহী-বিদায় হইতে)

মধ্ব সায়াহে, প্রমোদ উভানে,
সরসী-সলিলে, সলিনীর সনে,
হ্বর্ণ ভরীতে, হরষিত চিতে,
চিতোরের রাণী পৃথা বিহরে।
হৃদরের হর্ণ বিকাশে নয়নে,
চারু মৃত হাসি ফুটিছে বদনে,
হুঞ্চিত কপোলে, যৌবন উথলে,
রক্তের দাঁড়, শোভিছে করে।
মত্ত হংসরাজ, গ্রীবা উচ্চ করি,
আসিছে সাঁতারি, পরশিতে ভরী,
তরী বহি ষায়, ধরিতে না পায়,
উঠে হাল্ডধনি, রমণী-মণ্ডলে।

এই সমরসাহী-বিদায় সুকবির রচনা, ইহা সমুদ্র উদ্ধৃত করিবার মানস ছিল, কিন্তু স্থানাভাব।

স্থানাস্তরে—

নিবিড় তক্কব তলে শ্রাম দ্র্কাদলে
পড়িয়া শীতল ছায়া শাস্তি-অরপিনী,
বৃস্তে বৃস্তে ছুলগুলি, আনন্দে পড়েছে ঢলি;
অদ্রে উঠিছে ধীরে মানবের ধ্বনি,
বোধ হইল-বেন আজ নবীন ধরণী।
দেখিছ শিশিরবিন্দু গোলাপের দলে
কিরণে উজ্জল হয়ে ঢল ঢল করে,
গোলাপ পড়িল হেলে, শিশির পড়িল ঝুলে,
দেখিতে দেখিতে বিন্দু ধসিয়া পড়িল,
সুন্ত বৃস্তে চাক পুশা নাচিয়া উঠিল।

চিত্তমূকুর পাঠ করিয়া আমাদের সম্পূর্ণ বিশ্বাস জ্বন্মিয়াছে যে, লেখক স্কবি। একণে তাঁহার যে সকল দোষ আছে তাঁহা সামাস্ত; বোধ হয়, পরে তাহা কিছুই থাকিবে না। এই পুস্তক গ্রন্থকারের প্রথম উভ্তম। তিনি যে প্রথম উভ্তমেই অনেক পরিমাণে কৃতকার্য্য হইয়াছেন, তাহার সন্দেহ নাই। গ্রন্থকার সাধারণের উৎসাহের পাত্র।



কসংখ্যা গণনা করিয়া জ্বানা গিয়াছে যে, বাঙ্গলা দেশে না কি ছয় কোটী ষাটি লক্ষ মমুষ্য আছে। ছয় কোটি ষাটি লক্ষ মমুষ্যের দ্বারা সিদ্ধ না হইতে পারে, বৃঝি পৃথিবীতে এমন কোন কার্য্যই নাই। কিন্তু বাঙ্গালিব দ্বারা কোন কার্য্যই সিদ্ধ হইতেছে না। ইহার অবশ্য কোন কারণ আছে। লোহ অস্ত্রে পরিণত হইলে তদ্বাবা প্রস্তুর পর্যান্ত বিভিন্ন করা যায়, কিন্তু লোহ মাত্রেরই ত সে গুণ নাই। লোহকে নানাবিধ উপাদানে প্রস্তুত্ত, গঠিত, শাণিত করিতে হয়। তবে লোহ ইম্পাত হইয়া কাটে। মমুষ্কে প্রস্তুত্ত, উত্তেজিত, শিক্ষিত করিতে হয়, তবে মমুষ্যের দ্বারা কার্য্য হয়। বাঙ্গালার ছয় কোটি ষাটি লক্ষ লোকের দ্বারা যে কোন কার্য্য হয় না, তাহার কারণ এই যে বাঙ্গালায় লোক-শিক্ষা নাই। যাহারা বাঙ্গালার নানাবিধ উন্নতিসাধনে প্রবৃত্ত, তাহারা লোকশিক্ষার কথা মনে করেন ক্ষা, আপন আপন বিভা বৃদ্ধি প্রকাশেই প্রমন্ত। ব্যাপার বড় আন্ধ্র আশ্রুষ্য নহে।

ইহা কখন সম্ভব নহে যে, বিছালয়ে পুন্তক পড়াইয়া, ব্যাকরণ সাহিত্য জ্যামিতি শিখাইয়া, সপ্তকোটি লোকের শিক্ষাবিধান করা যাইতে পারে। সে শ্বিক্ষা শিক্ষাই নহে, এবং সে উপায়ে এ শিক্ষা সম্ভবও নহে। চিন্তবৃত্তি সকলের প্রকৃত অবস্থা, স্ব স্ব কার্য্যে দক্ষতা, কর্ত্বব্য কার্য্যে উৎসাহ, এই শিক্ষাই শিক্ষা। আমাদিগের এমনি একটুকু বিশ্বাস আছে যে, ব্যাকরণ জ্যামিতিতে সে শিক্ষা হয় না এবং রামমোহন রায় হইতে ফটিকচাঁদ স্কোয়ার পর্যান্ত দেখিলাম না যে, কোন ইংরেজী নবীস সে বিষয়ে কোন কথা কহিয়াছেন।

ইউরোপে এইরূপ লোকশিক্ষা নানাবিধ উপায়ে হইয়া থাকে। বিদ্যালয়ে প্রুসিয়া প্রভৃতি অনেক দেশে আপামর সাধারণ সকলেরই হয়। সংবাদপত্র সে সকল দেশে লোকশিক্ষার একটা প্রধান উপায়। সংবাদপত্র লোকশিক্ষার যে কিরূপ উপায়, তাহা এদেশীয় লোক সহজে অমুভব করিতে পারেন না। এদেশে এক এক ভাষায় খান দশ পোনের সম্বাদ পত্র; কোন খানির প্রাহক ছুইশত, কোনখানির প্রাহক পাঁচ শত, পড়ে পাঁচ সাত হাজার লোক। ইউরোপে এক এক দেশে সম্বাদপত্র শত শত, সহস্র, সহস্র। এক এক খানির গ্রাহক সহস্র, সহস্র, শক্ষ, লক্ষ। পড়ে লক্ষ লক্ষ, কোটি, কোটি লোক। তার পর নগরে নগরে সভাঁ, প্রামে গ্রামে বক্তৃতা। যাহার কিছু বলিবার আছে, সেই প্রতিবাসী সকলকে সমবেত করিয়া সে কথা বলিয়া শিখাইয়া দেয়। সেই কথা আবার শত শত সম্বাদপত্রে প্রচারিত হইয়া শত শত ভিন্ন গ্রামে, ভিন্ন নগরে প্রচারিত, বিচারিত এবং অধীত হয়; লক্ষ লক্ষ লোক সে কথায় শিক্ষিত হয়। এক একটা ভোজের নিমন্ত্রণেই স্বাছ্ খাত চর্বাণ কবিতে করিতে ইউরোপীয় লোকে যে শিক্ষা প্রাপ্ত হয়, আমাদের তাহার কোন অন্তবই নাই। আমাদিগের দেশের যে সম্বাদপত্র সকল আছে, তাহার ছর্দ্দশার কথা ত পূর্বােই বলিয়াছি; বক্তৃতা সকল ত লোকশিক্ষার দিক্ দিয়াও যায় না; তাহা বন্থ কারণের মধ্যে একটি প্রধান কারণ এই যে, তাহা কথন দেশীয় ভাষায় উক্ত হয় না। অতি অল্প লোকে শুনে, অতি অল্প লোকে পড়ে, আর অল্প লোকে ব্যে, আর বক্তৃতাগুলি অসার বলিয়া আরও অল্প লোকে তাহা হইতে শিক্ষাপ্রাপ্ত হয়।

এক্ষণকার অবস্থা এইরপ হইয়াছে বটে, কিন্তু চিবকাল যে এদেশে লোক-শিক্ষার উপায়েব অভাব ছিল, এমত নহে। লোকশিক্ষার উপায় না পাকিলে শাক্যসিংহ কি প্রকারে সমগ্র ভারতবর্ধকে বৌদ্ধর্ম্ম শিখাইলেন ? মনে করিয়া দেখ, বৌদ্ধর্মের কূটতর্ক সকল ব্ঝিতে আমাদিগের আধুনিক দার্শনিকদিগের মস্তকের ঘর্ম্ম চরণকে আর্দ্র করে; মক্ষমূলর যে তাহা ব্ঝিতে পারে নাই, কলিকাতারিবিউতে তাহার প্রমাণ আছে। সেই কূটতন্ত্রময়, নির্ব্বাণবাদী, অহিংসাত্মা, ছর্ব্বোধ্য ধর্ম, শাক্যসিংহ এবং তাহার শিশ্বগণ সমগ্র ভারতবর্ধকে, গৃহন্থ, পরিব্রাক্তক, পণ্ডিত, মূর্থ, বিষয়ী, উদাসীন, ব্রাহ্মণ, শৃত্র, সকলকে শিখাইয়াছিলেন। লোকশিক্ষার কি উপায় ছিল না ? শঙ্করাচার্য্য সেই দূঢ়বদ্ধমূল দিগ্ বিজয়ী সাম্যমুয় বৌদ্ধর্ম্ম বিল্পু করিয়া আবার সমগ্র ভারতবর্ধকে শৈবধর্ম শিখাইলেন—লোকশিক্ষার কি উপায় ছিল না ? সেদিনও চৈতক্যদেব সমগ্র উৎকল বৈষ্ণব করিয়া আসিয়াছেন। লোকশিক্ষার কি উপায় হয় না ? আবার এদিকে দেখি, রামমোহন রায় হইতে কালেজের ছেলের দল পর্যান্ত সাড়ে তিন পুরুষ ব্রাহ্মধর্ম্ম ঘূমিতেছেন। কিন্তু লোকে ত শিখে না। লোকশিক্ষার উপায় ছিল, এখন আর নাই।

একটা লোকশিক্ষার উপায়ের কথা বলি— সে দিনও ছিল—আজ আর নাই। কথকতার কথা বলিতেছি। গ্রামে গ্রামে নগরে নগরে বেদী পিঁড়ীর উপর বসিয়া

ছেঁড়া তুলট, না দেখিবার মানসে সম্মুখে পাতিয়া, সুগন্ধি মল্লিকা মালা শিরোপরে বেষ্টিত করিয়া, নাত্ম মুত্ম কালো কথক সীতার সতীম, অর্চ্ছনের বীরধর্ম, লন্ধণের সভ্যত্রত, ভীম্মের ইন্দ্রিয় জয়, রাক্ষসীর প্রেমপ্রবাহ, দধিচীর আত্মসমর্পণ 'বিষয়ক স্থসংস্কৃতের সদ্যাখ্যা স্থকণ্ঠে সদলদ্ধার সংযুক্ত করিয়া আপামর সাধারণ সমক্ষে বিবৃত করিতেন। যে লাঙ্গল চষে, যে তুলা পেঁজে, যে কাটনা কাটে, যে ভাত পায় না পায়, সেও শিখিত—শিখিত যে ধর্ম নিতা, যে ধর্ম দৈব, যে আত্মান্বেষণ অপ্রদ্ধেয়, যে পরের জন্ম জীবন, যে ঈশ্বর আছেন, বিশ্বস্ঞ্জন করিতেছেন,বিশ্বপালন করিতেছেন, বিশ্বধ্বংস করিতেছেন, যে পাপ পুণ্য আছে, যে পাপের দণ্ড পুণাের পুরস্কাব আছে, যে জন্ম আপনার জন্ম নহে পরের জ্ঞন্ত, যে অহিংদা পরম ধর্ম, যে লোকহিত পরম কার্য্য-সে শিক্ষা কোপায় ? সে কথক কোপায় ? কেন গেল ? বঙ্গীয় নব্য যুবকের কুরুচির r । छन्कि का धरागी भूगात চরাইতে অপারগ হইয়া **কুপথ অবলম্ব**ন করিয়াছে। তাহার গান বড় মিষ্ট লাগে, কথকের কথা শুনিয়া কি হবে ? एक्क्यर्ट्स, विश्वयर्ट्स क्रेश्वरतत स्वता क्रेश्वतीत आञ्चनप्रर्भण ७ निया कि इटेर्टि १ চল ভাই, ব্রাণ্ডি টানিয়া থিয়েটারে গিয়া কাওরাণীব টপ্লা শুনিয়া আসি। এই অল্প ইংরেজিতে শিক্ষিত, স্বধর্মভাষ্ট, কদাচার, ছবাশয়, অসার, অনালাপ্য, বঙ্গীয় যুবকের দোষে লোক শিক্ষার পরম আকর কথকতা লোপ পাইল। ইংরেজী শিক্ষার গুণে লোকশিক্ষার উপায় ক্রমে লুপ্ত ব্যভীত বন্ধিত इटेट्डिइ ना।

কিন্তু আসল কথা বলি। কেন যে এ ইংরেজী শিক্ষা সংগ্রেণ্ড বাঙ্গালা।
দেশে লোকশিক্ষার উপায় হ্রাস ব্যতাঁত বৃদ্ধি পাইতেছে না, তাহার স্থুল কারণ
বলি—শিক্ষিতে অশিক্ষিতে সমবেদনা নাই। শিক্ষিত অশিক্ষিতের হ্রাদয় বৃশ্বে
না। শিক্ষিত অশিক্ষিতের প্রতি দৃষ্টিপাত করে না। মক্রক রামা লাঙ্গল চবে,
স্থামার কাউলকারি স্থাসদ্ধ হইলেই হইল। রামা কিসে দিন যাপন করে,
কি ভাবে, তার কি অস্থুখ, তার কি স্থুখ তাহা নদের ফটিকটাদ তিলার্ছ্ক মনে
হান দেন না। বিলাতে কাণা ফসেট সাহেব এ দেশে সার অ্যাসলি ইডেন্
ইহারা তাহার বক্তৃতা পড়িয়া কি বলিবেন, নদের ফটিকটাদের সেই ভাবনা।
রামা চুলায় যাক্, তাতে কিছু আসিয়া যায় না। তাহার মনের ভিতর
যাহা আছে, রামা এবং রামার গোষ্ঠী—সেই গোষ্ঠা ছয়কোটি বাটি লক্ষের মধ্যে
ছয় কোটি উনষাটি লক্ষ নক্ষই হাজার নয়শ—তাহারা ভাহার মনের কথা
বৃবিল না। যশ লইয়া কি হইবে! ইংরেজে ভাল বলিলে কি ছইবে!
ছয়কোটি বাটলক্ষের ক্রেম্পনধ্বনিতে আকাশ যে ফাটিয়া যাইভেছে—বাঙ্গালার

লোক যে শিখিল না। বাঙ্গালীয় লোক যে শিক্ষিত নাই, ইহা সুশিক্ষিত বুঝেন না।

সুশিক্ষিত যাহা বুঝেন, অশিক্ষিতকে ডাকিয়া কিছু কিছু বুঝাইলেই লোক]
শিক্ষিত হয়। এই কথা বাঙ্গালার সর্বত্তে প্রচারিত হওয়া আবশ্যক। কিন্তী
স্শিক্ষিত অশিক্ষিতের সঙ্গে না মিশিলে তাহা ঘটিবে না। সুশিক্ষিতে অশিক্ষিতে
সমবেদনা চাই।

প্রাপ্তরাজ্ব সংশিশ্ব

রীরপালন। ডাক্তার শ্রীযত্নাথ মুখোপাধ্যায় প্রণীত। ৮ম সংস্করণ। চিকিৎসা প্রকাশ যন্ত্র সন ১২৮৫।

মাধা মুগু নাটক নবেল লিখিয়া নব্য বাবৃগণ দেশের কি উপকার কবেন, তাহা বলিতে পারি না। নাটক নবেল, অভিশয় উৎকৃষ্ট এবং লোকহিতকর সামগ্রী সন্দেহ নাই—যদি ভাল হয়। কিন্তু ভাল নাটক নবেল লিখিতে পারে এমন লোক শত বংসবে একজন জন্মে কি না সন্দেহ। সকল প্রকার প্রতিভার অপেক্ষা সাহিত্যের উজ্জ্বলকারী প্রতিভাই হুর্লভ। কিন্তু বাঙ্গালায় যে কলম ধরিতে শিখিয়াছে সেই কাব্য নাটক উপনাসের প্রণেতা। এই সম্প্রদায়ের লোককে আমরা পরামর্শ দিই যে, যদি তাঁহাদিগের সাধ্য থাকে তবে অন্য পথ ছাড়িয়া, যত বাবৃর অমুকরণ করুন। যাহা লোকহিতকর, তাহাতে মনোযোগ দিন। বস্তুতঃ বিবেচনা করিয়া দেখিলে যতবাবৃর নাায় কোন বাঙ্গালি লেখকই দেশের হিতে নিযুক্ত নতেন। "ধাত্রীশিক্ষা" "চিকিৎসাদর্পণ" "শরীরপালন" প্রভৃতি গ্রন্থে চিকিৎসা শাল্পের ত্রন্থে ব্যাপার সকল তিনি জনসাধারণের বোধগম্য করিয়া সকলকে আম্বরক্ষায় সক্ষম করিয়াছেন। যে একজন মন্তুষ্যের জ্বীবন ও স্বাস্থ্য রক্ষা হইয়াছে অতএব বাঙ্গালি লেখকের মধ্যে তাঁহার তুল্য লোকহিতকর আর কাহাকেই দেখি না।

বিশেষ এবিষয়ে তাঁহার উত্তম, সাহস ও অধ্যবসায় অত্যন্ত প্রশংসার বিষয়। এক চিকিৎসা কর্মদ্রমে যে ব্যয়, পরিশ্রম, ও ক্ষতি স্বীকার তাহা আর কোন লেখকই সহ্য করিতে পারেন না। এরপ কার্য্যে যশ বা ধনলাভ নাই—কেন না সাধারণ পাঠকে ইহার কিছুই বুঝে না পড়ে না বা উৎসাহ দেয় না। যিনি পুরস্কারের আকাজ্কা রহিত হইয়া লোকের হিতে নিযুক্ত তিনিই যথার্থ মহাস্থা।

তাঁহার সকল গ্রন্থের মধ্যে ধাত্রীশিক্ষা ও শরীরপালন সর্ব্বাপেক্ষা লোকের উপকারী। ধাত্রীশিক্ষার পরিচয় আমরা পূর্ব্বে দিয়াছি। তদপেক্ষা শরীরপালন আরও লোকহিতকর। আমরা যে সকল দৈনিক ক্রিয়া করিয়া থাকি-স্লান, আহার, পান, শয়ন, নিজা, সকলেতেই আমরা প্রায় প্রতাহ স্বাভাবিক নিয়ম লঙ্ঘন করিয়া থাকি – নিয়ম লঞান করিলেই তাহার ফলে পীড়া জন্মে। আমাদিগের দেশে যে এত রোগ, সকলই রুগা, অর প্রীহায় কাতর, ক্ষীণদ্ধীবী তাহার এক মাত্র কারণ দেশের তুরবস্থাবশতঃ, এবং দেশাঢারে দৌরাষ্ম্যবশতঃ স্বাভাবিক নিয়ম সকলের উল্লঙ্ঘন। লোকের গুরবস্থার কারণে যে সকল নিয়মের ব্যতিক্রম ঘটে, শত সহস্র বিধান দিলেও তাহার পালন হইবে না। যাহার অন্ন যোটে না, তাহাকে সহস্র বার উত্তম আহারের ব্যবস্থা দিলেও তাহার স্বাস্থ্য-রক্ষার উপায় হইবে না। যে দেশে কোন গৃহই শুষ হয় না, সে দেশে 🔫 🕏 গুহে বাসের বিধান বুথা। কিন্তু সকল নিয়মই এরূপ নহে। অধিকাংশ নিয়ম লঙ্মনের কারণ, লোকের অজ্ঞতা, এবং প্রচলিত রীতি। এই সকল কুসংস্কার पुत कतिल জनमाधावराव विराम भक्रालत मञ्जाबना। **এ मिक्रा वालक यूवा** বৃদ্ধ বণিতা সকলেরই হওয়া উচিত। এ দেশে কাহারও হয় না। শরীর-পালন ক্ষুদ্র পুস্তক হইলেও এ দেশীয় ল্যেকের পক্ষে শিক্ষার উপযোগী। আমরা বাঙ্গালা বা ইংরেজী আর এরূপ পুস্তক দেখি নাই। তাহার বিশেষ কার্ন এই যে ইহা এ দেশেব লোকের অবস্থা, দেশের অবস্থা, এবং লোকের আচার ব্যবহারের প্রতি দৃষ্টি রাখিয়া লিখিত হইয়াছে, এবং একজন বহুদর্শী চিকিৎ-সকের বহুদর্শিতাব ফল ইহাতে সন্ধিবেশিত হইয়াছে। ছুরুহ বৈজ্ঞানিক তম্ব, যাহা সাধারণে বঝিবে না, তাহা বুঝাইবার চেষ্টা করিয়া পুস্তক তুর্ব্যহার্য্য করা হয় নাই। অতি সরল ভাষায় এবং নিতান্ত পরিষ্কার রীতিতে অতিশয়, প্রয়োজনীয় উপদেশ সকল লিখিত হইয়াছে। বালকে বিনা উপদেশেও ইহা বুঝিতে পারে। আমাদিগের বিবেচনায় রুগ্ন বাঙ্গালীর সন্তানকে যদি কোন গ্রন্থ পড়িতে হয়, তবে এই গ্রন্থ সকলের অগ্রে পড়া উচিত। শুনিয়াছি ভারতবর্ষীয় গবর্ণমেন্ট স্বাস্থ্যরক্ষা সম্বন্ধে সরল পুস্তকের জন্ম পুরস্কার ঘোষণা করিয়াছেন। আমরা এমন বিবেচনা করিনা যে ইহার অপেক্ষা উদ্ধম পুস্তক তাঁহারা পাইবেন— বিশেষ সাহেবের লেখা গ্রান্থ কখন এ দেশীয় লোকের ব্যবহারে উপযোগী হইবে না। আমাদের বিবেচনায় এই গ্রন্থখানি যাবতীয় ভারতবর্ষীয় ভাষায় অমু-वाषिত इहेग्रा मर्ख्य विद्यानाय প্রচলিত হওয়া বিধেয়।

ইহাতে লিখিত কয়টি প্রস্তাব আছে ;—স্নান, আহার, পান, শয়ন, নিজা, ব্যায়াম, পরিধান, পীড়ার সময় সাধারণ নিয়ম, কভিপয় অভি প্রয়োজনীয় মৃষ্টিযোগ। পীড়ার সময়, ও সাধারণ নিয়ম এই ছইটি বিষয় ইহাতে নৃতন সন্ধিবেশিত হইয়াছে। ইহাতে গ্রন্থখানি পূর্ব্বাপেক্ষাও বিশেষ উপকারী হইয়াছে।

জাতীয় উদ্দীপনা। ঢাকা গিরিশ যন্ত্রে মৃক্রিত।

সংগ্রহকারের নিকট আমরা কৃতজ্ঞতাপাশে বদ্ধ হইলাম। তিনি অনেক শুলি "ভারতজ্ঞাগানে" ভাল মন্দ কবিতা একত্র করিয়াছেন। প্রথমেই মুখবদ্ধশীর্ষক এক বিজ্ঞাপন। কাহাব "মুখবদ্ধ" কবিবাব উদ্দেশ্য তাহা আমরা ঠিক অমুভব করিতে পারি নাই। যদি সংগ্রহকারের মুখবদ্ধ হইত, তাহা হইলে ভাল ছিল, কোন নৃতন পরিচয়ের প্রয়োজন ছিল না। যদি সমালোচকের মুখবদ্ধ করিবার উদ্দেশ্যে লিখিত হইয়া থাকে, তাহা হইলে সফল হয় নাই, বরং ঐ কয়েক ছত্র না লিখিলে তাহা হইতে পারিত। সংগ্রহকার এক স্থলে আহলাদে লিখিয়াছেন, "ভারতসমাজে ধীবে ধীরে স্বজ্ঞাতি পক্ষপাতিত্ব প্রবেশ কবিতেছে।" কিন্তু অনেকে বলিবেন, এ কথা সত্য হইলে আক্ষেপের বিষয়।

প্রকৃতিতত্ত্ব। শ্রীশ্রীরাম পালিত প্রণীত। কলিকাতা বাল্মীকি যন্ত্রে শ্রীকালিকিঙ্কর চক্রবর্ত্তী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শালক বালিকাগণের শিক্ষার্থ পদার্থ বিজ্ঞান বিষয়ক এই পুস্তকখানি পছে। লিখিত হইয়াছে। পছা সহজেই বালকদিগের আয়ত্ত হয় বলিয়া গ্রন্থকার পছা লিখিয়াছেন; তাহার নমুনাস্বরূপ নিম্নে কয়েকটি পংক্তি উদ্ধৃত করা গেল।

> "তড়িং হয়েছে পুন দিবিধ প্রকার, কাচ্য ধৌন প্রকৃতিতে স্ত্রী পুরুষাকার। স্বাভাবিক অবস্থায় বস্ত্র মাত্রে রক্ষা পাহ সমভাবে স্থী-আকার পুক্ষ আকার, বধন অধিক ষেটী মুক্তভাব তার।"

তৃঃখিনী। প্রথম খণ্ড। স্ত্রীহরিশক্ত সরকার প্রণীত। পরমান্ধীয় জীযুক্ত ভোলানাথ দে দারা সংশোধিত ও পরিবর্দ্ধিত। কলিকাতা। বি, পি, এমস্ যন্ত্রে মুক্তিত।

এই গ্রন্থ অমিত্রাক্ষর ছন্দে রচিত। একদিন মেঘাবৃত অমাবস্থার রাত্রে কোন পথিক এক বনমধ্যে ভারতমাতাকে মৃচ্ছিতা দেখেন। বহু কটে তাঁহার মৃচ্ছ্ । ভঙ্গ করিলে পূর্বে সুখ সম্ভ্রম শ্বরণ করিয়া ভারতমাতা কাঁদিতে লাগিলেন। কৰি সেই শোকোক্তিগুলি গ্রন্থিত করিয়া সাধারণ সমক্ষে উপহার দিয়াছেন, আমরা সাদরে কয়েকটি ছত্র উদ্ধৃত করিলাম।—

> আয়রে ক্ষেত্রমোহন এ বঙ্গ ভবনে কলে পাথা টানা, আর কল ময়দার, কে স্পিবে এবে ?

এ ভারতমাতা কোন বনে ছিলেন ?

এই গ্রন্থের ফুট নোট গুলি আরও মধুর। ২১ পত্রের নোট এইরূপ লিখিত হইয়াছে। "সতীশচন্দ্র নবদ্বীপের রাজা ছিলেন। তিনিই প্রথমে পঞ্জিকা প্রচার করেন।"

ভুবনমোহিনী প্রতিভা। Edited and published by Nabin Chandra Mukherjee. গুপ্ত প্রেস, কলিকাতা।


অনেক দিন হইল, এই পুস্তকেব প্রথম ও দ্বিতীয় ভাগ আমরা পাইয়াছি; কিন্তু নিতান্ত অপ্রয়োজন বলিয়া আমরা ইহার সমালোচনা করি নাই, কারণ এ গ্রন্থ বিলক্ষণ পবিচিত ও সমাদৃত।

কবিতানিকর। প্রথম ভাগ। গোঁড়াপাড়া স্কুলের ছাত্র শ্রীবসস্তকুমার ভট্টাচার্য্য প্রণীত ও প্রকাশিত। কলিকাতা চিকিৎসা প্রকাশ যন্ত্রে শ্রীনিত্যানন্দ ঘোষ দ্বারা মৃক্তিত। ১২৮৪ সাল।

লেখকের বয়স ১৪ বৎসর। বালকের নিমিত্ত বালকে লিখিয়াছে।

কুসুম-বিকাশ। প্রথম ভাগ। নিম্প্রেণীর বালক বালিকাগণের শিক্ষার্থ ময়মনসিংহ ভারতমিহির যন্ত্রে শ্রীযত্ত্নাথ রায় কর্তৃক মৃক্তিত। ১৭৯৭ শকঃ।

পুস্তকখানি যে উদ্দেশে লিখিত হইয়াছে তাহার অমুপযুক্ত নহে।



ক্রিক মাস গত হইল, বঙ্গদর্শনে "বঙ্গের উন্নতি" নামক প্রবন্ধে 'মন্দরপর্ববতের নিকট প্রথমে আর্য্যেরা বাস করিয়াছিলেন,' উল্লেখ করা হইয়াছিল। কাম্বে উপসাগবের উপকূলে নর্মদা নদীর সঙ্গম হইতে, বাঙ্গালার পশ্চিমোত্তর ভাগীরথীব মোহনা পর্য্যন্ত বিদ্ধ্যাচল ব্যাপ্ত আছে। এই অচল রাজমহলের নিকট হইতে বক্রগতিতে ক্রমে দক্ষিণাভিমুখে বাবভূম, বাকুড়া ও মেদিনী-পুরের পশ্চিম দিয়া উড়িয়াপ্রদেশে নালাচল নামে খ্যাত হইয়া, পরে মহেন্দ্র অর্থাৎ পূর্ব্বঘাট পর্বতের সহিত মিলিয়াছে। স্কুতরাং ভারতবর্ষকে বিদ্ধাচল উত্তর দক্ষিণে দ্বিধাকৃত করিয়াছে। মন্দরভূধর ⇒ এই বিদ্ধাণিরির অক্সতর শিধর। ব্লাণ্ফোর্ প্রভৃতি ভূত্রবিদেরা বিদ্যাগিরিকে হিমাচল অপেক্ষা প্রাচীন অমুভব করিয়াছেন। যখন বিশ্বাগিরি উন্নতমস্তকে যেন দিবাকরের গতিরোধের উল্লোগে ছিলেন, তথন নগাধিরাজ হিমবানের এক্ষণকার ন্যায় আধিপত্য হয় নাই। বিদ্যাচলের গঠনে যে প্রস্তরসমূহ দেখা যায়, তাহা ভূগর্ভে অভিশয় নিমন্তরে লক্ষিত হয়, কিন্তু হিমালয় তদপেক্ষা উচ্চন্তরের প্রস্তর-গঠিত এবং তাহা অপেক্ষাকৃত ভদুর। অভএব হিমাচলের সৃষ্টির পূর্বে বিদ্ধোর উদ্ভব বোধ হয়। কিন্তু উন্নতি বা অবনতি কাহারও চিরদিন থাকে না। কখন সামাল পশু-পদ-দলিত স্মতলক্ষেত্র ক্রমশঃ উচ্চ পর্বতিমালায় পরিণত হইয়া অভ্যতেদ ক্রিতেছে, কখন বা চন্দ্রপূর্যোর গতিরোধকারী অচলরাঞ্চও ক্রমে নভশির হুইয়া অবশেষে প্রান্তরের আকার ধারণ করিতেছে। ফলত: রাসায়নিক প্রক্রিয়া দারা উপযুত্তপরি জলবাযুর বাত প্রত্যভিঘাতে পর্বতক্ষ প্রস্তরশগুসমূহ লি**থিল** হইয়া থাকে। পরে বেগবতী স্রোভস্বতী শিলাখণ্ড সকলকে চূর্ণীকৃত করিয়া সাগরাভিমূথে লইয়া ফেলে। এইক্সপে কোথাও বা অধিত্যকা নিম হইতেছে, কোথাও জলধি-ক্রোড়স্থ নদীমাতৃক প্রদেশ উত্তরোত্তর বর্দ্ধিত হইয়া বিস্তৃত

^{*} Asiatic Society's Journal vol. xx.

রাজ্য, নগরমালাবিরাজিত বাণিজ্য ব্যবসায়ীর আবাসভূমি হইতেছে। বিদ্ধাচল অপেকা উন্নতনির ছিল। পুরাণে দেখা যায় যে, বিদ্ধাগিরি চন্দ্র স্থ্যের গতিরোধ করায় দেবতারা বিদ্ধোর গুরু অগস্তা ঋষিকে চন্দ্র স্থ্যের নির্বিয়ের গমন জন্য উপায় করিতে অমুরোধ করিয়াছিলেন; তাহাতে অগস্তা বিদ্ধোর নিকট উপস্থিত হইলে অচল প্রণাম করিল। অগস্তা "তিষ্ঠ" বলিয়া চলিয়া গেলেন। সেই অবধি বিদ্ধ্যাচল হেঁটমস্তক। গল্লটি অপ্রকৃত হইলেও এই প্রবাদ দ্বারা বুঝা যাইতেছে যে, বিদ্ধাচলের অবস্থাস্তর ঘটিয়াছে। ক্রেমেই হেঁট মস্তক।

পূর্ব্বে আর্য্যের আবাসভূমি বিদ্ধ্যের উত্তরে সপ্তাসিন্ধু ও সুরনদীর তীরে ছিল। তখন নর্ম্মদা গোদাবরী ও কাবেরী তীর্থ হইয়া উঠে নাই। দাক্ষিণাত্যে ও বাঙ্গালায় আর্য্যেরা প্রায় এককালীন বসতি আরম্ভ করেন। গঙ্গাসাগর ও কামাখ্যা সেই সময় পুণ্যস্থান হইয়া উঠিল। বেদে এ সকল তীর্থের উল্লেখ নাই। পুরাণে অপর তীর্থের নাম আছে, কেবল যোগিনী তন্ত্রে ক্যামাখ্যার কথা সবিস্তারে আছে।

অগস্তা বিদ্যাচলকে "তিষ্ঠ" বলিয়া দক্ষিণ দেশে চলিয়া যান, আর ফিরিয়া আদেন নাই। ইহাতে অমুভব করিলে কুবিতে পারা যায় যে, অগস্তই দক্ষিণা-পথে প্রথম আর্য্য উপনিবেশ স্থাপন কবেন। অযোধ্যাপতি বামচন্দ্র লক্ষাক্ষয় করিয়া দক্ষিণাঞ্চলে আর্য্যনিবাস স্থাপন করেন নাই। ইহার একটি প্রমাণ এই—যদি রামায়ণাদি গ্রন্থ সত্যমূলক বলিয়া প্রতীত হয়, এবং এক্ষণকার পুরাবিদেরাও তাহাই স্বীকাব কবেন, তবে রামচন্দ্রের লক্ষাগমনের পূর্বেব তথায় আর্য্যদিগের বাস ছিল; কেননা তথায় আর্য্য দেবতাপূজা প্রচলিত ছিল। রাবণ স্বয়ং নিক্ষার গর্ভে বিশ্বশ্রবার পুত্র, অতএব রাবণও আর্য্য হইতে উৎপন্ধ।

বিদ্যাচলের পূর্ব্বসীমা রাজ্মহলের নিকটস্থ পর্ব্বতের সন্ধিহিত, পূর্ব্বে অনার্য্য প্রদেশ ছিল। ঐ অনার্য্যজাতি এক্ষণে পর্ব্বতশিখরাদিতে বাস করিতেছে। তাহারা সন্তাল নহে; সন্তালদিগের অপেক্ষা ভীক্ষ ও কার্য্যে অপটু। কিন্তু এই সকল পার্ব্বত্যপ্রদেশে প্রাচীন হিন্দুজাতির নিবাসের অনেক চিহ্ন পাওয়া যায়। হুই একটি প্রাচীন মন্দিরের ভয়াবশেষ ও পাষাণময়ী প্রতিমা অঙ্গহীন হইয়া আছে। বর্ত্তমান সন্তালভূমির মধ্যে গিরিব্রজ্ঞে নওগাছি নামক স্থানে একটি মন্দির আছে; তাহার অবয়বে বোধ হয়, উহা অনেক প্রাচীন কালে নির্দ্যিত হইয়াছিল। কেহ কেহ অফুভব করেন, মুঙ্গেরে জরাসন্ধের রাজধানী ছিল। যাহা হউক আর্ব্যেরা যে এই বিদ্যাগিরির সীমা "দামনই কৃট" পর্ব্বতের অধিত্যকাদিতে প্রথমে বসত্তি করিয়া, পরে বাঙ্গালায় বাস করিয়াছিলেন, তাহা কথঞিৎ অফুভূত হইতেছে।

শাদার পার্বতি ভাগীরধীর নিকট ভাগলপুর হইতে ন্যুনাধিক ২০ কোশ দক্ষিণে। ইহা প্রায় ৫৩২ হাত উচ্চ ও গ্রানাইট নামক হর্ভেন্ন প্রস্তবে গ্রাপিড 🕞 সমস্ত বিশ্ধকৃট যেমন ক্রমে নিম্ন হইয়া আসিয়াছে, মনদরও বোধ হয় তজ্ঞপ হইয়া থাকিবে, বর্ত্তমানকালে মন্দর অল্লোচ্চ মাত্র। এই মন্দর পর্বতের নিকট দেবাসুরের সংগ্রাম হইয়াছিল। সমুদ্র মন্থন করিয়া যে সকল রত্নলাভ হইয়াছিল, তাহা কৌশলে দেবতাদিগের হস্তগত হইল। লক্ষ্মী উঠিলেন, বিষ্ণু লইলেন। উচৈঃ শ্রবা ঘোটক, এরাবত হস্তী ও পারিজাত পুষ্প ইন্দ্রের করে পড়িল। অবশেষে ধরম্ভরি অমৃতপাত্র হন্তে অগাধজলরাশি হইতে উঠিলে, অমৃত লইয়া ' বিবাদ ঘটিল; এবং ভগবান বিষ্ণুর কুহকে দানবেবা অমৃতে বঞ্চিত হইল। ইহাতে বোধ হয়, বৈছবাজ ধন্বস্থবি বাঙ্গালাপ্রদেশে জন্মিয়াছিলেন, তাঁহার বিভাবলে ও ঔষধ দ্বারা মরণোমুখ আর্য্যসম্ভানেবা প্রাণ পাইতেন। বৈছকশাস্ত্র ও ঔষধাদি অনার্য্যদিগকে শিক্ষা দেওয়া হয় নাই। ভারতে বৈছের উদ্ভব বাঙ্গালায়, এ কথাটী অযৌক্তিক বোধ হয় না। কারণ জঙ্গলময় নিমুভূমি আদৌ মমুষ্ট্যের আবাস্যোগ্য ছিল না; পরে ক্রেমশ: মমুষ্ট্যের স্মাগ্ম হইলে পীড়া প্রকাশ পাইতে লাগিল। পীড়া হইলে ভাহার নিবাবণচেষ্টা স্বভই হইয়া পাকে। অভাব হইলেই পুরণের চেষ্টা হয়, এবং চেষ্টা দ্বাবা জ্ঞানের উৎপত্তি। এইরূপে বাঙ্গালায় ভৈষজ্য শাস্ত্রের উৎপত্তি হইয়াছিল, পরে মগধ ও কাশী প্রভৃতি স্থানে তাহার চর্চচা হয়। ধন্মসূরির পব দিবদাস বৈজ্ঞাস্ত্রে খ্যাতি লাভ করেন। कान कान भूताविरान प्राप्त पिरामा कानीत ताला जिला। लन्दी व्यथरम বাঙ্গালার সাগর হইতে উঠিলেন। ইহার ছুই অর্থ সম্ভব; এক, "বাণিজ্যে বসতে লক্ষ্মী।" বঙ্গবাসীরা যানাদি দারা সমূত্রপথে নানা দিগ্দেশ হইতে বাণিজ্যে অর্থসংগ্রহ করিয়া আর্য্যদিগের মধ্যে ধনাঢা হইয়াছিলেন। বল্পত: বঙ্গবাসীরা যে পুরাকালে বাণিজ্যে বিশেষ উন্নতিলাভ করিয়াছিলেন, তাহা সংশয়াতীত। আর একটা অর্থ-বাঙ্গালার উর্বরা ভূমি। প্রচুর শস্তসমাগম দ্বারা বাঙ্গালার লোক ভাগ্যবস্ত হইয়াছিলেন। মন্দরপর্বতের ধর্বতার সঙ্গে সঙ্গে বাঙ্গালার লক্ষীও চঞ্চলা হইয়াছেন। সুরভি গো ও **ঐ**রাবত হস্তী বাঙ্গালায় জ্বিয়াছিলেন, ইহা বিচিত্র নহে। গো, মহিষ, হস্তী, বাঙ্গালায় বছকাল হইতে আছে; এবং যদিও একণে হীনবল ও লঘুকায় হইয়া আসিতেছে বটে, किन পूर्वकारम व्यापकाकृष्ठ विमार्छ । मौधीकात्र हिम, मत्मार नारे। वस्त्रष्ठः তৃণজীবীদিগের আবাসভূমি বাঙ্গালাই সম্ভব। কিন্তু উচ্চৈ: প্রবার বংশ কোথায় গেল ? ইন্দ্র কি অমরাবতীতে লইয়া গিয়াছেন, না এই পথ দিয়া ভিকাতে গমন করিয়াছে ? মন্দরের পাদদেশে আর্য্যকুল, লন্দ্রী ভাগ্য গোমেবাদি লাভ করিয়া

বাঙ্গালা স্থাপের স্থান মনে করিয়াছিলেন। পীড়া হইত বটে, কিঁন্ত উৎকৃষ্ট বৈত্যের ন্ধারা তাহা অন্ন সময়েই নিবারিত হইত; বরং তাঁহারা দীর্ঘায়ু হইতেন। কালের বিচিত্র গতি! বাঙ্গালায় আর শ্রী নাই; আর বাণিজ্য নাই; আর বৈগ্য নাই। আবার বাঙ্গালা আর্য্যের আবাসের অযোগ্য হইয়া উঠিতেছে।

মন্দরের পূর্ব্বদিক ঐ পর্ব্বত হইতে স্থালিত প্রস্তুরখণ্ড সকলে ব্যাপ্ত রহিয়াছে। দক্ষিণে সোপানাবলি, অট্টালিকার ভগ্নাবশেষ, পাষাণমূর্ত্তি, অক্ষরান্ধিত প্রস্তরাদি ও তড়াগ প্রভৃতিতে পরিপূর্ণ। এই সকল দেখিয়া বোধ হয়, প্রাচীনকালে এখানে একটি বিশিষ্ট সমৃদ্ধিশালী জনপদ ছিল। পর্ব্বতের দক্ষিণ দিকে মনোহর কুণ্ড নামে এক প্রশস্ত পুন্ধরিণী আছে। এ পুন্ধরিণীর প্রান্তে বিচিত্র স্তম্ভমালা, অঙ্গহীন পাষাণমূর্ত্তি সকল আছে, এবং পর্ববতে উঠিবার জন্ম ৪০০ সোপান আছে। পর্ব্বতের পাদদেশ হইতে প্রায় ১৩০ হস্ত উদ্ধে অনেক দুর ব্যাপিয়া প্রাচীবের গর্ত আছে, কিন্তু প্রাচীরের কোন চিহ্নু নাই। মন্দিরের ভগ্ন ও খোদিত প্রস্তর সকল পড়িয়া আছে। দেখিলে বোধ হয়, যেন কেহ গঠিতে গঠিতে ফেলিয়া গিয়াছে। পর্ব্বতের মধ্যভাগে এক প্রকাণ্ড মমুষ্যমূর্ত্তি খোদিত আছে। মনুষাটি বসিয়া আছে, তথাচ প্রায় ৩৫ হাত উচ্চ। ১৮১৬ খৃষ্টাব্দে যখন ডাক্তাব বুকানন তথায় গম্ন করিয়াছিলেন, তখন তিনি ভানিয়া ছিলেন ঐ মূর্ত্তি মধুকৈটভেব। বুকানন সাহেব সংস্কৃতানভিজ্ঞ, নতুবা মধু ও কৈটভ উভয়েব এক মূর্ত্তি হওয়া সম্ভব নহে অবশ্য বুঝিতে পারিতেন। ১৮৫১ রী: অব্দে কাপ্তেন সাবওইল শুনিয়াছিলেন যে মূর্তিটি ভীমসেনের। ফলতঃ আকার পুরুষের বটে এবং মস্তকে কিরীট আছে। কিন্তু ইহার পূজা হয় না। মন্দরের শিখরে একটি ক্ষুদ্র দেবালয় আছে। তথায় মাঘ মাসে যাত্রী আসিয়া পূজা করিয়া থাকে।

হিমাচলের উর্জভাগেও হিন্দুদিগের নির্মিত দেবালয় দেখিতে পাওয়া বায়। যেখানে গলিততুবাররাশি হইতে গোমুখাকৃতি পর্বতমধ্যে ভাগীরধীর প্রবাহ পড়িতেছে, সেখানে হিন্দুদেবালয় কেদার, তয়িয়ে হরিছার। বাঙ্গালার উত্তরে হর্জয় লিঙ্গ, আসামে কামাখ্যা। এই প্রকারে প্রাচীন আর্য্যেরা পার্ববিত্তপ্রদেশে দেবালয় স্থাপন করিতে ভালবাসিতেন, বুঝা যায়। পাষাণে দেবমূর্ত্তি খোদিত করাও তাঁহাদের বিলক্ষণ স্বভাব ছিল। অধুনাতন পুরাবিদেরা কহিয়া থাকেন বে এ বিষয়ে বৌজেরা হিন্দুদিগের গুরু। এরূপ সিদ্ধান্ত শ্রমমূলক; কেন না বৌজের জন্ম হিন্দু হইতে, হিন্দুদিগের নিকট বৌজের শিক্ষা এবং বৌজেরাও হিন্দুধর্ম একেবারে পরিত্যাগ করেন নাই। কেবল তাঁহাদের সামাজিক ব্যবহার কথকিৎ পরিবর্ত্তন ও ধর্মসম্বন্ধে সামান্য ভাবে কিছু পরিত্যক্ত কিছু বা পরিবর্জিত

হইয়াছিল মাত্র। আবার সেই সকল মত হিন্দুধর্মে মিশিয়া গিয়াছে। ফাহিয়ান নামক চীন পরিব্রাঞ্চকের ভ্রমণবার্তা ও কহলনভট্টের রাজতরঙ্গিণী উভয়ই ইহার সাক্ষ্য। প্রথম গ্রন্থের বারমুফ, লাসেন প্রভৃতির টীকা পাঠ কবিলে নিশ্চয়ই উপলব্ধি হয় যে, বৌদ্ধর্ম্ম ব্রাহ্মণদিগের বিরোধী ছিল না, প্রভৃত অনেকাংশে পোষক ছিল এ শর্মণ ও দেবশর্মণ (ব্রাহ্মণ) উভয়ই পূজ্য ছিল। ইন্দুদি দেবতাও পদচ্যুত হন নাই, অভ্যাপি বৌদ্ধেরা হিন্দুদেবতার পূজা করেন। অভত্রব বৌদ্ধই হউক, আর হিন্দুই হউক, মন্দর প্রভৃতি পর্বব্যাদিতে যে সকল দেবমূর্ত্তি খোদিত আছে, তাহা হিন্দুরই; তৎপক্ষে সংশয় নাই।

আকাশে মেঘ কি কুজ্ঝটিকা না থাকিলে মন্দবের শিখর হইতে উত্তরে হিমাচল ও পশ্চিমে বিদ্ধা দেখা যায়। গঙ্গার ভটস্থ পাটনা, ভাগলপুর প্রভৃতি সুরম্য নগরাদিও বিলক্ষণ দেখিতে পাওয়া যায়। এদিকে ভাগীর্থীর তটে নানা সমৃদ্ধিশালিনী নগরী বঙ্গলন্ধীর আবাসভূমি হইয়াছে। ইহাদের মধ্যে প্রথমোক্ত তুইটি ও আবও তুই চারিটি প্রাচীন। পদ্মবাগ মণি বাঙ্গালার পশ্চিম প্রদেশে পাওয়া যাইত। এক্ষণে উড়িয়া ও দাকিণাত্যে পাওয়া যায়। এই মণিই কি ভগবান্ বিষ্ণুর কৌস্তভ! অথবা ভাগীরখীরপা রজ্তে বিচিত্রর সুমালাসদৃশী নগরীসমূহ আর্য্যপ্রবরের কঠের হার হইয়াছিল। ফলতঃ সপ্রসিদ্ধুর ভট হইতে আর্য্যজাতি ক্রেমে পূর্ব্বাতিমুখে আগমন পূর্ব্বক মন্দরভূধবের নিকট কিস্বা বিদ্ধোর পৃক্ষসীমা "দামনই কৃ" র নিকট উত্তঙ্গতরঙ্গরাজিবিরাজিত প্রশস্ত ভারত-সাগবের সন্নিধি প্রথমে পাইয়াছিলেন। তৎপূর্ব্বে কখন রত্নাকর দেখেন নাই। বঙ্গদেশে আসিয়া পশুপালনকারী, গোধনে ধনী, আর্যোরা কৃষি ও বাণিজ্য যুগপৎ অভ্যাস করিয়া নানা রত্ন সংগ্রহ করিয়াছিলেন। সকলই রত্নাকরের কল্যাণে। দুরস্থিত সুমাত্রা যব ও লক্ষা আর্য্যদিগের গমাস্থল চইয়া উঠিল। আবার গঙ্গা ও তাহার শাখানদীর তীরে উর্বরাক্ষেত্রসকল কর্মণে প্রচুর শস্ত-लाভ হইল।

পুরাণে কথিত আছে, দেবতারা বাস্থৃকির লাঙ্গুলের দিকে, ও অস্বরেরা মৃখের দিকে ছিলেন। জ্যোতিষের মতে বাস্থৃকি ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক এই তিন মাস প্র্বিশির হইয়া থাকেন। এইরূপে দক্ষিণ, পশ্চিম ও উত্তর দিকে তিনমাস করিয়া বাস্থৃকির শির ফিরিয়া থাকে। আর্ষ্যেরা পশ্চিম ও উত্তর হইতে গঙ্গার প্রবাহ ধরিয়া বাঙ্গালায় আসিয়াছিলেন সন্দেহ নাই; এবং তৎকালে মন্দরপর্বত্তর অনতিদ্রেই উক্ত প্রবাহ ছিল; একণে চিরচঞ্চলা কল্লোলিনী অনেক উত্তরে

^{*} Cunningham's Ladak.

সরিয়া গিয়াছেন। অভএব অনার্য্য অম্বরেরা ঐ পর্বতের দক্ষিণ ও পূর্ববধারে থাকাই সম্ভব। ইহাতে এক প্রকার অমুভব হয় যে, বর্ধার সময় আর্য্য পিতামহেরা অম্বদ্দেশে পদার্পণ করিয়াছিলেন। বাঙ্গালায় আসিবার কিছু পূর্বের যে মিথিলা মগধ দেশে আর্য্যেরা বাস করিয়াছিলেন, তাহার সংশয় নাই। কারণ মানবধর্মানায়ে উক্ত উভয় স্থল আর্য্য, ও বাঙ্গালা অনার্য্য বলিয়া নির্দ্ধারিত আছে। অভএব মগধ ও মিথিলা হইতে মন্দর পর্বতে দক্ষিণ পূর্বে দিকে অবস্থিত থাকায় এক প্রকার অমুভূত হইতেছে যে, যখন তাহারা মন্দর পর্বতের সন্ধিধানে আসিয়াছিলেন, তখন বাস্থকি দক্ষিণ কি পূর্বেশির ছিলেন; অর্থাৎ বর্ষা ছিল।

সমুদ্রমন্থনে যে অমৃত উঠিয়াছিল, রাহু চণ্ডাল তাহা চুরি করিয়া রাখাতে চব্র তাহা প্রকাশ করেন, এবং বিষ্ণুচক্র দ্বারা রাহুকে দ্বিধা করিয়া রাহু ও কেতুর স্থষ্টি কবেন। এই গল্পটীর মূলে আমাদিগের বিবেচনায় একটি ঐতিহাসিক ভর্ম নিহিত আছে। অমুমান হয়, ঐ সময় জ্যোতিশাল্লের আলোচনা বিশেষরূপে হইয়াছিল, এবং গ্রহণাদিব গণনা আরম্ভ হয়। ঐতরেয় ব্রাহ্মণে জ্যোতিষের সামান্ত সামান্ত জ্ঞান প্রকাশ পায়। বৈদিক জ্যোতিষ্টোম যজ্ঞে উক্ত শান্তের আলোচনা যে পূর্বে হইতে ছিল, তাহা বিলক্ষণ উপলব্ধি হয়; কিন্তু গ্রহণের প্রকৃততত্ত্ব বোধ হয় আর্য্যেরা বাঙ্গালায় আসিবার সময় প্রথমে জানিতে পারিয়া-ছিলেন। বঙ্গদর্শনেব পাঠকগণ মনে করিতে পারেন যে, বাঙ্গালায় আসিয়। আর্য্যেরা বৈছকশাস্ত্র, বাণিজ্য, জ্যোতিষ তত্ত্ব সকলই উত্তম শিক্ষা করিয়াছিলেন, এ কথা বলায় কেবল গরিমা প্রকাশ মাত্র। কিন্তু যথার্থপক্ষে আর্য্যেরা বাঙ্গালায় আসিবার কালে সভ্যতা ও জ্ঞান উভয়ে উন্নতি লাভ করিবেন তাহার বিচিত্র কি ? সপ্তাসিদ্ধুর তীর হইতে অনার্য্য দম্যা, রাক্ষ্য প্রভৃতি বলবান্ অথচ অসভ্য এবং মূর্য জাতিদিগকে ক্রমে ক্রমে পরাজিত ও নির্বাসিত করিতে বছকাল গত হইয়াছিল, তৎকালমধ্যে বহুতর শাস্ত্রালোচনা ও এীবৃদ্ধি সম্ভবে না। ফলতঃ যে সময় আর্য্যপ্রবরেরা বাঙ্গালায় পদার্পণ করেন, তাহার অব্যবহিত পরে চন্দ্রগ্রহণ প্রকাশিত হইয়া থাকিবে। প্রকৃত কাল নিরূপণের উপায় নাই, অথবা এক্ষণে আমাদিগের সন্ধানে নাই। আমাদিগের বিশ্বাস যে বেদ ও পুরাণে নৈস্গিক ও ঐতিহাসিকতত্ত্ব রূপকাকারে অব্যক্ত আছে। বান্ধব পত্রিকার "সমাঞ্জবিপ্লব" নামক প্রবন্ধে লিখিত হইয়াছে যে, বিখ্যাত ইংরাজতব্জ বেকনের স্থায় "প্রাচীনদিগের জ্ঞানে" অর্থাৎ প্রাচীন জ্ঞাতিদিগের বিশেষতঃ ভারতীয় আর্ঘ্য-দিগের ঐ সকল রূপকাকারে পরিণত তত্ত্বসমূহ আবিচ্চিয়া করিলে সাধারণের উপকার হয় এবং অন্ধকারাবৃত ভারতীয় পুরাবৃত্তের পক্ষে যথেষ্ট আলোক পাওয়া ভারতবর্ধে নানাপ্রকার ধর্মমতের পরিবর্ধন ও এককালীন ভিন্নমতক্ষ্
লোকের অবস্থান এবং রাষ্ট্র ও সমাজবিপ্লবে পুরাতন হিন্দুকীর্ত্তির লোপ হইয়াছে। কোন কোন স্থলে ব্রাহ্মণ ও বৌদ্ধদিগের মতের বৈষম্যপ্রযুক্ত মন্দির
ও দেবতাদির পরিবর্ত্তন হইয়াছে। কোথাও মহাদেব বৌদ্ধ হইয়া বসিয়া
আছেন, বা কোথাও বৌদ্ধ যোগীশ্বর মহাদেবের মূর্ত্তি পাইয়াছেন, অথবা ভাস্করের
প্রসাদে শুগুবিশিষ্ট গণপতির আকার ধারণ করিয়াছেন। আবার কোথাও
বৌদ্ধই হউন, আর কৈলাসপতিই হউন, গাজি সাহেবের দরগায় গডাগড়ি যাইতেছেন, কি ছিন্নমন্তক হইয়া সোপানের প্রস্তরে গ্রাথিত হইয়াছেন। আলেখ্যেরও
ঐ গতি। অতএব ভারতের পূর্ববৃত্তান্ত প্রাচীন দেবালয়, বিহারস্ত পু, কি মস্জিদে প্রকৃতরূপে পাওয়া তুরাহ।

মন্দিরের প্রতিমূর্ত্তির নিম্নে ছই পংক্তি অক্ষর খোদিত আছে। লেখা বছ দিনের। বর্ত্তমান দেবনাগর নহে। বৌদ্ধমতের প্রাত্তভাবের সময় কুটীল অথবা লাঠের অক্ষর হইতে প্রাবে। প্রতিমূর্ত্তি ও লেখা এককালীন হইয়াছিল, এমত নিশ্চয় নাই; একারণ তাহার সময় ও উদ্দেশ্য নিরূপণ হইতে পারে না। কাবাা-মুরাগী ভূতপূর্ব্ব ভারতবাসীরা আপনাদের ধর্মতত্ব ও ঐতিহাসিক ও নৈসর্গিক সকল তব্বই গুহায় নিহিত রাখিয়াছেন, এখন স্থামরা ঢেঁকির কচকচি বিবেচনায় এক এক-জন নৃতন নৃতন দেশী বা বিলাতী মহাজন ধরিয়া নানা পত্না পাইতেছি। যে পথ ধরিয়া মহাত্মা অযোধ্যাপতি রামচন্দ্র ভারতোদ্ধার করিয়াছিলেন, যে পথে বাল্মীকি বিচরণ করিতে করিতে সেই অলোকসামান্ত রূপ সাক্ষাৎ করিয়াছিলেন, যে পথ অবলম্বন করিয়া পাণ্ডবগণ ভারতে অক্ষয় কীর্ত্তিধ্বন্ধা উদ্রোলন করিয়া-ছিলেন, যে পথে ভ্রমণ করিয়া মহর্ষি কুষ্ণদ্বৈপায়ন তাঁহাদিগের ছবি ও তাঁহাদের উপদেষ্টা অগাধবৃদ্ধি বাস্থদেবের চিত্রপট দেখিয়াছিলেন, যে পথে গৌতম, কনাদ প্রভৃতি মুনিগণ যাতায়াত করিতেন, আজি তাহা সকলেই জঙ্গলময়, গাঢ় তিমিরা-চ্ছন্ন, কে আমাদিগকে তাহা দেখাইয়া দিবে ? কেনই বা পিতামহেরা আমাদের বৃদ্ধির পরীক্ষাঞ্জ্য সমস্ত তত্ত্ব গুহায় লুকাইয়াছেন ? অথবা তাহাতেও কিছু নাই। এ সকল একবার সন্ধান করা প্রয়োজন বটে।



যুক্তা

জন্ম মৃক্তা সম্বন্ধে বৃহৎ সংহিতায় লিখিত আছে "তক্ষকবাস্থকিকুলজাঃ কামগমা যে চ পন্নগা স্তেষাম্ স্নিগ্ধা নীলহাতয়ো ভবস্তি মৃক্তাঃ ফণস্থাস্তে।" "নাস্থেহবনিপ্রদেশে রজতময়ে ভাজনে স্থিতে চ যদি বর্ষতি দেবোহকস্মাৎ
তজ্প জ্ঞেয়ং নাগসস্থৃতম্।" অর্থাৎ যাহারা তক্ষক ও বাস্থৃকির বংশে উৎপন্ন
হইয়াছে, ইচ্ছাগামী, তাহাদের ফণাস্তপ্রদেশে মণি জন্মে। তাহার কান্তি নীলবর্ণ
ও অতি স্নিশ্ধ। তাহার পরীক্ষা এই যে অনাবৃত পবিত্র স্থানে রজত পাত্রে
রাখিয়া দিলে যদি বৃষ্টি হয়, তবে তাহা সর্প্রমণি।

অতঃপর শুক্তিজ মুক্তার কথা বলা যাইতেছে। এই মুক্তাই সর্ব্বত্র স্থলত। "তেষান্তে শুক্তোম্ভব মেব ভূরি।"

রত্নশক্ষণজ্ঞ পণ্ডিতের। বলেন যে, সমুদ্রগুক্তির গর্ভেই মুক্তাফল জন্মিয়া থাকে। পরস্ক তাহার নিয়ম দৃষ্ট হয় না, বঙ্গদেশের জলাস্থানের ও নদীর শুক্তিতে ও মুক্তা পাওয়া যায়। অপিচ তাঁহারা মুক্তোৎপত্তির বৈজিকতত্ব সম্বন্ধে একটি আশ্চর্য্য কথা বলেন, তাহা সত্য কি কল্পনা মাত্র, তাহা আমরা জ্ঞাত নহি। তাঁহারা কহেন, বর্ষণ বিশেষের জলধারাই মুক্তোৎপত্তির বীজ্ঞ। প্রবাদও আছে যে, স্বাভি নক্ষত্রের জলক শুক্তির গাত্রে লাগিলে তাহাদের গর্ভে মুক্তা জন্মে। যথা—

যশ্মিন্ প্রেলেশেংখ্নিধো পপাতস্থচার মৃক্তামণিরত্ববীজম্।
তশ্মিন্ পরন্তোরধরাবকীর্ণং শুক্তো স্থিতং মৌক্তিকভামবাপ।
স্বাত্যাং স্থিতে রবো মেধৈর্ ধে মৃক্তা জনবিন্দবং।
শীর্ণাঃ শুক্তিবু জারন্তে তে মৃক্তা নির্মান্তিবং।

* ডাইওস্করিডেশ্ এবং প্লিনি বিখাদ করিতেন যে, বৃষ্টিবিন্দু ভজিগর্ভে পতিভ হইলে মূজা উৎপন্ন হয়। কবিবর মূরও ইহার স্পাই উল্লেখ করিয়াছেন। যথা— "And precious the tear as that rain from the sky, Which turns into pearls as it falls in the sea." Moore. যে জাতীয় মুক্তা আমরা পাইয়া থাকি, সেই মুক্তার এই কয়েক প্রকার শ্রেণী আছে। যথা—

> সিংহলিক পারলৌকিক সৌরাষ্ট্রক তাম্রপর্ণি—পারসবা:। কৌবের পাণ্ডা বিরাট• মুক্তা ইত্যাবদয়াহাট।

সিংহলিক, পারলোকিক, সোরাষ্ট্রিক, তাম্রপর্ণ, পারসব, কোবের, পাশু, ও বিরাট, এই ৮ প্রদেশে মুক্তা জন্মে এবং তাহার আকার ভিন্ন ভিন্ন প্রকার, স্থভরাং শুক্তিজ মুক্তা প্রধানতঃ ৮ প্রকার। প্রত্যেক প্রকার মুক্তার লক্ষণ নির্দেশ করা যাইতেছে। যথা—

> "সুলা মধ্যান্তথা হস্মা বিন্মানাহসারত:। হৃত্তিশ্বং মধুরচ্ছায়ং মৌজিকং সিংহলোম্ভবম্।"

(শব্দরক্রক্রম)

"বহসংখানাং স্নিয়া হংসাভা ধিংহলাকরাং সুলা।" (বৃহৎ সংহিতা)

সিংহলোৎপন্ন মৃক্তা স্থুল, মধ্য, স্ক্ষ, ও বিন্দু পরিমাণ সকল প্রকারই হয়। এই সকলের ছায়া বা কান্তি মধুর স্লিগ্ধ।" বৃহৎ সংহিতার প্রমাণেরও এইরূপ অর্থ, বহুসংস্থান অর্থাৎ নানাপ্রকার পরিমাণ যুক্ত অর্থাৎ ছোট, বড়, মধ্যম, সকল প্রকার। 'হংসাভা' অর্থাৎ মধুর শুদ্র বর্ণ। বৃহৎ সংহিতার মতে কোন কোন সিংহলীয় মুক্তা ইষভাত্রযুক্ত শুদ্রবর্ণ যথা—

''ঈবভাত্র খেতান্তামো বিবৃক্তান্ড তাত্রাখ্যা।' পারলৌকিক দেশীয় মুক্তার লক্ষণ যথা—

> "ক্লফা: বেতা: পীতা: সশৰ্করা: পারলৌকিকা বিষমা:।" (বৃহৎ সংহিতা)

এতম্ভিন্ন শব্দকরক্রদে একটি প্রমাণ উদ্ধৃত হইয়াছে যথা—

"পারলৌকিকসম্ভতং মৌজিকং নিবিড়ং গুরু।"

পারলোকিক দেশীয় মৃক্তা কিছু নিবিড় (কঠিন জ্বমাট) ও ওজনে ভারি। কাল, খেড, পীত এই তিন বর্ণ ই হয়। 'প্রায়শ: শর্করা' অর্থাৎ কাঁকর থাকে এবং বিষম অর্থাৎ উত্তমরূপ গোল হয় না।

^{*}কোন প্তৰে 'বিরাট' পরিবর্তে বাটক পাঠ আছে। বাটক বা বাটধন নামক প্রাচীনকালে সমুত্র ভীয়বর্তী হান ছিল।

সৌরাষ্ট্র দেশীয় ওজিজ মুক্তার লক্ষণ-

"সৌরা**ট্রিক**ভবং স্থলং বৃক্তং স্বচ্চং সিতম ঘনম্।" "ন স্থলা নাত্যক্লা নবনীতনিভাল্চ সৌরা<u>ট্রা</u>।"

(বৃহৎ শংহিতা)

সৌরাষ্ট্রদেশীয় মৃক্তাফল স্থুল, স্থগোল, সুন্দর নির্ম্মল, শুদ্রবর্ণ ও ঘন (কঠিন জ্বমাট)। ইহার আকার স্থুল নহে অর্থাৎ মধ্যম পরিমাণ এবং তাহার আভা অথবা কাস্থি নবনীতের তুল্য।

তামপর্ণদেশীয় মুক্তার লক্ষণ—"তামপর্ণভবং তামং"—তামপর্ণদেশোম্ভব মুক্তা তামাভ হয়। বর্ণ ভিন্ন ইহার অস্তান্ত লক্ষণ পারশব মুক্তার তুল্য।

পারশবদেশীয় মুক্তার লক্ষণ-

"পীতং পাৰশবোদ্ধ্যম্।"
দ্যোতিমন্ত: ভুলা গুরবোহতি মহাগুলাক পারশবাঃ।
(রুহৎ সংহিতা)

বৃহৎ সংহিতার মতে পারশব মুক্তা সকল শুদ্র জ্যোতিমান্ গুরু অর্থাৎ ভারেঁ অধিক ও শুদ্রবর্ণ। পবস্তু কল্পদ্রমধৃত প্রমাণ অনুসারে জ্ঞাত হওয়া যায় যে পারশব মুক্তা পীতাভ হইয়াও থাকে।

কৌবের অর্থাৎ উত্তরদেশীয় মৃক্তা ফলের লক্ষণ—

"ঈষং শ্রামঞ্চ রক্ষ কৌবেরোদ্ভব মৌজিকম্।"
"বিষমং রুফং শেতং লঘু কৌবের প্রমাণ তেজোবং।"
(বৃহৎ সংহিতা)

কোবের আকরোৎপন্ন মূক্তাফল ঈষৎ শ্যামবর্ণ অথবা কৃষ্ণ শ্বেতবর্ণ, লঘু, ও কৃষ্ণ হয় কিন্তু প্রমাণ ও তেজোহীন নহে অর্থাৎ বড় বড় হয় জ্যোতিও থাকে।

পাণ্ডাদেশীয় মুক্তার লক্ষণ---

"পাণ্ডাদেশোদ্ভবং পাণ্ডু" "নিম্মল ত্রিপুটধান্তক্রণঃ স্থাঃ পাণ্ডানাটভবাঃ।" (বৃহৎ সংহিতা)

পাণ্ড্য বা পাণ্ডবাট দেশীয় মুক্তার বর্ণ পাণ্ডর এবং গঠন নিম্বফল সদৃশ। বিরাটদেশীয় মুক্তার লক্ষণ যথা—

"সিতং রুক্ষং বিরাটকম্" (শব্দকর্জন্ম)

বিরাটদেশীয় মুক্তার বর্ণ শুদ্র এবং রুক্ম অর্থাৎ লাবণ্যহীন। বৃহৎসংহিতায় ইহার কোন প্রসঙ্গ নাই।

এই সকল মূক্তা ভিন্ন বৃহৎসংহিতায় হৈম অর্থাৎ হিমপ্রধানদেশীয় মূক্তার বিষয় লিখিত হইয়াছে যথা—

"नच्च अंधः विधिन ७: दृश्यितः द्वानमि दिसम्।"

হৈম মুক্তা সকল লঘু (হাল্কা) জজ র তুলা, দধির বর্ণ ও বড় বড় হয়, ছোটও হয়।

"ক্লিণী" নামক এক জাতি শুক্তি আছে। তাহাতে প্রায় মুক্তা জ্বশ্মে না, যদি জ্বশ্মে তবে তাহা সর্কোৎকৃষ্ট হয়। রত্নতন্তবেত্তারা এই জাতীয় মুক্তা ত্র্পভ বলিয়া গিয়াছেন যথা—

"ক্ষ্মিণ্যাখ্যাতৃ যাত্তক্তিংপ্ৰস্তি: স্ব্ৰূপ্তা।
তত্ৰ জাতং সিডং স্বচ্ছং জাতীফ্ল সমং ভবেং।
ছায়াব্ৰহ্লং রম্যং নির্দ্ধোষং যদি লভ্যতে।
অমূল্যং ত্ৰিনিন্দিটং রম্বলক্ষণকোবিদৈঃ।
ছল্ভিং নৃপ্ৰোগ্যং স্থাদক্ষভাগ্যৈপ্ লভ্যতে। (গ্ৰুড় পুরাণ)

অর্থাৎ করিনী নামা শুক্তিতে যে মুক্তা জন্মে তাহা হুর্লভ। করিনী শুক্তিতে যে মুক্তা জন্মে তাহা চন্দ্রকিরণ তুল্য বা শুভ বর্ণ, স্বচ্ছ, এবং প্রমাণে ও আকারে জাতীফল তুল্য হইয়া থাকে। রত্নলক্ষণজ্ঞেরা কহেন ছায়া থাকে ও কোন দোষ না থাকে ও দেখিতে রম্য ও বড় হয় যদি এতাদৃশ করিনীম্ক্তা ভাগ্যবশতঃ লাভ হর তবে তাহা অমূল্য। ফলত এরূপ মুক্তা হুর্লভ, রাজ্বার যোগ্য, অল্পভাগ্য মানবেরা ইহা পায় না।

পুরাতন রত্নতব্বেরাগণের মধ্যে ছই দল ছিল। এক দলের পণ্ডিতেরা কথিত প্রকারে দেশবিশেষে মুক্তার আকার বর্ণাদি ভিন্ন হয় বলিয়া স্বীকার করিতেন, অপর সম্প্রদায়ের পণ্ডিতেরা এই নিয়ম স্বীকার করিতেন না এবং কহিতেন যে সর্বাত্র সকল প্রকার মুক্তা হইতে পারে। যথা—

> "সর্বান্ত তল্ঞাকরজা বিশেষাৎ রূপ প্রমাণে চ যথৈব বিশ্বান্। নহি ব্যবস্থাহন্তি শুণাগুণের্ সর্বাত্র সর্বাত্রতহ্যে ভবস্তি।" (শব্দর্জন্ম:)

মুক্তাধারণের শুভাগুভাদি কল্পনাকারী রত্নপরীক্ষকেরা মন্থুয়ের ক্যায়

শুক্তিরও চারিপ্রকার জাতি কল্পনা করিয়া তত্ন্তব মুক্তাফলেরও চারিজাতি কল্পনা
করিয়া পিয়াছেন যথা—

"বৃদ্ধাদি জাতিভেদেণ শুক্তয়োপি চতুর্বিধাঃ।
তাহ সর্বাহ্ম জাতং হি মৌক্তিকং স্থাচতুর্বিধিম্।
বাহ্মণস্ত সিতঃ বচ্ছোগুরু শুরুং প্রভাষিতঃ
আরক্তঃক্তিয়ং সুল শুধারুণবিভাষিত।
বৈশ্রমণীত বর্ণোপি স্মিয়ঃ শেতঃ প্রভাষিতঃ।
শৃদ্রঃ শুরুবপুঃ সুল্ল শুধা সুলোহসিতত্।তিঃ।"

(अस्क्ब्रफ्र भ)

শুক্তি সকল ব্রাহ্মণাদি জাতিভেদে চতুর্বিধ। ইহা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শুক্ত এই চারিজাতীয়। এই চাবিজাতি শুক্তিতে উদ্ভূত মুক্তা ফলও সুতরাং চতুর্বিধ। যে সকল শুক্তি শ্বেত, নির্মাল, ভারি, শুক্লপ্রভাযুক্ত ভাহারা ব্রাহ্মণ জাতীয়, যে সকল শুক্তি ঈষৎ রক্তবর্ণ, স্থূল ও অরুণিম প্রভাযুক্ত ভাহারা ক্ষত্রিয় জাতি, যাহারা ঈষৎ পীতবর্ণ সিগ্ধ ও শুল্র প্রভাষিত ভাহা বৈশাজাতীয় এবং স্থূল কৃষ্ণবর্ণ শুক্তি সমূহ শৃক্তজাতীয়।

শুক্তিজ মৃক্তা সম্বন্ধে আমাদিগের অনেক বক্তব্য আছে তাহা পরে লিখিব একণে কেবল সকল শ্রেণীর মুক্তা সম্বন্ধে স্থূল স্থূল বিষয় বলা যাইতেছে। রত্নতন্ত্রামুসন্ধায়ীরা বলেন বেণু অর্থাৎ বাশেও পাধর জ্বন্মে তাহাই বেণুজ মুক্তা নামে পরিগণিত যথা—

"বর্ষোপলানাং সমবর্ণ শোভং ত্বক্সার মধ্যপ্রভবং প্রদিষ্টম্। তে বেণবো দিব্য জানোপভোগ্যে স্থানে প্রয়োহস্তি ন সর্বজন্য।

(শক্ষক্সফ্রমঃ)

ছক্সার অর্থাৎ বংশে যে মুক্তাফল জন্মে তাহা বর্ষোপলের (শিল) স্থায় বর্ণ ও শোভাবিশিষ্ট। মুক্তাকর বংশ সকল স্থানে জন্মে না। কেহ কেহ বলেন যে স্বর্গীয় পুরুষদিগের উপভোগযোগ্য, তাদৃশ স্থানেই জন্মিয়া থাকে। কেহ কেহ "বংশলোচন"কেই বেণুজ মুক্তা কহেন বস্তুতঃ তাহা নহে। বৃহৎসংহিতায় লিখিত আছে—

"কপ্রকটিকনিভং চিপিটং বিষমঞ্চ বেণুজং জেন্নম্।"

্বেণুজ মুক্তা কর্পুর কি স্ফটিক তত্ত্ব্ল্য আভাষ্ক্ত চেপ্টা, বিষম জ্বর্থাৎ অসমান হইয়া থাকে, এতদ্ভিন্ন "কল্লক্রমে" আর কয়েকটি বিশেদ লক্ষ্ণ আছে যথা— "বংশব্ধং শশিসহাশং ককোলী ফল মার্দ্রকম্। প্রাপ্যতে বছভিঃ পুণ্যৈ শুদ্রক্ষ্যং বেদমন্ত্রভঃ।"

বংশজাত মুক্তা চন্দ্রশাকি কর্প্রের স্থায় প্রভাযুক্ত, কর্কোল নামক ফলের স্থায় গঠন, স্লিগ্ধ। বহু পুণ্য না থাকিলে বংশজাত মুক্তা লাভ হয় না। ইহা বেদমন্ত্র দারা গৃহে রক্ষা করিতে হয়।

ক্ৰমশঃ

গ্রীরামদাস সেন



📆 স্কুল ছাড়িয়া কালেজে ঢুকিবামাত্র ইংরেজি বাঙ্গালা ও সংস্কৃত তিন ভাষার রাশি রাশি সাহিত্য বঙ্গীয় যুবকের সম্মুখে বিস্তাবিত হইল। চসার, **ट्यानमात, त्रक्रिमी**यत, भिल्वेन, छाटेएजन, श्राभ, त्रिल, वायत्र, ध्यार्फमध्यार्थ, টেনিসন ; কালিদাস, ভবভূতি, ভারবি, মাঘ, নৈষধ, ভূটীবাল্মীকি, বেদব্যাস, বেদপুবাণ, কাশীদাস, কৃত্তিবাস, ভারতচন্দ্র, মাইকেল, হেমচন্দ্র প্রভৃতি কবি; এডিসন, গোল্ডস্মিথ, স্কট, লিটন, ডিকুইন্সি, থাকারি; দণ্ডী, বাণভট্ট, বিফুশর্মা; হতোম দীনবন্ধু বৃদ্ধিম ; প্রভৃতি প্রসিদ্ধ লেখকের গ্রন্থে তাঁহার প্রবেশ অধিকার হইল। দিনকত তিনি এই অগাধ সাহিত্যকাননে যদৃচ্ছ পরিভ্রমণ করিতে লাগিলেন কিস্তু যতই যান কাননের শেষ নাই, সকল বৃক্ষই সুমিষ্ট সকলেই আনন্দিত। যুবকহৃদয়—সংসারের ভাবনা নাই। জগতের সৌন্দর্য্য মাত্র তাঁহার দৃষ্টিপথে পতিত। স্থদয়ের বৃত্তি সকল এখনও বিকৃত হয় নাই—এখনও পাকিয়া শক্ত হয় নাই। তিনি ক্রমে সকলপ্রকার সাহিত্যেরই আস্বাদ গ্রহণ করিলেন কিন্তু এই অগাধ সমুদ্রমধ্যে তিনজন লোকই তাঁহার অধিকতর প্রিয় হইল। এই তিনজনই তাঁহার চরিত্রনির্মাণে নীতিশিক্ষা দানে তাঁহার সহায়তা করিল। ধর্মপ্রচারকের রাশি রাশি বক্তৃতা, শিক্ষকের ভূয়োভূয়: উপদেশ, পিতামাতার লালন পালন ও জাড়ন এই সমস্ত একত্র হইয়া যাহা না করিতে পারিয়াছে তিনজ্পন লোক (যাহাদের সঙ্গে সাক্ষাৎ হইবার কোন উপায় নাই) সেই নীতিশিক্ষাদানকার্য্য সম্পন্ন করিল। তাঁহাদের এছাবলী পাঠ করিয়া তাঁহার মন ফিরিল, তাঁহার চিত্ত মথিত হইল, তিনি মনুয়ের জন্ম ভাবিতে, হঃখ করিতে, সহানুভূতি করিতে শিখিলেন; কালেজের চারি পাঁচ বৎসরে এই তিন মাহাম্মার স্পিরিট ভাঁহাকে যেরূপ গড়িয়া পিটিয়া দিল জীবনের শেষ দিন পর্য্যস্ত তিনি তাহাই থাকিবেন। সংসারে ক্ত ষত্রণা পাইতে হইবে কত কত কপ্তে পড়িতে হইবে তাঁহার কত পরিবর্ত্তন হইবে কিছ আদত তিনি যাহা ছিলেন তাহাই থাকিবেন।

ভারতবর্ষে ইংরেজিবিতা শিক্ষা আরম্ভ হইবার পূর্বের, বঙ্গসাহিত্যের বর্ত্তমান উন্নতি হইবার আগে রামায়ণ ও মহাভারত যুবকদিগের চরিত্র নির্মাণ করিয়া দিত। কথকের মুখ হইতে, গুরুমহাশয়ের পাঠশালা হইতে, কৃত্তিবাসের রামায়ণ হইতে বঙ্গীয় যুবক যে উপদেশ পাইতেন তাহা তাঁহাব অস্থি মজ্জায় বি'ধিয়া পাকিত। আমরণ তিনি রাম বা যুধিষ্ঠিরকে দেবতা বলিয়া মনে মনে উপাসনা করিতেন ও উহাদিগেরই চরিত্র অমুকরণ করিতে চেষ্টা করিতেন। বৃদ্ধবয়সে পুত্র পৌত্রদিগকে নিজ উপাস্য দেবতার মন্ত্রে দীক্ষিত করিয়া দিয়া যাইতেন। রামায়ণ ও মহাভারত হইতে তিনি দেবত। ব্রাহ্মণকে ভক্তি করিতে পিতামাতাকে आদ্ধা শিখিতেন। ঐ ছই অগাধ সাহিত্যসমূজ মন্থন করিয়া আপনার কার্য্য-প্রণালী নিরূপণ করিতেন। আজিকার বঙ্গীয় যুবক রামায়ণ ও মহাভারত পড়েন না। যদিও পড়েন রাম বা যুধিষ্ঠিবকে তাঁহাদের উপর সম্পূর্ণ আধিপত্য করিতে দেন না। যাঁহারা তাঁহাদের হৃদয়ে একাধিপতা করেন তাঁহাদের নাম বায়রণ, কালিদাস ও বাবু বঙ্কিমচন্দ্র। তিনজনই যুবকদিগেব চিত্ত আকর্ষণে মাধ্যাকর্ষণ শক্তিবিশেষ: তাঁহাদের গ্রন্থাবলী পাঠকালে যুবকহাদয় এমনি গলিয়া যায় যে শেষে তাঁহারা যে পথে উহাদিগকে লইয়া যাইবার জন্ম ইচ্ছা করেন সেই পথেই উহা ধাবিত হয়।

রামায়ণ ও মহাভারত যে সময়ে লিখিত হইয়াছিল তখন পারিবারিক বন্ধন মতান্ত প্রবল। এই জল্প রামায়ণ ও মহাভারতের প্রধান উপদেশ সোঁজাত্ত্ব পারিবারিক প্রেম। রামায়ণ ও মহাভারতের রচনাকালে মন্ত্র্যু দৌরাস্থ্যময় অসভ্যাবস্থা হইতে স্বেমাত্র স্থির সামাজিক অধস্থায় উপস্থিত হইতেছে। স্কুতরাং তৎকালীন সমাজের উপর বিশ্বাস ও ভক্তি উক্ত গ্রন্থত্বের দিতীয় উপদেশ, তৎসমাজের বিশ্বকারীদিগের প্রতি বিদেশভাব তৃতীয়। মন্ত্র্যুগণের তৃর্কমনীয় ইন্দ্রিয়গণের দমন করিয়া শান্তিভাব ধারণ করাণই উক্ত কাব্যরত্বব্বের মৃলমন্ত্র। বাল্মীকি ও বেদব্যাস অথবা তাহাদের অন্ত্রাদক কাশীদাস ও কৃত্তিবাস আপন আপন উদ্দেশ্যাধনে এতদ্র কৃতকার্য্য হইয়াছিলেন যে বঙ্গীয় যুবক প্রায় ৪০বংসর পূর্ব্ব পর্যান্ত তাহাদের একান্ত ভক্ত ও নিতান্ত অনুগত ছিলেন। অসভ্যতা পর্যাচার তাহার হলয় হইতে দূরীভূত হইয়াছিল। তাহারা তিন চারি পুরুষ পর্যান্ত একান্ধবর্ত্তী থাকিতে ভালবাসিতেন। দেবতা ব্রাহ্মণের তাহারা গোলাম হইয়াছিলেন, পরধর্মাবলম্বীর প্রতি তাহার বিষেবভাব ভয়ানক প্রবল ছিল। পরধর্মের লোক তাহার শান্তিময় সমাজের যত কেন উপকারী হউক্ত না তিনি তাহাকে অন্তরের সহিত স্থুপা করিতেন। কিন্ত পশাচার ও অসভ্যতা

কমিতে কমিতে তাঁহাদের শক্তিরও হ্রাস হইয়া আসিয়াছিল। যাহা দমন করিবার জন্য বাল্মীকি বেদব্যাস হাদয়বিজ্ঞাবিণী উন্মাদিনী কবিতাবলী রচনা করিয়াছিলেন সেই পদার্থ সেই শক্তি লোপ হইয়াছিল। দৌরাত্মপ্রিয় উৎপাতপ্রিয় তেজ্ববী আর্য্য যুবক কবিতার মোহিনী বলে মেষশাবকবৎ নিরীহ হইয়াছিলেন। বঙ্গদেশের শক্তি স্বাধীনতা তেজ গিয়া উহা কারখানার একটা একটা কলের মত হইয়াছিল। যেমন বাষ্পীয় বলপ্রভাবে সহস্র সহস্র নলী একই ভাবে সকালে ছয়টা হইতে সায়াহে ছয়টা পর্যান্ত চলে তেমনি বঙ্গীয় সহস্র সহস্র লোক জন্ম হইতে মৃত্যু পর্যান্ত একই ভাবে চলিত। চালাইত কে? কোন্ বাষ্পীয় যন্ত্রের এরূপ অসীম শক্তি? হিন্দুসমাজের দমন শক্তি। ফেমন মধুর সঙ্গীতে বনের মন্তহন্তী পোষ মানিয়া চালকের বশে চলে তেমনি বাল্মীকি ও বেদব্যাসের মনোমোহিনী বীণার বশ হইয়া ছরন্ত শ্রুজ বংশীয়েরাও দমন হইয়াছিল; বাঙ্গালী ত কোন্ ছার।

আদিম অবস্থার সমাজ-শাসনের প্রধান বিম্ন এই যে মহুষ্য কেহ কাহার অধীন হইতে চাহে না এবং সকলেই যাহা খুসী তাই করিতে চায়, সমাজবন্ধন করিতে গেলে obedience প্রথম প্রয়োজন। এই জন্ম যাহারা প্রথম সমাজ বন্ধন করিয়াছিলেন তাঁহার। ঐটা শিক্ষা দিবার জন্য চেষ্টা করেন। একপুরুষে সকল উদ্ধতস্বভাব লোককে শাসনাধীন করা যায় না এই জন্য ১০।১৫ পুরুষ পর্যান্ত এক নিয়মে থাকিয়া সমাজমধ্যবত্তী সমস্ত লোককে বশ্রতা স্বীকার করান চাহি। রামায়ণ ও মহাভারত এই উদ্দেশ্যসাধনের জন্য নির্দ্মিত। বছকাল অবধিই হিন্দুরা রাম ও যুধিষ্ঠিরের চরিত্রামুকরণ করত: সমাজশাসনের অধীন হইয়াছেন। সমাজও উত্তমরূপে দূঢ়বন্ধ হইয়াছে। কিন্তু শুদ্ধ সমাজবন্ধনই ত মহুয়োর উদ্দেশ্য নহে, সমাজবন্ধন পথ। এই পথে মহুয়া সভ্যতাসোপানে আরোহণ করিবে; ক্রমে জড়জগতের উপর আধিপত্য করিবে, আপন জাতির সুখযাচ্ছন্য বৃদ্ধি করিবে। প্রথম আপন জাতির, ক্রমে আপন দেশের, তাহার পর সমস্ত মহুয়ের, তাহার পর সমস্ত জীবলোকের উপকার করিবে। যাহাতে জীবলোক জড়ের সহায়তায় দীর্ঘকাল আনন্দ অমুভব করিয়া বিনা ক্লেশে দেহ ত্যাগ করিতে পারে তাহার চেষ্টা করিবে তবে ত পথ সার্থক ছইবে, নচেৎ বনমধ্যে পথ কাটিয়া রাখিলে ভাহাতে লাভ কি ?

সমাজবদ্ধ হইল কিন্তু সমাজের উদ্দেশ্য কিছু রহিল না। যেমন রাম লক্ষ্ম ভরত শক্রত্ম দেখিয়া মনুষ্য শাস্ত হইল সেইরূপ শাস্ত হইয়া কি করিবে বৃথিতে পারিল না। তাহাতে এই হইল যে কতক লোক ভোগে আশক্ত হইল আর কতক এ জন্মের ভোগ ত্যাগ করতঃ পরলোকের ভোগের জন্ম ব্যস্ত হইল। কতক সুন্দরী

রমণীসহবাসে বিচিত্র সুরাপানে রত হইয়া শীতে উষ্ণগৃহমধ্যে, গ্রীমে প্রমোদ কাননে নিঝ'র গ্রহে, জ্যোৎস্নায় ছাদোপরি, রৌজে পুন্ধরিণীমধ্যে বিহার করাই জীবনের উদ্দেশ্য মনে করিল। আবার অনেকে অগ্নিকুণ্ডোপরি উদ্ধপদে অধোশিরে তপঃ করতঃ পরলোকে নন্দন কাননে উর্ব্দেগী মেনকাপরিবৃত হইয়া ইন্দ্রিয়সুখে অনম্ভকাল কাটানই মনুষ্য হওয়ার সুখ ভাবিলেন। কেহ দানে স্বর্গ, কেহ স্নানে चर्ना, मत्न कतिलान । देखियुयुथेरे मकलात উদ্দেশ্য दहेल-कादात्र देशलात्क কাহারও পরলোকে। কেহই এ কথা বুঝাইয়া দিল না যে মছুগ্রসমান্তের প্রধান উদ্দেশ্য জড়জগতের উপর মনুযুজাতীয় আধিপত্য বিস্তার, তুমি আমি এমন কি আমার সমসাময়িক যে কোন ব্যক্তি হউন সমাজ ছাড়িয়া ধরিলে কেহ কিছুই নহেন। যেমন আমরা আমাদের এক পুরুষ আগেকার লোকে যাহা রাখিয়া গিয়াছেন তাহা ভোগ করিতেছি, এইরূপ আমাদের পরে যাহারা আসিবে তাহাদের क्कना आभारनत पृद्धारियका किंदू तिनी ताथिया याध्या अर्थाट कड्कगर किंदू আধিপত্য বিস্তার করিয়া যাওয়া কর্ত্তব্য। মনুষাসমাজ বৃক্ষের পত্র। যেমন পত্র আকাশস্থ বায়ু আকর্ষণ করিয়া বৃক্ষের আয়তন বৃদ্ধি করে পরে আপনার সময় আসিলে পড়িয়া যায় এবং পরবত্তী পত্রসকল যাহাতে একটু উচ্চ ও পুষ্ট হয় তাহা করিয়া যায় সেইরূপ মহুষ্য সমাজবিস্তার করিয়া সমাজপরিবর্ত্ত ও সমাজসংস্কার করিয়া নৃতন আবিজ্ঞিয়া করিয়া দেহ ত্যাগ করে। তাহাদের সম্ভানেরা এই সকলের ফল ভোগ করতঃ আরও অধিকতর ক্ষমতা প্রকাশ করে।

এ কথা আমাদের পূর্ব্বপুরুষদিগকে কেহ ব্ঝাইয়া দেন নাই স্কুতরাং সেই শাস্তভাবে সেই রামায়ণ ও মহাভারত শুনিয়া একই ভাবে চলিয়া আসিতেছিল। রামায়ণ ও মহাভাতের উদ্দেশ্য সাধন হইয়া গিয়াছিল। কিন্তু উহাদের পরিবর্দ্ধে প্রহণ করা যায় এমন কোন প্রস্থ হয় নাই এইজন্য উহারাই জাতীয় কাব্য বলিয়া পরিগণিত ছিল।

ু চুল্লিশ বৎসর পূর্ব্বে যখন ইংরেজি বিভার চর্চা আরম্ভ হইল তখন অবধি রামায়ণ ও মহাভারতের নীতিশিক্ষা সেকেলে বলিয়া পরিত্যক্ত হইল। সমালোচ-কেরা বাল্মীকির অন্বিতীয় কবিত্ব শক্তির প্রশংসা করুন প্রেব্নতন্ত্ববিদেরা রামায়ণ হইতে তৎসাময়িক বুরান্ত রচনা করুন, রামায়ণ পাঠ করিয়া শত শত লোক আনন্দ-সাগরে মগ্ন হউক কিন্ত রামের চরিত্র আর কেহ অনুকরণ করিতে যাইবে না। বৃথিতিরের ত কথাই নাই। পূর্বে লোকে রামায়ণ ও মহাভারত হইতে যে শিক্ষা পাইত এখন শিক্ষিত যুবকগণ কতক পরজাতীয় দৃষ্টান্ত দেখিয়া কতক ইতিহাস পঞ্জিয়া কতক নানা পুত্তক ও ঘটনাবলী পর্য্যালোচনা করিয়া সেই শিক্ষা লাভ করেন। স্থতরাং এরূপ সভ্য অবস্থায় একজন লোকের বা একখানি পুত্তকের

যুবকচরিত্র নির্মাণে সর্ববতোমুখী প্রভুতা হইতে পারে না। তথাপি কোমল হাদর যুবকের মনে যে পুস্তক ভাল লাগে তাহা হইতেই তিনি কিছু না কিছু ভাল জিনিষ চিরকাল মনে করিয়া রাখেন। যে কিছু জিনিস চিরকাল মনে থাকে তাহা অনেক সময়ে কার্য্যে প্রকাশ পায় তাহাই তাঁহার চরিত্র নির্মাণে সহায়তা করে।

বঙ্গীয় যুবক যে সমস্ত রাশি রাশি গ্রন্থ পাঠ করেন তাহার মধ্যে সেক্সপীয়র সর্ব্বপ্রধান। কিন্ত বোধ হয় তাঁহার চরিত্র নির্ম্মাণে সেক্সপীয়রের কোন হাত নাই। কারণ সেক্সপীয়রের উদ্দেশ্য কেবল "to please" তাঁহার সংলোকও যেমন স্থল্পর অসংও তেমনি সুন্দর। এই ছই প্রকার চরিত্র পাঠ করিয়া যে সকল ভাবের উদয় হয় তাহা পরস্পরকে কেনুসেল (cancel) করিয়া দেয়। মিণ্টনে Puritanic spirit এত অধিক যে উহা কোন কালে লোকে অমুকরণ করিতে সাহস করিবে না। অনেকে বরং সয়তান হইতে চাহিবে ত কেহ যীশুপ্রীষ্ট বা সামসন হইতে চাহিবে না। ড্রাইডেন ও পোপে অমুকরণীয় কিছু নাই। Essay on Criticism প্রভৃতি পুস্তক হইতে যে জ্ঞান লাভ করা যায় তাহা উপদেশ মাত্র। **স্কুল মাষ্টারের** উপদেশ যেমন এ কাণ দিয়া ঢুকে ও ওকাণ দিয়া বাহির হইয়া যায় ঠিক সেইরূপ। চুদার ও স্পেন্সারের বানান এত উল্টা রুকুম যে কাহারো সাহস হয় না যে পড়ে, যদিও কেহ পড়ে ত চসার সেকেলে গল্প একেলে লোকের ভালই লাগে না। যাহার। বৃদ্ধ তাহাদের বরং ভাল লাগিতে পারে যুবকের কথনই লাগিবে না। ম্পেন্সরের যে Ideal তাহাও ইউরোপের অজ্ঞানতিমিরাচ্ছন্ন মধ্যসময়ের, এখনকার লোকে তাহা ভালবাসে না। বিশেষ রূপকের দ্বারা যে শিক্ষালাভ হয় সে শিক্ষা সভাসময়ের নয়। সেলি চমৎকার কিন্তু সেলির লেখা এত জটিল ও উহার লেখার idealism এত উচ্চ যে তাহা অমুকরণের অতীত। টেলিসনের উদ্দেশ্য পুরাণ জ্বিনিস ভাল করিয়া দেখান স্বুতরাং তাহাতে চরিত্রনিশ্মাণের সহায়তা করে না। ওয়ার্ডস্ওয়ার্থ ভালই হোক আর মন্দই হোক নিঙ্গড়িয়া তিত করিয়া দেন। একটি ফুল যদি তিনি ধরিলেন ত তাহার প্রতি পাপড়ি বর্ণনা হবে , তার কেশরের বর্ণনা হবে, তাহার রেণুর বর্ণনা হবে, তবে ছাড়িবেন। বাকী বায়রণ, তিনি পীড়িতের বন্ধু, পীড়কের শত্রু, প্রণয়ের আধার, যৌবন মূর্ত্তিমান্, মহা তেজবী, সর্বাদা চক্ষল, আলস্থের জনসমাজের অভ্যাচারে একাস্ত চটা। যৌবনের মন আকর্ষণে যা কিছু চাই বায়রণের সব আছে। স্থৃতরাং ইংরেঞ্চীসাহিত্যে এক বায়রণই বঙ্গীয় যুবকের চরিত্র নির্মাণে অংশী।

সংস্কৃত কাব্যের মধ্যে রামায়ণ মহাভারত ত সেকেলে। বেদ পুরাণের চর্চ্চা নাই। থাকিলেও এখন আর কেহ গর্গ বিশ্বামিত্র অগস্ত্য হইতে চাহিবে না। এ একপ্রকার ঠিক। সে সমাজ নাই সে কালও নাই। কালেজের ছাত্র দুরে

থাক, ভট্টাচার্য্যদিগের টোলের ছাত্রেরাও আর বশিষ্ঠ বিশ্বামিত্র বেদব্যাস হইতে চাহে না। ভারবির অর্জ্জুন, মাঘের কৃষ্ণ, নৈষধের নল, বাণভট্টের তারাপীড় 🗃 হর্ষ সব সেকেলে, একটিও আমাদের মনের মত নয়। ভারবি মাঘ নৈষধ প্রভৃতি গ্রন্থের বর্ণনা প্রণালী সমালোচকেরা ভাল বলিতে পারেন, স্থানে স্থানে ভালও আছে কিন্তু সব সেকেলে। আমরা ক্ষুম্র বৃদ্ধি উহাদের রস বোধ করিয়া উঠিতে পারি না। করিতে পারিলেও আমাদের চরিত্র পরিবর্ত্তন বা শোধন ভারবি পড়িয়া হয় না। বঙ্গীয় যুবক ভবভূতিকে ভালবাসেন। ভবভূতি তাঁহাদের ভালও লাগে. উহা তাঁহার চরিত্রেও কতক প্রকাশ পায় কিন্তু তাহা নিতান্ত অল্প বিষয়ে, কাল্ডেই এ স্থলে গৃহীত হইল না। দশকুমার চরিতের মধ্যে অপহার বর্মার চরিত্র সুন্দর, বড় চমংকার কিন্তু তিনি চোর ডাকাত ইত্যাদি ইত্যাদি! যদি অপহার বর্মার চরিত্র হইতে বঙ্গীয়যুবক নিজে কিছু লইয়া থাকেন তাহা তিনি মানের খাতিরে नुकारेया त्रांचित्वन कथन व्यकां कतित्वन ना। वाकौ कालिमाम, कालिमारमञ्ज লেখা এমনি মধুর যে পড়িবা মাত্র মন আকৃষ্ট হয়। তার পর কালিদাসের অনেকগুলি পাত্র (character) লোকে এত ভালবাসে যে খানিকটা সেই রকম হুইয়া যায়। সুতরাং আমাদের যুবকগণের উপর কালিদাসের ক্ষমতাও অনেক অধিক।

বাঙ্গালা সাহিত্যের অনেক গ্রন্থাকারেরই কিছু কিছু অংশ আমরা পাইয়া থাকি। তন্মধ্যে সর্ব্বপ্রধান বন্ধিম বাবৃ। বন্ধিম বাবৃর পুন্তকাবলী এত লোকে প্লাঠ করে ও এত আদরের সহিত পাঠ করে যে তাহার সকল পুন্তক হইতেই কিছু না কিছু লোকের অস্থি মজ্জায় প্রবেশ করে। লোকে দীনবন্ধুর ইয়ারকি মুখস্থ করে, ছতুমের গান গুলি কণ্ঠস্থ করে, মাইকেলের কতক কতক অমুকরণ করে। কিন্তু অধিকাংশ আজগবি কথা লইয়া তিরকুটা করে। হেমচন্দ্রের ভারতসঙ্গীত সকলের কণ্ঠস্থ আছে—ব্রসংহার পাঠে চরিত্র পরিবর্ত্তন কতদূর হইবে আজি জানিবার উপার নাই। ভারতচন্দ্রের অমুকরণ দূরে থাকুক এক্ষণে অনেকে লক্ষায় তাহা পড়িতেই পারে না। আরও অনেক গ্রন্থকার আছেন কিন্তু তাহাদের ক্ষমতা অতি সামাক্ত।

এখন দেখিতে হইবে এই তিন জন কবির কে কতদূর ও কিরূপ শিক্ষা দিয়া থাকেন। আমরা গ্রন্থকারদিগের দোব গুণ পর্য্যালোচনা করিতেছি না কেবল শিক্ষিত যুবকদিগের চরিত্র নির্মাণে ইহারা কে কি প্রকার ও কি পরিমাণে মাল মসলা দিয়া থাকেন তাহাই দেখিব। ইহারা একজন ইংলণ্ডের একজন মালবের আর একজন বঙ্গের। এই তিনজনের মধ্যে একজন করাসী বিপ্লবের সময় শিক্ষিত একজন হিন্দুদিগের গৌরব সময়ের ব্যক্তি আর একজন ভারতবর্ষে ইংরেজ

রাজ্যকালীন ইংরেজিরূপে শিক্ষিত। একজন সমাজ ভাঙ্গিতে সমাজের অত্যাচারী নিয়মাবলী পরিবর্ত্তন করিতে শিক্ষা দেন, সমাজ ছাড়িয়া গেলে কিরূপ সুখ হয় তাহাই দেখান। একজন সমাজে থাকিয়া কতদূর সুখ ভোগ করা যাইতে পারে তাহাই দেখান আর একজন সমাজের সহায়তা ও উহার বিরোধে কিরূপ আনন্দ অমুভব করা যায় দেখাইয়া শেষ করেন।

তিনজনই প্রণয়ের কবি, প্রণয়গত অবশ্য তারতম্য আছে তাহা আমাদের এখানে বলার প্রয়োজন নাই। তিনজনই স্বভাবের সৌন্দর্য্য অমুভব করিতে শিক্ষা দেন। তিনজনই নিজে স্বভাবের সৌন্দর্য্যে মুগ্ধ এবং তিনজনেই লোককে আপন আপন মৃশ্বতায় অংশী করিতে পারেন। বাঙ্গালায় পর্বত নাই, পাহাড় নাই, কেবল এক হরিছর্ণ শস্তপূর্ণ ক্ষেত্র আর মাঝে মাঝে বিশালনিতম্ব। স্রোতম্বিনী আর নির্মেঘ ও সমেঘ আকাশ। হঠাৎ মনে হইতে পারে বাঙ্গালায় স্বভাব সৌন্দর্য্য নাই, কিন্তু বঙ্কিম বাবুর প্রতিছত্তে বাঙ্গালার সেই সৌন্দর্য্য প্রকটিত। বাঙ্গালার সৌন্দর্য্য তিনিই সর্ব্বপ্রথম কবির চক্ষে দেখিয়াছেন ও আমাদের সৌভাগ্য ছিল বলিয়া আমরাও তাঁহার ফ্রদয়-দর্পণে প্রতিফলিত সেই অপুর্ব্ব সৌন্দর্য্য আবও স্থন্দর বলিয়া দেখিতে পাইয়াছি। সেকালে স্বভাবের শোভামুভবের নাম দেবতার আরাধনা ছিল। প্রসন্ম পুণ্য-সলিলা গঙ্গা দেবতা, আকাশ ঋষি পূর্ণ, চন্দ্র দেবতা, সূর্য্য দেবতা; বঙ্কিম বাবু দেবতাদিগকে অন্তরিত করিয়া শুদ্ধ সৌন্দর্যা মাত্র দেখাইয়াছেন ও দেখিতে বলিয়াছেন। বাঙ্গালার যে কিছ সৌন্দর্য্য তাহার প্রায় কিছুই বঙ্কিমবাবু দেখাইতে ছাড়েন নাই। হীরার বাড়ী 🕵 দেয়ালে পাখী আঁকা হইতে সূর্য্যমুখীর বিচিত্র চিত্রবন্ধিত গৃহ পর্যাম্ভ সবই দেখাইয়াছেন। তাঁহার চিত্রে অপরিষ্কার কিছুই নাই। সব পরিষ্কার ঝরঝরে।

কালিদাসের বর্ণনা ভারতময়। সিংহলদ্বীপ ইইতে আরম্ভ করিয়া কৈলাস পর্বত পর্যান্ত সব কালিদাস বর্ণনা করিয়াছেন। তাঁহার বর্ণনা শুদ্ধ পরিদার নয় বড় উজ্জ্বল ও চাকচিক্যময়, যেন ইলেকট্রিক আলোকে electric light প্রতিকলিত। স্বাভাবিক সৌন্দর্য্যে ভারতবর্ষ জগতের অমুকৃতি, আর কালিদাস এই সমস্ত ঘুঁটিয়া ফেলিয়াছেন। তন্ত্র তন্ত্র করিয়া দেখান তাঁহার কর্ম নয় সেজ্জ্র ওয়ার্ডসওয়ার্থ চাই। তাঁহার দেখান বাছিয়া বাছিয়া, ভাল ভাল বস্তুগুলি। তাঁহার বর্ণনায় শুদ্ধ সৌন্দর্য্যে নয় কিছু না কিছু অলোকিক উহার সঙ্গে মিজ্রিত আছে। যথা রামের পুষ্পক রথ, মেঘের দৌত্য। তাঁহার ঋতুসংহারে সভাবের বিশুদ্ধ সৌন্দর্য্য অতি উজ্জ্বল বর্ণে চিত্রিত আছে। এখানকার বর্ণনায় অলোকিকতা নাই এবং পরিকার অপরিকার জ্ঞানও বড় বেশী নাই। কিছু

বর্ণনীয়ু বস্তু পরিষারই হউক আর অপরিষারই হউক বর্ণনায় হাদয়গ্রাহিষ সমানই আছে।

বায়রণের বর্ণনীয় ইউরোপ। সমস্ত ইউরোপে যা কিছু বর্ণনযোগ্য—
আল্পসের চূড়া, রাইনেব বিশাল জলপ্রবাহ, গ্রীসের দ্বীপমালা, মাইকেল এঞ্জিলোর
চিত্র ভিনিস ও রোমের ভগ্নাবশেষ। শিল্পেও স্বভাবে যে কিছু মহান্ও
মনোহর, সকলই তাহার গ্রন্থমধ্যে স্থান পাইয়াছে। তাহাব বর্ণনা মধ্যে এক
জিনিস আছে যাহা আর প্রায় কাহারও নাই। ঐতিহাসিক দৃশ্য বর্ণনে বায়রণের
অসাধারণ ক্ষমতা, ওয়াটরলুব যুদ্ধ ক্লসের নিবাসস্থান বল্ডেরেব গির্জ্জা বর্ণনায়
বায়বণ তাহার বিশাল স্থাদয়ের পূর্ণ প্রতিকৃতি প্রাদান করিয়াছেন। এই সকল
বর্ণনার পর তাহার উপদেশগুলি যুবকমণ্ডলীর অন্তঃকরণে এরূপ অন্ধিত হয় যে
ভাহা আর অপনীত হইবার নহে।

পাঠক জিজ্ঞাসা করিতে পাবেন যে যুবকদিগের চরিত্রনির্মাণের কথায় সভাবের বর্ণনা আসিল কেন ? এ ধান ভানিতে শিবেব গাঁত কেন ? তাহার উত্তর এই স্বভাব বর্ণনায়ও নীতিশিক্ষা আছে, আব সেটি দেখানও বড় সহজ্ঞ, এই জন্ম আগে স্বভাবের শোভা বর্ণিত দেখিয়া কি শিক্ষা পাই দেখাই, তাহার পর অন্য প্রকার শিক্ষা যথাশক্তি দেখাইতে চেষ্টা করিব।

প্রথম কালিদাসের বর্ণনায় সব শাস্তিময় সব সুখময়, পড়িলে মনের শাস্তিময় ভাব জন্ম। যখন ভট্টাচার্য্য মহাশয়েরা, পাদরি সাহেবরা ও ব্রাক্ষ্য দিনরাত জগৎ হংখময় পাপের ভরে ডুবলো ডুবলো বলিতেছেন, তখন ওরূপ পুস্তক পড়িলে বাস্তবিকই জগৎ হংখময় নহে বলিয়া বোধ হয়। এ বড় দামান্য শিক্ষা নহে। বহিমবাবু স্বভাববর্ণনায় শুদ্ধ শাস্তি নয় ভাহার উপর যেন একটু কিছু আছে, যেন যে আনন্দ যৌবনের বড় প্রিয় সেইরূপ আনন্দ যেন বেশী আছে। বায়রগের বর্ণনায় শান্তি নাই, কেবল পরিবর্ত্তন হইতেছে অসংখ্য পরিবর্ত্তন এটা হেড়ে ওটা, ওটা হেড়ে সেটা, যেন তৃপ্তি হইতেছে না, যেন একটু চটা চটা ভাব উদয় হইতেছে যেন যাহার অন্বেষণে স্বভাবের শোভা দেখিতে আসিয়াছি সে স্বখটুকু পাইতেছি না কেবল কৌত্হলত্কায় কাতর হইয়া যাহা কিছু সুন্দর দেখিতেছি দেখিতে যাইতেছি, দেখিতেছি, তৃপ্তি হইতেছে, কিন্তু সে তৃপ্তি বেশীক্ষণ থাকিতেছে না।

সংক্রেপে তিনজনের বর্ণনায় তিনরূপ উদ্দেশ্য আর এক প্রকারে দেখান যায়। কালিদাস উপরে বসিয়া বিশুদ্ধ আনন্দের সহিত নীচেকার শোভা দেখিতেছেন আর দেখাইতেছেন। নিজে মন্ত্রের উপর উঠিয়া বসিয়া মন্ত্রের কার্য্য আচার ব্যবহার নৃত্যগীত দেখিতেছেন। পাহাড় পর্বত কেমন ছোট্র ছোট দেখাইতেছে, নদীট একছড়া হারের মত কেমন পড়িয়া আছে তাই দেখিতেছেন আর কাছে কোন ভালবাসার জিনিস আছে তাহাকে দেখাইতেছেন। শাষ্য্যমতে পুরুষ নির্দিপ্ত বসিয়া প্রকৃতির রঙ্গ দেখিতেছেন। কালিদাস বলিতেছেন আগে মামুষের চেয়ে উচ্চ জীব হও তাহার পর স্বভাবের শোভা দেখিও কত আনন্দ পাইবে। তাঁহার আশা বড় উচ্চ। বহিমবাবু স্বভাব শোভার কেন্দ্র মনুষ্য, নগেন্দ্রনাথই হউন আর অমরনাথই হউন, আর গোবিন্দলালই হউন বা স্বয়ং বৃদ্ধিমবাবুই হউন, তাঁহারও নির্লিপ্ত দেখা, স্বভাব শোভা মধ্যে বসিয়া স্বভাবের শোভা দেখ আর কাছে যদি কেহ খাকে দেখাও কেমন স্থলর কেমন গভীর। পৃথিবী ও আকাশ দেখিয়া ঈশ্বরের প্রেমে শরীর পুলকিত হউক। বায়রণের তা নয়। স্বভাবেব শোভা দেখিতে চাও ঘর দোর ছাড়িয়া বাহির হও যা তোমার সন্মুখে পড়িবে তাই দেখিয়া বসিয়া থাকিবে? তা নয়। চল যেখানে স্থুন্দর বস্তু সেইখানে যাইতে হইবে। তুমি নির্লিপ্ত থাকিলে সব দেখিতে পাইবে কেন ? ঘরে বসিয়া ছনিয়ার কারচুপি দেখিয়া শান্তিস্থ ভোগ কবিবে কেন ? মমুষ্যেব জীবন অল্প, ইহাতে সব দেখিয়া শুনিয়া লও, যত দেখিবে ততই জ্ঞান বাড়িবে আনন্দ অধিক হইবে এই আনন্দই আনন্দ, আর সব কেবল হুঃখ আর অত্যাচার, সমাজ অত্যাচার, প্রণয় অত্যাচার, মামুষ মামুষের উপর অত্যাচার করিতে ভালবাসে। সবই কষ্ট কেবল স্বভাবের আনন্দই প্রমানন্দ।

একজন উপর হইতে স্বভাব দেখিতেছেন। একজন মধ্য হইতে দেখিতেছেন আর একজন মাতিয়া বেড়াইতেছেন। একজনের মতে মনুষাজীবন অপেক্ষ। অক্স জীবনে সুখ অধিক। আর একজনের মতে এ জগতেও যথেপ্ট আনন্দ। ভৃতীয়ের সবই এই জগতে।

বায়রণের জন্ম ১৯ শতাবদীর প্রজাবিপ্লবে। স্থতরাং বর্ত্তমান সমাজের উপর তাঁহার প্রজা নাই। তাঁহার দৃঢ় বিশ্বাস এই যে বর্ত্তমান সমাজে অত্যাচার ভিন্ন আর কিছুই নাই। তাঁহার উৎকৃষ্ট মমুন্য চিত্রগুলি সমাজের বাহিবে। সেগুলি সকলেই সমাজের উপর চটা। কেহ কেহ আবার সমাজের শত্রু; হয় দস্যু না হয় মমুন্যবিদ্বেনী (Misanthrope)। সমাজের যতগুলি নিয়ম আছে শ্বর গুলিই তাঁহার চক্ষুঃশূল। কনরাড, লারা, ডনজুয়ান প্রভৃতি পাত্রগণের বাক্যেও অপার্যোগ এই সমাজবিদ্বেষ ভাব প্রতি মুহুর্তে প্রকাশিত হইতেছে।

কালিদাসের সমাজ মন্ত্র সময় হইতে এক ভাবে চলিয়া আসিতেছে। চুলমাত্র ব্যক্তিক্রম হয় নাই। তাঁহার মত এই, এরূপ সমাজে সকলই সুখ। দেখাইয়াছেন সমাজের বিরোধী কাজ করিয়া কেহ সুখী হইতে পারেন না। এবং করিলেই শেষ আত্মভূতের জন্য সকলকেই অমুতাপ কবিতে হয়। নগেন্দ্র-নাথের অবৈধ প্রণয়ের ফল তাঁহার ঘার আধ্যাত্মিক বিকার; শৈবলিনীর অবৈধ অমুরাগের ফল পর্বতগুহায় ঘোর প্রায়শ্চিত্ত। গোবিন্দ্রলালের ও রোহিনীর যেরূপ অস্ত হইল তাহাতেও এ কথা দৃঢ়তররূপে প্রতিপন্ন করিতেছে।

বায়রণেরও একটা মামুষ সুখী নহে, তাহাদের মধ্যে মধ্যে অলোকিক অতিমামুষিক হ্রদয়প্রমাদক আনন্দ আছে বটে কিন্তু চু:খই সকলের স্বভাবসিদ্ধ। কিন্ধু তাহারা ঠিক জ্বানে যে যত দিন বর্ত্তমান সমাজ এই ভাবে চলিবে তাহাদের ছঃখের অবসান হইবে না। সুতবাং তাহারা অমুতাপ করিয়া ফিরিয়া আসিতে চাহে না। তাহাদের আমোদ সমাঙ্গের উপর অত্যাচারে। কেহ দিবারাত্র লুঠ পাঠ করিতেছে, কেহ নির্জ্জন কারাগৃহ মধ্যে উচ্চে রোদন করিয়া সমাজ-ধ্বংশের জক্ত শাপ দিতেছে, কেহ সামাজিক নিয়ম লজ্বনের জক্ত দিনবাত্রি ফিরি-তেছে। তাহারা হংশী বটে কিন্ত হংখে কাতর নহে, তাহাদের হংখের কারণ মনুয়াসমাজ, সুতরাং মনুয়াসমাজ ও যাহারা সেই সমাজ চালায় তাহাদের উপর দাদ তোলা চাই। বায়রণের মানুষ মুযুসমাঞ্চের উপর চটা। কিন্তু মনুযুক্তর প্রতি, চুর্বলের প্রতি, স্ত্রীলোকের প্রতি তাহাদের সহামুভূতি বিলক্ষণ আছে। ভাহারা মানুষ ভালবাসিতে চায় কিন্তু সমাজের অত্যাচারী নিয়ম আপনার মনের মত করিয়া ভালবাসিতে দেয় না; স্বুখে তাহারা ঘোর চটা। কালিদাসের মানুষ মানুষ হইতে কিছু উচ্চ। সব দেবতার অংশ, কেহ দেবতার অবতার, কেহ দেবতা স্বয়ং, কেহ অপারা কেহ অপারার কন্মা, কেহ ঋষি কেহ রাজা। ঋৰি ও রাজা মানুষ কিন্তু বায়রণের মানুষ অপেক্ষা তাহাদের অভিমানুষিক ক্ষমতা অধিক। এই স্বর্গে যাইতেছে মুহূর্বে প্রত্যাবৃত্ত হইতেছে সমস্ত পৃথিবী মুহূর্বে পরিভ্রমণ করিতেছে, দেবতার সঙ্গে যুদ্ধ বিগ্রহ করিতেছে অব্সরার সহিত প্রণয়পাশে আবদ্ধ হইতেছে। কিন্তু সকলেই সেই মমুপ্রশীত সমাজের নিয়ম যত্ন পূর্ববক প্রতিপালন করিতেছে। মান্তবের অসীম ক্ষমতা কিন্তু যথেষ্টাচার नाष्ट्रे।

জ্ঞানে মৌনং ক্ষমা শক্তো, ত্যাগে শ্লাঘা বিপর্যায়:। এই শ্লোকে তাছাদের চরিত্রের কতকটা আদর্শ পাওয়া যায়। তাহাদের যেমন ক্ষমতার পার নাই মনের জোরও তেমনিই অধিক। সেই ক্ষমতা তাঁহারা সংপথে চালাইডে জ্ঞানেন স্থতরাং তাঁহাদের জীবনে কট নাই হুঃখ নাই। ইচ্ছার স্বাধীনতা নাই, বেমন স্বভাবের নিয়ম অলজ্বনীয় তেমনি তাঁহাদের মতে সমাজের নিয়মও অলজ্বনীয়∙। লজ্বনের চেষ্টাও নাই, পীড়াও নাই, অমুতাপও নাই।

বৃদ্ধিন বাব্র লোক সব সমাজের লোক, শিক্ষিত বঙ্গীয় যুবক। শিক্ষিত যুবকের জীবন কেবল অনস্ক বিবাদসঙ্কল। তিনি ছই প্রকার শিক্ষা পান। একপ্রকার বাড়ীতে আর একপ্রকার স্কুলে। উভয় প্রকার শিক্ষা সময়ে সময়ে পরস্পর বিলক্ষণ বিরোধী। এইজস্ম শিক্ষিত যুবকের চরিত্রে সময়ে সময়ে বিলক্ষণ অসামঞ্জস্য দেখিতে পাওয়া যায়। বিদ্ধিন বাব্র পাত্র গুলিতেও এই বিরোধী ভাব কতক কতক প্রকটিত আছে কিন্তু সম্পূর্ণ নহে। যেখানে আছে সেখানে অভিমনোহর। বিদ্ধিন বাব্র মামুষগুলি দেশী বাঙ্গালী, নিরীহ ভাল মামুষ। বাঙ্গালীরা যে স্বভাব ভালবাসে তাহারা সকলেই ঠিক সেই স্বভাবের লোক। বৃদ্ধিমান্ চতুর দয়ালু সামাজিক ও গুণগ্রাহী তাঁহাদের হৃদয়ের ভাব গভীর। এরপে লোকের হৃদয়বৃত্তির স্ক্রামুস্ক্র সন্ধান অত্যন্ত প্রীতিপ্রদ তাহ। ইইতে আমাদের অনেক জ্ঞান লাভ হয়। বিদ্ধিম বাবু ইহাদিগের সেইরূপে দেখাইয়াছেন।

রামায়ণ মহাভারতাদি প্রাচীন পুস্তকাবলীর প্রথম শিক্ষা এই যে পিতামাতার বশ হইবে ভাইকে স্নেহ করিবে জ্ঞাতিদিগের সহিত সদ্ব্যবহার করিবে কিন্তু আমাদের হৃদয়ক্ষেত্রে যে কবিত্রয় আধিপত্য করেন তাঁহাদের পিতামাতার সঙ্গে খোঁজ নাই। বদ্ধিমবাবু একবার গোর্বিন্দলালের মাকে বাহির করিলেন কিন্তু পাছে কোনরূপ গোল ঘটে চটপট উল্ভোগ করিয়া তাহাকে কাশী পাঠাইয়া দিলেন। বদ্ধিম বাবুর কোন নায়ক বা নায়িকার ভাই নাই। ছই একটা ভগিনী আছে। গোবিন্দলালের পিতৃব্যপুদ্র হরলাল সেও কলিকাতায় থাকে। বায়রণেরও বাপ মা ভাইএর সঙ্গে বড় সম্পর্ক নাই। ডনজুয়ানের মুখে ডপাইনেজের নামও শুনিতে পাওয়া যায় না। আজ্ঞা পারিসিনার কথার উল্লেখই আর প্রয়োজন নাই। কালীদাসের পুস্তকেরও পিতামাতা বড়ই অল্প কিন্তু অপরদ্বরের স্থায় লোপাপন্তি নাই। অনেক অক্যান্থ বিষয়ের মধ্যে মধ্যে ছই একবার বিশুদ্ধ সোদ্রাত্র পিতৃভক্তি প্রভৃতিও দেখিতে পাওয়া যায় কিন্তু বড় অল্প ন

এই সকল পারিবারিক অমুরাগের পরিবর্ত্তে আমাদের কবিরা প্রতিনিধি দেন দাম্পত্যপ্রণয়। দাম্পত্যই বা কেন বলি ? বায়রণ ত দাম্পত্যের কোন ধারই ধারেন না। শুধু প্রণয় বলি। স্তরাং বায়রণে পারিবারিক অমুরার্ট্রেন কিছুই নাই। বন্ধিম বাব্র পুস্তকে পারিবারিক অমুরাগের মধ্যে শুদ্ধ দাম্পত্য-প্রণয় আছে। অস্থান্থ অমুরাগের পরিবর্ত্তে বন্ধিম বাব্র স্বদেশামুরাগ, বায়রণের মানবন্ধাতির প্রতি অমুরাগ। একজন অত্যাচারশীড়িত সমুন্ত জাতির ভিত্তারের জন্ম অন্তর ধারণ করিতে শিখাইয়াছেন। যাহার ক্ষমতা বলে অত্যা-চারের হস্ত হইতে মুক্তি পায় তাহাদিগকে বাহবা দিতে শিখাইয়াছেন।

কালিদাসের সমাজ ঠিক মন্থ হইতে এক আকারে চলিয়া আসিতেছে। তাঁহার যাহা কিছু আছে সকলই শাস্ত্রসঙ্গত যুক্তিসঙ্গত অনুমাত্র তথাং নাই। স্থতরাং তাঁহার গ্রন্থে প্রলোভন নাই। পাপ পুণ্যের মধ্যে পাপ বড় কম সবই পুণ্য। ইচ্ছার স্বাধীনতা নাই। স্থতরাং তাঁহার গ্রন্থ কেবল স্থের ছবি, নিরবচ্ছিন্ন বিশুদ্ধ আধ্যাতিক আমোদের ছবি। রায়রণ পাপ পুণ্য বলিয়া ছইটি পদার্থ স্বীকার করিতে চান না। স্থতরাং লোকে যাহাকে প্রলোভন বলে সে বস্তু তিনি স্বীকার করেন না। তাঁহার মতে মনুষ্য আপনইচ্ছায় যাহা করে তাহাই ঠিক, আপন ইচ্ছায় যাহাকে ভালবাসে সেই প্রণয়ের পাত্র। স্থতরাং মনুষ্য আপনার স্থেব জ্লু আত্মইচ্ছার উপর নির্ভির করে; ক্ষন ক্তকার্য্য হয় কথন অক্তকার্য্য হয়, পরের কথায় কিছুই করিতে চাহে না সমাজ্বের যে সকল নিয়ম আছে মানিতে চাহে না। বর্ত্তমান সমাজ্বের যেরূপ গঠন তাহাতে সমাজ এরূপ স্বেচ্ছাচারীদিগকে দমন করিতে চায় স্থতরাং উহারা সমাজের শক্র হইয়া দাঁড়ায়। যে সমাজে ইচ্ছার প্রতিরোধ না থাকে তাহারা সেইরূপ নৃতন সমাজ চাহে, তাহা পায় না বলিয়া ঘোরতর সমাজ্বযেরী হইয়া পড়ে।

বিষমবাবুর এক হাতে কালিদাস আর এক হাতে রায়রণ কিন্তু কালিদাসের আধিপতা তাঁহার উপর অধিক। তিনি সমান্ধ সেই প্রাচীন রীতিতে চালাইতে নানান। সেই জিতেন্দ্রিয়ভাব সেই সুখ সেই লান্তি কিন্তু ইচ্ছালক্তি এক এক সময়ে ছর্দ্দম হইয়া উঠে। এইটি বায়রণের। তিনি লাগাম ছাড়িয়া দিয়া দেখান যে ইন্দ্রিয় বল করিতে না পারিলে লোকের পদে পদে বিপদ ঘটে। তিনি একবার প্রলোভন লোকের সম্মুখে উপস্থিত করিয়া দেন; দেখান সকলেই প্রলোভনে ভূলে কিন্তু কেহ অন্তরের ভাব অন্তরেই রাখে, দমন করে। ইহারাই জিতেন্দ্রিয় যথা প্রতাপ। কেহ বা রাখিতে পারে না দমন করিতে পারে না যথা শৈবলিনা ও নগেন্দ্রনাথ। যেই জিতেন্দ্রিয় সেই সুখী সাহসী সক্ষত্র প্রশাসাপাত্র। যে অজিতেন্দ্রিয় সেই ছংখী সাহস্মান পূর্ণ।

কালিদাসের প্রলোভন নাই। বায়রণের সবই প্রলোভন কিন্তু ভাহা হইতে উঠিবার ইচ্ছা নাই। বিশ্বমবাব্র প্রলোভন আছে; ভাহার হুঃখ আছে ও ভাহা হইতে উদ্ধার হইলে মুখও আছে। স্কুতরাং আধুনিক সমাজে আমরা ৰিষ্কিম বাব্র প্রস্থ হইতে উচ্চতর নীতিশিক্ষা প্রাপ্ত হইরা থাকি।

বায়রণ হইতে আমরা মানবজাতির প্রতি অমুরাগ করিতে শিখি বর্টেই কিছু তিনি স্পষ্ট শিক্ষা কোথাও দেন নাই। তিনি বর্তমান সমাজের অনেক নিন্দা করিয়াছেন। অত্যাচারপীডিতদিগের প্রতি সহামুভূতি প্রকাশ করিয়া-ছেন। তাহাতেই তাঁহার মতলব টের পাওয়া যায়। কিন্তু বঙ্কিমবাবুর গ্রন্থ হইতে আমরা যে স্বদেশানুরাগের উপদেশ পাই সে আর একরূপ। তাঁহার গ্রাম্বাবলীর মধ্যে কতকগুলি মুর্তিমান স্বদেশানুরাগ আছে। যথা রমানন্দ স্বামীর। এই সকল লোকের কি আশ্চর্য্য গঠন। তাঁহারা যে ব্রতে জীবন উৎসর্গ কবিয়াছেন তাহার মাম প্রহিত ব্রত। পীডিত যে ধর্মাবলম্বী হউক না কেন, মুসলমান হউক, হিন্দু হউক, প্রীষ্টিয়ান হউক, তাহার উপকারের জক্ত সর্ব্বদাই উন্থাক্ত। ইহারা নিজ জীবন পরের উপকারের জন্ম তৃণবৎ ত্যাগ করিতে कांज्य इन ना। निज्क উन्नजित ताथ इस त्रमानन्त सामीहे भताकांश, कालिनान হইতে আমরা আর একপ্রকার অমুরাগের উপদেশ পাই। তাহার সর্বভারুরাগ। এ অমুবাগ বৃদ্ধধর্মের ফল। কালিদাসের সময়ে যদিও উক্ত ধর্ম্মের লোপাপত্তি হইয়াছিল তথাপি উহা অনেক অংশে হিন্দুদিগের মর্মে দৃঢ়বদ্ধ হইয়াছিল। কিন্তু অম্মদ্দেশীয় মাংসাশী যুবকরন্দ সর্বভূতে দয়ার বড় একটা সম্পর্ক রাখেন না। তাঁহাদের মতে মানবজাতির প্রতি অমুরাগই মুখ্য शर्या ।

কালিদাসেব শকুন্থলার লতা পাতা হরিণ মৃগ প্রভৃতি সোদরম্বেহ।
আমরাও ফুলগাছ পুঁতি গোরু বাছুর পুষি কিন্তু তাহাদের উপর আমাদের
সোদরম্বেহ হয় না। কিন্তু কালিদাসের হৃদয় পশুদিগের জ্বন্সও কাঁদিত,
আমাদের কাঁদে না। বহিমবাব্র নগেন্দ্রনাথ প্রজাদিগকে সন্তানের স্থার্ত্তি
স্বেহ করেন। আমাদের স্বেহ বড় ঐ পর্যান্তই নামে। বায়রণ সকল মামুষেরই
প্রতি স্বেহ করেন। তাহার সাক্ষী তাঁহার গ্রন্থে ফ্রন্দাপার গ্রীকৃদিগের
জ্বন্থ গভীর রোদন ও তাহাদের ফ্র্গতিনাশের জ্বন্থ প্রাণপণে চেষ্টা করিতে
লোকের মন আরুষ্ট করা।

আর একটি কথা। ইহাদের শিক্ষা দিবার প্রাণালী কি একরপ ? সংস্কৃত আলম্বারিকেরা বলেন যে, বেদ হইতে যে উপদেশ পাই তাহা আজ্ঞা, পুরাণু হইতে যে উপদেশ পাই তাহা বন্ধুর উপদেশের স্থায় স্থপরামর্শ, কিন্তু কাব্য হইতে যে উপদেশ পাই তাহা কান্তার উপদেশের স্থায়। কান্তা বেমন নানা প্রকার গল্প শুক্তব করিয়া মনটি লওয়াইয়া শেষ উপদেশটি বাহির করেন যেটী বাহির করেন সেটী কিন্তু আমোঘ। কবি রাম রাবণের যুদ্ধ বর্ণন করিলেন; নানারূপ বিচিত্র পদার্থ দেখাইলেন, কখন হাসাইলেন কখন কাঁদাইলেন, শেষ একটি উপদেশ

দিলেন যে ইন্দ্রিয়-অশ্বের লাগাম ছাড়িয়া দিলে অনেক নাতানে পড়িতে হয় শেষ রাবণের ফ্রায় সপুরী বিনাশও হইতে পারে। ইহাদের তিন জনেরও শিক্ষাপ্রণালী মূলত তাই কেবল কিছু তারতম্য মাত্র আছে।

কালিদাসের উপদেশপ্রদানপ্রণালী ঠিকই এইরপ। তিনি কোথাও preach করেন না। তাঁহার কাব্যের মুখে যাহা পড়ে তাহাই বলিয়া যান কখনও উপদেশ দিব বলিয়া দোকান খুলিয়া বসেন না। বায়রণের প্রত্যেক চিত্রেই কিছু না কিছু উপদেশ আছে। তাঁহার যেখানে একটি স্থন্দর বর্ণনা তাহার নীচেই ছটী বর্ত্তমান সমাজের অত্যাচারের নিন্দা। যেখানে যাও ছুপাঁচটা ব্যঙ্গাত্মক উপদেশ নিশ্চয়ই পাইবে। যেমন কোন গোর স্থানে ভ্রমণকালে গোরস্তম্ভ দেখিতে দেখিতে তাহার নীচে যে সকল খোদা অক্ষর দেখিলে তাহা অনেক দিন মনে থাকে, সেইরূপ বায়রণের খোদা কথা অন্তরের সঙ্গে গাঁথা থাকে। রাইনের ধারে রাইনের শোভা দেখিতে দেখিতে বা আল্পসের চূড়ায় আল্পসের শোভা দেখিতে দেখিতে অথবা হাএদী ও জুয়াণের নিশীথ প্রণয় দেখিতে দেখিতে, বায়রণ যে সকল **শ্বভী**র নৈতিক তত্ত্বের আবিষ্কার করিয়া গিয়াছেন তাহা পাঠকহাদয়ে অ**হি**ত পাকিবে। বায়রণের মাঝে মাঝে preaching ও আছে। কিন্তু বন্ধিম বাবুর preaching বড় উচ্চ। তাঁহার কমলাকান্তের দপ্তর একটি preaching এর খণি। কত নীতিশিক্ষা উহা হইতে লাভ করা যায় তাহা বলা যায় না। তাহার preach করার লোকও আছে, তাঁহার সন্ন্যাসী গুলি সব নীতিশিক্ষার প্রচারক। তাঁহার নগেন্দ্রনাথ প্রভৃতির স্বগত বাণী গুলিও প্রচারক ভিন্ন কিছুই নহে। হরদেব ঘোষালের পত্র অনেক মনোবিজ্ঞানতত্ত্বের গৃঢ়ত্ব সত্য আবিষার कत्रिशाष्ट्र।

লোকে মনে করেন যে বায়রণ হইতে আবার কি নীতিশিক্ষা, বায়রণ অতি । আরীল কবি। গাঁহারা এরপ মনে করেন তাঁহাদের বায়রণ নীতিশিক্ষা দেন না। তাঁহাদের নীতি সেকেলে, বায়রণ, এ কেলে নীতি শিক্ষা দেন। তিনি ক্রোর স্থলে তৈয়ারি হইয়াছেন। মানুষ সব সমান। সমাজবন্ধন শুদ্ধ হুপাঁচ জনলোকের হাতে, অত্যাচারের ও যথেষ্টাচারের ক্ষমতা দিয়া তাহারা অবশিষ্ট মানব্দ্রনীকে নিকার্বা ও নিস্তেজ করে। এ অবস্থায় পরিবর্ত্তন প্রয়োজন। তাঁহার কাব্যেও এই ভাব নিরন্তর প্রকাশিত। তাঁহার নিজের ও তৎক্রিত মানবর্পণ যদিও দেখিতে মনুষ্যবিদ্বেশী যদিও তাঁহার গ্রন্থ পাঠ করিয়া যুবক ও অনেকে এই ভাবই বিলক্ষণ প্রাপ্ত হয় তথাপি একটু প্রশিধান করিয়া দেখিলে দেখিতে পাওয়া বাইবে যে এটা বাহিরে মাত্র, তাঁহার বিছেষ শুদ্ধ বর্ত্তমান সমাজের উপর কিছে উহার নীচে মন্থ্যের জন্য সহামুভূতি পরিপূর্ণ।

বৃদ্ধিমবাবুর পুস্তকের পরহিতত্রত যদিও বায়রণের পরহিতত্রত অপেক্ষা কোন অংশে ন্যুন কিন্তু উহা তাঁহার পুস্তকে অধিকাংশ স্থলেই শুদ্ধ স্বদেশামুন রাগেই পর্য্যবসিত। এইজন্য আমরা তাঁহার পুস্তকের উদ্দেশ্য স্বদেশামুরাগই বিশ্বাম।

উপসংহার কালে সংক্ষেপে বলি, বিষমবাব্র উদ্দেশ্য স্থদেশামুরাগ ও সামাজিক সুখ, কালিদাসের ভূতামুরাগ ও সামাজিক সুখ, বায়রণের মনুষ্যামুরাগ (Humanelarianism) ও সামাজিক নিয়ম লঞ্জনের সুখ।



প্রয়োগ।

🥭 বু বুৰিল নামন !

ুভধু চিত্ত ভেকে গেল, স্থু প্রাণ দগ্ধ হ'ল, আশার একটি কক্ষ হ'ল না পুরণ; ভিবু কেন ভার আশা, ভবু কেন ভালবাসা, জাগ্ৰত নয়নে তবে কেন সে খপন ? ' হায় ব্ঝিল ন। মন!

এইব্ৰূপে যাবে দিন-বিহাছে হ্রদম যাবে হতাশ জীবন ; কেন দম্ভ কর ভার হৃদম আগার 🕈 অন্তিম শহ্যায় শেবে করিব শয়ন, নারীর নীরব প্রেম কত হছণার ! ভবু পাৰ না সে ধন!

ভীষণ কালের করে— श्रात कृथरत्व नित्र, एक हम निक्नीय, क्य ध्या ध्याहिनी, नित्रस्य देशाहिनी, মানবের দক্ষ মন দেও কি রে ভরে ? তুখানি পরবে আসে ঢাকে অনিবার; ভূতৰ স্থের ঠাই, ব্যার অভাব নাই, সদা বেন সশ্ভিত, অভাগারে অধু কেহ দয়া নাহি করে, পাছে নির্বিতে পায় নিষ্ঠুর সংসার; प्राप क्षप्र विषय !

বিরাম।

সে ত নারীর হৃদয়— করুণার স্রোতন্মিনী, বিপুল স্নেহের ধণি, रुधामाथा अन्दार बनस् निनम्, বিরাগের লেশ নাই, অতি নিরমল ঠাই. হতভাগ্য মানবের শান্তির আলয়! ভবে কেন নিরদয় ?

প্রয়োগ।

তুমি নিগুর সংসার! वाद्य मान वाद्य वर्ष, वाद्य क्थ वाद्य इर्ष, नात्रीत कामन मन, क्न कत्र निशासन, এমনি অতৃপ্ত বকে, এমনি সঞ্জল চকে, পাবাণ হালয় তব, নাহি কর অভ্যুক্তব, मार नरह व्यवनात्।

> বিশাল নয়নে তার— নদা আধি মৃকুলিত, भारक कारव क्यांकाव !

সদা আনত বদন! কত উদাসীন প্রাণ— ষেন কভ দ্রিয়মাণ, कार्छ अडी धत एवं कार्डिना वहनं ; नमा जारन कथा कश, भारह প्राम वाहितांश, निष्ट्रेत्र मःमात्र भाष्ट्र कत्रदय ध्ववन ! সদা অস্টু বচন।

পত্তে कि রহে গোপন। হৃদয় পিঞ্ব আঁকি, हिए एय खाननाथी, नरवत मरनत कथा करह अमूकन, ह्म व्यविष्ठ भट्ड, सिविशिष्टि इट्ड इट्ड, প্রেমের ভরক যেন রয়েছে গোপন; পাছে দেখে অগ্ৰন!

মশ্মে মবি তুই জন-দে থোঁজে আমার মন, আমি খুঁজি তার মন, वृष्टमाय পरम्भदा ভाবि निमाक्त , দে ভাবে দে অভাগিনী, আমি হতভাগ্য জানি, সে ভাবে বুঝে না নর রমণীর মন; ভাবি আমিও তেমন!

উন্মন্ত উভয় চিত ! ুত্ধারে ত্ সিল্প নাচে, অতিস্তম বাধ মাঝে, খসিলে প্রস্তুর এক হইবে মিলিড— मुब्रिक्टि पृष्टेकन, हात्रि हत्क मुश्रिनन, দুইটি বচন মূথে হ'লে উচ্চাৱিত— ভাগে হৃত্বনার চিত!

স্থু জুইটি বচন ! সুধু করে কর ধরে, "প্রিয়তমে!" "প্রাণনাথ"! হলে উচ্চারণ— কালের কলম ডাহে হয় না পতন, কুল বাধ ভেলে বাবে, ছই সিদ্ধু উপলিবে, মৃথে চির মৃত্হাস, বুকে মধু বারমাস নিচুর সংসার ভায় হইবে মগন; তাত হৰেনা কখন।

বিরাম।

তাহা হবে না কখন ! এমনি অহপ্ত বকে, এমনি সম্ভল চকে, অন্তিম শ্যায় শেষ করিবে শয়ন; এমনি নীরব মৃথে, এই তুষানল বুকে, সহিবে এ তীব্ৰ জালা যাবং জীবন— তবু কবে না বচন !

প্রয়োগ।

এষে নিষ্ঠুর সংসার-(হেথা) পাপ প্রণয়েব নাম, বন প্রেমিকের ধাম স্বার্থভ্যাগ আত্মদান যত ছুরাচার ; পরিণয়ে যাহা পাবে, অন্ধ শ্বঞ্চ তাই লবে, হয় প্রেম নয় নেই কপাল তোমার; তবু চাহিবে না স্থার!

থাকে হেন কোন স্থান---মথা পাপ পুণা নাই, স্বৰ্গ মন্ত এক ঠাই, উদার কবির মত সকলের প্রাণ; श्राप्त कनक नाहे, मिन्दन विष्कृत नाहे, অনর্গল প্রেমিকের যুগল পরাণ; তথা করি অবস্থান!

यथा नात्रीत समग्र. না চাহিতে প্রাণ খুলে, দেয় প্রেম হাতে তুলে, না ধরিতে করতল নিজে ধরি লয়, না করিতে সম্ভাষণ, দেয় প্রেম আলিজন. না কহিতে কথা নারী আগে কথা কয়-যাই ছুটিয়া তথায়!

यथा नात्रीय वमन--ক্ষ্পরস্পরে হেরে, স্ট প্রজের মত, প্রফ্রিড অবিরড, চিরদিন বাল্যভাব বাল্য আলাপন— मिथि त्र त्रभ द्वमन्

यथा नातीत नवदन-কভু না পদক পড়ে, নিজা না কাতর করে, मिवानिनि উन्नामिनी स्था करत कारन, यथा প্রতি আলিছনে, লোকে বারমাস গণে, নিশি অবসান হয় প্রত্যেক চুম্বনে; তবে যাই সেই স্থানে।

বিবাম।

নাহি ভূতলে তেমন-ভবে কেন ভার আশা ? ভবে কেন ভালবাসা ? ৰাগ্ৰত নহনে ভবে কেন সে ৰণন ? द्यभू किंछ एडएक बार्टन, द्रभू खान मध र'रन, আশার একটি কক্ষ হবে না পূরণ। তবে কেন অকারণ ?

প্রয়োগ।

তবে কেন অকারণ ? জনম্ভ চিতায় যবে, এই एक वह करत, विषातिया वक्ष्म क'रता प्रतम्--ष्यवाधा हिट्डब मह, वृष कवि षहवह, কত অস্থাঘাত ভাষ হয়েছে পড়ন; কত সহেছি বেখন!

নিরমল মুখ ভার---নিরাশায় মরিয়াছি মর্শ্বে কতবার; कछ य छेवान मत्न, कैं विश्वाहि नत्वानत्न, ভূমি কি বুকিবে ভাহা নিষ্ঠুর সংসার ? চিত্ত পাৰাণ ভোমার।

যাও শয়ন মন্দিরে-দেখ গিয়া উপাধানে, বাভায়ন সন্নিধানে, কলন্ধিত হইয়াছে নয়নের নীরে; প্রভ্যেক শ্বরণে ভার, বারিয়াছে নেজাসার, বহিলোভ সম রক্ত বহিয়াছে শিরে— যাও শয়নমন্দিরে!

দেখ চিত্ৰপট তার— কলম্বিত চারিধার, উন্মন্ত চুম্বনে তার, প্রত্যেক চুম্বনে বন্ধ ভেম্বেছে আমার; খান তার পত্রগুলি, পাতে পাতে দেখ খুলি, ভয়ত্বর অঞ্চিক্ অঙ্গে চারিধার; চিত্ত কাঁপিবে তোমার!

काद वशाव निर्कत-लाशास्त्र डेक निरंत, शकांत्र निक्नन छीत्त, উভানে ভকর মূলে কর অবেষণ ; অঞ চিহ্ন অভাগার, কোন খানে আছে ভার, श्रापाद माबाद्ध यथा करबिह अभन--(सथ कवि व्यव्यव।

এইরণে সংশাপনে-कि भागत कि त्यमत, छाविद्राहि निनिमित, किया मिया विछावत्री, निष्कत छन्छा कवि, क्षिय क यक्ष्मय मः मात्र व्याकरण : वह चानानूर्व यत्न, বিষোহিত ছুনমনে, আজীবন নিয়খিব ভাছার বহনে ? गहि चनच दशदा!



বর্মালা সংস্কার বিষয়ে বঙ্গদেশে তুই প্রবাদ প্রচলিত আছে, প্রথম—
দিধীতিকার রঘুনাথ শিরোমণি যখন গুরুমহাশয়ের পাঠশালায়, ক, খ,
শিখিতে আরম্ভ করেন তখন গুরুমহাশয়ের শ্রীমুখ হইতে সমূদ্য ব্যঞ্জনবর্ণের
একবার উচ্চারণ* শ্রবণ করিবামাত্র রঘুনাথ বর্ণমালার সংস্কারে প্রবৃত্ত হইলেন।
বলিয়া উঠিলেন "হ্যাগা চুটা 'জ' চুটা 'ব' তিন্টা 'শ' রাখিবার প্রয়োজন কি ?"

ছিতীয়—বঙ্গদেশীয় কোন কলেজের প্রিন্সিপাল সাহেব একদিন কলেজের পণ্ডিতকে স্বীয় কামরায় ডাকাইয়া বলিলেন "ওএল পণ্ডিট টোমাডের বর্ণমালার ট্টীয় এবং চটুঠ বর্গের কিছু ভিষ্কটা ড্রেকাইটে পার ? আমি ট অনেক পরিশ্রম করিয়া ডেকিয়াছি ভূইরই একরূপ উচ্চারণ।"

উপরে বর্ণমালার সংস্কারবিষয়ে যে তুইটি প্রবাদ উদ্ধৃত হইল আমাদের প্রস্তাব সেরপ সংস্কার সম্বন্ধে নহে; রঘুনাথ শিরোমণির স্থায় আমাদের বৃদ্ধির তাদৃশ প্রতিভা নাই যে পাঠারস্ভেই কতকগুলি বর্ণ এবালিস করিতে চাই এবং দ্বিতীয়টীর স্থায় বিদেশীয় নহি যে তৃতীয় এবং চতুর্থ বর্গের উচ্চারণ পার্থক্য দেখিতে পাই না। আমাদের প্রস্তাব স্বতন্ত্র তাহার কারণও স্বতন্ত্র।

ভারতের এই অসংখ্য নির্বাক্ মন্থাের সুখ ছংখ, স্থায় অস্থায়, শিক্ষা অশিকা সকলই ইংরেজ কর্মচারীর হাতে। এই সকল কার্য্য স্পৃত্যলরপে নির্বাহ করিবার নিমিত্ত ভাঁহাদের এ দেশী ভাষা সকল অভ্যাস করিতে হয়, কেবল অভ্যাস নয় মধ্যে মধ্যে পরীক্ষাও দিতে হয়। বিপদের উপর বিপদ!!! ভাও কি ছাই ভারতবর্ষে দেশী ভাষা একটি—মহারাট্রা, কর্ণাটি, মালবী, তৈলঙ্গী, উদ্দে, বাঙ্গালা, হিন্দি, পঞ্জাবী, উর্দ্দ প্রভৃতি অসংখ্য। এই অসংখ্য ভাষার বর্ণমালাও অসংখ্য, অর্থাৎ প্রত্যেক ভাষার বর্ণমালার আকার বিভিন্নপ।

আমাদের দেশে গুরুমহাশয়ের পাঠশালায় সচরাচর ব্যক্তন্ত্র প্রথম অভ্যাস
 করান হয়।

এই বর্ণমালাগত বৈষম্যই দূর করিবার নিমিত্ত ইটন কলেজের সহকারী শিক্ষক জুসাহেব একটা স্থলীর্ঘ প্রস্তাবের অবতারণা করেন। প্রস্তাবের মর্ম্ম এই বে, ভারতীয় ভাষাসমূহের বর্ণমালাগত ঐক্য সম্পাদনের নিমিত্ত রোমান বর্ণমালার ব্যবহার করা সম্পূর্ণ উচিত। তিনি নিজ মত সমর্থনের জন্ম যে সকল যুক্তির উপস্থাস করিয়াছেন তাহাদের ভাবার্থ নীচে কতিপয় বাক্যছারা প্রকাশ করা যাইতেছে।

প্রথম—রোমান বর্ণমালার মত অল্লাক্ষর অথচ সকল কথা লিখিবার উপযোগী বর্ণমালা আর দৃষ্ট হয় না। তাহার সকল অক্ষরগুলি পৃথক পৃথক। ইহাতে বাঙ্গালা বা হিন্দি প্রভৃতির স্থায় সংযুক্তবর্ণ নাই এবং উর্দুর স্থায় নোক্তা (বিন্দু) বিশিষ্ট অধিক বর্ণ নাই। অতি অল্ল মাত্র আয়াসে ইহাকে আয়ন্ত করা যায়। আরও দেখ ইহা দ্বারা যখন ইংরেজী, আইরিস, স্কচ, ফ্রেক্ট, লাটিন প্রভৃতি ইউরোপীয় বিভিন্নরূপ ভাষা সকল অনায়াসে লিখিত হইতেছে, তখন ভারতীয় ভাষা সকল কেন না লিখিত হইতে পারিবে ?

জিতীয়—জ্ঞানোয়তিই সভ্যতার মূল। জ্ঞানোয়তির মূল উত্তম উত্তম পুস্তক অধ্যয়ন করা। তাদৃশ পুস্তক অধ্যয়নের সৌকর্ষা বিষয়ে মূজারণ একটা প্রধান উপার। অভি অল্ল লোকেই সমৃদয় পুস্তক স্বহস্তে লিখিয়া পাঠ করিতে সমর্থ হয়। ইহাতে এই সিদ্ধান্ত হইল যে মূজারণ যত অল্লব্যয়ে সম্পন্ন হইবে ততই জ্ঞান, সভ্যতা এবং ভাষার উন্নতি হইবে। উত্তম পুস্তক সকল অল্লমূল্যে বিক্রণীত হইলে অধিক লোকে তাহা পাঠ করিয়া জ্ঞানলাভ করিতে সমর্থ হয়। এদিকে অক্লরসংখ্যার অল্লতাই মূজারণ ব্যয়লাঘবের এক প্রধান উপায়। মূজারণ ব্যয়ের লক্তা হইলেই পুস্তকের মূল্য অল্ল হয়। এই নিমিন্ত সচরাচর চারি আনা মূল্য ইংরেজী পুস্তকের ভূল্যাকার এ দেশী পুস্তকের মূল্য প্রায় ১, টাকা হইয়া থাকে। আরও দেখ, রোমান অক্লরে মূজিত পুস্তক সকল যে পরিমাণে পরিশুদ্ধ হয় সেরপ পরিশুদ্ধ পুস্তক এ দেশী অক্লরে অল্লই মূজিত হইয়া থাকে। ইহার কারণ আর কিছুই নয় অশিক্লিত কম্পোজ্ঞিবেরা দেশী অক্লরের অসংখ্য বিভিন্নতাগুলি বিশ্বত হইয়া একস্থানে অপরের বিন্যাস করিয়া কেলে।

ভূতীর—আদালত সমৃদ্যে যে সকল হস্তলিপির ব্যবহার হয় তাহাদের নাম ভাঙ্গা বা সিকস্তা। সিকস্তা লেখা এরপ কর্মর্যা যে বিদেশীয় হাকিমের কথা দ্রে থাকুক তাহা পাঠ করিতে দেশীয় মৃত্রীরাও সময়ে সময়ে ঘর্মাক্তকলেবর হয়। বিশেষ উর্দ্র সিকস্তা অতি ভয়ানক। প্রথমে, উর্দ্র পরিষ্কৃত হস্ত-লিপিতেও সকল অক্ষর স্পাইরূপে থাকে না অনেকস্থলে কেবল নোজ্ঞার

ষারা অক্ষরের অনুমান করিতে হয়। নোক্তার একটু ন্যুনাধিক হইলে 'বাপে'র ব্যায়গায় 'তাপ' এবং তাপের স্থলে 'পাপ' পঠিত হইতে পারে। সিকস্তা লেখায় আবার সেরপ নোক্তাও দেওঁয়া হয় না। এক্ষণে বিবেচনা কর এরপ লিপি পাঠ করা কত কঠিন। কাযে কাযেই বিদেশীয় হাকিমগণ কথার অর্থ জানিয়াও আৰ্ম্কী বা দলিল প্রভৃতি স্বয়ং পাঠ করিতে অসমর্থ হইয়া সেরেস্তাদারের অধীন হইয়া পড়েন। সেরেস্তাদার মহাশয়েরা এ বিষয়ে নিজের অপ্রতিহত ক্ষমতা জানিয়া যে পক্ষ হইতে লম্বোদর পূর্ণ হয় দলিলগুলিকে সেই পক্ষের অমুকৃলে পাঠ করেন; ধর্মাবতারেরা চক্ষু থাকিতেও অন্ধের মত রামের বিষয় শ্রামকে দিতে অমুমতি করেন। রোমান অক্ষরের ব্যবহার হইলে হাকিমেরা নিজে দলিল প্রভৃতি পাঠ করিতে সমর্থ হইবেন স্থতরাং এতাদৃশ বঞ্চনা বা ব্যভিচারের অনেক হাস হইবে।

চতুর্থ- এক্ষণে বিজ্ঞানের অমুবাদ সম্বন্ধে বৈজ্ঞানিকদিগের মধ্যে ছইটা বিভিন্ন মত দেখা যায়। প্রথম মতে বৈজ্ঞানিক পদ. সকল অমুবাদিত হইয়া ব্যবহৃত হওয়া উচিত—যেমন অক্সিজেন (Oxygen) স্থলে প্রাণপদ বাষ্প, হাইডুজন (Hydrogen) স্থলে জলযান বাষ্প ইত্যাদি রূপে লেখা উচিত। দিভীয় মতে এসকল কথার অমুবাদ ক্রাই উচিত নয়। কারণ ইহারা ভি**র** ভিন্ন ভাষায় অমুবাদিত হইয়া ভিন্ন ভিন্ন স্বরূপ ধারণ করিলে কালে মূল পদার্থজ্ঞানের প্রতি অনেক ভ্রম জন্মিতে পারে। আরও দেখ সকল ভাষায় ইহাদের এক স্বরূপ থাকিলে ঔষধালয়ের কম্পাউগুর প্রভৃতির অনেক স্ববিধা হয়। এই সকল কারণে অধিকাংশ পণ্ডিতেরা এই দিতীয় মতের পোষকতা করেন। একণে বিবেচনা কর ঐ সকল কথার স্বরূপ রোমান অক্ষরে যেরূপ ঠিক্ ঠিক্ লেখা হয় অন্ত বর্ণমালায় সেরূপ হইতে পারে না, বিশেষ উর্দ্দু বর্ণ-মালায় যাহাতে Act, একট্, Lecture, লেক্চর, Tax, টেক্স বিদেশীয় কথা সকল এতাদৃশ বিরূপ করিয়া লিখিত হয়।

পঞ্চম—ভাবাতম্ববিৎ পশুভগণ অমুসদ্ধানে স্থির করিয়াছেন যে রোমান বর্ণমালা প্রাচ্য বর্ণমালার সহিত সগোত্র অর্থাৎ এক বংশসম্ভূত। অদ্যাপি প্রাচ্য ভাষা সকলের বর্ণ বিন্যাসের সহিত ইহার বর্ণবিন্যাস সম্পূর্ণ ঘনিষ্টভা রক্ষা করিতেছে। অতএব রোমান বর্ণমালায় প্রাচ্য ভাষা সকল লিখিত হইলে তাহাদের উচ্চারণ পূর্ববং বিশুদ্ধই থাকিবে।

ইত্যাদি বিবিধ বৃক্তি বারা জু সাহেব আত্মমত সমর্থন করিয়াছেন। জু-সাহেবের এ উদ্ভম নৃতন নয়। ১৭৮৮ এটাব্দে সার বিলিয়ম জোন্স প্রথমে ভারত- বর্ষীয় বাক্য সকল রোমান অক্ষরে লিখিতে প্রবৃত্ত হন। তদনস্তরু সার চার্ল স
ট্রিবল্যান, ডাক্তর ডফ, মিষ্টর পার্য, মিষ্টর টমাস প্রভৃতি তৎকালীন প্রধান
প্রধান ইংরেজগণ কলিকাভায় এই বিষয়ে উত্তম করেন কিন্তু কেহই কৃতকার্য্যভা
লাভ করিতে পারেন নাই। এক্ষণে ডু, সাহেব পুনর্কার সেই প্রাচীন উত্তমকে
জীবিত করিতে প্রবৃত্ত হইয়াছেন। সিবিলিয়নগণ অতিশয় আনন্দের সহিত
তাঁহার অনুসরণে প্রবৃত্ত হইয়াছেন। অনেক স্থলে এই মতামুসারে কার্য্য করিবার
নিমিন্ত সভাও সংস্থাপিত হইয়াছে। লাহোরের 'রোমান উর্দ্ধৃ' নামক একটি
সভা হইয়াছে এবং এতয়ামধেয় একখানি মাসিক পত্রও প্রকাশিত হইতেছে।

ত্রাফেসর মণিয়র বিলিয়ম প্রভৃতি এই মতের পৃষ্ঠরক্ষক; কেবল লাহোর গ্রহণমেন্ট কলেজের অধ্যক্ষ পঞ্জাব মহাবিচ্চালয়ের রেজিট্রার স্থপ্রসিদ্ধ ডাক্তর লাইটনর এবং অপর ছই একজন ইংরেজ ইহার প্রতিবাদী।

ভাক্তর লাইটনর বলেন "ভারতবর্ষস্থিত বর্ণমালা সমূহের পরিবর্ত্তে রোমান বর্ণমালার ব্যবহার সহজ্ব উপায় নহে। কারণ দেশীয় লোকেরা স্বস্থ বর্ণমালাকে সম্মানের দৃষ্টিতে দেখিয়া থাকে। তাহারা চিরসমাদৃত বর্ণমালাসমূহের স্থানে নৃতন বর্ণমালাকে অভিষক্ত করিতে কখনই স্বীকৃত হইবে না। রোমান বর্ণমালা দেশীয় লোকের নিকট সম্পূর্ণ অপরিচিত; ইহার ব্যবহার হইলে দেশী লোকেরও কোন উপকার নাই অধিকন্ত ইহার ব্যবহার করিলেই যে বিদেশীয়েরা অভিসহজে দেশীভাষা সকল শিক্ষা করিতে পারিবেন ইহাও সম্পূর্ণ সম্মেহস্থল। কারণ রোমান অক্ষরে লিখিত দেশী কথায় যদি বিশুদ্ধ উচ্চারণ না শিক্ষা করা যায় তবে কখনই তাহা পাঠ করা যায় না। দেখ রোমান অক্ষরে করাসী প্রভৃতি ইউরোপীয় ভাষা সকল লিখিত হইয়া থাকে কিন্তু কয়জন ইংরেজ রীভিমত শিক্ষকের নিকট অধ্যয়ন না করিয়া কেবল পুত্তক পাঠ করিয়া সেই সকল ভাষায় ব্যুৎপত্তি লাভ করিয়াছেন ? যদি রোমান অক্ষরে লিখিত দেশীভাষার উচ্চারণ শিক্ষা করিবার নিমিন্ত দেশী শিক্ষকের আবশ্যক হইল তবে আর ইহাদ্বারা কি সৌলভ্য উৎপদ্ধ হইল।"

"আমি পঞ্চাবে দীর্ঘকাল অবস্থান এবং তদ্দেশীয়দিগের সহিত অস্তর্জ্ব লাভ করিয়া ইহা স্থির করিয়াছি যে, দেশীয় লোকেরা অদেশ প্রচলিত প্রাচীন শিক্ষাপদ্ধতিকে অনেক উৎকৃষ্ট বিবেচনা করে, বাস্তবিকও তাহা উৎকৃষ্ট। তদমুসারে শিক্ষালাভ করিলে শান্ত্রে প্রগাঢ় ব্যুৎপত্তি লাভ হয়। ঐ সকল শিক্ষাপদ্ধতি ধর্মবাজক এবং সম্ভ্রাস্ত ব্যক্তি দারা প্রচলিত; অতএব সেই সকল সমাজের মূর্দ্ধন্য ব্যক্তিদিগের জ্বদর্গ্বিত সংস্থার অস্থাদীয় সংস্করণের অমুগত না করিলে কোন বিষয় সংস্করণ চেষ্টা বিফল মাত্র। কিন্তু সেই সকল লোক স্ব স্ব ধর্মপুস্তকের বর্ণমালা দেবনাগরী এবং ফার্শি আরবী পরিত্যাগ করিয়া রোমান বর্ণমালা গ্রহণ করিতে ক্ষনই প্রবৃত্ত হইবে না।"

"ভারতবর্ষীয় ভাষাসমূহে এমন অনেক উচ্চারণ আছে, যাহা রোমান বর্ণমালা দারা প্রকাশিত হইতে পারে না। তাহাদের প্রকাশের নিমিন্ত কতকগুলি নৃতন রোমান বর্ণের আবিদ্ধার করিতে হইবে, অথবা বর্ত্তমান অক্ষরনিচয়ে বিশেষ সঙ্কেত সংযোগ করিতে হইবে। তাহা হইলে রোমান বর্ণমালায় দেশীয় বর্ণমালাসমূহের ন্যায় বিভিন্নতা আসিয়া পড়িল। আরও দেখ, ইংরেজেরা যে রোমান অক্ষরে লিখিত স্বভাষা বিশুদ্ধরূপে পাঠ করেন, তাহা কেবল বহুকালকৃত অভ্যাসের কল শ অভ্যাসের বশেই তাঁহারা light কে "লাইঘট" না পড়িয়া "লাইট" রূপে পাঠ করেন। সেইরূপ অভ্যাস করিলে তাঁহারা সিকস্তা পাঠ করিতেও সমর্থ হইবেন।"

"রোমান অক্ষরে দেশীয়ভাষা লিখিত হইলে অনেকে আগ্রহ প্রকাশ করিতে পারে, কারণ ইহাদারা ইংরেজী লেখা সহজ্ব হইয়া যাইবে। কিন্তু তাহাদিগকে ইংরেজী শিক্ষা করান কেবল তাহাদের হৃদয়ে অসস্টোষ জ্বন্মান মাত্র। কেন না দেশীলোকেরা কেবল চাকরী পাইবার প্রত্যাশায় স্কুলে বা কলেজে শিখিতে প্রবিষ্ট হয়। কিন্তু এখনই ত কেরাণীর সংখ্যা এত বৃদ্ধি পাইয়াছে যে, সাত আট টাকা বেতনে একজন উত্তম কেরাণী পাওয়া যায়। তাহার উপর আরও বৃদ্ধি করা কেবল অসস্টোষের কারণ।"

'হৈংরেজেরা অপর ভাষায় বৃংপত্তি লাভ করেন, ইহা সম্পূর্ণ অভীন্সিত, কিন্তু ভারতবর্ষে সেটি কঠিন হইয়া পড়িয়াছে; কারণ এখানে তাঁহাদের ক্ষমতা অপ্রতিহত। এখানে তাঁহারা যথেচ্ছ শিক্ষাপদ্ধতি প্রচলিত করিতে পারেন। এখানকার লোক নির্বাক্। রাজপ্রদর্শিত শিক্ষা পদ্ধতি সম্পূর্ণ অমুপযোগী হইলেও ইহারা তাহার প্রতিকৃলে একটা কথা কহিতে পারে না। একটি উদাহরণ দেখান যাইতেছে। কতকগুলি ব্রিটীস্ অফিসর্ বিবেচনা করিলেন, পূর্ব্বে এ দেশীয় কোন কথা রোমান অক্ষরে লিখিবার সময় যে যে স্থানে 'u' ব্যবহার করা হইত তাহা অতি ভুল, সেই সেই স্থানে 'a' ব্যবহার করা উচিত; অমনি 'u' হানে 'a' ব্যবহার হইতে লাগিল। এমন কি 'Mussulman' কে 'Massalman' এইরূপ লিখিতে আরম্ভ করিলেন। কোন পশুতে আবার 'a' র উপর জোর উচারণ চিছও দিয়া থাকেন।"

পরিশেষে ডক্তার লাইটনর সিদ্ধান্ত করিয়াছেন যে,—

"The proper way to get over the difficulties of the native character was to improve that character itself and though this

might appear a gigantic task, it was not greater than what had been achieved in other cases."

ডাক্তার লাইটনর নিতাস্ত নি:সহায় নন। ছই একজন দেশী এবং ইংরে**জও** ইহার পক্ষ অবলম্বন করিয়াছেন।

রেভরগু জেমস্ লঙ্ সাহেব বলেন যে, তিনি ভারতবর্ষে আসিয়া অবধি ভারতবর্ষীয় কথা সকল রোমান অক্ষরে লিখিতে আরম্ভ করেন। কিন্তু তাহার ফল এই হয় যে, কেবল এক বাঙ্গালা ভাষা (যাহা ৮ কোটা মাত্র লোক ছারা ব্যবহাত হয়) তাহাতেও তিনি বোমান বর্ণ মালা ব্যবহার করিয়া কৃতকার্য্য হইতে পারেন নাই। এ বিষয়ে গবর্ণ মেণ্ট কোন বাধা দেন নাই; পরীক্ষাও যত্নসহকারে হইয়াছিল, কিন্তু একখানি হ্যুটেষ্টমেণ্টের অনুবাদ ঐ অক্ষরে মুদ্রিত হয় মাত্র। সে পুস্তকখানি কাগজের মূল্য দিয়াও কেহ গ্রহণ করে নাই, আর দশ জনের অধিক লোক সেখানি পাঠ করিয়াছে কি না সন্দেহ।

তিনি আরও বলেন যে, ডাক্তর ডফসাহেব প্রথমে রোমান অক্ষর ব্যবহারের সম্পূর্ণ সহযোগী ছিলেন। কিন্তু তিনিও পরিশেষে সিদ্ধান্ত করিয়াছেন যে, রোমান অক্ষর ছারা ভারতবর্ষীয় ফারসী এবং সংস্কৃত ভাষা লিখিত হইতে পারে না। ভারতবর্ষ ইংলণ্ডের মত একটি কুজ ছীপানয়, ইহা একটি বিস্তৃত প্রদেশ। এত বড় বিস্তৃত প্রদেশে বর্ণমালাগত একতা সম্পাদন একপ্রকার অসম্ভব।

রাইশউদ্ধীন আহমদ্ বলেন যে, আরবী ভাষাও কখনই রোমান অক্ষরে লিখিত হইতে পারিবে না, এবং উর্দ্নর বিষয়ও ইহা বলা যাইতে পারে যে, উর্দ্নর এবং আরবীর বর্ণমালাগত কোন বৈষম্য নাই। তবে উর্দ্নুবর্ণমালায় সংস্কৃত হইতে কতকগুলি অক্ষর দেওয়া হইয়াছে মাত্র। উর্দ্নুবর্ণমালায় ৫৫টা অক্ষর; প্রত্যেকের উচ্চারণ ভিন্ন ভিন্ন রূপ। ইংরেজি বা রোমান বর্ণমালায় ২৬টা অক্ষর মাত্র। তাহার মধ্যে w, x এবং y এই তিনটি অক্ষর অনায়াসে পরিত্যাগ করা যায়। তাহা হইলে ২৩টা বর্ণ অবশিষ্ট থাকে; ২৩টা বারা ৫৫টার কার্য্য যে কিরূপ ক্রেশ্রুখলে হইতে পারে, তাহা বৃদ্ধিমান্ একটু বিবেচনা করিলে বৃন্ধিতে পারিবেন। উর্দ্দু এবং আরবী বর্ণমালায় কিছুই বিভিন্নতা নাই। কোরাণ আরবী অক্ষরে লিখিত, ভারতবর্ষে প্রায় ৮৷৯ কোটি মুসলমানের বাস। এই সকল মুসলমান যত দিন কোরাণকে মাস্তা করিবে, তত দিন উর্দ্দু অক্ষরকে কখনই পরিত্যাপ করিবে না কারণ অক্ত অক্ষরে কোরাণ পাঠ নিষিদ্ধ।

মিষ্টর পার্স লসাহেব বলেন যে, রোমান বর্ণমালার হস্তলিপিতে যদি (i)র মন্তকে বিন্দু না দেওয়া হয়, এবং (t)র মন্তকচ্ছেদ না করা হয় তাহা হ**ইলে বে বে** কথায় ঐ হুই বর্ণ থাকে তাহা পাঠ করিবার সময় বিষম ভ্রম উৎপন্ন হয়।
এক্ষণে বিবেচনা কর, রোমান অক্ষরে লিখিত উর্দ্বা অস্থ্য কোন দেশী
কথার উপর উচ্চারণ চিহ্ন অবশ্যই দিতে হইবে, নতুবা যথার্থ উচ্চারণের
সহিত কথাটিও বিলুপ্ত হইয়া যাইবে। সেই সকল উচ্চারণ চিহ্নের সম্যক্
বিধান করা অল্প দিন বা অল্প পরিশ্রমের কার্য্য নয়; আবার সেই উচ্চারণচিহ্নের
এ দিক ও দিক হইলে, যে বিপদ সেই বিপদই থাকিবে।

লাইটনর সাহেবের পক্ষে যে সকল লোক আছেন, তাঁহাদের মধ্যে ই হারাই প্রধান। এক্ষণে ডু সাহেবের পক্ষপাতীদিগের মত কি দেখা যাক।

সরজ্জ কাম্বেল সাহেব বলেন—"প্রায়ই ভাষার উচ্চারণ অনুসারে তদীয় বর্ণমালার প্রবৃত্তি হইয়াছে। প্রত্যেক ভাষার উচ্চারণ ভিন্নপ্রকার, স্মৃতরাং ইহা সচরাচর দৃষ্ট হয় যে, এক ভাষার বর্ণমালা অপর ভাষায় ব্যবহার করিলে এক-প্রকার অসামঞ্জস্ত উৎপন্ন হয়। ইহার উদাহরণ—ইংরেজি ভাষায় রোমান বর্ণমালাব ব্যবহার। ইংরেজি উচ্চারণের সহিত বর্ণবিক্যাসের কিছুমাত্র সম্বন্ধ নাই।"

"যতদিন ভাষার রূপ বিশুদ্ধ থাকে, ততদিন তাহাদিগকে নিজ নিজ বর্ণমালা দ্বারা প্রকাশ করা উচিত, কিন্তু এক্ষণে ভারতবর্ষে যে সকল ভাষা প্রচলিত,
তাহাদের মধ্যে একটিরও রূপ বিশুদ্ধ নাই। এখনকার বাঙ্গালা ভাষায় শতকরা
৫টা হিন্দি, দশটা উদ্দূ এবং পঞ্চাশটা ইংরেজি কথা ব্যবহাত হয়; হিন্দি, উদ্দূ
প্রভৃতি অপরাপর ভাষারও এইরূপ খিচুড়ী হইয়াছে। এরপস্থলে ইহাদের সকলের
নিমিত্ত একটা রোমান বর্ণমালা ব্যবহার করা অনুচিত নহে।"

কোন ব্যক্তি লিখিয়াছেন, "এক্ষণে বিশুদ্ধ হিন্দি বা বাঙ্গালা ভাষার ব্যবহার প্রায় দৃষ্ট হয় না, এক্ষণে উহাদের মধ্যে কতকগুলি ইংরেজি কথা আসিয়া অধিকার স্থাপন করিয়াছে।

"এ সকল ইংরেজ কথা নানা উপায়ে আসিয়াছে, কতকগুলি ডাক্তর প্রভৃতি বৈজ্ঞানিকদিগকে অবলম্বন করিয়া, কতকগুলি স্ক্লের শিক্ষক বা ছাত্রদিগক্ষে, অবলম্বন করিয়া, কতকগুলি আফিসের কর্মচারীদিগের সাহায্যে, আর কতক-শুলি ইংরেজদিগের সহিত অভিশয় ঘনিষ্টতা হওয়ায় আসিয়াছে। অধিক কি এক্ষণে একজন সামাশ্য কেরাণী বাবুর স্ত্রী তাঁহার স্বামীকে বলেন, "এখন কি আফিস যাবার টাইম হয় নি?" ইহাতে অনুমান হইতেছে যেরূপ আজলো-সাক্সন (Anglo-Saxon) ভাষা নরম্যান (Norman) ভাষার সহিত মিলিড ছইয়া ইংরেজি ভাষায় পরিণত হইয়াছে, ক্রমণঃ এক্ষেণী ভাষা সকলের পরিণামণ্ড সেইরূপ হইবে। এমনস্থলে রোমান বর্ণমালা ব্যবহারের যে উৎস্থৃষ্ট ফল, তাহা বলা বাছল্য।"

আর একজন লিখিয়াছেন, "বাঁহারা রোমান বর্ণমালা ব্যবহারের প্রতিবাদ করেন, তাঁহাদের যুক্তিসকল সম্পূর্ণ ভ্রান্ত। তাঁহারা বলেন, সপ্ততি বা ততােধিক বর্ণমালার পরিবর্ত্তে একটি পঠনােপযােগী বর্ণমালা সংস্থাপন করা সম্ভাবিত নহে। কিন্তু এতাদৃশ বর্ণমালার অভাবে তাঁহারা অনেকস্থলে এরপ ইংরেজির ব্যবহার করেন, যাহার তাৎপর্য্য স্থম্পন্ত অক্ষরে লিখিত দেশী ভাষায় প্রকাশ করিলে নিঃসন্দেহ অনেক উপযােগী হইত। প্রতিবাদীরা বলেন, কতকগুলি ইউরােপীয়দিগের সুবিধার নিমিন্ত ভারতবর্ষের চিরসমাদৃত বর্ণমালাস্থলে রোমান বর্ণমালার ব্যবহার উচিত নহে। সত্যা, কিন্তু বিবেচনা কর ইউরােপীয়েরা যথন ভারতবর্ষ শাসন করিতেছেন, তখন তাঁহাদের যে অত্রতা প্রচলিত এবং অপ্রচলিত ভাষা সমূহে বুৎপত্তি লাভ করা উচিত, এ বিষয়ে বােধ হয় কাহারও দিধা নাই। এবং এই প্রতিক্রা সিদ্ধ হইলে ইহার অমুমান স্বরূপ ইহাও স্থির বৃথিতে হইবে যে, যাহাতে ইউরােপীয়গণ সহজে ভারতবর্ষীয় ভাষা সকল অভ্যাস করিতে পারেন, প্রত্যেক হিতৈষী ব্যক্তির তাদৃশ উপায় উদ্ভাবন করা উচিত।

এদেশীয় বর্ণমালাস্থলে রোমান বর্ণমালার ব্যবহার হইলে ইউরোপীয়দিগের পক্ষে এদেশীভাষা সম্যক্ শিক্ষা করিবার যে সহজ্ব উপায় হইবে, এবিষয় প্রত্যক্ষই প্রমাণ। কোন পুস্তক কারসী এবং রোমান অক্ষরে কাপি করিয়া হুইজনকে পড়িতে দিলে রোমান অক্ষরে লিখিত পুস্তকপাঠী নিশ্চয়ই অগ্রসর হইবেন। যদি বল ইংরেজেরা যেমন সমধিক চর্চচা এবং মনোনিবেশের সহিত অভ্যাস করিয়া জর্মণ এবং গ্রীক অক্ষর অনায়াসে পাঠ করিতে পারেন, সেইরূপ অভ্যাস করিলে দেশী অক্ষরেও প্রভূতা লাভ করিবেন। ইহা অতি ভ্রাস্ত যুক্তি। কেন না দেশী অক্ষরের সহিত জর্মণ বা গ্রীক অক্ষরের তুলনা হইতে পারে না, কারণ ঐ উভয় বর্ণমালায় এদেশী বর্ণমালা সমূহের মতবিভিন্নতা বা সংযুক্তাক্ষরের বাহুল্য নাই। সভ্য বর্টে, প্রাচ্যভাষাসমূহে ব্যুৎপত্তি লাভ করিতে হইলে ব্যাকরণ অভিধান এবং ভদ্ভাষায়ে ব্যুৎপন্ন শিক্ষকের সাহায্য আবশ্যক করিবে, তথাপি রোমান বর্ণমালা ব্যবহার করিলে একদিনে যে ফল লাভ হইবে, এদেশীয় অক্ষরে দশ দিনে ভাহা হয় কি না সন্দেহ।"

কোন ব্যক্তি লিখিয়াছেন, "আমরা ফারসী তুর্কী প্রভৃতি যে সকল মুসলমান রাজ্যের প্রতিদৃষ্টিনিক্ষেপ করি, সেই সকল স্থানের লোকদিগকে অসভ্য, অলিক্ষিত, নিরুৎসাহী, তুর্বল এবং ধর্মনীতিশৃত্য দেখিতে পাই। অর্থাৎ খৃষ্টানদিপের সহিত তুলনা করিলে মুসলমানেরা অনেক হীন বলিয়া বোধ হয়। খৃষ্টানদিগের মধ্যে যে এতাদৃশ সভ্যতাদির উন্নতি হইয়াছে, ইহার কারণ কেবল মুদ্ধাযন্ত্র। যে পর্য্যস্ত মুসলানদিগের মধ্যে মুদ্রাযন্ত্র প্রচলিত না হইবে, ততদিন তাহাদের উন্নতিও হইবে না; আর রোমান অক্ষরের ব্যবহার ব্যতীত মুদ্রাযন্ত্রের প্রচলিত হওয়া না হওয়া তুল্য।"

এইরপ অনেক সাহেব যথাশক্তি অধিক বা অল্পরিমাণে নিজ নিজ যুক্তি প্রদর্শন করিয়া রোমান অক্ষর ব্যবহারের পক্ষপাত করিতেছেন। পঞ্চাবে উর্দূর স্থানে রোমান অক্ষর ব্যবহারের নিমিন্ত বিশিষ্ট উভ্তমণ্ড হইতেছে। আমরা দেখিতে পাই, আজকাল সকল কার্য্য বিশেষতঃ ইংরেজদিগের কার্য্য, ভারতীয় ছর্ভিক্ষ বা এপিডেমিকের ন্যায় দেখিতে দেখিতে দেশময় বিস্তৃত হইয়া পড়ে। ভারতবর্ষের একদেশে যখন এরপ হইতেছে তখন দেখিতে দেখিতে অপর দেশেও যে এরপ উভ্তম হইবে সে বিষয়ে অল্পমাত্র সন্দেহ করা যাইতে পারে।

যখন আমাদের পরিচ্ছদ ইংরেঞ্জি, ভোজন ইংরেঞ্জি, গৃহসজ্জা ইংরেঞ্জি, চিকিৎসা ইংরেজি, তখন বর্ণমালা ইংরেজি হইলে আর বিশেষ ত্বঃখ কি ? বরং এক্ষণে বারিষ্টর মুখোপাধ্যায় এবং সিবিলসার্জন চট্টোপাধ্যায়, কখন কখন বাঙ্গালা অক্ষরে তাঁহাদের নাম লেখা হয় বলিয়া যে ছঃখভোগ করেন, বাঙ্গালা বর্ণমালা রোমান অক্ষরে হইলে তাঁহাদের সে তঃখ আর থাকিবে না। বিশেষ বাঙ্গালা বর্ণমালা পূর্বকালে স্বতন্ত্ররূপে অবস্থান করিত না, সংস্কৃত বা দেবনাগরী বর্ণমালা পরিবর্ত্তিত হইয়া ক্রমশঃ বাঙ্গালা বর্ণমালায় পরিণত হইয়াছে। বিদ্যাপতির সময়ের হস্তলিপির সহিত এখনকার বঙ্গীয় হস্তলিপির তুলনা করিলে তাহা অনায়াসে বুঝা যাইতে পারে। যখন পরিবর্ত্তনই আমাদের বর্ণমালার অদৃষ্টলিপি, তখন আর একটু পরিবর্ত্তন সহকারে 'ক' যদি ${f K}$ আকার ধারণ করে এবং তাহাতে যদি বিশেষ উন্নতি হয়, তা হলে আমাদের কিসের ক্ষোভ বরং আনন্দেরই সম্ভাবনা। বিশেষতঃ আমরা বাঙ্গালা ভাষার উন্নতি করিবার নিমিত্ত বাঙ্গালা বর্ণমালায় কমা (,) সেমিকোলন (;) গুণচিহ্ন 🗴 ভাগচিহ্ন 🛨 ধনচিহ্ন + গণচিহ্ন – কোষ্ঠ () প্রশ্নচিহ্ন (ে) বিশ্বয় চিহ্ন (!) ষ্টার * প্রভৃতি কতক ক্রি বর্ণ বা চিহ্ন রোমান বর্ণমালা হইতে বছদিন অবধি সংগ্রহ করিয়াছি, তখন বিশেষ উন্নতি লাভের জন্য রোমান অক্ষর গ্রহণ করা আমাদের লজ্জাকর नद्ध ।

তবে ডাক্তর লাইটনের বাক্য নিতান্ত অযৌক্তিক নয়। যদি আমাদের বর্ণমালার কোনরূপ সংস্থার করিলে উদ্দেশ্য সিদ্ধ হয়, ভবে পরিবর্ত্তন করিবার প্রায়েক্তন কি ? অতএব প্রথমে বর্ণমালার সংস্থারের চেষ্টা করা উচিত।

4 A

অক্ষর সৃষ্টির বিষয় বৃহস্পতি এইরূপ বলিয়াছেন।—

'বাঝাসিকে তু সময়ে ভ্রান্তি: সঞ্চায়তে গুণাম। ধাত্রাক্ষরাণি স্পটানি পত্রারুচায়ত: পুরা।''

অর্থাৎ--

"প্রতিভাশালী মমুষ্যেরা কোন বিষয় প্রথম শিক্ষা করিয়া ছয়মাস কাল অবধি তাহা ভালরূপে মনে রাখিতে পারেন; তাহার পর প্রাস্তির উদয় হয়, এই নিমিত্ত বিধাতা অক্ষর সকল পত্রে আরু করিয়াছিলেন, অর্থাৎ লিখিবার সৃষ্টি করিয়া ছিলেন।" এবং সেই অবধিই লেখন পদ্ধতি চলিয়া আসিতেছে।

ইহা প্র্বেই কথিত হইয়াছে, যে বর্ণ সকল ভাষার উচ্চারণ অনুসারে স্ট হইয়াছে; যে ভাষায় যত উচ্চারণভেদ, সেই ভাষায় তত বর্ণভেদ হয়। এবং উচ্চারণ বৃদ্ধির সহিত বর্ণভেদও বাড়িতে থাকে। যথন ফরাসী ভাষায় কতকগুলি সংস্কৃত কথা মিলিত হইয়া উর্দ্দু ভাষার স্থি হইল, তথন ফারসী বর্ণমালায় সেই সকল সংস্কৃত কথার উচ্চারণোপযোগী কতকগুলি বর্ণের যোগ করাতে উর্দ্দু বর্ণমালাব সৃষ্টি হইল। এইরূপ বাঙ্গালা কথায় যত ইংরেজি কথা মিলিত হইতেছে, বাঙ্গালা বর্ণমালার অক্ষর সংখ্যার ততই বৃদ্ধি হইতেছে। দেখ বন্ধ প্রভৃতি কথা লিখিতে আমাদের 'শ্ল' এই অক্ষরটির ব্যবহার করিতে হয়, কিন্তু বাঙ্গালা বর্ণমালায় এরূপ অক্ষর পূর্বে ছিল না; বিশেষ সংস্কৃতের নিয়ম অনুসারে ইহা 'ক্ল' হইয়া যায়। এইরূপ ইংরেজি উচ্চারণের অন্ধুরোধে আমরা শ্ল, ক্ট, প্রভৃতি অক্ষরের সৃষ্টি করিয়াছি।

ভারতবর্ষীয় ভাষাসমূহের মূল প্রাকৃত, এবং প্রাকৃতের মূল সংস্কৃত। অতএব সমূদয় দেশী ভাষায় সংস্কৃতের উচ্চারণ পরস্পরা সম্বন্ধে প্রতিবিশ্বিত হওয়ায় দেশী ভাষার বর্ণমালা সকল সংস্কৃতের অমুসরণ করিয়াছে। স্বভরাং এক্লে সংস্কৃত বর্ণমালার বিষয় কিঞ্ছিৎ সমালোচন অসঙ্গত নহে।

তন্ত্রশান্ত্রীয় মাতৃকাধ্যানে বলা হইয়াছে—

''পঞ্চাশল্পিভি বিভক্ত ম্বদো: পল্লধ্য বক্ষঃস্থলাং ভাষল্পোলিনিবস্ক্তজ্ঞশকলা মাপীন পশুস্থলীম্ ॥"

ইহা ধারা বোধ হইতেছৈ সংস্কৃত ভাষায় পঞাশটী মৌলিক বর্ণ। যথা—
অ, আ, ই, ঈ, উ, উ, ঝ, য়, ৯, য়, এ, ও, ঐ, ঔ,—[১৪] অর। ক, খ,
গ, ঘ, ভ,। চ, চ, জ, ঝ, ঞ,। ট, ঠ, ড, চ, ণ। ত, থ, দ, ধ, ন। প, ফ,
ব, ভ, ম। য, র, ল, ব, শ, য, স, হ।—[৩৩] ব্যঞ্জন ড় চু য় অথবা ং,
হ, ¸,—[৩]।

এই পঞ্চাশটি মৌলিক বর্ণ অর্থাৎ বিশুদ্ধ আর সকল বর্ণ ইহাদের পরাম্পার সংযোগাদি দ্বারা উৎপন্ন হইয়াছে। এক্ষণে দেখা যাউক তন্ত্রশান্ত্রের এ বাক্যটি কতদূর বিচারসহ।

সংস্কৃত ব্যাকরণের সৃষ্টিকর্ত্তা মহেশ্বরের মতে সংস্কৃত ভাষায়—

অ, ই, উ, ঋ, ৯, এ, ও, ঐ, ঔ—[৯] স্বর। ক, খ, গ, ঘ, ঙ। চ, ছ, জ, ঝ, এঃ। ট, ঠ, ড, ঢ, ণ। ত, থ, দ, ধ, ন। প, ফ, ব, ভ, ম। য, র, ল, রু, শিষসহ। [৩৩] ব্যঞ্জন* এই বিয়াল্লিশটি মৌলিক বর্ণ।

এই বিয়াল্লিশটীর মধ্যে স্বরবর্ণ সকল প্রাথমে হ্রস্ব দীর্ঘ এবং প্লুত এই তিন প্রকার। তাহার পর প্রত্যেকে আবার উদাত্ত, অমুদাত্ত এবং স্বরিত এই তিন প্রকারে বিভক্ত হওয়ায় এক একটি স্বরের নয়টা করিয়া ভেদ হইয়াছে। অনস্কর সামুনাসিক এবং নিরমুনাসিক ভেদে প্রত্যেক স্বর অষ্টাদশবিধ রূপ ধারণ করিয়াছে। পরস্কু ৯কারের দীর্ঘ নাই, এবং এ, ও, ঐ, ও ইহাদের হুস্ব না থাকায় ইহারা প্রত্যেকে দ্বাদশবিধ মাত্র। অবশিষ্ট অ. ই. উ. ঋ, ইহারা প্রত্যেকে অষ্ট্রাদশবিধ। সকল মিলিত হইয়া স্বরেব ভেদ একশত বত্রিশ প্রকার [১৩২]। প কিন্তু তন্ত্রশাস্ত্রে চন্তর্দ্দশ নির্দ্দেশ করা নিতান্ত অসঙ্গত হইয়াছে। যদি দীর্ঘ ভেদকে মৌলিক বলিয়া গণনা করা হয়, তবে অপর ভেদ গুলিকেই বা কি নিমিত্ত মৌলিকের মধ্যে গণনা করা না হয়। যদি বল, স্বরের এই তুইটি ভেদে আকার বৈলক্ষণ্য হয় বলিয়া তম্ব শাস্ত্রে এই ছুই ভেদকে মৌলিক বর্ণের মধ্যে গণনা করা হইয়াছে। একথা তामन युक्तियुक्त नय । তথাপি अत्रमःशा ठ्रण्यम ना इटेसा जासामन इस, कातन ৯ কারের যে দীর্ঘ নাই ইহা নাগোঞ্জী ভট্ট স্পষ্টাক্ষরে বলিয়াছেন "৯বর্ণ স্থা দ্বাদশ-তস্ত দীর্ঘাভাবাৎ।" সুতরাং মূল বর্ণ পঞ্চাশটী না হইয়া উনপঞ্চাশটি হয়। আরও দেখ ড, ঢ, য় ইহারা কেবল ড, ঢ, য এর উচ্চারণ ভেদ মাত্র। যদি স্বরের উচ্চা-রণ ভেদ গণনা না করা হয়, তবে ব্যঞ্জনের উচ্চারণ ভেদে বর্ণভেদ স্বীকার করা যে কিরূপ যুক্তিসঙ্গত, তাহা বৃদ্ধিমান মাত্রেই অমুভব করিবেন। আর যদি ড, চ, য় এই তিনটিকে না ধরিয়া ং, ঃ, *, এই তিনটি ধরিয়া পঞ্চাশের পুরণ করা হয় তাহা হইলে [গুংকার], × [জিহ্বামূলীয়] এবং [উপাগ্নানীয়] ইহাদিগ্রে কেন এক একটা বর্ণ বলিয়া পরিগণিত করা না হয়। অভএব তন্ত্রশান্ত্রে যে কোন্ হিসাবে পঞাশটী মৌলিকবর্ণ গণনা করা হইয়াছে তাহা বুঝা গেল না। বিশেষে

[•] निकास कोमुबीत मार्ट्यत ख्व त्वथ ।

[†] তদিখং অ, ই, উ, অ, এবাং বৰ্ণানাং প্ৰভ্যেকমন্তাদৰ ভেদাং। > বৰ্ণস্য আৰুৰ, ভক্ত দীৰ্বাভাবাৎ, এভামণি বাদশ ভেষাং হুম্বাভাবাৎ। নাগোলী ভট্টঃ।

সিদ্ধান্ত কৌমুদীকার অনুস্থারকে অচ বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। "যথা-অনুস্থার-স্থাপি অচ্ছাৎ।"

যাহা হউক এক্ষণে ব্যাকরণ শাস্ত্রের নিয়ম অঁনুসারে বিয়াল্লিশটি মৌলিকবর্ণ ধরা গেল। ইহার মধ্যে স্বর নয়টি। এই নয়টি স্বরের [১৩২] একশভ বিত্রিশ ভেদ।

ব্যক্তনবর্ণ—ইহার মৌলিক সংখ্যা (৩৩) ত্রয়ত্রিংশৎ মাত্র। ইহাদের মধ্যে ব ল ইহারা অমুনাসিক এবং নিরমুনাসিকভেদে প্রত্যেকে তুই প্রকার। যথা "অমুনাসিকাইনমুনাসিকভেদেন যবলা দিধা।" এতদমুসারে ব্যঞ্জনবর্ণ ষট্ত্রিংশৎ (৩৩+৩=৩৬) হইল; কিন্তু কোন না কোন প্রকার স্বরের সাহায্য ব্যতীত ব্যঞ্জন স্বয়ং উচ্চারিত হইতে পারে না। ব্যঞ্জনের উচ্চারণ করিবার নিমিন্ত পূর্ব্বোক্ত এক শত বত্রিশটি স্বরের মধ্যে একটী না একটি স্বরের বোগ করিতে হইবে; তাহা হইলে কেবল স্বরসংযোগে ব্যঞ্জনের ভেদ ১৩২ ×৩৬=৪৭৫২ ইহার উপর তাহাদের পরস্পর সংযোগ জন্য ভেদ আছে। এই পরস্পর সংযোগ উপর নীচে এই তৃইপ্রকারে হইয়া থাকে। ব্যঞ্জনদিগের পরস্পর সংযোগজনিত ভেদ অসংখ্য এবং ইহা নানাকারণে হইয়া থাকে।

১ম, প্রতিশাখ্য অর্থাৎ বৈদিক ব্যাকরণে নিয়ম আছে যে, বর্গের⇒ আদি চারি বর্ণের যদি নীচে পঞ্চমবর্ণ সংযুক্ত হয়, তাহা হইলে যে বর্ণ পঞ্চমবর্ণের সহিত সংযুক্ত থাকিবে, উহা অসদৃশবর্ণের সহিত পূর্বে সংযুক্ত হইবে। ঐ সংযুক্তাক্ষরের নাম যম। যথা "পলিক্রী" "চয খনভ" ইত্যাদি।

ঘিতীয়। ঘিছ বিধান দারা কতকগুলি সংযুক্ত অক্ষর বর্দ্ধিত হইয়াছে।
যথা "অচারহাভ্যাং দ্বে"এই সূত্র ধারা "হর্যাস্কৃতবং" "ন হ্যান্তি" ইত্যাদি স্থলে
র এবং হ তে চুইটি 'য' কার সংযুক্ত হইয়াছে। 'বা হত জন্ময়োঃ' এই বার্ত্তিক সূত্র
বলে 'পুক্রহতী' 'পুক্রজন্ধী' এই চুই স্থলে পুক্র শন্দের ত কারের সহিত আর একটী
ত কারের সংযোগ হইয়াছে। "ত্রি প্রভৃতিযু শাটকায়নস্য" এই সূত্র দারা 'রাষ্ট্রং'
হিন্দ্রে' ইত্যাদি পদস্থিত 'ব' কার এবং 'ন' কার আর একটি করিয়া 'ব' এবং 'ন'
কারের সহিত সংযুক্ত হইয়াছে। ইত্যাদি।

^{*} ক হইতে ম পৰ্যন্ত ব্যক্তনবৰ্ণকৈ ৰেগ বলো। ক খ গ খ ও। এই পাঁচটি কৰ্গ। চ ছ ক ৰ ঞা। চৰ্গ ইত্যাদি।

বর্গেব্। জ্ঞানাঞ্তুর্ণ স্পঞ্জে পরে মধ্যে বমো নাম প্রাসদৃশোবর্ণ: প্রতিশাখ্যে প্রসিদ্ধা ।"
শিদ্ধান্তকৌমুলী।

अन्त । সদ্ধি প্রকরণ দ্বারা। সদ্ধি শব্দের অর্থ মিলন : বর্ণদ্বয়ের সংহিতা । —অর্থাৎ পরম সন্নিকর্ষ হইলে তাহাদের সন্ধি অর্থাৎ মিলন হয়। এই সন্ধি ছুই প্রাকার: প্রথম 'অচসদ্ধি' দ্বিঙীয় 'হলসন্ধি।' অচের সংহিতায় যে মিলন হয়, তাহার নাম 'অচসন্ধি,' হলের সংহিতায় যে মিলন তাহার নাম হলসন্ধি। এই উভয়বিধ সন্ধি দ্বারাই অনেক সংযক্ত অক্ষর সৃষ্ট হইয়াছে। অচ সন্ধি দ্বারা 'সুখী উপাস্ত:= স্বধ্যপাস্ত' দ্বিছাদি সূত্রের নিয়মে স্বধ্যপাস্তের আবার চারি প্রকার রূপ হয় যথা ' সুধ্যুপাস্তাং' 'সুদ্বুপাস্তাং' 'সুদ্বুপাস্তাং' 'সুধ্যুপাস্তাং' এইরূপ মধ্বরিঃ পিত্রপ: গবাং নাব্যং, গবাতি, ক্ষয়াং, জ্বয়াং, ক্রফর্দ্ধিং, তবল্কারং, তবল্কারং, তবন্ধার:, তবল্ল কার:, প ইত্যাদি বিবিধ সংযুক্তাক্ষর সৃষ্ট হইয়াছে। হল সন্ধি ছারা সচিত্ত, শাঙ্গি প্রয়ং, বিশ্বং, রামষ্ষ্টং, রামষ্টীকতে, ভট্টীকা চক্রিণ্টোকসে। ষণ্লবতি, ষশ্লগরী, সন্ষ্টঃ,তল্লয়ঃ, উত্থান, উত্তন্তবন, উত্থান, উত্তন্তন, বাগ্ঘরিঃ, বাগ্হরি:, তচ্শিব:, তচ্ছিব:, তচ্শ্লোকেন, তৎচ্ছোকেন, অঞ্চিত:, অঞ্চিত:, ক্ষিত:, ক্ শাস্তঃ, গুন্দিতঃ, কিমন্মনয়তি, কিন্ধলয়তি, কিল্ফ্লাদয়তি, প্রাথ্যমন্তঃ প্রাক্তমণ্ঠঃ, মুগণট্বর্ছ, বটংসমু, সঞ্মুঃ, সঞ্চছন্ত, সঞ্শস্তঃ, সঞ্শস্তঃ, ঞ প্রত্যঙ্গাত্মী, সুগন্ধীশঃ, সন্নচ্যত। সংসম্বর্তা সংসম্বর্তা, স্মান্তর্তা সংংসম্বর্তা, সংস্কর্তা, সংস্কর্তা সংস্কর্তাপ। ইত্যাদি।

"সংহিতৈক পদে নিত্যা, নিত্যা ধাতুশদর্গয়োঃ।
নিত্যাদমাদে, বাক্যেত সা বিবকামপেক্ষতে।"

পরম সন্নিকর্ষরপ সংহিতা, এক পদ, ধাতুপসর্গধোগ এবং সমাসে নিত্য হয়; অর্থাৎ এ কয়ন্থলে পরম সন্নিকর্ষ হইলেই সন্ধি করিতে হইবে। এতভ্তিন্ন অক্তম্বলে বিবক্ষাধীন।

† "ছিন্তং নদ্যৈৰ কাঠ্যেৰ লোভয়োকভয়োরপি।
তবভারাদির বুধৈবোধ্যংপদ চতুইয়ম।" কারীকা

‡ ছৌ ছা ঞ্শা ঞ্শা বিভি চতুইয়ং।
ক্রপাণামিহ তুক্ত্ব চলোপানাং বিকল্পনাং।" কারীকা

শা 'সমোবালোপমেকে ইতি ভাষ্যম্ লোপস্তাপি ক প্রকরণ হ্যাদহ্যারা হ্নাসিকা-ভ্যামেক সকারং রূপষ্যং বিস্কারং রূপষ্যং। তত্তানচি চেতি সকারস্ত বিত্ব পক্ষে ত্রিস্কার মণি রূপষ্যং × × শরং ধর ইতি কবিছে যঠ্। অহ্যারস্ত বিদ্বে বাদশ' ইত্যাদি সিদ্ধান্তকৌমুদী দেধ।

ু যে যে পদের সংহিতা হইয়া পুর্বোক্ত সন্ধি সকল হইয়াছে তাহা ক্রমশং দেখান ঘাইতেছে। মধু অরি, গৌ যং, নৌ যং, গৌং যুতি ক্রে যং, কে যং, কে যং, কৃষ্ণ ৰন্ধি, তব>কারং, শার্লিন্ কর, রামম্ বর্চ, তৎ চীকা, যং নবতি, বট্নগরী, তৎ লয়, উৎস্থানং, উৎ ওছানং, বাক্হরিঃ তৎশিবং, তৎপ্লোক, আংচিত, আংকিত কুংঠিতঃ, শাংজঃ গুংকিত, কিংহুম্লয়তি, কিংক্র্যাদ্য, প্রাঞ্বর্চ, স্বগণষ্চ, বট্স্য, সন্শস্তু প্রত্যেত্ব্যাদ্যা স্বগণ্ দশং, সন্অচ্যুতঃ, সংকর্ষা।

8র্থ। কতকগুলি সংযুক্তাক্ষর প্রত্যয়ের* সাহায্যে উৎপন্ন হইয়াছে। স্থপ্ ভিঙ্, ক্বং, তদ্ধিং, যঙ্, সন্, ক্যচ, ক্যঙ্ইত্যাদি প্রত্যয়। আমরা সামান্তরূপে প্রত্যয়ের সংযোগে যে সকল সংযুক্তাক্ষর উৎপন্ন হইয়াছে, তাহাদের উদাহরণ দেখাইতেছি, অস্ত্যাং, রাজ্ঞঃ, দগ্গা, দংদহতে, দ্বিগৃক্ষতি, অপীপ্যং, জন্মুং, দ্বামতুং, উপাস্তঃ, বিষ্ণুঃ, কৃষ্ণঃ, কৃষ্ণঃ, ভগ্গ, পক, আত্মা, বাক্যং, দৈত্যঃ, মাহান্ম্যং ইত্যাদি।

৫ম। কতকগুলি সংযোগ আগমের ণ দ্বারা সৃষ্ট হইয়াছে। যথা রুধ্যতি প্রাপ্নুহি, অশ্লাতি, অস্যতি, পচস্তী, দিব্যস্তী, কম্পয়তি, গুন্দিতা, সম্বঞ্জে, ইত্যাদি।

তদতিরিক্ত কতকগুলি প্রাকৃতিক সংযুক্ত অক্ষর আছে। যে সকল সংযুক্তাক্ষর কোন নিয়ম অমুসারে উৎপন্ন হয় নাই তাহাদিগকে প্রাকৃতিক সংযুক্ত
নামে অভিহিত করা হইল। যথা ধ্বন, ইধ্য, আ, স্না, চক্ষ, খ্না, প্রী, খ্রী, শ্রামল, শ্বেত। ইত্যাদি।

শ্বামল, শ্বেত। ইত্যাদি।

স্বামল, শ্বেত।

##

চিহ্ন-পূর্ব্বোক্ত বর্ণ ভিন্ন (ং) অমুস্বার, (ঃ) বিসর্গ, চন্দ্রবিন্দু ৺ গুংকার, প্র জিহ্বামূলীয়, ই উপাধানীয়। চ্ছেদ, এবং () কুণ্ডলনা এই কয়েকটা চ্হিন্ত সংস্কৃত বর্ণমালায় সন্ধিবেশিত আছে। পরস্ক ইংরেজী বর্ণমালায় যেরূপ চিহ্নের বিস্তৃতি সংস্কৃত বর্ণমালায় তাহাব তুলনায় চিহ্ন নাই বলিলে হয়। বর্ণের অল্পতা হেতু ইংবেজী ভাষায় লিখিবাব যেরূপ অস্কবিধা, চিহ্নাধিক্য জ্ব্যু ইহাতে সেরূপ বোধ সৌকর্য্য হইয়াছে। এ দিকে বর্ণের আধিক্য বশতঃ সংস্কৃত ভাষায় যেমন সকল কথা সহজে লেখা যায়, চিহ্নের অল্পতা হেতু সংস্কৃতভাষায় অর্থাবগতিব তেমনই কাঠিয়া। তবে এখন ইংরেজী হইতে অনেক চিহ্ন সংস্কৃতভাষায় ব্যবহাত করা হইতেছে।

क्रमनः

প্রত্যয়

বাহা বিধান কর। বায় তাহার নাম প্রত্যয়।

[†] প্রকৃতি এবং প্রভাষের সংযোগ হইলে যে বর্ণ আগমন করে তাহার নাম আগম ক্লাঠকগণ আমাদিগের উদাহরণ নিচয়ের কেবল সংযুক্তারকেই গ্রহণ করিবেন।

গঙ্গাধরশর্মা ওরয়ে জটাধারীর রোজনাম্য

চতুর্বিংশ পরিচ্ছেদ

শিকার থেল

তোষ বাবুর বমণা কাননেব পশ্চিম ভাগে একটি চতুক্রোশব্যাপী "রাখা জঙ্গল" ছিল। সারি সাবি শাল মউল ও পিয়াল তরু সুশোভিত স্থানে স্থানে উচ্চ ক্ষুত্র পাহাড়ের স্থায় রাঙ্গা মৃত্তিকা-স্কৃপ। কোথাও প্রকৃতি দেবী স্বরং মনোহর বেশে সজ্জিতা, কোথাও মানব চেষ্টায় বৃক্ষরাজিমণ্ডিত, আবার কোপাও ক্ষুত্র নদী চাকচিক্যমান শ্বেত বালুকা শর্য্যোপবি ঝির ঝিব করিয়া मिक्रगालिग्राथ वस् नमीत मिरक यारेराउँ । এकर्रे छेळेन्द्रारन माँस्रोरेल এरे প্রকৃতি ছবির সুললিত বিচিত্রতা বিশেষ প্রকাশ পায়, কোন দিকে থরে থরে রঙ্গভূমির সোপানস্বরূপ, নবীন উজ্জ্বল পত্রধারী নানাজাতীয় বস্থা তরু দণ্ডায়মান। কোপাও মাধবী মালতি প্রাতৃঃসমীরণে দোছল্যমান। একদিকে উচ্চতর নিবিড় বন, একদিকে ক্রেমান্বয়ে নিম্ন স্থানুরবর্তী বালুকারাশি ব্যাপ্ত বড় নদীর কুল, তাহার পরেই রায় বাঁধ। তাহার বৃহৎ স্বচ্ছ দর্পণ স্বরূপ বারিব্যাপ্তি নয়নকে আकृष्ठे कतिएछए, मिथिल आवात मिथिए हेम्हा हय। दृश्य थर्क मतानमन, সেই জ্বলে ভাসমান। কেহ শীলাতলশায়ী হইয়া একবারে সুষ্পু, কেহ এক পদে মাত্র ভর করিয়া সাম্বির ফ্রায় ছলিতেছে, তবু সম্ভাগ। কেহ বধুসহ স্থির জলে সম্ভরণ করিতেছে! পশ্চিম দিকে অনেকক্ষণ পর্যাম্ভ দেখিলে নীলাভ ক্ষীণ রেখাস্বরূপ কৃত্র পর্ববতশৃঙ্গ আকাশপ্রান্তে চিত্রিত রহিয়াছে বোধ হয়, কিন্ত সে রেখা এত দূরে যে একবার নয়ন পথে আসে ত আবার তৎক্ষণাৎ অন্তর্হিত হইয়া যায়, সে রেখা প্রকৃত কি আঁখিভ্রম তাহা অনভ্যাসী জনের স্থির করা তুষর। মৌল ফলের সময় কচিৎ ঋক ব্যাত্র কখন কখন কৃষ্ণসার হরিণদল প্রাভ্যুবে বিচরণ করিতে দেখিতে পাওয়া যায় (রক্ষকেরা গল্প করে)। রাশি রাশি ইকুলশয্যায় কিন্বা বারিসিক্ত জলাশয়তটে বালুকার উপর পশুগণের পদচ্চিত্র সময়ে দেখা যায়। যোবনাবস্থায় আশুতোষ বাবু সতত শিকারপ্রিয় ছিলেন।
শুনিতে পাওয়া যায় যে, শীত ঋতু সময়ে তিনি শাসত্রয় মৃগয়া দ্বারা মাংস সংগ্রহ করিয়া ও বন ভোজনে সকলকে পরিভৃপ্ত করিতেন। তাঁহার উভয় পুত্র নরেন্দ্র ও অমরেন্দ্র বাবুকে কেবল পুথিগত বিভায় পাকা করিয়া ক্ষান্ত পান নাই।
শক্ত্রশিক্ষায় উভয়কে সমান নিপুণ করিয়া ছিলেন, ধন্থতে বাঁটুল সংযোজনায়
তাঁহারা হিংস্র তাঁরকাক, চিল, প্রভৃতি শিকারী পক্ষী সকল শিকার করিতেন,
তীর বা বন্দুকের অপেক্ষা করিতেন না, এবং সময়ে সময়ে ফুর্মদ পাঠানের শিক্ষায়
তলোয়ার হস্তে বনে বনে ঋক্ষ ব্যাজের লুক্কায়িত শয্যান্থসন্ধানে ফিরিতেন।
বঙ্গভূমির দৌর্বল্যসাধিনী বায়ু বারি এ ক্ষত্রিয় বংশজাত যুবকগণকে শান্তি স্থধ
সস্তোগে এ পর্যান্ত শিথিলাক্ষ করে নাই; এখনও ভেক্কীয়ান্ রক্তন্তোতে তাঁহাদের
শিরাপ্রণালী বলবৎ ছিল।

আজ উষা সময়ে জঙ্গলের একজন রক্ষক গদাধর রাখালের সঙ্গে আসিয়া উপস্থিত। গদাধর কান্দিয়া অস্থির। তাহার ধলো বকনাকে বাঘে লইয়া ⁴ভবরি কুদের" পাশে কড় মড় করিয়া ভক্ষণ করিতেছে, কারণ সেই দিকেই রাত্রি শেষে ফেও ডাকিয়া ছিল। সম্বাদ পাইবামাত্র বাজনাও লোক একত্রিত করিয়া রঘুবীর ও পদাতিক দলকে "রাখায়" যাইতে আ**দেশ হইল**। অমরেক্স ও নরেক্স কোমর বন্ধন করিয়া ছইটা তুকি ঘোড়ায় আরোহিত হইয়া , জঙ্গলের দিকে ধাবমান হইলেন। স্বল্লকাল মধ্যে জঙ্গলের ভিতর একটি ভগ্ন তুর্গের তিন দিক শিকারী দ্বারা বেষ্টিত হইল। বান্ধনা বান্ধিয়া উঠিল। তাহার সঙ্গে হাকোয়াদের স্বর মিলিত হইয়া জঙ্গল ভেদ করিল, পশ্চাৎভাগ হইডে অমরেক্স ও নরেক্স ভাতৃষয় ভগ্ন তুর্গের স্তুপের উপর ঘোড়ার সহিত আরোহণ করিলেন। গঙ্গাধর কখনই তামাসা দেখিতে পেছ পাও কি কাহার পশ্চাতে থাকিবার নহে—একটী কৃত্র শিকারী বেশে কৃত্র ঘোড়ায় বন্দুক হত্তে নরেন্দ্র বাবুর পশ্চাতেই উপস্থিত। প্রকৃত সাহসী পুরুষ সাহস দেখিলে कি বিরক্ত হয়! আমাকে দেখিয়া উভয় সহোদর কহিয়া উঠিলেন ''বাহ্বা গঙ্গু।" কিন্তু ব্যাত্ত্রং শিকার যে কি বিপদ আমি তাহা জানিতাম না, আমি উৎসাহিত হইলাম. ঘোটক হইতে অবতরণ করিলাম, পাহাড়ীয় লম্বধারে যাইয়া দেখি, নীচে লম্বতলে একটা কুজ জলনালী পাৰ্বে চতুর্দিক্ জঙ্গলবৈষ্টিত স্থানে হত গাভীটি সন্মুখে করিয়া ব্যাস্থ ইতস্তত অবলোকন করিতেছে। আমিই প্রথমে দেখিয়া, উভয় ভ্রাতাকে কহিলাম, সম্বর তাঁহারা উভয়ে আমার নিকট আসিলেন। রাইফল হত্তে ধরিলেন ও জিজ্ঞাসা করিলেন, "কই ?" বাঘটি দেখিতে পাওয়া বড়

সহজ ছিল না। তাহার চতুপার্শে লতা, পাতায় আরত ছিল। আমি একটি কুল * কল্পর লইয়া সেইখানে ফেলিয়া দিলাম। কে জানিত বাঘ এমত ভয়ানক জল্প! লোক, কোলাহল, অস্ত্র, শস্ত্র তৃণধৎ জ্ঞান করে ! কন্ধরটী তাহার গাত্রে স্পর্শ করিতে না করিতে একটি ছবার দিয়া উচ্চ লম্ফ ত্যাগ করিয়া বন কম্পিত করিল। 🍫 শিকারীর হস্ত হইতে অস্ত্র পড়িয়া গেল, কত হাকোয়া বনে লুকাইল, কত কড পক্ষী কেকা রবে বৃক্ষে বৃক্ষে উড়িতে লাগিল। ব্যাঘ্র আবার একটি নিভৃত স্থানে লুকাইল। আমরা পশ্চাৎ ভাগে আসিয়া দাঁড়াইলাম। কিয়ৎকাল পরেই দেখা গেল শ্রাম পিয়ারি ও মতি গন্ধ নামক ছইটি শিকারী হস্তিপৃষ্ঠে ব্যাম্বের গুপ্ত গুহা অমুসদ্ধানে আসিতেছে। একজন মাহুতের দৃষ্টি আমাদের দিকে পড়িল। আমরা ইঙ্গিত করিয়া দিলাম। অনিচ্ছা পূর্বক শনৈঃ শনৈঃ হস্তিষয় সেই দিকে চালিত হইল। হস্তী ছই একপদ অগ্রসর হয় আবার কি এক ভয়ানক দ্রাণ পাইয়াই হউক, বা অন্ম কারণ বশত:ই হউক ফুৎকাব করিয়া হেলিতে ছলিতে আরোহীদলকে প্রায় ফেলিয়া প্রস্থান করিবার চেষ্টা করে; কিন্তু ঘন ঘন অক্সশাঘাতে প্রত্যাগত হইয়া নির্দিষ্ট ডুবরীতলে আনীত হয়। একবার হস্তিষয় উভয়ে চীৎকার করিয়া উঠিল। অমনি গোপনীয় গুহা হইতে ব্যাঘ্র পুনর্বার, গর্জ্জন পূর্ব্বক লক্ষ প্রদান করিয়া একবারে ক্ষুদ্রতর করীটির শুণ্ড সজোরে টানিল, হস্তীর বাছা অমনি কর পাতিলেন, শিকারীবা আশেপাশে পড়িয়া গেল, মাহুতপুত্র বৃহৎ হস্তিকর্ণপাশে লুকাইল। এমন সময়ে অমরেন্দ্র বাহাছরের বন্দুক হইতে একটি গুলি ব্যাত্মের কর্ণমূলে লাগিল, এই সময় নরেন্দ্র বীর আর একটি গুলি প্রয়োগ করিলেন। "বাঘ মরিয়াছে" "বাঘ মরিয়াছে" বলিয়া চতুর্দ্দিকে শব্দ হইল। ব্যাঘ্রটী মৃতপ্রায় পত্তিত হইল, কিঞ্চিৎ দূর হইতে অমরেন্দ্র বাবু আর একটি গুলি করিলেন; তাহাতেই যেন মৃত জম্ভ জীবন প্রাপ্ত হইয়া লক্ষ ত্যাগ করিয়া একবাবে অমর বাবুর উরুদেশে মরণ কামড় দিয়া তাঁহাকে पृत्रिभाग्नी कतिल। "शग्न! कि श्रेल!" ठातिमित्क त्करल এই भक्ष श्रेट्रांड माशिम ।

াবীর পুরুষের হতাশ নাই; পড়িবার সময় অমর বাবু ব্যান্তের গলার উপর পড়িয়াছিলেন, অমনি পৃষ্ঠদেশ হইতে বৃহৎ ছুরিকা টানিয়া এক প্রহারেই তলদেশ হইতে ব্যান্তের গলদেশের অর্ধভাগ পার করিয়া দিলেন, যাহা কিছু বাকি ছিল রঘুবীর পশ্চাৎ হইতে নিকটে আসিয়া শেষ করিল। একটি পেশোয়ারি কারসি বয়েত অন্ধিত কিরীচফলক আমূল পর্যান্ত ব্যান্তের পার্শদেশে প্রবিষ্ট করিয়া বহির্গত করিল। তাহার সঙ্গে সঙ্গে শ্বাপদের নাড়ী ভূঁড়ী সমন্ত বাহির হইয়া পড়িল। ব্যান্ত এখন নিশান্ত, মৃত শব মাত্র!

আমি এখন উচ্চ স্থান হইতে অবতরণ করিলাম ও একটি ক্ষুত্র ছড়ি হস্তে লইয়া মৃত ব্যন্তকে টুক টুক করিয়া কয়েকটিবার প্রহার করিলাম। বাটীতে যাইয়া গল্প করিতে পারিব যে, আমিও বাাত্র মারিয়াছি। পাঠক আমার কথা শুনিয়া হাসিতেছ ? তোমরা কি গল্পচ্ছলে দিল্লী জয় কর না ? বাঘ মার না ?

আমার বীরত্ব দেখিয়া অমরেন্দ্র আপনার ব্যথা ভূলিয়া মুচকি মুচকি হাসিতেছেন। তাঁহার জখম তাদৃশ গুরুতর হয় নাই তথাপি রক্ত অনর্গল পড়িতেছিল। সত্বর আহত স্থান বন্ধন করা হইল। প্রায় পঞ্চ ক্রোশ পথ যাইতে হইবে। আর বিলম্ব করা হইবে না কাহার কথা না শুনিয়া আবার অশ্বারোহী হইলেন। একজন সওয়ারকে অগ্রে শিকারের সম্বাদ দিবার জ্বস্থা মহাশয়ের নিকট শ্বরিত প্রেরণ করিলেন। রঘুবীরকে একথান পাগড়িও রক্তত বলয় এক যোড়া পুরস্কার দিবার জ্বকুম হইল। মৃত ব্যান্ত্রটি হাতীর পৃষ্ঠে বোঝাই হইল। আমাদের অশ্বশ্রেণী শ্রীনগরাভিমুখে ধাবিত হইল।

ভিন ক্রোশ আদিয়া রমণা পার হওয়া গেল। জলে জঙ্গলে যে দিকে ঋজু পথ সেইদিকেই অশ্ব চালিত হইতেছে। ঘর্মে অশ্ব স্নাত, সেই ঘর্মে তাপ উঠিতেছে। অশ্বমুখে লোহখানিতে ফেণা উঠিতেছে। নাসারক্র বিস্তার করিয়া লোহিত বর্ণ অশ্বদল দৌড়িতেছে। সকলের কোতৃকের বিষয় এই যে আমিও আমার ঘোড়ায় বৃহৎ অশ্ব স্থানিপুণ আরোহীদের সহিত সমধাববান হইয়াছি। এখন শান্তিপুর ও জ্রীনগরের মধ্য প্রান্তরে যে কৃষ্ম নদী ছুটিতেছিল, তাহার কৃলে কৃলে আমরা যাইতেছিলাম; ছায়াহীন বিস্তৃত শস্তক্ষেত্র মধ্য দিয়া পথ। স্থ্য প্রথর হইয়া উঠিতেছে, বোধ হইল যেন অমরেক্র নাথের ব্যথা বৃদ্ধি হইতেছে, অমর বাবুর মুখ্জী কিঞ্চিৎ মলিন বোধ হইতেছে, তিনি আহত শরীরে ক্লান্তি বোধ করিতেছেন, অমরেক্র কহিলেন, "সম্মুখে ঐ নদীর তটে কৃটারটি কার ?" এক সওয়ার কহিল, "তর্কালন্ধার মহাশয়ের আবাসভূমি"।

অম। আমি তাই ভাবিয়াছিলাম। শ্রীনগর এখান হইতে কত দুর ?

সওয়ার। প্রায় ছই ক্রোশ। অমর বাবু কহিলেন, "আমি ভর্কালয়ার
মহালয়ের আশ্রমে একবার আরাম করি। ভোমরা সকলে যাও, অপর কোন
যান লইয়া আইস। সকলে শ্রীনগরাভিমুখে চলিল কেবল একটি বিশ্বস্ত ভৃত্যসহিত
অমরেশ্রনাথ ভর্কালয়ারের গৃহমুখে চলিলেন, গঙ্গাধরও ক্লাস্ত হইয়াছেন, সুভরাং
ভাহার সঙ্গী হইলেন। রোজনামচায় নৃতন সম্বাদের দিকে আমার সর্ববদাই
দৃষ্টি। ভাবিলাম সঙ্গে যাই ছই এক নৃতন বিষয় দেখিব। নৃতন কথা শুনিবই
শুনিব।

পৃঞ্চবিংশ পরিচ্ছেদ

"খুলিল মনের ছার না লাগে কপাট"

সামাজিক ঘটনাস্ত্রের পাক-জাল খুলিতে কোন শান্ত্রীই আজ পর্য্যস্ত সক্ষম নহেন; বাহ্য জগতের বাণিজ্য ব্যবসায়ের ছই একটি সামাস্য ঘটনার উদাহরণ দিয়াই ইদানীস্তন সমাজশান্ত্রপ্রবর্তক মহাত্মারা সম্ভষ্ট হইয়াছেন, কিছু সামাজিক ঘটনার দীর্ঘ সূত্র আজ পর্য্যস্ত মানবপরিমিতির সাধ্যাতীত। কি হইতে কি হয়! পাশক্রীড়া হইতে কুরুক্ষেত্রের যুদ্ধ। নৃশংস মৃগয়াপরিশিষ্টে স্বর্গীয় নির্মাল প্রণয়ের উৎপত্তি। মৃগয়ার শেষেই পুরুরবা উর্ব্বসী লাভ করেন—ছম্মস্ত নিছলঙ্ক শকুন্তলার প্রণয়পাশে বদ্ধ হন—আজ আবার শিকার খেলাস্তে অমরেক্সনাপ কাদস্থিনীর সরল কটাক্ষকলে চিরবদ্ধ হইলেন, তাহাতেই আবার শান্তিপুরে শান্তির ভিত্তি পত্তন হইল।

বাঘ মারিয়া আমরা তর্কালন্ধার মহাশয়ের আশ্রমাভিমূখে আসিয়া তাঁহার অটবী নিকট পৌছিলাম। স্থানটি বম্য। উত্তর পার্শ্বে নদী; অপর তিন দিকে বিস্তৃত হরিতময় শস্তক্ষেত্র। পূর্ব্বদিকে প্রথমতঃ একটি চতুম্পাঠী, তাহার পশ্চিমে নারাগণের প্রাচীরবেপ্টিভ আবাসস্থান; তাহার পশ্চিমে একটি বৃহৎ অটবী, আম্র, পনসের অনেকগুলি স্থন্দর তরু; একপার্শ্বে কতকগুলি কদলি বৃক্ষ ও নিত্যপূঞ্জোপকরণ পুষ্পপ্রদায়ী জবা, করবী, বেল, চামেলি বেলা, যূঁই বৃক্ষ। উত্যানের প্রান্তরে ঈশান কোণে একধারে নদীকূলে একটি বৃহচ্ছায়াশালী মালতি-লতাবেষ্টিত পুরাতন বটবৃক্ষ। সেই বটবৃক্ষের প্রকাণ্ড শাখাতলে একটা বেদি, ফুল, ফল, সুগন্ধ চন্দন প্রভৃতি উপচারে সুশোভিত। বেদির কিঞ্চিৎ দূরে একটি বৃদ্ধ মালভিতলে, নীলাম্বরপরিধানা মুক্তকেশী একটি পদ্মমুখী এক হস্তে পুষ্পপাত্র ও অক্স হস্তে একটি আকর্ষণী ধরিয়া স্থগোল কাঞ্চন আভাময় বাছ উত্তোলন করিয়া পুষ্পশাখা টানিতেছেন। এই ছবিটি সর্ব্বাগ্রে অমরেন্দ্র নাথের নয়নপথে পড়িল। তিনি কি ভাবিতেছিলেন বলিতে পারি না—আমার বোধ হইল, যেন হিমালয়ে জাহ্নবীতটে পতিপ্রাপ্তি কামনায় ভগবতী পুষ্পাচয়ন করিতেন এই কুলকামিনীও সেইরূপ কোন নিগৃঢ় কামনায় এখানে পূজার আয়োজন করিতেছেন। অমরেক্রনাথ কহিলেন, "এই তর্কলন্ধার মহাশয়ের পবিত্র গৃহ, এইখানেই আরাম করা যাউক।" গৃহ হইতে তর্কালন্ধার মহাশয় এই বাক্য ভনিয়াই কহিলেন, "অহো ! ভাগ্য ! কে অমরে<u>ক্র</u> নাথ বাবু ! আমুন আমুন মুখঞ্জী একবারে পরিয়ান দেখিতেছি কেন ?" এই কথ। কহিতে কহিতে একটি

বংশছিলকা নির্দ্মিত কপাট খুলিলেন। তর্কালম্বার মহাশয় শশব্যস্ত ; ব্রাহ্মণেরা লোভী আর দক্ষিণাপ্রিয়, কিন্তু অতিথি সংকারে, অন্নদানে কখন কাতর নহেন। বিশেষ অমরেন্দ্র তাঁহার গোগীপালক; এই উপ্তান এই ব্রহ্মোত্তর তাঁহারই পিতা আগুতোষ বাবুর দত্ত। অমরেন্দ্রবাবুকে কিসে আপ্যায়িত করিবেন, এই ভাবিয়াই তর্কালম্বার মহাশয় ব্যস্ত, বেদির দিকট যে জলপাত্র ছিল, তাহা স্বয়ং লইয়া অমরেন্দ্রের মুখে সিঞ্চন করিলেন; পরক্ষণেই হুই তিনটি চতুম্পাটির ছাত্র ধুরিয়া একটি ক্ষুদ্র খাট আনিয়া বটতলে সংস্থাপিত করিলেন ৷ তর্কালকার মহাশয় कहिशा छेठित्नन, "कामश्विनी, मा! बनमानश जूमि এकान्छ वानिका नब्छा कि मा ?" क्रुष घरकत्क कामश्रिनी नमीजीरत शीरत शीरत शमन कतिरामन, व्यमस्त्रस्थनाथ এখন শ্যাশায়ী, নদীর দিকে তাঁহার দৃষ্টি। মুক্তকেশরী মরালগমন সন্দর্শনে তাঁহার নয়ন তুপ্ত হইতে লাগিল; বোধ হইল, যেন দেখিতে দেখিতে ব্যথার অর্দ্ধেক লাঘব হইল। শীতল বটচ্ছায়াতে হউক, বা শ্রামা স্ত্রী সন্দর্শনে হউক, 🚮 ক্লাস্থি বশতই হউক, স্বল্পকাল মধ্যেই অমরেন্দ্র নিদ্রিত হইলেন। কিঞ্চিৎ কাল পরে একজন চিকিৎসক লাউসেন দত্ত শ্রীনগর হইতে উপস্থিত হইলেন, তিনি অতি ষত্নে আহত স্থান দেখিলেন, ও প্রক্ষালিত করিয়া বন্ধন করিলেন। তুই এক বার মস্তক হেলাইলেন, মনে করিলেন, আঘাত নিতাম্ভ সহজ নহে, পুনর্কার বাঘের বিষ নামাইবার জন্ম মন্ত্র উচ্চারণ করিলেন, ঝাড়িলেন, ফুকিলেন, ধূলা ছড়াইলেন, আবার কহিলেন, বাবুর নিজা ইচ্ছা থাকে কিঞ্ছিংকাল এখানে আরাম করুন। সকলেই উন্থান হইতে বাহিরে আসিল, তর্কালম্বার অনতিদূরে বেদিপার্শ্বে উপবেশন করিয়া স্বস্ত্যয়নে নিযুক্ত হইলেন, ওাঁহারই অনুমত্যনুসারে কাদম্বিনী তালবৃদ্ধ লইয়া ব্যঙ্গন করিতে লাগিলেন, কিঞ্চিৎকাল পরেই অমরেন্দ্রনাথের তন্ত্রা ভঙ্গ হইলে নয়ন উদ্মীলন করিয়া দেখিলেন, সম্মুখে তালবৃদ্ধ হত্তে মুক্তকেশী দণ্ডায়মানা। এ মিলন অরুণ উষার মিলন!

"নিত্য নব, নিভ্য হাসে, হাসায় স্বগতে"

অমরেক্স হস্ত প্রসার করিয়া কহিলেন, "ধর, আমি বসিব।" মৃক্তকেশী বেন মনের কোন অনিবার্য্য ভাবোজকে অমরেক্সের ব্যথায় একান্ত ব্যথিত হইয়া করাবলম্বনে তাঁহাকে বসিতে সহায়তা করিলেন, করম্পর্শ স্থাপাভে অমরেক্সনাথ ভেন্ধীয়ান্ হইলেন, ব্যান্সকে ধক্সবাদ দিলেন। আহত স্থান যেন এককালে ব্যথাচ্যুত হইয়াছে বোধ হইল।

এদিকে সন্তানের বিপদ সংবাদে আশুতোষবাবু একান্ত অন্থির হইয়া বরং তর্কালকার মহাশয়ের গ্রামে আসিলেন, কিন্তু তিনি অধ্যাপক মহাশয়ের ভজাসন বা উত্থানে প্রবেশ করিলেন না। যথন এই সকল ভূমি তর্কালয়ার মহাশয়কে দান করিয়াছেন, তখন তিনি স্বয়ং বা তাহার উত্তরাধিকারীগণ ভবিয়তে কেহ কখন সেই সীমামধ্যে পদার্পণ করিলৈ পতিত হইতে হইবে, কাল্লেই অক্সন্থানে একটি নিম্ব বৃক্ষতলে দাঁড়াইয়া রহিলেন; কিন্তু অমরেন্দ্রনাথ তর্কালয়ারের ব্রহ্মস্ব বৃত্তিতে প্রবেশ করিয়াছেন দেখিয়া বড় কট্ট পাইলেন, শেষ দীর্ঘসাস ত্যাগ করিয়া সহর অমরেন্দ্রনাথকে তাঁহার নিকট আনিতে বলিলেন; তাঁহার আগমন বার্ছা শুনিবামাত্র তর্কালয়ার মহাশয় নিকট আসিয়া কহিলেন, "কোন চিন্তা নাই, সামাম্মু একটু ব্যথা হইয়াছে মাত্র, সপ্তাহ মধ্যে আরোগ্য হইবে।" আশুতোষ বাব্ কহিলেন "সে মহাশয়ের আশীর্কাদ—এখন আর একটি অনিষ্ট দেখিতেছি।, আপনি স্বরণ করিয়া দেন নাই যে, এ স্থান আমাদের প্রবেশ নিষিদ্ধ; অমরেন্দ্রকে কেন আপনার অধিকারের মধ্যে যাইতে অনুমতি দিলেন ?" তর্কালয়ারের হাসি রাখিতে জায়গা নাই, একটি বচন পাঠ করিলেন ও কহিলেন, "ইহার আর দ্বিশুণ স্থান দান করিলেই ত প্রায়শ্চিত্ত হইতে পারে।" আপাততঃ আশুতোক্ষ্ বাবু কোন উত্তর দিলেন না।

এদিকে অমরেন্দ্র নাথ শয্যা ত্যাগ করিয়া শিবিকাতে উঠিতে ইচ্ছা করিতে ছেন, আবার মনে মনে এ চিরস্মরণীয় স্থান ত্যাগ করিতেও অনিচ্ছুক; কাতরভাবে বলিলেন "এই ব্যথার স্থানটি আর একবার ধুইয়া ভাল করে বান্ধিয়া লইলে ভাল হয়, কে বান্ধিবে ? গঙ্গু তুমি পাবিবে ? তোমার নিতান্ত কোমল হাত।" আমি কহিলাম, "এই মুক্তকেশী দিদির হাত আরও কোমল, দিদি দাও তো।" উভয়ের মনের মত কথা হইল বলিয়া বোধ হইল। মুক্তকেশীর সুকুমার হস্ত ধারা আহতন্থান ধৌত হইল। বস্ত্র বন্ধন সমাধা হইলে অমরেন্দ্র ভাবিলেন, "আর ব্যথা নাই," বসিলেন, দাঁড়াইলেন, ছই এক পদ চলিলেন; আবার কহিলেন "কেমন বন্ধন? খুলে গেল।" আমি কহিলাম, মুক্তকেশী দিদি আবার বেন্ধে, দাও। এবার অমরেন্দ্রনাথ দণ্ডায়মান, মুক্তকেশী পদতলে উপবিষ্ট; কোমল হস্তযুগলে পাদস্পর্শ করিয়া শুল্র বন্ধাংশ বন্ধন করিতেছেন। বোধ হইতেছে যেন চন্দ্রশেধরের পদপার্শ্বে মোহিনী মূর্ত্তিধারিণী উমাস্থন্দরী মর্ত্তে অবতীর্ণা। এমন শ্রীমান শ্রীমতীর এক স্থানে মিলন বিরল। এখন বন্ধন শেষ হইল, মনেও মন বাধা পড়িল, অমরেন্দ্রনাথ পাত্রিতে শুইলেন, তর্কালন্ধার আশীর্কাদ করিলেন, ও ক্র উর্ত্তোলন করিয়া কহিতে লাগিলেন।

ধেহবংস প্রযুক্তা বৃষ, গজ, তুরগা, দক্ষিণে তপ্ত বহি। দিব্য স্ত্রী, পূর্ণ কুন্ধ, দিক নূপ গণিকা পুস্প মালা পভাকা। সন্য মাংস স্বতৌবা, দধি রক্ত কাঞ্চন , শুক্ত ধাক্ত দৃষ্টা স্বস্তা পঠিতা মানসে এছি কাম: ।

সকলে আশ্রম হইতে বহির্গত হইলেন। তর্কালন্ধার মহাশয় আশুতোষ বাবুর নিকট আগত হইলেন; সকলেই উৎসাহিত কেবল দেখিলাম, মুক্তকেশী নিমেষশৃষ্য লোচনে অমরেশ্রনাথের দিকে যেন কিঞ্চিৎ হতাশ বদনে চাহিতেছেন।

আমি কিঞ্চিৎ দূর যাইয়া ভাবিলাম, এ মৃক্তকেশী কে ? তর্কালয়ার মহাশয় কৈহেন, তাঁহার শিশ্যকত্যা। আমি ইহাকে আর কোপাও দেখিয়াছি। সেই গঞ্জাননের চণ্ডীর মন্দিরে ইনিই না আলপনা দিতেছিলেন ? না আর কোপাও দেখিয়া থাকিব, আভাষমাত্র স্মরণ হইল ইনিই বোধ হয় ছয়বেশী কুলকামিনী সেই কাদম্বিনী, দাঙ্গার সময় ইহাকেই না বাবু শিবসহায় সিংহের অট্টালিকায় দেখি! বিসর্জনের দিন এই রত্ন হারাইয়াই অমরেক্সনাথ কি অন্থির হইয়াছিলেন ?

वर्छ वर्ष : मनम नःस्ता



নক শিখসম্প্রদায়ের প্রতিষ্ঠাতা, গোবিন্দ সিংহ শিখসম্প্রদায়ের উন্নতিবিধাতা। নানকের সময়ে শিখগণ একটি বিশেষ সম্প্রদায়নিবদ্ধ হইয়া
পরমাত্মসংযত যোগীর স্থায় আপনাদের ধর্মপদ্ধতি অমুমোদিত কার্য্য সম্পাদনে
ব্যাপৃত থাকে; গোবিন্দ সিংহের সময়ে শিখসমাজে রাজনৈতিক সাধারণতন্ত্রের
স্ত্রপাত হয়। আমরা নানকের বিবরণ বঙ্গদর্শনের পাঠকবর্গকে উপহার দিয়াছি,
এক্ষণে শিখদিগেব রাজনৈতিক সাধারণতন্ত্রের প্রতিষ্ঠাতা গোবিন্দ সিংহের বিবরণ
লইয়া তাহাদের সমক্ষে উপস্থিত হইতেছি।

১৫৩৯ খ্রীষ্টাব্দে নানকের মৃত্যু হইলে অঙ্গদ নামে তাঁহার একজন প্রধান শিষ্য শিখদিগের গুরু হন। অঙ্গদের পর অমরদাস ও রামদাস যথাক্রমে শিখ সম্প্রদায়ের অধিনায়কতা করেন। চতুর্থ গুরুর নাম অর্জ্জ্ন মল। এপর্য্যন্ত যে যে ব্যক্তি শিখদের গুরু হন, তাঁহাদের মধ্যে অর্জুনেরই নানকের প্রচারিত ধর্মশাস্ত্রে বিশিষ্ট অধিকার ছিল। অর্জ্জুন আপনাদের ধর্মপুস্তক আদিগ্রন্থ একত্র সংগৃহীত ও विधिवक करतन। এই সময়ে জহাঙ্গীরের পুত্র খসরু বিদ্রোহী হইয়া পঞ্চাবে বাস করিতেছিলেন, অর্জুন তাঁহার অমুকূলে আপনাদের ধর্মামুশাসনের অমুমোদিত * কোন কার্য্যের অমুষ্ঠান করাতে জহাঙ্গীর তাহাকে দিল্লীতে আনিয়া কারাবদ্ধ করেন। ১৬০৬ খ্রীষ্টাব্দে কারাগারের কষ্টে অথবা ঘাতকদিগের কুঠারাঘাতে আর্চ্চনের মৃত্যু হয়। আর্চ্চনের মৃত্যুর পর তাঁহার পুত্র হরগোবিন্দ গুরুর পদ পিতার শোচনীয় হত্যাকাণ্ডে মুসলমানদিগের প্রতি হর-গোবিন্দের মর্মান্তিক বিদ্বেব জন্মে। প্রতিহিংসা বৃত্তি হরগোবিন্দকে অস্ত্রধারণও ষুদ্ধকার্য্যে উত্তেজিত করিয়া তুলে। হরগোবিন্দ সর্ববদা ছইখানি ভরবারি ধারণ করিতেন, কেহ ইহার কারণ জিজ্ঞাসিলে তিনি অমান বদনে উত্তর দিতেন। ''এক-খানি পিতার অপঘাত মৃত্যুর প্রতিশোধের জন্ম, অক্স খানি মৃবলমানদের শাসন

ষ্ট্রেচ্ছদের জ্বন্স রক্ষিত হইতেছে।" হরগোবিন্দই শিখসমাজে অস্ত্রশিক্ষার প্রথম প্রবর্ত্তক।

হরগোবিন্দের পাঁচ পুত্র শুরুদিত্য, সুরতিসিংহ, তেজ্ববাহাত্বর, অন্নরায় ও অটলরায়। ইহাদের মধ্যে পিতার জীবদ্দশাতেই সর্বজ্ঞান্তির মৃত্যু হয়। শেষ ছাইজন অপুত্রক অবস্থায় পরলোকগত হন, এবং অবশিষ্ট ছাইজন মুসলমানদের অত্যাচারে পাঞ্জাবের উত্তরবর্ত্তী পার্ববিত্য প্রদেশে আশ্রুয় গ্রহণ করেন। শুরুদিত্যের দাহর মল ও হররায় নামে ছাই পুত্র ছিল। ইহার মধ্যে দিতীয়টী হর্বগোবিন্দের পদ গ্রহণ করেন। ১৬৬১ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হইলে তদীয় ছাই পুত্র রামরায় ও হরেকুফের মধ্যে শুরুর পদ লইয়া মহাগোলযোগ আরম্ভ হয়। কোন প্রকারে এই গোলযোগের মীমাংসা না হওয়াতে উভয় পক্ষ দিল্লীতে গমন করেন। সম্রাট্ অওরংজ্বেব শিখদিগকে আপনাদের শুরু নির্ববাচন করিয়া লইতে অন্থমতি দেন। এই অন্থমতি ক্রমে শিখগণ হরেকুফকে আপনাদের শুরুর পদে বরণ করে। কিন্তু দিল্লী পরিত্যাগের পূর্বেব ১৬৬৪ খ্রীষ্টাব্দে বসন্তরোগে হরেকুফের মৃত্যু হয়; কাজেই রামরায় মনে করিলেন হরেকুফের অবর্ত্তমানে আমিই শুরুর পদে বরণ হইব কিন্তু শিখেরা তাঁহাকে গ্রহণ না করিয়া তাঁহার খুল্ল পিতামহ তেজ্ববাহাত্রকে শুরুক করিল।

হরগোবিন্দের নায় তেজবাহাত্রও কটুসহিষ্ণু ও পরিশ্রমশীল ছিলেন।
যখন শিখগণ তাঁহাকে গুরুরপদে বরণ করে, তখন টেগবাহাত্র নম্রভাবে কহিয়াছিলেন, তিনি হরগোবিন্দের অন্ত্রধারণ করিবার উপযুক্ত পাত্র নহেন। তাঁহাকে
অন্ত্রও বড় ধরিতে হইল না; রামরায়ের চক্রান্তজ্ঞালে তিনি জড়িত হইয়া কারাক্ষ
হইলেন। কারাগারে তাঁহার ত্ইবৎসর অতিবাহিত হয়। পরিশেষে তিনি জ্বয়পুররাজ জ্বসিংহের বিশেষ অনুগ্রহে মুক্তিলাভ করিয়া কিছুকাল আসাম, পাটনা
প্রভৃতি স্থানে অবস্থান করেন। যৎকালে ১৬৬১ খ্রীষ্টাব্দে পাটনা নগরে বাস
করেন তৎকালে তাঁহার এক পুত্র সম্ভান জ্বয়ে। সেই পুত্র গুরুগোবিন্দ।

তেজ্ববাহাত্ব নানাস্থান ভ্রমণ করিয়া শেষ আবার পঞ্চাবে উপনীত হন।
পঞ্চাবে প্রভ্যাবৃত্ত হইলে তেজবাহাত্ব দিল্লীখরের বিরাগভাজন হইয়া উঠেন।
ভাহার বিরুদ্ধে সৈক্ত প্রেরিভ হয়। তৎকর্তৃক তেজবাহাত্ব পরাজিত ও বন্দীভূত
হইয়া দিল্লীতে আনীত হইলে অওবক্সজেব তাঁহার মৃত্যুদণ্ড ব্যবস্থা করেন।

দিল্লীতে গমন সময়ে তেজবাহাত্র স্থীয় তনয় গোবিন্দকে পিতৃদন্ত তরবারি
দিরা গুরুর পদে বরণপূর্বক এই কথা বলিয়া যান যে, মৃত্যুর পর ভাঁছার দেহ যেন
শ্পাল কুকুরের ভক্ষ্য না হয়, এবং এক সময়ে যেন এই মৃত্যুর প্রতিশোধ দেওয়া

হয়। ১৬৭৫ খ্রীষ্টাব্দে ঘাতকদিগের হস্তে তাঁহার মৃত্যু হয়। ধর্মার অওরঙ্গল্পেৰ নিহত শিখগুরুর দেহ প্রকাশ্য রাস্তায় নিক্ষেপ করেন।

যখন তেজবাহাত্রের মৃত্যু হয়, তখন গোবিন্দ সিংহের বয়স পঞ্চদশ বৎসর
মাত্র। পিতার শোচনীয় হত্যাকাণ্ড স্বজ্ঞাতির ও স্বদেশের অধঃপতন গোবিন্দ
সিংহের মনে এমন গভীরভাবে অন্ধিত হইয়াছিল যে, যবনবিনাশ ও যবনরাজ্য
হইতে স্বদেশের উদ্ধার সাধনই তাঁহার জীবনের একমাত্র লক্ষ্য হইয়া উঠিল।
তিনি সকলকে একভূমিতে আনিয়া একটি মহাজ্ঞাতি করিতে কৃতসল্পন্ধ হইলেন
কিন্তু বয়সের অল্পতা ও মোগল শাসনকর্তৃগণের সাবধানতা প্রযুক্ত গোবিন্দ
পিতার মৃত্যুর অব্যবহিত পরেই এই সন্ধন্ন অনুসারে কার্য্য করিতে সমর্থ হন
নাই। যাহা হউক তিনি জনৈক নীচ জ্ঞাতীয় লোক দ্বারা পিতার শব আনাইয়া
প্রেতকৃত্য সম্পাদন পূর্বেক যমুনার তেইবর্ত্তী পার্ববত্য প্রদেশে গমন করেন। এই
স্থানে মৃগয়া, পারস্য ভাষা অধ্যয়ন ও স্বজ্ঞাতির গৌরব কাহিনী প্রবণে ওাঁহার
সময় অতিবাহিত হয়।

মোগল সাম্রাজ্য অওরঙ্গজেবের সময়েই সাতিশয় উৎকর্ষপ্রাপ্ত হয়। অও-রঙ্গজেব ছলে বলে ও কৌশলে অনেককে দিল্লীর শাসনাধীন করেন। যে কয়েকটী পরাক্রান্ত রাজ্য পূর্বের আপনাদের স্বাধীনতা রক্ষা করিয়াছিল, অওরঙ্গজেবের সমকালে তাহা নানা কারণে উচ্ছ্ ছাল ও ক্ষমতাশৃষ্ম হইয়া পড়ে। একদিকে প্রতাপ সিংহের অভাবে বাজপুতরাজ্য ক্ষীণতেজ হয়, অপর দিকে শিবজীর বিরহে নব অভ্যুদিত মহাবাষ্ট্রবাজ্য মস্তকশৃষ্ম হইয়া পড়ে। অত্তরঙ্গজেবের সময়ে শিবজীই কেবল স্বাধীনতার গৌরব রক্ষা করিয়াছিলেন, কিন্তু অসময়ে তাঁহার পরলোক প্রাপ্তি হওয়াতে মোগল রাজত্ব অনেকাংশে নিচ্চতক ও নিক্রছেগ হয়। শিবজির অভাবে অওরঙ্গজেবের প্রতাপ সকলেরই ভীতিস্থল হইয়া উঠে। মোগল সাম্রাজ্যের এই প্রতাপের সময়ে গোবিন্দ সিংহ শিখদিগের নৃতন রাজত্ব স্থাপন করিতে প্রবৃত্ত হন।

যমুনার পার্কত্য প্রদেশে অপরিজ্ঞাত অবস্থায় গোবিন্দ প্রায় বিংশতিবর্ষ যাপন করেন। ইহার মধ্যে তাঁহার অনেক শিশ্য সংগৃহীত হয়। গোবিন্দ এক্ষণে পঞ্জাবে আসিয়া এই শিশ্যদল লইয়া জীবনের মহৎ ব্রত সাধনে সমৃত্যত হইলেন। শিক্ষাদ্বারা তাঁহার অন্তকরণ প্রশস্ত হইয়াছিল, ভূয়োদর্শন তাঁহার বিচারশক্তি পরিমার্জ্জিত করিয়াছিল, এবং প্রগাঢ় কর্ত্বব্যজ্ঞান তাঁহার। যভাব সমৃত্যত করিয়াছিল, একণে একতা ও যার্থত্যাগ তাঁহার বীজ্কমন্ত্র হইল। তিনি সাধনায় অউল, সহিষ্ণুতায় অবিচলিত, ও মন্ত্র সিদ্ধিতে অনলস হইলেন। তিনি শিশ্যদিগের হাদরে

ৰুজুন তেজ্ব ও নৃতন সাহস সঞ্চারিত করিলেন। গোবিন্দ প্রবল পরাক্রাস্ত মোগল রাজকে বাস করিয়া সেই রাজকই বিপর্যান্ত করিতে কৃতসঙ্কর হইলেন এবং বন্ধমূল হিন্দু ধর্ম্মের আশ্রয়ক্ষেত্রে অভ্যুদিত হইয়া সেই ধর্মান্ত্র্শাসনেরই বিরুদ্ধাচরণ করিতে লাগিলেন।

গোবিন্দ সাহসী, কর্ত্তব্যপরায়ণ ও স্বন্ধাতিবৎসল ছিলেন। তিনি পৃথিবীর পাপাচার দেখিয়া হঃখ প্রকাশ করিতেন এবং বিধর্মীর অভ্যাচারে অপনাদের জীবন সন্ধটাপন্ন দেখিয়া ক্রোধ প্রকাশ করিতেন। তিনি জানিতেন, মানবজাতি সাধনাবলে মহৎকার্য্য সাধন করিতে পারে, তিনি বুঝিয়াছিলেন যে মানবী ইচ্ছার একাগ্রতা ও মানবহৃদয়ের তেজ্ববিতা সম্পাদনার্থ একণে প্রগাঢ় সাধনার সময় উপস্থিত হইয়াছে। তাঁহার স্মৃতি বিগত সময়ের ঋষি ও যোজ্বর্গের কার্য্যকলাপে পরিপূর্ণ থাকিত, তাঁহার কল্পনা পৃথিবীর শিক্ষাপথ সুপরিষ্কৃত কবিবার উপায় উদ্ভাবনায় নিয়োজিত থাকিত এবং তাঁহার অন্ত:করণ কুসংবারের স্তুদ্য আবরণ ভেদ করিতে সচেষ্ট থাকিত। শিষাদিগকে মহাসব করিবার জ্বন্থ ভাহাদের সম্মুখে ভূতপুর্ব্ব কাহিনী কীর্ত্তন করিতেন, দেবভাগণ কি প্রকার কট্ট স্বীকার করিয়া দৈত্যগণের উপর আধিপত্য করিয়াছেন, সিদ্ধগণ কি প্রকারে আপনাদের সম্প্রদায় প্রতিস্থাপিত করিয়াছেন, গোরক্ষনাথ ও রমানন্দ কি প্রকারে আপনাদের অমুশাসন প্রচারিত করিয়াছেন, মহম্মদ কিরূপ কষ্ট বিপত্তি অতিক্রম পূর্বক আপনাকে ঈশ্বর প্রেরিত বলিয়া লোকের মনের উপর আধিপত্য ক্রবিয়াভেন ইহাই ঠাহার বর্ণনীয় বিষয় ছিল। তিনি আপনাকে সর্ববশক্তিমান ঈশবের একজন ভূত্য বলিয়া নির্দ্দেশ করিতেন। তাঁহার মতে হিন্দু ও মুসলমানদিগের অনুমোদিত ক্রিয়াপদ্ধতি অকার্য্যকর, তাহার ধারণায় ঈশ্বরজ্ঞানে পুরলী অথবা ধর্মপ্রবর্ত্তকদিগের উপাসনা ক্ষুত্রভার পরিচায়ক। তিনি কছিতেন, ঈশ্বর কোন নির্দ্দিষ্ট প্রণালী অথবা কোন নির্দ্দিষ্ট পুস্তকে আবদ্ধ নছেন; জদয়ের সরলতা ও মনের সাধৃতাতেই তিনি বিরাশ করিতেছেন।

গোবিন্দ এইরূপে আপনার মত প্রচার করিলেন, এইরূপে তাঁহার নিয়গণ পৌরাণিক কাহিনী ও উদার উপদেশ প্রবণ করিরা মহাপ্রাণ ও মহাসম্ব হইতে লাগিল। গোবিন্দ যত্নপূর্ব্বক বেদাধ্যয়ন করিতেন, যত্নপূর্ব্বক বৈদিকতব ও বৈদিক ক্রিয়াকলাপের পর্য্যালোচনা করিছেন। ধর্মশাল্রের আলোচনা করিয়াও তিনি শারীরিক তেন্দবিতালাভের প্রতি উদাসীন হন নাই। কথিত আহে, তিনি লইল পর্বতে যাইয়া অর্জুনের বীর্ষ্য, অর্জুননের তেন্দবিতা লাভের নিমিন্ত গভীর তপস্তায় নিমন্ত থাকিতেন। ঈদৃশ আত্মসংযম ও ঈদৃশী গভীর ভিন্তার শিশ্ব-সমিতিতে গোবিন্দের সম্মান ক্রমেই বর্জিত হইতে লাগিল।

গোবিন্দ এক্ষণে নৃতন পদ্ধতিতে শিশসমাজ সংশোধিত করিতে প্রশ্বত্ত হইলেন। তিনি শিশুদিগকৈ একত্রিত করিয়া কহিলেন, "সর্ববাস্তঃকরণে একেশরের উপাসনা করিতে হইবে। কোঁনরূপ পার্থিব পদার্থ দ্বারা সেই সর্ববাস্তিমান্ পরমপিতার মাহাত্ম্য বিকৃত করা হইবে না। সকলেই সরল হাদয়ে ও একাস্ত মনে ঈশরের দিকে চাহিয়া থাকিবে, সকলেই একপ্রাণ হইয়া একতাস্ত্রে সম্বদ্ধ হইবে। এই সমাজে জাতির নিয়ম থাকিবে না, কুমর্য্যাদার প্রাধান্ত লক্ষিত্ত হইবে না। ইহাতে ব্রাহ্মণ ক্ষত্রিয়, বৈশ্ব শৃত্র, পণ্ডিত মূর্খ, ভত্ত ইতর সকলেই সমান ভাবে পরিগৃহীত হইবে, সকলেই এক পংক্তিতে এক হাঁড়িতে ভোজনকরিবে; ইহা হিন্দুদিগের ক্রিয়াপদ্ধতি মুসলমানদিগের ধর্মামুশাসন পরিত্যাগ করিবে, তুরুকদিগকে বিনাশ করিতে যতুপর থাকিবে, এবং সকলকেই সজীব ও সতেজ হইতে শিক্ষা দিবে।" গোবিন্দ ইহা কহিয়া স্বহস্তে একজন ব্রাহ্মণ একজনক্রিয় ও তিনজন শৃত্রজাতীয় বিশ্বস্ত শিয়ের গাত্রে চিনির সরবত প্রক্ষেপ করিয়া তাহাদিগকে "থালসা" বলিয়া সম্বোধন কহিলেন; এবং যুদ্ধকার্য্য ও বীরম্বের পরিচয় স্তক "সিংহ" উপাধি দিয়া আনন্দ প্রকাশ করিলেন। গোবিন্দ স্বয়ণ্ড "সিংহ" উপাধি গ্রহণ করিয়া গোবিন্দসিংহ নামে প্রস্থিক হইলেন।

গোবিন্দ সিংহ এইরূপে জাতিগত পার্থক্য দূর করিয়া সকলকেই এক সমভূমিতে অনায়ন করিলেন, এবং সকলের ইদ্যেই নৃতন জীবনীশক্তি ও নৃতন তেজ্ঞ
সঞ্চারিত করিলেন। জাতিভেদ রহিত হওয়াতে উচ্চ বর্ণের শিশ্বগণ প্রথমে
অসস্থোষ প্রকাশ করিয়াছিল, কিন্তু গোবিন্দ সিংহের তেজ্জ্বিতা ও কর্ত্ব্যকুশলতায়
সে অসস্থোষ দীর্ঘন্থায়ী হইল না। শিষ্যগণ গুরুর অনির্বচনীয় তেজামহিমা
দর্শনে আর বাঙ্ নিম্পত্তি না করিয়া যথানির্দিষ্ট কর্ত্ব্যপথে অগ্রসর হইতে লাগিল।
তাহারা একেশ্বরাদী হইয়া আদিগুরু নানক এবং তাহার উত্তরাধিকারিবর্গের প্রতি
যথোচিত সম্মান প্রদর্শন করিতে লাগিল, রাজ্পুতদিগের স্থায় সিংহ উপাধিতে
বিশেষিত হইয়া দীর্ঘকেশ ও দীর্ঘ শাক্ষ্ম রাখিতে লাগিল, এবং অস্ত্র শল্তে স্ম্পজ্জিত
হইয়া প্রকৃত যুদ্ধবীরের পদে সমাসীন হইল। তাহাদের পরিচ্ছদ নীলবর্ণ হইল।
"ওয়া! গুরুজ্জি কি খালসা! ওয়া! গুরুজ্জি কি কতে!" (গুরু কুত্বার্ষ্য
হউন, ক্যুজ্জী তাহাকে শোভিত করুক) তাহাদের সম্ভাবণ ৰাক্য হইল। গোবিন্দ

শারব্য ভাষা হইতে "ধালদা" শব্দের উৎপত্তি হইয়াছে। ইহার অর্থ পবিত্ত,
 বিমৃক্ত। বে ভূমির সহিত অপরের কোন সংশ্রব নাই সচরাচর সে ভূমিকে ধাল্দা বলা
 ধার। গুরু গোবিন্দ এই জন্ত শিধদিপের সাধারণ সংজ্ঞা "ধালদা" দেন।

[†] গোবিন্দ সিংহের প্রতিষ্ঠিত অকালী নামক শিখ সম্প্রদায় অভাপি নীলবর্ণের প্রিক্ষক ধারণ করিয়া থাকে।

সিংহ গুরুমঠ নামে একটি শাসন সমিতি প্রতিষ্ঠিত করিলেন। অমৃতসরে এই সমিতির অধিবেশন হইতে লাগিল। যাহাতে সর্ব্ব প্রকার কুসংস্কারের মৃলোচ্ছেদ হয়, যাহাতে শিখশাসন অস্তঃশক্র ও বহিঃশক্রর আক্রমণে অটল থাকে, সংক্রেপে যাহাতে একপ্রাণতা সমবেদনা প্রভৃতি শিখদিগের অস্থিতে অস্থিতে মজ্জায় মজ্জায় প্রসারিত হয়, তাহাই গুরুমঠের লক্ষ্য হইল।

গোবিন্দ সিংহ এইরূপে ধীরে ধীরে নৃতন উপাদান লইয়া নৃতন শিথসমাজ সংগঠিত করিলেন, এবং এইরূপে ধীরে ধীরে নবঅভ্যুদিত শিথসমাজে রাজনৈতিক সাধারণতম্ব স্থাপিত করিলেন। যে শিথগণ পরম্পর বিচ্ছিন্ন থাকিয়। সংযতিত্ত যোগীর স্থায় নিরীহভাবে কালাতিপাত করিত, তাহারা এক্ষণে একপ্রাণ হইয়া সাধারণতম্ব সমাজে সম্মিলিত হইল। গোবিন্দ সিংহ জীবনের এক সাধনায় স্মৃসিদ্ধ হইলেন; কিন্তু ইহা অপেক্ষা আর এক উৎকট সাধনা তাঁহার সম্মুখে পতিত রহিল। তিনি মোগলদিগের মধ্যে সশস্ত্র খালসাদিগকে "সিংহ" উপাধিতে বিশেষিত করিয়াছিলেন, ধর্মাদ্ধ পণ্ডিত ও পীরদিগের মধ্যে হিন্দু ও মুসলমানদিগকে এক সমাজে নিবেশিত করিয়াছিলেন, কিন্তু সম্মাটের সৈক্ষধ্বংস করিতে পারেন নাই। গোবিন্দ আসন্ধমৃত্যু পিতার বাক্য, পিতৃসমীপে নিজের প্রতিশ্রুতি স্মরণ করিলেন এবং কালবিলম্ব না করিয়া পিতৃহস্থা অত্যাচারি যবনদিগের বিরুদ্ধে অত্যুপ্রিত হইলেন।

ভারতবর্ধের সমৃদয় স্থলে শাসন বদ্ধমূল ছিল না। অন্তর্ধিন্তোহ প্রভৃতিতে
মোগলসাম্রাভ্য প্রায়ই ব্যতিব্যস্ত থাকিত। মোগলসাম্রাজ্যের সংস্থাপয়িতা বাবর
নিরুদ্ধের রাজ্যর করিতে পারেন নাই। তৎপুত্র হুমায়ূন পাঠানবংশোদ্ভব সের
সাহের পরাক্রমে রাজ্যতাভ়িত হইয়া দেশান্তরে বোড়শ বর্ষকাল অতিবাহিত করেন।
আকবর প্রগাঢ় রাজনীতিজ্ঞতা ও যুদ্ধকুশলতা প্রভাবে প্রায় পঞ্চাশৎ বর্ষকাল
ভারতবর্ষে আধিপত্য করেন। তাঁহার বিচক্ষণতায় হিন্দু ও মুসলমানদিগের মধ্যে
জাতিবৈর অনেকাংশে তিরোহিত হয়; তথাপি তাঁহাকে স্বায় তনয় সেলিমের
কঠোর ব্যবহারে ও বঙ্গদেশের বিজ্ঞাহে বিত্রত হইতে হইয়াছিল। সাজিহান
জীবদ্দশাতেই সিংহাসন লইয়া তনয়দিগকে পরস্পর বৃদ্ধ করিতে দেখেন, পরিশেষে
ইহাদের মধ্যে অধিকতর ক্ষমতাপদ্ধ অভরঙ্গজেবের ক্রেরাচারে কারাগারে আবদ্ধ
হন। অভরঙ্গজেব ধর্মান্ধতা ও কৃটিলতায় ভারত ইতিহাসে প্রসিদ্ধ। তাঁহার
কঠোর রাজনীতি অনেকেই তৎপ্রতি বিরক্ত ও হতজাদ্ধ হইয়া উঠেন। আক্বর
হিন্দু ও মুসলমানদিগকে পরস্পর প্রাত্তাবে মিলিত করিতে যে যত্ন করেন, সে
বত্ব অভরঙ্গজেবের রাজ্য হইতে সর্ববাংশে দুরীভৃত হয়। অভরঙ্গজেব নিজের
সন্দিশ্বতা, ধর্মান্ধতা ও কঠিন ব্যবহারে অনেক শক্র সংগ্রেছ করেন। একদিক্রে

হুর্গাদাস স্বজ্ঞাতির অপমানে উত্তেজিত হইয়া সমরাঙ্গণে অবতীর্ণ হন, অপরদিকে শিবজাী বিধর্মীর শাসনে উত্তাক্ত হইয়া স্বদেশীয়ের মূহ্যমান হৃদয়ে তাড়িত তেজ সঞ্চারিত করেন। এক্ষণে গোরিন্দিসিংহ পুনর্কার সেই তেজের উৎপত্তি করিয়া জাঠদিগের উপর নৃতন রাজ্য স্থাপন করিতে উত্তত হইলেন। তেজেস্বী শিখগুরুর এই অভ্যুত্থান অসাময়িক বা হঠকারিতাজনক বলিয়া বিবেচিত হইবে না।

গোবিন্দ সিংহ এই উৎকট সাধনায় সফল হইবার জ্বন্স আপনার সৈম্রাদিগকে এক এক দলে বিভক্ত করিয়া শিক্ষিত সৈহাশ্রেণীতে পরিণত করিলেন। অপেক্ষাকৃত বিশ্বস্ত ও উন্নত শিশুদিগের প্রতি এই সৈম্মদিগের অধিনায়কতা সমর্পিত হইল। এতদ্বতীত গোবিন্দ সিংহ শিক্ষিত পাঠানসৈক্ত আনিয়া আপনার দল পরিপুষ্ট করিলেন। শতক্র ও যমুনার মধ্যবর্ত্তী পর্বত সমূহের পাদদেশে তিনটী হুর্গ প্রতিষ্ঠাপিত হইল। নাহনের নিকটবর্ত্তী পবস্ত নামক স্থানে তাঁহার একটা সেনানিবাস ছিল, এই সেনানিবাস ব্যতীত তাঁহার পিতৃদেবের প্রতিষ্ঠিত আনন্দপুর মাখোয়ানে আর একটি আশ্রয়স্থান তাঁহার অধীনস্থ হয়। গোবিন্দ সিংহের তৃতীয় আশ্রয়ন্থান চম্পকুমার। ইহা শতক্রর তটে অবস্থিত। পার্ববত্য প্রদেশে সৈক্তস্থাপন পূর্ব্বক মোগলদিগের সহিত যুদ্ধ করা সুধিধান্তনক ভাবিয়া গোবিন্দ সিংহ ছুই ছুর্গ ও আশ্রয়স্থানসমূহ সুব্যবস্থিত করিয়া পার্ব্বত্যপ্রদেশের সদ্দারদিগের সহিত সম্মিলিত ও তাহাদের উপর আধিপতা বিস্তার করিতে করিলেন। এইরূপে ১৬৯৫ খ্রীষ্টাব্দে গোবিন্দ সিংহ বিধর্মী মোগলদিগের সহিত যুদ্ধ করিবার ব্যবস্থা কবেন। তিনি ধর্মপ্রচারক ও ধর্মোপদেষ্টা হইয়া নানাস্থান হইতে শিষ্য সংগ্রহ করিয়াছিলেন, এক্ষণে যুদ্ধবীর সেনানায়কের সমাসীন হইয়া সেনানিবেশ নিরাপদ ও তুর্গসমূহের শৃত্বলাবিধানে যত্নপর হইলেন।

নাহনের সর্দারের সহিত গোবিন্দ সিংহের প্রথম যুদ্ধ হয়। গোবিন্দের সেনাদলে যে সমস্ত পাঠান ছিল, বেতন বাকি পড়াতে তাহারা গোবিন্দ সিংহের সম্পত্তি লুঠ করিবার জক্ম শক্রর পক্ষ অবলম্বন করে। কিন্তু এই যুদ্ধে গোবিন্দ সিংহের জয়লাভ হয়। শিখগুরুর এই প্রথম কৃতকার্য্যতা দর্শনে অনেকেই আসিয়া গোবিন্দ সিংহের দল পরিপুষ্ট করে; ইহার কিয়ৎকাল পরে মিয়া খাঁ নামক জনৈক মোগল সর্দার নাদোনের রাজা ভীম চাঁদের সহিত যুদ্ধে প্রবৃত্ত হন। নাদোন রাজা বীনসরের উত্তর পশ্চিম ও জম্বুর দক্ষিণ পূর্বে অবস্থিত। জম্বুরাজ এই যুদ্ধে মিয়া খাঁর পক্ষ অবলম্বন করাতে ভীম চাঁদে গোবিন্দ সিংহের সাহাব্য প্রার্থনা করেন। গোবিন্দ সৈক্যগণ সমভিব্যাহারে ভীমচাঁদের সাহাব্যার্থ সমরস্থলে উপনীত হন।

এ যুদ্ধেও গোবিন্দ সিংহ ও ভীমচাঁদের সম্পূর্ণ জয়লাভ হয়। মোগল সর্দার ও জমুরাজ পরাজিত হইয়া শতক্র উত্তরণ পূর্বক পশ্চাদ্ধাবিত শক্রর হস্ত হইতে মৃক্তিলাভ করেন।

মিয়া খাঁর সহিত যুদ্ধের পর দিলির খাঁর পুদ্র গোবিন্দ সিংহের বিরুদ্ধে যাত্রা করেন কিন্তু শিখদিগের কৌশলে তাঁহাকেও অকৃতকার্য্য হইয়া প্রত্যাবর্ত্তন করিতে হয়। দিলির খাঁ পুদ্রের অকৃতকার্য্যতায় কুদ্ধ হইয়া সমুদয় সৈন্য সংগ্রহপূর্বক হুসেন খাঁকে প্রেরণ করেন। প্রথম যুদ্ধে শিখদিগের কয়েকটা হুর্গ হুসেনের অধিকৃত হয়। কিন্তু পরিশেষে হুসেনথা পরাজিত ও নিহত হন। গোবিন্দ সিংহ এই যুদ্ধের সময় উপস্থিত ছিলেন না, কেবল তাঁহার অকুচরগণই বিশিষ্ট পরাক্রম প্রকাশ করিয়া এই যুদ্ধে জয়ী হইয়াছিল।

গোবিন্দ সিংহ ও তাঁহার শিষ্যগণের এইরূপ পরাক্রম দর্শনে অওরঙ্গজ্ঞেব চিস্তিত ও ক্রুদ্ধ হইয়া লাহোর ও সর্হিন্দ প্রাদেশের শাসনকর্ত্তাকে ইহার প্রতিবিধান করিতে কঠোর ভাবে আদেশ কবিলেন। সম্রাটের এই কঠোর আজ্ঞায় এবার বুদ্ধের সমৃদ্ধ আয়োজন হইল। ১৭০১ অন্দে দিলির খাঁ ও রস্তম খাঁ গোবিন্দের বিরুদ্ধে যাত্রা করিলেন। অওরঙ্গজ্ঞেবের পুদ্র মোজাইমও ইহাদের সহিত সম্মিলিত হইলেন। এই সংবাদে শিষ্যগণের অনেকে ভীত হইয়া সন্নিহিত পর্বতে আজ্ঞায় লইল। গোবিন্দ সিংহ তাহাদিগকে ভীত্র বিদ্যা অনেক তিরস্কাব করিলেন, কিন্তু তাহারা নিবৃত্ত হইল না। অবশেষে ৪০ জন সাহসী শিখ গুত্রুর জন্ম আত্মপাণ উৎসর্গ করিতে প্রস্তুত্ত হইল। গোবিন্দ সিংহ আনন্দপুরে মোগল সৈম্মুকর্তৃক অবক্রম্ব হইলেন। তাঁহার মাতা ও স্ত্রী হুইটী শিশু সম্ভানের সহিত সর্হিন্দে পলায়ন করিলেন। কিন্তু শিশু সম্ভান হুইটী মুসলমানদিগের হস্তে পতিত হওয়াতে নির্দ্ধয়রূপে বিনষ্ট হইল। এদিকে গোবিন্দ সিংহ রাত্রিকালে মোগলসৈম্মগণের দৃষ্টি পরিহার করিয়া চম্পক্সমারে উপনীত হইলেন।

শত্রণণ চম্পকুমারও আক্রমণ করিল। এই আক্রমণে খোজা মহম্মদ ও লহর খাঁ মোগল সৈত্যের অধিনায়ক হন। যুদ্ধ আরম্ভ করিবার পূর্কে এই সেনাপতিদ্বয় গোবিন্দ সিংহকে আত্মসমর্পণ করিতে অমুরোধ করিয়া একজন দৃত প্রেরণ করেন। কিন্তু গোবিন্দ সিংহের পূক্র অজিত সিংহ আত্মসমর্পণের প্রস্তাবে কুদ্ধ হইয়া দৃতকে তিরস্কার পূর্কেক বিদায় দেন। দৃত তিরস্কৃত হইয়া শিবিরে প্রত্যাগত হইলে উভয় পক্ষে তুমুল যুদ্ধ উপস্থিত হয়। অজিত সিংহ বিশিষ্ট পরাক্রমের সহিত যুদ্ধ করিয়া নিহত হন। গোবিন্দ সিংহ জয়ের কোন সম্ভারনা না দেখিয়া অন্ধকার রাত্রিতে চম্পকুমার পরিত্যাপ করেন। প্রস্থান সময়ে ত্ইজন পাঠান তাঁহাকে দেখিতে পায়; এই পাঠানদ্বয় পুর্কে পোবিন্দ সিংহের নিকট উপকার পাইয়াছিল বলিষা এ সময়ে তাঁহার বিশেষ সাহায্য করে। গোবিন্দ সিংহ এইরূপে চম্পকুমার হইতে বিলোলপুরে উপনীত হন। এই স্থানে পীরমহম্মদ নামে একজন মুসলমানের সহিত তাঁহার সাক্ষাৎ হয়। গোবিন্দ সিংহ পীরমহম্মদের সহিত একসময়ে একত্র কোরাণ পাঠ করিয়াছিলেন, পীরমহম্মদ এজস্ম সহাধ্যায়ীর প্রতি বিশিষ্ট সৌজস্ম প্রদর্শন করেন। গোবিন্দ পীরমহম্মদদের সহিত আহার করিয়া ছদ্মবেশে ভাটিগুায় উপস্থিত হন। এই স্থানে শিষ্যগণ পুনর্কার যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া তাঁহার নিকট সমাগত হয়। গোবিন্দ শিষ্যদলসহকারে অমুসরণকারী মোগলদিগকে যুদ্ধে নিরস্ত করিয়া হালসী ও ফিরোজপুরের মধ্যবর্তী দমদমায় উপস্থিত হন। যে স্থানে গোবিন্দ সিংহ মোগলদিগকে তাড়িত করেন, সেই স্থান অন্থাপি "মুক্তার" নামে প্রসিদ্ধ আছে।

দমদমায় অবস্থানকালে গোবিন্দ সিংহ বিচিত্র নাটক ও একখানি ধর্মগ্রন্থ প্রণয়ন করেন। গোবিন্দ শিখদিগের দশম গুরু। এজগ্য তৎপ্রণীত পুস্তক "দশম পাৎসাকা গ্রন্থ" নামে প্রসিদ্ধ হয়। গোবিন্দ সিংহ যে সমস্ত যুদ্ধ করেন, বিচিত্র নাটকে তৎসমুদয় বর্ণনা আছে, এই বর্ণনা সাতিশয় ওজম্বী ও হৃদয়োদীপক। যাহা হউক; গোবিন্দ সিংহ যখন এইরূপ নির্জ্জনবাসে পুস্তক রচনাকার্য্যে ব্যাপুত ছিলেন তখন অওরঙ্গজেব তাঁহাকে নিজের নিকট উপস্থিত হইতে অমুরোধ করেন। কিন্তু গোবিন্দ এই অমুরোধ প্রথমে রক্ষা করেন নাই। প্রত্যুত মুণাসহকারে কহিয়াছিলেন তিনি সমাটের প্রতি কোনরূপ বিশ্বাস স্থাপন করিতে পারেন না। এক্ষণেও খালসাগণ সমাটের পূর্ববকৃত অপরাধের প্রতিশোধ লইবে। ইহার পর তিনি নানকের ধর্মসংস্কার, অর্জুন ও তেজবাহাত্বের শোচনীয় হত্যাকাণ্ড এবং নিজের অপুত্রকাবস্থার উল্লেখ করিয়া কহেন, "আমি এক্ষণে কোনরূপ পার্থিব বন্ধনে আবদ্ধ নই। স্থির চিত্তে মৃত্যুর প্রতীক্ষা করিতেছি। সেই রাজার রাজা অদ্বিতীয় সমাট্ ব্যতীত কেহই আমার ভীতিস্থল নহেন।" এই উত্তর পাইয়াও অওরঙ্গজেব তাঁহার সহিত সাক্ষাতে পুনর্ব্বার বিশেষ আগ্রহ প্রকাশ করেন। গোবিন্দ সিংহ এবার সাক্ষাৎ করিতে প্রস্তুত হন। কিন্তু তাঁহার পৌছিবার পূর্বেই বৃদ্ধ মোগল সম্রাটের পরলোকপ্রাপ্তি र्य ।

১৭০৭ খ্রীষ্টাব্দের ১লা কেব্রুয়ারি অওরক্সজেবের মৃত্যু হয়। তৎপুক্র মোজাইম "বাহাত্ব সা" নাম ধারণ করিয়া দিল্লীর শাসনদণ্ড গ্রহণ করেন। বাহাত্ব সা যখন তদীয় দ্রাতা কামবক্সের সহিত দক্ষিণাপথে যুদ্ধকার্য্যে ব্যাপৃত ছিলেন, তখন গোবিন্দ সিংহ তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আহুত হন। বাহাত্ব সা গোবিন্দের প্রতি বিলক্ষণ সমান ও সৌজন্য প্রদর্শন করিয়া তাঁছাকে সৈন্যাধ্যক্ষ পদে নিযুক্ত করেন। গোবিন্দ সিংহ এইরপে দিল্লীর সৈন্যাধ্যক্ষ হইয়া আপনার শিষ্যসম্প্রদায়ের শৃঙ্খলাবিধানে প্রবৃত্ত হইলেন। এই সময়ে তিনি জনৈক পাঠানের নিকট কতকগুলি ঘোটক ক্রয় করেন। ঘোটকের ম্ল্যের জন্য পাঠান একদা গোবিন্দ সিংহের প্রতি কঠোর ভাষা প্রয়োগ করে। গোবিন্দ এই অপমান সহিতে না পারিয়া পাঠানকে নিহত করেন। কিস্তু এই ঘটনার বিষয় নিহত পাঠানের পুজের মনে গাঢ়রূপে অঙ্কিত থাকে। একদা স্থোগ পাইয়া এই পাঠানতনয় গোবিন্দের শিবিরে প্রবেশ পূর্বক তাঁছাকে অস্ত্রাঘাত করে। এই আঘাতেই গোবিন্দ মানবলীলা সম্বরণ করেন। ১৭০৮ প্রীষ্টাব্দে গোদাবরীর তীরবর্ত্তী নাদর নামক স্থানে এই শোচনীয় কাশু সংঘটিত হয়। মৃত্যুর সময় গোবিন্দ অষ্টচন্বারিংশ বর্ষে উপনীত হইয়াছিলেন।

গোবিন্দ সিংহ শিখসমাজের জীবনদাতা। তাঁহার সময় হইতেই শিখগণ তেজন্বী বলিয়া সর্ববত্র বিখ্যাত হয়। গুরু নানক ধর্মসম্প্রদায়ের প্রবর্ত্তক বলিয়া প্রসিদ্ধ। কিন্তু গোবিন্দ সিংহ ধর্মসম্প্রদায়ের এক প্রণেতা ও রাজনৈতিক স্বাধীনতার নিদান। ভাঁহার উদ্দেশ্য মহৎ, ভাঁহার সাধনা গভীর, ভাঁহার বীরন্ধ অসাধারণ এবং তাঁহার মানসিক স্থিরতা অতুল্য। তিনি সমুদয় জাতিকে একতাসূত্রে আবদ্ধ ও এক ধর্মাক্রাস্ত করিতে প্রয়াস পাইয়া নিঞ্জের গভীর উদারতার পরিচয় দিয়াছেন। তিনি জাতীয় জীবনের গৌরব বৃঝিতে পারিয়া-ছিলেন, সকলে এক উদ্দেশ্যে একস্ত্রে আবদ্ধ না হইলে যে নিৰ্ম্কীৰ ভারতের উদ্ধার নাই, ইহা বিলক্ষণরূপে তাঁহার হাদয়ক্ষম হইয়াছিল। এইজন্যই তিনি হিন্দু ও মুসলমানকে একভূমিতে আনয়ন করেন, এই জন্যই ব্রাহ্মণ ক্ষত্রিয়, বৈশ্য, শৃদ্রকে একসূত্রে নিবদ্ধ করেন, এইজন্যই তিনি গর্ব্বসহকারে সম্রাট্ অওরঙ্গজেবকে नित्थन:- "जूमि जिन्मू क मूननमान कति उड़, कि बामि मूननमान किन्मू করিব। তুমি আপনাকে নিরাপদ ভাবিতেছ কিন্তু সাবধান! আমার শিক্ষাবলে চটক শ্রেনকে ভূতলে পাতিত করিবে।" তেজ্ববী শিখগুরুর এই তেজ্ববী বাক্য নিক্ষল হয় নাই, ভাঁহার মন্ত্রবলে চটকগণ যথার্থ শ্রেনকে যথোচিত শিক্ষা मियाटा ।

গোবিন্দ সিংহ আরও কিছুদিন জীবিত থাকিলে অনেক মহৎ কার্য্য সম্পন্ন করিয়া যাইতে পারিতেন। মহম্মদ নিরাপদে মদিনায় পলায়ন করিতে না পারিলে সমন্ত পৃথিবীর ইতিহাস বিপর্য্যন্ত হইয়া যাইত, গোবিন্দ, সিংহ আপনার মহামন্ত্র সাধনে প্রবৃত্ত না হইলে শিপদিগের নাম ইতিহাস হইতে বিলুপ্ত হইত।
যাহা হউক, গোবিন্দ সিংহ এই অল্ল বয়সে অল্ল সময়ের মধ্যে শিপসমাজে যে
জীবনীশক্তি, যে তেজ, ওজ্ববিতা প্রসারিত করেন তাহারই বলে নির্জ্জীব, নিশ্চেষ্ট,
নিক্ষিয় ভারতে শিপগণ আজ পর্যান্ত সজীব রহিয়াছে, তাহারই বলে রামনগর
ও চিলিয়ান ওয়ালার নাম আজ পর্যান্ত ইতিহাসপত্রে অক্ষরে অক্ষরে লিখিত
আছে।

গঙ্গাধরশত্মা ওরফে জটাধারীর রোডনাম্য

यष् विश्म পরিচেছদ

পরামর্শ

বসহায় সিংহ উচ্চ আদালতে অপিত হইয়াছেন, এই কথা দেশবিদেশে রাষ্ট্র হইল। সকলেই ত্বংখিত, কারণ শিবসহায়ের সহৃদয়তা ও সরলতায় সকলে মৃদ্ধ ছিলেন। কেবল গজাননের ও রঘুবীরের আনন্দের সীমা নাই; একে শক্রদমন হইবার সম্ভাবনা, তাহাতে আর একটি গুহু অভিসদ্ধি সাধনের বিলক্ষণ সুযোগ উপস্থিত। শিবসহায় নগরে গিয়াছেন, তাঁহার গৃহে কয়েকটি অবলা মহিলা মাত্র আছেন, কিন্তু তাঁহার গৃহ নানাবিধ দ্রব্যের ভাগুর। গজানন ভাবিতেছেন ডাকাতি করিলে কি হয় ? রঘুবীর মনে করিতেছেন একবার হকুম পাইবার অপেক্ষা। আজ শুক্লাইমী, জ্যোৎস্লা প্রায় দ্বিপ্রহর পর্যান্ত দীবিমান্ থাকিবে, তার পর অন্ধকার, অন্ধকারই ত ড়াকাতের সহায়; অন্ধকারে কার্য্য অনায়াসে সিদ্ধ হইবার সম্ভাবনা।

গোলাবাটীতে একটি মঞ্চে আৰু গল্পানন সন্ধ্যার পর বসিয়াছেন। বাহিরে কেহ আসিলে "দেওয়ানলী বাটীতে নাই" শুনিয়া চলিয়া যাইতেছে। সব নিস্তম্ম, প্রদীপ অলিতেছে না কেবল গোয়াল ঘরের মধ্যে "শুদ্ধু শুদ্ধু" বাক্য ও "ই কার ভূড়ভূড়ি" শব্দ হইতেছে। গল্পানন কহিলেন, রঘুবীর, আমার কভকগুলি টাকা বুখা অপচয় হইল, এই ব্রীলোকের অনুরোধে — একটি ছেলেখেলা বলিলেই হইল — কি না শুভচতী পূলায় শত টাকা ব্যয় হইয়া গেল!

রঘু। এক যাত্রাওয়ালাই ত শখানেক টাকা লয়ে গেল মহাশয়।

গ। তুমি সব খবর রাখ, ভৃত্যের দরদ না থাকিলে প্রভুর কখন কি ভাল হয় ? সে যা হবার হয়ে গেল, আবার বাবাজিকে—কি করি, কর্তামহালয়ের দুক্থা ঠেলিতে পারি না—রদেশে পাঠাইতে হইবে। রঘু। প্রায় পনর, বিশ ত্রিশ ক্রোশ। সেও ত আর অক শয়ের ধারা।

গ। এ সকল আঞ্চাম কিসে হয়, ঘরের টাকা ভেঙ্গে বাহিরের কাজ করা কর্ত্তব্য নয়। বাজে আদায়ের উপর দিয়ে গেলেই ভাল হয়।

রম্ব। আপনি একবার মহলে শুভাগমন করুন "এবার ধান আবাদ বেশ, প্রাঞ্জারা সা অন্ধ, একটি চাঁদার যোগাড় করুন" এই বলিয়া রঘুবীর একবার চতুম্পার্শ্ব দেখিল, আবার উঠিয়া প্রাঙ্গণের চতুম্পার্শে মায় গৃহের ফটক পর্য্যস্ত দৌড়িয়া দেখিয়া গেল ও আবার আরম্ভ করিল "কেহ কোধাও নাই।"

গ। ওদিকে কেহ কোথাও নাই।

त्र। कान रकना याक्।

গ। পাছে মাছি লাগে।

র। এ কি "নড়িস চড়িস পড়িস্ না, তেমন শিকারী কি আমি ?

গজানন কহিলেন, সেরপ শিকারীকে কি আমি শিকার করিতে বলি। যদি এদেশে ভোমার মত পালওয়ান, ভোমার মত খেলী, ভোমার মত বীর আর একটি থাকিত তাহাকেও এ বৈঠকে আনাইতাম। কিন্তু এদেশে আর দ্বিতীয় নাই, ক্রেমে আমরাই দেখিতেছি সকল লোপ হইতেছে। তোমার পিতামহ দল বল সহ এই গ্রাম হইতে মারহাট্টা অখাবোহীদিগকে, তাড়িত করে, কত প্রজার প্রাণ, কত লোকের মান সেই পঞ্চম সন্দার হইতে রক্ষা পায়। তার গর্জনে ভ্কম্প হত, এখানে হাঁক দিলে সেই দূরে নদীর জল কাপিয়া উঠিত, নারিকেল পত্র শিহরিয়া উঠিত, সে বীবদর্প আর কোথায়! যা কিছু আছে তা রঘুবীরেই আছে ওই পেলেই সব গেল, গেলরে রঘু গেল।

রঘু। আর যে আইন কানন, আর থাকে!

র্ণুটির পাশে একটি বালম্বর কহিয়া উঠিল ''কেন টাকবে না জেটা আমি বীর হব।"

গঞ্চানন চমৎকৃত হইয়া কহিয়া উঠিলেন "এ কে! বাবা নীলমণি, তুমি এখানে কেমন কোরে এলে !"

নী। তোমার দপ্তরের কাগজে কালী ঢেলে দিয়ে লুকিয়ে আছি। মশায় বেটা হাটে করে ডৌরে এসেছিল ও ঐ গরুর জ্বিন পালানের তিতর লুকিয়েছিলাম।

গ। ক্ষেপা ছেলে, কাগজ কলম দপ্তর কার ? গুরুমহাশয় জানে না ? সব তোমার, কালি পড়েছে বৈ ত নয়।

রঘু কহিল, কালি পড়া ভাল লক্ষণ। গজানন কহিলেন বাবৃ, আমাদের কথা ত শুনিস নাই, শুনে থাক ত কাহাকেও বল না। নী। আমি ছেলে মানুষ। কি বুঝি।

গ। বৃঝ না বৃঝ কাহাকেও বল না। এখন হরি সেকরাকে দোকান জাঁতা লয়ে এখানে আনাতে হবে যে, সঙ্গে সঙ্গে মাল পার করা চাই, গলান চাই।

রঘু কহিল, সে ছই ফুকে সব ফুকে দিবে—আমি এখন সাজ্ঞ সরশ্বম করি।
গঞ্জানন কহিলেন, রঘু, আজ্ঞ শিবসহায়ের গোমন্তা এসেছিল, মোকর্দমার
খরচের জন্ম দেড়টি হাজার টাকা রাঙ্গা ঠাক্রনকে বলে কয়ে কর্জ্ঞ দেওয়াইয়াছি।
ঠাকুরাণী নোট দিতে ছিলেন, আমি রোক্ টাকাটী এই সন্ধ্যার পূর্বাহ্নে দেওয়াইয়াছি।
ইয়াছি। সে শিবসহায়ের বাহিরের সিদ্ধুকেই থাকিবে, দেখিস্ মাল যেন হস্তগত
হয়! আমার পাল্কিবাহক প্রস্তভ, আমি এই রাত্রেই মহলে বেরোব, সকল
ভোমার জিম্বা।

রঘুবীর প্রণাম করিয়া কালী মায়িকে শ্বরণ করিয়া গোলাবাটী হইতে বাহির হইলেন।

नौलमि कहिल, "वाव। किरमत कथा शरा हिल ?"

গঞ্জানন কহিলেন তুমি সহরে যাবে, নৃতন অলম্বার হবে তাই হরি সোনার আসবে—

নী। আর যে সব কথা কহিতেছিলে ?

গ। সে সব ওনে তোমার কি আবশ্যক, তুমি ছেলে মামুষ।

নী। আমি এই বড় হইছি, তুমি যে বলে ছিলে টোড্ড বটরের। কথা কহিতে কহিতে হরি সোনার উপস্থিত। তলব হওয়াতেই সে অভিপ্রায় জানিতে পারিয়াছে, সোনা রূপা গলাইবার সমস্ত সরঞ্জাম লইয়া প্রস্তুত হইয়া এক ঘরে গোপনে বসিয়া রহিল। এ দিকে গজানন তেল মশালের হুকুম দিলেন, লোকে জানিল তিনি রাত্রেই মহলে গমন করিবেন কিন্তু গজাননের মনের কথা এক মনই জানে, আর রঘুবীর জানে।

मश्रविश्म शतिराक्ष

ठाँम जूविन

শুক্রাষ্ট্রমীর চাঁদ! নিজের আলোকে লগৎ শুদ্ধ আলোকময় করিয়াছেন। দূরে উচ্চ নারিকেল ধর্জ্জরের ক্ষুদ্র ক্ষুদ্র পত্রশির মন্দ বায়ুচালনে কম্পিড, ক্ষুদ্র ক্ষুদ্র ধড়োত পত্রপুঞ্জে হীরকথণ্ডের ক্যায় মহীর ক্ষুলে অলিডেছে, শিশিরবিন্দুসমূহ বিচ্ছিন্ন মুক্তাহারের স্বন্ধপ বসুমতীর উরসে ছড়াইয়া পড়িয়াছে। আরও নিকটে আশুতোষ বাব্র প্রতিষ্ঠিত লক্ষ্মী নারায়ণের উচ্চ শুল্র মন্দিরচ্ছে স্বর্গ চক্র চক করিতেছে ও একটি যন্ত্র কৌশলে সামান্ত বায়ুর তেজে পর পরিত হইয়া যেন রত্নকণা নিঃক্ষেপ করিতেছে। মন্দির সম্মুখে পরে পরে সোপানসেত্র চরণে স্বন্দর সরসী আরসী স্বরূপ চক্রমগুলের ছবি বক্ষে ধরিয়া ঢল ঢল করিতেছে, জ্বল কিনারায় প্রক্ষৃটিত কুমুদিনীনিচয় সুধাকরের স্বর্গীয় অমল কিরণ ভোগ করিতেছে। স্বমধুর চক্রকিরণ স্থান্ব-হরিত-তুর্ব্বাদলময়-নিম্নগসরসীকৃল-কোমল-শ্ব্যাশায়ী।

এ দিকে আগুতোষ বাব্র সুবৃহৎ অট্টালিকার পশ্চিমভাগ সেই আলোকে ধপ্ ধপ্ করিতেছে এবং সেই পশ্চিম ধারে উচ্চ কক্ষে একটি বারেন্দায় সুকোমল শয্যায় অমরেন্দ্র বাবু শয়ন করিয়া প্রকৃতির এই ছবিখানি মধ্যে মধ্যে দেখিতেছেন। প্রায় সব নিস্তব্ধ, প্রহরী একা শশী জাগিতেছেন, আবার এক একবার ফিণ ফিলে শুল্র মেঘের চাদরে কলানিধির মুখ ঢাকিতেছে, মেঘ উড়িয়া গেলে হাসিতেছেন, জগংকে হাসাইতেছেন। অমরেন্দ্র বাব্র হৃদয়াকাশও এইরূপ মধ্যে মধ্যে চিস্তান্মেঘে আবৃত্ত হইতেছে আবার তৎক্ষণাৎ আশার আলোকে হাসিতেছে। "ভর্কান্দরার মহাশয়ের আশ্রমে যে সুকুমারী আমার কাতরতায় এত কাতরা হইয়াছিলেন তিনি কে । এ কথা কাহাকে জিজ্ঞাসা করিতেও বা কেন লক্ষা হয় । তাঁহাকে কি এ জ্বেম্ম আর দেখিব না" । এইরূপ ভাবিতেছেন, আবার চিন্তা করিতেছেন যে, "আমার আহত স্থান ত প্রায় ব্যথা শৃষ্ম হইয়াছে, আর ছই এক দিন পরেই ঘোড়ায় চড়িব, আবার সেই আশ্রমের দিকে গমন করায় দোষ কি ।" এইরূপ চিন্তা করিতেছেন এমন সময় বারেন্দার পার্যে একটি দ্বার নড়িয়া উঠিল ও পরক্ষণেই দেখিলেন তাঁহার পিতৃব্যপত্মী সমন্থংবশালিনী কোমলমুখী রাক্ষা ঠাকুরাণী একটি তালবৃন্ত হস্তে সমাগতা।

রাঙ্গা। কি বাবা, ব্যথায় নিজা আসিতেছে না, রাত্রিও প্রাহর অতীতপ্রায়, আমি বস্ব ? এই বলিয়াই উপবেশন করিলেন। তালবৃস্ত স্বয়ং হেলাইডে আরম্ভ করিলেন ও কহিলেন, "বাবা তোমার শিকারের গল্প কর, কেমন করে বাঘ মারিলে ?"

অমরেন্দ্র অভিযত্নে সে সমস্ত কথা বর্ণন করিয়া আশ্রমে বিশ্রামের বার্দ্তা কহিতে কহিতে বলিলেন 'সে মেয়েটা কে ? কত যত্নে আহত স্থান ধুইয়া দিল, ভার ত স্থাা মূলেই দেখিলাম না।"

রাঙ্গা ঠাকুরাণী কহিলেন, 'সেটি কে তুমি জান না, বাবা, তাকে বৌ করিলে কেমন হয়।" এখন ঝিলমিলির পার্শ্বে পশ্চিম আকাশের চাঁদ হেলিয়া পড়িয়াছে, সেই আলোকে রাক্সা ঠাকুরাণী দেখিলেন যে অমরেন্দ্রনাথের মুখভঙ্গী তাঁহার কথা মাত্রেই প্রফুল্ল হইল, ও অমরেন্দ্র কহিলেন, "হবার হয় ত তাতে ক্ষতি কি।" কথা উচ্চারিত হইবামাত্র আবার অমরেন্দ্র লজ্জায় গলিত হইলেন। নাশাত্রো ক্রযুগলোপরে খেত সলিলবিন্দু চন্দ্রকিরণে পদ্মকেশরে শিশিরবিন্দু সম উজ্জ্বলরূপে দেখা দিল আবার কিঞ্চিত স্তব্ধ থাকিয়া কহিলেন "খুড়িমা সে কে? তৃমি ত ঐ আশ্রমের নিকটবর্ত্তী শান্তিপুর গ্রামের ঝিয়ারি!"

রাঙ্গাঠাকুরাণী প্রাফ্লবদনে কহিলেন "তুমি জ্ঞান না আমার পিতৃগৃহের নিকটবর্ত্তী সেই মহাদেব প্রসাদ—নাম করিতে নাই—"

অ। কে, শিবসহায় ?

রাঙ্গা। হাঁ। যাহাকে "পশ্চিমে বাবু" কহে, ঐ বালিকা সেই বাবুরই কন্যা, বাল্যকাল অবধি উহাকে কোলে কাঁকে লইয়া মামুষ কবিয়াছি, সে আমার নিতান্ত স্নেহের পাত্রী, উহার নামটী কাদম্বিনী। উহাব যতখানি রূপ দেখেছ বাবা, উহার গুণ তার চতুগুণ; বাবুর এক মেয়ে, ঐ সর্বন্ধ, প্রাণতুল্য প্রিয়।

অমরেন্দ্র কহিলেন "উহার সোদর আর কেহ নাই •ৃ"

রাঙ্গা ঠাকুরাণী আবার আরম্ভ ক্রিলেন, "কালীপুজা করে ঐ একটী কন্তা হয়েছিল কিন্তু যেমন রূপগুণসম্পন্ন তেমনি হতভাগী, ভোমাদেরই সঙ্গে ত ৪।৫ বংসর জায়গিরের মোর্দ্দমায় ঐ বাবুরা খরচাস্ত হন, তার পর সে ঝলাট না শেষ হইতেই মেয়েটির মাতৃ বিয়োগ হইল—ওদের আবার সেই পশ্চিম থেকে বর এনে বিবাহ দেওয়া প্রথা আছে, এই সব নানা কারণে মেয়েটি এত বজ় হয়ে পড়েছে, তার উপর আবার এখনকার বিপদ শুন নাই ।"

অমরেন্দ্র কহিয়া উঠিলেন, "তবে ঐ সেই কন্সা যার মিধ্যা মরণ সম্বাদ দিয়া-ছিল ?"

"বাবা সেই ঐ—ঐ বৃদ্ধ ভট্টাচার্য্য ওদের অধিষ্ঠাতা কি না—ভাই শুক্র ওকে লুকিয়ে রেখেছে, তা তৃমি দেখেছ ? আজ রাত্রে কিন্তু তাকে ঘরে লয়ে গেছে—ওদের বাটীতে আজ সত্যনারায়ণের পূজা—পূজা হয়ে গেলে মোকর্দমা চালাইতে কাল লোক যাবে—এই ভোরেই যাবে।"

অমরেন্দ্র ব্যগ্রচিত্তে কহিলেন "আপনি এসকল কথা কেমন করে জানিলেন?" রাঙ্গাঠাকুরাণী কহিলেন "তোমায় সব কথা ভেঙ্গে বলবো, আজ সন্ধার পূর্বে ওদের লোক এসেছিল, দেওয়ান্জী থেকে ওদের হুই হাজার টাকা আমি কর্জ দিলাম। কি করি দায়গ্রন্ত, পরের বিপদ শুনিলে কি স্থির থাকা বার!

আবার আমার বুড়ো বাপের সঙ্গে ঐ বাবুর বড় সন্তাব ছিল; তাঁহাকে সাহায্য করে কি মন্দ কান্ধ করেছি ?"

অমরেন্দ্র কহিলেন "পারাপকারই আপনার চিরব্রত, আপনার মতই আপ-নার কাজ, আমি কি সুখী হইলাম বলিতে পারি না-"কিঞ্চিৎ স্তব্ধ থাকিয়া কহি-লেন, "ভবে কাদম্বিনীর কোথায় বিবাহ হবে ?" মনে মনে ভাবিলেন, আমরাও ভ ক্ষত্রিয়। ভাবিতে ভাবিতে চক্ষু মৃদিলেন, রাঙ্গা ঠাকুরাণী মনে করিলেন রাত্রি বৃদ্ধি हरेए । এरेक्स जिन बताय यानन महत्न हिन्दान। এ नित्क ह्या के क् অন্তশ্যাশায়ী। কাল মেঘ ধীরে ধীরে তাহার চতুম্পার্য ঘিরিতেছে, দিমগুল আঁধার হইতেছে, অমরেন্দ্রের নয়ন সেই দুরে পশ্চিম গগনে নিপতিত। এই দেখিতে দেখিতে চব্দ্রমণ্ডলের পরিধির ক্ষীণরেখা নয়নাস্তরিত হইল, যেন বিশাল জাহ্নবীবক্ষে একটি দ্বীপ টলমল করিয়া ডুবিয়া গেল। এই সময়েই একটি "বম কালী" শব্দ দূর হইতে অমরেন্দ্রের কর্ণগোচর হইল। তাহার সঙ্গে সঙ্গে একটি বোমের শব্দ হইল ও কপাটার্গল ভাঙ্গিবার জন্ম ডক ডক কর্ণভেদী শব্দ ঘন ঘন দুর হইতে আসিতে লাগিল। অমরেন্দ্র বাবু ভাবিতেছেন এ কি বিজ্ঞাতীয় রব! বিকট হুকার! নরক ঘোষিল, ভূত নাচিল, দেশে আবার কি মারহাট্টা আসিল। বহি-দ্দেশ হইতে একটি সাম্বী কহিয়া উঠিল "মান্তবেব বিপদ যখন হয় এমনই হয়! कालिन्दी मारग्रदात পाशास्त्र प्रिया मिथलाम आला मोडामी कत्रिराज्य উত্তরে ডাকাতি হইতেছে ওদিকে আর লক্ষ্মীমস্ত লোক কে আছে, তর্কালদ্ধারের আলো চাল, কাঁচকলা চুরি করিতে কি আর ডাকাত আসিবে ? না ! এ পশ্চিমে বাবুদের বাড়ীতে ডাকাতি ৷ ব্যাটারা খালি ঘর পেয়েছে কি না !"

কথা শুনিবা মাত্র অমরেপ্র কহিলেন আমার আরব ঘোড়া সাজাইতে বল।
তাঁহার মনে আশক্ষা হইল পাছে তাঁহার কাদম্বিনীর কোন বিপদ ঘটে, এমন চিস্তা
কালে প্রণয়িনীর বিপদাশক্ষা উপস্থিত হইলে সাহসী স্বজন কি স্থির থাকিতে পারে
সে উন্মন্ততায় আর কোন জ্ঞান থাকে ? শয্যা হইতে দ্বিত উপিত, দণ্ডায়মান।
সক্ষাগৃহে যাইয়া নিমেষমধ্যে অমরেপ্রনাথ রণবেশ লইয়া বহির্দেশে আসিলেন।
পদের ব্যথা কি আর থাকে, কেহ কিঞ্মিত্রাত্র কাতরতা দেখিল না, স্বয়ং অশ্বশালার
সান্নিধ্যে যাইয়া আপন প্রিয় বিশাসী বাহনোপরি আরাত হইয়া ডাকাতি দেখিব
বিদ্যা শান্তিপুরের দিকে ধাবিত হইলেন।



প্রাক্বত প্রকরণ

সংস্কৃত হইতে প্রাকৃত ভাষা এবং সংস্কৃত বর্ণমালা হইতে প্রাকৃত বর্ণমালার উৎপত্তি হইয়াছে। প্রসিদ্ধ অভিধানকার হেমচন্দ্র বলিয়াছেন "প্রকৃতি শব্দের অর্থ সংস্কৃত, তাহা হইতে উৎপন্ন ভাষার নাম প্রাকৃত।"

সংস্কৃত অক্ষর সকলের উচ্চারণ অতিশয় কঠিন, স্ত্রী, বালক এবং মূর্যলোক ছারা ইহার কঠিন উচ্চারণ সকল কোমলরূপে পরিণত হইয়া প্রাকৃত ভাষার এবং তদীয় বর্ণমালার উৎপত্তি করিয়াছে।

দেশভেদে প্রাকৃত ভাষাব স্বরূপ ও সংজ্ঞা বিভিন্নরূপ হইয়াছে। যথা, শৌরসেনী, মাগধী, কর্ণাটী, মহারাষ্ট্রীয় ইত্যাদি। যাহা হউক কঠিন সংস্কৃত বর্ণকে কোমল করিয়া উচ্চারণ করাতে প্রাকৃতিক বর্ণমালার অক্ষরসংখ্যার অনেক ন্যুনতা হইয়াছে, যথা—ইহাতে ঋ, ৯, ঐ, ঔ এই চারিটী স্বরের ব্যবহার একবারে দৃষ্ট হয় না। বাঞ্চনের মধ্যে ভ, ঞ; ন, য শ, ষ, ইহাদের এবং এতৎসংযুক্ত বর্ণের ব্যবহারও প্রাকৃত ভাষায় হইতে পারে না। ইহাতে ন স্থলে গ, য স্থলে জ, শ, ষ স্থানে স ব্যবহাত হয়।

প্রাকৃতিক বর্ণমালায় ভিন্নরূপ বর্ণদ্বয়ের সংযোগ দৃষ্ট হয় না, অর্থাৎ ইহাতে ক্ষ, ক্স, ট্র জ্ঞ ড্ড প্রভৃতি সংযুক্ত বর্ণ দেখা যায় না। ইহাতে কেবল একরূপ বর্ণের সংযোগই দৃষ্ট হয়। যথা--ক, চচ, স্ম, মা, মস, কা ইত্যাদি। এ ক্লে ইহাও বক্তব্য যে প্রাকৃত ভাষায় যতগুলি সংযুক্ত বর্ণ আছে সমৃদয়ই দ্বির্ণনিম্পন্ন। ইহাতে তিন বা ততোধিক বর্ণের সংযোগ দৃষ্ট হয় না।

^{*&}quot;নোণ: স্কৃত্" ''আদেক্জেল" ''লবো: সং" ইত্যাদি প্রাকৃতপ্রকাশ দেখ।

ৰভণি প্ৰাক্ত প্ৰকাশকার ব্যক্তি বলিয়াছেন প্ৰাকৃতে "ধ ণ বৰ্ণোঃ ন তঃ" ক্ৰেল ধণ বৰ্ণ নাই তথাপি "ঐৎ এং" "ঔৎ ওং" ইত্যাদি ক্ষম ধার। প্ৰাকৃতে ঐ ও ঔ কারের ব্যবহার নিশিষ্ক হইয়াছে।

প্রাকৃত ভাষায় অমুস্থার ভিন্ন অপর কোন চিত্রেরই ব্যবহার নাই। স্থল-বিশেষে ইহাতে বিসর্গের স্থানে "ও" লেখা হয় মাত্র।

পূর্ব্বোক্ত বাক্য দ্বারা ইহা স্পষ্ট প্রভীয়মান হইতেছে যে, প্রাকৃতের বর্ণসংখ্যা সংস্কৃত অপেক্ষা অনেক ন্যুন; ইহাতে ক, খ, গ, চ, ছ, জ, ঝ, প্রভৃতি যে কয়টা বর্ণও আছে, অনেকস্থলে তাহাদের আবার সকলটির ব্যবহার হয় না। কারণ ইহাতে 'মুকুল' শব্দ স্থলে 'মুউল' 'মুখ' স্থলে 'মূহ' 'আগার' স্থানে আআর, স্চী স্থানে স্ক এইরূপ লেখা হয়। প্রাকৃত ভাষার ব্যাকরণে এইরূপ লিখিবার নিয়ম নির্দ্ধারিত হইয়াছে।*

এই প্রাকৃত হইতেই বাঙ্গালা হিন্দী প্রভৃতি দেশী ভাষা সকল উৎপন্ন হইয়াছে। যছপি এই সকল ভাষার বর্তমান অবস্থা দেশ কাল পাত্রভেদে ভিন্নরূপে পরিপুষ্টিলাভ করিয়াছে, কিন্তু ইহাদের বাল্যাবস্থা দেখিলে বুঝিতে পারা যায় যে ইহারা এক প্রাকৃতরূপ মূল প্রকৃতি হইতে উৎপন্ন। কারণ তৎতৎকালের হিন্দী এবং বঙ্গভাষার আকারগত অনেক সাদৃশ্য ছিল এবং তাহাতে প্রাকৃতের চিহু অনেক পরিমাণে লক্ষিত হইত। হিন্দী প্রভৃতি ভাষা অন্তাপি অধিক পরিমাণে সেই বাল্যকালের প্রাকৃতভাব ধারণ করিতেছে। এই সকল ভাষায় অভাপি ন্ত, ন্দ, ম্প, প্রভৃতি বর্গের পঞ্চমবর্ণসংযুক্ত বর্ণস্থলে প্রাকৃতের নিয়ম অমুসরণ করা হয়। প্রাকৃতে এইরূপ স্থলেং পূর্বের দিয়া লেখা হয়, যথা – দন্ত স্থলে দংত ইত্যাদি কিন্তু আজকালকার বঙ্গভাষা "বাঁশ অপেক্ষা কঞ্চী শক্ত" হইয়াছে। ইহাতে অনেকস্থলে প্রাকৃতের অমুযায়ী উচ্চারণ অবস্থান করিলেও লেখনপদ্ধতি প্রাকৃতকে তুচ্ছ করিয়া সংস্কৃতামুরূপ রূপ ধারণ করিয়াছে। আমরাও যদিও উচ্চারণ করিবার সময় কাজ, দার, বিস্সাস কুলু বা কুলু ইত্যাদি রূপ উচ্চারণ করি কিন্তু লিখিবার সময় কায, দ্বার, বিশ্বাস, কুফ এইরূপ লিখি, এরপ না লিখিলে সর্কশাস্ত্রবেত্তাও মূর্থ হন। স্থৃতরাং এক্ষণে বাঙ্গালা বর্ণমালা প্রায় সংস্কৃতের স্থায় বিস্তৃত হইয়া পড়িয়াছে।

আমরা সর্বাস্তঃকরণে বাঙ্গালাভাষার উন্নতি প্রার্থনা করি, কিন্তু বাঙ্গালা বর্ণমালার বিস্তার আমাদের অব্ধমাত্রও অভীন্দিত নয়। কারণ বর্ণমালার বিস্তারের সহিত মৃত্ত্বণ (ছাপা) বিষয়ে প্রয়াস এবং ব্যয় রুদ্ধিপ্রাপ্ত হয়। ইহা পূর্ব্বেই বলা হইয়াছে যে মৃত্ত্বণব্যয় অমুসারে পুস্তকের মূল্য বর্দ্ধিত হয়। পুস্তকের মূল্যাধিক্যই সাধারণের জ্ঞানলাভের প্রতি একটি মহৎ অন্তরায়। এই নিমিন্ত আমরা বাঙ্গালা বর্ণমালার সেইরূপ সংস্কারে প্রবৃত্ত হইলাম, যাহাতে পুস্তক

^{• &}quot;क श ह स छ म न ववार ध्वारमातानानः" "थ च थ छार हर" ईछानि क्ष तम्य।

মৃত্রশসম্বন্ধে ব্যয় এবং আয়াসের লাঘব হয়, অথচ ভাষার উচ্চারণাদি সম্বন্ধে কোন ক্ষতি না হয়, এবং বিদেশীয় ও অন্মদেশীয় প্রথম শিক্ষার্থীরা সহজে বর্ণপরিচয় করিতে পারেন।

এক্ষণে অভীপ্সিত সংস্থারের সহিত প্রথমে বাঙ্গালার বর্ত্তমান বর্ণমালার স্বরূপ নির্দ্দেশ করা যাইতেছে।

এ স্থলে ইহাও বলা যাইতেছে আমরা যে সকল সংস্কার করিব তাহা কেবল বাঙ্গালা ভাষার নিমিত্ত। যাঁহারা সংস্কৃত ভাষা শিক্ষা করিবেন তাঁহাদিগের সংস্কৃত অক্ষর লিখিতে ও পড়িতে শিক্ষা করা উচিত। কারণ তাঁহাদের সংখ্যা অতি অল্প স্থতরাং তাঁহাদের জন্ম অধিক লোকের ক্ষতি সহা করা উচিত হয় না।

স্বরবর্ণ—

সংস্কৃতে যে একশত বিত্রশ প্রকার স্বরভেদ দেখান হইয়াছে, তন্মধ্যে সাধারণতঃ কেবল হ্রস্থ এবং দীর্ঘ এই উভয় ভেদে স্বরের আকারভেদ লক্ষিত হয়। অবস্থান অনুসারে উচ্চারণ বৈলক্ষণ্য হওয়ায় অপর ভেদগুলি উৎপন্ধ হইয়াছে। পরস্ক সান্থনাসিক ভেদের উচ্চারণ বৈলক্ষণ্য আবার অনেক প্রাচীন কাল হইতে উঠিয়া গিয়াছে। নাগোজীভট্ট বলেন "প্রভিজ্ঞান্থনাসিক্যাঃ পাণিনীয়াঃ।" পাণিনীয় শিশ্যেরা কেবল পরস্পরা প্রবাদ অনুসারে সান্থনাসিক এবং নিরন্থনাসিক ভেদজ্ঞানে সমর্থ হন উচ্চারণ দারা নহে। যাহা হৌক ক্রমশঃ কালবশে উচ্চারণ জন্ম ভেদের লোপ হওয়ায় দেশীবর্ণমালাসমূহে স্বরের হ্রস্থ দীর্ঘ এই ত্ইটি ভেদমাত্র ব্যবহাত হয়।

বাঙ্গালা বর্ণমালায় সচরাচর-

অ, আ, ই, ঈ, উ, উ, ঋ, ৠ৯, ১, এ, ঐ, ও, ও, এই চতুর্দ্দশ স্বরের ব্যবহার হয়। এক্ষণে বক্তব্য এই যে সংস্কৃত ভাষায় ১ কারের ব্যবহার নাই বলিয়া সিদ্ধান্তকৌমূদীকার স্বরভেদ গণনার সময় যখন ১ কারকে পরিত্যাগ করিয়াছেন তখন আমরা বাঙ্গালার ৠ, ৯, ১, এই তিনের কুত্রাপি ব্যবহার না দেখিয়া এই তিনটীকে আনায়াসে বর্ণমালা হইতে বিদায় দিতে পারি। এই তিনটীকে বর্ণমালা হইতে বিদায় দিলে বাঙ্গালা স্বরবর্ণ চতুর্দ্দশ না হইয়া একাদশ হইল। যথা—

व, वा, हे, के, हे, हे, ब, ब, के, ह, है।

ইহাদের মধ্যে 'অ' যথন কোন ব্যঞ্জন বর্ণের সহিত যুক্ত থাকে তথন উহা সেই ব্যঞ্জনবর্ণের আকারে অলক্ষিত রূপে মিশ্রিত হয়। অপরগুলি ব্যঞ্জন সংযোগে সেরূপ হয় না; তাহারা তখন যথাক্রমে নিম্নলিখিত আকার ধারণ করে যথা—

१, ि भे, पूर्, , ५ दे, त, ते, अरे ममि।

আবার দেখ যদি ই, ঈ, উ, উ, ঝ, এ, ও, ঐ, উ, ইহাদিগকে যথাক্রমে অ, আ, অ, অ, অ আ, আ, আ, এইরপ করিয়া লেখা যায়, তাহা হইলে আপাতত দেখিতে কিছু কেমন কেমন ঠেকে মাত্র, আসলে কিছুই হানি হয় না। ওদিকে কম্পোজিটর এবং ডিষ্টিব্টেরদিগের অনেক সুবিধা হয়; প্রেসের অধিকারীরও ঐ সকল অক্ষর ক্রেয় করিতে হয় না এবং উহাদের স্থাপনের নিমিন্ত কেসবল্প অর্থাৎ অক্ষরাধারের কোষ্ঠ বাড়াইতে হয় না। মনোনিবেশ পূর্বক দেখিলে বরং ইহা জানিতে পারা যায় যে পূর্বের্ব 'ই' প্রভৃতির আকার 'অ' 'আ' ইত্যাদি রূপ ছিল, কালবশে পরিবর্ত্তন লাভ করিয়া 'অ' ই এবং 'আ' ঈ হইয়াছে,কারণ অভাপি আমরা অনেক নাগরাক্ষরে লিখিত পুস্তকাদিতে 'ও' স্থলে 'আ', ও স্থলে 'আ' এবং ঋ স্থলে 'অ' লিখিতে দেখি। হিন্দীভাষায় সচরাচর 'উর' এই কথাটী ত 'আের' এই রকমে লিখিত হয়।

যাহা হৌক প্রস্তাবিত পদ্ধতি অবলম্বন করিলে আমাদের স্বরাকারের ভেদ কেবল দশটী থাকে। যথা—

ष, 1, रि, १, १, ८, १, ८, ८, ८, ८,

অর্ধাৎ প্রেসওয়ালাদিগের এই দশটীর অধিক স্বর রাখিতে হয় না। এস্থলে ইহাও বক্তব্য যে সচারাচর মূজাকারেরা শব্দের আদি, মধ্য, এবং অস্তে ব্যবহার করিবার নিমিন্ত 1, প্রভৃতি 'সমাত্রিক' এবং 'নির্মাত্রিক' এই চুই ভেদ রক্ষা করেন। বধা 1, 1, 6, ইত্যাদি রূপ। কিন্তু আমরা এরূপ প্রভেদের কোন উপযোগিতা বিবেচনা করি না কারণ দধি' এই কথাটিকে যদি দধি' এই রকমে লেখা যায় তাহা

[•]বদ্যপি মূজাকারদিপের 'ে ।' এরপ একটি অক্ষর নাই তাঁহারা এছলে 'ে' র সহিস্ত বি বোগ করেন বি অন্ধরোধে আমরা '' বুক্ত করিয়া নিধিনাম।

হইলে কিছুই হানি লক্ষিত হয় না, তবে অল্পমাত্র শোভার জক্ত আমরা এতগুলি বিভিন্নতা রাধি কেন ?

ব্যঞ্জন বর্ণ-

বাঙ্গালা বর্ণ মালায়---

ক, খ, গ, ঘ, ঙ। চ, ছ, জ, ঝ, ঞ। ট, ঠ, ড, ঢ, গ। ত, থ, দ, ধ, ন।
প, ফ, ব, ভ, ম। য, র, ল, ব, শ, ম, সহ। এই তেত্রিশটি এবং ৎ, ড়, ঢ়, য়,
এই চারটী ত, ড, ঢ, য, এর প্রকার ভেদে সর্ববিশুদ্ধ সপ্তত্রিংশৎ অর্থাৎ সাঁইত্রিশটি
অমিশ্র ব্যঞ্জনবর্ণ লক্ষিত হয়। পূর্বে এই অমিশ্র ব্যঞ্জনবর্ণের সহিত 'ক্ষ' এই
অক্ষরটি লিখিত হইত। কিন্তু এক্ষণে বিভাসাগর মহাশয় বলিয়া দিয়াছেন যে উহা
একটি সংযুক্তবর্ণ। এখনকার বর্ণমালা গ্রান্থে উহা সংযুক্তবর্ণের সহিত লিখিত
হয়।

বাঙ্গালা বর্ণমালায় ং, ঃ, ° এই তিনটি চিহ্ন অতি প্রাচীন কাল অবধি নিবেশিত হইয়া আসিতেছে। ইহাদের স্বতম্ব রূপে ব্যবহার নাই, অপর বর্ণের সহিত
সর্ব্বদাই সংযুক্ত থাকে। কিন্তু মুদ্রাযম্বের অধিকারীরা এই তিনটি চিহ্নকে স্বতম্ব
রূপে রাখিয়া থাকেন। তবে এক্ষণে অনেক চন্দ্রবিন্দুযুক্ত অক্ষরও প্রস্তুত হইয়াছে।

সংযুক্তবর্ণ—

পূর্ব্বেই বলা হইয়াছে যে ব্যঞ্জনবর্ণ স্ববের সাহায্য ব্যতীত উচ্চারিত হইতে পারে না, অত এব ব্যঞ্জন বর্ণের উচ্চারণের নিমিন্ত কোন না কোন প্রকার স্বরের সাহায্য আবশ্যক করে। অত এব পূর্ব্বোক্ত একাদশবিধ স্বরের সংযোগে, সাই ত্রিশটি ব্যঞ্জনবর্ণের চারি শত সাতচল্লিশ (৪৪৭) ভেদ হয়। এত দ্বির সংযোগাই । ১ । ১ । ৭ ।

> এই ৬টা স সংযুক্তবর্ণ क, क, ए, क, न्न, न्य क, हे, हं, न्न, क এই ৫টী য সংযুক্তবর্ণ এই ২টী শ সংযুক্তবৰ্ণ ×5, ×5. এই ६ ी म मःयुक्तवर्ग नग, नश, ज, स, स, এই ২টী গ যুক্তবর্ণ मग, य, এই ৩টা ক যুক্তবর্ণ ক, ক, ক এই ২টা চ যুক্তবর্ণ **55, 55** এই ৩টা জ সংযক্ত क,चा, क न्न এই ১টা ট সংযুক্ত ঐ ঐ ত সংযুক্ত ত্ত এ এ থ সংযুক্ত প্ৰ ঐ ঐ ড সংযুক্ত ভগ

এই তিরানস্বইটা সংযুক্তবর্ণের ব্যবহার হয় মাত্র। এন্থলে ইহাও বক্তব্য যে আমরা একন্থলে যে অক্ষরটার গণনা করিয়াছি অপর স্থলে তাহাদিগের গণনা করি নাই, যেমন ব্য ইহাকে 'ম' সংযুক্তের সময় গণনা করিয়াছি এই ক্ষ্প্র ও সংযুক্তের সময় গণনা করি নাই। আমরা 'য' সংযুক্ত অক্ষরের এখানে গণনা করি নাই কারণ প্রকরণে তাহার রূপ দেখান যাইবে। বাঙ্গালাতে 'ত্প', ত্ক,' ইত্যাদি ত কার সংযুক্ত অক্ষর আছে কিন্তু তাহারা সংযুক্তরূপে লেখা হয় না, 'ৎক', 'ৎপ', এইরূপ লেখা হয়। (ৎ) খণ্ড ত কে যখন আমরা স্বতন্ত্র বর্ণ বলিয়া গণনা করিয়াছি তখন 'ৎক' কে সংযুক্ত বর্ণের মধ্যে গণনা করা উচিত বিবেচনা করিলাম না। উপরে যে সকল সংযুক্ত বর্ণ কথিত হইল তন্ত্রতীত যদি ছই একটি সংযুক্ত বর্ণ বাঙ্গালা ভাষায় ব্যবহাত হয় তবে ইংরেজী কথায় লিখিত অক্স রূপ সংযুক্ত বর্ণেরও ব্যবহার হইতে পারে। যাহা হউক সংযুক্ত অক্ষরের সংখ্যা ১০০ একশতই রাখা গেল। ইহাদিগের উচ্চারণও স্বরের সাহায্য অপেক্ষা করে, এই নিমিন্ত পূর্ব্বোক্ত একাদশ বিধ স্বর সংযোগে সংযুক্তবর্ণ (১০০ × ১১) একাদশ শত্ত (১১০০) প্রকার হয়।

कला-

্য=ক্য, খ্য, গ্য, ঘা, চ্য, ছ্য, জ্বা, ট্য, চ্য, গা, ত্য. থা, ছ্য, থ্য, প্য, ফ্য, ব্য, ভ্য, ম্য, ল্য, স্থা, স্থা, স্থা, ম্যা, ম্বা, ম্বা,

= क, र्ग, र्घ, र्छ, र्छ, र्छ, र्घ, र्घ, र्भ, र्भ, र्व, र्व, र्घ, र्घ। ७६ (১৭) এবং ইহাদের यथायোগ্য স্বরসংযোগে ভেদ।

এক্ষণে দেখা যাউক এই সকল ভেদের মধ্যে কিরূপ সংস্থার হইতে পারে। ভ=বঙ্গভাষায় 'ভ'র পৃথক্রপে ব্যবহার নাই অর্থাৎ ইহাতে এরূপ একটি কথা নাই যাহাতে ভ স্বতন্ত্র রূপে অবস্থান করে। কেবল হু, খ, জ, ভ্ল, আ, এই ছয়টি অক্ষর 'ভ' যুক্ত ব্যবহাত হয়। এক্ষণে যদি এই হুইটি অক্ষরের উচ্চারণ ঠিক্ রেখে আমরা অস্তরূপে লিখিতে পারি তবে পঞ্চমবর্ষীয় বঙ্গবালকের বিষম ভীতির

সম্দয় ফলায়্কবর্ণে কিছু সকলগুলি খরের বোপ হয় না, কোন খলে কোনটিয়।
 শতরাং বাজালা ভাষায় খরসংয়্ক ফলা নিয়ায় করা কঠিন।

স্থান, বর্গীদিগের মত বৃহৎ উষ্ণীযধারী এই অক্ষরটীকে হাস্থামূখে বর্ণমালা হইতে বিদায় দিতে পারি।

পূর্ব্বেই বলা হইয়াছে বাঙ্গালা ভাষা প্রাকৃত হইতে উৎপন্ন। প্রাকৃত ভাষায় উপরে বর্গের পঞ্চমবর্ণ সংযুক্ত কোন বিজ্ঞাতীয় বর্ণ নাই। ইহাতে প্ল এবং সস ভিন্ন উপরে বর্গের পঞ্চমবর্ণ সংযুক্ত অক্ষর স্থলে পূর্ব্বে অমুস্থার দিয়া সেই বর্ণ অসংযুক্ত রূপে লেখা হয়। যেমন 'পর্যান্ধ' স্থলে পর্যাংক, 'পঞ্চ' পংচ 'কণ্ঠ' স্থলে কংঠ। প্রাকৃত হইতে উৎপন্ন হিন্দী প্রভৃতি অপর ভাষায়ও ঐ নিয়ম অভাপি দৃষ্ট হয়। কারণ ওরূপ লিখিলে ভাষার কোন ক্ষতি নাই, অথচ উচ্চারণামূরূপ লেখা হয়। হাঁ ওরূপ লিখিলে সংস্কৃত শিক্ষার্থীদিগের কিছু উপকার হয় বটে, কিন্তু সংস্কৃত শিক্ষার্থীর সংখ্যা অতি অল্প এবং তাঁহাদের জন্ম মহর্ষি পাণিনী "অমুস্থারস্থ যাষপর সবর্ণঃ" এই সূত্র করিয়াছেন। আর আমরা পূর্ব্বেই বলিয়াছি সংস্কৃত বর্ণমালা স্বতন্ত্ব হওয়া উচিত। বাঙ্গালাকে সংস্কৃতামূর্কপ করিলে অধিক লোকের বৃথা ক্ষতি সহ্য করিতে হয় মাত্র।

কেহ আশক্ষা করিতে পারেন 'দন্ত' কে 'দংত' 'লক্ষ' কে 'লংফ' ইত্যাদি রূপ লিখিলে উচ্চাবণভেদ হইতে পারে। এ কথা আমরাও স্বীকার করি, কিন্তু 'দংত' এইরপ লিখিলে যেরূপ উচ্চারণ হয় মহুয়েব প্রকৃত উচ্চারণ সেইরূপ, 'দস্ত' এরূপ সংস্কৃত উচ্চারণ মাত্র। বৈদিকমন্ত্রে এরূপ স্থলে অমুস্বর দিয়া লেখা হয়। আর প্রাকৃত এবং হিন্দী প্রভৃতিতেও পূর্বে বর্ণে অমুস্বর যোগ করিয়া লেখাতে উচ্চারণের কিছু বৈলক্ষণ্য প্রতীত হয় না। এবং অভাপি অনেক বাঙ্গালা পুস্তকে 'অসংখ্য' 'সংপ্রতি' সংবং' এইরূপ লেখা হয়, কিন্তু উচ্চারণের ত কোন বৈলক্ষণ্য শুনা যায় না। তবে এ বিষয় যাঁহারা নৈসর্গিক নিয়মের উপর দৃষ্টি না করিয়া সংস্কৃতের অমুসরণে দৃঢ় থাকিবেন, তাঁহারা আমাদিগের পরে অপর সংযুক্ত বর্ণস্থলে যে নিয়ম করিয়াছি এখানে তাহার অমুসরণ করিবেন। অর্থাৎ ন, ম, প্রভৃতির নীচে (্) হসন্ত যুক্ত করিয়া দিবেন। যথা 'দন্ত' ইহাকে 'দন্ত' এইরূপ লিখিবেন।

ঞ-উপরি লিখিত নিয়ম অবলম্বন করিয়া আমরা এই কেও একবারে পরিত্যাগ করিতে পারিতাম। বাঙ্গালা ভাষায় এরপ একটি কথা নাই ষাহাতে

'এ' পৃথক্রপে ব্যবহৃত হয়। উপরে এ সংযুক্ত ক প্রভৃতি স্থলে পূর্বোক্ত প্রাকৃতের নিয়ম অবলম্বনে ইহা দূরীকৃত হইল বটে; কিন্তু বাঙ্গালাভাষায় একটা কথা আছে যাহা নীচে 'এ' দ্বারা সংযুক্ত। সে কথাটা 'যাক্র্র্যা' বাঙ্গালীদিগের একমাত্র ভরসাস্থান। অমানমুখে দক্ষিণ হস্ত প্রসারণ করিতে এমন আর কোন জাতিই নাই। স্কৃতরাং 'এ' টীকে রাখিতে হইতেছে। 'যাক্র্যা' উঠান অপেক্ষা বাঙ্গালাভাষার লোপ করাও সহজ।

রঘুনাথ গুরুমহাশয়ের নিকট যেকটা প্রশ্ন করিয়াছিলেন তাহাদের মধ্যে অপর গুলির উত্তর আমরা বৃদ্ধি না বৃদ্ধি, মৌখিক দিতে পারি; কিন্তু বাঙ্গালায় যে ছটা ব কেন ইহার উত্তর আমরা দিতে পারি না। ইহা দ্ধারা আমরা এ কথা বলি না যে ছটা 'ব' একই; সংস্কৃতে ইহাদের আকার এবং উচ্চারণ ভিন্ন আছে। যথা ন ন। কিন্তু বাঙ্গালায় এ ছই এর কিছুই নাই অধিকন্ত বাঙ্গালায় কলা একটি স্বতন্ত্ব অক্ষর রহিয়াছে, যাহা উচ্চারিত হৌক না হৌক দ্বিতীয় 'ব'র সংযোগ স্থলে ব্যবহৃত হইয়া থাকে। অতএব বর্ণমালার মধ্যে কেবল একটি 'ব' রাখিলে আমরা কিছুই হানি দেখিতে পাই ন।।

সংযুক্ত বর্ণ। বাঙ্গালা সংযুক্তবর্ণগুলি অতি ভয়ন্ধরাকৃতি। বর্ণপরিচয়ের সংযুক্ত বর্ণবিষয়ক পত্রগুলি দেখিলে বোধ হয় যেন "কৃন্তির আখড়া" একটার উপর আর একটা চড়াই করে বসেছে। এইরূপ বিলাতি কুলুপের মত নানা প্রকার পেঁচদার সংযুক্ত বর্ণগুলির গুণেই বিদেশীয়েরা বঙ্গভাষা শিখিতে অগ্রসর হন নাই। বিদেশীয় কেন, এ গুলির ভয়ে দেশীয় কত ছেলে যে পীড়িত হইয়া পাঠশালা কামাই করে তাহা বলা যায় না। বাস্তবিক 'ক্ক' 'ক্ক', প্রভৃতি অক্ষরগুলিকে বাল্যকালে মহিষাস্থরের স্থায় ভয়ন্ধর বোধ হইত। অভএব এ গুলির বিশেষ রূপ সংক্ষার করা উচিত।

অচ সংযুক্ত। প্রেস্থ্যালারা প্রায় অচ সংযুক্ত বর্ণ স্বতন্ত্ররূপে রক্ষা করেন
না। ইহারা অক্ষর বিক্তাসের সময় অচের যোগ করিয়া দেন। তবে এক্ষণে ছই
একটি অচযুক্ত বর্ণ প্রস্তুত হইতেছে বটে। যাহা হোক অচসংযুক্ত বর্ণের মধ্যে এই
কয়টি বর্ণ পৃথক্রপে রক্ষিত হয় এবং ইহাদের আকারও কিছু অস্বাভাবিক। যথা
ত, ক, ত, ত, ত, ত, প্র, ভ, প্রক, ক্র, ক্র, ক্র, ক্র। ইহাদের এই অস্বাভাবিক
প্রকৃতির নিমিত্ত শিক্ষক বা শিক্ষার্থী কেহই সুখী নহেন। ইহাদিপকে স্বাভাবিক

^{* &#}x27;' এই অক্ষরটি জ এব নীচে এচর বোপে সম্পর হইরাছে বটে। কিছু এ তত্ত্ আমরা সংস্কৃত ব্যাকরণ পড়ে। বাজালার ইহার আকার ও উচ্চারণে ইহাতে বে এচর সম্পর্ক আছে ভাহা ত বোধ হয় না।

রূপে লিখিলে কোন হানি হয় না বরং শিক্ষার সৌলভ্য হয়। এবং এই আটটি স্বাভাবিক হইলে কম্পোজিটরদিগের উপদ্রব অনেক কমিয়া যায়; তাঁহারা এখন অনেক স্থলে 'শু' স্থলে 'শু' লিখিয়া বসেন কিন্তু ইহারা স্বাভাবিক আকার প্রাপ্ত হইলে অর্থাৎ শু, গু, এইরূপ হইলে তাদৃশ ভ্রমের সম্ভাবনা নাই।

ব্যঞ্জনসংযুক্ত। ব্যঞ্জন সংযুক্ত বর্ণ স্থলে আমরা এইরূপ একটি সাধারণ নিয়ম করিতে চাই যে সংযুক্ত বর্ণদ্বয়কে একত্র না লিখিয়া ভাহাদের মধ্যে অচহীন বর্ণের নীচে যদি হসস্ত দিয়া লেখা যায় ভাহা হইলে কোন হানি হয় না বরং বর্ণপরিচয়ের অনেক সৌকর্য্য উৎপন্ধ হয়। থ, দ্ব. ইভ্যাদি বর্ণ যে কিসে কিসে সংযুক্ত ভাহা সহজে বৃষিতে পারি নাই। কিন্তু আমাদের মতে যগুপি স্থানব্যয় হইবে বটে কিন্তু কোনরূপ ভ্রমের সম্ভাবনা থাকিবে না। কারণ আমাদের মতে বৃদ্ধি একই। আর সংযুক্তবর্ণ যে একত্র করিয়া লিখিতে হইবে ভাহার কোন বিধি নাই। পাণিনী বলিয়াছেন অচ দ্বারা অব্যবহিত হল বর্ণকে সংযুক্ত বলা যায়। এক্ষণে দেখ পূর্ব্বোক্ত একশত প্রকার সংযুক্তাক্ষর স্থলে ২২ শটীকে ভ ও র সহিত বিদায় দিয়াছি। অবশিষ্ট ৭৮ টার মধ্যে 'ক্ষ' 'জ্ঞ' এই তৃইটি রক্ষা করিয়া অপর গুলি স্থলে যদি একত্রিশ টা অদ্ধবর্ণ এবং একটি '্' হসস্ত চিহ্ন এই বিক্রিশটী রাখা যায় ভাহা হইলে উদ্দেশ্য সাধনের কোন ব্যাঘাত হয় না।

অমুস্বার, বিসর্গ এবং চন্দ্রবিন্দুযুক্ত বর্ণের মধ্যে অমুস্বাব এবং বিসর্গ ত স্বতন্ত্র রূপেই যুক্ত হয় তবে চন্দ্রবিন্দু যুক্ত স্থলে পূর্বেরাক্ত অর্দ্ধ অক্ষরে চন্দ্রবিন্দু যোগ করিলে সমৃদয় কার্য্য নির্বাহ হইতে পারে। ফলাযুক্ত বর্ণ স্থলে এই নিয়ম অবলম্বন করিলে কোন হানি হয় না তবে '্র' ফলাযুক্ত কতকগুলি যে অস্বাভাবিক আকৃতিবিশিষ্ট বর্ণ আছে তাহাদিগকে স্বাভাবিক করিয়া লইতে হয়। ক্রু, ত্র, ত্রু, ত্রু, গ্রু, স্ত্রু এইরূপে লিখিতে হয় এবং '্ব' ফলা যুক্ত 'ভ্ব' এই অক্ষরটিকে 'ভ্ব' এইরূপ লেখায় কোন হানিই নাই প্রভ্যুত শিক্ষার্থীদিগের বোধসৌকর্য্য সাধিত হয়। এক্সলে ইহাও বক্তব্য যে রফলা যুক্তবর্ণ যে ছিছ করিয়া লেখা হয় সে কেবল সংস্কৃতের নিয়মান্স্নারে; সংস্কৃতেও তাদৃশ দ্বিবিধির নিত্যতা নাই। যাহা হৌক ভাষায় ওরূপ দিছ না লিখিয়া যদি একটি বর্ণের উপর রেফ দিয়া লেখা হয় অর্থাৎ 'কর্ম্ম' যদি 'ক্ম' এইরূপে লেখা হয় তাহা ছইলে কিছুই হানি নাই।

পরিশিষ্ট

আমাদের সংস্থার ধারা পরিমার্জিত হইলে এখনকার বিস্তৃত বালালা বর্ণমালায় যে কয়েকটি অক্ষর থাকিলে কার্য্য চলিবে তাহা নীচে লিখিত হইতেছে।

স্বরবর্ণ

ष, १, १, १, ४, ४, ८, ८, ८, ८, ८, ०, = ১०

ব্যঞ্জনবর্ণ

ক, খ, গ, ঘ। চ, ছ, জ, ঝ, ঞ, । ট, ঠ, ড, ঢ, গ। ত, ধ. দ, ধ, ন। প, ফ, ব, ভ, ম। য, র, ল, শ, ষ, স, হ। এই একত্রিশ এবং এই একত্রিশটির অঙ্গীকার = মিলিত হইয়া = ৬২

() হসন্ত, () অমুস্বার () বিসর্গ এবং () চন্দ্রবিন্দু এই পাচটি $= \epsilon$ ক্ষ, জ্ঞ = এই ত্বইটি = >

कला

্য, ্র, ্র, ্এই পাঁচটি ফলা = ৫ সর্বশুদ্ধ ৮২টী অক্ষর রাখিলেই হয়।
এক্ষণে দেখ, এদেশী বর্ণমালা সমূহের স্থানে রোমান বর্ণেব ব্যবহারের কথা
হইতেছে তাহাতেও ৭৮টা অক্ষব রাখিতে হয় ২৬টি ক্যাপিটল, ২৬টী ক্মল, ২৬টী
ইটলিক, আমাদের উল্লিখিত বাঙ্গালা অক্ষরের অপেক্ষা চারটি অক্ষর কম মাত্র।

কেহ বলিয়াছিলেন সংযুক্তবর্ণ লিখিবার সময় পূর্ববৃদ্ধিত ব্যঞ্জনবর্ণের নীচে (্) হসন্ত না দিয়া যদি পূর্ববর্ণের পর অর্থাৎ সংযুক্ত বর্ণদ্বয়ের মধ্যে একটি কুন্ত হাইকেন (-) দেওয়া হয় এবং তাহাকে সংযোগের চিহ্ন বলিয়া মানা যায়, তাহা হইলে কম্পোজিটরদিগের আরও স্থবিধা হয়। একথা সত্য কিন্তু আময়া বর্ত্তমান সময়ে তাঁহার বাক্যের অমুমোদন করিতে পারিলাম না কারণ তাদৃশরূপে লিখিত বর্ণকে সংযুক্ত বলিয়া বোধ করিতে কিছু কালসাপেক্ষ করিবে। সংযুক্ত স্থলে অক্ষর না থাকিলে এখনও পূর্ণবর্ণে (্) হসন্ত যোগ করিয়া লেখা হয় স্থতরাং ইহা একপ্রকার বীকৃত পদ্ধতি।



পিবীতে কতকগুলি লোক আছেন তাঁহারা ভাবেন পৃথিবী ডুব্লো অধঃপার থারাপ হইতেছে। মানুষে এখন পাপ বেশী করে, মিথ্যা কথা বেশী করে। ছক্মানিত বেশী। পাপের প্রায়শিচত্তস্বরূপ রোজ রোজ হিতিছে, রোগা হইতেছে, রোগা হইতেছে, আরায় হইতেছে। মানুষের বৃদ্ধিশক্তি কমিতেছে। বাপ ছেলেকে ভালবাদে না, ছেলে বাপেব উপর ভক্তি করে না, ভয়ানক অরাজক, ভয়ানক উল্টা পাল্টা। ঘোর কলি, প্রলয় সন্নিক্ট।

আর একদল আছেন তাঁহারা বলেন, পৃথিবীর ক্রমণই উন্নতি হইতেছে।
ক্রেমে মমুয়েব আয়ু বৃদ্ধি হইতেছে। বল বৃদ্ধি হইতেছে, জ্ঞান বৃদ্ধি হইতেছে,
ধন বৃদ্ধি হইতেছে। ক্রেমে জড়গতের উপর মমুয়ের আধিপত্য বিস্তার হইতেছে।
মমুয়ের সুখস্বাচ্ছন্দ্য বৃদ্ধি হইতেছে। মমুয় ভাল বৃথিতেছে, ভাল খাইতেছে,
ভাল পরিতেছে, ভাল কার্য্য করিতেছে, মমুয়ের সকলই ভাল। আর এই
সবে পৃথিবীর বাল্যাবস্থা ইহা হইতে অনেক উন্নতি হইবে, অনেক শ্রীবৃদ্ধি
হইবে। মমুয়া ত সৃষ্টির অধিশার আছেই ক্রেমে সৃষ্টির হাফ কর্ত্তা হইয়া
দাঁড়াইবে।

এই রকম কথা আমরা প্রত্যহই শুনিতে পাই। নিতাই দেখিতে পাই, কতক লোকে পৃথিবী ডুবাইতেছে আবার আর কতক লোকে পৃথিবী উদ্ধার করিতেছে। কেহ বলিতেছে কলির সন্ধ্যা, কেহ বলিতেছে সত্যযুগের আরম্ভ। কেহ নিরাশ-সাগরে ডুবিতেছে ও আর পাঁচজনকে ডুবাইতে চাহিতেছে, কেছ ভরসায় নৃত্য করিতেছে ও সকলকে ভরসায় যাগাইয়া দিবার উত্যোগ করিতেছে। ফুর্ভাবনায় কাহারও মুখ চিন্তারেখায় অতি অন্ধিত হইতেছে কাহারও গওদেশ লালের আভাযুক্ত হৃদয়গ্রাহী বর্ণ ধারণ করিতেছে।

পরের কথায় কান্ধ কি ? আমরা নিজেই দেখিতে পাই এই সকাল বেলায় বোধ হইল, সব ভাল চলিতেছে বড় আনন্দ; আবার বৈকালে বোধ হইল সব মন্দ। আজ ভাবিলাম পৃথিবীতে পাপ অপেক্ষা পুণ্য ছঃখ অপেক্ষা সুখ অধিক, আবার খানিক গৌণে ঠিক উল্টা ভাবিলাম।

এরপ নিত্য বিরোধের অর্থ কি ? কেন এরপ ঠিক বিপরীত প্রতীতি মনোমধ্যে উদয় হয় ? কেনই বা কতক লোক একেবারে ডুব্লো ডুব্লো, আবার আর কতক উঠলো উঠলো বলে। শুধু বলিয়াই ত ক্ষান্ত নয় তাহাদের মনোমধ্যে দৃঢ়সংস্কারই এই।—অনেকে এইরপ সংস্কারের বশবর্তী হইয়া নানারূপ কন্ত পায়। তাহাদের জীবনের প্রভ্যেক দিনেই প্রেবিক্তিরপ সংস্কারের কার্য্যকলাপ প্রকাশ পায়। প্রথম মনে হইতে পারে বৃদ্ধলোক "ডুবলোর" পোষক আর যুবকেরা "উন্নতির" পোষক। কিন্তু তাহা নহে, ছুদলেই যুবাও আছেন বৃদ্ধও আছেন। বরং অনেক যুবা "ডুবলোর" অধিক পক্ষ।

এই পরম্পর বিরোধী মতদ্বয় শুনিলে প্রথম জিজ্ঞান্ত এই যে, কেন এড মতভেদ হয়, দিতীয় এই যে এ চ্ইয়ের মধ্যে কোনটার কতটুকু সত্য। চুইই সম্পূর্ণ সত্য হইতে পারে না তবে একটা সত্য হউক। অধােগতিই সত্য হউক; পৃথিবীশুদ্ধ লোক ক্রমশঃ অধিক মিধ্যাবাদী হইতেছে, অধিক চার হইতেছে, অধিক আহাম্মুক হইতেছে, চুংখী হইতেছে, অধিক কইতােগ করিতেছে এই সত্য হউক। কিন্তু ইহাতে প্রত্যক্ষ প্রমাণবিক্রদ্ধ গত শতাক্দীর লেখাপড়া তুলনা করিলে কি দেখা যায় ? মিধ্যা কথার অবশ্য হিসাব নাই কিন্তু চুরি কমিতেছে, লোক অধিক সেয়ানা হইতেছে, চুংখ হ্রাস হইতেছে ধন বৃদ্ধি হইতেছে, এ সকল ত প্রত্যক্ষ লেখা পড়ার কথা, statistics এই বলে। অভ্এব ডুব্লো মত ঠিক নহে।

তবে কি উন্নতি মত ঠিক ? পৃথিবীশুদ্ধ লোক ধার্মিক হইতেছে, ধনী হইতেছে, কলহ নাই, বিবাদ নাই, সকলই উন্নত হইতেছে। সভ্যতাস্রোভে জগৎ ভাসিয়া যাইতেছে। এই মত কি সত্য ? তা যদি সত্য হইত ত পৃথিবীই ত বর্গ, আর বর্গকামনায় কাজ কি ? তাও নয়। সর্ব্বালীণ সর্বজাতীয় উন্নতি ঠিক নহে। প্রত্যক্ষপ্রমাণ, মুসলমানেরা ক্রমশাই অধংপাতে যাইতেছে। হিন্দুস্থানের মুসলমানেরা ত বাবুগিরি করিয়া ইস্রিয়দোবে মন্ত্র্যানামের অযোগ্য হইয়া পড়িতেছে। তাহার পর এই একশত বংসরের মধ্যে তুর্কি ধ্বংস হইল, পারসিয়া ক্রসিয়ার করায়ত্ত হইয়া আসিতেছে। ঈজিপ্ত যায় বায় হইয়াছে অথবা গিয়াছে, তাহারা পরের হাতে রাজকার্য্য দিয়া বয়ং ঘরে বসিয়া থাকে

ভাহাদের আর আছে কি? তুর্কিস্থান গিয়াছে, আফগান গেল, আলজিয়ার্স গত, বার্ব্বরি ষ্টেট হীনবীর্য্য। কাসগড় মাথা তুলিয়া উঠিয়াছিল তাহারও নাম লোপ হইয়াছে, মুসলমানের কাছে এখন জগৎ "গেল" "ডুবিলই ত" বোধ হইল। মুসলমান জগতের প্রায় ষষ্ঠাংল। এই ষষ্ঠাংশের যখন অবনতি প্রত্যক্ষ, তখন জগতের উন্নতি হইতেছে কেমন করিয়া বলিব।

আর এক মত আছে। জ্বগৎ যে ভাব সেই ভাবেই আছে ৪০০০ বংসর আগেও যেমন, ১৮৭৯ বংসর আগেও তেমনি ছিল, আবার আঙ্কও তেমনই। কেই উঠিতেছে কেই পড়িতেছে, চাকা ঘুরিতেছে। রাশিচক্র যেমন ভাবে চলিতেছিল তেমনি আছে কিছু ব্যত্যয় হয় নাই তবে গ্রহ কাহারও বিশুণ কাহারও অমুকূল। কাহারও বৃহস্পতির দশা কাহারও শনির, কিন্তু উভয়েরই প্রভূষ আজিও বজ্বায় আছে সমান আছে। এই মতের অনেকে আবার এতদূর গোঁড়া আছেন যে তাঁহারা বলেন যে পৃথিবীর লোকের অবস্থা ঠিক একই আছে।

ইহাদের কথায়ও বিশ্বাস করা যায় না। এক বৎসর ছুই বৎসর করিয়া গণিলে সর্ব্বদা উন্নতি দেখা যাউক আর নাই যাউক কিন্তু অনেক দিনের পর স্ক্রগতের অবস্থা পর্য্যালোচনা করিলে দেখা যায় যে অনেক পরিবর্ত্ত হইয়াছে আর সেই পরিবর্ত্তেব মধ্যে অনেকগুলি মন্দ হইতে ভাল হইয়াছে। ৫০ বৎসর পুর্বেষ যেখানে লোকে ভূতের ভয়ে যাইত না এক্ষণে তথা হইতে ভূত পলাইয়াছে। যে নদী পর্বত নক্ষত্রকে আমরা দেবতা দেখিতাম সে সকল এখন কেবল নদী পর্বত ও নক্ষত্র মাত্রে পর্যাবসিত হইয়াছে দেবতারা অস্তরিত হইয়াছেন। যে মেঘ শালপাতা খাইয়া অভ্র বমন করিত সেই মেঘ এখন "ধুমজ্যোতিঃ সলিল মক্রতাং সন্নিপাত:" হইয়াছে। দাসব্যবসায়ীদের যে সকল অত্যাচার আমর। বুঝিতেই পারিতাম না এখন সেই সকল অপনয়নে আবালর্দ্ধবণিতা চেষ্টা করি-তেছে। রেল গাড়ী ব্যোম্যান প্রভৃতির দারা যে সকল লাভ ও উপকার হইয়াছে তাহার ত আর কথাই নাই। অতএব যখন দেখা যাইতেছে জডজগতে. অস্তর্জগতে, শরীরে, মনে, শিক্ষায়, নীতিতে, কার্য্যে, কর্ম্মে, চাল চলনে, সর্বব্র ক্রমে পরিবর্ত্তিত হইতেছে এবং সেই পরিবর্ত্তের অধিকাংশ মনুয়্যের সুখরুদ্ধি করিতেছে তখন জগৎ মান্ধাতার সময়ও যেভাবে ছিল এখনও সেইভাবে আছে বলি কিরূপে।

অতএব জগৎ সমভাবে নাই, পরিবর্ত্ত হইতেছে এ কথার কাহারও অবিশাস নাই। যে হিন্দুসমাজ সর্ব্বাপেকা স্থির ও পরিবর্ত্তবিরোধী সেই হিন্দুসমাজেই কত পরিবর্ত্ত হইয়া গিয়াছে। মন্ত্রর শাস্ত্রের সঙ্গে তুলনা করিলে দেখা যায় বে কত পরিবর্ত্ত হইয়াছে। মন্ত্র বলেন ত্রাহ্মণে ৩৬ বংসর, ২৭ বংসর, ১৮ বংসর

নিতাস্ত না হয় ৯ বৎসর ব্রহ্মচর্য্য করিবে। আমরা এখন ৯ রাত্রি তেরাত্রি বা এক রাত্রি পৈতার ঘরে থাকিয়াই সেই ব্রহ্মচর্য্য সমাপন করি। মন্ত্র বিলয়াছেন ৫০ বৎসরের পর বানপ্রস্থ হইবে অর্থাৎ বনগমন করিবে। এখন আমরা ৮০ বৎসরের সময় কাশীবাস করিয়া সেই নিয়ম রক্ষা করি। মন্তু বলেন ব্রাহ্মণ চাতুর্ব্বণ্য বিবাহ করিতে পারিবে। এখন এক ব্রাহ্মণ ছাড়া অন্ম বর্ণে বিবাহ করিলে তাহার জাতিপাত হয়। অতএব এ সকল বিষয়ে যে ঘোর পরিবর্ত্ত হইয়াছে তাহার আর সংশয় নাই। কিন্তু এই পরিবর্ত্ত হইয়া হরেদবে হাঁট জল হইয়া मां ज़िंहेशास्त्र कि ना तम्या ठाई। आमात्मत्र त्य मित्क পরিবর্ত্ত হইয়াছে পৃথিবীর আর কোনদিকে ঠিক তাহার উল্টা পবিবর্ত্ত হইয়াছে কি না ? ইতিহাস পাঠে অবগত হওয়া যায় যে কোথাও সেরপ হয় নাই বরং দেখা যায় সমস্ত জগতেরই পরিবর্ত্ত একমুখে ধাবিত। সর্ব্বত্রই দেখা যায় জ্বাতিগত বৈষম্য যাহাতে না পাকে তাহারই চেষ্টা – যাহাতে দাসৰ বন্ধ হয় তাহারই উছোগ। ভারতের শুজ, আমেরিকার স্নেভ, গ্রীসের হিলট, ইউরোপের সফ ক্রমে দাসখবদ্ধন হইতে মুক্ত হইয়া স্বাধীনবৃত্তি অবলম্বন করিয়াছে। যেখানে যেখানে পুরোহিতের আধিপত্য ছিল সর্ব্বত্র তাহার আধিপত্য কমিয়াছে। যেখানে যেখানে জমিদার ও রাজার আধিপত্য প্রবল ছিল সেই সেইখানেই তাহাদের প্রতাপ হ্রাস হই-য়াছে। কুসংস্থার সকল ক্রমেই অস্তমিত হইতেছে। এ সকল পরিবর্ত্ত পৃথিবীর সর্ব্বত একই দিকে হইয়াছে। আমরা এমন বলি না যে এক সময়ে পৃথিবীর সর্বব্রই একভাব পরিবর্ত্ত হইয়াছে কিন্তু যখন যখনই পরিবর্ত্ত হইয়াছে এই একদিকেই হইয়াছে। রোম বল গ্রীস বল ইংলগু বল ফ্রান্স বল প্রথম অবস্থায় পুরোহিতদিগের সকলেই পদানত ছিলেন ক্রেমে যত সভাতা বাড়িতে লাগিল ততই পুরোহিতদিগের ক্ষমতা কমিতে লাগিল। এই সকল দেশেই প্রথম व्यवसाय स्मीमात ও প্रसात গোলমাল ছিল एउই উন্নতি হইতে লাগিল জমীদারের ক্ষমতা গ্রাস হইয়া তত সর্ব্বত্রই প্রজার ক্ষমতা বৃদ্ধি হইতে লাগিল।

এক্ষণে বলিতে হইবে যে, পরিবর্ত্ত হইতেছে এবং ইহাও বলিতে হইবে
যে পরিবর্ত্ত ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন সময়ে একইমুখে ধাবিত। এখনও
এক কথা আছে এখনও "হরে-দরে-হাটু—ক্ষল" বাদী বলিতে পারেন যে কোন
এক সময়ে পৃথিবীশুদ্ধ ধরিলে এ দেশে ভাল হইল, ও দেশে মন্দ হইল
স্কুতরাং যা ছিল তাহাই দাড়াইল। এই তাঁহাদের প্রধান আপত্তি। এইটি
খণ্ডন করিতে পারিলে তাহার৷ নিরস্ত হইবেন। কোন্ সময় ধরিয়া প্রমাণ
করিব। রোমান সাজ্রাজ্যের ধ্বংসের সময় ধরা বাউক। রোমান সাজ্রাজ্যের
ধ্বংসের স্থায় ইউরোপের হর্দিন বোধ হয় আর কখন হয় নাই হবেও না।

এই সময়ে পাশ্চাত্য রোমান সাম্রাজ্য অসভ্য বর্ববরজাতির হস্তে পতিত হইল। গল, রটেন, স্পেন, ইতালি প্রভৃতি সভ্যদেশ হইতে সভ্যতা দূরীভূত হইল। প্রাচ্য রোমানদেশও পুরোহিতের আধিপত্যে মগ্ন হইয়া নিস্তেজ নির্কির্য্যপ্রায় রহিল। স্থতরাং সমস্ত ইউরোপ যেন অন্ধতমসাচ্ছন্ন হইয়া পড়িল। কিন্তু ঠিক এই সময়েই ভারতবর্ষের গৌরবের দ্বিতীয় দিন উপস্থিতপ্রায়। এই সময়ে ভারতবর্ষীয়েরা পাশ্চাত্যআক্রমণকারীদিগকে দুরীভূত করিয়া, নানাবিধ কাব্য-কলাপ সৃষ্টি করিয়া, জ্যোতিষাদি শাস্ত্রের গুহু তত্ত্ব আবিষ্কার করিয়া, সভ্যতার চুড়ান্ত করিয়া তুলিলেন। ৪।৬ খঃ অব্দে রোমে বর্বরাধিপত্য স্থাপিত हरेन ৫১১ थः অব্দে রবাহমিহির অমূল্য জ্যোতিষ তত্ত্ব রচনা করিলেন। সম্ভবতঃ কালিদাসও এই সময়ের লোক। আবার ঠিক এই সময়েই চীনের এক নৃতন উন্নতির সময়। এই সময়েই চীনবাসীরা প্রাচীন সংস্কৃত বৌদ্ধগ্রন্থ সকল অমুবাদ করিতেছে আর চিনের পবিব্রাক্তকেরা ভারতবর্ষে ভ্রমণ করতঃ স্বদেশের জ্ঞানোমতিসাধন করিতেছে, আবার আরবদেশ এই সময়েই এক ভীষণ সমাজবিপ্লবের জন্ম প্রস্তুত হইতেছে, প্রাচীন পারস্থেরও অবস্থা এ সময় খুব ভাল। বোমেব ধ্বংস হেতু জগতের যে অনিষ্ট হইয়াছিল এতগুলি দেশের উন্নতিতে তাহার কি সামঞ্জস্ত অপেক্ষা অধিক হইল না ? যখন প্রায় সমস্ত পৃথিবীর লোকের উন্নতি হইতেছে তথন এক রোমানসাম্রাজ্যেব ধ্বংসে কত ক্ষতি হইবে।

বাস্তবিক জগতেব উন্নতি হইতেছে বা অবনতি হইতেছে নির্ণয় করিতে হইলে যে প্রাণালীতে আমবা এতক্ষণ যাইতেছিলাম সে প্রাণালীতে যাইতে স্থ্রিধা হইবে না, উহার আর এক উপায় আছে। যেমন বাহাজগতে উৎপত্তি স্থিতি ও লয় দেখা যায়, যেমন মন্থ্যের জন্ম মৃত্যু দেখা যায় এইরূপ মন্থ্যজাতির হউক আর নাই হউক ভিন্ন ভিন্ন মন্থ্যসমাজের উৎপত্তি স্থিতি ও লয় আছে। মন্থ্য যতক্ষণ নিজে আপনার জন্ম সব করিয়া লয় ততক্ষণ সমাজ হয় না. যে মৃহূর্ত্তে মন্থ্য পরস্পরের মুখাপেকা করিতে আরম্ভ করে যে সময় হইতে রাম হরির বোনা কাপড় পরিতে ও হরি রামের চাবের চাল খাইতে থাকে সেই সময় হইতে সমাজ আরম্ভ। যতক্ষণ সকল লোকই আপন আপন উদরায়ের জন্ম দিবারাত্রি পরিজ্ঞাম করে ততক্ষণ সমাজের উন্নতির সন্ভাবনা নাই। উন্নতি হইতে গেলে সমাজমধ্যে এমন একদল লোক চাই যাহাদের সাক্ষাৎ সম্বন্ধে কৃষিকার্য্যে বা শিল্পকার্য্যে লিপ্ত থাকিতে হয় না, যাহারা সমাজের লোককে শিক্ষা দেয়, শাসন করে, সৎপত্তে প্রের্থিত করে। ইহারা শিক্ষিত লোক, এই দলের উন্নতিতেই সমাজের উন্নতি। মৃতরাং এই দলের সংখ্যা যত বৃদ্ধি হয় তত্তই মঙ্গল কিন্তু সংখ্যাবৃদ্ধির সক্ষে বিহাদের মানসিক উন্নতিও হওরা চাই। নচেৎ বড়ই সর্কবেনাশ। যদি ইহাদের

সংখ্যা বৃদ্ধি হয় কিন্তু মানসিক উন্নতি না থাকে তাহা হইলে ইহারা জনসমাজের ভয়ানক শত্রু হয় ; কেবল নিজের সুখস্বাচ্ছন্দ্য বৃদ্ধির জন্ম দিবারাত্র ব্যস্ত থাকিয়া প্রজাবন্দের ভীষণ কষ্টের কারণ হয়। নিজের অলীক আমোদের জন্ম সহস্র লোকের প্রাণবধ করিতেও কাতর হয় না। নিজের সামান্য উপকারের জন্ম পরের ভয়ানক অপকার করিতে কষ্ট বোধ করে না। এইরূপ অত্যাচারী লোক অর্দ্ধ সভ্য অবস্থায় সর্বত্ত দেখিতে পাওয়া যায়। ইউরোপের ব্যারণ ও বিশপ, ভারতের ব্রাহ্মণ, এবং প্রায় সর্ববত্রই রাজকর্মচারিগণ এই তন্ত্রের লোক। যদি শিক্ষিত দলের সংখ্যা বৃদ্ধি হয় এবং তাহাদের মানসিক উন্নতিও ক্রমে বৃদ্ধি হইতে থাকে তাহা হইলে তাঁহারা অশিক্ষিতদিগের মঙ্গল কামনা করেন। তাহাদের সত্য বজায় করিবার ও তাহাদের মুখ স্বাচ্ছন্দ্য বৃদ্ধি কবিবার পরামর্শ দেন, তাহাদের যাহাতে নিজকর্ম করিয়া সময় থাকে ও যাহাতে তাহারাও শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে গণ্য হইতে পারে তাহাব চেষ্টা কবেন। এইটি করিলেই সমাঞ্চের প্রকৃত উন্নতি হইল। কিছু দিন এইরূপ উন্নতি হইবার পর সমাজের ধ্বংস হয়। সমাজ-ধ্বংসের কারণ শিক্ষিত লোকদিগের তেজোহ্রাস। অনেকদিন পরিশ্রম ও ক্রমাগত চিন্তা করিলে যেমন মনুষোর চিন্তাশক্তি ক্রমে অবশ হইয়া আইসে, সমাজস্থ শিক্ষিত লোকদিগেরও তেমনি হয়, দশ পনর পুরুষ ক্রেমাগত উন্নতি হইবার পর সমাজের মৌলিকত। হ্রাস হইতে থাকে, নৃতন আর কিছু আবিষ্কার হয় না, দিন কভ কেবল রুটিন বাঁধা সভ্যতা থাকে, এই রুটিন কাব্দের নাম সমাঞ্চধ্বংস. যেমন সমাজের মৌলিকতা হ্রাস হইল উন্নতির স্রোত: রুদ্ধ হইল অমনি যদি সমাজ ছত্ত্ব ভঙ্গ হইয়া পড়ে অথবা আর একদল লোক উঠিয়া নিস্তেজ্ঞ: শিক্ষিতদিগের স্থান **एथल करत जर्दारे मक्रल जर्दारे जात्र अमिनक जैन्नजित महादना नरहर ममास्कर** ক্রমেই অবনতি হয়। রুটিন ক্রমে ধারাপ হইতে থাকে। সমাজস্থ লোকদিগের শিক্ষা ভাল হয় না। কুসংস্কার, ভীক্নতা, সমাজ আক্রমণ করিয়া থাকে। সমাজের নাম থাকে, তেজ থাকে না। যেমন মৃতদেহ রক্ষা করায় কোন ফল নাই সেইরূপ পূর্ব্বোক্ত প্রকার মৃত বা ধ্বংসাবশিষ্ট ক্রটিন সমাজও কোন কার্য্যের হয় না বরং বহুসংখ্যক লোককে কুসংস্থারে মগ্ন করিয়া জগতের অনিষ্ট করে। যদি কুসংস্থারেরও বৃদ্ধি না হয় তথাপিও তাহারা জগতের অপকার করে। তাহারা আপনাদের গৌরবের স্মৃতিতে অহঙ্কৃত হইয়া পুরাণ সেকেলে সকল মতের পোষকভা করে। নৃতন মত প্রচার হইতে দেয় না। প্রচার হইলে প্রাণপণে তাহার লোপ যাহাতে হয় তাহার চেষ্টা করে। নৃতন মত প্রচার হইতে না দেওয়ার মত ক্পাতের অনিষ্ট আর নাই। অতএব যথন যে সমাজের শিক্ষিতগণের মৌলিকতা হ্রাস হইতে থাকে সে সমাজে হয় আমৃলক পরিবর্ত্তন বা বিনাশ হাওয়া নিভাস্ত আক্ষাক, নতুবা

পৃথিবীর যে অংশে সে সমাজ থাকিবে সে অংশে পক্ষপাতগ্রস্ত অঙ্গের স্থায় নিস্তেজ ও চলংশক্তিবিহীন হইয়া পড়িবে।

এইরূপ দেখান গেল থে সকল সমাজের উৎপত্তি স্থিতি ও লয় আছে। প্রায়ই দেখা যায় যে, যে সমাজের ধ্বংস হইতেছে তথাকার শিক্ষিত লোকেরাই ছুব লো মন্ত্রের উপাসক,আর যেখানে সমাজের উন্নতি হইতেছে সেইখানকার লোকই উন্নতি মতের প্রতিপোষক। যেমন জগতে মৃত্যু অপেক্ষা জন্ম অধিক সেইরূপ পৃথিবীর সর্ব্বত্র সমাজধ্বংস অপেক্ষা সমাজস্থিতি ও উৎপত্তি অধিক, স্কুতরাং অধিক লোক উন্নতিবাদী। ইহাতে একমাত্র বাদ আছে--পুরোহিত জ্বাতি সর্ব্বদেশে সর্ব্বকালে "ছুব্লো" বাদী ৮ স্কুতরাং যে দেশে পুরোহিতের ক্ষমতা নাই সেখানে "ছুব্লোর" বড় আদর নাই।

যেমন সমাজের উন্নতি অবনতি আছে তেমনি সমাজের বিশেষ বিশেষ আংশেরও উন্নতি অবনতি আছে। সর্ব্রেই উন্নতি অপেক্ষা অবনতি কম। সকল সমাজেই সমাজের সাধারণ উন্নতির সঙ্গে সঙ্গেই ধর্ম্মাজক সম্প্রদায়ের অবনতি দেখা যায়। স্কুতরাং যত সমাজের উন্নতি হয় ততই ধর্ম্মাজকগণ ডুব্লো ডুব্লো বিলিয়া গোল বাঁধান, কিন্তু কে তাঁহাদের কথা শুনে। যে সম্প্রদায়েরই যখন অবনতি তাহারাই তখন ডুব্লো বলিয়া উঠে। অতএব বড় বড় সমাজেও যেমন, সমাজের মধ্যবর্ত্তী সম্প্রদায় সমূহে তেমনি, একই নিয়ম।

আমাদের প্রথম প্রশ্ন ছিল যে, কেন উন্নতি ও অবনতি ছই মতাবলম্বীর লোক হয় ? তাহার উত্তর একপ্রকার দেওয়া হইল। এখন দেখিতে হইবে যে, এই ছই মতের কোনটীতে কত সত্য আছে।

প্রশাণ করা হইয়াছে যে, সকল সমাজেরই উন্নতি ও অবনতি আছে।
আজি মুসলমান অন্ত যাইতেছে কাল প্রীষ্টিয়ান অন্ত যাইবে, হিন্দু বছকাল অন্ত
গিয়াছে। আজই দেখিতেছি প্রীষ্টিয়ান উন্নত, মুসলমান অন্তমিত, হিন্দু ধ্বংসাবশেষ
মাত্র। কিন্তু ভিন্ন ভিন্ন সমাজের উন্নতি অবনতি হইলেও সাধারণতঃ মানবজাতির
ক্রেমেই উন্নতি হইতেছে। তাহার ধ্বংস নাই, সে উন্নতি অবিশ্রাস্ত। সমাজবিশেষের অবনতি হইলেও সে সমাজ জগতের কোন না কোন উন্নতি করে,
উন্নতি করা যেন সমাজ মাত্রেরই মিশন। নিজের উৎপত্তি হয় স্থিতি হয়
ধ্বংস হয় কিন্তু উন্নতিসময়ে সে সমাজ যদি একটা নৃতন কথা কহিয়া যায়,
একটি নৃতন আবিজ্রিয়া করিয়া যায়, একটি বিষয়ে জড়জগতের উপর
মন্তুরের আধিপত্য বিস্তার করিয়া যায়, তবে সে তাহার মিশন পূর্ণ করিয়া
গেল। সেই নৃতন আবিজ্রিয়া, ক্রমে সমস্ত মানবজাতির উপকার সাধন

করে। এই সকল আবিজিয়া দেখিয়াই ঠিক করিতে হইবে জগতের উন্নতি হইতেছে কি অবনতি হইতেছে। শুদ্ধ যে প্রাকৃতিক আবিজিয়া লইয়াই উন্নতি তাহা নহে, যাহা কিছু নৃতন কেহ করিতে পারে জাহাই উন্নতি। উন্নতির এইরূপ অর্থ করিলে দেখা যাইবে মান্ধাতার সময় হইতে ক্রমেই জগতের উন্নতি হইতেছে এবং এই উন্নতি যে কোখায় গিয়া শেষ হইবে তাহার ঠিকানা নাই। প্রথম অবস্থায় অবশ্য উন্নতি (নৃতন আবিজিয়া) এত শীত্র হইত না। কারণ তখন নৃতন আবিজিয়ার এত সুবিধা হয় নাই, মন্ধুয়ের বৃদ্ধি শুদ্ধি এত পরিপক্ষ হয় নাই, এমন কি তখন পাঁচটা দেখিয়া শুনিয়া একটা নৃতন করার প্রণালী (Inductive method) পর্যান্ত লোকে জানিত না। যতই মন্ধুয়ের অভিজ্ঞতা বৃদ্ধি হইতেছে ততই উন্নতি শীত্র হইতেছে। একটি নৃতন idea যখন প্রচার হইয়া গেল তখন তাহার আর ধ্বংস নাই, সে মত অন্য উৎকৃষ্টতর idea দ্বারা তিরোহিত হইতে পারে, কিন্তু তাহার ধ্বংস নাই, ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন আকারে আবিভূ ত হইয়া জগতের ক্রমেই সে উপকারে আসিবে। স্কুতরাং যখন idea ধ্বংস নাই তখন ভক্জনিত উন্নতিরও ধ্বংস নাই।

সমস্ত মমুগুজাতির যে ক্রমে উন্নতি হইতেছে তাহার আর এক প্রমাণ যে, ভিন্ন ভিন্ন সমাজের আকার ক্রমশংই বৃদ্ধি হইতেছে। অতি প্রাচীন কালে পারিবারিক রাজত্ব প্রবল ছিল। একজ্বন কর্ত্তা ছিলেন তাঁহার পরিবার তাঁহার তুল্য লোক, অবশিষ্ট সকলে তাঁহার দাস। ক্রমে এই পরিবারস্বামিগণ একত্র হইয়া tribal বা সম্প্রদায়প্রধান শাসন হইল। ক্রমে নানা সম্প্রদায় এক হইয়া নাগরিক শাসন হইল। ক্রমে নগরসমবায়, তাহার পর কুন্ত কুন্ত দেশ। যথা ডিউক্ডম, আরলডম, ছোট ছোট রিপবলিক, ক্রমে একণে নেশস্তাল বা জাতীয় শাসন উপস্থিত হইয়াছে। ক্রমেই দেখা বাইতেছে সমাজের হইতেছে। প্রাচীনকালে প্রবল পরাক্রাস্ত আথেন্সে পাঁচ হাজারের উপর নাগরিক লোক ছিল। অবশিষ্ট লোকেরা রাজ্যশাসন সম্বন্ধে কোন কথাই কৃছিতে পারিত না। এখন ফ্রান্স ও আমেরিকার সমস্ত লোকই নাগরিক, সকলেরই রাজ্য-শাসন সম্বন্ধে কথা কহিবার ক্ষমতা আছে। পূর্বেকালেও বড় বড় রাজ্য ও সাম্রাজ্য हिल किन्न उट्ट खां जि वा तानन हिल ना। मर्ख्य हे अक्कन लाक वा अक मन्त्रामाय বা এক নগর অবশিষ্টের উপর আধিপত্য করিত, কাহারও নিকট ভাহাদের জবাব-দিহি ছিল না। যথন দেখিতেছি সভ্যতার্দ্ধি-সহকারে ক্রমেই মনুযুসমাজের কলেবর বৃদ্ধি হইতেছে তথন নিংসন্দেহই ভরুসা করিতে পারি যে, যত কেন দেরিতে হউক না এমন দিন অবশ্য উপস্থিত হইবে যখন সমস্ত পৃথিবী একশাসনাধীন ছইবে, সমস্ত মানবগণ এক পরিবারের ক্যায় পরস্পারের সহায়তার পরমস্থাধ

দিনাতিপাত করিবে। এখন যেমন একটা idea ইংলণ্ডে আবিষ্কৃত হইল ত ফ্রান্সে সেটি প্রচার হইতে ছই শত বৎসর, ভারতবর্ষে পাঁচশত বৎসর লাগে, তখন শীত্র শীত্র সমস্ত মানবমণ্ডলীতে সেটা প্রচার হইয়া পড়িবে। আমরা যতই বর্ত্তমান ইউরোপীয় সভ্যতার প্রকৃতি পর্য্যালোচনা করি তত আমাদের দৃঢ় সংস্কার হয় যে এমন দিন অবশ্যই উপস্থিত হইবে। কিন্তু এখনও দেরী আছে, এখনও একজাতি অপর জাতির মুদ্রা ব্যবহার করে না, ভাষা ব্যবহার করে না, তুলাদণ্ড ব্যবহার করে না। সকলেরই স্বতম্ব মুদ্রা, ভাষা, তুলা-পরিমাণ। কিন্তু অনক বিষয়ে ক্রমে এক হইতেছে। যদিও অল্পে অল্পে একাকার হইতেছে কিন্তু একাকার যে হইতেছে সে বিষয়ে সন্দেহ নাই। এখনও সকল জাতি আপন আপন স্বাধীনতা বা স্বার্থপরতা রক্ষা করিতেছে। না করিয়াই বা কি করে ? এখনও কোন জাতি এমন সভ্য হয় নাই যে অধীন জাতিকে সমান স্বহ্ব প্রদান করে। এখনও স্বার্থপরতার প্রয়োজন আছে, ক্রমে ইহার লোপ হইবে এবং সমস্ত জ্বাৎ ভাই ভাই হইয়া উঠিবে।



৬

বিক্যাস করিয়া দাঁড়াইয়াছিলেন প্রণাম করেয়াছিল, কেবল ব্রহ্মচারী বক্ষে বাছ-বিক্যাস করিয়া দাঁড়াইয়াছিলেন প্রণাম করেন নাই। তিনি দেবমূর্ত্তিকে কখন প্রণাম করেন না; একথা সকলে জ্ঞানিত অথচ সে জ্ল্ফা কেহ তাঁহাকে অভক্তি করিত না, বরং সকলেই বলিত ব্রহ্মচারী জ্ঞানী তাহাই তিনি রামসীতার মূর্ত্তিকে প্রণাম করেন না।

ব্রহ্মচারী মাদে মাদে একবার করিয়া সন্ধ্যার সময় রামসীতার আরতি দর্শন করিতে আসিতেন। যাঁহারা এই সময় সেখানে উপস্থিত থাকিতেন সকলের সহিত অতি সম্নেহে কথাবার্ত্তা কহিতেন। অনেকের নাম জানিতেন, তাহাদের সাংসারিক অবস্থাও জানিতেন; নাম ধরিয়া তাহাদের ডাকিতেন এবং সংসারের কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিতেন। কিন্তু কেহ সংপরামর্শ জিজ্ঞাসা করিলে কোন উত্তর করিতেন না, কখন কখন বলিতেন, আমি সংসারি নহি, এসকল বিষয়ের মন্ত্রণা আমা অপেক্ষা অত্যে ভাল দিবে।

শান্তিশত গ্রামের প্রায় ক্রোশান্তর দূরে এক প্রান্তর মধ্যে একটি ভগ্ন মন্দিরে ব্রহ্মচারী একাকী বাস করিতেন। মন্দিরটি কোন দেব মূর্ব্ভি প্রতিষ্ঠার নিমিন্ত নির্মিত হইয়া থাকিবে, কিন্তু যে সময়ের কথা বলা যাইতেছে সে সময়ে মন্দিরে কোন মূর্ত্তি ছিল না। প্রবাদ আছে যে, এক কালী প্রতিমা প্রতিষ্ঠা করিবার নিমিন্ত তথায় আনীত হইয়াছিল কিন্তু রাত্রিকালে বৈষ্ণবসম্প্রদায়ের কতক শুলি নিরীহ শান্ত লোক আসিয়া প্রতিমাকে নিকটস্থ দীর্ঘিকায় নিক্ষেপ করে। এবং কালীমূর্ত্তি স্পর্ণ করিয়াছে বলিয়া সেই রাত্রিকালে তাহারা অবপাহন স্নান করে। প্রবাদ সত্য হউক বা মিধ্যা হউক দীর্ঘিকার নাম কালীদহ।

ব্রহ্মচারীর সহিত এই স্থানে সাক্ষাৎ করিতে গেলে সাক্ষাৎ হয় না। মন্দি-রের দার সর্ব্বদাই খোলা থাকে, অথচ প্রবেশ করিলে কখন ব্রহ্মচারীর দেখা পাওয়া যায় না। মন্দিরের তিন দিকে প্রাস্তর একদিকে কালীদহ। তথায় একটি বকুল ছুইটি বেল বৃক্ষ ভিন্ন আর কোন বৃক্ষ কি লতা নাই। চারিদিকে বছদূর পর্যান্ত দৃষ্ট হইয়া থাকে কোথায়ও ব্রহ্মচারীকে দেখিতে পাওয়া যায় না। যখনই অমুসন্ধান করা যায় তখনই এইরূপ অথচ লোকে বলে ব্রহ্মচারী এই স্থানে বাস করেন তাঁহাকে জিজ্ঞাসা করিলে তিনিও সেই কথা বলেন। মাসাস্তরে কেবল রামসীতার মন্দিরে তাঁছাকে দেখিতে পাওয়া যায়। লোকের শ্রদ্ধা তাঁহার সম্বন্ধে অতি আশ্চর্য্য। দেব ভক্তি তাঁহার একেবারে ছিল না, তিনি কখন দেবতাকে প্রণাম বা পূজা করেন নাই, কেহ কখন তাঁহাকে সন্ধ্যা পাঠ করিতে শুনে নাই অথচ সকলেই তাঁহাকে পরম ধার্মিক বলিয়া জানিত। তিনি কখন কোন ভবিষ্যুৎ কথা वर्णन नांहे अर्था स्माि वियमात्त्र जांहात विरम्भ स्थान आहि विनिया तांहे हिल। তিনি কখন কাহাকে ঔষধ দেন নাই কিন্তু লোকের বিশ্বাস ছিল যে, তিনি মনে করিলেই সকল রোগই আরাম করিতে পারেন। লোকের এরূপ বিশ্বাস, এরূপ শ্রদ্ধা কেন হইল তাহা অমুভব করা কঠিন কিন্তু চূড়াধন বাবু মনে মনে তাহা এক প্রকার অমুভব করিয়া রাখিয়াছিলেন। দেওয়ান পুত্র নবকুমারকে তিনি একদিন এই কথার প্রসঙ্গে বলিয়াছিলেন যে, ব্রহ্মচারী হয় জুয়াচোর নতুবা অদৃষ্টবান পুরুষ। নবকুমার ভাঁহাতেই মত দেন।

রামসীতার মন্দির হইতে বহির্গত হইয়া ব্রহ্মচারী আপন আশ্রমাভিমুখে চলিলেন। কতক দুর যাইতে যাইতে কয়েকজন গ্রাম্যলোকের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। তাহারা কার্য্য উপলক্ষে প্রাতে শান্তিশত গ্রামে আসিয়াছিল, এক্ষণে কার্য্য সমাধান্তে স্ব স্থ গ্রামে প্রত্যাগমন করিতেছে। ব্রহ্মচারী তাহাদের সহিত কথোপকথন করিতে কলিতে চলিলেন। তাহাদের মধ্যে বৃদ্ধ নানা কথার পর বলিল "ঠাকুর, আজ এই মাত্র আমরা একটা বড় কুসম্বাদ শুনিয়াছি। রাজা আমাদের দেবতা স্বরূপ, রাজার ধর্মে প্রজার ধর্ম, রাজা যদি এরপ হন ত আমাদের কি দশা হইবে! শুনিলাম, রাজা নাকি এই মাত্র সন্ধার সময় লোক জন লইয়া স্বয়ং একটা ব্রাহ্মণ কন্তা অপহরণ করিয়া লইয়া গিয়াছেন। যুবতী কত চীৎকার করিতে লাগিল কেহ তাহার রক্ষার্**রে** আসিল না, যে রক্ষক সেই যদি ভক্ষক হয় তবে আর কে কথা কছিকে! ভয়ে তাহার পিতা পলায়ন করিয়াছিল, স্বামী বাটা নাই নতুবা সে রাজা বলিয়া বড় ভয় করিত না, তা সে যাহাই হউক পৃথিবীর দশা হল কি ? এ যে ঘোর কলি উপস্থিত, রাজা হইয়া প্রজার ক্যাহরণ! তাহাতে আবার বান্ধণের ক্যা! কি সর্বনাশ! আর বৃদ্ধ বয়সে রাজার এই ছর্মডি, ইহা অপেকা দেশের আর কি অমলল হইতে পারে।"

বৃদ্ধ চূপ করিল দেখিয়া একজন সঙ্গী খালক বলিল "পিতম পাগলার কথা বল। রাজা ভাহাকে পিঁজরায় পুরিয়াছেন।"

বৃদ্ধ বলিল "ভাল কথা মনে! ঠাকুর, ছু:খের কথা কি বলিব! একটা পাগল পথে পথে ভিক্ষা করিয়া বেড়াইড, কাহারও অনিষ্ট করিত না, তাহাকে ধরিয়া না কি বাঘের মুখে দিবার ছকুম হইয়াছিল। শেষ কে চূড়াধন বাবু আছেন তিনিই না কি তাহাকে রক্ষা করেন। তথাপি দেওয়ানজীর পরামর্শে রাজ্ঞা তাহাকে পিঁজরায় বদ্ধ করিয়াছেন। বাঘের পার্শ্বে রাখিয়াছেন সে এক- প্রকার বাঘের মুখেই দেওয়া! এতক্ষণ হয় ত বাঘ তাহাকে উদরে পুরিয়াছে। আমি স্বচক্ষে দেখিয়া আসিয়াছি বাঘ তাহাকে দেখিয়া লাপাইতেছে ঝাপাইতেছে এক একবার গরাদের উপর ছই পা দিয়া দাঁড়াইয়া পিতমকে দেখিতেছে আর হাঁ করিতেছে।"

বালক বলিল "এক পাশে বাঘ এক পাশে ভালুক।"

বৃদ্ধ। কি আপশোষ কি আপশোষ! এত পাপ! পৃথিবী আর বহিতে পারিবেন কেন। রাজ্য আর থাকে না!

ব্রহ্মচারী কোন উত্তর দিলেন না। কতক দূর অস্তমনক্ষে চলিলেন, পরে যখন উত্তর দিবার নিমিত্ত পশ্চাৎ ফিরিলেন তখন দেখিলেন, গ্রাম্য লোকের। অস্ত পথে চলিয়া গিয়াছে। ব্রহ্মচাবী কতক্ষণ তথায় দাড়াইয়া রহিলেন শেষ কি মনে করিয়া শাস্থিশত গ্রামের দিকে প্রত্যাবর্ত্তন করিলেন।

রাত্রি প্রায় দেড় প্রহর অতীত হইলে পর ব্রহ্মচারী দেওয়ানজীর অতিথি-শালায় প্রবেশ করিলেন। তৎসম্বাদ শুনিয়া দেওয়ানজী তথায় উপস্থিত হইলেন। প্রণাম করিয়া বসিলে, ব্রহ্মচারী জিজ্ঞাসা করিলেন "সমস্ত ক্লুশল ?"

দেওয়ান। মহাশয়ের জীচরণ প্রসাদে সকলই কুশল বলিতে হইবে।
ক্রন্ধচারী। তাহা শুনিলেই আমাদের স্থা। অনেক দিন দেখি নাই,
কোন সম্বাদও লইতে পারি নাই, তাহাই একবার আসিলাম।

দেওয়ান। অনুগ্রহ আপনার।

जन्मगत्री। त्राकात कूमन ?

দেওয়ান শারীরিক কুশল বটেই, মানসিক মন্দ বলিয়াও বোধ হয় না।

ব্ৰহ্মচারী। রাজকার্য্য সম্বন্ধে কিরূপ ?

দেওয়ান। তাহাও মন্দ নছে। তবে বোধ হয় ইদানীং সক্লেই তাঁছার সঙ্গলাকাক্ষী নছে। ব্দ্ধানারী। আমি তাইা কতক বুঝিয়াছি। তবে সবিশেষ জ্ঞানি না, এক্ষণে শুনিতেও বড় ইচ্ছা করি না, মনে জ্ঞানি যে, যখন আপনার স্থায় বুদ্ধিমান্ ব্যক্তি রাজার পরামশী তখন-তাঁহার মঙ্গলই সম্ভব, সকল বিপদ হইতেই উদ্ধার হইবেন। তবে বোধ হয় বিপক্ষদল কিঞ্ছিৎ প্রবল হইয়া থাকিবে অথবা তাহাদের কার্য্যকারিতা শক্তি কিছু বৃদ্ধি পাইয়া থাকিবে।

দেওয়ান। তাহা সত্য, এই মাত্র তাহার পরিচয় পাইয়াছি। ব্রহ্মচারী। কিরূপ ?

দেওয়ান। রাজ্ঞার প্রতি যাহাতে প্রজ্ঞার শ্রান্ধা কমে এরূপ অপবাদ রটান হইতেছে। তাহা হউক, এরূপ হইয়াই থাকে, তাহার নিমিত্ত আমি বড় ব্যস্ত নহি, কিন্তু এক কথার নিমিত্ত আমার কিছু সন্দেহ হইয়াছে। সন্ধ্যার সময় রাজা ব্রাহ্মণকত্যাকে ক্রোড়ে করিয়াছেন কিন্তু রাত্রি এক প্রহর না হইডে হইতেই সে কথা বিকৃতিপ্রাপ্ত হইয়া দেশ বাষ্ট হইয়াছে।

ব্রহ্মচারি। যখন আপনি এ সকল বুঝিয়াছেন তখন আর ভাবনার বিষয় কিছুই নাই। এক্ষণে আমি আশ্রমে যাই।

দেওয়ানজী প্রাণাম করিয়া ব্রহ্মচাবীকে বিদায় দিলেন। অবস্থিতি করিতে অমুরোধ করিলেন না।

9

পরদিন প্রাতে একজন চোপদার রামসীতার পাড়ায় রাজপথে আসিয়া দাড়াইল। তাহার হস্তে মুসলমানি গঠনের এক দীর্ঘ শৃল ছিল, তাহা সজোরে মৃত্তিকায় প্রহার করায় শৃল প্রোথিত হইয়া বিনাস্পর্শে দাড়াইয়া রহিল। তখন চোপদ্বার অতি গম্ভীরভাবে সেই স্থানে পাদচারণ করিতে আরম্ভ করিল। পল্লীস্থ অধিবাসীরা একে একে তথায় আসিয়া উপস্থিত হইতে লাগিল। ক্রমে অনেক গুলি লোক আসিয়া জমিল। চোপদারের এ সময়ে এ স্থানে একা আসা অসম্ভব বলিয়া ছই একজন হেতু জিজ্ঞাসা করিতে সাহস করিলে, চোপদার কেবলমাত্র প্রশ্নকারীর মুখপ্রতি একবার কটাক্ষ করিলেন, কোন উত্তর দিলেন না। চোপদার হিন্দুস্থানী, কাজেই দ্বিতীয়বার তাঁহাকে প্রশ্ন করিতে আর কেহ সাহস করিল না। কিছু বিলম্বে বৃত্তান্ত অবশ্য জানা ঘাইবে এই বিবেচনায় সকলে প্রতীক্ষা করিতে লাগিলেন।

বালকেরা রৌপ্য শূলের চাকচিক্য পরস্পর পরস্পরকে দেখাইতে লাগিল। ব্রকেরা আপনাদের মধ্যে চুপি চুপি নানা তর্ক বিতর্ক করিতে লাগিল। কেহ বলিল বে এখানে কোথাও একটি মন্দির নির্শ্বিত হইবে তাহাই চোপদার আসিয়াছে। কেছ বলিল যে ভাহা নহে, এখানে অভিথিশালা হইবে। আবার কেছ বলিল, ইট কাঠের ব্যাপার নহে কিছু গুরুতর ব্যাপার আছে ইহার পর জানিতে পারিবে। চতুর্থ আর এক ব্যক্তি বলিল ব্যাপার আর কিছুই নহে এখানে একটী কীর্বিস্তম্ভ নির্মিত হইবে, যে স্থানে চোপদার শূল গাড়িয়াছে ঠিক ঐস্থানে হইবে। এই কথা বলিয়া সে ব্যক্তি ঈষৎ মুখভঙ্গী করিয়া হাসিল। মুখভঙ্গী দেখিয়া হাসির অর্থ অনেকের মনে পড়িল, "ঠিক বলিয়াছ ঠিক বলিয়াছ" বলিয়া প্রকাশ্য হাসি পড়িয়া গেল। হাসি থামিলে একজন বলিল স্তম্ভ তবে আর একটু সরিয়া হইবে, এই বলিয়া নিকটস্থ একটী বাটীর প্রতি কটাক্ষ করিল, আবার হাসি উঠিল।

যে বাটীর উদ্দেশে এই হাসি হইল সে বাটীর দ্বার খোলা ছিল। এক वृष्का विथवा, शलाश क्रजाक माला, श्रविशास मिलन छिन्न वञ्च, खारव व्यानिशा অতি তীব্র দৃষ্টিতে দেখিতে লাগিল। বহু লোকের সমাগম স্পষ্ট দেখিতে পাইয়া সভয়ে ভার রুদ্ধ করিয়া বলিল "বিপদ দেখ, কার জ্ঞাল কোথায় আসিল।" পরে বৃদ্ধা পুদ্রবধূর উদ্দেশ্যে বলিল ''আব্দু আর ব্লুল আনিতে কি অস্থা কার্য্যে यारेवात প্রয়োজন নাই, জলের আবশুক হয় আমি আনিয়া দিব।" পুত্রবধু গৃহ মার্চ্ছনা করিতেছিল কোন উত্তর করিল না, সম্লেহে কন্সার প্রতি চাহিয়া মাধা আন্দোলন করিতে করিতে বলিতে লাগিল, 'জল আনিতে হয় পুটু আনিয়া দিবে, কেমন পুটু ?" পুটু ধূলায় বসিয়া গুৰু খই খাইভেছিল, গৰ্ভধারিণীর স্বর ভনিয়া তাঁহার প্রতি চাহিল। মাতা আবার জিজ্ঞাসা করিলেন, "কেমন পুটু ?" পুটু খিলখিল করিয়া হাসিয়া উঠিল, ক্ষুদ্র হস্তে একটি খই তুলিয়া মাকে দেখাইতে লাগিল 'এ এ", মা বলিলেন 'খাও, খাও, দেখ মা যেন কাকে লয় না।" কাকের নাম হইবামাত্রই ভীত ভাবে পুটু চারিদিকে দেখিতে লাগিল। পুটু যদিও এক বংসরের বালিকা, নিজে কথা কহিতে পারে না কিন্তু ছুই একটি কথা বুৰিয়া থাকে। কাকের নামমাত্রেই হয় ত আপনার বিপদ বুৰিতে পারিল। প্রাতে উঠিয়া কেবল গুটিকতক খই পাইয়াছিল তাহা এখনি কাকে লইয়া যাইবে **এই** ভয়ে চারিদিক দেখিতে লাগিল।

বান্তবিকই তৎকালে কাক আসিয়া চালে বসিয়াছিল। পুটু ভাহাকে দেখিয়া কাঁদিবার উত্যোগ করিলে তাহার গর্ভধারিশী আসিয়া কাক ভাড়াইয়া দিল। পুটু আফ্লাদে হাসিয়া উঠিল, যা যা বলিয়া হুই হাত নাড়িতে লাগিল। মাতা যত্নে পুটুর কুত্র মুখখানি ধরিয়া চুম্বন করিলেন, আদর করিয়া বলিলেন "খাও মা এইখানে বসিয়া খাও। খই ধূলায় কেল না, ধামিতে রেখে খাও, কাল ভোষার সঙ্গে রাজপুজের বিবাহ হবে, তখন তুমি সোণার ধামিতে খই খাবে, কেমন পুটু?" পুটু আবার হাসিয়া তুই হাত বাড়াইল। মা মুখচুম্বন করিয়া চলিয়া গেলেন। যাইবামাত্র আবার কাক আসিল। এবার চালে না বসিয়া পুটুর নিকট আসিয়া বসিল। পুটু ভয়ে চক্ষু বৃজ্জিল। কাক ক্রেমে খইগুলি সংগ্রহ করিয়া উড়িয়া গেল। তখন পুটু চক্ষু চাহিয়া ধামি দেখিয়া কাঁদিতে লাগিল। ক্রন্দেন শুনিয়া পুটুর মা দোড়িয়া আসিলেন, ধামি শৃষ্ঠ দেখিয়া প্রথমে কাককে পরে আপনার অদৃষ্টকে গালি দিতে লাগিলেন। শেষ পুটুকে ক্রোড়ে লইয়া চোখের জল মুছাইতে মুছাইতে বলিতে লাগিলেন "কেন মা এ অভাগিনীর গর্ডে জিম্মাছিলে? আবার এখন খই আমি কোথা পাইব ?"

পুটু শীঘই কারা ভূলিয়া গেল, আপনিই চক্ষের জল মুছিল কিন্তু মুছিতে গালে নাকে হাতে চক্ষের অঞ্চন লাগিয়া গেল। "ঐ! কি করিলি" বলিয়া গর্ভধারিণী গাত্রমার্জনী আনিয়া কালি মুছাইতে মুছাইতে বলিতে লাগিলেন "পুটু আমার কেমন স্থন্দর মেয়ে, পুটু আমার আজ আবার রাজার কোলে উঠিবে—রাজা আবার আজ্ল কোলে লইতে আসিবেন, না পুটু!" মাধবীলতার আদরের নাম পুটু।

গৃহমধ্যে এইরূপে যখন গর্ভধারিণী মাধবীলতাকে লইয়া আদর করিতে ছিলেন সেই সময়ে রাজপথে একজন কারকুন আসিয়া নিকটস্থ গৃহস্থদিগের নাম ইত্যাদি লিখিয়া লইতেছিল, কাহার কাহার বাটার দৈর্ঘ্য প্রস্থ মানদণ্ডের দ্বারা পরিমাণ করিতেছিল। গৃহস্থামীদের আর ইহা দেখিয়া বুঝিতে বাকি রহিল না। এক্ষণে গৃহ ত্যাগ করিয়া যাইতে হইবে তাহাদের নিক্ষয় বোধ হইল। গৃহস্থের পক্ষে ইহা অপেক্ষা ত্তাগ্যের বিষয় আর কি আছে! পূর্বের হাস্তা রহস্ত কাজেই লোপ হইল, সকলেই গন্ধীরভাবে দাঁড়াইয়া মনে মনে মাধবীলতার পিতা রামামুক্ষকে তিরস্কার করিলে লাগিল। রামামুক্ষ তৎকালে বাটী ছিলেন না, প্রাতেই আহার্য্য জব্য সংগ্রহের নিমিন্ত বহির্গত হইয়াছিলেন।

কিয়ৎকাল পরে তিনি আসিয়া উপস্থিত হইলেন। বস্ত্রাগ্রে কতকগুলি শাক, কদলি, বিৰপত্র, হস্তে একটি বার্ত্তাকু। তাঁহাকে চিনিবামাত্র চোপদার আসিয়া প্রশাম করিল এবং যোড়করে বলিল যে তাঁহার সেবার যে সকল দাস দাসী নির্ভূচ্ছীয়াছে তাহারা আগতপ্রায়, বস্ত্র অলহার ও অস্তাস্ত্র জ্বব্যাদি লইয়া আসিতেছে। আপাততঃ চারিজন ঘারবান্ উপস্থিত আছে, তাঁহার যেরপ অস্তুমতি হয়। রামান্ত্রক কিছুই ব্রিতে পারিলেন না, চোপদার আর কাহাকে নিবেদন করিতেছে মনে করিয়া পশ্চাতে দেখিলেন সে দিকে কেছই নাই। হতবৃদ্ধি হইয়া শাক্

বার্ত্তাকু কেলিয়া চোপদারের প্রতি চাহিয়া রহিলেন। অগত্যা একজন প্রতিবেশী বলিয়া উঠিল, আমাদের দেশত্যাগী করিবার নিমিন্ত তোমার যদি মনে ছিল প্রের্বি বলিলেই আমরা আপনারাই চলিয়া মাইতাম এ সকল যোগাযোগ করিবার আর তোমার আবশুক হইত না। আর একজন বলিয়া উঠিল। তুমি বড় লোক, আমাদের মত সামান্ত লোকের উপর এ সকল অত্যাচার করা উচিত হয় নাই। রামান্ত্রুক্ত কাতরনয়নে সকলের মুখপ্রতি চাহিতে লাগিলেন। এমন সময় রাজবাটী হইতে জব্যাদি আসিয়া উপস্থিত হইল। সকলের দৃষ্টি সেই দিকে পড়িল। সকলেই অগ্রসর হইয়া দাঁড়াইল। দেখিয়া কাহারও আহলাদ হইল না, প্রথমে সকলের মুখ ভার হইল। ক্রমে তাহাদের মধ্যে গোপনে উপহাস আরম্ভ হইল, কেহ কটাক্ষ ঘারা, কেহ বা অক্সম্পর্য ঘারা উপহাস করিতে লাগিল। গৃহপ্রত্যাবর্ত্তন করিয়াও তাহাদের রহস্তপ্রযুক্তি ক্ষান্ত হইল না। ধনাঢ্যের প্রতি উপহাস, দরিজের প্রতি উপহাস, বৃদ্ধের প্রতি উপহাস, যুবতীর প্রতি উপহাস, সতীক্ষের প্রতি উপহাস ঘরে ঘরে আরম্ভ হইল।

তাহাদের গৃহিণীবাও ঈর্ষাপরবশ হইয়া নানা কথা আরম্ভ করিল। অনেকেই স্থির করিল যে "গহনা পরার গলায় দড়ি।"

৮

অপরাক্তে যখন রাজা ইন্দ্রভূপ আত্মীয়গণপরিবেষ্টিত হইয়া পুরাণ প্রবশ করিতেছিলেন একখানি শিবিকা তাঁহার অন্তঃপুরে প্রবেশ করিল। একজ্পন পরিচারক আসিয়া যোড়হন্তে বলিল যে পান্ধী আসিয়া পৌছিল। রাজা ইঙ্গিত দ্বারা সম্বাদ গ্রহণ করিলেন; পুরাণপাঠ পূর্কামত চলিল।

অন্তঃপুরে শিবিকা রক্ষিত হইলে, তিন চারি জন পরিচারিকা আলিয়া পানীর নার খুলিল। "যা যা" বলিয়া একটি ক্ষুদ্র বালিকা ক্ষুদ্র হস্তে করতালি দিয়া উঠিল, পরে পানী হইতে অবতরণ করিবার চেষ্টা করিতে লাগিল। জনৈক পরিচারিকা তাহাকে কোলে করিয়া লইল। ক্রেনড় হইতে বালিকা মাকে ডাকিতে লাগিল। পানীতে একটা যুবতী ছিলেন, তিনিই বালিকার মা। পরিচারিকারা তাঁহাকে সসম্মানে আহ্বান করিলে, তিনি ধীরে ধীরে অবতরণ করিলেন। তাঁহার পরিধানে মুরসিদাবাদী পট্টবন্ত্র, আপাদমন্তক নানাবিধ অলহারে বিভূষিত। কিছ সকলগুলি অলোপযোগী নহে, অনেক গুলি অল হইতে খলিতোলাখ। পানীর নিকট দাড়াইয়া যুবতী সে গুলি অলে আবদ্ধ করিবার চেষ্টা করিতে লাগিলেন কিছ পারিতেছেন না দেখিয়া জনৈক পরিচারিকা সাহায্য করিল। অলহারের দৌরাত্ম শেষ হইলে যুবতী আবার দেখিল বন্ত আরম্ভর মধ্যে রাখা ভার হইল।

পরিচারিকারা তাহ। বৃঝিতে পারিয়া যত্ন জানাইবার উপলক্ষে সবস্ত্র ভাঁহার অঙ্গ ধরিয়া রাণীর নিকট লইয়া চলিল।

রাণী তৎকালে কিঞ্চিৎ দূরে বারাণ্ডায় ব্যক্তন হস্তে দাঁড়াইয়া ঈষৎ বামে মন্তক হেলাইয়া দেখিতেছিলেন। যুবতী অতি কুন্ঠিতভাবে আদিয়া তাঁহাকে প্রণাম করিল। রাণী আশীর্কাদ করিয়া হস্তধারণ পূর্বক যুবতীকে তুলিলেন এবং নিকটে উপবেশন করিতে বলিয়া আপনি অগ্রসর হইয়া পরিচারিকার ক্রোড় হইতে বালিকাকে লইলেন। পরিচারিকার ক্রোড়ে বালিকা মানভাবে থাকিয়া কাঁদিবার উভোগ করিতেছিল, ক্রোড় পরিবর্ত্তন হওয়াতে সে ভাব কতক গেল। রাণীর ক্রোড়ে গিয়া বালিকা প্রথমে স্বর্ণষ্টিত বস্ত্রাগ্র দেখিতে লাগিল, তাহার পর একবার মুখ তুলিয়া রাণীর প্রতি চাহিল। কাপালে হীরক শ্বলিতেছে তাহা স্পর্শ করিবে বলিয়া ক্ষুন্ত হস্ত প্রসারণ করিল, হস্ত সে পর্যাস্ত গেল না। এই সময় কঠের হীরকের প্রতি দৃষ্টি পড়িল। বালিকা তৎক্ষণাৎ তাহা ধরিয়া বলিতে লাগিল "এ এ।" রাণী বালিকার মুখচুম্বন করিয়া শয্যায় বসিলেন, বালিকাকে আপন ক্রোড়ে বসাইলেন। তাহার গর্ভধারিণীকে জিজ্ঞাসা করিলেন, "মেয়েটির নাম কি •়" গর্ভধারিণী বলিলেন "পুটু।" রাণী বলিলেন কল্য মহারাজা বলিয়াছিলেন নাম মাধবীলতা। তা হউক। মাধবীলতা অপেক্ষা পুটু নাম ভাল। পুরুষেরা মাধবীলতা বলুন আমরা পুটু বলিব।

এই সময় মাতার প্রতি দৃষ্টি পড়ায় পুটু রাণীর ক্রোড় হইতে মাতার ক্রোড়ে গেল, আবার মার ক্রোড় হইতে তৎক্ষণাৎ ফিরিয়া রাণীর ক্রোড়ে বসিয়া মার প্রতি চাহিয়া হাসিতে লাগিল। "আয়" বলিয়া মা হাত বাড়াইলে পুটু হাসিয়া রাণীর বস্ত্রাস্তরালে মুখ লুকাইল, আবার অল্পে অল্প মুখ বাহির করিয়া মাকে দেখিতে লাগিল। তাহার প্রতি মার দৃষ্টি পড়িবামাত্র আবার হাসিয়া মুখ লুকাইল।

রাণী একজন পরিচারিকার প্রতি চাহিয়া বলিলেন, "রাজকুমার আয়ুক্ত এরূপ খেলা জানে না। রাজকুমার কোথায় একবার এইখানে আনিয়া পুটুর, কাছে বসাইয়া দেও ছইজনে কি করে দেখি।" পরিচারিকা উঠিয়া গেল।

আর একজন পরিচারিকা আসিয়া পুটুর হাতে মিষ্টান্ন দিল। পুটু ভাহা খাম্ব বলিয়া অনুভব করিতে পারিল না, খেলিবার জব্য মনে করিয়া ভাঙ্গিল। স্তক্তম, খই আর শুড় ভিন্ন পুটু অক্স জব্য কখন খায় নাই, মোণা কখন দেখেও নাই কাজেই কেলিয়া দিল।

এই সময় অন্তঃপুরের ছারে নাগরা বাজিয়া উঠিল। রাণী বলিলেন "রাজা আসিতেছেন।" একজন পরিচারিকা পুটুর মাকে কক্ষান্তরে লইয়া গেল! রাজা হাসিতে হাসিতে আসিলেন। রাজাকে দেখিবামাত্র পুটু হাত বাড়াইয়া দিল, রাজা পুটুকে ক্রোড়ে লইয়া রাণীর নিকট বসিলেন। রাণীকে বলিলেন, "আমি রাত্রে যে বলিয়াছিলাম মেয়েটি চমৎকার, বাস্তবিক ভাহা নয়?"

রাণী। মেয়েটিকে কোলে করে যেন আমার কোল যুড়াল।

রাজা। শরীর চমৎকার নরম।

রাণী। আমি তা বলিতেছি না, ছেলেদের শরীর এইরূপ নরম হয়। রাজকুমারের শরীর বরং আরও নরম।

রাজা। তবে কি বলিতেছিলে ?

রাণী কিঞ্চিৎ ইতস্ততঃ করিয়া বলিলেন "অশ্য ছেলে কোলে করে এত সুখ হয় না। এই খুদে মেয়ে যেন কি মন্ত্র জানে।"

রাজা হাসিয়া বলিলেন, "তাহা কিছুই নয়। আমি বড় ভালবাসিয়াছি বলিয়া ভোমারও ভাল লাগিয়াছে।"

রাণী। তাই হবে, মেয়েটির ত কোন খুঁত নাই সকলই গুণ; অক্স ছেলে হলে এতক্ষণ কত কাঁদিত; পুটু এসে অবধি কেবলই হাসিতেছে। আর দেখুন পুটুর হাসি যতবার দেখিলাম ততবারই আপনাকে মনে পড়িল, কেন বলুন দেখি।

রাজা। মাধবীর হাসি বৃঝি কতক আমার মত।

রাণী। তা আমি ঠিক বৃঝিতে পারি না, কিন্তু এর হাতের গড়ন দেখুন ঠিক আপনার মত।

রাক্স। তাহা আমি ভাল বলিতে পারি,না কিন্তু চোৰ ছটি নিশ্চয় তোমার মত। প্রথমে দেখে আমি আশ্চর্য্য হয়েছিলাম।

রাণী। কি আশ্চর্য্য ! মামুষের মত ত মামুষ হয় ?

রাজা। এ জগতে কিছুই বিচিত্র নহে। রামসীতার মত যদি কোন ঘটনা আমাদের হইত তবে বলিতাম এ আমারই লব। কিন্তু সেরূপ আমাদের কোন ঘটনাই ত নাই।

রাণী। বালাই! বালাই! তাঁরা দেবতা মাধার উপর ধাকুন।

রাজা। প্রায় সন্ধ্যা হল। ব্রাহ্মণকস্থাকে আর অধিকক্ষণ রাখা না হয়। আমি এখন যাই।

রাজা চলিয়া গেলেন, অস্তঃপুর অভিক্রেম করিলে আবার পূর্ব্বমন্ত বড়োন্তম হইয়া উঠিল। বড়োন্তম শুনিবামাত্র রাজ অঙ্গনে বর্ণ মূলল হল্তে নকিব হিন্দি- ভাষায় উটেচ: স্বরে চীৎকার করিয়া রাজার বহির্গমনবার্ত্তা প্রচার করিতে লাগিল।
অমনি নহবৎ বাজিয়া উঠিল। দ্বারে সুসজ্জিত হস্তী উপস্থিত ছিল বৃংহিত নাদ
করিয়া উঠিল। অমাত্যগণ অপ্রসর হইলেন, পরিচারকগণ শ্রেণীবদ্ধ হইয়া
দাড়াইল। রাজা পুষ্প-উভানে গেলেন।

ইব্রভূপ উঠিয়া গেলে পুটুর মা রাণীর নিকটে আসিয়া বিদায় চাহিলেন। রাণী হাসিয়া বলিলেন, "পুটুকে রাজকুমারের সহিত আলাপ করিয়া দিই আর একট থাক।" এই সময় পরিচারিকা রাজকুমারকে আনিয়া পুটুর সম্মুখে বসাইয়া দিল। উভয়ের একই বয়স, দেখিতে প্রায় একই রূপ। রাজকুমার কিঞ্চিৎ হর্বল মাত্র। পুটু তখন মৃত্তিকায় বসিয়া অক্সমনক্ষে স্বর্ণমুক্তা লইয়া ক্রীড়া করিতে-ছিল। রাণী যখন প্রথমে পুটুকে ক্রোড়ে লইয়াছিলেন স্বর্ণমুক্তা কয়েকটি তখন তাহার হস্তে দিয়াছিলেন। জনৈক দাসী তাহা পুটুর হস্ত হইতে লইয়া **আপনার** নিকটে রাখিয়াছিল এক্ষণে বিদায়ের সময় উপস্থিত দেখিয়া স্বর্ণমুজা গুলি আবার পুটুর হত্তে দিয়াছিল, পুটু ভাহা লইয়া আপন মনে খেলা করিতেছিল। রাজ-কুমারকে পুটুব সম্মুখে বসাইয়া দিলে পুটু ক্রীড়া ত্যাগ করিয়া রাজকুমারকে দেখিতে লাগিল। ক্ষণেক পরে ধীরে ধীরে কুত্র হস্তটী রাজকুমারের অঙ্গে দিল সভয়ে হাত আবার সরাইয়া সকলের দিকে চাহিতে লাগিল। রাজকুমার কাঁদিয়া উঠিল। তৎক্ষণাৎ পুটু একটা স্বর্ণমূক্রা তুলিয়া "ফা ফা" বলিয়া রাজকুমারের সম্মুখে ধরিল। রাজকুমার প্রথমে শাস্ত হইয়া পুটুর হস্তস্থিত স্বর্ণমূজার প্রতি চাহিল পরে পুটুর হাত হইতে তাহা ফেলিয়া দিয়া আবার ক্রন্দন আরম্ভ করিল। রাণী বলিলেন. "ও পোড়া 'কপাল।" একজন সখী রাজকুমারকে ক্রোড়ে লইয়া মুখচুম্বন कत्रिम ।

পুটুর মা রাণীকে প্রণাম করিয়া বিদায় লইল। বিদায় দিবার সময় রাণী আর কোন কথা কহিলেন না কেবল মাত্র একজ্বনকে সঙ্গে যাইতে বলিলেন। সঙ্গিনী পুটুকে ক্রোড়ে লইয়া পান্ধীতে দিয়া আসিল। পান্ধীতে প্রবেশ করিবার সময় পুটুর মা সঙ্গিনীর ছটি হস্তধারণ করিয়া জিজ্ঞাসা করিলেন "রাজ্যেশ্বরী কি আমার উপর রাগ করিলেন ?" সঙ্গিনী হাসিয়া বলিল, "সে কি কথা ?" বাহকগণ আসিয়া পান্ধী তুলিল।

রাণী শয়নঘরে প্রবেশ করিলেন, একবার ছই একখানি চিত্রপটের প্রভি দৃষ্টি-পাভ করিয়া আর এক কক্ষে যাইয়া রাজকুমারকে আনিভে বলিলেন। সখী রাজ-কুমারকে তথায় উপস্থিত করিলে রাণী ইন্সিড ধারা ক্রোড়ে দিতে বলিলেন। সখী রাজকুমারকে রাণীর ক্রোড়ে দিয়া আপনি পার্শ্বে বসিল। রাণী সস্তানকে বুকে করিলেন, মুখচুম্বন করিয়া বলিলেন "আমার সোণার চাঁদ।" সখী তখন প্রফুলিত অন্তঃকরণে রাজকুমারের শত প্রশংসা করিতে লাগিলেন। রাণী অবাধে তাহা শুনিতে লাগিলেন।

যে সঙ্গিনী পুটুকে ক্রোড়ে লইয়া পান্ধীতে দিতে গিয়াছিল সে ধীরে ধীরে অক্স এক মহলে প্রবেশ করিল। রাজার কনিষ্ঠা ভগিনী, বিধবা, নি:সন্তান, তথায় বাস করেন। মধ্যে মধ্যে প্রয়োজনমত রাণীর অস্কঃপুরে আসিয়া থাকেন নতুবা রাজভগিনী নিয়ত পূজা অর্চনায় সময় অতিবাহিত করেন। তাঁহার পরিচারিকারা সকলেই বিধবা, বৃদ্ধা, অধিকাংশ ব্রাহ্মণকন্থা। একজন তাহার মধ্যে পঞ্জিকা দেখিতে এবং গ্রন্থপাঠ করিতে পারিত। সেই ব্রাহ্মণী প্রত্যহ অপরাহে রাজভগিনীকে কালীকীর্ত্তন শুনাইত।

রাণীর সঙ্গিনী যখন প্রবেশ করিল তখন কীর্ত্তন পাঠ সমাধা হইয়াছে, সকলে তুলা চরকা তুলিতেছে। নিত্য ব্রাহ্মণপরিচারিকারা অপরাক্তে স্তা কাটে বা পৈতা তোলে। রাজভগিনীর ব্রতে পৈতা সর্ব্রদাই প্রয়োজন হয়।

সঙ্গিনীকে দেখিয়া রাজভগিনী বলিলেন "আসিয়াছ ভাল হ**ইয়াছে, আমি** রাজার জন্ম স্বহন্তে কিঞ্চিৎ মিষ্টান্ন প্রস্তুত ক্রিয়াছি।" এই বলিয়া ভাহাকে কক্ষা-স্তুরে লইয়া গেলেন। রোপ্যপাত্রে করিয়া ছুই তিন প্রকার মিষ্টান্ন দিলেন। সঙ্গিনী ভাহা হস্তে লইয়া বলিল, একটা কথা বলিতে আসিয়াছিলাম।

ब्राब, छ। कि ?

সঙ্গিনী। আজু সেই মেয়ে দেখিলাম।

রাজ, ভ। কোন মেয়ে ?

সঙ্গিনী। আপনি সকল ভূলে গেছেন ?

রাজ, ভ। আমার ত কই কিছুই মনে হয় না।

সঙ্গিনী। সেই হতভাগিনী।

রাজ, ভ। কোন্ হতভাগিনী ?

সঙ্গিনী। আপনি কি সেই বিপদের রাত্র ভূলিয়া গিয়াছেন ?

রাজ, ভ। এখন বুঝিলাম। কোথায় দেখিলে ?

সঙ্গিনী। এই রাজবাটীতে, এই মাত্র।

রাজ, ভ। সে কি ? কে আনিল ? চল আমি দেখি গে।

সঙ্গিনী। একণে আর দেখিতে পাইবেন না, তারে লয়ে গিয়াছে। রাজ, ভ। আহা! আমি দেখিতে পেলেম না। কে আনিয়াছিল ? সঙ্গিনী। তার মা।

त्राक, छ। त्रांगी कि वनिरमन ?

সঙ্গিনী। দরিজের কম্মা বলিয়া কয়েকখান মোহর দিলেন। মেয়েটিকে রাজা বড় ভালবেসেছেন। আপনি কোলে নিলেন মুখে চুমা খেলেন।

রাজভগিনী চক্ষের জল মৃছিয়া অশ্যমনক্ষে বসিয়া রহিলেন। সঙ্গিনী চলিয়া গেল।



সিদের মূল ধর্মগ্রন্থেব নাম 'জেন্দ অবস্থা।' এই প্রাচীন গ্রন্থের ভাষা অর্থ বিধি ব্যবস্থা লইয়া পাশ্চাত্য কতকগুলি পণ্ডিতদের মধ্যে বিস্তর বিচার চলিতেছে। কয়েক বংসর মধ্যে ফরাসিস, জারমন, দিনামার ভাষায় এই গ্রন্থের অমুবাদ হইয়া গিয়াছে। এক সময় আমাদের সংস্কৃত ভাষায়ও ইহার অমুবাদ হইয়াছিল কিন্তু এক্ষণে আমাদের বাঙ্গালীর মধ্যে তুই চারি জন ভিন্ন বোধ হয় আর কেহই জেন্দ অবস্থার নামও শুনেন নাই।

গ্রন্থানি জেন্দ ভাষায় লিখিত। বছকাল পূর্ব্বে পারস্ত রাজ্যে এই ভাষা প্রচলিত ছিল উইলিয়ম আন্ধিন সাহেব বিবেচনা করেন যে জেন্দ ভাষা সংস্কৃতের অপস্রংশ মাত্র। বিখ্যাত দিনামার পণ্ডিত রাস্ক সাহেব সে মতের প্রতিবাদ করেন। তিনি বলেন যে, জেন্দ ভাষা কোন ভাষারই অপস্রংশ নহে, স্বয়ং স্বতন্ত্র ভাষা। মক্ষমূলরেরও সেই মত; তবে তিনি এই বলেন যে অক্তাক্ত ভাষা অপেক্ষা সংস্কৃতের সহিত জেন্দ ভাষার কিঞ্চিৎ নিকট সম্বন্ধ আছে, এমন কি জেন্দভাষায় এক্লপ অনেক কথা পাওয়া যায় যে, তাহার ছই একটি বর্ণ পরিবর্তন করিয়া দিলে সংস্কৃত হয়, বথা—"অহুর" হপ্ততিক্লু" ইহার হ স্কৃচ্নে স করিলে অনুর ও সপ্তসিদ্ধু হয়। এইরূপ অনেক কথা পাওয়া যায়।

জেন্দভাষা হইতে এখনকার পারস্থ ভাষার উৎপত্তি। এইজ্ব জেন্দভাষার কোন কোন শব্দ পারস্থ ভাষায়ও পাওয়া যায়। কিন্তু সংস্কৃতের সহিত জেন্দ ভাষার সমসাদৃশ্য অধিক। মক্ষমূলর বলিয়াছেন যে যাঁহারা জেন্দভাষা ব্যবহার করিতেন তাঁহাদের পূর্বপুরুষ ভারতবর্ষে বাস করিতেন। তাহা হইলে সংস্কৃত ভাষা হইতে জেন্দভাষার উৎপত্তি এরূপ অনুভব করা নিতান্ত অন্থায় নহে। কথিত আছে যে পূর্বে যজাতি রাজার এক পুত্র পিতৃকর্তৃক পরিত্যক্ত হইলে তিনি বছ লোক সমভিব্যাহারে সপ্তসিদ্ধ অতিক্রম করিয়া পশ্চিমাভিমূখে গমন করেন, তাঁহা হইতেই যবনের উৎপত্তি। এইটি শ্বরণ রাখিলে কতক বুঝা যার যে, বুজাত্মর বধ বা তথ্ৎ সংস্কৃত গ্রন্থমূলক কথা কেন জেন্দ অবস্থায় পাওয়া হায়।

জেন্দভাষা আর এক্ষণে প্রচলিত নাই। হুই সহস্র বৎসরের বরং অধিক হইবে এই ভাষা পৃথিবী হইতে একেবারে লোপ পাইয়াছে। এ ভাষার আর উপদেষ্টা নাই এক্ষণে শিখিতে হুইলে কতক আপনা আপনি শিখিতে হয়। গ্রীক্ বলুন সংস্কৃত বলুন ইহার মধ্যে কোন ভাষাই আর প্রচলিত নাই কিন্তু তাহা বলিয়া এ সকল ভাষার লোপ হয় নাই, ইহাদের অধ্যয়ন অধ্যাপন চলিয়া আসিতেছে। কিন্তু জেন্দভাষার অধ্যয়নও নাই অধ্যাপনাও নাই। কাজেই এই ভাষা এক্ষণে বৃথিবার উপায় গিয়াছে। বিলাতে যে কয়েকজন পণ্ডিত দৃঢ়সংকল্প হইয়া জেন্দ অবস্থার উদ্ধারসাধন করিতেছেন তাঁহারা যে কি প্রকারে এই ভাষা শিখিয়াছেন ভাহার পরিচয় অতি বাছল্য। এখানে এই পর্যান্ত বলা আবশ্যক যে তাঁহারা এ ভাষায় সম্পূর্ণ অধিকারী হয়েন নাই। তাঁহারা যে অমুবাদ করিয়াছেন ভাহার অধিকাংশ স্থলে ভুল আছে। আপনারাও তাহা জানেন। ক্রমে সে ভুল সংশোধনের চেষ্টা করিতেছেন।

বিলাতীয় পণ্ডিতসম্বন্ধে এইরূপ। কিন্তু জেন্দ অবস্থা যাঁহাদর মূল ধর্মগ্রান্থ তাঁহাদের সম্বন্ধে আর একরূপ। তাঁহারা কেইই ইহার ভাষা বুঝেন না, বুঝিতে
বা শিথিতে চেষ্টাও করে না। অথচ ভক্তিভাবে গ্রন্থখানি পুরুষামূক্রমে রক্ষা
করিতেছেন। ধর্ম্মাজকেরা এই গ্রন্থের দোহাই দিয়া ধর্ম্মাজন করেন। ধর্ম্মসম্বন্ধে কোন ব্যবস্থা দিতে হইলে বা কোন তর্ক করিতে হইলে জেন্দ অবস্থার
মূপুপাত করেন, তাঁহাদের পরস্পর সকলের যুক্তি, সকলের ব্যবস্থা, সমূদ্র
জেন্দ অবস্থায় আছে বলেন অথচ কেহ জেন্দ অবস্থা পাঠ করেন নাই, তাহার
ভাষাও কেহ জানেন না। আমাদের বাঙ্গলায় ধর্ম্মাজকমধ্যেও এইরূপ।
কেহই বেদ পাঠ করেন নাই, বেদে কি আছে তাহা একেবারে জানেন না, অথচ
তাঁহারা বেদের ব্যবস্থা দেন। ভট্টাচার্য্য মহাশয় বলিলেন দশমীর দিন তুলসী
ভলায় দশবার গোময় লেপন করিতে হইবে। জিজ্ঞাসা করিলে বলিবেন বেদে
ইহার স্পষ্ট বিধান আছে।

বন্ধের পার্সিরা জেন্দ অবস্থায় লিখিত বিষয় কিছুই অবগত নহেন অখচ সেই গ্রাছোক্ত ধর্ম অমুসরণ করেন বলিয়া তাঁহাদের দৃঢ় বিশ্বাস আছে। তিন চারি সহত্র বৎসর পূর্বেষ এই গ্রন্থোক্ত স্তব অভ্যাস করা রীতি ছিল। পিতা পুক্রকে শিখাইতেন, পুত্র আবার পৌত্রকে শিখাইতেন। এইরূপ পুরুষপরস্পরা স্তবগুলি মুখন্থ থাকিত, স্তব সম্বন্ধে আর গ্রন্থপাঠের প্রয়োজন হইত না। সেই প্রথা পার্সিদের মধ্যে অভ্যাপি চলিয়া আসিতেছে। ভাষা লোপ পাইয়াছে কিছ সে ভাষার স্তবগুলি আছে। কি বড় কি ছোট সকলেই দিনে রাত্রে বোলবার ক্রেম্ব ভাষার স্তবগুলি আছে। কি বড় কি ছোট সকলেই দিনে রাত্রে বোলবার

অর্থ তাঁহারা আপনারাও ব্ঝেন না তাঁহাদের দেবতারাও বুঝেন না। এইরপ না বুঝায় এক মহৎ লাভ আছে। ধর্মগ্রন্থ না বুঝিলে ধর্ম টেকসই হয়। পার্সি-ধর্ম যে এতকাল চলিয়া আসিতেছে তাহার এই বিশেষ কারণ। যে অবধি বাইবেল চলিতভাষায় অনুবাদিত হইয়াছে সেই অবধি ধীষ্টানধর্ম তুর্বেল হইয়া পড়িয়াছে। সাধারণের মূর্খতা পারত্রিক ধর্মের জীবন স্থরূপ। ধর্মগ্রন্থের হুক্তের্য়তা সেই ধর্মের পরমায়ু স্বরূপ।

আমাদের হিন্দুধর্ম যে এতকাল চলিয়া আসিতেছে তাহারও প্রতি সেই কারণ। ধর্মগ্রম্থ পাঠ করিতে অধিকাংশ লোকের প্রতি নিষেধ ছিল। কাজেই সাধারণও সকলেই অন্ধের স্থায় ধর্মপথে চলিত। অন্ধের আর যতই দোষ থাক পথদর্শকের বড় আজ্ঞাকারী। ধর্মযাজক বলিলেন এইদিকে জল ছিটাও ধর্ম-ভীতেরা জল ছিটাইলেন। মনে করিলেন শাস্ত্রে ইহার বিশেষ তাৎপর্য্য লিখিত আছে। ধর্ম্মযাজক বলিলেন অস্প্র্তের দ্বারা কর্ণমূল ঘর্ষণ কর অন্ধাদ্মারা তৎক্ষণাৎ তাহা করিল, কোন ওক্সর নাই। উত্তর কি পূর্ক্মদিকে জল ছিটাইলে পরকালের কি উপকার হইবে তাহা তাহাদের জিল্ঞাস। করিবার অধিকার নাই। জিল্ঞাসা করিবার প্রয়োজনও নাই, যখন ভট্টাচার্য্য মহাশয় বিধি দিতেছেন তখন অবশ্য তাহা শাস্ত্রে আছে। শাস্ত্র দেবপ্রশীত; সংস্কৃত দেববাক্য। মন্ত্রের মহাশক্তি; ভূত ছাড়ে, বিষ উড়ে, গাছ পড়ে। মারণ, বশীকরণ, উচাটন সকলই মন্ত্রবলে। মন্ত্রে দেবতা বশ হয়, পরকালও আয়ন্তর মধ্যে আসিবে ইহার আর আশ্রুর্য কি ?

কিন্তু আমাদের মধ্যে এক্ষণে যাঁহারা ভক্তিভাবে ত্রিসন্ধ্যা করেন তাঁহাদের যদি বাঙ্গালা ভাষায় সন্ধ্যা করিতে বলা যায় বোধ হয় অধিকাংশই একেবারে সন্ধ্যা ত্যাগ করিবেন। অনেকেই বলিবেন বাঙ্গালায় সন্ধ্যা করিলে কোন ফল হইবে না। সংস্কৃত দেববাকা, বাঙ্গালা নর বাকা। দেবতাদিগের নিকট নরবাক্যে কোন ফল হয় না। বাস্তবিক তাহা না হইতে পারে, কেন না আমরা ভাল লোকের মুখে শুনিয়াছি অনেক দেবতা বাঙ্গালা ভাষা একেবারে বৃথিতে পারে না। তাঁহাদের মধ্যে বিশ্ববিদ্যালয় নাই কাজেই মাতৃভাষা (সংস্কৃত) ভিন্ন আর কোন ভাষা তাঁহাদের শিক্ষা বা অধিকার হয় না।

মূল কথা বাঙ্গালা ভাষায় সন্ধ্যা অনুবাদিত হইলে সন্ধ্যার প্রতি লোকের আর প্রতা থাকিবে না। অনুবাদ যভই মূলানুরপ হউক যভই সুন্দর হউক ভাহাতে প্রতার হ্রাস হইবে। অর্থ না বুঝাই প্রতার প্রতি কারণ, বাঙ্গালার সন্ধ্যা সকলে বুঝিবে কাজেই গোদাবরী আমায় শুল্ক কর নর্ম্মণা আমায় শুল্ক কর, এ সকল উক্তি ফলদায়ক বলিয়া আর কাছার বোধ হইবে

না। সন্ধ্যার অর্থ যতদিন সংস্কৃত ভাষায় গোপন আছে ততদিন তাহার মহিমা অপ্রতিহত চলিয়া আসিতেছে। পাসি ধর্ম সম্বন্ধেও তাহাই ইইয়াছে। জেন্দ অবস্থা পার্সিরা কেহ বুঝেন না তাহাই তাঁহাদের নিকট জেন্দ অবস্থার এত গৌরব।

জেন্দ অবস্থার মূল প্রণেতার নাম জরতুষ্ট্র অথবা জরোস্তর। ইদানীং কেহ কেহ তাহাকে জরদোস্ত বলেন। তিনি যাহা বলিয়াছিলেন তাহা প্রথমে সহস্রাধিক বৎসরের মধ্যে লিখিত হয় নাই। স্মৃতিরূপে শিশ্য প্রশিশ্য দ্বারা চলিয়া আসিয়া-ছিল পার্সিদের মধ্যে যে জেন্দ অবস্থা প্রচলিত আছে তাহা মক্ষমূলার বলেন প্রায় সতের শত বৎসর হইল লিখিত হইয়াছিল। জরতুষ্ট্র নিজে সমৃদয় জেন্দ অবস্থা রচনা করেন নাই কতক তিনি করিয়াছিলেন বাকী তাঁহার শিশ্য প্রশিষ্যেরা করিয়াছিল। পুরাতন গ্রন্থ মাত্রেই এইরূপ হইয়া থাকে।

ধর্মপ্রচারকগণ বলিয়া থাকেন যে ঈশ্বরের আদেশমত ধর্মগ্রন্থ লিখিত হয় তিনি নিজে কোন কথার উপদেশ দেন না আর একজন তাহার মধ্যবর্ত্তী থাকে। ঈশ্বরের আদেশ মতে মহাম্মদ কোরান সরিফ প্রচার করেন সে স্থলে মধ্যবর্ত্তী গেরল ছিলেন। গেরল আসিয়া মহম্মদের কর্ণে ঈশ্বর আদেশ জানাইয়া যাইতেন মহম্মদ তাহা চেলাদের নিকট প্রকাশ করিতেন। চেলারা তাহাই অভ্যাস করিত। জেন্দ অবস্থায় সেই প্রথা অবলম্বন করার কথা আছে। জরতৃষ্ট্র ঈশ্বরবাক্য অর্মজের নিকট শুনিয়া প্রচার করিয়াছিলেন। অর্মজ আমাদের ব্রহ্মার স্থায় স্পষ্টিকর্তা, তিনিই প্রথমে অরণ্যবীজ নামে দেশ সৃষ্টি করেন তথায় জরতৃষ্ট্রর জম্ম হয়। অরণ্যবীজ কেহ বলেন আর্য্যবীজ। অরণ্যবীজ শব্দ ভারতবর্ষীয়দের মধ্যে নিতান্ত অপরিচিত নহে। অভ্যাপি বাঙ্গালার বৃদ্ধারা রাজা রাশীর গল্পে বনের বর্ণনা করিতে হইলে অরণ্যবীজের উল্লেখ করিরা থাকে। 'অরণ্যবিজ্ববন' ভাহারা বলিয়া থাকেন।

জেন্দ অবস্থার মতে পৃথিবী সৃষ্টি করিতে একবংসর লাগিয়াছিল।
পৃথিবীর পরমায় জাদশ সহস্র বংসর। এই বার হাজার বংসর চার মৃগে বিভক্ত।
প্রত্যেক মৃগ তিন হাজার বংসর করিয়া স্থিতি। প্রথম তিন হাজার বংসর
পৃথিবীর সৃষ্টি ও উন্নতি। দিতীয় মৃগে আদি মন্থ্যের নির্বিশ্বে জীবন যাপন,
অপ্রতিহত সুধ। তৃতীয় মৃগে হৃংধের আগমন সুধ হৃংধের মৃদ্ধ। এক্ষণে সেই
মৃগ চলিতেছে। চতুর্ধ মৃগে হৃংধের পতন ও সুধের রাজ্য।



সালি মাত্রেই বাঙ্গালার প্রীরৃদ্ধি কামনা করেন। কতকগুলি নৈসর্গিক কারণ বঙ্গোন্নতির প্রতিকূল আছে। সেই সকল কারণের সমালোচনা প্রায় কেহই করেন না। ঈদৃশ সমালোচনা এই প্রস্তাবের মৃখ্য উদ্দেশ্য।

একজন মুসলমান, গ্রন্থকার লিখিয়াছেন, "বঙ্গভূমির উর্ব্বরতা দেখিলে বাঙ্গালাকে পার্থিব নন্দনকানন (বেহেন্তই আলম্) বলা যাইতে পারে, কিছ তথাকার জল ও বায়ু এমন দৃষ্য, যে সে দেশকে নরকের প্রান্তভূমি বলিলে অভ্যুক্তি হয় না।"

প্রথম পরিচ্ছেদ

উর্বারতা ও পৌক্র

ভূমির উর্ব্বরতা যে মহামঙ্গলময়ী ইহা বলা বাছলা। বৃভূকার স্থায় মনুয়ের কোন প্রবৃত্তি বলবতী নহে। সংসারে প্রায় সকলেই আহারের সংস্থান জন্ত প্রত্যহই ব্যস্ত ; অতএব ভূমির যে গুণে আহার্য্যের উৎপত্তি হয়, সেই গুণের কীর্ত্তন জন্ত মসিব্যয় করায় প্রয়োজন নাই। ভারতবর্ষের নানাপ্রদেশে অনার্ত্তী-জাত ত্তিকে লক্ষ লক্ষ প্রাণীর মৃত্যু হইয়াছে। উর্ব্যরতা গুণে বছকাল বাঙ্গালার সে তুর্দশা ঘটে নাই।

উর্ব্যরতা মহোপকারসাধিনী হইয়াও নিরবচ্চিন্ন মঙ্গলের কারণ নছে। যাহারা স্বন্ধায়াসলক ভক্ষ্য পাইয়া সন্তুষ্ট হয়, তাহারা প্রায় আমনীল হয় না। শ্রমাভাবে পৌরুবের হানি হয়। উর্ব্যরা দেশবাসীরা প্রায় কোথাও পৌরুষ লম্ম বিখ্যাত নহে। বাঙ্গালিদের পৌরুবের পরিচয় দিবার প্রয়োজন নাই।

গত বারশত বৎসরের ইতিহাসের পর্য্যালোচনা করিলে আসিরার অধিবাসী-দের মধ্যে আরবীয়েরা বলবিক্রমে সর্ব্বপ্রধান, এবং ভাতারগণ প্রায় আরবীয়দের সদৃশ বলিয়া প্রতীয়মান হইবে। ইউরোপীয়েরা এক্ষণে আসিয়াবাসীদিগকে মনুষ্ট বলিয়াই গ্রাহ্ম করেন না। তাঁহাদের একবার শ্বরণ করা উচিত যে আরবীয়েরা ইউরোপে স্পেন, সিসিলি, ও ফ্রান্সের দক্ষিণভাগ জয় করিয়াছিল এবং কন্তন্তন্তনিয়ার ইউরোপীয় সমাটকে করদ রাজার শ্রেণীতে অবনত করিয়াছিল।

এই আরবীয়দেশ মরুভূমি। মাঞ্ তাতারগণ চীন জয় করে; বর্ত্তমান
টানের সমাট তাতার বংশোদ্ধব। তুর্কোমান তাতারগণ ইউরোপে ইউনান সাম্রাজ্য
অধিকার করিয়াছে। রূশ কর্তৃক পরাজিত হইয়াছে বটে, কিন্তু প্লেব্নার সমরক্ষেত্রে
'পৌরুষের বিলক্ষণ পরিচয় দিয়াছে। রোম সাম্রাজ্যের যত বর্ষর অরি ছিল,
ছনতাতারদের অধিরাজ আতিলা তাহাদের মধ্যে সর্ব্বপ্রধান, ১৪০০ বংসর হইল
ইহার নামে পৃথিবী কাঁপিত।

মোগল তাতারগণ ভারতবর্ষ জয় করিয়াছিল। এই সমস্ত তাতারদের আদিনিবাস মরুভূমি।

বস্তুত: এবিষয়ের প্রতিপাদন জন্ম অধিক দূর দৃষ্টি করার প্রয়োজন নাই। ভারতবর্ষে বীরপ্রস্তি রাজস্থানকে প্রাচীনগণ ইরিনদেশ অর্থাৎ মরুভূমি বলিতেন। শাত শত সমরক্ষেত্রে রাজপুতগণ পরিচয়় দিয়াছে যে, তাহারা প্রাণাপেক্ষা মানের অধিকতর গৌবব করে। চিতোর ছর্গের রক্ষকগণ যাদৃশ স্বাধীনতামুরাগ ও আত্মবিসর্জ্জনের আদর্শ দেখাইয়া গিয়াছেন, এমন কোন পাষও নাই যে, সে কথা আরণ করিয়া চক্ষুর জল সম্বরণ করিতে পারে। এই ভারতবর্ষ যে অর্জ্জনের জ্মাভূমি ছিল, ইহার বর্ত্তমান অবস্থা দেখিলে সে কথায় শীত্র বিশ্বাস হয় না। তবে রাজপুত ও শিখদের ইতিহাস পর্য্যালোচনা করিলে মনোমধ্যে এবিষয়ে কতকটা প্রতীতি জ্বাে! রাজপুতগণের যেরপ পৌরুষ যদি সের্ক্রপ রণকৌশল ও একতা থাকিত—জ্বয়পুর, যোধপুর ও উদয়পুরের প্রতি তাহাদের যাদৃশ অমুরাগ, ভারতের প্রতি ষদি তাদৃশ অমুরাগ থাকিত, ভাহা হইলে ভারতে যবনাধিকার হইত কি না সন্দেহ। এই রাজপুতদের দেশের ভূমি বালুকাপ্রধান। তাহাতে বার্করবৃক্ষ যত জ্বােম, শস্তু তত্ত

^{*} সমাট্ নিকেফরস করদান বন্ধ করিবেন বলিয়া থলিফা হারণরসিদকে পত্র কোথায়, থলিফা এই উত্তর পাঠাইয়াছিলেন, 'কুকুরীপুত্র কাফের, ভোমার পত্রের উত্তর পড়িতে হইবে না, দেখিতে পাইবে।' সমাট্ যথন দেখিলেন আরবসেনা অগ্নিও তরবার দারার ইউনান সামাজ্য নই করিভেছে, তথন কুভাঞ্জি হইয়া থলিফাকে পুনর্কার কর দিলেন।

[†] মারবার শক্ষ মক হইতে উৎপর। মক মারবার প্রবেশের পূর্ব বাম ।

দিতীয় পরিচ্ছেদ

অধিত্যকাবাস ও পৌর্কষ

মহাকবি মিণ্টন গাইয়াছেন—

'মহীধর-অধিষ্ঠাত্রী, স্বাধীনতা দেবী।'*

বাঙ্গালা যদি পার্ববত্যদেশ হইড, তাহা হইলে বাঙ্গালিদের পৌরুষ, নেপালের গোরক্ষদের স্থায় না হউক, অন্ততঃ কাশ্মীরীদের স্থায় হইতে পারিত।

যদি আফ্গানস্থান পাৰ্বত্য দেশ না হইত তাহা হইলে পঞ্চাব জয় পরেই ঐ দেশ ইংরেজাধিকত হইত সন্দেহ নাই।

১৮৭৮ খৃষ্টাব্দের নভেম্বরে যে যুদ্ধারম্ভ হয়, সে যুদ্ধে আফ্গানস্থানের উপত্যকা প্রদেশ ব্রিটিস সেনা অনায়াসে জয় করিয়াছিল; অধিত্যকা জয় অভি ছরুহ ব্যাপার। যদি অমাদের রাজপুরুষগণ ভারতের স্থায় আফ্গানস্থান অধিকৃত করিবার চেষ্টা করিতেন, তাহা হইলে কৃতকার্য্য হইতেন না এমন কথা বলা যাইতে পারে না; কিন্তু আফ্গানদের এরূপ পৌরুষ ও স্বাধীনতাপ্রিয়তা যে অর্থব্যয়ে আমাদের রাজকোষ শৃত্যপ্রায় হইত এবং ভারতসৈনিকদের রক্তে অধিকৃত দেশ প্রাবিত হইত। নেপাল পার্কব্যদেশ বলিয়াই নেপালরাজের পদ মহারাজা সিদ্ধিয়া ও মহারাজা হোল্কারের পদাপেক্ষা উন্ধত।

নেপালে ইংরেজ রেসিডেণ্ট আছেন! ভোটে তাহাও নাই। ভোটরাজ সর্ব্বতোভাবে স্বাধীন। ভোট পার্ব্বত্যদেশ না হইলে এই স্বাধীনতা কোন্ কালে অন্তর্হিত হইত। কেহ কেহ এই আপত্তি উত্থাপন করিতে পারেন, 'পার্ব্বত্যদেশে বাসের সহিত পৌরুষের কি সম্বন্ধ ! পার্ব্বত্যদেশ একটি বৃহৎ হুর্গম্বরূপ; সেই হুর্গই স্বাধীনতা রক্ষা করিতেছে; পৌরুষের কি কার্য্য !

ইহার উত্তর এই যে অধিত্যকাবাস পৌরুষবর্জন ও পৌরুষসহায়। পৌরুষ
ব্যতীত কেবল পূর্গবলে স্বাধীনতার রক্ষা হয় না। বস্তুতঃ পৌরুষ হইতে যেমন
বৃদ্ধিবলও অন্তবল বিচ্ছিন্ন হইতে পারে না, তেমন পূর্গবলেরও বিচ্ছেদ হইতে পারে
না। মধুব্যের যদি কেবল প্রকৃতিদন্ত নথ ও দন্তের উপর নির্ভর করিতে হইত,
তাহা হইলে মধুব্যের স্থায় পূর্ববল জীব অতি বিরল; এতদিন সিংহ ও ব্যাজে
মানবকুল ধ্বংস করিয়া কেলিত। বীরেক্স অর্জুনের যদি পাণ্ডীব না থাকিত, যদি
তিনি নিরন্ত হইতেন, তাহা হইলে একজন সাধারণ অন্তধারী কৌরবসৈনিক

^{• &}quot;The mountain-nymph, sweet Liberty."

তাঁহাকে নষ্ট করিতে পারিত। তাহা হইলে ব্যাসদেবকর্ত্ব অর্জ্জুনের পৌরুষ-গুণকীর্ত্তন হইত না। জর্মণ ও ইংরেজ জাতির যদি উৎকৃষ্ট আগ্নেয় অন্ত্র—ক্পূন্-গণ, আরম্ধ্রংগণ, নীডলগণ, হেন্বিমাটিনী রাইফল—না থাকিত, যদি তাঁহাদের উত্তমরূপে রণকোশল শিক্ষা না হইত, তাহা হইলে তাঁহাদের পৌরুষের খ্যাতি কে শুনিত ? যদি অন্তের সাহায্য লইলে পৌরুষের হানি না হয়, পর্বতরূপ তুর্গ সাহায্য লইলে, পৌরুষহানি কেন স্বীকার করিব ?

পার্ব্বত্যদেশে অধিক পরিশ্রম না করিলে জীবিকা নির্বাহ হইতে পারে না। শারীরিক পরিশ্রম যে পৌরুষবর্দ্ধক তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। অতএব কেহই অস্বীকার করিতে পারিবেন না যে, বাঙ্গালা পার্ব্বত্যদেশ হইলে, বাঙ্গালিদের কাপুরুষ বলিয়া কলঙ্ক হইত না।

ক্ৰমশ:

তা, প্র, চ।

গঙ্গধরশর্মা ৪রয়ে জনধারীর রোজনাধার

षष्ट्रीविश्म शतिराष्ट्रप

ভাকাতি

হ জাগ্রত হইতে না হইতেই অমরেন্দ্রনাথ অদৃশ্র হইলেন। এখন চারিদিকে ডাকাতির গোল উঠিয়াছে, এই মাত্র জ্বোৎস্না অস্তমিত হইয়াছে, জগৎ শুদ্ধ তমোময়, সেই তমোরাশি ভেদ করিয়া এক একটা বিজাতীয় শব্দ শুনা যাইতেছে "নিলে রে" "গেল রে" "মেলে রে" প্রভৃতি বাক্যগুলির মধ্যে মধ্যে হুস্কারমিশ্রিত ঘন ঘন শব্দ শুনা যাইতেছে। শ্রীনগর গ্রামবাসীরা সকলেই উঠিয়াছে, দরিক্রঞ্জন আসিয়া পথে দাঁড়াইয়াছে, ধনিগণ আপন আপন কপাটে দুট অর্গল বন্ধ করিয়া ছাদে উঠিয়া এক একটি বন্দুক ছাড়িতেছেন। কেই কহিতেছেন, "এইপথ দিয়া ছুই জন লাঠিয়াল সভূ কি হত্তে দৌড়িয়া গেল," কেহ কহিতেছেন, "আक मन्तार्यमा ভ्यानक प्रियाणिमाम।" मामीता वनावनि कतिरुष्, "आक ষাটের নিকট ভেঁতুল তলায় হুই জন পাগড়ীওয়ালা দেখিয়াছিলাম, তারাই হবে।" আর একটি বৃদ্ধা কহিতেছে, "চুপ কর তাদের নামে আর কাজ নাই।" আমাদের ভোলা সিং দারবানের এমন সময় দেখা নাই; সেই কহিড, "যব 😘রা আওয়ে ত ভোলা ভাগে।" সেই কথা প্রসমাণ জন্ম সে কোন নিবিড বুক্ষণাখার পা আড়াল দিয়াছে। ফলত: ডাকাতি যে কোনু গ্রামে কোথায় হইতেছে এ পর্যান্ত তাহার নিশ্চয় সংবাদ আইসে নাই। গঙ্গাধর জাগ্রত হইবামাত্র শুনিলেন যে গ্রামের বারইয়ারি তলাম ভামুলিদের ঘরে ডাকাত পড়িয়াছে, বারইয়ারি **छमा आमारमंत्र वाणित्र निकं**र, फाकां एमिए इहेरव विमया महारदाल वाहित হইবার উজোপ করিতেছি, এমন সময়ে বুড়ি দাই মা কান্দিয়া জড়াইয়া ধরিল. ক্লভ: ভাহাতে বিশেষ ক্ষতি নাই। অমরেজ্ঞনাথ ঐ বিষয়ের গল্পচলে বারম্বার ৰাহা কহিয়াছেন, তাহা আমি শুনিয়াছি।

त्य नमग्र शास्त्र शान्त्यां व वहेराज्यः, वावुत्मत्र कंग्रेंक पः पः कत्रिया वात्रणे বাজিল ও তারপর পাহারাদার ঘন ঘন ঘড়িতে মৃদগর প্রহারে যেন নিষ্ঠুর নিশার বক্ষে কডকগুলি আঘাত করিল, তাহার গোলে গোল মিশাইল। বোধ হইল যেন ডাকাতগণ আরো নিকটে আসিতেছে। সেই ঘডি বাঞ্চাইবার সময় অমরেন্দ্রনাথ জ্রীনগর ও শাস্তিপুর-মধ্যবর্তী নদীকৃলে অশ্বপৃষ্ঠে উপনীত হইয়াছেন। নদীর জল অনেক মরিয়া গিয়াছে, তথাপি গভীর, পারাপার এখনও নৌকাতেই হইয়া থাকে। কিন্তু নৌকা, নাবিক সংগ্রহ করিবার সময় নাই, তিনি অপর কুলে पृत्त (पशिष्ठिक मनामाद्धेनी प्रोज़ार्पाक् कत्रिष्ठिक "भात्र" "कार्रे" "श्रेत श्रेत्र" শব্দ সঙ্গে কোমলকণ্ঠ নিঃস্ত শব্দ ও ক্রন্দনরোল উঠিয়াছে, অবলাগণ ঘন ঘন আশ্রয় চাহিতেছে কিন্তু কোথায় আশ্রয় পাইবে ? ছই পদ অগ্রসর হয় এমন সাধ্য, এমন সাহস কার আছে ? অমরেন্দ্রনাথ আরও ব্যগ্র হইলেন। তাঁহার পর মনে হইল, যেন তাঁহার কাদম্বিনী কোন নৃশংস ছুর্ ত্তের হত্তে পতিত হইয়াছেন, যেন তাহারই কাতরোক্তি শুনিতেছেন, বিলম্ব করিবার সময় নাই, অশ্বের রঞ্ছ ছাডিয়া দিলেন, অশ্ব জ্বলতরঙ্গে ঝাঁপ দিল। তীববেগে নদী পার হইয়া ঘোটকটী প্রথমে হ্রেষারব করিল, পরে ঘন ঘন গাত্র কাঁপাইয়া জলকণা সমূহ ঝাড়িয়া ফেলিল; আবার কর্ণদ্বয় পতক্লাকৃত করিয়া বেগে দৌড়িল। শাস্তিপুর গ্রামে প্রবেশ করিবার সময় গোপাল চৌক্লার আপনাপনি বলিতেছে, "হায়! কি হইল, আমি থাকিতে এই গ্রামে এই ঘরে এমন অত্যাচার! লোকে চিরকাল নিমকহারাম বল্বে ? কি বলিব ঘুমাইয়া ছিলাম, হস্ত পদ বান্ধিয়া থাটিয়া ঢাকা দিয়া দম্মরা চলিয়া গিয়াছে, দেখি একবার দড়ি ছিঁড়িতে পারি কি না। পারি না। অভিদৃঢ় বন্ধন জ্বোর দিতে বাগ পাইতেছি না, কেহ কি এসময় এ বন্ধন মৃক্ত করে না ?" অমরেন্দ্র নাথ কাতরোক্তি শুনিবামাত্র গোপালের নিকট উপস্থিত হইয়া একটা ছুরিকাতে তাহার বন্ধনগুলি কাটিয়া দিলেন, ঘোড়াটি সেই খানেই রাখিতে কহিলেন, ও স্বয়ং পদত্রজে সিংহ বাবুদের গৃহাভিমুখে গেলেন। প্রথমভঃ বাটীর পশ্চিম পার্শ্বে উপনীত হইলেন; এখানে ডাকাতের ঘাটি বসিয়াছে, এক একটি মশাল উত্তোলন করিয়া তাহার চারি পার্শ্বে চারটি করিয়া চোয়াড় চড়ুর্শ্ব্য একছানে সংলগ্ন করিয়া পা ছড়াইয়া বসিয়া রহিয়াছে, চতুম্পার্শ্বে সমভাবে নিরীক্ষণ করিতেছে। কয়েক জন ভোতা তরোয়াল বা তরবালাকৃতি ভালশাখা হত্তে লক্ষ দিয়া ডাকাত খেল খেলিতেছে, হন্ধার ছাড়িতেছে। কিন্ত ছাদে চিলা গৃহের পার্শে কারনিসে অমরেজ্রনাথ কি দেখিলেন ! নীচে মশালের আলো প্রায় দে উচ্চ স্থান স্পর্ণ করে নাই, কেবল আভাস মাত্র লাগিয়াছে, ভাছাতে দেখিতেছেন, যেন মেলমালার ছায়াবাজির পুজুল শৃক্তে আকালপথে ছেলিতেছে।

কারনিসে পদ স্থাপিত একটি মূর্ত্তির আভাসমাত্র দেখিলেন, কর্ণে যেন তার কি উজ্জ্বল অলঙ্কার দোহল্যমান রহিয়াছে। সে উচ্চ প্রাসাদ হইতে ছবিটি যেন পড়ি পড়ি করিভেছে। অমরেন্দ্র ব্যাঞ্চিত্তে ভাবিলেন ''কি হবে ? এ কে ? আমারই কাদম্বিনী না ?" অমরেক্সনাথ মাধার উপর দিয়া ছই হস্ত হইতে ছইটি বন্দুক ছুড়িলেন, শব্দের পর চক্ষু চাহিতে কাহার অবসর না হইতেই ঘাটি পার হইয়া দেউডি প্রবেশ করিলেন। বাটীর মধ্যে গিয়া দেখেন সকল ঘারই মৃক্ত, কিন্তু প্রকোষ্ঠে প্রকোষ্ঠে ছুই চারিজ্ঞন অস্ত্রধারী পুরুষ রহিয়াছে পশ্চাতে দেখেন গোপাল চৌকিদার আসিতেছে, সেই পথ দেখাইয়া চলিল, ডাকাইতেরা নির্ভয়। বাহির হইতে কোন আক্রমণের আশক্ষা নাই। তাঁহাকে দেখিয়া মনে করিল ইনি গ্রহবাসী কোন লোক প্রস্থান করিতেছেন। অমরেন্দ্রনাথ সম্বর প্রাসাদের উপর যেখানে আকাশে সেই ছবি দেখিয়াছিলেন. সেইখানেই উপস্থিত হইলেন, দেখিলেন একটি সাক্ষাৎ কালমূর্ত্তি গদা হস্তে ছাদের উপর দণ্ডায়মান, তাহাব ভয়েই অবলা কাদম্বিনী কারনিসের উপর বসিয়া আছেন, ডাকাইত কহিতেছৈ, "এই দিকে আইস, না হলে ভোমার নাকের ঐ বড় মুক্তাটি ছি ড়িয়া লইব।" কুমারী কহিতেছেন, 'ভুই জানিস আমি ভোর **(मर्वी माक्कार काली, आमारक इंहेवात क्का हाउ वाज़ाहेवि कि এই अवस्थ**न ত্যাগ করিয়া ঐ নীচে পোস্তার উপরে ঝাঁপ দিব।" ভাগ্যক্রমে অমরেন্দ্র নাথ সেই সময়ে তথায় উপস্থিত হইয়াছিলেন। এক হস্তে পিস্তলের উপুটা দিক দিয়া কাল পুরুষের মন্তকে বক্সপ্রহারে তাহাকে ধরাশায়ী করিয়া অপর হত্তে সুন্দরীর হস্তদ্ম দুঢ়ব্রপে ধারণ করিলেন। ডাকাতের হস্তদ্ম इटेरा अनका e मनान अनि इटेग्रा পिएन। कानियनी **छा**त्रत छन्दात কর্ত্তাকে—অবলাবান্ধবকে—চিনিয়াছেন, আর ভয় নাই। কারনিস হইতে প্রাসাদে नौड इट्टेलन-किन क्नमांव मर्याटे अमरतक्तनार्यत्र कार्ल बस्नान इट्रेग পড়িলেন। নীচ লোকের নিকট আপন শস্ত্র নিপুণতা প্রদর্শন করা অমরেক্স নাথের অভিপ্রায় ছিল না, ঠাহার কাদস্থিনীর উদ্ধার করার একমাত্র উদ্দেশ্য, কাদম্বিনীকে ক্রোড়ে লইয়া গোপালের দশিতমত গুপ্ত পথে বাটার বহির্দেশে ৰুলাশয়ের পার্বে উপস্থিত হইলেন। এখন ডাকাডেরা স্লানে না যে ভাছাদের नर्फात हार्प गृङ्थाय नयानायी दरेग्राष्ट्र । छादाता नुर्छनकार्द्य वास्त्र । अभिरक কাদখিনীর অধরে জলসেচন করায় তাহার সংজ্ঞাপ্রাপ্ত হইল। জমরেজনাথ পুনরায় ভাহাকে লইয়। গ্রামের বাহিরে আসিলেন। সোপাল চৌকিদারকে কটু দিকিব দিয়া কহিলেন, "আমি ইহাকে তর্কালভারের আশ্রমে লইয়া ঘাই, ভূষি কোন মতে অক্ত কাহার নিকট এ ঘটনা ব্যক্ত করিও না।" অমরেশ্রনাথ কিঞিৎ পরে

আশ্রমের নিকটবর্ত্তী স্থানে উপনীত হইয়া কাদম্বিনীকে কহিলেন, "ঐ তর্কালত্কার-প্ততে যাও, কহিও গুরুদেবই তোমাকে রক্ষা করিয়াছেন। গোপাল চৌকিদার অনেক সাহায্য করিয়াছে, দেখ যেন কোন মতে আমার নাম প্রসঙ্গে প্রকাশ না পায়।" কাদম্বিনী আশ্রমকাননে প্রবেশ করিলেন। অন্ধকার গগন ভেদ করিয়া অমরেক্সনাথ সম্ভষ্ট মনে আপনার প্রাসাদ লক্ষ্য করিয়া প্রিয় ঘোটককে চালিত করিলেন। তাহার অন্ত সকল শোণিত স্পর্শ করে নাই—তরবাল কোষমধ্যেই রহিয়াছে, মনে করিতেছেন, লোকের কি ভ্রম, ডাকাত মারিতে কি বীরম্ব দরকার করে ? তাহারা নুশংস বিশ্বাসঘাতকী লোক, প্রকৃত সাহসী জনকে তাহারা যম স্বরূপ দেখে।" এই প্রকার ভাবিতে ভাবিতে আসিতেছেন, এমত সময়ে দেখিলেন একটী শাশ্রুধারী অশ্বারোহী পুরুষ দল বলে শাস্তিপুরাভিমুখে যাইতেছেন। অমরেন্দ্র নাথ একটা জঙ্গলবেষ্টিত বটবৃক্ষপার্শ্বে স্থির ভাবে লুকায়িত রহিলেন। ভাহাদের কথায় জানিলেন দারোগা সাহেব ডাকাত ধরিতে যাইতেছেন। কিয়ৎ-काल পরেই পাটনির নাম ধরিয়া হাঁক পড়িল। কারণ পাটনি না আসিলে পুলিসের বীরগণের নদীপার হইবার উপায় কি ? অমরেন্দ্র এই ভাবিয়া মনে মনে হাসিতে হাসিতে চলিতেছেন, এমন সময় আবার ঘডি বাজিয়া উঠিল, তিনি জানিতে পারিলেন যে, আবাব ঘরে আসিলেন, আবার রোগীর বেশে শ্য্যাশায়ী হইতে হইবে।

উনত্রিংশ পরিচ্ছেদ

मात्रभात्र ठामाकि

বীরপুরুষ দারগার নদীপার হইতে একঘণ্টা মাত্র দেরি হইল। তিনি ওঞাগুণশালী কর্মণ্য কর্মচারী, অপর লোক হইলে হয়ত পার হইতে প্রভাতের তারা এখানেই উদয় হইত। পাঠক হাসিবেন না, এই চালাকিতে গোলাম রহমান "ভেরি গুড়" অর্থাৎ প্রথম বর্গভুক্ত হইয়াছেন—ঢাল, ক্রিচ পুরস্কার পাইয়াছেন, কবে ফৌল্লদার হইয়া পড়িবেন। আবার লোকে বলাবলি করে আস্ছে দরবারে "খাঁ বাহাছ্র" উপাধিও পাইবেন। যাহা ইউক দারগা সাহেব ওকু-স্থলে পৌছিবার পূর্বেই "লাল গুড়াইয়া" ডাকাতগণ "চম্পট" দিয়াছে—গোপাল চৌকিলার আবার হাত পায়ে দড়ি বান্ধাইয়া কাঁদিতেছে, বান্ধা লোককে মারা বড় সহজ, দারগা সাহেব স্বয়ং গোপালকে ছই একটি প্রহার করিলেন—গোপাল কহিল শক্ষনা কর্মন, মাল, চোর সব হস্তগত করিব। এই যে বান্ধা দেখিভেছেন এ

কৌশলের কর্ম্ম, আমি খাটিয়াতে ঘুমাইতেছিলাম, প্রথমে দস্থ্যগণ বানিয়া গিয়াছিল, পুনরায় এই পথে পলাইবার সময়ও আমাকে বান্ধা দেখিয়া গিয়াছে, মধ্যে যে আমি তাহাদের সর্দারকে ছাদের উপর খুন করে রেখে এসেছি তা জানে না— এই 'বমাল' দেখুন—"—এই কথা বলিয়াই গোপাল একটা বছমূল্য অলভার দেখাইল — তার সঙ্গে বন্ধনমুক্ত হইল। এখনও নিশাকাশ ঘোর রহিয়াছে, অমনি দারগা দলবলসহ বাবু শিবসহায় সিংহের গুহাভিমুখে চলিলেন, ছইজন বিশ্বস্ত পদাতিক সহিত দারগা সাহেব গৃহের সমস্ত স্থান পরিদর্শন করিলেন। গৃহের আকারটি ভয়ানক। সকল কপাটই খোলা "খাই খাই" করিতেছে। গৃহবাসিগণ অপরগৃহে আশ্রয় লইয়াছে। দারগার আগমন সম্বাদে এক একজন হস্তপদভগ্ন বা অন্ধদাহিত অঙ্গ ভূত্য আসিয়া ক্রন্দন আরম্ভ করিল ; কারও পূষ্ঠে খোঁচার দাগ, কার মস্তক-মক ভোতা তলবারে কর্বিত –বাহিরের মালখানার ভাণ্ডারির সর্ব্বাপেক্ষা হুর্দশা, তাহার নিকট হইতে কুঞ্জিকা লইবার জক্ত স্থানে স্থানে মশালাল্লিতে দম করিয়াছে, কারণ রাঙ্গা ঠাকুরাণীর প্রদত্ত হুই সহস্র টাকার ধলিটি ভাহারই জিমায় ছিল। গৃহের চতুম্পার্শে অর্দ্ধদন্ধ মশাল, টাটি, তৈলভাও, তাল-শাখা-নিশ্মিত চুণলেপিত তরবাল প্রভৃতি স্থানে স্থানে পতিত, বহিছারে কপাটে কয়েকটি টাঙ্গির প্রহার মাত্র দৃষ্ট হইল। বৃদ্ধ রামা ভৃত্য কহিল, "আমি সত্য-নারায়ণের পূজাম্ভে শিরণি বর্টন করিয়া তামাক খাইতেছি আর বেটারা হঠাৎ আসিয়া পড়িল। কপাট ভালরূপ বন্ধ করিতে পারি নাই; একটা মাত্র বিল দিয়াছিলাম, ভাঙ্গিয়া ফেলিবার উভোগ দেখিয়া ঐ পূজার দালানের বড় সিঁ ড়ির নীচে ফুকরে হামা দিয়া লুকাইয়াছিলাম।" দারগা কহিলেন, "ভূমি অবশুই চুই চার জন ডাকাইতকে চিনেছ।" রাম কহিল, "তা বড় বলিতে পারি না।" দারগা মনে মনে ভাবিলেন, না বলিলে কেন হবে। ছই চার জনকে না চিনিলে এমন বড় মোকর্দমা প্রমাণ হয় ? এই কথার পর দারগাসাহেব, ছুইজন বিশ্বস্ত পদাতিক ও গোপাল চৌকিদার সঙ্গে প্রাসাদোপরি আরোহণ করি-লেন; তথায় দেখিলেন, এক কাল মূর্তি ভীবণকায় দত্তা মৃতপ্রায় হইয়া প্রাসাদে পড়িয়া রহিয়াছে। সার্ব্বঙ্গে তৈল মদ্দিত, রক্তপ্লাবনে কেশদল ভিজিয়া অঙ্গে কয়েকটি রেখা হইয়া কোঁটা কোঁটা করিয়া ছাদে পড়িয়াছে; এক কুন্ত বন্ত দস্তার শ্ৰহ্ম কৰ্ণবয় হইয়া মৃওচ্চে আবদ্ধ-কপাল, চক্ষু, নাসিকার যে ভাগ বন্তের বাছিরে রহিয়াছে ভাহা কালিতে লেপিত ও সেই প্রলেপের উপর বৃহৎ বৃহৎ চুশের কোঁটা। উবা উপস্থিত, কিন্তু পগন এখনও ঘোর রহিয়াছে, দম্মা নয়ন বন্ধ করিয়া রহিয়াছে অনেক চেষ্টাতেও কোন উত্তর দিল না। সে আর কথা কহিবে না, সজ্জার মূখ দেশাইবে না, তাহার খাড়ু কীণ হইরাছে, ডাক্তার সাহেবের পরীক্ষার জন্ত প্রেরণ

করা আবশুক বোধ হইল। দারগা তাহারই উত্তোগের জ্বন্য একজন পদাতিককে সম্বর নিমে পাঠাইলেন, পরে গোপাল চৌকিদারকে লইয়া দম্যুর অঙ্গাম্বেশে প্রেবৃত্ত হইলেন। লুন্ডিত অব্য মধ্যে ডাকাতের কোমরে কুঞ্চিত বস্ত্রে মোহরের একটি থলি, কয়েকটি রত্নখচিত অঙ্গুরী একটাতে স্বয়ং শিবসহায় সিংহের নাম সন তারিখ মুজিত, আর একটা থলিতে কতকগুলি জ্বভ্নয়া অলহার বাহির হইল। দারগা কহিলেন "মর দিয়া— ডাকাইতও ধরিলাম, মালও বাহির হইল"— গোপাল কহিল "আমারও নেকনামি হইতে পারে—"

দারগা কহিলেন, আমার হলেই তোর; তোরও পুরস্কার না হবে কি ?

রামা কহিল এত মালের চতুর্থাংশও নয়, এক বাহিরের সিন্ধুক হইতেই নগদ ছটি হাজার টাকা গেছে—কাল সন্ধ্যার পরেই তা আমদানি হয়েছিল। দারগা বিরক্ত হইয়া কহিলেন "তোদের ঐ সব বাহুল্য কথা—মোকদ্দমা মিছা সঙ্গিণ করা কি ভাল, টাকা ছিল ? টাকা ছিল ? তুই দেখেছিলি ? বল দেখি—"

দারগা সাহেবেব ভঙ্গি দেখিয়াই রামা কহিল "দেখি নাই, শুনিয়া-ছিলাম—" তবে শুনা—দে কথায় কাজ নাই, এখন দ্বায় লাশ চালান করা চাই
—কয়েকটা চৌকিদার দ্বারা দম্যুকে প্রাসাদ হইতে বাহির বাটাতে আনয়ন করা হইল, সঙ্গে সঙ্গে তাহার অঙ্গ মায়না ইইয়া শুরথালের কাগজ প্রস্তুত হইল। কিয়ৎক্ষণ পরেই একটি চালান দ্বারা বাঁশের খাটুলির উপর অচিহ্নিত পুরুষের লাস বাহিত হইল। গ্রাম হইতে কিয়দ্র যাইয়া প্রাতঃসমীরণে দম্যুর কিঞ্চিৎ সংজ্ঞা হইল গোঁজা স্বরে কহিল "তোদের চিনি রে—জ্বল দে।" একজন চৌকিদার কৃহিল "সমন্ধিকে ভূতে পেয়েছে আমার কাছেও ঔষধ আছে, এই কুড়ালের এক প্রহারেই মাথাটি ভাঙ্গিয়া দিব।" রঘুবীর এই ছন্ধবেশী দম্যু, আর কেহ নহে—ভয় পাইল। ভৃষ্ণায় প্রাণাবশেষ, তবু পরশুর প্রহারভয়ে মৃশ বন্ধ করিয়া শান্তি ভোগ করিতে লাগিল।

এদিকে দারগা সাহেব অনেক জাঁকজমক করিয়া তদারকে প্রাবৃত্ত। মালের অর্থেক মোহর ও অলকার আত্মসাৎ করিয়াছেন। তিনি বিলক্ষণ জানিতেন শতকরা ৫০ টাকা মূল্যের স্রব্য উদ্ধার হইলেই পুলিবের কৃতকার্য্যতার উত্তম পরিচয় দেওয়া হয়—ছোট সাহেব বড় সাহেব সকলেই সম্ভষ্ট থাকেন অভএব সেই পরিমাণেই স্রব্য উদ্ধার করিয়া দিলেই যথেষ্ট হইবে। অপজ্যত ব্যক্তির কিছুক্তি হইবে কিন্তু তাহাতে তাঁহার নিজ লাভের ও নিজ কার্য্যদক্ষতার কি ক্রেটি হইবে ? ফলতঃ আর চারি পাঁচজন আসামি ও সাক্ষী চাই—ছুই একজন একরারী

ছইলে কেমন হয় ? তাইদ আনন্দরাম বাঁড়ুয্যে হাসিয়া কহিয়া উঠিলেন "তবে ত সোণায় সোহাগা মহাশয়" কিন্তু এ সকল তদ্বির জন্ম প্রতিপত্তিশালী দেওয়ানজী গঞ্চানন চৌধুরী মহাশয়ের সাহায্য আবশ্যক।

পাঠক একবার গজাননের গোশালার প্রাঙ্গণকোণে নয়ন নিক্ষেপ কর। তথায় গজানন রাত্রিশেষে যা কিছু মাল পাইয়াছেন উড়াইতে পুড়াইতে ফু কিতে ব্যস্ত। টাকার তোড়া ছইটা নিজ ধনাগারে বন্ধ করিয়াছেন, কেবল বাহককে ছই হাতে ছই ফাকা মুষ্টিতে কয়েকটি টাকা উড়াইয়া পুরস্কার দিয়া বিদায় করিয়াছেন, জানিতেছেন রঘুবীর এখন কিয়দ্দিবসের জন্ম স্থানাস্তরে "গাঢাকা" দিয়াছে—দারগা সাহেবের লোক আসিয়া তাঁহার ফটকে বসিয়াছে, খবর পাইলেন। গজানন কহিলেন, গরজ পড়িলে অনেক লোক তল্লাস করে—সংবাদ পাঠাইলেন যে তাঁহার হাতে অনেক কর্মা, সব শেষ করে কল্য প্রাতে দারগা সাহেবের সহিত সাক্ষাৎ করিব। দেওয়ানজি বুঝিয়াছেন যে "যেমন তিনি সর্প হইয়া কাটিয়াছেন, ওঝা হইয়া আবার বিষ ঝাড়িবেন।"

আবার দারগার নিকট গজাননের আসিবার বিলম্ব সম্বাদ পৌছিবামাত্র গোলাম রহমান ক্রুদ্ধ হইলেন, তাঁহার চক্ষু স্বভাবতঃ আবক্তবর্ণ আর ছই পোঁচ রাঙ্গা হইল। দাড়ি ফাঁচড়াইতে লাগিলেন। এবং কহিলেন এই পল্লী ত এখন শ্রীনগর জমিদারীর অন্তর্গত ? দেওয়ানজী এ ঘটনার কোন সম্বাদ দেন নাই, কুন্দে বাঁক সারিব—বাঁড়ুয্যে অনন্তরামকে হুকুম নামা লিখিয়া গজাননের কৈফিয়ভ তলব করিতে অনুমতি দিলেন। এই অকু গোপন করিবার চেঠার জন্ম জমিদারের নামে কেন না পৃথক্ অভিযোগ করা যাইবে ? সঙ্গে সঙ্গের একজন পদাতিক আবার গজাননের নিকট হুকুমনামা লইয়া দৌড়িল।

ত্রিংশ পরিচ্ছেদ

विषय याजा

এদিকে আমাদের নগরে যাত্রা করিবার দিন উপস্থিত। নীলমণি মায়াভে মৃছ—"কানকাটা" "কটকা" "হব্লা" "বাঘা", "বেঁড়ে" "আহলাদে"—ভাহার এক পাল প্রিয় কুকুর রহিয়াছে; আবার ছবলা, পরুপা, মৃথি, গলাফুল ও গ্রহবাজ এক "খাপান" কব্তর ভিন্ন ভিন্ন কাবৃতে পালিত হইত; যখন কপোতদল প্রাতে উড়িত ও তণ্ডুল বিতরণ হইত তখন নীলমণি বাবু দ্বিতীয় লক্ষোয়ের নবাবের ত্লা হ হ আ—আহা শব্দে উশ্বন্ধ হইতেন, তাঁহার বড়ই আমোদ হইত।

কেমন করিয়া এই সকল প্রিয় পালিত জীব ছাড়িয়া যাইবেন এই চিস্তান্ধ চঞ্চল হইয়াছেন। এমন সময় গোলাবাটির দ্বারে পুঁটে বাগ্লি আসিয়া উপস্থিত। নীলমণি বাব্ব দিকে চাহিয়াই পুঁটে কহিল, ইহার চিস্তা কি, এই চার মাস বাদে বাব্জীর বিবাহ হইবে, বর সাজিয়া আসিবেন, এ দাস আপনার সকল সামগ্রী রক্ষা করিবে, এক মুঠ টাকা দিয়ে যাবেন, খ্ব চাল ছোলা খাওয়াইয়া পায়রা কুরুর মোটা করিয়া রাখিব।

নীলমণি কহিল তাকার অভাব কি ! বাবার যে চোরা কুঠারিতে তাকা থাকে সব দেখিছি, ভুই চাবি আন্তে পারিস ? পুঁটে কহিল, আমার জ্যোঠা রঘুবীরের অনেক চাবি আছে। সন্ধ্যার প্রাক্কালে পুঁটে এক গোছ। চাবি আনিল। নীলমণি বস্ত্র মধ্যে ঢাকিলেন—অন্দরে মাতাঠাকুরাণীর নিকট গিয়া কহিলেন "মা! আগামীকল্য প্রাতে আমরা যাইব।" গৃহিনী কহিলেন "ষাট যাই বলিতে নাই বাছা, কাল আস্বে!" নীলমণি এ আসা যাওয়ার প্রভেদ কিছু বৃঝিতে পারিলেন না কিন্তু সেদিকে এখন সুবৃদ্ধি চালনা করিবার অবসর নাই। কহিলেন 'মা বাবা ডারগার সঙ্গে ডেখা করতে গিয়াছেন, আমরা ছাদে যাইয়া পায়বাগুলি গুনিয়া পুঁটের জিম্বা করিয়া আসি, কুঁজিদাও।" নীলমণি সোহাগের ধন, তাহার ইচ্ছা অম্রথা হইবার নহে, কুঁজি লইয়া পুঁটের সঙ্গে সঙ্গে গৃহের উপর দিতীয় তলে যাইলেন। গুজাননের ধনাগার একটি কুল কুঠারী, তাঁহার শয়নঘরে প্রথমতঃ প্রবেশ করিতে হইবেক। সেই ঘরের মধ্যে ছাদের সোপানতলে আর একটা ক্ষুদ্র দৃঢ়ঘার বিশিষ্ট ডবল তালা বন্ধ, লোহার পাত ছড়কা, অর্গল, লোহার গোল মেক সংলগ্ন কুন্ত গৃহ দ্বার, এটি দ্বরের ভিতর দ্বর! এখানে দম্ম চোরের প্রবেশ করিবার সাধ্য নাই কিন্তু ঘরের চোর হইলে কোন দার ভেদ ৰা হইতে পারে ? যে রিং সহিত কুঁ জি-গুলি নীলমণি আপন মাতার নিকট হইতে আনিলেন, ভাহার মধ্যে গঞ্জাননের শয়নগৃহদ্বার খুলিবার স্থবিধা হইল। সেই দ্বার খুলিয়াই চাবির উপর চাবি প্রবেশ করাইয়া ধনাগারের তালা খুলিবার চেষ্টা হইল। কিঞ্চিৎ কাল মধ্যেই নীলমণি ও পুঁটে উভয়ে ঘর্মাসিক্ত হইলেন। নীলমণি সকল দিকে সুবুদ্ধি, দক্ষিণে হেলাইতে বামে কুঞ্জিকা হেলাইয়া ক্লাস্ত হইলেন; বসিয়া পড়িলেন ও কহিলেন "পুঁটে টুই ডেখ।" যতই হউক পুঁটে চোরের গোষ্ঠী পেঁচ ব্ঝিত, তাহার কু জিতেই একটি চাবি খুলিল, আবার চেষ্টাতে কস্তা কস্তিতে কিঞ্চিৎকাল মধ্যে আর একটি তালাও খুলিল এখন নীলমণি পুঁটের প্রতি নিতান্ত সম্ভষ্ট হইয়া কহিলেন "টুই খুব বাহাড়ুর ৷" এই সম্ভষ্টি ঈশ্বর দত্ত, অভ হউক কল্য হউক না হয় ছইদিন বাদেই হউক "চোরের ধন বাটপাড়ে" পাপের ধন প্রায়শ্চিত্তেই যাইবে। তালা খুলিল, বাহির হইতে ভিতরের **অর্গল**

এক পেঁটেই খুলিল। কুঠারীর মধ্যে—নরকাকাশ ঘোর কন্ধকার—অন্ধকারে পাপকার্য্য অক্ষিত পাপের কোষের উপযুক্ত স্থানে গঞ্জাননের বহুধন স্থাপিত ছইয়াছে। এই আলোকবর্জিত স্থানে নীলমণি প্রবেশ মানসে ধারমধ্যে মস্তক সমর্পণ করিলেন। করিবামাত্র চিক চিক শব্দ শুনিলেন, অমনি ত্রাসে বাহিরে আসিলেন, "এর ভিটর কিরে ?" পুঁটে কহিল "চামচিকা" নীলমণি কহিল "ওরে! চর্ম্ম চটি" পুটে আবার কহিল আমিই ভিতরে যাই। নীলমণি কহিলেন "ছাট বাড়া, ডেক, কিসে হাত পড়ে।" কুঠারীর অস্তরস্থান তোড়ায় তোড়ায় আবদ্ধ, হস্ত প্রক্ষেপ করিবামাত্র একটীতে হাত লাগিল। পুঁটে বাহিরে আনিয়া মুখের বন্ধনরজ্জু কর্ত্তন করিল। এটি শিব সিংহের গৃছ হইতে অপদ্রত চুই সহস্র মুজার খলি। ছই জনে চারি মুঠা ভরিয়া যত পারিল টাকা বাহির করিয়া একটা বক্তাংশে বান্ধিলে, পুটলিটি বড় হইল, কেমন করিয়া লইয়া যাইবেন ভাবিতে লাগিলেন। পুঁটে কহিল বেশ বৃদ্ধি আছে। কুঠারীর কপাটটী শীত্র বন্ধ করিয়া কহিল আমি গুহের পশ্চাতে ময়দানে যাইয়া দাড়াই, আপনি এই জানালার রেলমধ্য দিয়া ভোড়াটি ফেলিয়া দিন। কহিয়াই পু'টে প্রস্থান করিল। নীলমণি পুটলি নিম্নে নিক্ষেপ করিলেন, পুঁটেকে দৌড়িয়া যাইতে দেখিয়া নীলমণির মাতা ভীতা ছইলেন। মনে করিলেন তাঁহার নীলমণি একা সন্ধাবেলা ছাদে রহিয়াছে। "নীলমণি নীলমণি" জপোচ্চারণ করিতে করিতে উপরতলে উপস্থিত। নীলমণি চমকিত হইয়া বারান্দায় আসিলেন ও কহিলেন, পায়রা ধরিতে ঘামে ভাসিয়াছি এই বাড়াসে বারেন্দায় এখন বসি।

পরদিন প্রাতে আমাদের যাত্রিক লগ্ন উপস্থিত। তর্কালয়ার মহালয় আলীর্বাদী পূল্প লইরা উপস্থিত; মাথায় ফুল দিয়া তিনি অপরস্থানে চলিয়া পেলেন। মাতা সম্রেহবদনে আমার মন্তেকোপরি আপন সুকোমল হত্তে ধরিয়া আপনার অধিষ্ঠাত্রী দেবীর নাম মনে মনে উচ্চারণ করিয়া সেই দেবীর হত্তেই আমার শুভাশুভ চিরদিনের জক্ত অর্পণ করিলেন। মন্ত্রোচ্চারণ করিতে করিতে তাঁহার নয়ন অক্রতে বিসিক্ত হইল। গঙ্গাধর বড় নির্চুর, নগরে যাইবে, জ্ঞানলাভ করিবে, নৃতন নৃতন দেশ ও কত প্রকার মনোহারী জব্য দেখিবার আশরে আহ্লাদিত। এখনও নির্বোধ—এখনও অজ্ঞান অন্ধ জানে না বে, বে ধন আক্র ত্যাজিয়া বাইতেছে তাহার স্বন্ধপ গুরুতর নিস্বার্থ স্বর্গীয় পদার্থ জগতে আর কোথাও পাইবার নাই! সেই ধন স্থাবিত্র চিরানন্দদায়ী মাতৃরেছ। সেই ধন হারাইলেও তাহার বাস্ত করি পৃথিবীতে আর পাইবার সম্ভাবনা নাই। সেই ধন না হারাইলেও তাহার প্রকৃত মর্দ্ম কেছ জানে না, যাহার। হারাইয়াছে ডাহারাই জানিয়াছে। মাতার কাডয়ভা দেখিয়াই আমার সব উৎসাহ লেষ হইল। মন কাদ্দিল, জাখিতে

কেহ জল দেখিয়াছিল কি না সন্দেহ কিন্তু অন্তঃকরণ একান্ত অন্থির ইইল। সেই অন্থিরমনে গৃহ ত্যক্তিয়া গ্রামের বহির্দেশে আসিলাম। দেখিলাম একটা পুকরিশীর তটে প্রিয়অন্থচরগণ নগেক্র, গ্যোপাল, প্রিয়তম ভগিনী প্রফুল্লতাহীন বদনে আমার দিকে চাহিতেছেন, কাঁদিতেছেন প্রফুল্ল আমার প্রিয় হরিণ শাবকটাকে ধরিয়া কহিছেছে "দাদা এটা থাকে না, ভোমার সঙ্গে যাইতে চায়।" আমার সব উৎসাহ নিঃশেষ হইল। এই ছুইটি নির্ম্মলা প্রীতির পদার্থ দেখিয়া অঞ্চধারা রহিল। দার মা একবার চীৎকার করিয়া কান্দিয়া উঠিল, উভয়ে উভয়ের দিকে দেখিতে দেখিতে চলিলাম। অনেক দূর আসিয়া দূরাকাশ উভয়ের উভয় হইতে প্রভেদ করিল।

গ্রামান্তরে আসিয়া দেখিলাম, নীলমণির পালকী নদীতটে উপস্থিত। একটি বেঁড়ে কুরুর সঙ্গে সঙ্গে আসিয়াছে ও পান্ধির ছাদে একটি পিঞ্চরে কতকগুলি গোলা পায়রা আনিয়াছেন। মনে করিলাম বিভাভ্যাসের বিলক্ষণ সরঞ্জম হইয়াছে।



মরা এই প্রস্তাবের অবতারণায় যে মতগুলি উদ্ধৃত করিয়াছি তাহার সকল গুলিই প্রায় বিদেশীয় পণ্ডিতের। এদেশীয় পণ্ডিতের মধ্যে অতি অল্প লোকেই এবিষয়ে হস্তক্ষেপ করিয়াছেন। যাহা হউক আমাদের দেশের প্রধান স্কলার (scholar) ডাক্তার রাজেন্দ্রলাল মিত্রের এতদ্বিষয়ক মতটী প্রকাশ না করায় প্রস্তাবটী এ পর্যাস্ত অপূর্ণ রহিয়াছে বলিতে হইবে। স্কুতরাং এস্থলে তাঁহার মতটি প্রকাশ করিয়া আমরা প্রস্তাব সম্পূর্ণ করিবার ইচ্ছা করি।

হিন্দীভাষার মৃল নিরূপণ নামক প্রস্তাবে* রাজেন্দ্র বাবু লিখিয়াছেন—

engaged the attention of some of the most distinguished scholars of Europe and it would be presumptuous on my part to dispose it off at the fag-end of an article in a different subject. But as a native, who feels deeply interested in the prospect of the vernacular of his country, I can not allow this opportunity to pass without observing that the question has been hitherto discussed mainly, if not entirely, from an European standpoint. The benefits which European scholars, officials and missionaries are to derive by substituting the Roman characters in their writing and printing the Indian dialects, are what have been most elaborately discussed, but little consideration has been shown as to the advantage which the natives are to derive by accepting the Roman as a subs-

^{*} See Journal of the Asiatic Society No. V 1864,

titute for their national alphabet. It is that point therefore that I wish to discuss the question here."

"অর্থাৎ বিষয়টা অতি গুরুতর; ইহার প্রতি অনেক অনেক প্রসিদ্ধ পণ্ডিউগণ মনোনিবেশ করিয়াছেন। অপর প্রস্তাবের প্রসঙ্গে এইরূপ একটা ক্ষাতর
বিষয়ের সমালোচনা করা আমার পক্ষে অবিমৃশ্যকারিতা হইলেও আমি যখন
এদেশীয় এবং এতদেশীয় ভাষার উন্নতিতে লাভ বিবেচনা করি তখন আমি এখানে
ইহা না বলিয়া থাকিতে পারি না যে, আজ পর্যান্ত এ বিষয়ে যে সকল মত
প্রকাশিত হইয়াছে ইউরোপীয়দিগের স্ক্রিধাই তাহাদিগের সম্পূর্ণরূপে না হউক
প্রধান লক্ষ্য করা হইয়াছে। ভরতবর্ষীয় ভাষা সকল রোমান বর্ণমালায় লিখিত
বা মুজিত হইলে ইউরোপীয় বিছোৎসাহী, মিসনরী বা কর্মচারীদিগের যে সকল
উপকার হইতে পারে তাহাই পুখামুপুখ রূপে বিচার করা হইয়াছে কিন্তু দেশীয়
বর্ণমালার পরিবর্ত্তে রোমান বর্ণমালা ব্যবহার করিলে দেশীয়দিগের কি লাভ হইবে
তথিষয় বিবেচনা করা হয় নাই। অতএব সেই উদ্দেশ্যেই আমি এস্থলে এতাদৃশ
বিষয়ে হস্তক্ষেপ করিলাম।"

"ভাষাতত্ত্বের নিয়মানুসারে বিবেচনা করিয়া দেখিলে নাদ সমুদয়কেই প্রচলিত ভাষাদিগের সার বলিয়া বোধ হয় এবং ইহাও জানা যায় যে ঐসকল নাদ প্রকাশকারী বর্গ বা চিক্লের আকারের সহিত ভাষার কিছুই সম্পর্ক নাই। অর্থাৎ 'কমল' এই শব্দকে 'Kamala' এইরূপে লিখিলে ভাষার কিছুমাত্র হানি হয় না। এক্ষণে দেখ যদি ঐ সকল বর্ণের আকারবিশেষ গ্রহণ করিলে লিপি ও মুদ্রাদির সৌকর্য্য হয় এবং উচ্চারণও যথাবৎ প্রকাশিত হয় তাহা হইলে জাতীয় গর্ককে জলাঞ্চলি দিয়া সেইরূপ বিশেষ আকারের ব্যবহার অবশ্যই উচিত। কিন্তু অস্ম-দ্দেশীয় বর্ণমালা স্থলে রোমান বর্ণমালা ব্যবহার করিলে বিশেষ উপকার হইবে কি না তাহা সম্পূর্ণ সন্দেহস্থল। পৃথিবীর পণ্ডিত মাত্রেই রোমান বর্ণমালার অপূর্ণতার বিষয় স্বীকার করিয়া থাকেন। বড় বড় পণ্ডিতদিগের মতে সংস্কৃত বর্ণমালার মত সম্পূর্ণ বর্ণমালা আর দৃষ্টিগোচর হয় না অতএব তাদৃশ সম্পূর্ণ বর্ণমালা স্থলে একটা অপূর্ণ বর্ণমালা ব্যবহার কখনই যুক্তিসঙ্গত নহে এবং তাহা দ্বারা অভিপ্রায় সিদ্ধিরও সন্থাবনা নাই।"

"সত্যবটে দেশীয় হিন্দী প্রভৃতি ভাষায় নানাবিধ কোণশালী অক্ষর পাকায় তাহা লিখিতে অনেক সময় লাগে। এপক্ষে তৎতৎ বর্ণমালা অপেক্ষা রোমান বর্ণমালার শ্রেষ্ঠতা অবশ্যই স্বীকার্য্য কিন্তু একমাত্র লিপিসৌকর্য্যই বর্ণমালার উত্তমতার সাধক নহে। আরও দেখ যদি রোমান বর্ণমালায় সম্যক্ প্রকার লিপি সৌকর্য্য হুণ থাকিত তাহা হইলে বক্তৃতাদি লিখিবার নিমিন্ত নানাবিধ লম্মু হন্তঃ

লিপির (short hand writing) কেন অবিদার হইত। ইহাও সচরাচর দেখা গিয়া থাকে যে আদালতে ইংরেজি ভাষায় সাক্ষী জবানবন্দী প্রভৃতি রোমান বর্ণমালায় লিখিতে যে সময় লাগে; বাঙ্গালা উর্দ্ধু সাক্ষী জবানবন্দী নিজ নিজ বর্ণমালায় লিখিতে তাহা অপেক্ষা অধিক সময় লাগে না। বিশেষ যখন ইহা বিবেচনা করা যায় যে, রোমান বর্ণমালায় দেশী ভাষা সকল লিপিবদ্ধ করিবার সময় দেশীয় বাক্যের ঠিক ঠিক উচ্চারণ প্রকাশ করিবার নিমিত্ত অনেক অক্ষরে বিন্দু ভাস, কথা প্রভৃতির যোগ না করিলে চলিবে না, তখন যে লিপি সৌকর্য্যের নিমিত্ত ইহার ব্যবহার অভীক্ষিত হইয়াছিল তাহা স্ব্দূরপরাহত হইল। লেপসিয়স সাহেব দেশী অক্ষর লিখিবার জক্ষ যে রোমান বর্ণমালা প্রস্তুত করিয়াছেন তাহাতে ১৮৯ প্রকার বিভিন্ন বর্ণ প্রস্তুত হইয়াছে। তাহাতে এরূপ নৃতন নৃতন আকারের অক্ষর সন্নিবেশিত হইয়াছে যে তাহা লেখা দূরে থাকুক পরিচয় করাই কঠিন। রোমান অক্ষরে দেশীয় ভাষা সকল লিখিবার জক্ষ যতগুলি পদ্ধতি অবলম্বন করা হইয়াছে তাহাদের পরস্পরের মধ্যে এরূপ একতা নাই যে, তাহাদের মধ্যে যে কোন একটি সমৃদ্য ইউরোপে বোধগম্য হইতে পারে।"

"কেহ বলিয়াছেন যে হাঁ আপাতত দেশী ভাষা লিখিবার জ্বন্থ রোমান বর্ণমালায় কতকগুলি চিহ্নের যোগ করিতে হইবে বটে কিন্তু পরে ভারতবর্ষীয়েরা
যখন ইহাতে সম্যক্ পরিচয় লাভ করিবে তখন তাদৃশ চিহ্ন ব্যবহারের কোনরূপ
আবশ্যকতা হইবে না এবং ঐ সকল চিহ্ন ত্যাগ করিলে যে লেখনাদির সমধিক
সৌকর্য্য সাধিত হইবে তাহা বলা বাছল্য। এ যুক্তি যে সম্পূর্ণ ভ্রমাচ্ছন্ন সে বিষয়ে
কোন সন্দেহ নাই। ইহার অকিঞ্চিৎকারিতা দেখাইবার জ্বন্য নীচে একটি উদাহরণ
দেখান যাইতেছে। হিন্দুস্থানে কৃটিয়াল হিন্দী নামক এক প্রকার দেবনাগর অক্ষর
ব্যবহার হয় ইহাতে মাত্রা বা বার চিহ্ন কিছুই থাকে না কেবল ব্যঞ্জনর্ণের বিক্যাস
করা হয় মাত্র। কোন সময় একজন গমস্তা আগরা হইতে তাহার মনিবের বাড়ী
ঐরপ অক্ষরে এই অভিপ্রায়ে এক চিঠি লেখে যে—

"বাবু আজমীর গয়ে বড়ীবহী ভেজ দিজীরে" বাবু আজমীরে গিয়েছেন বড় খাতা খানি পাঠাইয়া দিবেন। বাবুর বাড়ীর লোকেরা পাঠ করিল "বাবু আজ মর গয়ে বড় বছ ভেজ দিজীয়ে" বাবু আজ মরে গেছেন বড় বছকে পাঠাইয়া দিবেন, সতী হইবার অভিপ্রায়ে অথবা মুখাগ্নি প্রভৃতি অস্থ্যেটিক্রিয়ার নিমিন্ত!!! গরাটী সভ্য হোক বা না হোক উপযুক্ত চিহ্নাদির যোগ না করিয়া ভারতবর্ষীর ভাষায় রোমান বর্ণ মালা ব্যবহার করিলে ইহা অপেক্ষা যে অধিক গোলবোগ হইবে সে বিষয়ে কোন সন্দেহ নাই।" "এইরপ চিহ্ন যোগ করিয়া রোমান অক্ষর ব্যবহার করা নেটিবদিপের পক্ষেত্র স্থাকর নহেই; ইউরোপীয়দিগের পক্ষেত্র বিলক্ষণ কঠিন, কারণ প্রথমে তাঁহাদের বর্ণপরিচয় গ্রন্থ হইতে সচরাচর য়ে রোমান বর্ণগুলি লিখিত, তাহাদিগকে দ্রীভূত করিয়া তাহাদের স্থানে লেপসিয়স বা মোক্ষমূলর প্রদর্শিত পদ্ধত্তি অনুসারে বর্ণ স্থাপন করিতে হইবে। তাহার পর ভারতবর্ষীয় ভাষা সকল লিখিবার ক্ষেত্র ঐ সকল বর্ণপ্রয়োগ শিক্ষা করিতে হইরে। কেবল যথেচ্ছরূপে বর্ণ প্রয়োগ করিলে হইবে না যাহাতে সমৃদয় দেশে সকল লোকে অক্রেশে পাঠ করিতে পারে সেইরূপ নিয়মাদির অবিদার করিতে হইবে। এক্ষণে দেখ ২৬টা অক্ষর স্থলে ১৮৯ এতগুলি অক্ষর শিক্ষা করিতে কোন ইউরোপীয় সহজে সম্মত হইবেন না, তাহার পরে ত অন্থ নিয়ম। ফল বিদেশীয় ভাষা শিক্ষা করিবার নিমিন্ত যাহাদের সময় আছে এবং আগ্রহ আছে তাহাদের পক্ষে সেই সেই ভাষার বর্ণমালা শিক্ষা কিছু কঠিন নয় বর্ণমালা শিক্ষা করিতে অতি অল্পমাত্র সময়ই ব্যয়িত হয়। আর যিনি অল্প সময় ব্যয় করিয়া বর্ণমালা শিক্ষা করিতে অক্ষম তিনি যে ভাষা শিক্ষা করিবেন তাহা কথনই সম্ভব হইতে পারে না।"

পরিশেষে রাজেন্দ্র বাবু সিদ্ধান্ত করিয়াছেন যে "বাবেলস্তম্ভ নির্মাণ করিবার সময় মানবন্ধাতির উপর যে শাপ নিপতিত হয়, তাহা অভাপি আমাদের উপর প্রভুতা করিতেছে অতএব এক্ষণে এক্রপ ভাষা বা এক্রপ বর্ণমালা প্রচার করিবার প্রয়াস বিফল মাত্র !'



চীন ভারতবর্ষে যত রাজা রাজত্ব করিয়াছেন, তাঁহাদের মধ্যে অশোক সর্বশ্রেষ্ঠ। অশোকের প্রতাপ ও অশোকের শাসন এক সময়ে পাটলীপুত্র হইতে হিন্দুকুল পর্যান্ত, ধাযুলী হইতে কটক পর্যান্ত, এবং ত্রিছতের উত্তরাংশ হইতে গুজরাট পর্যান্ত ব্যাপ্ত হইয়াছিল। হোমার অবিসম্বাদিতরূপে বীররসের শ্রেষ্ঠ কবি নহেন, দিমস্থিনিস অবিসম্বাদিতরূপে সর্বশ্রেষ্ঠ বাগ্যী নহেন, নেপোলিয়ন অবিসম্বাদিতরূপে সর্বশ্রেষ্ঠ বীরপুরুষ নহেন, কিন্তু অশোক সমৃদ্য় প্রাচীন নরপতিগণের শ্রেষ্ঠ। তাঁহার কোন প্রতিদ্বশী নাই। তিনি অস্থান্থ নুপতিদিগকে এতদূর পশ্চাতে ফেলিয়া রাধিয়াছেন যে, তাঁহাদিগকে কখনই তাঁহার পার্শ্বে উপস্থাপিত করা যায় না।

মহারাজ অশোক স্প্রসিদ্ধ পাটলীপুত্ররাজ বিন্দুসারের পুত্র। যে চক্র-গুপ্তের শাসনমহিমা এক সময়ে য্নানী সম্রাট্গণের গৌরবস্পদ্ধী হইয়াছিল, বাঁহার সময় হইতে প্রাচীন ভারতের অন্ধকারাচ্ছন্ন ইতিহাস অপেক্ষাকৃত স্পষ্ট ও আলোকিত হইয়াছিল, অশোক সেই মৌর্যাকুলগৌরব মহারাজ, চক্রগুপ্তের পৌক্র।

বিন্দুসার যখন পাটলীপুত্রে অবস্থান করিতেছিলেন, তখন চম্পাপুরীবাসী একজন ব্রাহ্মণের নিকট একটা কম্মারত্ব লাভ করেন। কম্মার নাম স্কৃত্যালী। স্ভ্যালীর সম্বন্ধে একদা গণকেরা কহিয়াছিলেন, ইনি একজন প্রসিদ্ধ রাজার মহিষী ও একজন সর্বব্যেষ্ঠ নরপতির মাতা হইবেন। ব্রাহ্মণ এই ভবিশ্বদাণী ক্লবতী করিবার আশায় তনয়াকে বিন্দুসারের পরিচর্য্যায় নিযুক্ত করেন।

বিন্দুসার ক্সাটিকে পাইয়া অন্তঃপুরে রাখিলেন। কিন্তু সুভজাঙ্গীকে দেখিয়া অন্তঃপুরবাসিনী মহিবীদিগের নিদারুশ ঈর্যার সঞ্চার হইল। ভাঁহারা

[•] Proceedings of the A. Soc. Beng. No. 1, 1879. Wheeler's India, III. &c.

শ্বভন্তাঙ্গীকে দর্বনা নিকৃষ্ট কার্য্যসাধনে নিয়োজিত রাখিতেন। ক্রমে তাঁহার প্রতি ক্ষোর কার্য্যের ভার সমর্পিত হইল। স্বভন্তাঙ্গী তাহাতে অপমানিতা বোধ না করিয়া এই কার্য্যে সাতিশয় মনোযোগী হইলেন। একদা রাণীগণের আদেশে তিনি মহারাজ বিন্দুসারের ক্ষোরকার্য্য সম্পাদন করেন। মহারাজ বিন্দুসার স্বভন্তাঙ্গীর কার্য্যপটুতা দর্শনে সাতিশয় প্রীত হইয়া তাঁহার যে কোন প্রার্থনা প্রণে প্রতিশ্রুত হইলেন। স্বভন্তাঙ্গী ইহাতে বিন্দুসারের সহিত পরিণয়স্ত্রে আবদ্ধ হইবার প্রস্তাব করিলেন। বিন্দুসার তাঁহাকে কোন নীচবংশোন্তবা মনে করিয়া এই প্রস্তাবে সম্মত হইলেন না। তাহাতে স্বভন্তাঙ্গী উত্তর করিলেন, "আমি ব্রাহ্মণ-তনয়া। পিতা আপনার সহিত বিবাহ দিবার ইচ্ছা করিয়াই আমাকে আপনার হত্তে সমর্পণ করিয়াছেন।" স্বভন্তাঙ্গীর এই উত্তরে ভৃতপূর্ব্ব সমস্ত বিবরণ বিন্দুসারের শ্বতিপথবর্ত্তী হইল। বিন্দুসার তাঁহাকে যথাবিধানে বিবাহ করিলেন। স্বভন্তাঙ্গী ক্রমে নিজগুণে অন্তঃপুরের প্রধানা মহিষী হইলেন।

এই দম্পতী হইতে অশোকের উন্তব হয়। কথিত আছে পুদ্রম্থ নিরীক্ষণে মাতার শোক দ্রাভূত হওয়াতে ভূমির্চ সন্থান অশোক নামে অভিহিত হয়। কিন্তু স্থান্ত প্রাকৃতির কি শোক ছিল তাহা প্রকাশ নাই। অশোক অতি কদাকার ছিলেন; আকৃতির সঙ্গে অশোকের প্রকৃতিও সাতিশয় অপ্রীতিকর হইয়াছিল। এজন্ম তিনি "চণ্ড" নামে প্রসিদ্ধ হইলেন। বিন্দুদার পুত্রকে বিল্লাশিক্ষার্থ পিঙ্গলবৎস নামে একজন জ্যোতির্বিদের হন্তে সমর্পন করেন। এই জ্যোতির্বিৎ একদা গণনা করিয়া কহেন, অশোক পিতৃরাজ্যের অধিকারী হইয়া পাটলীপুজের সিংহাসনে আরোহণ করিবেন। অশোক ব্যতীত স্বভ্রাঙ্গীর আরও একটি পুত্রসন্তান ভূমিষ্ঠ হয়, তাঁহার নাম বীতশোক বা বিগতাশোক।

মহারাজ বিন্দুসারের সর্বজ্যেষ্ঠ তনয়ের নাম সুসীম। ইহার সহিত অশোকের সম্প্রীতি ছিল না। বিন্দুসার তাঁহাকে স্থানাস্তরে রাখিতে কৃতসঙ্কর হইলেন। এই সময়ে তক্ষশিলায় বিদ্রোহ উপস্থিত হইয়াছিল। বিন্দুসার অশোককে ঐ বিদ্রোহদমনার্থ পাঠাইয়া দিলেন।

অলোক তক্ষশিলায় উপস্থিত হইলে তত্রতা অধিবাসিগণ তাঁহাকে সাদরে গ্রহণ করিল। অশোক বিজ্ঞাহ দমনে কৃতকার্য্য হইলেন। ইতিমধ্যে স্থুসীম পাটলীপুত্রে উৎপাত আরম্ভ করাতে মন্ত্রিগণের পরামর্শে বিন্দৃসার স্থুসীমকে ক্তক্ষশিলায় পাঠাইয়া অশোককে পাটলীপুত্রে আহ্বান করিলেন।

ক্রমে বিন্দুসারের আয়ুকাল পূর্ণ হইল; তিনি জীবনের শেষ সীমায় পদার্পন করিলেন। বিন্দুসার এই আসমকালে অমাত্যের পরামর্শে কিন্তু নিজের সম্পূর্ণ অমতে জ্যেষ্ঠপুত্রের অন্থপস্থিতি পর্যাস্ত অশোককে রাজকার্য্য নির্বাহার্থ আদেশ দিয়া পরলোক গমন করিলেন। এদিকে স্থলীম তক্ষশীলা হইতে প্রত্যাগত হইয়া পাটলীপুত্র আক্রমণ করিলেন, কিন্তু কৃতকার্য্য হুইতে পারিলেন না। অশোক তাঁহার কার্য্যকুশল অমাত্য রাধাগুপ্তের সাহায্যে স্থলীমকে পরাভূত ও নিহত করিলেন।

ইহার পর ভাবী অনিষ্ঠ ও উপদ্রবের আশস্কায় অশোক স্বহস্তে রাজবংশীয় জ্বনেক ব্যক্তির শিরশ্ছেদ করেন। এইরপ আরও অনেক কার্য্যে তাঁহার প্রচণ্ড স্বভাবের পরিচয় পাওয়া যায়। একদা তিনি শুনিতে পাইলেন, কয়েকটা কামিনী পুশ্বচয়ন উপলক্ষে একটি অশোকরক্ষের শাখা ভগ্ন করিয়াছে। এই অপরাধ বড় শুক্রতর মনে করিয়া সাতিশয় ক্রেছ হইয়া তিনি সেই অপরাধিনী কামিনীদিগকে প্রজ্বলিত অনলে দয়্ধ করিবার জন্ম চণ্ডগিরিক নামে একজ্বন নরহস্তাকে আদেশ করিলেন। নির্মুর চণ্ডগিরিক অবিলম্বে কঠোর-প্রকৃতি প্রভুর এই কঠোর আজ্ঞা সম্পাদন করিল।

একদা সার্থবাহ নামে একজন ধনাত্য বণিক্ সপরিবারে একশত বণিকের সহিত বাণিজ্যার্থ সম্প্রপথে যাত্রা করেন। এই সম্প্রবাস সময়েই তাঁহার একটি সন্তান ভূমিষ্ট হয়; সার্থবাহ তাঁহার নাম সম্প্র রাখেন। সার্থবাহ বাণিজ্যের নিমিত্ত ছাদশবর্থকাল নানা স্থানে পরিভ্রমণ করিয়া যখন গৃহে প্রত্যাগত হইতেছিলেন, তখন একদল দম্যু আসিয়া তাঁহাকে সপরিবারে নিহত করে, কেবল সম্প্র নামে তাঁহার পুত্র ঘটনাক্রমে পলায়ন করেন। সম্প্র এইরূপে পিতৃমাতৃহীন হইয়া বৌদ্ধ যতিবেশে নানা স্থানে ভ্রমণ করিতে আরম্ভ করেন। একদা ভিক্ষা-প্রার্থী হইয়া তিনি চণ্ডগিরিকের গৃহে সম্পস্থিত হন। চণ্ডগিরিক এই বৌদ্ধযতিকে হত্যা করিতে যথাশক্তি চেষ্টা পায়, কিন্তু কোন ক্রমেই কৃতকার্য্য হইতে পারে না। ইহাতে অতিমাত্র বিশ্বিত হইয়া চণ্ডগিরিক এই বিবরণ অশোককে বিজ্ঞাপিত করে। মহারাজ অশোক এই সংবাদে ভ্রমণকারী ভিক্ষ্কে দেখিতে আসিলেন এবং তাঁহার কথাবার্ত্তা শুনিয়া এবং চরিত্র দেখিয়া অশোকের জ্ঞানলাভ হইল। নিজ চরিত্র সংশোধনের ইচ্ছা জ্বিল। কিন্তু প্রথমে ছ্রাচার চণ্ডগিরিকের শিরণ্ডেদ না করিয়া নিরস্ত হইতে পারিলেন না।

এই অবধি বৌদ্ধর্মের প্রতি অশোকের আস্থা ও প্রদার সঞ্চার হয়। অশোক ক্রমে বৌদ্ধর্ম্ম গ্রহণ করেন। মহারাজ অশোকের ধর্মগুরর নাম উপগুপ্ত। উপগুপ্ত মধুরার একজন ধনাত্য ব্যক্তির তনয়। শোনবাসী নামে একজন বৌদ্ধ-ভিন্দু ইহাকে স্বীয় ধর্মে দীক্ষিত করেন। উপগুপ্ত বৌদ্ধর্ম্ম তত্ত্বে সাতিশর প্রবীণ ছিলেন। তিনি অশোককে নানা প্রকার ধর্মোপদেশ দিয়া তাঁহার স্কার প্রাশন্ত, কর্ত্তব্যনিষ্ঠা বলবতী ও সাধনা মহিয়সী করিয়া তুলেন। অশোক এইরূপে শুরুসহবাসে ও গুরুপদেশে ধর্মনিরত ও ধার্ম্মিকঞ্চেষ্ঠ হইয়া উঠেন।

ক্রমে ধর্মাচরণে ও ধর্মনিষ্ঠায় অশোকের খ্যাতি ও প্রতিপত্তি চারিদিকে বিস্তৃত হইল। নানা স্থানে স্তৃপ ও মঠ প্রভৃতির নির্মাণে তিনি অনেক অর্থ ব্যয় করিতে লাগিলেন। তক্ষশিলাবাসিগণের প্রার্থনায় তথায় ২,৫১০,০০০,০০০ স্তৃপ নির্মিত হয়; সমুত্রতীরবর্তী স্থানেও দশলক্ষ স্তৃপ প্রতিষ্ঠাপিত হইয়া উঠে। ঈদৃশ ধর্মাচরণে ও ধর্মসম্মত কার্য্যামুষ্ঠানে অশোকের পূর্ববিতন "চন্ত্র" নাম তিরোহিত হয়; তিনি ধর্মাশোক নামে সাধারণের নিকট প্রসিদ্ধ হইয়া উঠেন।

যখন উপগুপ্ত আপনার আশ্রমে প্রত্যাগমন করেন, তখন অশোক বৌদ্ধর্ম্ম তাঁহার সাম্রাজ্যের ধর্ম বলিয়া সাধারণ্যে ঘোষণাপত্র প্রচার করেন, এবং এই ধর্মের মহিমা ও এই ধর্মের উন্নতিবিধানে সমৃদ্য় সম্পত্তি বায়িত করিতে কৃতসঙ্কর হইয়া উঠেন। বৃদ্ধগয়ার যে তরুমূলে বসিয়া মহামতি বৃদ্ধ ধর্ম্মোপদেশ দিয়াছিলেন, সেই বোধী বৃক্ষের রক্ষাবিধানে তাঁহার একাগ্রতা ও চেষ্টা সাতিশয় বলবতী হইয়া উঠে। মহারাজ অশোকের প্রধানা মহিনী পবিষ্যুরক্ষিতা ভর্তাকে এইরূপ পুরুষামুগত চিরন্থন ধর্মের প্রতি বীতরাগ ও নূতন ধর্মের প্রতি আস্থাবান্ দেখিয়া সাতিশয় বিরক্ত হন। কথিত আছে, একদা পবিষ্যুরক্ষিতা মাতঙ্গী নামে এক চণ্ডালীকে গুপ্তভাবে উক্ত বোধীরক্ষ বিনম্ভ করিতে আদেশ করেন। চণ্ডালী যাছবিলাপ্রভাবে ও ঔষধ-প্রয়োগে বৃক্ষটীকে ক্রমে বিশুদ্ধ করিয়া তুলে। অশোক এই সংবাদ শ্রবণে সাতিশয় ক্ষুত্র হন। রাণী তাহাকে প্রসন্ধ করিতে যথাশক্তি চেষ্টা করেন, কিন্তু কিছুতেই তাহার চেষ্টা ফলবতী হয় না। পরিশোষে পবিষ্যুরক্ষিতার আদেশে মাতঙ্গী বৃক্ষটীকে পুনর্কার সঞ্জীব করে; বৃক্ষের সঞ্জীবতার সঙ্গে সঙ্গে আশোকও সঞ্জীব ও সুপ্রসন্ধ হইয়া উঠেন।

এই সময়ে তক্ষণিলা শান্তিপ্রবণ ছিল না। অন্তর্বিজোহে উহা সাতিশয়
অব্যবন্থিত হইয়া উঠিয়াছিল। মহারাজ অশোক স্বীয় পুত্র কুনালকে এই
বিজ্ঞোহ দমন জন্ম তক্ষণিলায় প্রেরণ করেন। কুনাল অশোকের সাতিশয় প্রিয়
ছিলেন। অশোক মহা আড়য়রে কাঞ্চনমালা নামে একটি রূপবতী কামিনীর সহিত
কুনালের বিবাহ দেন। কাঞ্চনমালার চরিত্র অতি পবিত্র ছিল। কুনাল সৈজ্ঞদল
সমন্তিব্যাহারে তক্ষণিলায় উপনীত হইলে বিজ্ঞোহীদিগের দলপতি কুঞ্জরকর্ণ
বস্তুতা স্বীকার করে। এরূপ প্রবাদ আছে, কুনাল বিজ্ঞোহদমনার্থ তক্ষণিলায়
ক্রেরিত হইলে অশোক একদা স্বপ্নে দেখিলেন প্রাণ্থিয় পুত্র কুনালের মুখ

tt.

বিবর্ণ, বিশীর্ণ ও বিশুক হইয়া গিয়াছে ৷ অশোক এই স্বপ্লের বিবরণ গণকদিগকে জানাইলে তাঁহারা গণনা করিয়া কহিলেন, প্রস্তাবিত স্বপ্নে তিনটি অনিষ্ট স্থুচিত হইতেছে, প্রথম প্রাণহানি, দ্বিতীয় পার্থিব বন্ধুন পরিত্যাগ পূর্বক যতিবেশ ধারণ, তৃতীয় দর্শনশক্তির বিনাশ। মহারাজ আশোক প্রিয়তম পুত্রের সম্বন্ধে এইরূপ অনিষ্টের স্টুচনায় সাতিশয় খিন্ন হইয়া সর্ব্বপ্রকার রাজকার্য্য হইতে বিরুত হইলেন। ইহাতে অশোকের অক্ততমা মহিষী ও কুনালের বিমাতা তিশ্যরক্ষিতা কুনালের অনিষ্ট সাধনের উপযুক্ত অবসর বৃঝিয়া স্বয়ং রাজকার্য্যের ভার গ্রহণ করেন। তাঁহার মতামুসারে আদেশলিপি প্রচারিত হইতে লাগিল, এবং তাঁহার মতামুসারে সমুদয় কর্মচারিগণ যথা নির্দিষ্ট কার্য্যে ব্যাপুত হইলেন। তিনি গোপনে একখানি পত্র লিখাইয়া কুঞ্চরকর্ণকে আদেশ করিলেন যে, অবিলম্বে কুনালের দর্শনশক্তি বিনষ্ট করিতে হইবে। পত্র রাজনামান্ধিত মোহরে শোভিত হুইয়া যথাস্থানে প্রেরিত হুইল। কুঞ্জকর্ণ এই পত্র পাইয়া কি প্রকারে আদেশ প্রতিপালন করিতে হইবে ভাবিতেছেন, ইত্যবসরে কুনাল রাজ্ঞাজ্ঞা জানিতে পারিয়া আপনি কুঞ্জরকর্ণর নিক্ট আসিয়া উপস্থিত হইয়া রাজাজ্ঞা দেখিতে চাহিলেন। কল্পরকর্ণ বড কৃষ্ঠিত হইলেন কিন্তু কি করেন মহা পরাক্রান্ত কুনালের নিকট বাক্চাতুরী করিবার তাঁহার সাধ্য হইল না। রাজ্বলিপি কুনালের হত্তে সমর্পণ করিলেন। কুনাল ধীরে ধীরে পড়িলেন। পত্রে রাজার নাম রাজার মোহর রহিয়াছে, সন্দেহ আর কিছুই রহিল না। তথন কুনাল বলিলেন কুঞ্জরকর্ণ, রাজাক্তা প্রতিপালন কর। কুঞ্জরকর্ণকে ইতন্ততঃ করিতে দেখিয়া কুনাল বলিলেন, অপনি ইতন্তত: করিবেন না , রাজাজ্ঞা অবহেলা করিলে তাহার প্রতিফল এখনই আমি দিব, বলিয়া কুনাল কটা হইতে অসি নিস্কোষিত করিলেন। কাল্লেই রাজান্তা রক্ষা হইল। কিন্তু এ বিষয়ে মতাস্তর আছে। পরে অন্ধ কুনাল পরিবাজক বেশে তক্ষশিলা হইতে বহির্গত হইয়া বছকট্টে পাটলীপুত্রে উপনীত হইলেন। তিনি গোপনে রাজকীয় হস্তিশালায় আসিয়া নিশীপ সময়ে বংশীধ্বনি করিয়া আমোদ করিতে লাগিলেন। ধ্বনি রাজবিলাসভবনের গবাক্ষদেশ অশোকের শ্রুতিপ্রবিষ্ট হইল। ইহা অশোকের স্থাদয়ের প্রতিস্তার অমৃতরসে অভিষক্ত করিয়া তুলিল। মহারাজ অশোক নিশীথকালে দুরাগত বংশীথবনিতে সাতিশয় প্রীত হইলেন। রাত্রি প্রভাত হইলে তিনি বংশীবাদককে নিকটে আনয়ন করিতে লোক পাঠাইলেন। রাজ আজ্ঞায় যভিবেশধারী বংশীবাদক যথান্থলে উপনীত হইলেন। তখন মহারাজ অশোক বিশ্বয়সহকারে দেখিলেন, বংশীবাদক তাঁহার প্রিয়তম তনয় কুনাল **অন্ধ। অশোক কুনালের এভদবস্থা** দেখিয়া অধৈষ্য হইলেন। কুনালকে ঈদৃশ অবস্থার কারণ জিঞালা করিলে

কুনাল কিছুই বলিলেন না। পরে অশোক অক্সত্র সমৃদয় বিবরণ শুনিরা যারপরনাই ক্রুদ্ধ হইয়া নীচাশয় ও নিষ্ঠ্ রপ্রকৃতি মহিষীর শিরশ্ছেদের জক্ষ ভরবারি গ্রহণ করিলেন। কুনাল পিতাকে ঈদৃশ ভয়ন্বর কার্য্যসাধনে সমৃদ্যত দেখিয়া স্থির থাকিতে পারিলেন না। তিনি বুদ্ধের নাম উচ্চারণ পূর্ববক তাঁহাকে শাস্ত করিলেন।

অশোক বিন্দুসারের জীবদ্দশায় কিয়ৎকাল উচ্ছায়িনী রাজ্য শাসন করিয়াছি-লেন। সেই সময়ে তিনি অনেকস্থলে পরিভ্রমণ করেন। ভ্রমণ সময়ে একদা দেবী নামে একটা পরমাস্থন্দরী রাজবালার প্রণয়পাশে বদ্ধ হইয়া তাহাকে বিবাহ করেন। এই দেবীর গর্ভে একটা পুত্র ও একটি কন্সার জন্ম হয়। পুত্রের নাম মহেন্দ্র এবং কন্সার নাম সভ্যমিত্রা। ইহারা উভয়েই তরুণ বয়সে সিংহল দ্বীপে যাইয়া ভত্রতা রাজাকে বৌদ্ধধর্মে দীক্ষিত করেন।

অশোক পাটলীপুল্রের সিংহাসন গ্রহণ করিবার সময় যেরূপ নিষ্ঠুরতার পরিচয় দিয়াছিলেন, বৌদ্ধর্ম্ম অবলম্বনের পর অশোকের তাদৃশ নির্দ্ধয়তার নিদর্শন
লক্ষিত হয় না। অশোক যখন সুসীম প্রভৃতিকে হত্যা করিয়া সিংহাসন অধিকার
করেন সেই সময়ে সুসীমের পত্নী গর্ভবতী ছিলেন। তিনি অকম্মিক বিপদ হইতে
পরিত্রাণ পাইবাব আশায় চণ্ডাল-পল্লীতে যাইয়া একজন চণ্ডালের আলয়ে আশ্রয়
গ্রহণ করেন। এই স্থানে তাঁহাব একটি সস্তান ভূমিষ্ঠ হয়। অশোক এই
সম্ভানের জীবনের সম্বন্ধে কোনরূপ অনিষ্ট করেন নাই। কথিত আছে, সুসীম-তনয়
বৌদ্ধর্ম্ম পরিগ্রহ পূর্ব্বক যতিবেশে নানাস্থান পর্যটনে প্রবৃত্ত হন।

কথিত আছে নৃতন ধর্মের প্রতি অশোকের আন্তরিক যত্ন ও প্রগাঢ় আন্থা দর্শনে কতিপয় তীর্থক অশোকের কনিষ্ঠ প্রাতা বীতশোককে বৌদ্ধর্ম্ম পরিগ্রাহ করিতে নিষেধ করেন। অশোক প্রাতাকে আপনার ধর্মে দীক্ষিত করিতে ষথাশক্তি চেষ্টা পাইলেন, কিন্তু কিছুতেই কৃতকার্য্য হইতে পারিলেন না। পরিশেষে তাঁহার অমাত্য এই কার্য্য সাধনে প্রবৃত্ত হইলেন এবং রাজ্য দিবার লোভ দেখাইয়া বীতশোককে বৌদ্ধর্মে আনয়ন করিলেন। অমাত্য বীতশোককে যথাবিধানে রাজা বিদ্য়া স্বীকার করিতে কাতর হইলেন না। কিন্তু এই কার্য্যে অশোকের হৃদয়ে অঘাত লাগিল। তিনি তৎক্ষণাৎ বীতশোকের শিরক্ষেদ করিতে আদেশ প্রচার করিলেন। এই সময় তাঁহার অমাত্য বহু চেষ্টা করিয়া বীতশোককে একসপ্তাহের জম্ম আসন্ধ মৃত্যুর হস্ত হইতে রক্ষা করিলেন। এই এক সপ্তাহ পরে বীতশোক উপশুপ্রের আশ্রেয়প্রার্থী হন, এবং ভদীয় শিশ্য গুণাকরের নিকট মন্ত্র গ্রহণ পূর্বক গৃহশৃক্ত পরিব্রাক্ষক অবলম্বন করেন।

বীতশোক এইরূপ পরিব্রাক্তক হইয়াও মৃত্যুর হস্ত হইতে রক্ষা পাইলেন না। এই সময়ে বৌদ্ধর্মবিষয়া এক সন্ধাসী আপনার প্রতিকৃতির পাদমূলে বৃদ্ধের প্রতিমৃত্তি অন্ধিত করিয়া সেই আলেখ্য সমৃদয় স্থানে প্রচার করেন। আশোক এই বিষয় শুনিয়া সেই ধর্মবিষ্টা চিত্রকরের মস্তকের জ্বস্ত একটা বিশেষ পারিতোষিক দিতে প্রতিশ্রুত হন। অচিরাৎ এই প্রতিশ্রুতির বিষয় চারিদিকে পরিব্যাপ্ত হয়। একজন গোরক্ষক এই সংবাদ শুনিয়াছিল, সে একদা জটাচিরধারী, দীর্ঘশ্রশ্রুত, অথণ্ডিতনথ, বীতশোককে দেখিয়া বৌদ্ধর্মবিষ্টা সেই সন্ধ্যাসী জ্ঞানে রাত্রিকালে তাঁহার শিরশ্ছেদ করে, এবং নির্দিষ্ট পারিতোষিক লাভের আশায় সেই ছিন্ন মস্তক অশোকের নিকট লইয়া যায়। অশোক স্লেহাম্পদ ভাতাব মস্তক দেখিয়া, সাতিশয় শোকাত্র হইয়া বহুক্ষণ বিলাপ করেন, এবং এই নির্দিয়তা ও পাপের প্রায়শ্চিত জ্বস্থ তাঁহার ধর্ম্মোপদেষ্টা উপগুপ্তের পাদমূলে পতিত হন। এই কাহিনী কতদূর সত্য, নির্দেশ করা যায় না। বোধ হয় বীতশোক বৌদ্ধর্মের বিরুদ্ধাচরণ করিয়াছিলেন বলিয়া অশোকের সহিত তাঁহার অপ্রণয় সংঘটিত হইয়াছিল। তাহা হইতেই এই কিম্বদন্তী বদ্ধমূল হইয়াছে।

অশোক ৩৭ বংসর কাল রাজ্য ভোগ করিয়া পরলোকগত হন। প্রায় সমস্ত ভারতবর্ষে তাঁহাব আধিপত্য প্রসারিত হইয়াছিল। নর্মদা হইতে কাশ্মীর পর্য্যন্ত সুবিস্তৃত ভূখণ্ডে, বিহার ও বঙ্গের শ্রামলক্ষেত্রে, পঞ্চাব ও আফগাণস্থানের পার্ব্বত্য প্রদেশে তাঁহার বিজয় পতাকা উড্ডীন হইয়াছিল। অশোকের নামান্তরে প্রিয়দর্শী। ইনি বিক্রমাদিত্য সংবতের ২০৫ বংসর পূর্বে ভারতবর্ষের অধীশর হন, এবং বৃদ্ধের মৃত্যুর ২০২ বংসর পরে বৌদ্ধর্শ্ব অবলম্বন করেন।

অশোকের মৃত্যুর পর তদীয় তনয়গণ তাঁহার স্ববিস্তৃত সাম্রাজ্য আপনাদের
মধ্যে বিভাগ করিয়া লন। কুনাল পঞ্চাবের আধিপত্য গ্রহণ করেন। এই
কুনালই ধর্মবর্দ্ধন নামে প্রসিদ্ধ হইয়াছিলেন। দ্বিতীয় রাজকুমার জনোক
কাশ্মীরের সিংহাসনে অধিষ্ঠিত হন, এবং তৃতীয় পুত্র পাটলীপুত্রের শাসনদশু
গ্রহণ করেন।

এই গুলি মহারাজ অশোকের জীবনীর কন্ধাল মাত্র। প্রাচীন ভারতবর্ধের অন্ধকারাচ্ছন্ন ইতিহাস হইতে ইহা অপেক্ষা আর কিছু অধিক বিবরণ এপর্ব্যস্ত সংগৃহীত হয় নাই। আমরা এই জীবনীকে আর নানাপ্রকার অপ্রাসন্ধিক কিম্বদন্তীতে পল্লবিত করিলাম না। অতঃপর মহারাজ অশোকের ধর্মসুশাসন সম্বন্ধে কিছু বলিবার ইচ্ছা রহিল।



٥

বিই নেও"—শিশিরের চক্রের কিরণে, বসি বাধা ঘাটে, কুন্ত তটিনীর তটে, ষুবৰ যুবতী ছুই, যেন চিত্ৰ পটে। শিশিরের চন্দ্রলোক, বিযাদের হাসি, হাসিছে বিষাদ হাসি, ভটিনীর নীরে। ছুই পার্ষে ঝাউ শ্রেণী দাড়াইয়া তীরে. গাইছে বিধাদ গীত, অতি ধীরে ধীরে। একটা কুত্ম দাম বিহবল যুবায় पृष्टे करत्र ठानि वत्क, त्रद्ध ठाहिया নৈশ নীলাম্বর পানে। বামে সিমস্তিনী व्यमाति प्रक्रिण कत्र, त्रायाक् विभिन्ना,-व्यङ्गाथान-मूची वामा। वहकन भरत ষুবক ফুলের মালা করিয়া মোচন, অর্পিয়া একটি ফুল প্রসারিত করে কহিল কাতর কঠে,—"এই নেও ভবে. निष्ठय यद्यभि माना कित्राहेया नत्त । না জানি হায় রে ! ওই জ্যোৎস্থার সনে কি সম্ম জীবনের ৷ কত প্রথ, কত খাশা, কত ভাল বাদা, শোক চু:খ কত, রয়েছে মিশিয়া চন্দ্র কৌমুদীর মত ! কড দিন কড বর্ষ !—এমনি নিশীথে ; এমন চাঁদের আলো। এমন দেখিতে মনোহর: কিছ নহে এমন মলিন: এমন বিষয় ;—মনে আছে ত সে দিন ?

কৃটিল সংসার ছাগ হৃদরে আমার পড়ে নাই, ছিল চিত্ত দর্পণ আকার— স্বচ্ছ, নিরমল শোভা! যে দিন প্রথম, দর্পনে একটি ছায়া হইল পতন।

₹

সেই ছায়া,—
বসস্ত চক্রমা মাধা স্থনীল স্বন্ধর
পাথর সলিলে নব নীরদের ছায়া!
সেই ছায়া—

বিষবৃক্ষ ছায়া কৃন্দ কুহুম কাননে!
ভরিল ক্ষয়, মেঘে ঢাকিল অম্বর!
কত চাহিলাম ছায়া কেলিতে মৃছিয়া
অক্ষলে। জালি কত পরিতাপানল
চাহিলাম সেই ছায়া করিতে অস্কর।
সকলি বিফল, ছায়া বাড়িতে লাগিল।
বলিয়াছি,—ক্রমে ছায়া, ক্ষয় দহিল।
চাহি মৃছিবারে ছায়া ক্ষয় দর্পন
চাহে ভান্ধিবারে, ছায়া হয় না মোচন।
ছায়া বার, সে কাছার ? সে কি গো আমার ?
উঠিত এ প্রশ্ন মনে দিনে শতবার।
কে দিবে উত্তর ? আর কেবা দিজে পারে ?
বে পারে কেমনে ছায় কিজাসিব ভারে ?
বিদি সে উত্তর নাহি হয় অন্তক্ত !
চিন্তায় উঠিত বুকে তুফান তুমুল!

না, না,—
সেই ছায়া, এ হৃদয় করি নিম্পেষণ
রাখিতাম লুকাইয়া বেন চোরা ধন।
প্রাণাধিকে!—ক্ষমা কর, ক্ষম সন্থোধন;
ত্রম্ভ হৃদয়াবেগ মানে না বারণ।—
প্রথম বৌবনে এই আজ্মনির্য্যাতন,
পদ্মা গর্ভে বরিষার প্রথম প্রবাহ,—
তীর ষম্বণার শ্বতি করিল তখন
যুবকের কঠরোধ। যুবা রহিল চাহিয়া
স্থির নেত্রে উর্জমুধে আকালের পানে,
বিষাদের মুর্জি বেন গঠিত পাষাণে।

9

পুষ্ণহারে রমণীর মৃত্ আকর্ণে ভাবিল যুবার ধ্যান ;—"এই নেও প্রাণ !" আবার একটা ফুল করিল প্রদান। সেই ছায়া বক্ষে করে, আশু দেশাস্তরে বলিলাম, সে কথা কি মনে আজ পড়ে ? আধারে আনন্দে তুমি ছিলে পাড়াইয়া মাতৃণাশে, নত শিরে নমিছ ভোমারে। সকলে ভাবিল ভ্ৰম; হাসিলাম আমি यत्न यत्न । शत्र त्थ्रंय कि निवा नयन, व्यक्तात्व (कर्थ, थार्क १५। श्रियक्त । कि रव विकृतित्र (थना मानवक्षप्र খেলে নাহি জানি, তব নিকটে জাসিলে, খেলিত বে উম্মি মম শোণিত দলিলে, चौधात्त्र, चमुट्ड जूमि धारु नुकारेग्रा, ৰাইত শোণিতে মম বিজুলি খেলিয়া। নহে শ্ৰম: কহিলাম নমিয়া চরণে विमाय्यत्र काल-वाकि ववाय वर्षन, রহিলাম উপাসক অক্সের মতন। সম্বারে সহোচিত দিলে আলিকন. দেখিলে না ভরলারি বর্ষিল নয়ন। क्षम, ध्रमाभ मह हजूरन जानिहा.

চলিলাম দেশাস্তরে, হায় ভাসাইয়া সংসারের স্থপদাধ প্রথম বৌবনে, বিনিময়ে, লইয়া একটা ছায়া হৃদয় দর্পণে।"

8

বহুক্ণ স্থির নেজে নিম্পন্দ য্বায়,

যুবতীর মুখ চাহিছে কেবল।

যুবতী আনত মুখে, চিস্তা স্থরপিণী—

হিড়িছে কুস্মকরে কুস্মের দল।

কুলিছে অসাবধানে মুক্তকেশরালি,
আবিরিয়া বদনার্ছ—অতুল সে শোভা!
লতাকুক্ক অন্তরালে বাসন্থি নিশায়,

এই রূপে মরি পূর্বিক্র শোভা পায়।

''এই মুখখানি,— দেশে দেশে বছবর্ব ভ্রমিয়া ভ্রমিয়া ভীত্র বাসনার স্রোভ গিয়াছে নিবিয়া নিরাশয়ে অন্ধকারে। হাদয় ভখন •চন্দ্ৰান্তে অবাত কৰু জনধি বেমন। কদাচিত তব স্বতি ক্লয়ে উঠিয়া যাইত ৰটিকা বহি সিদ্ধু উচ্ছ সিয়া। কতু সাদ্ধা সমীরণ কি যেন কহিয়া काल-कारम युद्धचरत, याहेख वहिता সন্থ্যালোকে দেহ প্ৰাণ বাইত বিশিয়া। निवयम ह्यारमार्क कवि प्रवयन. কখন কি যেন মনে হইত শ্বরণ। অস্ত সরোবরে, কিছা অনম্ভ সাগরে, ক্যাচিত দেবিতাম বিশ্বিত অভাৱে কি বেন ভাসিছে। পোলাপ দেখিয়া শিহরিত অভ কড় কি বেন ভাবিয়া।

"চন্দ্রশেষরের" চন্দ্র—পরণি শেষরে বসিরাছি; দিবাকর সমূত্র শব্যার। মৃশ্ব চিন্ত বনবেবী সমীত শোভার।

অচল শেখরে বলি অচল নয়নে দেখিতে ছিলাম দূরে পর্বত গহররে, বেষ্টিড লতিকা জালে একটা কুসুম। দেখিতে, দেখিতে, পুষ্প হলে। রূপান্তর, त्रहे मूथ, कांच, वर्ष हक्क कर प्रानि, সর্ব্য শেষ দেখিলাম এই মূখ খানি! কি তীত্ৰ মদিৱা শ্বতি দিল বে ঢালিয়া. উন্মত্তের মত বেগে গেলাম ছুটিয়া। कृम्रायद मरन मरन कछ रव हसन, কত যে আদরে, হুখে, করিত্ব বর্ষণ। কত হাসিলাম হথে কাঁদিলাম হুখে, কতবার, শতবার, লইলাম বুকে কত কাল সেই ফুল রাখিত্ব তুলিয়া, বাঁচাইয়া প্রেমভরে চুম্বিয়া চুম্বিয়া। ক্রমে ভঙ্বাসনার প্রবাহ ছুটিয়া কৃদ্র তৃণ মত বেগে গেলাম ভাদিয়', — কোপায় ?" বিদিল যুবা বামার চরণে बाञ्चलाजि, निजामस्य नोहित स्मालास्य । পর नि চরণ ष्य, वनिन-''এখানে। সেই আমি, সে চরণ, সেই নিশিপিনী, তুমি এ স্থামার সেই প্রেম প্রবাহিণী। त्नरे निनि, महानिनि कीवटन **आ**मात ! সেই নিশি,—অহে ! প্রিয়ে ক্ষম একবার।"

যুবক অবল শির অদে যুবতীর
রাখিয়া আবেশে, গদ গদ কঠে ধীরে
কহিতে লাগিল,—''সেই নিশি প্রিয়তমে!
রাখিয়াছি এ হৃদয়ে লিখিয়া যতনে
প্রেমের অমর বর্ণে। ছাদশ বৎসর
করিয়াছি অনিবার তপস্তা যাহার,
সেও হায়! তপবিনী ভনিত্ব আমার।
বে কথা ভনিতে হায়! ছাদশ বৎসর
ছিলাম প্রস্তুত প্রাণ করিতে অর্পণ,
ভনিলাম সেই কথা— বেসেছি বেমন,

বাদশ বৎসর ভাল বেসেছে তেমন।
দেখিলাম কত ক্স তৃচ্ছ নিদর্শন
রাখিয়াছে প্রাণাধিক করিয়া বতন।
দেখিলাম—

প্রথম মিলনে ত্ই কৃত নিব বিণী
অলানিত পরক্ষার হইয়া নির্গত,
ভ্রমি দেশ দেশান্তরে যাদশ বংসর,
হইয়াছে প্রবাহিণী ভীমা বিপ্লবিনী।
উত্তাল তরকে আলিকিয়া পরক্ষারে,
সে নিশীথে পরিণত হইল সাগরে।

দেবিলাম এক স্থোত পুণ্য প্রবাহিণী—
মহাতীর্থ স্থরধূনী, স্থরগ সন্থতা!
চলেছে অনস্ত মুথে স্থির অবিচল।
অন্ত স্রোত তরঙ্গিনী পদ্মা বিপ্রবিনী।
স্থভাবত: নিরমল হুধা পদ্মস্থিনী,—
প্রশস্ত আকাশ থগু প্রসারিত ষেন!
• অচঞ্চল! কিন্তু যদি হইল পতিত
করাল কমলা রূপী কাল মেঘ ছায়া,
উন্মন্ত তরক্ষে বক্ষ হলো বিঘূর্ণিত।
ক্রপত গ্রাসিতে যেন ভীমা ভয়্মনী
ছুটিল ভীষণ বেগে, মন্ত উন্মাদিনী—
সপদ্ধিল কলেবরা! প্রলম্ব কারিণী!
ব্বিলাম—

হেন ছই মহাস্রোত প্রেম দিমলনে বহিবে না বহদ্র। হাদয় খুলিয়া—
রাখিয় চরণতলে; কহিয় কাদিয়া—
বিগত জীবন মম উচ্ছাসে উচ্ছাসে।
কহিলাম—'দয়াময়ি! দারুণ নিরাশা
দাদশ বংসর বক্ষে করিয়া বহন,
কত পাপে ড্বাইতে করেছি যতন।
হেন পাপারণ্যে কেন করিবে অর্পা,
পবিত্র প্রণয় তব—ত্তিদিব রতন ?
প্রাণ সমর্পিতে পারি সেই রম্ম তরে

ভদ তৃণ মত, কিছ না পারি তাহারে!
লইতে, জীবনাধিকে! বঞ্চিয়া তোমারে।
দ্বণা কর, দ্বণা তুমি করিবে নিশ্চর,
সহিবে তা অকাতরে এ ভগ্ন হলম।
বল প্রিয়ে, দ্বণা কর, এখনি হাসিব।
বলিও না ভাল বাস—ছিগুণ কাদিব।
সময়েতে এ ছ কথা করিলে শ্রবণ,
এই পাপারণ্য হত নন্দন কানন,
পবিত্ত কুমাসন। স্থারাধ্যে! তোমারে
বসাতেম—স্থাহা! বুক চাহে ফাটিবারে!—

ь

"উন্নত্তের মত প্রিয়ে লইয়া হলয়ে मुहिशा नश्न मम,-- अनु निवर्त ! कहिल डेब्बान कर्छ—'बीवन बामात! এ চুর্লভ সরলতা কোথা আছে আর ? नश मायी: मायी चामि: मायी चिमान, ছাদশ বংসর আমি ছিলাম পাষাণ। ক্ষমিবে কি ? না না, তুমি পার না ক্ষমিতে, नाहि भभ क्या, श्रिय ! अहे व्यवनीत्छ । লানিতাম নহি আমি অপ্রিয় তোমার। কিছ ভাবিতাম, আমি বেই পরিমাণ বাসি ভাল, নাহি পাব তার প্রতিদান। এই অভিযানে এই উন্নত্ত হাদ্য বাখিষা দলিয়া বলে চাপিয়া পাবাণ। হায়। এ সংসার স্রোতে ভাসিয়া ভাসিয়া क्छ कीर्छ—निवस्त कतिस धर्मन, रव वानक मृर्खि सम चाहिन क्षरव দেখিলাম এ জগতে সেই অতুলন ! অনম্ভ সমূত্রপর্ভে মহার্ণব-বান পাৰ স্থান শত শত, কিন্তু প্ৰিয়তম ! वानिका क्षत्र हाक कुछ नदबावब, একটি ভরণী মাত্র পারে ভাসিবারে ! আমার কৈশোর খপ্ন! নাহি আন তুমি. সেই বালকের ব্লপ কড ভাল বাসি।

বালকের সরলতা প্রিত প্রণয়,
আইস ঢালিয়া দেও হৃদয়ে আমার;
হুড়াও পিপাসা মম, কহ একবার
উন্মন্ত বালক মত—তুমি কি আমার ?
সহস্র গোলাপ রৃষ্টি করিলে আমার
অধরে, ললাটে, সিক্ত যুগল নয়নে।
সহস্র কুম্ম—দীর্ঘ সহস্র চুদনে।
আবস্ত মদিরা সিক্ত অবশ মন্তক
রাখি অংশে অংশে, ক্লান্ত চারিটি নয়ন,
নীরবে কাঁদিল কত, অঞ্চ স্থধকর!
সে রোদন, এ রোদন কতই অস্তর!

2

উঠিল যুবক। যুবা উঠিতে ধনিয়া পড়িল কভটী ফুল ছিন্ন মালা হতে। রমণী অমনি তাহা লইল তুলিয়া। অধোমুখে, ধীরে ধুবা ভ্রমিতে লাগিল। গন্ধীর মুখনী, মেঘে আচ্চর বদন ; কেলের কীরিট সহ মিলেছে বরণ। ক্ধন বা ছিল্লহার গ্লায় পরিয়া: কখন বা স্কায়েতে রাখিছে চাপিয়া। 'ষেই দিন এ মালা করিলে অর্পণ, तिहें पिन-ति बहन्त-चार्छ कि **चब्र** १ অপরার বেলা। দৃষ্ঠ সমূত্রের তীর। छुक्त विकास विन । जनविव सीव তরকে তরকে আদি গর্জিয়া, ঢলিয়া তরল রজত রাশি, যাইছে সরিরা। क्ति नैर्व উर्जियांना यथा शाबावादव, কি বল করিছে বল্ফে লয়ে সবিভারে ! সিম্বমণ্ডিড বেন স্বৰ্ণ কলগী, শোভিছে ভাৰর সিদ্ধ নীলিমা বলসি। কথায় কথায় তুমি করি অভিমান, বলিলে প্রণয় তব সমুদ্র সমান। তেমতি অনম্ব, প্রেম তেমতি গভীর. ভেমতি অমর! বুরি ভেমতি অছিয়—

বলিলাম আমি-'পূর্ণ জোয়ারে এখন, কে জানে ভাঁটায় কোথা হইবে পতন। রমণীর অভিমানে ভরিল বদন দ্লিত ফ্লিনী মত বলিলে তথ্ন-'অবিশাস ভালবাসা পদ্মপত্ৰ জল। **এই चाह्न, এই नाहे, निवामा क्वन।** কর হতে করপদ্ম করিয়া মোচন. चिषात धारानित कूक्य कानन। অভিমানে বেলাভূমে রহিত্ব ভইয়া. निस्त कननी शन नम्ख ভतिया। পশিয়া কুত্বম বনে দেখি একাকিনী गौथिए धरे माना वित्र विवासिनी। নীলোৎপল ভ্ৰষ্ট মুক্তা চুম্বি রক্তোৎপল শিক্ত করিতেছে চাক্ত কুহুমের দল। অনক্ষিতে থাকি চিত্র দেখিতে দেখিতে, মোহিত হইল প্রাণ। এ সংসার ভূলি नहेष्ट्र अजियाशानि निक रात्र जुनि। बनिरन-'बान ना, প्रान! कछ कडेकत्र ভব অবিশাস। বুকে লইয়া আমারে 4 शिख्या कर जाबि, श्रान्य जामार হেন অবিখাস নাহি করিবে আবার।' 'তথান্ত' বলিয়া বুকে লইছু ঘেমন महस्य कर्छ माना कतिरत स्पर्भ। নৈশ চন্ত্ৰাভূপে দেখা দিল শশধর, উভয়ে রহিন্তু চাহি মোহিত অন্তর। किकानित-'(काथा चामि वन व्यात्नचत्र ?' 'এ জনত্তে'-- 'বর্ণে আমি' করিলে উত্তর।

আজিও গগনে ভাসে সেই শশধর। সেই নিশি, এই নিশি—কভই অস্কর!"

۱.

युवजी वनिन-"निनि हरना कि श्रहत, দেও অবশিষ্ট মালা বাই ফিরে ঘর।" পৰিল ভূজক বিষ মুবার অন্তরে। সমর্পিল শুষ্ক মালা যুবতীর করে। "চলিলাম"—স্থির কঠে কহিল কামিনী— "ফুরাইল, এই শেষ প্রণয় কাহিনী। সব তীব্ৰ অহতাপ; কিন্তু যেন আর ত্বণিত বদন পুন: না দেখি তোমার।" **छिनम विद्यार्थित विद्यार्थित ।** বিহাতে আহত ধেন দাড়ায়ে অমনি চাহিয়া রহিল ঘ্বা। মৃহুর্ত্ত দেখিল। নৈশ স্বাষ্ট নেত্র হতে সরিতে লাগিল। वनिन हो १ कांत्र हाड़ि—"প্রাণেশবি প্রাণ! কোন অপরাধে বল এই প্রত্যাখ্যান ? সে সমূদ্র ভালবাসা শুকাল কেমনে ? কেমনে এ ''দ্বণা'' কথা আনিলে আননে ? চির উপাসকে তব একবার চাও। একবার মুখখানি দেখাইয়া যাও। আমার সর্বাহ্ব !"--যুবা ছিন্ন তক্র মত, পড়িল ভূতলে দীর্ঘ, জীবন বিগত। এখন সে বাঁধা ঘাটে, সেই ঝাউম্লে, একটি সমাধি শোভে সেই নদীকুলে। মৃত্রিত রয়েছে বক্ষে কঠিন প্রস্তার— "রমণী প্রাণয় লেখে জলের উপরে।"



3.

করিবার প্রাতে পুঁটুর মা গৃহকার্য্য করিতে গেলেন। প্রথমে মার্জ্জনী লইয়া গৃহমার্জ্জনা আরম্ভ করিবার উল্যোগ করিতেছেন এমত সময় একজ্জন পরিচারিকা তাঁহার হস্ত হইতে বাঁটা লইল। পুঁটুর মা পাকশালায় চুল্লি সংস্কার করিবার নিমিত্ত গেলেন; আর একজ্জন পরিচারিকা আসিয়া বলিল "ঠাকুরাণী এ সকল আমাদের কার্য্য।" পুঁটুর মার উত্তর অপেক্ষা না করিয়া পরিচারিকা চুল্লি সংস্করণ করিতে বসিল। পুঁটুর মা উঠিয়া অঞ্চলে হস্ত মুছিতে লাগিলেন। এমন সময় একটি মূৎকলসের প্রতি তাঁহার দৃষ্টি পড়িল। পুঁটুর মা অমনি কলস্টী কক্ষে লইয়া জল আনিতে চলিলেন। এই সময় তৃতীয় আর একজন পরিচারিকা আসিয়া কক্ষ হইতে কলস লইয়া জল আনিতে ছুটিল। পুঁটুর মা কোন কার্য্য করিতে পাইলেন না। তাঁহার মনে অভিমান জন্মিল। খিড়কি ছারে দাঁড়াইয়া নখদারা কপাটের এক স্থান খুটিতে খুটিতে অক্ট্র স্বরে আপনাপনি বলিতে লাগিলেন "আমি কি তবে সংসারের কোন কার্য্য করিতে পাব না! আমি কি আর সংসারে কেহই নই, আমায় তবে আর কাজ কি!"

বহির্বাটিতে তাঁহার স্বামীও এই দশাপর। তথায় চারিজন ছারবান্
বিসিয়াছিল। রামসেবককে দেখিবামাত্র তাহারা উঠিয়া যোড়হন্তে দাঁড়াইয়া
রহিল। রামসেবক অপ্রতিভ হইয়া ফিরিয়া আসিলেন। শয়নঘর হইতে তামাক
স্বত্নে সাজিয়া তাহাদের নিমিন্ত লইয়া গেলেন। তাঁহার অমুপস্থিতিতে তাহারা
বিসয়াছিল, তাঁহাকে দেখিবামাত্র আবার ব্যন্ত হইয়া দাঁড়াইল। রামসেবক তাহাদের নিকট কলিকা রাখিয়া "আপনারা তামাক খান" বলিয়া চলিয়া আসিলেন।
রামসেবক যখনই বহির্বাটিতে যান তখনই তাহারা ব্যন্ত হইয়া উঠে দাঁড়ায়,
কাজেই রামসেবক তাহাদের সম্মুখে যাইতে কৃষ্ঠিত হইতে লাগিলেন। অস্তঃপুরে
স্থান নাই, বিশেষতঃ তথায় ভিন চারি জন দাসী রহিয়াছে; সদরে দারবানেরা।

রামসেবক বড়ই কটে পড়িলেন। কোথায় যান ? পূর্ব্বে তাঁহার যতই কট থাকুক তিনি আপনার গৃহে নির্ব্বিদ্ধে থাকিতে পারিতেন, এক্ষণে সে সুখ গেল। তখনকার প্রচলিত কথা ছিল যে "পরভাতি ভাল, ত পর ঘরি কিছু নয়।" রামসেবক এক্ষণে প্রকারান্তরে "পরঘরি হইলেন। আপনার ঘরে পরের নিমিত্ত তাঁহাকে কৃষ্ঠিত থাকিতে হইল। কেন হইল তাহা বৃঝিতে না পারিয়া রামসেবক সিদ্ধান্ত করিলেন যে যাহাদের দাসদাসী আছে তাহারা সকলেই এইরূপ "পরঘরি।"

অনেকে নিজের ঘরে পরঘরি। বিশেষতঃ হিন্দুসংসারে। ইংরেজদের মধ্যে পরঘরি হইতে বড় ভয়। এই জন্ম পিতা পুত্রে স্বতন্ত্র।

রামসেবক খিড়কিছার দিয়া বহির্গত হইলেন, পথে একজ্বন প্রতিবাসীর সহিত সাক্ষাৎ হইল। প্রতিবাসী একটু ঈষৎ হাসিলেন; রামসেবক বলিলেন চল ভাই ভোমার বাটীতে যাই। প্রতিবাসী বলিল আমার কাব্ধ আছে। পরে অক্য পথে চলিয়া গেল। রামসেবক ইতস্ততঃ পরিভ্রমণ করিয়া মধ্যাহ্নকালে খিড়কির ছার দিয়া গৃহপ্রবেশ করিলেন। আহারান্তে আবার খিড়কি ছার দিয়া চলিয়া গেলেন।

অপরাক্তে পুটুর মাতা একাকী শয়ন ঘরে বসিয়া ভাবিতেছেন। ইতিপূর্বে আর কখনই তাঁহাকে এরপ বিমর্ষ হইয়া দীর্ঘকাল একাকী থাকিতে হইত না; অপরাফে সমবয়স্কারা আসিয়া জুটিত। অল্পবয়স্কারা একত্র হইয়া যদি কেব**ল**় বসিয়া থাকে,— কথা কব না, কবই না, বলিয়া যদি প্রতিজ্ঞা করিয়া বসিয়া থাকে, তথাপি তাহাদের মধ্যে আহ্লাদের তরঙ্গ উছলিয়া উঠে। যে পর্য্যস্ত দাস দাসী তাঁহার বাটিতে আসিয়াছে সেই পর্য্যস্ত প্রতিবাসীদের গতিবিধি কমিয়াছে। পূর্বের মধ্যাক্তে সকল সময়েই কেহ না কেহ আসিয়া জিজ্ঞাসা করিত "আজ এখন রাঁধচ ? আবদ্ধ কি রাণ্ণা হয়েছিল ? বেগুন কে দিলে ? তেল আর কেনা যায় না ছয় পয়সা করে পোয়া, পরে কি যে হবে তাহা বলা যায় না।" এক্ষণে এ সকল আলাপ করিতে কেহ আর আইসে না। কিন্তু সকলেই আপন আপন বাটীতে वित्रया नर्व्यमारे भूँ ऐत्रमात कथा आत्मानन कत्रिएएए। क्ट विनएएए भूँ ऐत मात्र কি অদৃষ্ট, কেহ উত্তর করিতেছে পোড়া কপাল অমন অদৃষ্টের। কেহ বলিতেছে রাজা নাকি পঁটুুুর মাকে সোনায় মুড়েছে; কেহ বলিভেছে ভাহার কাপড়ে নাকি মুখ দেখা যায়; কেহ বলিতেছে এই ছই দিনে পুঁটুরমার 🕮 ফিরেছে বর্ণ কেটে পড়িতেছে। কেহ বলিতেছে "পুটুরমার গলায় দড়ি আবার লোকের নিকট মুখ দেখাবে কেমন করে।"

যিনিই মৃশে যাহা বশুন পুঁটুর মাকে দেখিতে সাধ সকলের অভি প্রবল হইয়াছিল, কিন্তু যাবার উপায় নাই, পুঁটুর মার কলম্ব রটিয়াছে, এক্ষণে ভাছার বাটা যাইতে গৃহস্থেরা আপন আপন কন্সাদের নিষেধ করিয়াছেন। পঁটুর মা এসকল কথা কিছুই জানেন না, একাকী বসিয়া আছেন এমত সময় একজন পরিচারিকা আসিয়া কেশবিস্থাস করিতে আহ্বান করিল। পাঁটুর মা সকল বিষয়েই পরিচারিকাদের আজ্ঞাবাহক হইয়া পড়িয়াছেন, কাজেই কোন উত্তর না করিয়া ভাহার সঙ্গে স্বভন্ন স্থানে গিয়া বসিলেন। তথায় নানাপ্রকার পাত্রে নান প্রকার উপকরণ প্রস্তুত ছিল, পুঁটুর মা মনে করিলেন ভাহার একটি একটি করিয়া লাম জিজ্ঞাসা করি কিন্তু জিজ্ঞাসা করিতে পারিলেন না।

তখনকার বঙ্গয়্বতীরা এখনকার স্থায় খর্ববিদেশা হন নাই, তখন সিঁলুরে বিষ মিশে নাই, চুল টানিয়া বাঁধা ফ্যেসন হয় নাই, কাজেই এক্ষণকার মত কেবল টাক ঢাকিতে ঘোমটার প্রয়োজন হইত না। পরিচারিকা পুঁটুর মার পশ্চাতে বিসল, মেঘের স্থায় পুঁটুর মার কেশরাশি এলাইয়া পড়িল। পরিচারিকা তাহার মধ্যে অফুলিসঞ্চালন করিতে করিতে বিলল "ঠাকুরাণীর কি চুল, আমাদের মহারাণীরও এরপ নয়।" পুঁটুর মা দর্পণ তুলিয়া প্রসন্ধ বদনে আপনার চুল দেখিতে লাগিলেন। কেশরাশি অঙ্গলি আন্দোলিত হইয়া আসনে খেলিতেছে। পুঁটুরমা ঈষং হাসিমুখে আপনার কেশের প্রতি কটাক্ষ করিতে করিতে জিজ্ঞাসা করিলেন "রাণীর কেশ কি আরও ছোট?" পরিচারিকা বলিল "আহা! সে হুখের কথা আর কি বলিব ! এবার শ্রেসব হওয়ার পর তাঁহার অর্জেক চুল গিয়াছে, যাহা কিছু আছে তাহা কেবল আমাদের গুণে। কেবল চুল কেন! দেখেছেন ত রাণীর বর্ণ, যেন কাঁচা সোনা, তাহাও আমাদের কলান। রাজা যে এওটা রাণীকে ভাল বাসিতেন তাহাও আমাদের চেষ্টায়—"

পুঁটুর মা। রাজা কি এখন আর রাণীকে তত ভাল বাসেন না ?
পরি। "কই আর" এই বলিয়া পরিচারিকা চক্ষ্ভঙ্গি করিয়া হাসিল।
পুঁটুর মা তাহা দেখিতে পাইলে আর একধার প্রসঙ্গ করিতেন না।

পুঁটুর মা। রাজার ভালবাসা গেল কেন ?

পরি। তাকি জানি মা ? রামি বলে আর সোহাগতৈল রাণী মাখেন না বলিয়া ভালবাসা গেল।

পুঁটুর মা। সোহাগ ঠেল কি ?

পরি। সে একটা ভেল।

পুঁটুর মা। তা আর মাখেন না কেন ?

পরি। কোথায় পাবেন ? আমি ছাড়িয়া গেলেম আর ভেল তাঁরে কে করে দেবে। সোহাগ ভেল সকলের হাতে হয় না, আমার আমী আমাকে এক ভালবাসিত যে আমার জক্ত প্রাণ বার করে ছিল। তাই আমি সোহাগ তেল করে থাকি, অক্তে করিলে ফলে না; আর কাহারও স্বামী ত স্ত্রীর জক্তে মরে নি।

পুটুর মা। তোমার স্বামী কি তোমার জন্ম মরেছিলেন ?

পরিচারিকা। সে আমায় একদণ্ড চক্ষুর আড় করিত না, সর্বেদাই আমার সঙ্গে সঙ্গে থাকিত। আমি স্নান করিতে যেতেম অমনি সে গামছা কাঁদে ছুটিত। জল আনিতে গেলে পথে দাঁড়াইয়া থাকিত। যেখানে যাব সেখানে যাবে। এক দিন রাত্রে আমি না বলে যাত্রা শুনিতে গিয়াছিলাম, ঘুম ভাঙ্গিলে আমাকে না দেখিতে পাইয়া গলায় দড়ি দেয়। সকলে বলিতে লাগিল "কি ভালবাসা।" ব্রহ্মচারী একথা শুনিয়া একদিন আমায় বলিলেন ভোমার হাতে সোহাগ তৈল ফলিবে। তাই আমায় তিনি সোহাগ তৈল শিখাইয়া দিলেন; লোকে আমায় সেই অবধি সোহাগী বলে ডাকে। স্বামীর সোহাগী ছিলাম বলে সোহাগী। সোহাগ তেল করে সোহাগী নই।

পুঁটুর মা। তুমি যাত্রা শুনে এসে কি করিলে।

সোহাগী। কি আর করিব ? একটু কাঁদলাম, বলি তুমি কোথায় গেলে, ফিরে এস, আর আমি কখন যাত্রা শুনিতে যাব না। তা মা আমরা হুঃখীলোক আমাদের কাঁদা কাটার সময় কই ? পাঁচ জ্বন বারণ করিলে, আর কি করি, সকলেই বলিল যে আর কেঁদে কি হবে।

পুঁটুর মা আর মাথা বাধিলেন না, হয়েছে বলিয়া উঠিলেন। সোহাগী বলিল আর একটু বস্থন, গা মুছাইয়া দিই, সিন্দুর পরাইয়া দিই। সিন্দুরের নাম শুনিবামাত্র, পুঁটুর মা আবার বসিলেন। বেশবিক্সাস সমাপ্ত হইলে পুঁটুর মা উঠিয়া আপনার আপাদমন্তক দর্পণে দেখিলেন। রক্তবর্ণই তখনকার ফ্যাসান ছিল, পায়ে আলতা পরিধানে রালা শাটি, ওর্চ তামুলরাগে রালা, কপালে সিন্দুর। অলহার রালা স্তায় গাঁথা। তখন সকলেই রালা ভালবাসিত। শাক্তেরা রক্ত মাখিত, পুন্পের মধ্যে কেবল জবা তাঁহাদের নিকট আদর পাইত। পরে শক্তি উপাসনার সঙ্গে রক্তবর্ণেরও কিছু মান কমিয়াছিল। কৃষ্ণ উপাসনা প্রবল হইলে রক্তবর্ণের পরিবর্ণে কৃষ্ণবর্ণের আদর বৃদ্ধি হইল, সেই সময় অবধি কালাপেড়ে ধৃতী পরিচ্ছদ, দাতে মিসি, পিয়রে কোকিল। কৃষ্ণভক্তি, কমিতেছে এখন বলবাসীদের কি বর্ণ প্রিয় তাহার নিশ্চয় নাই। অনেক দিন পর্যাম্ভ বালালায় উপাস্ত দেবতামুসারে বর্ণ গৃহীত হইত। এক্তবে তাহা আর হইবার বড় সম্ভাবনা নাই। কেহ কেহ বলেন এক্তণে বালালিয়া "আসমানি" ভালবাসেন।

আসমানি আকাশের বর্ণ। এক দিন পিতম পাগল ব্রহ্মচারীকে জিজ্ঞাসা করিয়া-ছিল ব্রহ্মের কি বর্ণ ? ব্রহ্মচারী দীপশিখা দেখাইয়া বলিয়াছিলেন ইহার মধ্যবিষ্ঠ যে অভপষ্ট বর্ণ দেখিতেছ তাহাই। পিতম বৃলিল বুঝেছি পুড়িলে যে বর্ণ হয়।

33

বেশবিক্সাস সমাধান্তে পুঁটুর মা পুঁটুকে ক্রোড়ে করিয়। থিড়কি ছারে ছার্সিলেন। ইচ্ছা যে কোন প্রতিবাসীর গৃহে গিয়া হুই দণ্ড বসেন অপচ যাইছে কিঞ্চিৎ ইতন্ততঃ করিতে লাগিলেন। কেন মনে এরূপ সন্ধাচ জন্মিতেছে তাহা ঠিক বুঝিতে পারিতেছেন না। বোধ হয় অলঙ্কারাদি পরিয়াছেন বলিয়া লক্ষা হইতেছে, অপচ অলঙ্কার দেখাইতেও সাধু জন্মিয়াছে। যাওয়া উচিত কি না এই ভাবিতেছেন এমত হ্বময় তাঁহার স্বামী খিড়কি ছারে আসিয়া উপস্থিত হইলেন। রামসেবক স্ত্রীকে দেখিয়া হঠাৎ বিমুদ্ধের স্থায় চাহিয়া রহিলেন। পুঁটুর মার বর্ণ পরিকার হইয়াছে, অল্ল বয়সের চাকচিক্য পুনঃ প্রকাশ হইয়াছে, ফলরী বলিয়া যেন তাঁহার নিজেরও প্রতীতি জন্মিয়াছে, আর পূর্বের স্থায় দারীরের সন্ধাচ নাই। পুঁটুর মা অঞ্চলাগ্র ধরিয়া বামকক্ষে পুঁটুকে লইয়া ঈষৎ হেলিয়া দাঁড়াইয়া আছেন, পুঁটু সর্ব্বভয়নিবারক মাতৃক্রোড়ে অঙ্গুলি চুষিতেছে। রামসেবক যেন একখানি প্রতিমা দেখিলেন। গৃহিণীকে স্ক্লরী দেখা সকলের অদৃষ্টে ঘটে না, ধনবানদের ত কথাই নাই, ন্ত্রী অপেক্ষা চতৃস্পদের প্রতি দৃষ্টি তাঁহাদের অধিক। দরিজের কথা স্বভন্ম। কিন্তু ন্ত্রী স্ক্লরী কি কুৎসিতা তাহা রামসেবক এপর্যান্ত একবারও অনুত্ব করেন নাই।

রামসেবক পুটুর মাকে জিজ্ঞাসা করিলেন, কোণা যাইতেছ ?

পুঁটুর মা। পদাদের বাড়ি বেড়াইতে।

রাম। গিয়া কাজ নাই।

পুঁ, মা। কেন ? আমি বাই না বলিয়া তারা আর কেহ আলে না। পদ্ম আমায় ভালবাসে, আমার ছেড়া কাপড় দেখে কত হুঃখ করিড, এখন আমার গহনা দেখে কত সুখী হবে।.

পুঁটুর মা অপ্লবয়স্থা, অভাপি জানেন নাই যে, যাহারা ছিন্নবন্ত্র দেখিয়া আহা বলে, পরে তাহারা অলভার দেখিলে মুখ ভার করে। যতদিন আমার অপেকা তৃমি দিনদশাপর থাক ততদিন আমি তোমার ভালবাসি। ভার পর স্বতন্ত্র ব্যবহার।

আমি কারে ভালবাসি। তুমি ভালবাস অথচ তুমি জ্ঞান না যে কারে ভালবাস।

রামসেবক। জানি বই কি ? তবে ছজনের মধ্যে ঠিক করে বলিতে গেলে একটু সন্দেহ হয়, তাই বলিতেছিলাম তোমায় হয় ত মার মতই ভালবাসি।

পুটুর মা। ওকি আবার কথার 🗃 ?

রামদেবক। তা নয়, তা নয়, বলি তোমাদের ত্বনকেই সমান ভালবাসি, হয় ত তোমার কিছু বেশী ভালবাসি।

পুঁটুর মা। আমায় যে তুমি ভালবাস তা আমি কেমন করে বৃষ্ব ?
ভূমি মনে করে দেখ দেখি কখন কি আমায় ভালবাসার ছটা কথা বলেছ।

রামসেবক। সত্য কথা, বলিনে। ভালবাসার কথা কারে বলে আমি তা ঠিক জানি না, জানিলে অবুক্ত বলিতাম। আমি ত কখন স্ত্রী পুরুষের একত্রে কথাবার্তা শুনি নাই, শুনিলে শিখিতাম। তাহার পর ঈষৎ হাসিয়া বলিলেন একবার গল্প শুনিয়াছিলাম যে, একজন ভট্টাচার্য্য আপনার স্ত্রীর গাল ধরিয়া আদর করিয়াছিল "তুমি আমার নিমন্ত্রণ পত্র, তুমি আমার নস্তর শামুক, তুমি আমার ভৃত্তির চাল, তুমি আমার টাকার ধলি, তুমি আমার বিদায়ের ঘড়া।" যদি এক্লপ ভালবাসার কথা চাও তা সময়ে সময়ে হুই একটা বলিতে পারি।

পুঁটুর মা হাসিয়া বলিলেন "না আমায় তোমার ভালবাসার কথা বলে কাল নাই।"

রামসেবক। ভাল, বল দেখি, স্ত্রীকে ভালবাসে না এমন লোক কি ক্লপতে আছে ?

পুটুর মা। আছে ?

রামসেবক। কে ?

भू हेत्र मा। ताबा।

রামসেবক। সে কি! রাজা কি রাণীকে ভালবাসেন না, তবে **তাঁছার** সংসার চলে কেমন করে ? না না, এ মিছে কথা।

পুঁটুর মা। আমি নিশ্চয় জানি, আমার অপেক্ষা রাজবাড়ির খবর কে জানে, আমি রাজার সকল কথা জানি। রাজা রাণীকে একেবারে ভালবাসেন না।

রামসেবক। কেন ভালবাসেন না ?

शूँ हेत मा। कांत्रण चाट्छ।

त्रामरनवक। कि, वन ना।

আমি কারে ভালবাসি। তুমি ভালবাস অথচ তুমি জান না যে কারে ভালবাস।

রামসেবক। স্থানি বই কি ? তবে গুজনের মধ্যে ঠিক করে বলিতে গেলে একটু সন্দেহ হয়, তাই বলিতেছিলাম তোমায় হয় ত মার মতই ভালবাসি।

शूँ रूत मा। ७कि आवात कथात औ !

রামসেবক। তা নয়, তা নয়, বলি তোমাদের ত্ত্তনকেই সমান ভালবাসি, হয় ত তোমার কিছু বেশী ভালবাসি।

পুঁটুর মা। আমায় যে তুমি ভালবাস তা আমি কেমন করে বুঝ্ব ?
তুমি মনে করে দেখ দেখি কখন কি আমায় ভালবাসার ছটা কথা বলেছ।

রামসেবক। সত্য কথা, বলিনে। ভালবাসার কথা কারে বলে আমি তা ঠিক জানি না, জানিলে অবৃষ্ঠ বলিতাম। আমি ত কখন স্ত্রী পুরুষের একত্রে কথাবার্ত্তা শুনি নাই, শুনিলে শিখিতাম। তাহার পর ঈষৎ হাসিয়া বলিলেন একবার গল্প শুনিয়াছিলাম যে, একজন ভট্টাচার্য্য আপনার স্ত্রীর গাল ধরিয়া আদর করিয়াছিল "তুমি আমার নিমন্ত্রণ পত্র, তুমি আমার নস্তর শামুক, তুমি আমার ভূজির চাল, তুমি আমার টাকার থলি, তুমি আমার বিদায়ের ঘড়া।" যদি এক্কপ ভালবাসার কথা চাও তা সময়ে সময়ে স্থই একটা বলিতে পারি।

পুঁটুর মা হাসিয়া বলিলেন "না আমায় ডোমার ভালবাসার কথা বলে কাজ নাই।"

রামসেবক। ভাল, বল দেখি, স্ত্রীকে ভালবাসে না এমন লোক কি জগতে আছে ?

পুটুর মা। আছে?

त्राम्टान्यक। (क ?

পুটুর মা। রাজা।

রামসেবক। সে কি! রাজা কি রাণীকে ভালবাসেন না, তবে ভাঁছার সংসার চলে কেমন করে ? না না, এ মিছে কথা।

পুঁটুর মা। আমি নিশ্চয় জানি, আমার অপেকা রাজবাড়ির খবর কে জানে, আমি রাজার সকল কথা জানি। রাজা রাণীকে একেবারে ভালবাসেন না।

রামসেবক। কেন ভালবাসেন না १

পুটুর মা। কারণ আছে।

त्रामरमयक । कि, वन ना।

পুঁটুর মা। তা আমি বলিব না। সে কথা যাক, এখন আমায় ভাল বাসিবে বল।

রামসেবক। কারে ভালবাসা বলে আমায় শিখাইয়া দেও। কে স্ত্রীকে বিশেষ ভালবাসে বল আমি তার দেখে শিখি।

পুঁটুর মা। হাসিয়া বলিতে লাগিলেন বলিব! এক জন জীর জন্ম আপনার প্রাণ---

পুঁটুর মা এই কথা বলিতে বলিতেই শিহরিয়া উঠিলেন "ওমা কেন অমন পোড়া কথা মুখ দিয়া বাহির হইল" এই বলিয়া কিঞ্চিৎ বিমর্য হইলেন।

সে বৃত্তান্ত কি, রামসেবক তাহা জিজ্ঞাসা না করিয়া পুঁটুর মাকে অশুমনস্ক করিবার নিমিত্ত বলিলেন "পুঁটুকে আজ রাজবাটীতে লয়ে যাবে না !"

পুঁটুর মা। কই, তার কোন কথা ত নাই।

রামসেবক। তুমি কাল যখন গিয়াছিলে তখন আফি দেখি নাই। তুমি কি এই বেশে গিয়াছিলে ?

পুটুর মা। না।

রামসেবক। আজ তোমায় বড় স্থন্দর দেখাচ্ছে।

পুঁটুর মা প্রথমে অলঙ্কারের প্রতি পরে বস্ত্রের প্রতি চাহিয়া ঈষৎ হাসিয়া বলিলেন "আমি যদি স্থন্দর, তবে তুমি এখন আমায় ভালবাসিবে বল।"

রামসেবক। কই, পূর্ব্বে ত তুমি ভালবাসিবার নিমিত্ত কখন অমুরোধ কর নাই, আজ কেন ভালবাসার এত চেষ্টা হইয়াছে ?

পুঁটুর মা। আগে আমার গহনাও ছিল না বস্ত্রও ছিল না। মনে করিতাম যে আমার কি আছে যে তুমি ভালবাসিবে। এখন আমার যে সব হয়েছে, এখন বলিলে বলিতে পারি যে আমায় ভালবাস।

রামসেবক। লোকে কি বস্ত্র অলহারের নিমিত্ত জ্রীকে ভালবাসে? তাহা না থাকিলে কি ভালবাসে না।

পুঁটুর মা। তা বই কি? বস্ত্র অলঙ্কার থাকিলে লোকে স্থল্পর হয়।
এত দিন আমার বস্ত্রালঙ্কার ছিল না, তুমি ত এক দিনও আমায় স্থল্পর বল নাই।
আৰু আমায় স্থল্পর দেখেছ, আমিও ভালবাসার দাবি করেছি, অগ্যায় হয়েছে?
বল?

রামসেবক। তাই বলে কি পুঁটুকে তুমি স্থন্দর দেখ নাই, না ভালবাস নাই। আসল কথা বস্ত্র অলভারে লোক স্থন্দর হয় না। পুঁটুর মা। তা বদি না হঁয় তবে লোকে বস্ত্র অলম্বারের জস্ত এত করে মরে কেন? তোমার ওকথা শুনি না। অলম্বারে নাকি লোককে স্থলর দেখায় না।

রামসেবক। অলম্বারে স্থন্দরীর সৌন্দর্য্য বাড়ায় সত্য, কিন্তু আবার কুৎসিতার কুরূপ আরও বাড়ায়। তোমরা আপনারাই ত বলে থাক "মাগীর ঐ ত রূপ তার উপর আবার গহনা প্রেছে।"

পুঁটুর মা। মিধ্যা নয়। কুরুপীরা গহনা পরিলে বড় কুৎসিত দেখায় কিন্তু তবু লোকে গোদা পায়ে আল্তা পরে, খাদা নাকে উদ্ধী পরে। তারা কি লানে যে এতে তাদের আরও কুৎসিত দেখায় ? আমায় ত কুৎসিত দেখাছে না, বল ?

রামসেবক। তোমায় বড় সুন্দর দেখাছে।

পুটুর মা। তবে আমি একবার পদ্মর কাছে বাই।

ब्रामरमवक शमिया विनातन । या ।

পুটুর মা পুটুকে কোলে করিয়া খিড়কি দ্বারের দিকে গেলেন। গৃহে রামসেবক একা বসিয়া রহিলেন।

>2

যখন রামসেবক দ্বীপুরুষে একত্রে কথা বার্দ্রা কহিতেছিলেন তখন রাজ্ঞা ইব্রুত্প পারিষদ সমভিব্যাহারে বায়ুসেবনে যাইতেছিলেন। রামসেবকের বাটার নিকট আসিয়া একবার দাড়াইলেন কিন্তু কিছুই না বলিয়া আবার পূর্ব্বমত মন্দ্রণাদবিক্ষেপে চলিতে লাগিলেন। ইচ্ছা একবার মাধবীলতাকে দেখেন, তাহাকে আনিতে বলিলেই তৎক্ষণাৎ দেখিতে পান কিন্তু কি ভাবিয়া আনিতে বলিলেন না, অথচ তাহাকে দেখিবার সাধও জন্মিয়াছে। পথে হয় ত মাধবীকে কাছার ক্রোড়ে দেখিতে পাইবেন এই মনে করিয়া ইপ্লিত লোচনে ইতন্ততঃ চাহিত্তে চাহিতে চলিলেন। কতক দূর যাইয়া দেখিলেন, আর একটা বালিকা এক বৃদ্ধের জামু ধরিয়া দাড়াইবার চেষ্টা করিতেছে। পড়িয়া বাইতেছে আবার উঠিয়া জামু ধরিয়া উর্জমুখে দাড়াইতেছে ইচ্ছা যে ক্রোড়ে উঠে। বৃদ্ধ লে দিকে একেবারে দৃষ্টি না করিয়া অবাক্ হইয়া রাজদর্শন করিতেছে। রাজা হাসিয়া বলিলেন "এদিকে কি দেখিতেছ? নাগরী তোমার পাদমূলে।" বৃদ্ধ অপ্রতিভ হইয়া বালিকাকে ক্রোড়ে লইল, মুখচুম্বন করিল। বালিকাও হাসিয়া বৃদ্ধের মূখ চুম্বন করিল। রাজা হাসিয়েও চলিক্সা করিল। রাজা হাসিয়েও চলিক্সা

গেলেন। কতকদূর গিয়া ফিরিয়া গাঁড়াইলেন, হাসিতে হাসিতে একজন বৃদ্ধ পারিষদকে বলিলেন, "বৃদ্ধরা প্রেম পীরিতে একেবারে বঞ্চিত নহে।" পরে কতকদূর গিয়া আবার ফিরিয়া ব্লিলেন "এ প্রেমের প্রতিবাদী নাই।"

এই সময় বৃদ্ধ পারিষদ বলিলেন "যথার্থই আজ্ঞা করেছেন এ প্রেমের প্রতিবাদী নাই। আবার দেখুন এ প্রেম বৃদ্ধ যুবা সকলেই অধিকারী।"

"না, সকলে অধিকারী নয়, চূড়াধন বাবুকে তাহা জিজ্ঞাসা করুন," এই কথা পশ্চাৎ হইতে একজন বলিয়া উঠিল। সকলে কিরিয়া দেখিলেন যে পিতম পাগলা বৃক্ষতলে বসিয়া কি লিখিতেছিল, রাজাকে দেখিয়া কাগজ কলম হস্তে পশ্চাৎ পশ্চাৎ আসিতেছে। রাজা জিজ্ঞাসা করিলেন "কি পিতম, এখানে যে? আমি তোমাকে দেখিবার জন্ম পশুশালায় যাইতেছিলাম।"

পিতম। মহারাজ আমি পশু নই যে পশুশালায় দেখিতে পাইবেন। যখন লোকে পশুর স্থায় আমার সহিত ব্যবহার করিয়াছিল তখন তথায় গিয়াছিলাম কিন্ত থাকিতে পারিলাম না, সেখানে বাঘের সঙ্গে বুড় বিরোধ হইল। তা ভাবিলাম যে, আমি যেখানেই যাব সেইখানেই বিরোধ, তবে আর কেন এখানে থাকি, তাই চলিয়া আসিলাম।

রাজা। বিরোধ হল কেন ?

পিতম। বাঘ কাহারেও ভালবাসে না, নিজের ব্রাহ্মণীকেও ভালবাসে না দাঁত খিচিয়া যে প্রেমালাপ করে তার সঙ্গে কেমন করে বাস করি।

রাজা। বাঘ কি তোমায় ধরে ছিল १

পিতম। ধরে নাই বরং আমিই ধরেছিলাম, তার ফাজ ধরে টানিয়াছিলাম তাই তার ব্রাগ। তার পূর্বের আমার সঙ্গে অনেক কথা হয়েছিল।

त्राका। कि कथा श्राप्तिन।

পিতম। বাঘ বলে যে তোমরা বড় কাপুরুষ, তোমাদের একেবারে সাহস্থাই। তাহাতে আমি উত্তর করি যে বটে, বটে, তোমার এ নগরে আসাই তাহার প্রমাণ। বাঘ বলিল আমায় পিঞ্চরবদ্ধ করে রাখা তোমাদের কোশলের পরিচয় মাত্র, তোমাদের বলবীর্য্যের পরিচয় নহে। তোমরা হুর্বল, একত্র পাকাই তাহার পরিচয়, যদি তোমরা আমাদের মত বলির্চ হইতে তাহা হইলে তোমাদের সমাজ কখন স্থজিত হইত না, তোমরা কখন একত্রে বাস করিতে না, সে প্রস্থাই হইত না, সকলে আমাদের স্থায় পরস্পার একা থাজিতে। আমরা পরস্পার সকলেই বীর, কেহ কাহার সাহায্য চাই না এই জ্লু আমাদের সমাজ নাই। ভানেহ ত হুর্বলের বল সমাজ।

রাজা। ভোমার বাঘ ত বঁড় জ্ঞানবান্।

পিতম। দশনীতি শুনে তার এই জ্ঞান জন্মিয়াছে। ইদানী কোথা হইতে একজন পণ্ডিত এসেছে সে নিত্য দশনীতি ব্যাখ্যা করিয়া বেড়ায়। কখন কখন পশুলালায় গিয়া দশনীতি পাঠ করে। যাহারা পশুশালায় আসে তাহারা তাই শুনে, সঙ্গে পশুরাও কিছু কিছু শুনে। দশনীতি আপনাদের শিখিতে হয় না, আপনারা রাজা আপনাদের নিমিন্ত রাজনীতি, আমরা প্রজা আমাদের নিমিন্ত দশনীতি। বশিষ্ঠদেব যখন রামচক্রের নিমিন্ত রাজনীতি লেখেন সেই সময় পরশুরাম দশনীতি লিখিয়াছিলেন। এত দিন তাহার বড় প্রচার ছিল না, এক্ষণে বাঙ্গালা ভাষায় তাহার ব্যাখ্যা আরম্ভ হইয়াছে। শ্লোকগুলি এক একটি করিয়া সকলকে লিখিয়া দিয়াছে, আমিও গুই একটা পাইয়াছি।

রাজা। শ্লোকগুলি কি ?

পিতম পাঠ করিল:-

"মনুযোর বল মনুয়, এইজন্ম সমাজ।

প্রথমে সমাজ অন্ধ এই জন্ম রাজা। তার পর কালি পড়িয়াছে।"

রাজা। এ কই ত শ্লোক হইল না ?

পিতম। না হউক, আর একটা বঙ্গি:—

"দেশের প্রকৃতিতে সমান্দের প্রকৃতি, তদমুসারে সমান্দের উন্নতি বা অবনতি।"

রাজা। তোমার কাগজে অঙ্কপাত কিসের ?

পিতম। ও আপনাদের ঠিকুলি গণনা করিতেছিলাম।

রাজা। জ্যোতিব শাস্ত্র পড়া আছে তবে।

পিতম। বিলক্ষণ পড়া আছে।

রাজা। ভাল, কি গণনা করেছ ?

পিতম। আপনার সময় বড় মন্দ নয়। গ্রহ আপনার সঙ্গে সঙ্গে বেডাই-তেছে। আপাতত আপনার জলভীতি। এই কথা বলিবামাত্র চূড়াধন বাবু চঞ্চল হইয়া প্রথম দৃষ্টিতে পিতমের প্রতি চাহিলেন কিন্তু তৎক্ষণাৎ শান্তমূর্ত্তি ধারণ করিয়া হাসিতে হাসিতে জিল্ঞাসা করিলেন, "আর আমার ? আমার কি ভীতি !"

পিতম। আপনার সময় বড় ভাল, ইচ্ছা হয় এই সময় আপনার পোয়ুপুত্র হই, আমায় পোয়ুপুত্র লইবেন ? "পুত্র পিও প্রয়োজন" আমি আপনার আছ করিতে পারিব। রাজা বিরক্ত হইলেন, পিতম তাহা বুঝিতে পারিয়া গীত গাইতে গাইতে চলিয়া গেল।

এই দিবস রাত্রি হুই প্রহরের সময় চূড়াধন বাব্র দারে হুইজন ধর্বাকার পুরুষ দাঁড়াইয়া চূপি চূপি কি কথা কহিতেছিল। রাত্রি অদ্ধকার, কেহ তাহাদের দেখিতে পায় নাই, দেখিলে লোকে ভয় পাইত। উভয়ের হস্তে গুপ্তি, কটিদেশে কুল ভোজালি, ওঠে লোম। শেষ পরিচয়টি সর্ব্বাপেক্ষা ভয়ানক। তৎকালে বাঙ্গালি গুল্ফ বা শাঞ্চ রাখিত না। বাঙ্গালি তখন নম্র, শান্ত, ধর্মতীত। তখন গোঁক রাখিলে বিপরীত ব্ঝাইত। যে গোঁক রাখিল সে প্রকাশ্তরূপে জানাইল যে আমি রাজা মানি না, সমাজ মানি না, কিছুই মানি না। এই জন্ম এক সময়ে বিষ্ণুপুরের রাজারা গোঁক দেখিলেই শিরশ্ছেদ করিতেন। ক্রেমে রাজাদের শিরশ্ছেদ হইল কাজেই প্রজার ওঠে গোঁক গজাইল। কিন্তু অনেক দিন পর্য্যন্ত্র গোঁক সাহসের পরিচায়ক ছিল এই জন্ম প্রথমে লাঠিয়াজেরা গোঁক রাখে। পরে গৃহরক্ষকেরা রাখে। তাহার পব সাহসিক যুবারা রাখে। এখন সকলেই রাখে। গোঁক আর সাহসবাঞ্চক নহে।

ক্ষণেক বিলম্বে চ্ড়াধন বাবু ধীরে ধীরে নিঃশব্দে দ্বার খুলিলেন। আগস্তুকের মধ্যে একজন বলিল, "এতক্ষণ ধরে দাঁড়াইয়া থাকিতে গেলে ত চলে না, চারিদিকে লোক লাগিয়াছে।" চ্ড়াধন বাবু কোন উত্তর না করিয়া তাহাদের লইয়া বৈঠকখানায় গেলেন। তথায় প্রদীপ ছিল না, অন্ধকারে তিন জনে বিসলেন। যে ব্যক্তি প্রথমে কথা কহিয়াছিল সে জিজ্ঞাসা করিল "এখানে আর কেহ নাই ত ?" চ্ড়াধন বাবু বলিলেন নির্ভয়ে কথা কহ। কিন্তু প্রথমে জিজ্ঞাসা করি গত রাত্রে কেন আস নাই ? •

প্রথম বক্তা। কাল চারিদিকে বড় পাহারা ছিল। সন্দেহ করে ছই চারি জনকে ধরে লইয়া কয়েদ করেছে।

চূড়াধন। তবে কি দেওয়ান সন্দেহ করেছে ?

প্রা, বক্তা। বিলক্ষণ সন্দেহ করেছে, কিন্তু স্থবিধা এই যে আমাদের কেছ চেনে না। চেনে না বলিয়াই নৃতন লোক দেখিলেই ধরিতেছে। কাজেই দশনীতি ব্যাখ্যা বন্ধ হয়েছে। তা হউক যে কয়টি নীতি বলা হয়েছে তাহাতেই কাজ হবে।

চূড়াধন। দেওয়ানের সন্দেহ হল কেন ? অবশ্ব তোমরা অসাবধান হয়েছিলে।

প্রান্তর প্রমান কছু মাত্র নহে। তবে কি জান, আগুন লেগেছে এখন
পুমন্তরও পুম ভাজিবে। নগরের সকল লোকই রাজার বিরুদ্ধে গাড়াইরাছে,

সকলেই সর্বাদা রাজার অধর্মাচরণের কথা কহিতেছে। জানিতে কি আর বাকি থাকে ?

চূড়াধন। তা নয়, বোধ হয় তোমাদের কোন সঙ্গী দেওয়ানের হস্তগত হয়েছে, নতুবা অতি গোপন উভোগ প্রকাশ পাইল কিরপে ?

প্র, বক্তা। কোন উছোগ ?

চূড়াধন। আজ একজন আসিয়া রাজাকে বলিয়া গিয়াছে যে সম্প্রতি তাঁহার জলের ভয় আছে।

প্ৰ, বক্তা। সে कि ?

চূড়াধন। আমি স্বকর্ণে শুনিয়াছি।

ইহার পর তিনম্বনে বছ তর্কবিতর্ক হইল। অনেকক্ষণ পরে সকলেই উঠিলেন। বিদায় হইবার সময় চূড়াধন বাবু বিশেষ করিয়া সাবধান করিয়া দিলেন আর বলিলেন যে, সঙ্গিমধ্যে কে বিশ্বাসঘাতক তাহার অমুসন্ধান সর্কাত্রে আবশ্যক।

প্র, বক্তা। আপনাকে কিছু বলিতে হইবে না, আমি তাকে সিদ্ধেশ্বরীর কাছে নরবলি দিয়ে আপনাকে সংবাদ দিব।

চূড়াধন। না, না, তা কদাচ কর না, সর্বাগ্রে আমায় সম্বাদ দিবে আমি স্বহস্তে তাহার ঘাড় মুচড়াইব।

এই শেষ কথাগুলি চূড়াখন দস্তপিসিয়া বলিলেন। "আছ্ছা," বলিয়া আগস্ককেরা চলিয়া গেল, চূড়াখন বাবু ক্ষণেক দ্বারে দাঁড়াইয়া শেষ অস্তঃপুরে গেলেন। এই সময় বৈঠকখানা হইতে চতুর্থ আর এক ব্যক্তি অতি সাবধানে বাহির হইল। দ্বারবান্ তাহারে অতি যত্নে দ্বার খুলিয়া দিয়া বলিল "দেখিবেন আমি যেন মারা না যাই।" "কুচপরয়া নাই" বলিয়া অপরিচিত ব্যক্তি চলিয়া গেল।



সময়জীবনের উদ্দেশ্য কি ? একথা লইয়া অতি প্রাচীনকাল হইতে আজি পর্য্যস্ত যে কড আন্দোলন হইয়া গিয়াছে তাহার ঠিকানা নাই। কত লোক যে কত কথা বলিয়া গিয়াছেন তাহার নির্ণয় হয় না। গাঁহার যেরূপ প্রকৃতি, ধাঁছার যেরূপ শিক্ষা, ধাঁহার যেরূপ সহবাস, যাঁহার যেরূপ সমাজ তিনি সেই-রূপ মনুগুজীবনের উদ্দেশ্য স্থিব করিয়া গিয়াছেন। তাঁহাদের মত লইয়া আবার অনেকে কত বিবাদ বিসম্বাদ করিয়াছে কত বাক্ বিতণ্ডা করিয়াছে কত রাশি রাশি ভিন্ন ভিন্ন মত প্রচার করিয়াছে। যখন বৈদিক সময়ে মনুষ্যজীবনের প্রথম অবস্থা, যখন মনুষ্যপ্রকৃতির অসীম ক্ষমতা দৃষ্টে আশ্চর্য্যান্থিত হইয়া সর্বত্র দেবতা দেখিত ও সেই দেবতাদিগের আরাধনা করিত তখন যাগয়জ্ঞ স্তবস্তুতিই মমুষাজীবনের উদ্দেশ্য ছিল, ক্রেমে যখন চিন্তাশক্তি প্রবল হইতে লাগিল যখন পৃথিবীর সুখের সঙ্গে জন্মজরামরণকৃত হৃঃখ অত্যন্ত ও একান্ত মিশ্রিত বোধ হইতে লাগিল তখন ইহলোকের সুখে বিসর্জ্বন পরলোকের শুদ্ধ চৈত্যু ভাবে অবস্থান করীই (মুক্তিই) জীবনের উদ্দেশ্ত হইয়া দাড়াইল। যথন অসংখ্য অনার্য্য-গণের মধ্যে আর্যাক্তাতির সংখ্যা নিতাস্ত অল্ল ছিল তখন বংশবৃদ্ধি করিয়া পিড় পিতামহের নাম রক্ষা করা জীবনের উদ্দেশ্য হইয়া দাঁড়াইল। দারুণ রৌক্রতপ্ত আরবীয়গণ মহম্মদের মত অবলম্বন করত: সোপানে আরোহণ করিল—প্রথম চিস্তাসাগরে নিমগ্ন হইল তখন মৃত্যুর প্র **मियाक्रनामः मर्श्य वर्शभूदा मिम्राभान क्रांटे विश्व इंडेन।** পুরোহিতপদদলিত ইউরোপ অজ্ঞানতিমিরে আচ্ছর তখন ধর্মের জন্ম পুরোহিত দিগকে অকাতরে ধনদান করাই জীবনের উদ্দেশ্য বলিয়া সংকল্লিড হইল। ইহা অপেক্ষাও আবার যখন ইউরোপের অবস্থা ক্রমশঃ অধিকতর শোচনীয় ছইয়া উঠিল তখন পোপ মহাশয় ঈশবের নায়েব দাওয়ান এক প্রকার নোট (indulgences) প্রচার করিলেন, সেই নোট ভাঙ্গাইরা

যে টাকা দিবে তাহারই জীবন ধক্ত ও সেই "মুর্গলোকে মহীয়তে" স্থিরীকৃত হইল।

এইরপ ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন সামাজিক অবস্থায় জীবনের উদ্দেশ্য ভিন্ন ভিন্ন পরিগণিত হইয়াছে। সমাজ যখন প্রথম উন্নতির মূখে তখন একরপ উদ্দেশ্য, যখন উন্নতি হইতেছে তখন একরপ, যখন অভি উন্নতি তখন আর একরপ। আবার যখন সমাজ অধঃপাতে যাইতেছে তখন আর এক প্রকার।

স্থায়স্ত্রে প্রয়েজন নামে একটা পদার্থ আছে তাহার ছই অঙ্গ, মুখ্য ও গৌণ। সুখ লাভ মুখ্য উদ্দেশ্য, ছংখনাশ গৌণ। বস্তুতঃ মমুয়জীবনে যা কিছু করা যায় তাহার উদ্দেশ্যই সুখ। কিন্তু ছংখনাশ ব্যতীত সুখ হয় না। এজ্ঞা ছংখনাশও গৌণ প্রয়োজন অবধারিত হইয়ছে। ছংখনাশ উপায়, সুখ উদ্দেশ্য। কিন্তু সুখ কি ? আবার গোলযোগ! কেহ বলিবেন পরলোকের সুখই সুখ, কেহ বলিবেন ইহকালের সুখই সুখ কেহ বলিবেন ছংখ ও সুখ ছই খারাপ, ছইএর নাশই ভাল। কুপণ বলিবেন অর্থসংগ্রহই সুখ, কেরাণী বলিবেন গার্হস্তা সুখই সুখ, পণ্ডিত বলিবেন লেখাপড়ার সুখই সুখ, স্বদেশহিতৈষী বলিবেন দেশের মঙ্গলই সুখ, পণ্ডিত বলিবেন লেখাপড়ার সুখই সুখ, স্বদেশহিতৈষী বলিবেন দেশের মঙ্গলই সুখ। আবার সেইরূপ লোকের শিক্ষা, প্রকৃতি, সংসর্গ, সহবাস, জাতি, গুণে সুখের আকার ভিন্ন ভিন্ন। আমি যাহাকে গুংখ বলি রামা চাঁড়াল তাহাকে সুখ বলে, আমি যাহাকে সুখ বলি রামা চাঁড়াল তাহাকে আহাম্মকী বলে, নবীন কেরাণী তাহাকে দারুণ কন্ত বলে। আমি কলম চালাইয়া জীবনের উদ্দেশ্য কি ভাবিয়া অস্থির হইতেছি আমার ইহাতে যদি আনন্দ না হইত কখন একর্ম্ম করিতাম না কিন্তু আমার পাশে বিসয়া একজন বলিতেছেন, আরে ভাই যার জীবনের যে উদ্দেশ্য সেই তাহা বৃরিবে তোর এত মাখা ব্যখা কেন। ?

জীবনের উদ্দেশ্য কি, বৃকিতে হইলে আগে জীবন কাহাকে বলিতেছি তাহা জানা চাই। আমরা ধর্মজীবন নৈতিক জীবন আধ্যাত্মিক জীবন পরমার্থিক জীবনের কোন কথাই বলিতেছি না। আমরা মহুয়জীবন মাত্রের কথা কহিতেছি। মহুয়ের জীবনটা কি ? শুদ্ধ জন্ম হইলেই কি জীবন হইল। তাহা নহে। জীবন বলিতে গেলে জন্ম হইতে মরণ পর্যান্ত মহুয়া যে প্রকারে বাঁচিয়া খাকে তাহার নাম জীবন। মহুয়া জন্ম লাভ করিয়াই বহুসংখ্যক কইকর ও জীবন অতিকর প্রাকৃতিক নিয়ম ও পদার্থে পরিবেষ্টিত হইয়া পড়ে। জীবন আর কিছু নহে এই সমন্ত প্রাকৃতিক নিয়মের সঙ্গে প্রতিনিয়ত নিমেষান্ত বা ব্যবহিত মৃক্রের নাম জীবন। মহুয়াকে কই দিবার ও মহুয়াজীবন নাশ করিবার জন্ম কত শক্ত কারণ রহিয়াছে তাহার সংখ্যা নাই। যে বায়ু মহুয়ের পরম বন্ধু বাহা ভিন্ন এক

মৃহূর্ত্ত চলে না সেই বায়ুই কত সময় পীড়ার কারণ, কত সময় ঝড়রূপে সহস্র সহস্র মমুব্যবধের কারণ হয়। যে জল নহিলে এক দণ্ড চলে না সেই জল খারাপ হইয়া কত দেশ একেবারে জনশৃষ্ম বিজন-অরণ্যে পর্য্যবসিত করিয়াছে। কত দেশ বণ্যায় ভাসিয়া গিয়াছে। এ সকল ত উপকারী ঞ্চিনিসে অপকার করিতেছে, কত কত জন্ধ আছে মনুয়ের জীবন অপহরণই তাহাদের উদ্দেশ্য, কত কত বিষাক্ত জব্য আছে তাহার স্পর্শে জীবন নষ্ট হয়, কত কত পদার্থ আছে যাহাতে জীবন একেবারে নষ্ট না হউক, ক্রমে মনুয়ের শরীর ও মন অবসর ও অকর্মণ্য হইয়া আসে। স্বভাবের নিয়মে এমন অনেক মনোরুত্তি অপর ব্যবহার জন্মাইয়া দেয় যাহাতে নিঃশব্দে অথচ নির্ফিরোধে মনুষ্যের সর্কনাশ করিয়া ফেলে। আছে যাহা একবার খাইলে যাবজ্জীবন কষ্ট পাইতে হয়। নির্বোধ চিম্তাশক্তিশৃত্য সদস্থবিবেকরহিত এমন অনেক পশুবং মনুষ্য আছে যাহাদের সহিত একবার मःमर्ग इरेल यथनरे जाशास्त्र कथा मरन रय ज्थनरे मरन मरन करे रय प्रशा रय। এই সকল অপকারী হুঃখদায়ক কারণ পরম্পরার সঙ্গে অনবরত রণ করিয়া জয়ী इरेग़। ऋष्ट्रत्म अद्भारत मीर्घकांन পृथिवीए थाकांत्र नाम औरन। এরপ যুদ্ধে যে সর্ব্বত্র মনুষ্য জ্বয়ী হইতে পারিবে এমত নহে, অনেক সময় এমন করিয়া চলিতে ছইবে যে পূর্ব্বোক্ত প্রকার ত্বংখকর সামগ্রী কোনরূপ অপকার করিয়া উঠিতে না পারে, অনেক সময় উহাদের হস্ত হইতে পলাইয়া পরিত্রাণ পাইতে হয়। উদাহরণ প্রতিবৎসর ৫৷৬ বার করিয়া ঋতু পরিবর্ত্তন হয় প্রতি ঋতুতে বিভিন্ন প্রকার আহার, বিভিন্ন প্রকার পরিধেয়, বিভিন্ন প্রকার ব্যবহার প্রয়োজন। ঋতু তুমি পরিবর্ত্তন করিও না বলিয়া রাখিবার ক্ষমতা মন্থুষ্যের আজিও হয় নাই, স্পুতরাং বিধিমতে চেষ্টা করা উচিত যে এই ছংখদায়ক পরিবর্ত্তন কোন ক্ষতি করিতে না পারে। গুইরূপ নানাপ্রকার হঃখকর যন্ত্রণাময় কষ্টসফুল অবস্থায় আপ্রনাকে এমন করিয়া চালাইতে হইবে যে কোনরূপ কষ্ট না হয়। এই প্রকারে স্থুন্দর ক্লপে আপনাকে চালানর নাম জীবন। রোগ শোক প্রভৃতি যত কিছু মমুব্যের কষ্ট আছে সে সকলই পূর্ব্বোক্ত প্রকারে চলিতে না পারার দোষ। এতক্ষণ যে আমরা কেবল বাহ্য জগতের অবস্থার সঙ্গেই মিলাইয়া চলিতে বলিতেছি এমত নহে। অমুর্ক্রগতের অবস্থার সঙ্গেও মিলাইয়া চলিতে হইবে। মমুষ্য অঞ্চাতিসংসর্গ ভিন্ন চলিতে পারে না। কিন্তু যেমন নিভাস্ত প্রয়োজনীয় বায়্ও অনেকস্থলে জীবননাশক হয় সেইরূপ মনুষ্যের সংসর্গও সময়ে সময়ে সর্ব্বনাশের হেড় হয়। যে মাতুৰ আপনাকে পূর্কোক্তরূপে চালাইতে না পারে সে মাতুৰ খারাপ হইয়া যায় : ভাছার সংসর্গে লোকের অনেক দোষ জন্মায়। সে যেমন বইয়া গিয়াছে জন্ম লোকও ভাহার সঙ্গে থাকিলে তেমনি বইয়া যায়। অভএব দূষিভ বায়ু বেমন পরিহার্য্য দূষিত মনুষ্যও সর্ব্বতোভাবে পরিহরণীয়। এইরূপে শরীরন্থিত ও অন্তর্জগৎ এবং বহির্জগৎস্থিত কার্য্য কারণ পরস্পরার যে সকল বিরোধ আছে সেই সকল বিরোধের কোথাও প্রতিবিধান করিয়া কোথাও হস্ত এড়াইয়া সকল অবস্থায় শারীরিক ও মানসিক স্বাচ্ছন্দ্য ভোগের নাম জীবন। অনেকে বলিবেন তবে স্বার্থপরতাই জীবন? তাহার উত্তর এই যে জীবনটুকু পূর্ণ স্বার্থপরতা, ঐ স্বার্থপরতাটুকু নিতান্ত প্রয়োজনীয়। এই স্বার্থপরতাটুকু যে শুদ্ধ আমরাই আজি জাহির করিতেছি এমন নহে শত শত বৎসর পূর্ব্বে মহামহোপাধ্যায় মন্থও বলিয়াছেন।

498

বেদঃ শ্বভি: সদাচারঃ স্বস্তচ্ প্রিয়মাত্মনঃ। এডচ্চতৃর্বিধং প্রাহঃ সাকাৎ ধর্মস্ত দক্ষণং।

তাঁহার মতে আপনার প্রিয়ও একটি প্রধান ধর্ম কিন্তু কোনটি আপনার প্রিয় সেটি বাছিয়া লইতে অনেক কট্ট হয় তাহার জন্ম উত্তম শিক্ষা আবশ্রুক, নহিলে একজন অশিক্ষিত লোক আজি আপনার প্রিয় বলিয়া এক কাজ করিয়া বসিল কালি তাহা তাহার ঘোরতর অপ্রিয় হইল সে হয় ত ইহজমের মত মাটী হইল। কিন্তু শিক্ষিত লোকের চক্ষে আপনার প্রিয় কি? পূর্কোক্ত প্রকার বিরোধের হাত হইতে উদ্ধারের নামই সেই প্রিয় বস্তু।

অনেকে জিজ্ঞাসা করিতে পারেন নিরস্তর বিরোধ যেখানে, সেখানে সকলেই যে, সে সমস্ত বিরোধের হাত হইতে উদ্ধার হইবে তাহা কখনই সম্ভব নহে। অনেকে ত্ই এক জায়গায় প্রলোভন অভিক্রম করিতে পারিলেন না। অনেকে বাহাজগতের প্রাতিকৃল্যের সহিত বিরোধ করিয়া রোগগ্রস্ত হইলেন, অনেকে অক্তান্ত সাংসারিক সামাজিক অনেক কারণে যে ভাবে আপনাকে চালান উচিঙ সেভাবে আপনাকে চালাইতে পারিলেন না। তবে তাহার জীবন কি জীবন বিলয়া পরিপণিত হইবে না? অবস্তু হইবে। তাঁহারা যদি সেই অবধি সামলাইরা বরাবর ভাল করিয়া চলিতে পারেন তাঁহাদের জীবনও জীবন, আর না পারেন তাঁহাদের ত্বংশে শ্রগাল কুরুর রোদন করে, তিনি বাঁচিয়া থাকেন বটে কিছু সে জীবন ত তাঁহার বাঁচিয়া সুখ নাই। তিনি নিজেও ভাবেন—

ष्ट्रावनः दिवन मित्र देव देव माहिकः।

আর তাঁহার নিকটস্থ লোকদিগকে শিক্ষা দেন যে জগৎ ছংখমর, ইত্যাদি। তাদৃশ লোকের প্রতি শ্রন্থা বা অন্থকম্পা প্রদর্শন উচিত কি না সে বিষয়ে খুব সম্পেহ। আবার বাঁহারা একবার ছক্ষ্ম করিয়া পরে শোধরাইয়া গেলেন ভাঁহারাই কি বাঁছারা কখন নিয়ম শঙ্মন করেন নাই তাঁছাদের মত হইতে পারেন ? কখনই না। জীবনের ঐ এক ছর্ঘটনা স্মৃতি চিরদিন তাঁছাদের মনে মনে না হয় শরীরে গাঁথা থাকে তাহাতে তাঁছাদের শরীর ও মনের সর্বতোম্থী উন্নতি হইতে দেয় না।

যাহারা পূর্ব্বাক্ত বিরোধের ইস্ত হইতে মুক্ত হইয়া রীতিমত আপনাকে চালাইতে পারে তাহাদের শরীর সুস্থ থাকে, শরীর বলিষ্ঠ স্থলর কর্মক্ষম তেজ্বস্বী হয়, তাহাদের মনোরন্তি সকলও পরিবর্জিত হয়। শুদ্ধ বৃদ্ধিশক্তি, শুদ্ধ হুদয়বৃত্তি, শুদ্ধ কর্মক্ষমতার উন্ধতি হইয়া নিবৃত্ত হয় না, সকল প্রকার মনোর্ত্তিই তাহাদের পরিপুষ্ট হয়। তাহাদের ধারা জগতের অনেক কাল্প হয় তাহারাই সমাজের শক্তি। স্কুশরীরে সবল মন থাকাই অনেকে মনুষ্যজীবনের প্রধান সুখ মনে করেন। তাহা নহে। সেটা সমাক্রপরিপুষ্ট ও উন্নত মনুষ্যজীবন মাত্র, মনুষ্যের জীবনের উদ্দেশ্য স্বতন্ত্র। সুস্থ শরীর ও সবল মন মনুষ্যজীবনের উদ্দেশ্য সাধনের উপায় মাত্র। তাহা উদ্দেশ্য নহে। এক্ষণে মনুষ্যজীবনের উদ্দেশ্য কি দেখা যাউক।

মমুষা যখন জন্মগ্রহণ করিল তখন তাহার মত নিঃসহায় অকর্মণা জানোযার আর নাই; এক বংসর যাবে কথা ফুটিতে, ছই বংসরে হাটিতে শিখিবে, তাহার পর কত কি শিখিলে পরে তবে সে আপনার আহার সঞ্চয় করিবার মত শক্তি পাইয়া স্বাধীন হইবে। এইরূপে স্বাধীন হইতে মহুষ্যের ২৭ বৎসর লাগে। এই সাতাইশ বংসর পর্যান্ত সমাজ তাহাকে খাওয়াইয়া পরাইয়া তাহার যত করিয়া তাহাকে বাঁচাইয়া রাখিল তবে সে স্বাধীন হইয়া নিজে খুঁটিয়া খাইতে শিখিল। যদি বল সমাজ খাইতে দিল কই, দিল তার বাপ মা। সত্য, কিঙ বাপ মাই খাইতে দেয় কেন ? সেও সমাজের নিয়ম বলিয়া ত। প্রাচীন রোমে অনেক বাপ মা ছেলে হবামাত্র রাস্তায় ফেলিয়া দিয়া আসিত. আরো কত যায়গায় যে ছেলে ফেলিয়া দিবার প্রথা ছিল তাহার ঠিকানা নাই। ক্রমে সমাজবন্ধন যত দৃঢ় হইতে লাগিল ততই সন্থান প্রতিপালন পিতা মাতার অবশ্য কর্ত্তব্যের মধ্যে পরিগণিত হইল। তাহার পর অনেক পিতামাতা সস্তান প্রতিপালন করিয়া উঠিতে পারেন না, অনেক জায়গায় পিতামাতা বালকের वानाकात्नहें कान शास्त्र পতिত इहेशा थार्कन, এ नर्ववहें उ नमास्न य रकान क्रां हिल शिला वैं। हिंदा त्रां क्रिक क्रि **क्ट मीर्चकान निकानिय शाक्त ।** य क्राप्तरे रुष्ठेक भिष्ठामार्डारे रुष्ठेक, **आश्वीय** বদুই হউক, উদাসীনই হউক, সুনিয়মবদ্ধ দানপ্রণাশীই হউক সবই সমাজ-বন্ধনের হেডুই হইয়া থাকে। সমাজবন্ধন না থাকিলে শতকরা নিরনকাই ছেলে মারা যাইত।

অতএব যখন সাতাইশ বৎসর বয়সে মনুষ্য স্বাধীন হইয়া নিজের উপার্জনে জীবিকানির্বাহ করিতে লাগিল তখন তাহার দেনা অগাধ। এখন হইতে সে যদি শুদ্ধ আপনার মত রোজগার করিয়াই ক্ষান্ত তবে সে মহাপাতকী জুয়াচোর, কারণ সে দেনা শোধ দিবার কোন উপায় করে না। আবার অনেকে আছেন তাঁহারা একেবারে স্বাধীনভাবে জীবিকা উপার্জ্জনের কোন উপায়ই করেন না। তাঁহারা সমাজের পরম শক্র, তাঁহাদিগকে ধরিয়া ফাঁসি দেওয়াই কর্ত্তবা, যেহেতু তাঁহারা অন্ত লোকের স্থায্য উপার্জ্জনের কড়ি লইয়া অনর্থক নষ্ট করেন, কারণ যে নিজে রোজগার করিবে না তাহার জীবন ধারণই অনর্থক। ডাকাইত, জুয়ারি আর ভিক্কক এই তিন জন শেষোক্ত প্রকারের লোক। ধাঁহারা আপন ক্ষমতাতীত দেনা করেন পরের টাকা লইয়া দাঁওমারা ব্যবসায় ও বাবৃগিরি করেন তাহারাও এই শ্রেণীভুক্ত। অতএব বাঁহারা শুদ্ধ নিষ্কের মত রোষ্ক্রগার করিয়া ক্ষান্ত হন ও যাঁহারা রোজগার না করেন তাঁহারা আপনাদেরও কর্ত্তব্য-সাধনে বিমুখ, তাঁহাদিগকে সমান্ত হইতে বহিষ্কৃত করিয়া দেওয়া উচিত। যাঁহারা পূর্ব্বোক্ত দেনা শোধ দিতে প্রাণপণে চেষ্টা করেন ও দেন তাঁহারা আপন কর্ত্বব্য কর্ম্ম সম্যক সাধন করেন। কিন্তু শুদ্ধ কর্ত্তব্যকর্ম সাধনই ত জীবনের উদ্দেশ্ত নহে। তাহার উপর আরও কিছ করিতে হইবে।

এখানে এক প্রশ্ন হইতে পাবে সমাজের দেনা কিরপে শোধ দেওয়া যাইতে পারে। তাহার উত্তর এই যে সমাজের উপকার কর। তোমার নিজের সন্থান সন্থতির স্থলররূপে প্রতিপালন কর, তাহাদের উত্তমরূপে শিক্ষা দাও, সমাজের যখন প্রয়োজন হইবে তখন তাহার জন্ম অর্থ সামর্থ ও প্রাণ দিতেও কুন্তিত হইও না, যাহাতে সমাজের উপকার হয় সর্ববতোভাবে চেষ্টা কর; এইরূপেই সমাজের দেনা শোধ হইবে।

কিন্ত মনুযাজীবনের উদ্দেশ্যসাধন শুদ্ধ এই হইলেই হইবে না, বৃদ্ধ অবস্থায় খতাইয়া জেন যদি তোমার দেনা থাকে তবে তৃমি মনুযাজীবনের উদ্দেশ্য সাধন করিতে পার নাই, যদি ঠিক ঠিক হয় তৃমি আপনার কর্ত্তব্যকর্ম করিয়াছ মাত্র কিন্তু যদি তোমার হিসাবে বেশী থাকে তবে তোমার জীবন সার্থক। যত বেশী থাকিবে ততই তোমার বাহবা। নিজ বৃদ্ধিবৃত্তির দ্বারা পার, পরিজ্ঞামের দ্বারা পার, ধন দ্বারা পার কর্ত্তব্য যাহা আছে তাহার অপেকা সমাজের অধিক উপকার করিলেই তোমার মনুযাজীবন সার্থক।

সেকালে এক গল্প শুনিয়াছি, এক রাজার এক মন্ত্রী ছিল। ভাহার বেতন লক্ষ টাকা। ভাহাকে রাজা জিজ্ঞাসা করিলেন; মন্ত্রিবর, ভোমার এত টাকার

কি দরকার ? সে বলিল, মহারাজ, ইহার চৌথ শোধ দিতে হয়, চৌথ ধার দিতে হয়, চৌথ আহার করা যায়, আর চৌথ অসময়ের জন্ম সংগ্রহ করি। মন্ত্রিবর ঠিক বলিয়াছিলেন যে লোক ধার শোধ দিয়া ও ধার দিয়া যাইতে পারে সেই ধক্ত। মত্মক্তবিনের দেনা যে যাহার নিকট হইতে লইয়াছি তাহাকেই শোধ দিতে হইবে তাহা নহে। লইলাম সমাজের নিকট, দিলাম সমাজকে; পিতা-মাতার খাইয়া মানুষ হইলাম, মানুষ করিলাম সন্তানকে। দাতার খাইয়া মানুষ रहेनाम, पिनाम व्यनाथरक। प्रतिखानम रहेए मासूय रहेनाम, ज्ञापन क्रिनाम বিষ্ঠালয়! গুরুর নিকট উপদেশ পাইলাম, শিক্ষা দিলাম ছাত্রকে। গ্রন্থকারের নিকট উপদেশ পাইলাম, নিজে গ্রন্থ পাঠ করিয়া রচনা করিয়া তাহার ঋণ শোধ দিলাম। কিন্তু সর্বব্য চেষ্টা করা উচিত যাহা পাইয়াছি তাহা অপেক্ষা অধিক দেওয়া। পৈতৃক সম্পত্তি কাহারও নয় সমাজের নিয়মে আমি তাহা পাইলাম। সমাজ আমায় দেওয়াইয়া দিল, আমি সমাজের নিকট ঋণী, 'আমি যদি সেই টাকা তিন দিনে ফুঁকিয়া দিই তবে আমি পাপী, আমি সমাজের সর্বপ্রকার দণ্ডের যোগ্য; যদি তাহা কোনক্লপে সঞ্চিয়া বঞ্চিয়া রাখিয়া যাই তবে আমার মনুষ্য-জীবনের উদ্দেশ্য সিদ্ধ হইল না, আমি শুদ্ধ পাকা দ্বারবানের কাজ করিলাম বটে, কিন্তু যদি সেই টাকা লইয়া খাটাই তাহাতে সহস্র লোকের জীবন নির্ব্বাহ হইয়া আবার আমার টাকা বাড়িয়া যায় তবে আমি সার্থকজন্মা। আমি যখন পৈতৃক সম্পত্তি বিনাপরিশ্রমে পাইয়াছি তখন আমি যে না পাইয়াছে তাহা অপেক্ষা সমাজের নিকট অধিক ঋণী, সেই ঋণ পরিশোধের জ্বস্তু আমার তাহাদের অপেক্ষা অনেক অধিক পরিশ্রম চেষ্টা ও যত্ন করা একাস্ত উচিত। যিনি স্বাভাবিক বৃদ্ধিশক্তি অধিক পাইয়াছেন তাঁহার একটা মন্ত স্থবিধা বিনা পরিশ্রমে পাওয়া হইয়াছে, তাঁহার উচিত সেই পরিমাণে সংসারের উন্নতির চেষ্টা করা। যে বালক অনেক সুবিধায় উত্তমরূপ শিক্ষা পাইয়াছেন তাঁহার নিকট সমাক্ত অনেক আশা করে। যেহেতু সমাজে তাঁহার চারিদিক হইতে স্থবিধা করিয়া দিয়াছে।

এখন প্রশ্ন এই যে খতাইয়া যে অল্প বা অধিক স্থির করিতে হইবে তাহার উপায় কি? কোনরূপ তুলাদও ত নাই যাহাতে কার কাজ বেশী হইল কার কম হইল তা জানা যাবে, তাহার নিখতি নাই সের বাটখারা নাই ওজন নাই মাপ নাই; টাকায় তাহার মূল্য করা যায় না যে জানিলাম ৫০০ টাকা ধার আর এই ১০০০ টাকা জমা, ধার শোধ দিয়াও ৫০০ টাকা অধিক থাকিবে। কিন্তু খন তাহার সের বাটখারা লইয়া বসিয়া আছে, আপনার মনে যে আত্মপ্রসাদ জন্মে সেই তাহার মাপ। আর একমাপ যশঃ বাহিরের লোকে তোমায় ত তন্ন তন্ত্র করিয়া দেখিতেছে, তাহারা তোমার কাছ থেকে যতটুকু আশা করে তাহা অপেক্ষা

ভূমি যদি অধিক করিতে পারিলে নিশ্চয়ই তাহারা তোমার স্থাতি করিবে। অভএব যশ মনুষ্ঞীবনের উদ্দেশ্য নহে, মনুষ্যঞ্জীবনের উদ্দেশ্য সিদ্ধ হইলে তাহার পরিমাপক মাত্র। যাহারা সমস্ত জীবৃন কেবল কিসে লোকে ভাল বলিবে এই ভাবনায় অন্থির কেবল লোককে খুসী করিবার চেষ্টায় ফিরে তাহাদের যদি সার না থাকে তাহা হইলে তাহাদের সমস্ত উদ্ভম বুথা তাহারা কেবল লোকের হাস্থাম্পদ হয় মাত্র। যাহাদের সার আছে তাহাদের যশঃ স্থ্যাতি বাঁধা। যাহারা যশকে জীবনের উদ্দেশ্য মনে করে তাহারা সের বাটখারাকে মাপ বলিয়া কিনিয়া লয়।

অনেকে মনে করেন বিভা জীবনের উদ্দেশ্য, আত্মোন্নতি জীবনের উদ্দেশ্য। আমাদের দেশে প্রথা ছিল যে বিদ্বান্ত্যক্তিদিগকে দান করিবে তাহাদের সর্বতোভাবে উৎসাহ দিবে। কিন্তু বিভা যদি ধরচ না হইয়া শুদ্ধ পেটে গজ গজ করে তবে বিভায় কাজ কি ? ' যদি সেই বিভা দ্বারা তুমি আপন দেনা শোধ দিয়া সমাজকে কিছু ঋণ দিয়া যাইতে পার তবে ত জানি তোমার জীবন সার্ধক নচেৎ তোমার পেটে বাদ্বয় পোরা থাকিলেও তুমি যদি কেবল আপনার পেট চলিলেই খুসী থাক তবে তোমার বিভার মুখে আগুন।

তাহাই বলিতেছি যে বিলা যশং ধন মান পরোপকার এই সকল অতি উৎকৃষ্ট পদার্থ হইলেও ইহার কোনটিই জীবনের উদ্দেশ্য নহে। নিজের শরীর ও মনের উন্নতি হইয়া নিজের কর্ত্তব্য কর্ম স্থচারুরপে সম্পন্ন করিয়া তাহার পর বিলা ছারা হউক, বৃদ্ধি ছারা হউক, ধন ছারা হউক পরিশ্রম ছারা হউক সমাজকে কিঞ্চিৎ ঋণী করিয়া যাইতে পারিলে জীবনের উদ্দেশ্য সফল হইল। নচেৎ শুদ্ধ বিলা লইয়া ধন লইয়া শক্তি লইয়া স্বাস্থ্য লইয়া ধুইয়া খাইলে কিছুই হইবে না।

প্রাপ্ত গ্রন্থের সাঞ্চিপ্ত

বিদ্যু উদরাময়। জ্রীগোবিনদ চন্দ্র দত্ত প্রণীত। বহরমপুর। অরুণোদয় যত্ত্বে মুজিত। মূল্য॥॰ আনা।

গোবিন্দ বাবু অবতরণিকায় লিখিয়াছেন যে "বালকের একমাত্র ভাষা রোদন। রোগে রোদন, বেদনায় রোদন, ক্ষুধায় রোদন, প্রার্থনায় (?) রোদন, ঘুমাইতে রোদন, জাগিতে রোদন, রোদন বই আর কথা নাই। প্রস্তুতিরও দৃঢ় বিশ্বাস শিশু রোদন করিলেই বুঝিতে হইবে, তাহার ক্ষুধা হইয়াছে। অমনি জ্বোর করিয়া ক্রোড়ে ফেলিয়া স্তম্য পান করাইতে বসেন। ইহা একবারও তাঁহার মনে হয় না পুত্রের রোদনের ক্ষুধা বাতীত আরও সহস্র কারণ থাকিতে পারে। এই কারণে অনেক সময়েই ক্ষুধা না থাকিলেও আহার হয়—অজ্বীর্ণ হয়—উদরাময় জ্বো।" এইরূপ আরস্ত দেখিয়া আমরা মনে করিয়াছিলাম যে গ্রন্থখানি গৃহস্থদের নিমিত্ত লিখিত হইয়াছে। স্ত্রীলোকেরা পাঠ করিয়া সতর্ক হইতে পারিবে একং নিতান্ত আবশ্যক হইলে আপনারাই ব্যবস্থা করিতে পারিবে। পরে দেখিলাম গ্রন্থখানি ক্ষুদ্র হউক, নেটিব ডাক্ডারদিগের নিমিত্ত লিখিত হইয়াছে। প্রমাণ স্বরূপ নিমৃত্ব কয়েক পংক্তি ২৫ পৃষ্ঠা হইতে উদ্ধৃত করা গেল।

"সানের জলের উষ্ণতা ৯২ ডিগ্রি অথবা ৯৫ ডিগ্রি ক্যারনহিট পর্যান্ত ব্যবস্থা করা যায়। এই ঈষৎ উষ্ণ জলে সন্তানকে ছয় অথবা আট মিনিট পর্যান্ত নিমগ্ন করিয়া রাখিবেক এবং শীতল জলে স্পঞ্চ অথবা ন্যাক্ড়া ভিজাইয়া তাহার মন্তক মুছাইয়া লইবে।" ঔষধের নাম গুলিও ল্যাটিন। বিলাতি ঔষধের বাঙ্গালা নাম কোথা পাওয়া যাইবে। নেটিব ডাক্ডারগণ এই গ্রন্থ পড়িয়া বিশেষ উপকৃত হইবেন কি না জানি না কিন্তু যে প্রণালীতে লেখা ছইয়াছে ডাহাতে বোধ হয় উপকার হইবে। মানব সংস্কারক। শ্রীসেখ আবছল লতিফ কর্তৃক লিখিত। মেদিনীপুর। মূল্য ॥• আনা।

গ্রন্থকারের নাম পড়িয়া ভাষা সম্বন্ধে আমাদের ভয় হইয়াছিল কিন্তু পরে দেখিলাম যে গ্রন্থখানি হিন্দুর বাঙ্গালায় লিখিত, কায়ন্থের ভাষায় লিখিত, ব্রাহ্মণের ভাষা বলিলেও ক্ষতি নাই। তদ্বাতীত প্রশংসার আর কিছুই নাই।

পঙ্গাধরশর্মা ৪রয়ে জটাধারীর রোজনামা

একত্রিংশ পরিচ্ছেদ

পরিভ্রমণ

দৌ পার হইয়া কিয়দ_ূর আসিতেই নভোমণ্ডল ঘন ঘোরে আবৃত দেখা গেল। তাহার সঙ্গে ঝড় উঠিল। সঙ্গিগণ কহিলেন দেবতা ছর্যোগ করিবে, সন্ধ্যা উপস্থিত, সম্মুখে ঐ পল্লীতেই অগু রাত্রে অবস্থান উচিত। তথায় পঁছছিবামাত্র দেখিলাম সে পল্লীটি অতি কুন্তা, বছজনের থাকিবার স্থানাভাব। আমি কহিলাম এখনো বেলা আছে, সম্মুখে ঐ বড় গ্রামে চল। সঙ্গীরা কহিল বেলা নাই, পথিমধ্যেই রাত্রি উপস্থিত হইবে, তাহাদের ভ্রম আমি সঙ্গে সঙ্গে দেখাইয়া দিলাম। কুষিগণের কুত্র মঞ্চে ঝিক্লা-কলিকা এ পর্যান্ত মুদ্রিত রহিয়াছে, সন্ধার প্রাক্ষাল হইলে অবশাই কোমল জরদরঙ্গে ক্ষুত্র কুত্র ফুলগুলি এতক্ষণ প্রক্ষটিত হইত, সকলে আমার কথা গ্রহণ করিলেন, বিস্তৃত ময়দান হইয়া আমরা শান্তিপুরগ্রামে প্রছিলাম। রাঙ্গাঠাকুরাণীর পিতৃগৃহে আজ থাকা উচিত বোধ হইল। তথায় উপস্থিত হইয়া দেখিলাম সম্মুখের দার দৃঢ় অর্গলবদ্ধ, গৃহবাটী সব নিস্তব্ধ, 'পালানে ঘর' যেন কেহ কোধাও নাই; বাটীর অলিগলি আমি সব লানিতাম, একটা গুপ্ত দার হইয়া অস্তঃপুরে গেলাম, সকলে কহিয়া উঠিলেন "এ কি! বাছা, আৰু এ গ্রামে আসিতে হয় ? এখানে থানাদার দেড়ে দারগা আসিয়াছে।" অন্দর হইতে বাহির বাটীতে আসিয়া দেখিলাম সদর ছার বন্ধ-প্রামের অধিকাংশ প্রকা স্থানে স্থানে নীরবে বসিয়া রহিয়াছে—আমাকে দেখিয়াই কেছ কেহ চমকিত হইয়া প্রস্থানের উদ্যোগ করিতেছিলেন। তাহা দেখিয়া কৃছিলাম আমি দারগা সাহেবের লোক, ভোমাদিগকে ধরিতে আসিয়াছি, ছুই চারিজন কুটারে প্রবেশ করিলেন। একটা বৃদ্ধ আমাকে চিনিয়া কহিলেন "বটে ভাই, ভূমিও কালে এইরূপ দোর্দণ্ড হইবে।" আমি জিজ্ঞাসা করিলাম, ভোমাদের

কি বিপদ উপস্থিত – কি অপরাধে গ্রামস্থ এত লোক অবরোধে আবন্ধ? বৃদ্ধ কাণে কাণে কহিলেন "শুন নাই ? গ্রামে ডাকাতি হইয়াছে—দারগা আসিয়াছে, আজ্ব তিন দিন আমরা প্রায় আনাহারে যাপন করিতেছি।" আমি কহিলাম দারগার সহিত সাক্ষাৎ করিব, তাহাকে এত ভয় কেন ? বৃদ্ধ কহিলেন "এটি যথার্থই ডাকাবুক ছেলে, দারগার কাছে যাইবার আবশ্যক ? দাদা, রাত্রে গোপনে এখানে নিব্রা যাও, প্রত্যুবে প্রস্থান করিবে, এমন অসময়েও এ গ্রামে প্রবেশ করিতে হয় ?" এই সময় বাহিরের কপাটে একটি ধারু পড়িল—ভীক্ন প্রজ্ঞা-कुल मक्कि इरेशा कृषीत्र लुकारेल-कारात्र अञ्मूत मारम रहेल ना-मांज़ारेट পলাইতেও সাহস চাই, কেহ কেহ পদ সঙ্কোচ করিয়া তুইটি জামুমধ্যে মন্তক রাখিয়া চক্ষু মুদিলেন; আর ভয় কি ? এদিকে আঘাত আরো বাড়িল, কেহ উত্তর দেন না—আমি স্থির থাকিতে পারিলাম না, কহিলাম "কে রে ?" একজন দান্তিক স্বরে কহিল "কে রে!" "আমি তোমার রে ? এবার রে দেখিয়ে দিব। কেওয়াড়ি খোল তব দেখা জাগা।" আমি কহিলাম "উ: আবার হিন্দি চালান"— পুরুষ তখন আরো ক্রোধে কপাটে পদঘাত করিলেন ও কহিলেন "খুল্বে ত খুল না হয় ভাঙ্গিয়া ফেলি"। আমি কহিলাম, জ্বোর ত ভারি এখন ত গর্জনের শেষ त्रशिन ना—এ **मिरक वृष्क আমার হাতে ধরিয়া বিন**য় করিতে লাগিলেন ও কহিলেন, আর বাড়াইও না—যে ব্যক্তি বাহিরে গর্জন করিতেছিলেন আমি জানিতাম। আমি কহিয়া উঠিলাম "ও কমরুদ্দি চাচা, আমায় চিনিতে পার না— कि ठांडे राज नव टाबित ।" कूमूक्रिफ किटलिन ठांति त्मत प्रथ ७ आंधे वाका কাঠ।" আমি কহিলাম "এই ? আচ্চা দেওয়া যাচেচ" বৃদ্ধ প্রকাবর্গকে কহিলেন তাঁহারা খিড়কি দিয়া দৌড়িলেন, তাঁহারা গোপনেই বদান্যভার কার্য্য নিপার করিলেন। আমি এখন কপাট খুলিলাম। ' আমাকে দেখিয়াই কুমুকুদি কহিলেন "বাবু আপনি এসেছেন তাই বলি বুড় চাচার সঙ্গে কে মসকরা করে।" কুমুরুদ্দিকে নিজকার্য্য সাধন জন্ম রাখিয়া আমি দারগার একলাস দেখিতে চলিলাম—এখন সন্ধ্যা **उँखीर्य इहेग्राट्ड** আকাশ খোর-এই অন্ধকারেই দারগা সাহেবের একলাস পরম হয়। কিন্তু সে এজলাস কিন্ধপে বর্ণন করিব। হে বাগ্রাণি। ভোমায় কুপায় মছৎ কবিগণ হোমর, ডেন্টি, মিণ্টন, মধুস্দন প্রভৃতি নরক বর্ণন করিয়াছেন, পৰিত্র আর্য্যকৃপসম্ভূত জটাধারীর প্রতি কুপা কেন না করিবে, আমি অনেক স্থান দেখি-য়াছি, বর্ণনা করিবার চেষ্টা করিয়াছি কিন্তু এখানে আসিয়া কেন মোহে অভিছুত্ত হইতেছি, হতাশে চারিদিক অন্ধকার দেখিতেছি। ইহার কারণ আছে—ইহা मिथााष्ट्रव्यत्र नाक्ष्म निर्मय निर्मय तिर्मयणात्र त्रमञ्जाम । नात्रभामारहरवत्र व्यावामश्रृष्ट-

প্রাঙ্গণে প্রবেশ করিবামাত্র চারিদিক হইতে আর্ত্তনাদ প্রবণকুহর বিদীর্ণ করিতে লাগিল—দৃষ্টি আরো ভয়ানক—এককোণে চারিটি লোকের পদযুগল উপ্টাইয়া ভাহাদের মন্তকের পশ্চাৎভাগে সমর্পিত হইয়াছে, কাহার পৃষ্ঠে হাত মুড়িয়া কড়কড় করিয়া বান্ধা হইয়াছে ও সেই বন্ধনসন্ধিস্থানে সমসের খাঁ বরকন্দান্তের বৃহৎ চর্ম্মপাত্তকাদ্বর চট্ চট্ শব্দে পড়িতেছে, কেহ একহন্তে ও এক পায়ে রজ্জু বন্ধনে উচ্চ ধরণায় আলম্বিত, কেহ চীৎকার করিয়া কহিতেছে আমার হাত ভাঙ্গিয়া গেল বাপরে! কাহারও নখ ও আঙ্গুলির মধ্যভাগ খর্জ্কর পত্রের কণ্টকবিদ্ধ হইতেছে, তথা হইতে রক্ত টশ টশ করিয়া পড়িতেছে। কোথাও তৃইজন দাড়িতে দাড়িতে বান্ধা হইয়া লক্ষা মরিচের নস্তান্থাণে হাঁচিতেছে ও উভয়ের মন্তকে মন্তকে যেন কোন কল কৌশলে টক ঠক ঠেকাঠেকি হইতেছে।

লজ্জার বিষয় কি কহিব! স্ত্রীলোকদের কি লাঞ্ছনা! তাহারা নিরাশ্রয় দরিন্ত লোক! যাহারা অনেক গোলযোগ অনেক অর্থ ব্যয় করিতে পারে তাহাদেরই আপিল আছে। কিন্তু ইহাদের আপিল ঈশ্বরের নিকট ভিন্ন আর কোপায়! কিন্তু এই প্রাঙ্গণ ইন্দ্রিয়-কেলির ক্ষুত্র অভিনয়স্থল! যেমন একদিকে নিষ্ঠুরতা অশ্লীলতা আবার আর একদিকে হঠাৎ দেখিলে দাতব্যের রঙ্গভূমি বলিয়া বোধ হয়। তিন চারিটি শীর্ণ জ্যোতিহীন দরিত্র নীচজাতীয় লোক আজ নৃতন বস্ত্র পরিয়া প্রচুর আহার সামগ্রী অন্ধ মংস্ত দধি ও হ্রন্ধ মিষ্টান্ধ ভক্ষণ করিতেছে। ইহারা কে ? শুনিলাম একরারি আসামি, ইহাদের গৃহদ্বার, চালচুল ও জ্বোৎজমি বাল্বভূমি কিছুমাত্র নাই, বিবাহ হয় নাই কিন্তু এইবার ভাগ্যোদয় হইবে। ইহারা ডাকাইতের মুটে বা তল্পিদার হইয়া আসিয়াছিল কহিবে, দারগাকে ডাকাত ধরিয়া আহত করিতে দেখিয়াছে তাহাও উচ্চ বিচারস্থলে মুক্ত কণ্ঠে স্বীকার করিবে: তাহা হইলেই সরকারের তরফ সাক্ষী হইবে, খালাস পাইবে; আর খালাস পাইলেই চৌকিদারী চাকরাণ পাইবে, চৌকিদারী কর্ম পাইবে ও তাহা হইলে দেওয়ানজী সাধি বাগ্দিনীর মত ক্সার সহিত তাহাদের বিবাহ দিয়া দিবেন, তাহার। সস্তানসস্ততি লইয়া এীমস্ত পুরুষ হইবে। দেওয়ানজী তাহাদিগকে এই সকল ভাবি সোভাগ্যের প্রলোভ দিয়াছেন; বুঝাইয়াছেন, তাহারাও ভাল ৰুবিয়াছে যে, একটু মিথ্যা বলিয়া যদি কপালে এত মুখ হয় তবে আর কাঁথা বগলে কি আবশ্যক ?

এই এজলাস দর্শন করিয়া প্রভাতে পুনরায় যাত্রা করা গেল। কিয়দ্ধুরে না যাইভেই ডাকবাবু চাটুয্যে মহাশয়ের দৃত আসিয়া ঘেরিল। কোম্পানি বাহাছরের ছকুম, তিনি আমাদের চারিজন বেহারা লইবেন, পশ্চিমাঞ্চলে মুদ্ধ হেছু বেহারা পাঠাইবার জন্ম তাঁহার প্রতি ছকুম আসিয়াছে, কারণ এ চারি জন

বেহারা না হইলে লড়াই ফতে হইবার নহে। অনেকক্ষণ উভয়দলে বিবাদ, প্রোয় দাক্সা উপস্থিত। নীলমণির অনেক টাকা, তিনি মুদ্রাদ্বয় দিয়া রক্ষা করিবার চেষ্টা করিয়াছেন। আমি দূতের সর্দারের নাম্ জিজ্ঞাসা করিয়া কহিলাম এই তোমার নাম লিখিলাম; মেজেন্টর সাহেবের কাছে লিখি, বলিয়া সঙ্গে সঙ্গে কাগজ কলম লইয়া খস্ খস্ করিয়া ইংরেজি টানিতে লাগিলাম, দৃত ইংরেজি লেখা দেখিয়াই ভয় পাইয়াছে। কহিল বক্সিস চাই না, টাকা ফেলিয়াই ডাক ঘরে সন্থাদ দিতে দেড়িল, আমারাও এদিকে শিবিকা উঠাইয়া দিলাম।

আবার চলিতে আরম্ভ করা গেল। এতক্ষণ প্রান্তরে কোথাও
শক্তক্ষেত্রের বাঁধ হইয়া কোথাও নদীর কূলে উচ্চ সেতৃ হইয়া আমাদের
দলবল চলিতেছে। নদীর জল অনেক দূর—চরসমূহে কোথাও কেশে,
কুশ, উলু, বেনার শুল্রদল বাতাসে হেলিতেছে, ঘুরিতেছে তরঙ্গমালার স্বরূপ
পুচ্ছবিস্তাব উন্নত বিন্নত হৈতিছে। দূবে জ্বলের সহিত মিশিয়া প্রকৃত
জ্বলবিস্তার বলিয়াই এইরূপ শুম জ্পাইতেছে যে বিখ্যাত কোন তন্তবায়
চূড়দাস ভায়া সঙ্গে থাকিলে সাঁতার কাটীতে অবশ্যই সে বনে লম্বমান
হইতেন। যাহা হউক এ দেশে বান্ধা বাস্তা" নাই, তথাপি আমাদের গমনের
এখনও অসুবিধা নাই।

কয়েকটি প্রান্তর অতিক্রম করা গৈল। আকাশে হিমাগমের শুদ্র রাশি রাশি কার্পাসপিঞ্জিত মেঘাকৃতি মেঘমালা নিমে বিস্তৃত সমতলক্ষেত্রের মধ্যে মধ্যে এক একটি বৃহৎ অশ্বন্থ বা বটবৃক্ষ কিশ্বা কোন স্থানে পদ্মকুস্থমে শোভিত জলাশয় ভিন্ন আর কিছু দেখা যায় না।

এই বিস্তৃতক্ষেত্র অভিক্রম করিয়া একটি কুজ খালের ঘান্টে উপস্থিত হওয়া গেল; এইটা জেলার এক রাজমগুলের (পরগণার) শেব সীমা—এইটি পার হইলেই সদর রাজ বিভাগ। খালটি অভিক্রম করিয়া একটা বৃহৎ মৃত্তিকা নির্দ্ধিত সেতৃ দৃষ্টি হইল, কেহ কহিয়া উঠিল "ওরে এই নয়া সড়ক।" কিছ সড়কে কেহ উঠিল না, তাহার তলে তলেই সকলে চলিল। আমি ভাবিলাম পথ থাকিতে বিপথে কেন গমন ? কিছু বাহকেরা তাহা ভাবিল না, সেতৃর পদতল হইয়াই আঁকিয়া বাঁকিয়া কালা; কাঁটা, জল ভালিয়া ছছোট খাইয়া কথা কহিছে কহিতে কিয়দ রে একটা জনপদে বিশ্বামন্থলে সকলে উপনীত হইলাম। এই চটিটি একটি বৃহৎ ক্রোলাধিক লম্বা দীর্ঘিকাতটে সংবেশিত হইয়াছে কিছু ভাহার প্রবেশস্থলে দৃঢ় ফটকপার্বে আলা হিন্দি বচনপ্রয়োগী পিয়াদাম্ম দণ্ডায়মান রহিয়াছে। আমরা নিকটন্থ হইবা মাত্র কহিল "এই! সরকারি মাসুল দিয়া

যাও।" একজন কহিল কিলের মাস্ত্রণ ? কিলের মাস্ত্রল মজাটা দেখাব "নৃতন সড়ক দিয়া এলে না, ঢোল জারি আছে জান না।" ঢোল জারিকে ধক্তবাদ দিয়া আমরা চটিতে প্রবেশ করিলাম। সকলে চলিল। আমি একটি সাধীকে ইহার কারণ জিজ্ঞাসা করিলাম। তিনি কহিলেন যে, এই নন্দনপুরের থানা—খালের এই পারে চাঁদা সংগ্রহ হইয়া থাকে, সকলকে কর্দ দিতে হয়, সেই টাকাতেই ঐ সেতু নির্মাণ হইয়াছে। এই সেতুপথনির্মাতা বিশ্বকর্মার মহাকীজি—শুক বা শীতকালে চলিলে পথিকের পদ পরিকার থাকে। বর্ষাকালে গমন করিলে কর্দমে নিমগ্র হইয়া মরণের মাত্র আশারা থাকে। একটি বৃদ্ধ বাহ্মণ ঐরপ কর্দমে মরায় এই ময়দানের নাম বামনমারী বিশ্বয়া হইয়াছে।

এদিকে আর একটি কীর্ত্তি দেখা গেল। ঐ ক্রোশাধিক বিস্তৃত দীর্ঘিকা, সকলে উহাকে "অমুর খাদ" বলে—শত শত বৎসর উহার একঁই ভাব, একই আকার রহিয়াছে, জলের হ্রাস বৃদ্ধি বড় কেহ দেখে নাই, চতুঃসীমায় দশখানি গ্রামের সহস্র খান ধান্যভূমি এই জলে কর্ষণ হইয়া থাকে, প্রচুর মৎস্ত জন্ম—ইহাও আশুতোষ বাবুর জমিদারীর অন্তর্গত, ইহা তাঁহার প্রজাদের বিশেষ সম্পত্তি—এই দীর্ঘিকা পল্লীস্থ, দেশস্থ, পথস্থ সহস্র সহস্র লোকের জীবনস্বরূপ। দীর্ঘিকার চতুঃপার্শ্বের মৃত্তিকারাশি পাহাড়ের স্বরূপ উচ্চ, তাহার উপর মধ্যে মধ্যে এক একটি পুরাতন শাল্লী বা তেতুল বৃক্ষ দণ্ডায়মান, একটি তেতুল তলে পুরাতন ইপ্টকরাশি। সকলে কহে অমুর এই দীর্ঘিকা খনন করে, ঐ স্থানে তাহার গৃহ ছিল, এখন তিনি পীর হইয়াছেন, কারণ হস্তপদ্বিচ্ছিন্ন কতকগুলি মৃণ্ময় হস্তী হয় সেইস্থানে রাশীকৃত হইয়া রহিয়াছে। দেশে এরূপ অসুরের আর জন্ম নাই। *

এই দীর্ঘিকাতটেই আমরা বিশ্রাম করিলাম। বিপণিশ্রেণীর সম্মুখে পঁছছিবা মাত্র একটা বৃদ্ধা তামুলিনী যেন কতকালের পরিচিতা জনের স্থায় আমার পিতামহঠাকুরের নাতি বলিয়া নিকটে আসিয়া আমাকে ও কতকগুলি অভ্নত বালককে কত আদরসহ গৃহে লইয়া গেল। বুড়ি হাসে আর বলে "এই—গলাধর "মেজেন্টর" এই নীলমণি দেওয়ানজীর আদরের পুত্র—না জানি বাবাজির মায়ের প্রাণটা আজ কত ধড়ফড় করিতেছে।" 'সেই গৃহ কিয়ৎকণের জন্য আমাদের গৃহ হইল। বৃদ্ধার নাতি নাতিনী সকল শিশুরা আমাদের সঙ্গী হইল। বৃদ্ধার একটি গৌরাঙ্গী বন্ধাা বধু গাভীদোহন করিয়া সজে সজে আমাদের হন্ধ আনিয়া দিল। এক সন্তান বড়সি লইয়া মৎস্থ আহরণে দীন্তির দিকে দৌড়িল। একটি ছেলে পিয়ারা বৃক্ষে আরোহণ করিল আর একটি শ্রশা

বনে আকশী হন্তে প্রবেশ করিল। আহারান্তে মহাদেবার মা আমাদের তিন পুরুবের গল্প আরম্ভ করিল—কখন পিতামহ মহাশয় তাহার ঘরের ছ্ম ভাল বলিয়াছিলেন, কখন জ্যেষ্ঠতাত মহাশয় তার হাতের মুড়ি ভাজা বড় "লুণখর" বড় মিষ্ট কহিয়াছিলেন, কখন দেওয়ানজী তাহার গাছের আমড়া অতি মধুরাম্বল বলিয়া সুখ্যাতি করিয়াছিলেন এই সব অভ্যন্ত ছড়ার ন্যায় কহিল। আবার কাহার কাছে কয় গণ্ডা কড়ি বা কাপড় পুরস্কার পাইয়াছিল তাহাতেও কেটি করিল না, তাহার সঙ্গে সঙ্গে আমার নিকট ও আমার সঙ্গী বালকদের নিকট ও নিলমণি বাবুর নিকট কি কি সামগ্রী পাইবার হকদার তাহাও অগ্রে

কথা শেষ হইলে ভৈরব কহিয়া উঠিল "তামূলী মাসির পনর আন। মিখ্যা।" তামূলী মাসি তাহার পিতাকে অভিশম্পাত দিয়া উত্তর দিল দোকানে জব্য লইয়া মূল্য না দিয়া প্রস্থান করা অপেক্ষা এ গল্প ভাল।

ভৈরব। ধদি কর্ব গল্প ভবে কেন হয় অল্ল।

আমি ভাবিতেছি কতক্ষণ পথের শেষ হইবে। যাত্রা করিতে বাস্ত হইয়াছি, মহাদেবার মা কহিল এত ছরা করিবার আবশুক কি ? এই ঘাট পার হইলেই পাদরি সাহেবের গিরজার চূড়া দেখা যাইবে। তাহার স্থপরামর্শে আমরা कर्नभां कित्रमाम ना, विलय कित्रल जांजि इटेंट वृक्षिया छाटात शाभा वल मित्रा যাত্রা করিলাম। এখন পথনিশ্মাতার গৌরব ক্রমে প্রকাশ পাইতে লাগিল-নুতন মাটীতে এক হস্ত পরিমাণ গভীর কর্দম। যেখানে মাটী নাই এক বুক জল, কোখাও জল এড়াইবার জন্য কন্টকবনপরিপূর্ণ উচ্চ জাঙ্গাল দিয়া যাইতে হয়, কোথাও আবার শিবিকা বাহকগণের মন্তকোপরি উখিত হইয়া জলা উত্তীর্ণ হইতে হয়—কোধাও কৃত্র খাল। যে খালের সেতৃর উপর এখন भिषक क्षेत्रमा अवरा कामन मयामाग्री श्रेष्ठा निजावसाग्र वाष्ट्रीग्रयात বাহিত হন সেকালে তাহার উপর কোন বদান্য জনের সাহায্যে একটি বুড় 😘 অৰখ বৃক্ষশাখা প্ৰপাত হইয়া শাঁকোর কাৰ্য্য করিত। এখানে শিবিকা হইতে অবতীর্ণ হইয়া বৃক্ষশাখায় ভদ্র পধিকজনকে আরোহণ করিতে হইড, শুড়ি পার হইয়া কুন্ত শাখা অবলম্বন করিয়া অপর পারে উত্তীর্ণ হইতে হইত। আবার কোথাও যেখানে বাদশাহী সভ্কের পাকা পুলের ছই পার্শ হইতে মৃত্তিকারাশি বক্সার স্রোতে বাহিত হইয়াছে সেস্থানে গ্রাম্য ডোঙ্গাডে চারিজন করিয়া পরপারে যাইতে হইত, ঐ নৌযানে চড়িয়া প্রাণ যথার্থ ই হাতে রাখিতে হইত। যান উলমল

করিলেও আরোহিগণকে স্থির হইয়া থাকিতে হইবেক এই পণে চড়িতে হইত। এইরপ একটি খাল পার হইতে হইতেই আমাদের এক বিপদ উপস্থিত, নিলমণির প্রিয় কপোতপিঞ্চর খসিয়া জলে পড়িল আর ভাসিয়া গেল। নগরে উহা অপেক্ষা ভাল পায়রা পাওয়া যায় কহিয়া তাহাকে সকলে সাস্থনা করিলাম।

দাত্রিংশ পরিচ্ছেদ

द्राष्ट्रेम ध्रम हिमन

যে তুর্গম পথে আমরা এই মাত্র ভ্রমণ করিতেছিলাম তথায় এক্ষণে ক্ষেত্রমধ্যে একটা স্থল্বর সেতৃ গ্রন্থিত অতি ঋজু পথ দেখিতে পাওয়া যায়, দূর হইতে সেতৃটির বড় শোভা, শত শত উন্নত খিলানের স্থগোল পরিধিস্ত্র আকাশপটে অন্ধিত বোধ হইতেছে, সেই খিলানের গর্ভ দিয়া অপর দিকে বহুদূরে শ্বেতীকাশ শস্তক্ষেত্রে সংমিলিত; আবার সেতৃপার্শ্বে স্থগঠিত স্তস্তোপরি তাড়িতবার্ত্তাবাহী তার লম্বমান—যেন ভূমগুলের যজ্ঞোপবীত স্থশোভিত। বাস্তবিক পাশ্চাত্য পথের ত্রাবস্থার সহিত এই পথেব সৌন্দর্য্য ও স্থবিধা আলোচনা করিয়া দেখিলে অমুভব হয় যেন স্বর্গারোহণের পথ।

স্বর্গারোহণের পথ অতি হুর্গম্। পথে বিপদ থাকুক বা না থাকুক দ্বারটি দূষমনের বাস। যমদূতের হাত অতিক্রম করিতে পারিলে সেই পথের পথিক হইতে পারা যায়, আবার শুনা যায় সেই দ্বারে সেই দূতগণের সাহায্যার্থ ভয়ানক काल त्निशाली कुकूत विश्वमान ; यमालायत नियमासूमात मकलाक खाडी विखात পূর্বক ভয়প্রদর্শন করানই তাহার প্রধান কার্য্য, উদর পূরণের প্রধান উপায়। এই যমদারের প্রতিরূপ মর্জ্যে রেইলওয়ে ষ্টেসন ঘর। ইতিপূর্ব্বে এই পথে একক চলিতে চলিতে যে সেতু দেখিতে পাই তাহার পাশে সম্বর একটি শুদ্র প্রাসাদ নয়নপথে পড়ে। এটি একটা গাড়ি থামিবার স্থান। "ষ্টেশন ঘর।" তথায় পঁছছিয়া দেখিলাম দে স্থানটি অতি স্থন্দর, স্বল্পকাল মধ্যে স্থরম্য কানন শোজ্ঞিত मानववारमाभरयाती चढ्ढांनिका भूर्व इहेशारह। किन्न भृटि सुन्मत्र इहेरलक यमानग्र, যমদূতের অধিকার, চারিদিকে কেবল কাল চাপকান কমলের কোট সজ্জিত, প্রস্তর করলা চূর্ণ প্রলেপিত, মাসক তৈলসিক্ত দৃত ভূতের ত্বমন মৃখঞ্জী ইতস্ততঃ জমিতে দেখা যায়। যেখানে কেবল অসভা ক্ষেত্রজীবের বাক্য শুনা যাইত এখন সেইখানে সুসজ্জিত সুসভ্য নানা লোক পাদচালনা করিতেছে। কণ্টকাকীর্ণ জঙ্গল বিনিময়ে বিপণিজ্ঞাণী নিৰ্দ্মিত হইয়াছে। কাদা জল বিনিময়ে ডজন ডজন সোডা-ওয়াটরের অগ্নিঅন্তরূপ কার্ক ছুটিভেছে। জঙ্গলজাত পরিকুল সেকুল পরিবর্তে রস্তা, আম, বেদানা, ও আতার এলাইচদানার ছড়াছড়ি। যেখানে ভাও হত্তে করিয়া কাঙ্গালি শিশু, ছিন্ন বস্ত্র দরিজ দিগস্বরীগণ ক্ষেত্র হইতে শস্তু পুঁটিত, যেখানে চটের থলিতে থাত্য সংগ্রহ হইত এখন সেখানে সুরঙ্গিণ রেশমি ছাতা, ক্ষারপেট ও চাকচিক্য বার্ণিস লেদার নিশ্মিত ব্যাগ, প্রকৃতার্থে হাতে হাতে ঠেকিতেছে বিবাদ লাগাইতেছে। ক্রমে ভিড় বাড়িল; তিলকধারী উড়ের দল, শাক্রাধারী নেড়ের পাল, বিদায়ের কলসী হস্তে ব্যতিব্যস্ত তর্কভূষণ, জাহাজের সারেক্স মিয়া মাজন, পাত্রপূর্ণ সন্দেশ হস্ত কুঞ্জর মা চাকরাণী, তার পাশে স্থলকায় অবহ্যন্তনতী রাম ঘোষের গৃহিণী; পাদরি ফিরিঙ্গি, মলঙ্গি, ব্যাপারি মহাজন সকলেই এক সংকর্ণী রেলবেঙ্কিত পান্থগামী। পাগড়ি পড়িতেছে, ছাতা হস্তান্তর হইতেছে, সন্দেশের হাঁড়ি ভাঙ্গিল, ক্রন্দনের রোল উঠিল "গেলাম" "গাঁ ধাঁ" চড় চাপড়ের শব্দ শুনা যাইতেছে; তার মধ্যে কর্কশ কণ্ঠোচ্চারিত চীৎকার বাক্য "বেটিকিট ওয়ালা বাহার যা" বলিবৃন্দ কর্ণভেদ করিতেছে। এই তৃতীয় শ্রেণীস্থ

অপর শ্রেণীর টিকিটক্রয়ের গবাক্ষের নিকট আর এক শোভা বিস্তার হইয়াছে। সেই কক্ষসংলগ্ন একটা স্থচাক্র কামরা রসময় কোমল মুখঞ্জীতে সুশোভিত। তশ্মধ্যে একটি ধনাঢ্য যুবা ও তৎপার্শ্ববর্ত্তী একটা চঞ্চলনয়না স্বর্ণালঙ্কারা-বৃত কুশাঙ্গী কামিনী যাদৃশ সুন্দর ততোধিক স্থুন্দরী দেখাইবার কামনায় ওচ্চে, গণ্ডে গোলাপী আলতা রাগে রঞ্জিত করিয়া সম্মন্নাত কেশগুলি মুক্তভাবে ছুই পার্ণে ফিন্ফিনে বস্ত্রমধ্যে আলম্বিত করিয়াছে। এদিকে গাড়ি আসিবার দেরি নাই, কারণ গাড়ি বারান্দায় ঘন্টা বাজিয়াছে; স্বুদুরে শুভ্র মাস্তলের একটা হাত খট করিয়া নামিয়াছে, টিকিট বাবুও কট কট করিয়া টিকিট কাটিভেছেন, ব্যঙ্গ করিতেছেন, দস্ত দেখাইতেছেন, গালি পাড়িতেছেন মধ্যে মধ্যে চড় চাপড়ও ভূলিতেছেন, আবার উচ্চ শ্রেণীস্থ জেন্টলম্যান অর্থাৎ বিলাতী সাহেব মানুষ দেখিলে বিনীতভাবে করযোড়ে "লিটল ওয়েট সার টিকিট গিব" কছিয়া নমজা রালির পরিচয় দিতেছেন। তাঁহার চালাকি, ভল্লিরলি, প্রভুলালির দেখিয়া মনে করিলাম টিকিট ক্রের করা বড় বিভাট, এখানে মানী লোকের যান থাকা হছর। আবার বেমন ঘারী তেমনি তাহার আজ্ঞাবাহী শান্তিরক্ষক। টিকিট বাবুর ইঙ্গিতমাত্র দরিজ পথিকজনের অংশ মর্দান, কর্ণমলন প্রভৃতি কার্ব্যে ডৎপর, আবার কাহার প্রভি বিশেষ সামুকৃল দেখিলাম প্রায় শভ পদের বাহিরে একটি স্তম্পার্শে দাড়াইয়া দেখিতে আরম্ভ করিলাম। টিকিট বাবুর মুখঞ্জী এখন বিলক্ষণ করিয়া দেখিলাম। ঘোর শ্রামবর্ণ মুখে আঁখির কৰিকা হইতে স্কৰী পৰ্যান্ত নিবিড় শাক্ষকেশ ভূবিত মুখঞ্জী, কেল পেটা আচুর

তৈলসিক্ত, মন্তকে ঘেসও রজের টুপি, সামনে তিনটি জরির অক্ষর বিনির্শ্বিত, টেবিলের উপরিভাগে মাষ্টার বাবুর বক্ষঃস্থল পর্যান্ত দেখা যাইতেছে, কাল আলপাখার চাপকানে, নীলমুতের সেলাই দেদীপ্যমান, সর্ব্বোপরি সাদা বোতামটি ঘর হইতে খসিয়া উপ্টাইয়। পঁড়িয়াছে ও গলার নীচে স্থপক জামের আভা বাহির করিয়াছে। তাহারে আমি দেখিয়াই চিনিলাম ত্যমন চেহারা—আমার সঙ্গী ভৈরব কহিয়া উঠিল এই ত সকলের ভীম মাষ্টার।

টিকিট বাবু এক একটা লোকের প্রতি আবার দয়াবান; কাহাকে খুড়া বলিয়া সম্বোধন করিতেছেন ও "কম কম কেন সিংগলে কম" "রেলজম্পে কম" বলিয়া ইংরাজিতে আহ্বান করিতেছেন; একটি ভব্দ পথিক আমার নিকট দাড়াইয়া কহিলেন "দেখছেন কি ! জাতে কর্মফার যেমন লোহার মত চেহারা তেমনি লোহনির্মিত অন্তকরণ; এদেশে উহার নাম লোহার কার্তিক, আইরণ অক্টোবর রাষ্ট হইয়াছে। কোপায় স্কুল মাষ্টার ছিলেন কিন্তু মাষ্টার বাবু বলিলে ক্লিপ্ত প্রায় রাগান্ধ হন, প্রহার করিতে দৌড়াইয়া যান।"

আমি কহিলাম বিলক্ষণ চিনি আমাদের শিক্ষক ছিলেন। এদিকে পুলিস ম্যান কছর তেয়ারী দস্ত কিচমিচ করিয়া পাটি যুগলে দশ সালের খদির তাম্বলের পাটকেল রঙ্গের গাঢ় প্রলেপ প্রদর্শন করিতেছেন; সেই দস্ভের অনতি উপরে গোঁকের দল, হস্তীশিরে স্থুল কেশ স্বরূপ দণ্ডায়মান ; মস্তকে পীতাম্বরজ্বভূত উষ্টিষ, অঙ্গে কাল কম্বলের কোট, হাতে দণ্ড, ঠিক দণ্ডধর। তাহাকে সাস্থনা করিবার এই উপায় দেখিলাম। পান খাইবার জন্ম ছটি পয়সা তাহার হস্তে অর্পণ করিলে টিকিট পাওয়া যায়। ভৈরব সন্দার অগ্রসর হইয়া তাহাই দিল ও আমাদের প্রত্যেক জনের কত ভাড়া লাগিবে কহায় ১৩ আনা করিয়া কহিল। ভৈরব কহিল এক আনা কমিবে না ? পাহারাদার কহিল বড়বাবুকে জিজ্ঞাসা কর। বড় বাবু কহিলেন ''বারেন্দায় টেবিল রহিয়াছে পড়িতে চকু নাই।" ভৈরব অগ্রসর হইয়া বাবুকে চিনিল ও স্কুম্বরে গাহিয়া উঠিল "চূড়া ছেড়ে এবার পাগড়ি বেন্দেছে, এত আমাদের সেই মাষ্টার মশয়! টিকিট দেন ত।" একে "মাষ্টার তাতে মশয়" "বাবু" পর্যান্ত বলিল না, সম্বোধন শুনিয়া টিকিট বাবু মনে করিলেন যেন ভাঁহার অঙ্গে অগ্নিরাশি বিকীর্ণ হইল, যে লৌহ যত্ত্বে টিকিটে কট কট করিয়া চিহ্ন দিতে ছিলেন ছই হত্তে উঠাইয়া ভৈরবের মন্তকে নিক্ষিপ্ত করিতে চেষ্টা করিলেন; ভাগ্যক্রমে তাহা কাষ্ঠাসনে দৃঢ় আবদ্ধ ছিল। আমি দ্বরায় বিবাদস্থলে গমন করিলাম ও কহিলাম "বড় বাবুজী, ভৈরব চাষা, আপনার মর্ম্ম কি জানে টীকিট দেন।" যেন খঞ্চ ভীমকে আমরা কেহই চিনিতে পারি নাই এইক্রপ ৰ্যবহার করা গেল । টীকিট লওয়া সাঙ্গ হইলে "খোঁড়া ভাল আছ।" বলিয়াই

আবার ভৈরব প্রস্থান করিল। টিকিট বাবু জানিতেন যে স্থল মাষ্টার অপেকা সহকারী এস্টেশন মাষ্টারের পদ অনেক মানশালী। ছকুমে "ট্রেণ টচ" করে ট্রেণ ষ্ট্যার্ট করে গাড়ী থামে গাড়ী ফিরে গাড়ী চ্লে। ছকুমে রাজা মহারাজেরও গতি বন্ধ হইয়া যায়। এখনো জানেন না যে আবার ঘন ঘন ফৌজদারি স্পদ্দি

যাহা হউক আমরা এখন সকলে টিকিট ক্রেয় করিলাম। ভৈরব ইত্যবসরে হারাইয়াছে শুনা গেল, দূরে যাইয়া তামাক টানিতেছে, গাড়ি আগতপ্রায়, দ্বায় আসিতে আদেশ করায় ক্রুদ্ধস্বরে কহিল "পয়সা দিয়াছি ডাকিবে না !" যাহা হউক সকলে একত্র হইয়া গাড়ি বারেন্দায় দণ্ডায়মান হইতেই শকটপ্রেণী দূরে দেখা গেল। ভৈরব ভর্জন গর্জন শুনিয়া, অগ্নিরাশি ধুমপুঞ্জ দেখিয়াই পলাইল ও কহিল এ বড় আপদ আমি ৪ ক্রোশ পথ পায়ে শেষ করিব।

সম্প্রতি রেলগাড়ীর কথা যাক, পূর্ব্বকালিক পথের কষ্ট বর্ণন করিতে করিতে এই কথা পড়িয়াছিল। আমরা কয়েক দিনের মধ্যে নগরের নিকটস্থ হইলাম একদিন প্রাতে নগবের শত শত অট্টালিকা শ্রেণী, কত শত ধ্বজা মন্দির চূড়া শত শত অর্ণবপোতের পটদশু যেন পত্রশাখা বিরহিত শাল জঙ্গল গোধ্লির গগন ভেদ করিয়া নয়ন পথে আসিল। ক্রেমে আমাদের ভ্রমণ শেষ হইল। আমরা নগরে উপনীত হইলাম।



দেশ হইতে আমদানী জিনিষ কিনিতে হইলে এক্সচেঞ্চ দিতে হয়। এই এক্সচেঞ্চের দরুণ কখন কখন লাভও হয়। লাভই হউক, আর লোক-সানই হউক, শভকরা ২া৩ টাকার উপর এক্সচেম্ব প্রায়ই কখনই দিতে হয় না। কিন্তু আজি কালি শতকরা প্রায় ২২ টাকা এক্সচেঞ্চ দিতে হইতেছে। যদি কোনরূপ এক্স-চেঞ্চ না থাকে তবে এক পোণ্ডের জিনিষ এখানে ১০১ টাকায় বিক্রয় হয়। এক পাউত্তের রীতিমত দাম ১০১ টাকা। ১০ পাউত্তের জিনিব ১০০ টাকায় বিক্রেয় হয়। কিন্তু এখন ১০ পাউণ্ডের জিনিসের মূল্য ১২২ টাকা হইয়াছে। ইহার দরুণ যে শুদ্ধ যাহার। বিলাতী জ্বিনিস কেনে তাহাদেরই অমুখ হইতেছে তাহা নহে। ভারত-বর্ষীয় গবর্ণমেন্টকে প্রতি বংসর বিলাতে প্রায় এক কোটী পঞ্চাশ লক্ষ পাউত্ত অথবা পুনর কোটী টাকা পাঠাইতে হয়। এখন এই এক্সচেঞ্চ গোলমালের দক্রণ প্রায় ৪ কোটা টাকা অধিক পাঠাইতে হইতেছে। ইহার দক্রণ সমস্ত ভারতবর্ষ-বাসী প্রজাদিগেরট কট্ট হইতেছে। যেখানে ১৫:১৬ কোটী টাকায় সেখানে এখন ১০া২০ কোটা লাগিতেছে। এরূপ এক্সচে**ঞ্চ** গোলমাল হইবার কারণ কি 📍 এই প্রশ্নের মীমাংসা করিতে হইলে প্রতিপাভ বিষয় হুইভাগে বিভক্ত করিতে হয়। ১ম বিদেশীয় বাণিজ্য হইলেই অল্পবিস্তর এক্সচেঞ্চ কেন দিতে হয় ? ২য় আন্ধি কালি সেই এক্সচেঞ্চ এত বেশী কেন হইল ?

প্রথম নিয়মমত এক্সচেঞ্জ হইবার কারণ এই যে, যখন ছইটি দেশে বাণিজ্যা কার্য্য আরম্ভ হয়, তখন কিছু ক্রেয় বিক্রেয় নগদ টাকায় হয় না। বাণিজ্যা—বিশেষতঃ বিদেশীয় বাণিজ্য ধারেই নির্বাহ হয়। ফ্রান্সের লুইস যখন ইংলণ্ডের হেনেরির নিকট ব্যাতি বিক্রয় করিল তখন হেনেরি তাহাকে এক খত লিখিয়া দিল যে উহার দাম হয় মাস পরে দিব। আবার যখন ইংলণ্ডের জ্বন ফ্রান্সের চার্লসের নিকট কাপড় বিক্রয় করিল তখন চার্লসেও পূর্ব্বোক্তরূপ খত লিখিয়া দিল। এইরূপ ইংলণ্ডের উপর ফ্রান্সের ও ফ্রান্সের উপর ইংলণ্ডের অনেক খত ক্রমিল। ইংলণ্ডের লোক ফ্রান্সে ঠাকা পাঠাইতে হইলে নগদ টাকা না পাঠাইয়া

ফ্রান্সের কোন সওদাগরের সই করা খত ফ্রান্সে পাঠাইবার চেষ্টা করে। ফ্রান্সের লোকও ইংলতে টাকা পাঠাইতে হইলে ইংলতের কোন সওদাগরের সহী করা খত পাঠাইবার চেষ্টা করে। স্থুভরাং ঐ খতের নিয়মিত ক্রেয় বিক্রুয় ব্যবসায় চলে! मानालिता এই ব্যবসা চালায়। যেমন অনা ব্যবসায়ে श्रिनिय कम ও **थित्रममात त्यें इंट्रेल क्रिनिरमत माम अधिक इग्न ७ श्रिनमात कम ७ क्रिनिम** বেশী হইলে জিনিসের দাম কম হয়, খতের ব্যবসায়েও ঠিক তাহাই হয়। কখনও খত অধিক মূল্যে কখন অল্প মূল্যে বিক্রুয় হয়। কেবল অধিকের মধ্যে এই যে অন্যান্য জ্বিনিসের মূল্য অনেক বাড়িতে ও অনেক কমিতে পারে, খতের ব্যবসায়ে তাহা হয় না; যদি নিতান্ত অধিক মূল্য হইয়া উঠে তবে লোকে খত না কিনিয়া টাকাই পাঠার স্থতরাং খতের মূল্য টাকা পাঠানর খরচ পর্য্যন্ত বাড়িতে কমিতে পারে ইহার অধিক বা অল্প হইতে পারে না। মনে কর ইংলণ্ড হইতে ফ্রান্সে এক শত পাউণ্ড পাঠাইতে ২ পাউত্ত খরচ হয়। ১০০ পাউত্ত খতের দাম যদি ১০০ পাউত্ত উঠে লোকে সে খত কিনিবে কেন ? তাহাতে তাহাদের কি উপকার হইবে। তাহারা নিছের খরচে টাকা পাঠাইলে তাহাদের এক পাউও লাভ হইবে। অভএব নিয়মিত বাবসায়ের এক্সচেঞ্চ, টাকা পাঠানর ধরচের অধিক বা অল্প হইতে পারে না। সচরাচর আমরা যে অল্প বিস্তর এক্সচেঞ্জ দিয়া থাকি ভাহার কারণ এই, আর কিছুই নহে। মনে যেন থাকে যে টাকা পাঠানর খরচ অপেক্ষা এই এক্সচেঞ্চে অধিক হইতে পারে না। আর এই এক্সচেঞ্চ প্রতাহ পরিবর্ত্তনশীল। আজ শতকরা ২ টাকা বেশী দিতে হইল, কালি আবার শতকরা ২ টাকা কম। কিন্তু ছুই টাকার অধিক কখন উঠিবে না।

এখন লোকে মনে করিতে পারেন যে যাহারা খত কিনিবে তাহারাই এক্সচেঞ্চ দিবে। অস্ত লোকে দিতে যাবে কেন? তাহার উত্তর এই যে বিদেশে টাকা অধিকাংশই ব্যবসায়ীদিগের পাঠাইতে হয় স্থতরাং তাহাদের নিকট হইতে জিনিস কিনিতে হইলে তাহারা সেই এক্সচেঞ্চ খরিদদারের নিকট হইতে আদায় করিয়া লইবে। স্থতরাং যে কেহ বিদেশের আমদানী জিনিস কিনিবে তাহাকেই এক্সচেঞ্চ দিতে হইবে।

আমরা এভক্ষণ যাহা বলিলাম তাহা ফ্রান্স ও ইংলণ্ডে সাজে। কারণ ছুই জায়গায়ই সোণার টাকা চলন। রূপার টাকার চলন এই ছুই দেশে প্রায় নাই

মিল বলেন টাকা পাঠানর উপর আরো কিছু দিতে হয়। বে দালাল হইবে

তাহার লাভও দিতে হয়।

বলিলে অত্যুক্তি হয় না। কিন্তু ভারতবর্ষের সঙ্গে একথা নহে, ভারতবর্ষে ক্ষপার টাকা চলন ইংলণ্ডে সোণার টাকা চলন স্বতরাং ভারতবর্ষের সঙ্গে ইংলণ্ডের ব্যবসায়ে এই হুই ধাতুর মূল্যের ন্যুনাধিক্য প্রযুক্ত আর এক প্রকারে এক্সচেঞ্চ ছইবার সম্ভাবনা। কখন সোণাঁর দর অধিক হয় কখন সোণার দর কম হয়, কখন রূপার দর অধিক হয় কখন উহার দর কম হয়, ভারতবর্ষে রূপার টাকা চল্ডি, ভারতবর্ষের লোক রূপার দাম কম বৃদ্ধি বৃঝিতে পারে না। ভাহারা মনে করে রূপার দাম যা ছিল তাই আছে। যখন রূপার দাম বাড়ে তখন তাহারা ভাবে সোণার দাম কমিয়াছে। যখন রূপার দাম কমে তখন ভাবে সোণা মহার্ঘ হইয়াছে এইরূপ ইংলণ্ডের লোকও ভাবে। কিন্তু চিন্তালীল লোক মাত্রেই দেখিতে পান কাহার দাম বাড়িয়াছে ও কাহার কমিয়াছে। যাহারা গুই দেশে বাণিজ্য করে তাহারা টের পায় যে এক্সচেঞ্চ বাড়িতেছে ও কমিতেছে। যে দেশের এক্সচেঞ্জে লোকসান তাহাদের টাকার দাম কমিয়াছে যে দেশের লোকসান নাই বা লাভ আছে তাহাদেরই টাকার দাম বাড়িয়াছে। যখন ক্সপার দাম কম হয় বা সোণার দাম বেশী হয় তখন এক্সচেঞ্চে ভারতবর্ষের লোকসান ও যখন রূপার দাম বেশী হয় বা সোণার দাম কম হয় তখন ভারতবর্ষের লাভ। বর্ত্তমান সময়ে সোণার দাম বড়ই বাডিয়া গিয়াছে। যে সোণা ১৬ টাকায় ভোলা বিক্রয় হইত তাহারই মূল্য এখন ১৯॥০ সাড়ে উনিশ টাকা। ষে পাউও ১০ টাকা ছিল তাহার দাম স্মৃতরাং ১২ টাকার উপর উঠিয়াছে।

যখন এক্স্চেঞ্জ বড়ই লোকসান হইতে লাগিল, যখন এক্স্চেঞ্জ শতকরা ছই টাকা লাভ থেকে একেবারে শতকরা ১০। ১২ টাকা লোকসান হইতে লাগিল, তখন সকলে ভাবিত যে এক্সচেঞ্জের এ লোকসান প্রথম কারণ বশতঃ হইয়াছে। •অর্থাৎ ভারতবর্ষে ইংলণ্ডের উপর বিল অধিক হইয়াছে ইংলণ্ডে ভারতবর্ষের উপর বিল কম হইয়াছে। ব্যবসায়ের রিপোর্টে দেখা যায় যে প্রভিবংসর ভারতবর্ষ হইতে প্রায় ৬০ কোটা টাকার জব্য বিলাভে যায় বিলাভ হইডে ৪০। ৪২ কোটি টাকার জিনিস আসে; স্তরাং ভারতবর্ষে বিলের দাম সন্তা হইয়া এক্সচেঞ্জে ভারতবর্ষের লোকসান। কিন্তু পূর্ব্বেই উক্ত হইয়াছে প্রথম প্রকারে এক্সচেঞ্জে শতকরা ২। ৩ টাকা অপেক্ষা অধিক হইতে পারে না অর্থাৎ ভারতবর্ষ হইতে ইংলণ্ডে টাকা পাঠাইবার খরচ যাহা ভাহা অপেক্ষা অধিক হইতে পারে না। ভাহার পর আরও প্রমাণ হইল যে, ভারতবর্ষ হইতে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে প্রতিবংসর ১৫। ১৬ কোটি টাকা নানাবাবদে বিলাভে পাঠাইতে হয়। ঐ ১৫। ১৬ কোটি টাকা নগদ না গিয়া উহার পরিবর্ষ্তে মাল যায়। স্মৃতরাং ইংলণ্ড হইতে যে মাল আসে, ভাহা অপেক্ষা ভারতবর্ষ হইতে ব্যর্ষে বর্ষে ১৫। ১৬ কোটি টাকা নগদ লা গিয়া উহার পরিবর্ষ্তে মাল যায়। স্মৃতরাং ইংলণ্ড হিতে যে মাল আসে, ভাহা অপেক্ষা ভারতবর্ষ হইতে ব্যর্ষে বর্ষে ১৫। ১৬ কোটি

টাকার অধিক মাল যাওয়া চাহি। তাহার উপর ইংলণ্ডের লোকের অনেক টাকা ভারতবর্ষে থাটিতেছে, তাহার স্থুদ প্রতিবৎসর ইংলণ্ডে যাইতেছে। সেও নগদ যায় না জিনিদে যায়; স্থুতরাং ভারতবর্ষে যদি ৪০।৪২ কোটা টাকার জিনিস আসে ত ভারতবর্ষ হইতে ৬০ কোটি টাকার জিনিম যাইবে; যখন বিলাতে পৌছছিবে তখন পথখরচ সমেত এই জিনিসের দাম ৬৪ কোটা টাকা হইবে। এই ৬৪ কোটি ভারত দিল, ইহা হইতে ইংলণ্ড হইতে আমদানীর দাম, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের হোমচার্জ্জেস ও বিলাতীয় টাকার স্থুদ সব প্রাপ্ত হইবে। এক্সচেঞ্চ কম বেশী হওয়ার দরুণ ব্যবসায়ে ভারতবর্ষীয়দিগের লোকসান হয় নাই। ভারতবর্ষ ইংলণ্ডের উপর যত বিল রাখে ইংলণ্ডেরও বিল, সেক্রেটরী অব স্টেটের ড্রাক্টে ও অক্সান্ত রকমে প্রায় ততই হইয়া উঠে স্থতরাং ভারতবর্ষে ইংলণ্ডের উপর অধিক বিল থাকিলে যে এক্সচেঞ্চ গোলমাল ঘটিত তাহা আর ঘটে না, কারণ বাস্তবিক বিল উভয় দেশে সমান সমান আছে।

অনেকে আবার বলিয়াছিলেন যে ভারতবর্ষে রূপা সন্তা হওয়ায় দক্ষণ একসচেপ্তে লোকসান হইতেছে। ১৮৫১ সাল হইতে যথন সোণা বড়ই সস্তা হইতে আরম্ভ হইল, তখন ইউরোপীয় গবর্ণমেণ্ট সকল রূপার টাকা ভাঙ্গিয়া এসিয়ায় পাঠাইতে লাগিল। আবার ঠিক এই সময়েই ভারতবর্ষে বড় বড় রেলওয়ে স্থাপিত হইতে লাগিল। সমস্ত রেলওয়েই বিলাতের টাকায় তৈয়ারি, মুভরাং অনেক রূপা ঐ সময়ে ইংলণ্ড হইতে ভারতবর্ষে আসে। ভারতবর্ষে রূপার টাকা চলিত স্থুতরাং রূপা পাঠানতেই রেলওয়ে কোম্পানীর স্থবিধা হইতে লাগিল। রূপার দরকারও বিলাতে কম হইতে লাগিল। এইরূপে অধিক রূপা দেশে আসার দরুণ এদেশে রূপা সন্তা হইত, যদি যত রূপা আসিয়াছিল সমস্তই টাকা হইয়া চলিত। কিন্তু অনেক রূপা টাকা রূপে চলিতেছে না অনেক লোক টাকা পুতিয়া রাখিয়াছে। ব্যাঙ্কিং এখানে ভাল নাই স্থভরাং এ দেশের লোক যাহা কিছু সঞ্চয় করে ভাহা হয় গহনা গড়াইয়া রাখে না হয় পুভিয়া রাখে স্বভরাং রূপ। যখন বাজারে অতিরিক্ত পরিমাণে না রহিল তখন রূপা সন্তা হইল কেমন করিয়া বলিব। আর এদেশে রূপা সন্তা হইলে জিনিস পত্রের দাম মহার্ঘ হইত তাহার সন্দেহ নাই, কিন্তু তাহা হয় নাই। অকাল ছতিক পড়ার দরুণ যে সকল জিনিসের দাম মহার্ছ হইয়াছে মাত্র, তাহা ছাড়া আর সর্বত্ত যে দাম ৫। ৭ বৎসর ধরিয়া ছিল সেই দামই আছে স্তরাং রূপা সন্তা হয় নাই। অতএব তুই চারি জন প্রধান সংবাদপত্র-ওয়ালা ৰে বলিয়াছিলেন যে জর্মনির বাতিল রূপা কিনিরা রাখিলে এক্সচেলে স্থবিধ। হইবে, ভাহা ঠিক নছে। এক্লপ কিনিলে এক্সচেলে এক্টু লাভ ছইড সন্দেহ নাই কিন্তু যে টাকা দিয়া কিনিতে হইত তাহার স্থদ দিড কে ?

এখন অনেক অমুসন্ধানের পর জানা গিয়াছে যে সোণা মহার্ঘ হইয়াছে।
পূর্ব্বেই বলিয়াছি যাহারা তলাইয়া না বুঝে তাহাদের কাছে রূপা দুন্তা হওয়াও
সোণা মহার্ঘ হওয়া তুইয়েরই এক প্রকার ফল স্মৃতরাং তাহারা ঠিক করিয়া উঠিতে
পারে না সোণা মহার্ঘ হইল কি রূপা সন্তা হইল। বর্ত্তমান উদাহরণে তাঁহারা ঠিক
উন্টাটি বুঝিয়াছেন।

यि वल मांगा महार्घ हहेन किकाल स्नाना श्रम। आस्नि कानि हेश्नए বাণিজ্যে বড় গোলযোগ, অনেক হাউস ফেল হইতেছে লাভ কম হইতেছে. ব্যবসায়ে মন্দা পড়িয়। গিয়াছে। ইহার কারণ অমুসন্ধান করায় প্রকাশ পায় যে ইংলতে ৫ বংসর আগে যখন ব্যবসায় বড়ই ভাল ছিল তখন 🚜 জিনিস যড় আমদানী ও রপ্তানী হইত এখন তাহা অপেক্ষা জিনিস পত্র বেশী আমদানী রপ্তানী হইতেছে কিন্তু যথন দাম ধবিষা দেখা যায় তখন প্রমাণ হয় যে পূর্ব্বাপেক্ষা অল্প দামের জ্বিনিস আমদানী বপ্তানী হইতেছে। আর বাজার দৃষ্টান্ত দেখিলেও সকল জিনিসেরই দাম কমিয়াছে যেমন রূপার দাম শতকরা ২২ করিয়া কমিয়াছে তেমনি সকল জিনিসেরই দাম শতকরা ২২ করিয়া কমিয়াছে। স্বভরাং সোনার দাম শতকরা ২২ করিয়া বাড়িয়াছে। অঁথাৎ পুর্বেব যদি ৩০ মণ জ্বিনিস রপ্তানী হুইত তাহার দাম হুইত ১৫০ পোণ্ড এখন হয়তঃ ৩৫মণ রপ্তানী হুইতেছে, কিন্তু দাম হয়ত ১৪৫ পেণ্ডি বই নয়। এরপ যদি একটা আধটা জিনিসের দাম কম হয় তবে জ্ঞানা যায় যে অধিক উৎপন্ন হওয়ার দক্ষণ না হয় সেই জিনিষটাই সন্তা হইয়াছে, কিন্তু যখন সুকল জিনিসেই এই রকম তখন তাহাতে কি বুঝায় ? যে, যে বস্তু দারা দাম নির্ণয় হয় তাহার মূল্য অধিক হইয়াছে, এই না! ইংলণ্ডে সোণা দারা দাম নির্ণয় হয় স্থতরাং সোণার মূল্য অধিক হইয়াছে।

এখনকার চিন্তাশীল ব্যক্তি মাত্রেই অবগত আছেন যে সোণা মহার্ঘ হণ্ডার জন্ম এক্সচেঞ্চ গোলমাল উপস্থিত হইয়াছে। কিন্তু কথা এই সোণা মহার্ঘ হয় কেন ? অট্রেলিয়া কালিফোর্ণিয়ায় এত সোণা আবিদ্ধার হইল, সোণা কোথায় সন্তাই হইবার কথা তাহা না হইয়া উপরস্ত মহার্ঘ হইয়া গেল! এ কেমন করিয়া হইবে! উত্তর এই যে ১৮৫১ সালের পূর্বেল ইংলণ্ডে স্বাধীন বাণিজ্য প্রবর্তিত হয় অর্থাৎ ইংলণ্ড স্থির করে যে, যে জিনিষ যেখানে সন্তা পাইব সেই জিনিষ সেইখানে কিনিব ও যেখানে যে জিনিষ মহার্ঘ দেখিব সেইখানে সেই জিনিষ বেচিব। এই সিদ্ধান্থ্যায়ী কার্য্য করার দরুল ইংলণ্ডের শীত্র শীত্র ধনোত্রতি হইতে লাগিল।

১৮১৬ খ্রী: অব্দ হইতে ইংলণ্ডে কেবল সোণার টাকা চলিতেছে, ভাহার দক্ষণ ইউরোপীয় রোপ্যমুক্তাদেশ সকলকে মধ্যে মধ্যে একসচেঞ্চে লোকসান দিতে হইত। ভাহারা মনে করিত যে ইংলভের উন্নতির মূল স্থ্মুন্তা ব্যবহার, উহাতে অপরাপর জাতির হানি করিয়া ইংলণ্ড বড়মানুষ হইতেছে, তাহার উপর আবার যখন স্বাধীন বাণিজ্য অবলম্বনের জন্ম ইংলণ্ডের অতি শীত্র ধনোন্নতি হইল তখন উহাদের পূর্ব সংস্কার দৃঢ়ীভূত হইতে লাগিল। যেমন অষ্ট্রেলিয়া ও কালিফর্ণিয়ায় স্বর্ণ আবিষার হইল, যেমন এর্সিয়ায় অনেক রোপ্য চালান হইতে লাগিল ইয়ুরোপের জাতিরা অমনি স্বর্ণমূক্তা আশ্রয় করিলেন। ১৮৫১ খ্রী: অব্দের পূর্বের জর্মনিতে 😘 রোপ্য মূজা ছিল। ফ্রান্সে স্বর্ণ রোপ্য হুই প্রকারের মূজাই ব্যবহার ছিল! একটা অনুপাত বাঁধা ছিল যেমন এক ভোলা সোণার দাম ১৬ ভোলা রূপা। ২০০০ হাজার ফ্রান্ক ভোমায় দিতে হইল, সে কালে তুমি ফ্রান্সে সোণ। বা রূপার যে কোন মূজ ইচ্ছা দিতে পারিতে। (ইংলণ্ডে এরূপ হবার যো নাই ২ পৌণ্ড পর্যান্ত রূপায় দিতে পার তাহার উপর সোণা দিতেই হইবে) আমেরিকায় মাঝে দিনকত কাগজের টাকা চলিতেছিল যুদ্ধের সময় আমেরিকায় অনেক টাকার দরকার হয় অত সোণা বা রূপা উপস্থিত না থাকায় কাগন্ধের টাকা কিছু দিনের জয় বাহির করিতে হয়। ১৮৭০।৭১ সালে দেখা গেল ধর্মানি রূপার টাকা তুলিয়া দিয়া সোণার টাকা ছাপাইতে আরম্ভ ক্রিয়াছে। সুইজল'গু, বেলঞ্জিয়ম, ফ্রান্স, ইতালি একত্রে পরামর্শ করিয়া ইচ্ছামত রৌপামূদ্রা মূদ্রান্ধন বন্ধ করিয়া দিয়াছে অর্থাৎ স্বর্ণমূক্রা আশ্রয় করিয়াছে। আমেরিকাও কাগজের পরিবর্ত্তে স্বর্ণমূক্রা ছাপাইতেছে। ইংলণ্ডেও বাণিজ্য বিস্তারের জন্ম অনেক স্বর্ণমুক্তা আবশ্যক হই-য়াছে। স্থুতরাং অনেক সোণার দরকার হইয়াছে, সোণার বাঞ্চার গরম হইয়। উঠিরাছে, সোণার দাম ক্রমে উঠিতেছে। ওদিকে আবার ১৮৫১ ব্রী: অব্দে অর্থাৎ প্রথম প্রথম অষ্ট্রেলিয়া ও কালিফর্ণিয়ায় যে স্বর্ণ উৎপন্ন হইত এখন আর তত হয় না। সোণার দাম কাব্লেই আরও বাড়িয়া গেল শেষ এখন শতকরা ২২ টাকা অধিক হইয়া দাঁডাইয়াছে।

বোড়ল লতাকীতে যখন আমেরিকায় অনেক রূপার খনি আবিকৃত হয় তখন একবার সোণা রূপার দামে এইরূপ তক্ষাৎ হইয়া উঠে। তখন রূপা প্রায় লভকরা ৩০ টাকা সন্তা হইয়া দাঁড়ায়। কিন্তু তখন শুদ্ধ স্বর্ণমুদ্ধা দেল ছিল না সকল দেলেই হই প্রকারের মুদ্রা ছাপা হইত। স্বর্ণমুদ্রা অধিক পরিমাণে না ছাপিয়া রৌপ্যমুদ্রা অধিক পরিমাণে ছাপাইলে সে গোলযোগ অনেক পরিমাণে কমিয়া আসিত। কিন্তু তখনও এতে গোলমাল হয় নাই। রূপা সন্তার দরুণ যে ক্তি ভাহাই মাত্র হইয়াছিল। এবার যদি স্বর্ণ সন্তা হইয়াই ক্ষান্ত হইত ভাহা হইলে

সেবারের মত ঠিক হইয়া দাঁড়াইত কিন্তু এবার ইউরোপীয় গবর্ণমেন্ট সকলের আহাম্মুকিতে সোণার দাম সন্তা না হইয়া আরও মহার্ঘ হইয়া উঠিল। যদি মহার্ঘ হইয়াই ক্ষান্ত হইত তবেও ভাল ছিল। জানিলাম, বর্ত্তমান শতাব্দীতে আর ১৬ টাকায় সোণার ভরি মিলিবে না ১৯ টাকাই ভরি হইবে। সেই পরিমাণে এক্সচেঞ্চ বন্দোবন্ত করিয়া লওয়া যাইত। কিন্তু তাহা ত নহে। কেহই এখন পর্যান্ত অবগত নহে যে কত পরিমাণে সোণার দাম বেশী হইবে। জর্ম্মনি হইতে সব রূপার টাকা এখনও বাহির হয় নাই, এখনও জর্মানিকে অনেক পরিমাণে সোণা কিনিতে হইবে, সোণার দাম তাহা হইলে আরও মহার্ঘ হইবে। এক্সচেঞ্চও কয়েক বৎসর ধরিয়া ক্রমে বাড়িয়া যাইতেছে, যে জিনিস বিলাত হইতে পাঠাইবার সময় এক রেট, সেই জিনিষ ভারতবর্ষে পঁছছিবার সময় রেট তাহা অপেক্ষা বেশী। এইরূপ এক্সচেঞ্চ রেট অনির্ণয়ে ব্যবসাদারদিগের সমূহ ক্ষতি হইতেছে, ধরিদদার-দিগেরও অনেক অসুবিধা হইতেছে।

অনেকে আছেন তাঁহারা বলেন এই সময় ভারতবর্ষণ্ড স্বর্ণমুক্তা ব্যবহার করিতে আরম্ভ করুক, তাহা হইলে তাহাকে আর দ্বিতীয় প্রকারের এক্সচেঞ্চ দিতে হইবে না, প্রথম প্রকারের এক্সচেঞ্চ দিলেই হইবে। এখন যদি ভারতবর্ষণ্ড আবার সোণার ধরিদদার হইয়া দাঁড়ান তাহা হইলে সোণার দাম অগ্নিমূল্য হইয়া উঠিবে, কারণ ভারতবর্ষে স্বর্ণমুক্তা চালাইতে হইলে অল্প স্বর্ণে হইবে না তত স্বর্ণ বাজ্ঞারে নাই স্বতরাং সোণার দর এখন যদি শতকরা ২২ বেশী থাকে তখন শতকরা ৫০ বেশী হইয়া দাঁড়াইবে।

১৮৫১ খৃঃ অব্দ হইতে এপর্যান্ত যত সোণা রূপা পাওয়া গিয়াছে তাহার এক তালিকা প্রদন্ত হইতেছে ইহা দেখিলেই জানা যাইবে এত সোণা আবিদ্ধার হইয়াও কেন সোণা মহার্ঘ রহিয়াছে। পাঁচ ছয় বৎসর আগে কেয়ারণ সাহেব ও লেডি কসেট বলিয়াছিলেন সোণা সন্তা হইয়াছে, লেডি কসেট বলেন যে, তখন শতকরা ১৫ টাকা সোণার দাম কমিয়াছিল, কিন্তু এখন ইংলণ্ডের এক প্রসিদ্ধ মাগাজিনে প্রতিপন্ন করিয়াছে যে সোণার মূল্য শতকরা ২২ টাকা বাড়িয়াছে। ১৮৫১ সালের পূর্বের্ব পৃথিবীর সমস্ত খনি হইতে ৬ কোটা টাকার স্বর্ণ পাওয়া যাইত এই ছয় কোটার ৪ কোটা ইংলণ্ডে আসিত। তাহার পর লেডি কসেট যখন তাহার পুত্তক লিখেন তখন গড়ে ১৯ কোটা টাকার সোণা প্রতিবৎসর উত্তোলিত হয় ও ভাহা হইতে ১৪ কোটা টাকার সোণা ইংলণ্ডে আসিত। ইংলণ্ড ব্যবসায়ের দেশ, অক্যান্ত দেশের লোক স্বর্ণ সমস্তেই ইংলণ্ড হইতে পায়। অতএব ইংলণ্ডে যে স্বর্ণ আসে ভাহাই ছড়াইয়া পড়ে। অবশিষ্ট স্বর্ণ যে দেশের খনি সেই দেশেই থাকে। সেও অল্ব নয়। স্বর্ণ আবিদ্ধারের পূর্বের্ব অট্রেলিয়ায় টাকশাল ছিল না। ২০ছে সম্বর্গ বাবিদ্ধারের পূর্বের্ব অট্রেলিয়ায় টাকশাল ছিল না। ২০ছে

হাজার টাকা দরকার হইলেই ইংলগু হইতে ছাপা হইরা আসিত। এখন আট্রেলিয়ায় মস্ত টাকশাল হইয়াছে, কালিফণিয়া অথবা ইয়্নাইটেড ষ্টেটে যদিও টাকশাল ছিল মধ্যে দিন কতক সেখানে টাকা ছাপাই হইত না। এখন আবার সোণা রূপার প্রচুর পরিমাণে ছাপা হইতেছে। নিম্নলিখিত হিসাব দৃষ্টি করিলে সোণা কি রূপা মহার্ঘ হইল কতক উপলব্ধি হইবে।

প্রথম রূপা

১৮৭১ সাল হইতে ১৮৭৮ পর্য্যস্ত ৪৫ কোটী নাবারা রৌপ্য খনিতে পাওয়া যায়।

১৮৭৬ পর্য্যস্ত ৩২ কোটী জর্ম্মণি বিক্রয় করে। ১৮৭৬ হইতে ১৮৭৯ পর্য্যস্ত ২৬ কোটী।

ইহার মধ্যে শেষোক্ত ২৬ কোটার মধ্যে ২৫ কোটা টাকার রোপ্য 😎 ভারতবর্ষে আসিয়াছে। এই পরিমাণে বরাবর ১৮৭১ সাল হইতে ভারতবর্ষে টাকা আসিতেছে। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট অনেক দিন অবধি ইংলণ্ডে টাকা ধার করিয়া এ দেশে পবলিক ওয়ার্কস চালাইতেছেন সে টাকার ইংলগু হইতে রূপার চাঁই আসে। এইব্লপে ১৮৭১ হইতে এ পর্য্যন্ত যত নৃতন রূপা বাহির হইয়াছে তাহার অনেক ভারতবর্ষে আসিয়াছে। ৪।৫ বৎসর হইল একবার ফ্রান্স ও ইতালিতে রেশন হয় না সে বংসর চীন হইতে সমস্ত রেশম যায় চীনেরা বিলাডী ঞ্জিনিষ বড় লয় না। তাহারা রূপা লয়। তাহাতেও এই বাডতি রূপার কিয়দংশ গিয়াছে। ১৮৭১ সালের পূর্বে যে রূপা প্রতি বৎসর বাহির হইত এখনও তাহা হয় তাহার পরিমাণ অপেক্ষাকৃত অব। চীনের সঙ্গে বাণিজ্ঞা ৮।১০ বৎসর ধরিয়া हेरनक्ष्टक थाय १ कांगे गिकाय त्योभा मिए इया। ग्रीत्मय ग निर्देश विनाख চলে ना। विनाजी क्षिनिय চौतनता नहेर्छ हारा ना। সুভরাং অনেক টাকার রৌপ্য প্রতিবৎসর দিতে হয়। চীনের সঙ্গে এক্লপ বিস্তৃত বাণিজ্য হইবার পূর্বেব অর্থাৎ ১৮৭১ সালের পূর্বের এক ভারতবর্ষে রেলওয়ে কোম্পানি সমূহের ৬০ কোটা টাকা ধরচ হয়, ইহার কিয়দংশ সোণায় আসে, কিয়দংশ ভারতবর্ষেও পাওয়া যার। কিন্তু অধিকাংশ ইংলণ্ড হইতে রূপার চাঁই ধরিদ হইয়া আলে। সুভরাং বিলাভে রুপা (কি পুরান কি নৃতন) অধিক নাই প্রতিপন্ন হইল। প্রায় সমস্ত রূপাই ভারতবর্ষ ও চীনে পঁছছিয়াছে। সমস্ত রূপা টাকাভাবে নাই। অনেকই क्लगृहिनौमिरगत भैंदेठाकाल পतिना इहेगाए ।

এক্ষণে সোণার হিসাব। ১৮৫১ সালের পূর্ব্বে পৃথিবীতে হয় কোটা টাকার সোণা উৎপন্ন হইত। পূর্ব্বে উক্ত হইয়াছে— ১৮৫২ হইতে ৫ বংসরে গড়ে ২৯ কোটা করিয়া হইয়াছে। ১৮৫৭ ,, , , , ২৪ ,, ১৮৬২ ,, , , , ২২ ,, ১৮৬৭ ,, , ,, , ১৯ ,,

গড়ে সর্বান্তৰ প্রায় ৬০০ কোটা টাকার স্বর্গখনি হইতে উদ্রোলিত হইয়াছে। ইহার এক চতুর্পাংশ গড়ে অষ্ট্রেলিয়া ও কালিফর্ণিয়ায় রহিয়া গিয়াছে। আগে যে क्रां इंडेक, अक्रां वाहित्व यक माना यात्र मभूमग्रई देश्न इंटांक । यादाबंह সোণা কেনার দরকার হয় সেই ইংলগু হইতে কিনিয়া লয় স্বতরাং অষ্ট্রেলিয়া ও কালিফর্ণিয়ায় এই ৬০০ কোটার মধ্যে ১৫০ কোটা রহিয়া গিয়াছে বলিলে অভ্যুক্তি হয় না। লেডি ফসেটও বলিয়াছেন যে যখন ১৯ কোটি উৎপন্ন তখন ইংলুঙে ১৪ কোটি আসে। সেই অমুপাত ধরলেও ১৫০ কোটিই দাঁডায়। ইহার উপর এক জর্মনি ১৮৭৬ পর্যান্ত ৮৪ কোটী টাকার স্বর্ণ খরিদ করিয়া মুদ্রান্ধিত করিয়াছে। ইংলণ্ডের করেনসি টাকা তিন গুণ বাডিয়াছে। ১৮৬৫ সাল হইতে ইটালি ফ্রান্স স্থুইজ্বল্ড বেলজিয়ম লাটিন কন্টারেন্স নামক সন্ধিপত্রে স্বাক্ষর করিয়া রৌপ্য মুজাঙ্কন বন্ধ করিয়া দিয়াছে। এখানকার পুরান রূপাও কতক ইংলগু হইতে ও কতক নিজ ফান্স হইতে ভারতবর্ষ চীন প্রভৃতি দেশে আসিয়া পড়িয়াছে। ১৮৭৬ সালে আমেরিকায় ৩০ কোটা টাকার সোণার Reserve ছিল। ফ্রান্স ইংলগু ও বার্লিন ব্যাঙ্কে ৩৭ কোটি টাকার রূপা ও ৯৮ কোটি টাকার সোণা Reserve আছে। সে টাকা না থাকিলে ব্যাঙ্ক চলে না। হিসাব করিয়া বেশ দেখান যায় যে ৬০০ কোটি টাকার সোণা পূর্ব্বোক্ত সমস্ত কারণে বাজার হইতে সম্ভর্হিতপ্রায় হইয়াছে। দেখিবে ? আচ্ছা ৬০০ কোটি হইছে আষ্ট্রেলিয়া ও কালিফর্ণিয়ায় ১৫০ ও জর্মনির ৮৪ বাদ দাও বাকী ৩৬৬। ইহা হইতে আমেরিকায় ৩০,=৩৩৬। ব্যাহ্ব Reserve সব বাদ দিতে পার না কারণ ১৮৫১ সালের পূর্বেও ব্যাঙ্কে রিসার্ভ ছিল। ১৮৪৬ সালে ব্যাঙ্ক অব ইংলণ্ডে সোণায় রূপায় ১৪ কোটি ছিল ইহার মধ্যে যদি ১০ কোটি সোণা হয় আর ব্যাহ অব ফ্রান্সেও যদি সেই পরিমাণে সোণা থাকে তাহা হইলে ২০ কোটি হইল। ব্দর্মনির রিসার্ভ রূপায় ছিল। তবে এখন যে এই তিন ব্যাঙ্কে ৯৮ কোটি সোণা আছে তাহার অন্তত: ৭৬ কোটিও ১৮৫১ সালের পর আসিয়াছে। আচ্ছা ৩৩৬ श्रदेख १७ वान मां वाकी त्रशिन २७० काणि।

১৮৫১ সালের পূর্ব্বে ইংলণ্ডে ৪ কোটি টাকার স্বর্ণ আসিত ইহার মধ্যে ২০ লক্ষ আন্দান্ত গহনা আদি তৈয়ার হইত। মিল বিশ্বস্তুত্তে শুনিয়াছিলেন বে. গহনাদিতে (art and manufactures) উহা অপেক্ষা বংসরে অধিক স্বর্ণ লাগে না। তখনও ইলেণ্ডের অনেক স্বর্ণ বাহিরে যাইত অতএব আমরা যদি আন্দান্ধ করিয়া ধরি যে ২॥০ কোটি টাকার সোণা প্রতিবংসর ইংলণ্ডে ছাপা হইত বোধ হয় আমাদের অধিক ভুল হইবে না। এখনকার অনেকে স্বীকার করেন যে ইংলণ্ডের করেন্সি তিন গুণ হইয়াছে তবে ৭॥ কোটা প্রতি বংসর ইংলণ্ডে ছাপা হয়। প্রায় ২৮ বংসর এইরূপ হইতেছে সেও প্রায় ২০০ কোটা। বাকী রহিল ৬৬ কোটা, এখনও ফ্রান্স আছেন ও আরও কত দেশে কত রকম সোণার ধরচ আছে তাহার ঠিকানা নাই। এ পর্যান্ত হিসাবে দেখাইয়া দিল যে, অভাবধি যত সোণা আসিয়াছিল সব চুকিয়া গিয়াছে।


এখন আর একটা জিনিস চাই। উপস্থিত যে সোণা বাজারে আসিয়া পড়ে তাহাতে পৃথিবীর সংকূলান হয় কি না ! যদি হইয়া বাঁচে ভারতবর্ষে স্থপ মুদ্রা চালানয় ভালই হইবে। যদি না থাকে চালাইলে সর্কর্নাশ হইবে। বাজার শব্দের অর্থ ইংলগু। কারণ ইংলগুই স্থপ ও রোপ্যে জমিয়া থাকে ও তথা হইতেই লোক উহা পরিদ বিক্রয় করে। ইংলগু ৫ বংসর আগে ১৪ কোটা স্থপ আসিত; এখন স্থপ উঠা কমিয়াছে ইংলগু আসাও কমিয়াছে। যে পরিমাণে কমিয়া আসিতেছে তাহাতে এখন কমিয়া ১২ কোটা হইয়াছে। এক ইংলগুই তাহার ৭॥ কোটা ছাপা হয়। বাকী ৪॥ কোটি। জর্ম্মনি প্রায় ডিন কোটা ছাপিতেছেন, লাটিনকনফরেন্সও তথৈবচ। সাড়ে তের কোটা প্রায় দরকার হইয়া দাঁড়াইয়াছে। কুল জমায় ১২ কোটা বই ঘরে নাই, এমনি টানাটানি দাঁড়াইয়াছে যে জর্ম্মনিও আবার রূপা ছাপাইতে হুকুম দিয়াছেন। এখন আবার যদি ভারতবর্ষ স্বর্ণ ধরেন তবে আর রক্ষা নাই।

পাঠকবর্গ দেখিবেন যে ব্যবসায়ে শতকরা ২।৩ টাকা এক্সচেঞ্চ প্রারহ দিতে হয়। তাহার উপর সোণা ও রূপার টাকা চলন লইয়া আর এক রকমের এক্সচেঞ্চ হয় এবং ব্রন্তমান সময়ে স্বর্ণের মূল্য অধিক হওয়ার দক্ষণ এই এক্সচেঞ্চে ভারতবর্ষের ভয়ানক লোকসান হইতেছে। কেন স্বর্ণ মহার্ঘ হইল তাহাও একপ্রকার প্রতিপাদিত হইয়াছে। এসকল ভিন্ন ভারতবর্ষ ও ইংলতে আর এক রকমের এক্সচেঞ্চ হইয়া থাকে। পূর্বেই উক্ত হইয়াছে যে ভারতবর্ষ হইডে প্রায় ৬০ কোটা টাকার জিনিস ইংলতে যায়, আর ইংলতের, ভারতবর্ষ রপ্তানী সেত্রেটারী ষ্টেটের ড্রাফ্ট ও টাকার স্থানে সেটা ভূক্তন হইয়া যায়। দেনাটা এক রকম গায়ে গায়ে শোধ যায়। কিন্ত ইহার মধ্যে যদি কোন বার ইংলতে ছইডে কোন রেলওয়ের জক্ত ১০ কোটি টাকা পাঠাইতে হয়, সেবার এক্সচেঞ্চ ভারতবর্ষে

একটু না একটু স্বিধা নিশ্চয়ই হয়। আর মধ্যে মধ্যে এরপ টাকা ধার হইয়া ইংলগু হইতে ভারতবর্ষে আসেই। এই ধারী টাকার অনেক রূপা আসে, যে অল্প বিল আসে তাহাতেই আমাদের কিছু স্থবিধা হয়।

এখন এই এক্সচেঞ্চ গোলযোগের গ্রন্থ কি? উত্তর এই যে, কোন প্রথই আমাদের হাতে নাই। আমরা কোনরূপেই ইহার প্রতিবিধান করিতে পারি না। তবে সাহস করিয়া বলা যাইতে পারে যে অতি আরু দিনের মধ্যে রূপার দাম মহার্ঘ হইয়া আসিবে। রূপার বড় বড় খনিতে মাল তলায় পড়িয়াছে ২০০০। ৩০০০ ফুটের নীচে বসিয়া রূপা তুলিতে হইলেই রূপার দাম একটু একটু করিয়া মহার্ঘ হইবে। আর সোণার দাম বেলী হওয়ার দরুণ, ইউরোপীয় আনেক গভর্ণমেন্টের চক্ষু খুলিয়া যাইতেছে। জর্মানি ত রূপা ছাপিবার হকুম দিয়াছেন। ইংলণ্ডেও রূপার টাকা অল্প বিস্তর ছাপা হয় এবিবয়ে আন্দোলন হইতেছে। আমাদের গভর্ণমেন্টের এখন উচিত চুপ করিয়ী থাকা, অথবা ইউরোপীয় গভর্ণমেন্ট সকল যাহাতে রূপার টাকা ছাপেন ভাহার চেষ্টা করা।

উপসংহার কালে আমাদের একজন প্রধান সংবাদপত্র যে বলেন পৃথিবী শুদ্ধ রূপার টাকা হইলে এক্সচেঞ্চ গোল হইবে না ভাহার বিষয় কিছু বলা আবশ্যক। জর্মনি ফ্রান্স কেবল সোণার টাকা করিতে গিয়া এখন বেমন গোল বাঁধাইয়াছেন, যদি ভাঁহারা এরপ কেবল রূপার ধরিতেন ভাহা হইলেও ঠিক এইরূপ গোল হইভ। এখন সোণা মহার্ঘ হইয়াছে ভখন রূপা মহার্ঘ হইড এই মাত্রে বিশেষ।



ল যে কি পদার্থ তাহা সংস্কৃত কবিরা কতক ব্ঝিয়াছিলেন, তাঁহাদের মডে তৈলের অপর নাম স্নেহ—বাস্তবিকও স্নেহ ও তৈল একই পদার্থ, আমি তোমায় স্নেহ করি, তুমি আমায় স্নেহ কর অর্থাৎ আমরা পরস্পরকে তৈল দিয়া থাকি। স্নেহ কি ? যাহা স্নিগ্ধ বা ঠাগু। করে তাহার নাম স্নেহ। তৈলের স্থায় ঠাগু। করিতে আর কিসে পারে!

সংস্কৃত কবিরা ঠিক বৃঝিয়াছিলেন। যে হেতৃ তাঁহারা সকল মনুষ্যকেই সমানরূপ স্নেহ করিতে বা তৈল প্রদান করিতে উপদেশ দিয়াছেন!

বাস্তবিকই তৈল সর্ব্বশক্তিমান, যাঁহা বলের অসাধ্য, যাহা বিভার অসাধ্য, যাহা ধনের অসাধ্য, যাহা কৌশলের অসাধ্য, তাহা কেবল একমাত্র তৈল দারা সিদ্ধ হইতে পারে।

যে সর্বশক্তিময় তৈল ব্যবহার করিছে জ্বানে সে সর্বশক্তিমান্। তাহার কাছে জ্বগতের সকল কাজই সোজা, তাহার চাকরির জ্বন্ত ভাবিতে হয় না—উকিলিতে পদার করিবার জ্বন্ত সময় নষ্ট করিতে হয় না—বিনা কাজে বিদিয়া থাকিতে হয় না, কোন কাজেই শিক্ষানবিশ থাকিতে হয় না।

যে তৈল দিতে পারিবে তাহার বিছা না থাকিলেও সে প্রক্রেমার হইতে পারে, আহাম্মুক হইলেও মাজিট্রেট হইতে পারে, সাহস না থাকিলেও সেনাপতি হইতে পারে এবং ত্র্রভরাম হইয়াও উড়িষ্যার গভর্ণর হইতে পারে।

তৈলের মহিমা অতি অপরূপ, তৈল নহিলে জগতের কোন কার্য্য সিদ্ধ হয় না। তৈল নহিলে কল চলে না, প্রদীপ জলে না, ব্যঞ্জন সুস্বাহ্ হয় না, চেহারা খোলে না, হাজার গুণ থাকুক তাহার পরিচয় পাওয়া যায় না। তৈল থাকিলে তাহার কিছুরই অভাব থাকে না। দর্বশক্তিময় তৈল নানা রূপে সমস্ত পৃথিবী ব্যপ্ত করিয়া আছেন। তৈলের যে মৃত্তিতে আমরা গুরুজনকে স্লিগ্ধ করি ভাহার নাম ভক্তি, যাহাতে গৃহিণীকে স্লিগ্ধ করি ভাহার নাম প্রণয়, যাহাতে প্রতিবেশীকে স্লিগ্ধ করি ভাহার নাম মৈত্রী, যাহা দ্বারা সমস্ত জগৎকে স্লিগ্ধ করি ভাহার নাম শিষ্টাচার ও সৌজ্বন্ত "ফিলনপু পি।" যাহা দ্বারা সাহেবকে স্লিগ্ধ করি ভাহার নাম লয়েলটি, যাহা দ্বারা বড়লোককে স্লিগ্ধ করি ভাহার নাম নদ্রভা বা মডেষ্টি, চাকর বাকর প্রভৃতিকেও আমরা তৈল দিয়া দ্বাকি, ভাহার পরিবর্ত্তে ভক্তি বা যত্ন পাই। অনেকের নিকট তৈল দিয়া তৈল বাহির করি।

পরস্পর ঘষিত হইলে সকল বস্তুতেই অগ্ন্যু দাম হয় সেই অগ্ন্যু দাম নিবারণের একমাত্র উপায় তৈল। এইজক্সই রেলের চাকায় তৈলের অমুকর চর্বিবিয়া থাকে। এইজক্সই যখন হুইজনে ঘোরতর বিবাদে লন্ধাকাণ্ড উপস্থিত হয়, তখন রফা নামক তৈল আসিয়া উভয়কে ঠাণ্ডা করিয়া দেয়। তৈলের যদি অগ্নিনিবারণী শক্তি না থাকিত তবে গৃহে গৃহে গ্রামে গ্রামে পিতা পুত্রে স্বামী স্ত্রীতে রাজায় প্রজায় বিবাদ বিসম্বাদে নিরস্তর অগ্নিক্ষুলিক্স নির্গত ইইত।

পূর্ব্বেই বলা গিয়াছে যে তৈল দিতে পারে সে সর্ব্বশক্তিমান্ কিন্তু তৈল দিলেই হয় না। দিবার পাত্র আছে সময় আছে কোশল আছে।

তৈল দ্বারা অগ্নি পর্য্যস্ত বশতাপন্ন হয়। অগ্নিতে অল্প তৈল দিয়া সমস্ত রাত্রি ঘরে আবদ্ধ রাখা যায়। কিন্তু সে তৈল মৃর্ত্তিমান্।

কে যে তৈল দিবার পাত্র নয় তাহা বলা যায় না। পুঁটে তেলি হইতে লাট সাহেব পর্যান্ত সকলেই তৈল দিবার পাত্র। তৈল এমন জিনিষ নয় যে নষ্ট হয়। একবার দিয়া রাখিলে নিশ্চয়ই কোন না কোন ফল ফলিবে। কিন্তু ভথাপি যাহার নিকট উপস্থিত কাজ আদায় করিতে হইবে সেই তৈলনিষেকের প্রধান পাত্র।

সময়—যে সময়েই হউক তৈল দিয়া রাখিলেই কাজ হইবে। কিন্তু উপযুক্ত সময়ে অল্প তৈলে অধিক কাজ হয়।

কোশল—পূর্বেই উল্লেখ করা গিয়াছে যেরূপেই হউক ভৈল দিলে কিছু
না কিছু উপকার হইবে। যেহেতু ভৈল নষ্ট হয় না তথাপি দিবার কোশল আছে।
ভাহার প্রমাণ ভট্টাচার্য্যেরা সমস্ত দিন বকিয়াও যাহার নিকট ১০০ পাঁচ সিকা বই
আদায় করিতে পারিল না—একজন ইংরেজীওয়ালা ভাহার নিকট অনায়াসে ৫০
টাকা বাহির করিয়া লইয়া গেল। কোশল করিয়া একবিন্দু দিলে যভ কার্য্য হয়
বিনা কোশলে কলস কলস ঢালিলেও ভত হয় না।

ব্যক্তিবিশেষে ভৈলের গুণভারতম্য অনেক আছে। নিছুত্রিম তৈল পাওরা অভি হল ভ। কিন্তু ভৈলের এমনি একটি আশ্রহ্য সন্মিলনী শক্তি আছে যে ভাহাতে যে উহা অন্ত সকল পদার্থের গুণই আত্মসাৎ করিতে পারে। বাহার বিদ্যা আছে ভাহার তৈল আমার তৈল অপেকা মূল্যবান। বিন্তার উপর যাহার বৃদ্ধি আছে ভাহার আরও মূল্যবান। ভাহার উপর যদি ধন থাকে তবে ভাহার প্রতি বিন্দুর মূল্য লক্ষ টাকা। কিন্তু ভৈল না থাকিলে ভাহার বৃদ্ধি থাকুক, হাজার বিভা থাকুক, হাজার ধন থাকুক কেইই টের পায় না।

ভৈল দিবার প্রবৃত্তি স্বাভাবিক। এ প্রবৃত্তি সকলেরই আছে এবং স্থবিধা মতে আপন গৃছে ও আপন দলে সকলেই ইহা প্রয়োগ করিয়া খাকে কিন্ত অনেকে এত অধিক স্বার্থপর যে বাহিরের লোককে তৈল দিতে পারে না। ভৈল দান প্রবৃত্তি স্বাভাবিক হইলেও উহাতে কৃতকার্য্য হওয়া অদৃষ্টসাপেক্ষ।


আজ কাল বিজ্ঞান, শিল্প প্রভৃতি শিখাইবার জন্ম নানাবিধ চেষ্টা হই-তেছে। যাহাতে বঙ্গের লোক প্রাক্তিক্যাল অর্থাৎ কাজের লোক হইতে পারে তজ্জ্ঞ সকলেই সচেষ্ট কিন্তু কাজের লোক হইতে হইলে তৈলদান সকলের আগে দরকার—অভএব তৈলদানের একটা স্কুলের নিতান্ত প্রয়োজন। অভএব আমরা প্রস্তাব করি বাছিয়া বাছিয়া কোন রায়বাহাত্তর অথবা খা বাহাত্তরকে প্রিজ্ঞিপ্যাল করিয়া শীল্প একটা স্থেহনিবেকের কালেজ খোলা হয়। অস্তৃতঃ উকিলি শিক্ষার নিম্ভু লা কালেজে একজন তৈল অধ্যাপক নিম্ভু করা আবক্তক। কালেজ খুলিতে পারিলে ভালই হয়।

কিন্তু এরপ কালেজ খুলিতে হইলে প্রথমতই গোলযোগ উপস্থিত হয়।
তৈল সবাই দিয়া থাকেন—কিন্তু কেহই স্থীকার করেন না যে আমি দিই। সুভরাং
এ বিজ্ঞার অধ্যাপক-জোটা ভার, এ বিজ্ঞা শিখিতে হইলে দেখিয়া শুনিয়া শিখিতে
হয়। রীতিমত লেক্চার পাওয়া যায় না। যদিও কোন রীতিমত কলেজ নাই
তথাপি বাঁহার নিকট চাকরীর বা প্রোমোসনের শুপারিস মিলে তাদৃশ লোকের
বাড়ী সন্নাসর্কন। গেলে উভ্তমরূপ শিক্ষালাভ করা বাইতে পারে। বাল্লালির
কল নাই, কিক্রম নাই, বিজ্ঞাও নাই বৃদ্ধিও নাই। সুভরাং বাঙ্গালীর একমাত্র
ভরসা তৈল—যালালয় যে কেহ কিছু করিয়াছেন সকলই ভৈলের লোরে।
বালালিদিগের ভৈলের মূল্য অধিক নয়। এবং কি কৌশলে সেই ভৈল বিধাত্বপুরুষদিগের সুখসেব্য হয়, তাহাও অতি অল্প লোক লানে। বাঁহারা জানেম

তাঁহাদিগকে আমরা ধন্তবাদ দিই। তাঁহারাই আমাদের দেশের বড় লোক তাঁহারাই আমাদের দেশের মুখ উজ্জ্বল করিয়া আছেন।

তৈল বিধাতৃপুরুষদিগের সুখসেব্য হইবে ইচ্ছা করিলে সে শিক্ষা এদেশে হওয়া কঠিন। তব্দক্ত বিলাত যাওয়ার আবশ্যক। তত্রত্য রমণীরা এ বিষয়ের প্রধান অধ্যাপক, তাহাদের ধুু হইলে তৈল শীঘ্র কাব্দে আইসে।

শেষ মনে রাখা উচিত এক তৈলে চাকা ঘোরে আর তৈলে মন ফেরে।



বরের অন্তরালে বিশ্রামগৃহে প্রবেশ করেন ও যথন আমরা রঞ্জনীর শিবিড় ভিমিরসংহতির মধ্যে নিমজ্জিত হই তথন কে ঐ গগন প্রদেশে নিজ্ব পরিচিত মুখখানি সময়ে সুময়ে দেখাইয়া আমাদের আলোকবিরহসপ্পাত ভীতিকে চিত্ত হইতে দূর করে ও স্বচ্ছ স্থানর্শল কিরণরাশি বর্ষণ করিয়া প্রকৃতিকে রক্ষতসন্ধিভ করে তুলে? আমরা সক্রতজ্ঞচিত্তে আজি উক্ত মহৎ পদার্থের নাম, ধাম ও গুণ কীর্ত্তন করিয়া পাঠকগণের সন্নিধানে পরিচয় দিব। ঐ প্রিয়দর্শনকে অবনীবাসিগণ চন্দ্র এই অভিধানে আখ্যাত করে। চন্দ্র পৃথিবীর চিরসহচর। যথন পৃথিবীতলে মন্বয়াজাতির পদচ্ছি পড়ে নাই, যথন জীবনব্যাপার পৃথিবীতে অজ্ঞাত ছিল তথনও এই চন্দ্র তৃণহীন পর্ব্বতশীর্ষ সকলকে রক্ষত কিরীট প্রদান করিত, তথনও বিশাল বিস্তীর্ণ মক্রপ্রদেশ সকলকে নিজ করে উদ্ভাসিত করিত, তথনও নীবর ভৃপৃষ্টকে নিভ্ত ভাবে শীতল করিত। এমন চিরসহচর বন্ধুর বিষয় যতদ্ব জানা সম্ভব আমাদের জানা উচিত।

চন্দ্রের কলাবন্তা বছদিবস হইতেই মানবন্ধাতির বিচার্য্য বিষয় । চন্দ্রের ক্রমান্থলারে প্রাচীন জাতিরা যে সময় পরিমাণ করিত তাহার সন্দেহ নাই। টিউটনিক ভাষায় চন্দ্রের নাম ও তাহাদের মাসার্থবােধক শব্দ একই ছিল। কালডীয় জাট্টীয়েরা চন্দ্রের গ্রহণ নির্ণয়েও কিয়ৎপরিমাণে ক্রমবান্ হইয়াছিল। কালডীয়ের পরে মিসরীয়েরাও গ্রহণ নির্ণয় করিত। গ্রীক্রোমানগণ কালডীয়ের ও মিসরের নিকট চন্দ্রসম্বন্ধীয় অনেক জ্ঞানলাভ করে। তাহাদেরই নিকট হইতে গ্রীক্রগণ চন্দ্রের উপাসনা শিখে। গ্রীক্রিণগের নিকট চন্দ্র সাধারণপ্রিয় একজন উপাস্ত দেবতা ছিলেন। আমাদের হিন্দুগণ অভি পূর্ব্ব কালেই চন্দ্রসম্বন্ধীয় কয়েকটি প্রধান প্রধান বৈজ্ঞানিক প্রশ্ন সকলের মীমাংসা করিয়াছিলেন। চন্দ্র যে পৃথিবীকর্ত্বক আরুষ্ট হইয়া ঘূরে ও স্র্য্যক্রিরণপাতে চন্দ্রের দীপ্রিমন্তা ইহা কালিদাসাদি জ্যোতির্বিবদগণ জানিতেন।

বজে চ সম্পর্কমূপেত্য বালা নবেন দীকা বিধিশায়কেন। করেণ তানোর্বহলাবসানে সমুক্ষ্যমাণের শশাস্করেখা। [কুমার-সম্ভব।

চল্লের ক্ষয়বৃদ্ধি-সম্বন্ধে পৌরাণিকেরা আর এক গল্প বলেন।
দক্ষপ্রক্রাপতির আটাইশ কন্যা। প্রথম সাতাইশটির সহিত চল্লের বিবাহ
হয়। কনিষ্ঠা সতী শিবরমণী হন। উক্ত দক্ষতমূজা সাতাইশ নক্ষত্র নামে
অভিহিতা। চল্রু সকল জীর মধ্যে রোহিণীতে (Aldebaron) কিছু বিশেষ
অন্ধরাণী ছিলেন। বক্রী ছাব্বিশটী জী মনের ক্লেশে পিতাকে চল্রের কার্য্য
ক্রানান। দক্ষ চল্রুকে বারণ করিয়া বলেন যে, কেবল রোহিণীকে অভ ভালবাসিলে
চলিবে কেন; চল্রু মুখে স্বীকার করিলেন যে সকলের প্রতি সমান ভালবাসা
রাখিবেন কিন্তু কার্য্যতঃ যে রোহিণীগতপ্রাণ সে রোহিণীগতপ্রাণই রহিলেন।
কন্যারা পুনরায় পিতাকে জ্রানানতে দক্ষ রাগিয়া অভিসম্পাত করিলেন, চল্রু যক্ষা
হইয়া মক্রক। চল্রু যখন মরেন মরেন তখন কন্যারা দেখিলেন বড়ই বিভ্রাট,
সকলেই ত বিধবা হয়! তখন আবার কাদিতে কাদিতে পিতার পায়ে হাতে
ধরেন। পিতা তখন একটু নরম হইয়া আজ্ঞা দিলেন, "আমার বাক্য ত ব্যর্থ,
হইবে না। চল্রু ক্ষয় নিশ্চয়ই হইবেন, তবে তিনি ১৫ দিন ক্ষয় হইবেন;
পানর দিন সেই ক্ষয় পূরণ করিবেন। স্ক্তরাং চল্রের নানা অবস্থা ভেদ।

পৌরাণিক মতে চক্স অত্রিনেত্রসম্ভূত:—

"বৃদ্ধাে মানসংপুত্র ভুত্তিনাম মহাতপাং প্ৰষ্টুকাম: প্ৰজা বৎস তপন্তেতেপে স্বৃত্তরং। बीविवर्ष महत्वावि क्रियानी जीह नः अकः উর্মাচক্রমে ভশু রেড: সোমত্রমীচিবং। নেআভ্যাং তক্তম্বাৰ দুখা ভোতয়দিশঃ তः গर्जः बच्चनानिष्ठा मनटमटवा। मधुर्मिनः। সংগত্যৈর মহারাজ নৈব তাঃ সমশকুবন্। যদা ন ধারণে শক্তা শুল্ঞ গর্ভক্ত তাঃ দিশঃ ততন্ত্রভি: সহৈবাসৌ নিপপাত বহুদ্বরাং পতিতং তংসমালোকা বন্ধলোকপিতামহঃ রথমারোপয়ামাস লোকানাং হিতকাম্যয়া স তেন রথমুখ্যেন সাগরাস্তাং বহুদ্বরাং जिमश्रक्षणा करित्ना कात्रम्छः श्रमिनः তক্ত তৎ প্লাবিতং তেজঃ পৃথিবী মৰপন্থত তেনোবধ্যা সমৃত্তা বাভি: নদাৰ্ঘ্যতেলগৎ मणबर्डमा जनवान् उद्याग विक्षितः पशः।"

অর্থাৎ ব্রহ্মার মানসপুত্র ভগবান্ অত্রি প্রক্রাসন্তি কামনা ক্রিয়া দেবলোকীয় ৩০০০ বংসর হস্তর তপস্থাচরণ করেন। তাঁহার তেলোরাশি তাঁহার চক্কুপথ দিয়া লক্ষমার্গ হইয়া দশদিক উজ্জ্বল করিয়া দশভাগে বিভক্ত হয়। ব্রহ্মার আদেশে সেই চক্রম্বপ্রাপ্ত তেলোরাশিকে দশদিক গর্ভে ধারণ করেন। কিন্তু ধারণে অশক্ত হইয়া চল্রের সহিত তাহারা পৃথিবীতে পড়িয়া যায়। চক্রকে পতিত দেখিয়া লোকপিতামহ ব্রহ্মা তাহাকে রথে তুলিয়া লন। এবং সেই দিব্য রথে উঠাইয়া তাহাকে একুশবার পৃথিবী প্রদক্ষিণ করান। তাহাতে চল্রের তেল্কঃ পৃথিবীতে পড়ে; তাহাতে ওয়ধি সকল উৎপন্ন হইয়াছে, যদ্গুণে পৃথিবী রক্ষ্মা পাইতেছে।

মহাভারতের মতে চন্দ্র সমুদ্রমন্থনকালে উৎপন্ন হইয়া পৃথিবী হইতে হুই লক্ষ যোজন দূরে অবস্থান করিতে লাগিলেন। যখন নারায়ণ মোহিনীবেশে দেবগণকে সুধা পরিবেশন করেন, তখন দৈবাৎ রাহুদৈত্য দেবসমাজে শুকাইয়া সুধাপান করিতে থাকে।

"প্ৰাকারে ক্ৰমে স্থা বাঁটিয়া মোহিনী
অবশেষে যত পান কবেন আপনি
হেনকালে ভাকিয়া বলিল রবিশশী
হের দেখ রাহদৈত্য স্থা খাইল আসি
ভনি স্থান্দনে আজা দেন নারায়ণ
ছইখান করিয়া কাটিল তভক্ষণ
ভথাপি না মরিলেক স্থাপান হেতু
মুখ হৈল রাহ কলেবর হৈল কেতু।" কাশীলাস

নারায়ণের আজ্ঞায় **খণ্ডদেহ হইলেও ভাহারা আজিও চন্দ্র ও সূর্ব্যে**ণ্ণ শক্রতা সাধন করিতেছে।

চন্দ্রের কলঙ্কের কারণ চন্দ্র দেবগুরু বৃহস্পতির দ্রীকে হরণ করেন। চন্দ্র একবার অভিমন্থ্যক্রপে পৃথিবীতে আসিয়াছিলেন। চন্দ্র অত্যস্ত রোহিশীভক্ত ছিলেন। গর্গমূনি চন্দ্রের বাটীতে গিয়া আতিগ্য স্বীকার করেন; চন্দ্র অস্তঃপুর হইতে বাহির হইলেন না। গর্গমূনি শাপ দিলেন ভূমি পৃথিবীতে যাও। চন্দ্র পায়ে পড়েন। তখন সদয় হইয়া মূনি বলিলেন বে ভোমাকে অধিককাল পৃথিবীতে থাকিতে হইবে না। এই জন্মই অকালে অভিমন্থ্যবধ। চন্দ্র সৌম্যমূর্তি রজোগুণবিনিষ্ট ছিলেন।

যাহা হউক আমরা এক্ষণে পুরাণ ভ্যাগ করিয়া প্রকৃত বিজ্ঞানের কথা লইয়া আলোচনা করি। চক্র পৃথিবীর একমাত্র পারিপার্দিক; ইহা পৃথিবী অপেক্ষা বড় এক্লপ গল্পকথা সকল অয়েভিক। চন্দ্র অবয়বে পৃথিবীর প্রায় সার্দ্ধ উনপঞ্চাশ ভাগের এক ভাগ। পৃথিবীর ব্যাস ৭৯২৬ মাইল, চন্দ্রের ব্যাস ২১৫৩ মাইল। উভয়ের ঘনফলের যে অফুপাত উভয়ের অবয়বেরও সেই অফুপাত। চক্র দেখিতে একটা ছোট রেকাবের মত কিন্তু চন্দ্রের পরিমাণফল ইউরোপ অপেকা অধিক। ইহা বর্জুলাকার ও পৃথিবী হইতে ২৪০০০ মাইল দূরে অবস্থিত। চন্দ্র এক বৎসরে পৃথিবীকে প্রায় তের বার প্রদক্ষিণ করে। স্থতরাং সম্বৎসরে চান্দ্র মাস সর্বাশুদ্ধ তেরটা। চন্দ্র যে সময়ে পৃথিবীকে একবার বেষ্টন করে, ইহার আপন মেরুদণ্ডে একবার ঘুরিতে ঠিক সেই সময় লাগে। যেমন একটা বর্জ্ত প্রেলগ্ন করিয়া অঙ্গুলির চতুষ্পার্যে ঘুরাইলে সেই বর্জুলের একবারের পর পুনরায় পৃর্বস্থানে আসিতে যে সময় লাগে, বর্ত্তুলের আপন মেরুসীমা ব্যতীত যে কোনদিক, পুনরায় সেইদিকে আসিতে ঠিক সেই সময়কে প্রয়োজন করে। তৈলযন্ত্রের বলীবর্দের পূর্ব্বদিকস্থ পার্শ্বের পুনরায় পূর্ব্বদিকস্থ হইতে যে সময় অতিবাহিত হইবে, ঠিক সেই সময়েই বলদ একবার ঘানিগাছকে প্রদক্ষিণ করে। চন্দ্রের একপার্শ্ব সভত আমাদেব সম্মুখীন থাকে। চন্দ্রের অপর পৃষ্ঠ কোন কালে কখন আমাদের নেত্রগোচর হইবার নহে। ইহা বলা বাছল্য যে চব্দ্র পৃথিবীর আকর্ষণ বশতই শৃশ্যমার্গে ঘুরিতেছে। যেমন অঙ্গুলি কর্ত্তক ঘুর্ণ্যমান বর্জুলের এক পৃষ্ঠ নিরস্তর অঙ্গলির পুরোবর্তী থাকে, অপর পৃষ্ঠ চিরপরাব্যুখ থাকে, সেইরূপ চন্দ্রেরও একদিক সর্ব্বদা পৃথিবীর সম্মুখীন থাকে, অপর দিক চিরবিবর্ত্তিত।

আমরা চন্দ্রসম্বন্ধে এতদূর যাহা বলিলাম তাহাতে গণিতনির্ণীত যুক্তি কিছুই দিলাম না। বস্তুতঃ তাহা দিতে গেলে সাধারণের বোধগম্য হওয়া সুকঠিন হইবে। প্রগোলকের সমস্ত জ্যোতিষ্কের মধ্যে চন্দ্রের গতি যেমন জটিল এমন আর কাহারও নহে। চন্দ্র পৃথিবীর পারিপার্শিক বটে কিন্তু চন্দ্রের কক্ষ পৃথিবীর কক্ষের সহিত সমধরাতলস্থ নহে, স্তুরাং পৃথিবীর উষ্ণু কটিবন্ধের অপেক্ষাকৃত ক্ষুরিত অংশের দ্বারা যখন চন্দ্র আকৃষ্ট হয় তখন ইহা কিয়ুপুরিমাণে পৃথিবীর নিকটস্থ হয়। চন্দ্রের কক্ষ এ জন্ম ঠিক বৃত্তাকৃতি না হইয়া বৃত্তাভাসাকৃতি। ভাহাতে আবার চন্দ্রও কিয়ৎপরিমাণে পৃথিবীকে আকর্ষণ করে; ভদ্যতীত চন্দ্র যখন যে গ্রহের সমীপন্থ, তখন তাহাকর্ত্বক সামান্দ্র পরিমাণে আকর্ষিত হয়। স্থতরাং চন্দ্রের বন্ধ আরও গুর্নির্ণেয় হইয়াছে। আমরা স্ব্যুগ্রহণের বিষয় বলিবার সময় এ বিষয় বৃঝাইতে কিছু চেষ্টা করিব। একটি উদাহরণ দিলে বোধ হয় চন্দ্রের ধণোলস্থ গতি কডকটা উপলব্ধ হইতে পারে। তুমি একটি স্থবিত্তীর্ণ প্রান্তরের মধ্যভাগে একটি স্তেজ্যপরি বইস। সেই স্তন্তের চারিদিক্তে ৪০০

রসি করিয়া তকাতে ৩৬৫টা বৃক্ষ বৃত্তাকারে শ্রেণীবদ্ধ হইয়া ক্রেমান্বরে সমদূরবর্ত্তী ভাবে অবস্থিত আছে। একজন অশ্বারোহী পুরুষ প্রত্যেক বৃক্ষের প্রায় ১ রসি করিয়া তকাতে থাকিয়া ১৪টা বৃক্ষের বামপার্থ ও ১৪টা বৃক্ষের দক্ষিণ পার্শ অভিক্রম করিয়া থাইতেছে। এইরূপে সেই অশ্বারোহী পুরুষ ২৬ বার পার্শ পরিবর্ত্তন করিয়া পূর্ববন্থানে আসিল। এ অশ্বারোহী পুরুষ যে বন্ধে চলিল, সৌরজ্ঞগতে চল্রের বন্ধ ও ঠিক তাহাই। কিন্তু পৃথিবীর লোকেরা চল্রক্রে ঠিক বৃত্তাকারে পৃথিবীকে বেইন করিতে দেখিবে। মনে কর এ ৩৬৫টা বৃক্ষ আর কিছুই নহে, একটি সচল বৃক্ষের ৩৬৫ দিনের ভিন্ন ভিন্ন অবস্থান মাত্র ও একটি বৃক্ষই অশ্বারোহী পুরুষকে টানিয়া ঘুরাইতে ঘুরাইতে লইয়া যাইতেছে। তাহা হইলে বৃক্ষের লোক অশ্বারোহীকে কিরূপে অবস্থায় দেখিবে? তাহারা দেখিবে যে অশ্বারোহী তাহাদিগকে বৎসরে ১৩ বার অর্থাৎ ২৮ দিনে একবার প্রদক্ষিণ করিত্তেছে। সেইরূপ পৃথিবীর লোকেরা চন্দ্রকে নিত্যই ১৫ অংশ করিয়া পশ্চিম হইতে পূর্বদিকে অগ্রসর হইতে দেখে। এই জ্ব্য চন্দ্রকে শুরু প্রতিপদ হইতে তিথিবৃদ্ধি ক্রমে পনর অংশ করিয়া উপর উপর উদয় হইতে দেখি। এই জ্ব্যই ৪৮ মিনিট করিয়া চন্দ্র দেরি করিয়া উঠেন।

চন্দ্রের নিজের কিরণ নাই। সূর্য্যকিরণেই ইহার দীপ্তি। পূর্ণিমার সময় পৃথিবী, সূর্য্য ও চন্দ্রের মধ্যভাগে পড়ে, এ জন্ম চন্দ্রেব পৃথিবীসমুখীন পৃষ্ঠটা সমস্তই আমরা উচ্ছল দেখিতে পাই। ক্রেমে চন্দ্র যত আপন পথে অগ্রসর হইতে থাকে, তত্তই এ পুষ্ঠের কিয়দংশ করিয়া রবিকরবিরহিত হইতে থাকে। আমরাও চক্রকে ক্ষীয়মাণ দেখি। অমাবস্থার সময় চক্র, পৃথিবী ও সূর্য্যের মধ্যভাগে পড়ে, এ জন্ম চন্দ্রের অপর পৃষ্ঠে সূর্য্যের সমস্ত কিরণ পড়ে আমাদের দিকে কিছুই পড়ে না। এজন্য তথন আমরা চক্রকে এককালীন দেখিতে পাই না। কোন কোন পূর্ণিমাতে চন্দ্র, পৃথিবী ও সূর্য্য সমস্ত্রপাতে অবস্থিত হয় বলিয়া পৃথিবীর করাল ছায়ায় চন্দ্র আবৃত হয়। ইনিই আমাদের রাছ। এই রাছর গ্রাসে চক্সগ্রহণ হয়। ভিতীয়া ও তৃতীয়াতে চক্রকে হাঁমুলির মত দেখায়। পূর্য্য-করদীপ্ত অংশ আমরা স্পষ্টই দেখিতে পাই, অবশিষ্ট ভাগ আমরা অস্পষ্ট দেখিতে পাই। ইহার কারণ আর কিছুই নহে, ঐ ঐ দিনে পৃথিবীর অধিকাংশ উদ্দীপ্ত অংশ চন্দ্রের দিকে ফিরান থাকে, পৃথিবী হইতে সূর্য্যকিরণ প্রতিফলিত रहेग्रा ठ<u>न</u>्यक् वार्ताकिङ करत् । *চন্দ্রে*র অপেকা পৃথিবী দেখিতে ১০३ ৩ে বড়। স্তরাং ইহা বিচিত্র নহে চশ্রকিরণে আমরা যেমন আলোকিত হই, পৃথিবীকিরণে চন্দ্র ভাহার ভের গুণ উদ্ধাসিত হইবে। কোন কোন জ্যোতির্বিদ বলেন, যে मिन्न चार्यात्रकात्र निविष् चत्रशानि नमस्य नमस्य ठकारक इतिष्र कतिग्राह्म ।

তথাপি সূর্য্যের নিকট হইতে চন্দ্রের কিরণগ্রহণ সম্বন্ধে এক আপত্তি এই হইতে পারে যে, চন্দ্রে সূর্য্যকিরণের উষ্ণতা কই ? উলাষ্ট্রন্ সাহেব পরীক্ষার দ্বারা স্থির করিয়াছেন যে চন্দ্রকর সূর্য্যকর অপেক্ষা ৮০০০০ ভাগে হীন। অর্থাৎ ৮০০০০ পূর্ণচন্দ্র একত্র করিলে সূর্য্যকিরণের সমান উষ্ণতা ও আলোক উপলব্ধি হইতে পারে। সচরাচর মমুষ্যরক্তের যেরূপ উষ্ণতা চম্দ্রকরের উষ্ণতা তাহা অপেকা বাস্তবিক কম। এঞ্চন্স চন্দ্রকে শীতলই বোধ হয়। অনেকে অবগত আছেন যে, সচরাচর জলে কিয়ৎ পরিমাণে তাপাংশ থাকে কিন্তু আমরা তথাপি জলকে কত শীতল বিবেচনা করি!! যদি চম্দ্রকিরণে সূর্য্যকিরণের কিয়দংশ আছে, তবে চম্রহীন রন্ধনীতে আমরা অধিক শৈত্য অমুভব না করিয়া বরং উষণ্ডা অমুভব করি কেন ? তাহার উত্তর এই, যে প্রত্যুহই ক্ষিতিতল হইতে বাষ্প্রাশি সমুদ্যাত হইয়া গগনের অত্যুক্ত প্রদেশে তরল মেঘমালার সৃষ্টি করে। তাহা এত পাতলা যে, আমাদেব নেত্রগোচব হয় না, কিন্তু সেই দিবাকালীন সঞ্চিত মেঘস্তরের অন্তিৰ আমরা রাত্রে ফলদারা জানিতে পারি। মেঘ কিয়ৎপরিমাণে অপরিচালক। স্থ্যান্তেৰ পর পৃথিবীৰ সঞ্চিত তাপরাশি অন্তরীক্ষে অপস্ত হইতে চেষ্টা পায়। কিন্তু উপরোক্ত মেঘ সকল প্রতিনিয়তই সেই উত্তাপাগমের প্রতিবন্ধক হয়। সার জন হার্সেল বলেন, পূর্ণিমার রাত্রে চন্দ্রকিবণে সেই মেঘ সকলের অপনয়ন হয়, কিন্তু অমাবস্থার রাত্রে তাহা হইতে পায় না এ জন্ম আমরা পূর্ণিমা অপেক্ষায় অমাবস্থাতে উঞ্চতা অমুভব করি। পূর্ণিমার রাত্রে পৃথিবীত্যক্ত উত্তাপ অবাধে অন্তরীক্ষে প্রসারিত হইয়া পড়ে, আমরা তঙ্জন্ম শৈত্য অমুভব করি। অমাবস্থার রাত্রে আমরা পৃথিবীর তাপেই তপ্ত থাকি। চন্দ্রের সংস্কৃত নাম শীতরশ্মি, বা হিমাংশু, কিন্তু তাহার কারণ যে চল্লে বরফ মাখান আছে তাহা নহে।

একঁণে চন্দ্রকিরণ সম্বন্ধে আর এক আপত্তির নিরাস করিতে আমাদের বাকি আছে। কেহ কেহ বলিতে পারেন, যে চন্দ্রের সর্বব্যাসের সময় পৃথিবীর পূর্য্য-বিরহিত অংশই চন্দ্রের দিকৃন্থ থাকে, কিন্তু তথাপি সে সময়েও চন্দ্রের স্থানে স্থানে অস্পষ্ট আলোক দৃষ্ট হয় কেন? তাহার কারণ নির্ণয় বিষয়ে জ্যোতির্বিন্দিগের আজিও মতভেদ আছে। যাঁহারা চন্দ্রে রাছর অন্তিম্ব স্থীকার করেন, তাঁহারা বলেন যে পৃথিবীর পশ্চাদ্দিকস্থ প্র্যাকিরণ চন্দ্রের সীমাগত বায়ুরাশিতে তির্য্যগৃতি (refraction); প্রাপ্ত হইয়া অল্পরিমাণে চন্দ্রপৃষ্ঠকৈ আলোকিত করে। আবার কেহ কেহ বলেন যে চন্দ্রের ধাতুময় পাহাড় সকলের অনেকগুলি দীপক প্রকৃতিক্ষ (phosphorescent); তজ্জ্যু সর্ব্বগ্রাস সময়ে পূর্ব্বসঞ্চিত কিরণরাশির এককালে অপনয়ন হয় না। আমরাও গ্রহণের কিছু পর পর্যান্তও চন্দ্রকে অপরিক্ষ্ট দেখি।

স্থ্যকিরণে আলোক ও উত্তাপ ব্যতীত আরও অনেক গুণ আছে। স্থ্য-কিরণে এমন এক রাসায়নিক ক্ষমতা আছে, যাহা দ্বারা উদ্ভিদগণ তাহাদের পত্রের হরিছর্ণ প্রাপ্ত হয়; ও যাহার সাহায্যে তাহারা আপন কাষ্ঠাংশ প্রস্তুত করে। স্থ্যের এই হরিজ্জননী ক্ষমতা থাকাতেই বৈজ্ঞানিকেরা সৌরচিত্রের sun-painting উদ্ভাবন করিয়াছেন। এক্ষণে দেখা যাউক চক্রস্থ ক্ষীণ স্থ্যকিরণে সে গুণের কিয়দংশ আছে কি না ? ইউনাইটেড ষ্টেটের আচার্য্য বস্তু সাহেব চক্রকিরণ দ্বারাও সে কার্য্য সংসাধনে কৃতকার্য্য হইয়াছেন।

চন্দ্র যে সুর্য্যেরই নিকট হইতে কিরণরাশি ঋণ করিয়া লইতেছে, ভাহার আর এক প্রমাণ চল্লের দিতীয় কলার সূর্য্যসন্নিহিত সীমাই আমরা সমুজ্জল দেখি। চক্রকে তথন হাঁসুলির মত দেখি, ও সেই হাঁসুলির স্থুলতার অংশ চন্দ্রের পশ্চিমাংশ। যছাপি কয়েক ঘণ্টা আমরা দিতীয়া ও তৃতীয়ার চম্রকে লক্ষ্য করি, তবে আমরা এক বিশ্বয়াবহ ^হব্যাপার দেখিতে পাই। চন্দ্রের উজ্জ্বল অংশ জলস্রোতের স্থায় সমভাবে না বাড়িয়া একটু অনিয়মে বাড়ে। প্রথমত: উচ্ছল অংশের পূর্বসীমার ছই একটি অঙ্গুরীয়াকৃতি সমধিক প্রোজ্জল দৃশ্য দৃষ্টিগোচর হয়. সেই অঙ্গুরীয়ক গুলির পশ্চিমাংশ বিশিষ্টরূপ উচ্জ্বল হইতে থাকে, অল্প বিলম্বেই অসুরীয়কটী সম্পূর্ণ হইয়া গেল। মধ্যস্থান গাঢ় অন্ধকারাচ্ছন্ন রহিয়া গেল। এই গুলি দেখিয়া বোধ হয় যে, চল্রন্থ অনুয়ীয়াকৃতি উত্ত্যুক্ত গিরিকিরীটের পশ্চিমাংশে প্রথমতঃ সূর্য্যকিরণ পড়ে, তব্দস্য তাহা প্রথমে নেত্রগোচর হয়। তৎপরে উপত্যকায় সূর্য্যকিরণ আর না পড়িয়া একেবারে পূর্ব্বদিকের শীর্ষকে সুবর্ণমণ্ডিত করেন। ভক্ষস্তই মধাভাগ ধ্বাস্তসমাচ্ছন্ন থাকে। কিন্তু যত পূর্ণিমা নিক্টবর্ত্তী হইতে থাকে, স্থ্য ততই চল্রের পুরোবর্তী হইতে থাকে; সে সময় গিরিকন্দর সকল অপেক্ষাকৃত প্রসন্ন হইয়া উঠে, আমরাও কন্দরসমূহকে তত মলিন দেখি না। পূর্ব্বোক্ত ব্যাপারটীর সহিত পৃথিবীর একটি ঘটনার সাদৃশ্র দেখাইলে, বোধ হয় অনেকের বিশেষ উপলব্ধি হইতে পারিবে। প্রাভঃকালে যখন সূর্য্য উঠে, তখন আমরা কোন একটি চকমিলান বাটীর পূর্ব্বদিকের ঘরগুলির ছাদ আলোকিড দেখি, পরে অনতিবিলম্বেই পশ্চিমদিকের ছাদগুলি আলোকিত দেখি। মধ্যের উঠান দ্বিপ্রহর পর্যান্ত ভালরূপ কৃষ্ণিমাবিহীন দেখিতে পাই না। ঠিক চল্লের গিরিগুহা সকলেও এইরূপ ঘটনা ঘটিয়া থাকে, আমরা এই পাথিব কারাপারে ধাকিয়াও পরীক্ষা দারা ভাহা বুবিতে পারিতেছি।

এক্ষণে আমরা দেখিব চন্দ্র হইতে পৃথিবীর কি কি উপকার সাধিত ছয়। প্রথমত: চন্দ্রের হিমশীতলতা গুণ থাকায় মানবগণ দৈবসিক পরিশ্রমের পর হিমাংশুনিঃস্তকর সেকা করিয়া কতই বিশ্রামস্থ অনুভব করে। ওবধি সক্ল

চক্র হইতে তাহাদের রোগনাশক গুণ প্রচুর পরিমাণে সঞ্চয় করে। পৃথিবী সমুজ ও নদনদীতে যে জোয়ার ভাঁটা হয় তাহা চল্রের আকর্ষণের উপরই অধিক নির্ভর করে। এই জোয়ার ভাঁটায় মানবজাতির যে কি পর্য্যস্ত উপকার সাধিত হইতেছে তাহার ইয়ত্তা করা যায় না। অর্ণবিযান সকলের যাতায়াতের স্থবিধা; কৃষক-গণের ক্ষেত্রে জলসেচনের সৌকর্য্য ও বণিকগণের দেশ হইতে দেশান্তর গমনের উপায় জোয়ার ভাঁটার উপর বিস্তর নির্ভর করিতেছে। জ্যোতির্বিদগণ নির্ণয় করিয়াছেন যে, চন্দ্র ১৭০০০ উচ্ছলতম নক্ষত্রের আলোক ধারণ করে। পরিব্রাটগণ চন্দ্রের সাহায্যে পৃথিবীর জাঘিমা ও অক্ষাংশ সকল নিরূপণ করিয়াছেন। শিশির-বর্ষণকার্য্যে চন্দ্রের বিলক্ষণ উপযোগিতা আছে, চন্দ্রের শিশিরপ্রভাবেই ওষধি সকল বলবান হয়। এ জন্ম চন্দ্রের একটি সংস্কৃত নাম ওবধীশ। এরূপ প্রবাদ আছে যে সমকটিবন্ধের লোকেরা চন্দ্র হইতে আর এক উপকার সাধিত করিয়া লয়। কিন্তু এ কথা কতদূর সতা, তাহা বলা হায় না ↓ তাহাদের শস্ত কাটিবার যে সময় সেই সময়ে চন্দ্র তিন চারিদিন প্রায় একই সময়ে উদিত হয়। সচরাচর এক তিথি হইতে পর তিথিতে চন্দ্র ৪৮ মিনিট পশ্চাতে উদিত হইয়া থাকে। সেই কয়দিন চন্দ্র ১৫ মিনিট করিয়া পরে উদিত হয়। চল্দ্রের বন্ম পৃথিবীর বম্বের সহিত এক ধরাতলস্থ নহে, উভয় ধরাতলের অবচ্ছেদক বিন্দুর নিকটে যখন চন্দ্র থাকে, তখন চন্দ্রকে কিছু শীঘ্ন শীঘ্র উঠিতে দেখি। এই ঘটনাটীর সময় যে পূর্ণিমা হয়, তাহাতে চন্দ্রকে ছই তিন দিবস প্রায় ১৫ মিনিট অস্তর করিয়া উঠিতে দেখা যায়। প্রতি বৎসর ২২ এ সেপ্টেম্বরের কাছাকাছি এই ঘটনা ঘটে। ঐ সময় ঘনঘন পূর্ণিমার আলোক পাইয়া কৃষকেরা দিবারাত্রি পরিশ্রম করিয়া শস্ত কাটিয়া লয়। এই জন্ম তথার তৎসাময়িক চন্দ্রকে ''হারভেষ্ট'' মূন বা ফসলের চক্র করে। এই হারভেষ্ট মুনের পরেই ঐ সকল দেশে ঝড় বৃষ্টির আশহা थांक।

এ সকল ব্যতীত চন্দ্র মন্থার মনোরাজ্যে কেমন আধিপত্য করিতেছে।
কবিরা চন্দ্র হইতে কত কর্মনার সৃষ্টি করিতেছেন। প্রশারীগণ চন্দ্রকিরণকে কি
পর্যান্ত না প্রিয় সামগ্রী মনে করেন। ফলতঃ যদি প্রচণ্ড সূর্যাসনাথ দিবামানের
পর এককালে ঘোর তিমিরাবগুর্তিতা যামিনীর তমোমধ্যে আমাদিগকে কাল যাপন
করিতে হইত; যদি ক্রেশসমূহক্রিষ্ট সংসারশীড়ায় পীড়িত হইয়া আমরা চান্দ্রমসী
রন্ধনীতে বদ্বান্ধবের সহিত প্রাঙ্গণে, উপবনে, বা প্রান্তরে বিশ্রন্তালাপে কিয়ৎকাল
অতিপাত করিতে না পারিতাম, তাহা হইলে এই রোগ শোক জরাসকুল পৃথিবী
বাস আমাদের বিশ্রণতর যন্ত্রণার নিদানীভূত হইত সন্দেহ নাই। চন্দ্র কবিদিগের
নিকট নিশানাথ, কুম্দিনীবল্লভ, প্রভৃতি সমাদরস্কৃতক নাম প্রাপ্ত হইয়াছেন।

এই অশেষগুণাকর নিশাকর নিজে কি বস্তু তাহা জ্বানিতে কাহার কৌতৃহল-শিখা উদ্দীপ্ত না হয় ? কিন্তু জানিবার যো নাই। অনেককাল হইতে অনেক পণ্ডিত বিবিধপ্রকার অনুমান করিয়া আসিয়াছেন। কিন্তু আন্ধিও একটীর প্রমাণ হয় নাই; যাহা হউক চন্দ্ৰ যে মৃত্তিকাদি পাৰ্থিব পদাৰ্থঘটিত একটি প্ৰকাণ্ড ব্ৰুড়পিণ্ড তাহাতে সন্দেহের বিশেষ কারণ বিভ্যমান নাই। চন্দ্রে জীবলোক আছে কিনা, এই প্রশ্ন বছকাল অবধি শুনিতেছি। কিন্তু জীবলোক থাকা আশ্চর্য্য নহে। যখন অগ্নিমধ্যে কীট বাস করে তখন বিশ্বনিয়ন্তা চন্দ্রে জীবস্থাপন করিবেন বিচিত্র কি ? বরং এই প্রকার প্রশ্ন অনেকটা বিবেচনা সঙ্গত। পৃথিবীতে যে সকল প্রাকৃতিক অবস্থার অধীন হইয়া জীবগণ প্রাণধারণ করে চল্রে সেই সকল প্রাকৃতিক ব্যাপার আছে কি না ও তত্বপযোগী জীবসকল তথায় আছে কি না ? ১৮৫৬ শালে লিখিত God's glory in heavens নামক পুস্তকে আমি যাহা পডিয়াছিলাম তাহা অতি মনোহর; কিন্তু তাহা প্রকৃত উত্তর কি না সে বিষয়ে যথেষ্ট সন্দেহ। যাহা হউক তাহার স্থুল মর্মা ও সেই মর্মা হইতে যে রূপ কল্পনা क्षत्रिए शास्त्र निष्म मर्जितिभे इरेन। हत्स्त्र राय शृष्ठ आभारमञ्ज मर्भनाधीन, তাহা উত্ত্যক্ষ গিরিপ্রদেশ ও উপত্যকায় পরিপূর্ণ, তথায় বাযুও নাই প্রাণীও নাই। যদি বায়ু থাকিত তাহা হইলে সবুজ দেখাইত, অথবা বায়ুর কোন কার্য্য লক্ষিত হইত। কিন্তু তাহা হয় না। কিন্তু চল্লেব অপর পূর্চে যে বিপুল বায়ুরাশি বহুমান আছে, ও জীবগণ তাহাতে পরম স্থাথে কালাতিপাত করিতেছে, বিজ্ঞান ভাহাতে कान मत्मर कतिरा भारत ना । यनि এको वर्त्तुत्नत म्जूनिस्क व्यानगा व्यानगा कतिया जूना क शहरा वर्त निर्णाद स्वनश कतिया अन्नित ह्यू कित चूतान यात्र, তবে ঐ তুলাগুলি, অঙ্গুলির সম্মুখভাগ পরিভ্যাগ করিয়া বর্জুলের অপরপার্শ আশ্রয় করিবে। ঠিক চন্দ্রে তাহাই ঘটিয়াছে। চন্দ্রের বিল্লিষ্ট পারমাণব অংশ সকল অপর পুষ্ঠে নিক্ষিপ্ত হইয়াছে। পৃথিবীর প্রত্যহই আবর্ত্তন দটে, এ জন্ম পৃথিবীর চতুষ্পার্ব ই বায়ুরাশিরু দ্বারা পরিবেষ্টিত। কিন্তু চন্দ্রের একপার্ব মাত্র বায়ুসমাচ্ছর। চন্দ্রের অপর পৃষ্ঠে যখন বায়ু ও বৃহৎ বৃহৎ সমুদ্রাদি আছে, তখন তথায় যে আমাদের ন্যায় জীবগণ স্বচ্ছনেশ বিচরণ করিতেছে তাহাতে আর সন্দেহ নাই। চন্দ্রের মাধ্যাকর্ষণ শক্তি অবশ্য পৃথিবীর আপেক্ষিক গুরুছের বর্গমূলের সহিত সামানুপাতিক হইবে। অভএব তথায় মনুষা বপু এখানকার অপেকা ৭ অংশে লঘু, সতরাং তথাকার লোক অত্যন্ত দীর্ঘাকার না হইলে মন্থবের স্থায় শক্তিতে ভূমিতে বিচরণ করিতে পারে না। এ জক্ত বোধ হয়, সেখানকার লোক অভ্যস্ত দীর্ঘাকারই বা।

চল্লে চতুর্দদশ দিবসব্যাপী দিবামান এবং চতুর্দ্দশ দিবসব্যাপী রাত্রিমান। চল্লে ঋতুবিপর্য্যয় নাই। প্রত্যেক দিনই গ্রীম্মকাল। প্রত্যেক রাত্রিই শীতকাল। এমন হইতে পারে যে, চল্লের অধিবাসীরা বিলক্ষণ কৃষক, জোয়ার ভাঁটা চল্লের নদীতে নিড্য সমভাবে হইয়া খাকে। সরোবর হ্রদাদির স্থগন্ধ জল কুস্থম সকল প্রক্ষৃতিত থাকে ও লোকেরা নৌকাযানে সেই সকল পুল্পের আত্রাণ লইতে লইতে বায়ুসেবন করে। পদ্ম প্রচুরব্ধপে ফুটিয়া থাকে।

লাইব্রেশন বশতঃ চন্দ্রের অপর পৃষ্ঠের সীমাস্থ কিয়দংশ আমরা দেখিতে পাই, অবশ্য তথাকার অধিবাসীরা আমাদিগকেও দেখিতে পায়। সে স্থানে চন্দ্রে বায়্ অত্যন্ত কম, এজন্য তথায় লোক সমাগম নাই. তবে উৎসাহশীল পরিবাট্গণ কখন কখন আমাদের পৃথিবী দেখিতে আইসে। তাহারা পৃথিবীকে কি বিশালই দেখে! আমরা চন্দ্রকে যেরপ দেখি, চন্দ্রনিবাসী পৃথিবীকে তাহার ১৫ গুণ বৃহৎ দেখে। তাহারা পৃথিবীকে একটি সবুজ মণ্ডলাকার প্রায় দেখে। বার্ষিক বায়্রাশির গতি তাহারা বোধ হয় কিছু কিছু দেখিতে পায় ও উত্ত্রাঙ্গ গিরিশৃঙ্গ সকলও কখন কখন লক্ষ্য করে।

চন্দ্রের প্রকাণ্ড দিব্যমান অতীত হইলে সুদীর্ঘ রজনী আইসে। সে সময়ে ঘার অন্ধকার ও দারুণ শীত। চন্দ্রের চন্দ্র নাই যে জ্যোৎসা দেয়, কখন কখন স্র্যোদয়ের পূর্বেও স্র্যান্তের পরে শুক্র তাঁহার ক্ষীণ আলোক বিতবণ করেন। আহো চন্দ্র। তুমি যখন নিজে নিশায় নিমগ্ন থাক, জানিতে পার না তোমার অপর পৃষ্ঠ আমাদিগকে স্বীয় করনিকব বিতরণ পূর্বেক উল্লাসিত করিতেছেও শিশির-সিক্ত দৃশ্যাবলীতে কতই সৌন্দর্যোর সৃষ্টি করিতেছেও কত কত চৌর অভিসারী-গণের প্রদর্শক হইতেছে!

চক্রলোকের অধিবাসীরা যখন পৃথিবীবাসীদিগের স্থায় জড়পদার্থের উপর আপন আপন জীবন নির্ভর করিয়া রহিয়াছে তখন তাহারা যে মরণ ধর্মশীল তাহাতে আর সন্দেহ নাই। তথায়ও রোগ শোক জরা আছে, স্মৃতরাং ধর্ম আলোচনাও আছে, দ্বেষ আছে, প্রীতি আছে, সমাজ আছে, কৃশ্প আছে, রণ আছে। হয় ত আমরা যেমন নানা প্রকার মত প্রচার করিয়া পুস্তকাদি লিখি চক্রেও এরূপ লেখক আছে, বিত্তা আছে, হর্ষ আছে, আশা আছে, ভয় আছে। বিশ্বপতি, তোমার কাণ্ড অন্তত!

কিন্ত চন্দ্র সম্বন্ধে আমাদের এ সুখের স্বপ্ন ভাঙ্গিয়া যায় যখন আমরা মেন সাহেবের লিখিত গ্রন্থ পড়ি। তিনি বলেন চন্দ্রে যদিও বায়ু থাকে তাহা এত ভরল যে তাহা অপেক্ষা আমাদের বায়ু ২০০০ গুণে গাঢ়। যাহা হউক চন্দ্রে যে যৎকিঞ্চিৎ বায়ু আছে তাহার ছইটি প্রমাণ দেওয়া যাইতেছে।

১ম। তারাগ্রহণ; যখন একটি তারা চন্দ্রের আড়ালে পড়ে, তখন তারার প্রথম প্রবেশ হইতে বহির্গমন পর্যান্ত যতটা সময় জ্যোতিষিক গণনাতে লাগিবার कथा वख्रुष्ठः छार। नार्श ना । छातारि भीष्रदे वार्रित रहेर्छ ए भा यात्र । हेरात कात्र আর কিছুই হইতে পারে না; তারাটি চন্দ্রের অন্তরালে প্রবেশ করিলেও চন্দ্রের পার্যস্থ কোন সুক্ষ বায়বীয় পদার্থসংঘটিত রশ্মির বক্রীভবন (refraction) বশত: কিয়ৎক্ষণ দেখিতে পাওয়া যায়। এবং ঠিক ঐ কারণে বাহির হইবার কিয়ৎক্ষণ আগে আমরা দেখিতে পাই। উক্ত শৃক্ষ পদার্থ বায়ুরাশি ভিন্ন সম্ভবে না। বক্রী-ভবন काशांक वर्ल जाश वित्वहना कहा छिहिछ, यमि এकि প্রদীপের কয়েক হাত অন্তরে একটা পুরু কাচ ধরা যায় ও সেই কাচ হইতে কয়েক হাত অন্তরে বসিয়া কাচের মধ্য দিয়া উক্ত প্রদীপকে দেখা যায় তবে দর্শকের চক্ষু:পথে প্রদীপের যে অবস্থান হইবে, প্রদীপের প্রকৃত অবস্থান তাহা নহে তাহার কিছু নিমে। কাচের যে গুণ বৃশতঃ প্রদীপের রশ্মিকে কিছু উচ্চ করিল তাহাকে বক্রীভবনকারিত্ব বা refracting power কহিয়া থাকে। বায়ু জল প্রভৃতি স্বচ্ছ ও লঘু পদার্থে উক্ত ক্ষমতা আছে। বায়ুর এই গুণ থাকা প্রযুক্ত কোন এক নির্দ্দিষ্ট সময়ে আমরা তৎসাময়িক সূর্য্যের প্রকৃত অবস্থান হইতে তাহাকে কিছু উচ্চে দেখি।

২য়। গোধৃলি (Twilight) শুক্ল, দ্বিতীয় বা তৃতীয়ার চন্দ্রের অধিকাংশ ব্যাপার উজ্জ্বল হয়। সূর্য্যের কিরণ যত দূর পড়া সম্ভব তাহার অধিক দূর পর্যাস্ত উক্ত তিথিতে চন্দ্রের পরিধিকে আলোকিত দেখায়। ইহার প্রকৃত কারণ কি ? যেমন সূর্য্যান্তের পরও অনেকক্ষণ পর্যাস্ত রশ্মির বক্রীভবন বশতঃ আমাদের বায়ুরাশি প্রভাবিশিষ্ট থাকে সেইরূপ বোধ হয় চন্দ্রেরও ঘটে। চন্দ্রের বায়ু সূর্য্যের খানিকটা রশ্মি হরণ করিয়া পার্শে লইয়া যায়।

পূর্বের বলা হইয়াছে যে চন্দ্রে প্রত্যেক দিবাই এক একটি গ্রীমকাল, প্রত্যেক নিশাই শীতকাল, ক্রুন্ত সময় বিশেষে চন্দ্রে দৈবসিক উত্তাপের তারতম্য হইয়া থাকে। চন্দ্র পৃথিবীর অনিয়মিক আকর্ষণ বশতঃ কথন কথন সূর্য্যের সমীপস্থ কখন কথন দূরস্থ হয়। ইহার প্রমাণ করিতে গেলে সূর্য্যগ্রহণ সম্বন্ধে কিছু বলা আবশ্যক হয়। যখন চন্দ্র, পৃথিবী ও সূর্য্যের মধ্যস্থলে পড়ে তখন যদি পৃথিবীর কোন প্রদেশের সহিত চন্দ্র ও সূর্য্য ঠিক সমস্ত্রপাতে অবস্থিত হয় তখন সেই প্রদেশে স্থ্যগ্রহণ হয়, যদি চন্দ্র ঠিক স্বর্যার মধ্যভাগে পড়ে তখন হয় সর্ব্যাস নয় মধ্যগ্রাস হয়। চন্দ্র স্থ্যের সমীপস্থ ও পৃথিবী হইতে দূরস্থ হইলে চন্দ্রের অবয়ব অপেক্ষাকৃত কৃত্র দেখাইবে স্বতরাং সে সময় সূর্ব্যের মধ্যগ্রাস হইবে ও

চন্দ্র পৃথিবীর সমীপস্থ হইলে চন্দ্রকে বড় দেখাইবে স্বতরাং সে সময় সূর্য্যের সর্বব-গ্রাস হইবে। এইরূপ সূর্য্যের মধ্যগ্রাস ও সর্বব্রাস হওয়াতেই প্রমাণ হইতেছে যে চন্দ্র কথন কথন সূর্য্যের নিকটস্থ ও কথন সূর্য্যের দূরস্থ হয়। অভএব চন্দ্রের দিবামানের উন্তাপের তারতম্য হইয়া থাকে।

এক্ষণে চক্রে উঠিতে গেলে কি উপায় করা আবশ্যক ভাবা যাউক। প্রত্যেহ ৩০ মাইল করিয়া ২৪ বৎসরে চক্রে পোঁছান যায়। যদি কেই ২৪ বৎসর বয়সে চক্রে উঠিতে প্রস্তুত হয় তবে ৭২ বৎসর বয়সের সময় চক্রের বৃত্তান্ত পৃথিবীতে জানাইতে পারিবে। ইথরের অপেক্ষা হাল্কা কোন পদার্থের ব্যোম্যান করিয়া প্রতি সেকেণ্ডে হুই ফিট চলে এমন বেগ তাহাতে নিয়োজিত করিতে পারিলে কর্ম্ম সমাধা ইইতে পারিবে!



বিবেক

'ষিই বাসিলভাল, যাতনা কি বাবে তাম भिष्टिय कि आना ? छनि कनश्त श्रानि শুখালিত চাতকের মিটে কি পিপাদা? कुन निश्चाद्वत नांची পিঞ্জে রহিবে সদা তুমি রবে কোণা ? দীর্ঘাস হা হতাশ পশিবে না কাণে তার তবে কেন বুধা ? স্থু ভাৰবাসা নিৰে কোন প্ৰেমিকের চিড बुकारबट्ड करव ? चानात कनि कर्ष বাসনায় আফুলিড किएन चित्र त्रव ! আঁথির মিলনে বদি মিটিত মনের সাধ छरव रेनननिनी কেন তাৰি কুলমান অভাগা প্ৰভাগ তৱে हरव कमिकी। এ বে পাপের ধরণী भूक्य कमडी दिवा ষত বাসনায়। ह्था-बाँचित्र मिन्दन वानना बानिया উঠে তীত্ৰ শিশাসায় শুকারে বাসিলে ভাল প্রেমিক জ্বর কাঁপে क्नारकत करता। আদরে চুমিলে মুখ ক্লৰ লাগিয়া থাকে नातीय अध्दर्भ।

গোপনে ছুঁইলে তন্ত্ রমণী শুকারে বার
পাপের ভরালে,
প্রাণয়ে গরল উঠে কন্টকি লভায় হেথা
কমল বিকালে।
অম্ল্য মাণিক হেথা শোভে ভুজানের শিরে
রডন সাগরে
প্রণয়ি মনের মত ভুর্লজ্যা শিক্তরে বাঁথা
কে লভে ভাহারে।
ভবে—
ভালা বৃক বোড়া দিয়ে মৃছি নয়নের অল

নৈরাশ

সমর ভরজে মাডি

তাৰ খাশা তার।

যাতনা পঢ়িবে ঢাকা

হার রে জীবনে তবে কি ফল লভিছু বলি
পেল এ প্রণর
সংসার তরকে মাতি
লভি ধন মান বল
বুড়াবে জ্বর ?
কি কাব রোপীর তবে
তবধ সেবন করি
বলি থাকে ধন
হীরক কাকন মতি সেবনে বলি রে ব্যাধি
হয় উপশব
পীড়িত মানীর কাপে কহিলে সন্ধান ভার
নিরোপী কি হয় ?

কহিলে যশের গান ব্যাধিত বশবি কাণে वाधि क्यू क्य ? त्रापुत्र केव्यन वर्ष যশের ছবুভি নাদে হতাৰের মন শমিত হইত যদি যাতনা হইত দুর ভবে কি এমন ! ভবে কি এপ্টনি কহে হোকু রোম নিমগন বারিধির তলে কেনরে বিহল তবে সোনার পিঞ্জরে বাঁধা ভাবে चाँचि करन ! অভাগি এলিজেবেধ্ কেন লিস্টার তরে रुश्न भागन ! আয়েষা নবাবপুত্রী জগং! বলিতে কেন नित्व वाद्य सम ! यमिष्टे वामिन जान তবেই ঘুচিল হু:ব মিটিল পিপাদা। বিশ্ব ভূমগুল খানি ধন-মান-যশ-স্থ তার ভালবাসা। না মিটে মনের সাধ আঁখির মিলনে যদি ছুটিব কাননে পাষাণ চাপিয়া বুকে হিমাজি গহররে পশি ट्रितिव चन्राम । ৰীপ ৰীপান্তরে রহি ক্রিব তাহার ধ্যান মৃদ্রিত নয়নে সলিল বুদ্বুদ্ মত কালসিদ্ধ নীরে প্রাণ মিশে বতদিনে। সঁপিয়া পরাণ পরে কাদিতে প্রণয়ে তার কত হুখোদয় विद्युत्र भगुनामा এ ভব সংসারে বুবে क्यां क्षिय ! ৰথায় বিক্ৰত নর ক্তি লাভ গণনায় স্বার্থে আপনার প্রেমিকের মহাত্রতে সে নহে দীব্দিত কড় কুত্র আণা ভার

উৎসর্গ ইথে হথ আত্মপ্রাণ বলিদান

• অঞ্চর চন্দন
ভাবনা কৃষ্ম ঢালি সদ্ধি পূজা চিরকাল
অনিত্র বাপন।

বিবেক

হায়রে প্রেমিক জনা

বুঝে না আপন মন


व्यवस्य भाजन সকলি কঠিন হেথা এ य मारित धत्री যাতনা শৃথাল ! কি বণিক কি প্ৰেমিক नवात्रि हत्रत्व वांधा ুকে স্থী সংসারে এক আশা নাঁ ফুরাতে পুন আশা জাগে হলে কে তারে নিবারে! পাষাণ চাপিঘা বুকে षोभ घोभाखदा त्रशि লভিবে কি হুখ ছুরাবে না ইহকালে নয়নের জল তব শ্বরিলে সে মুখ! হৃদ্য পুড়িয়া যাবে वुक চিবে बाथ यनि ভাহার বদন নয়ন ঝলসি যাবে শভ্ধ নয়নে ভায় क्र मत्रमन পাপের পরশে প্রাণ হৃদয়ে বাখিলে ভায় इटेरव ठकन সমূজ মছন করি অভাগা শিবের মত পিবে হলাহল তবু এ আশার নেশা কেন নাহি ত্যঞ্জে হায় প্রেমিকের মন না বুঝে আপন মন कारम-अञ्चलक कि वावर जीवन नश्रानत करन कपू निरंद कि ल्यालित काना अरत खास मन ও বে প্রেমিকের সাধ ও সাধ কি মিটে ক্ছ ना रूप भिनन

ভাজিলে আশার বৃত্ত কাঁদিরা আকুল হও
তৃমি রে সংসারে
কত বৃত্ত ভেলে বাবে কত তক উৎপাটিবে
নিরাপার বড়ে
মুধে বল কেঁলে স্থাী পরাণে কি আছে ভারে
দেখেছ কখন
কালের ভীবণ মৃত্তি ব্যাদান করিয়া মুধ
আছে সর্বাকণ
বেঁচে আছ মনে বাধা এখনো সে আছে ভোর
ফুরালে জীবন—
ছিঁড়িবে সাধের গ্রন্থি অন্তপ্ত জীবনে হায়
মুদিবে নয়ন।

নৈরাশ

এস তবে এই বেলা রমণীরে তৃত্বনায় যাই সিদ্ধুতীরে

হুদরে হুদর চাপি হাত ধরাধরি করি পশি ভার নীরে স্কলি সহিতে পারি পুরুষ কঠিন প্রাণ রমণি ভোমার-नवीन वहाती त्यान উত্তাপে শুকায়ে বাবে পীষ্শ তাহার বিষম বাজিবে কাণে সংসারের কোণাহল নারিবে সহিতে নির্মান সিমুর জন ভাকিছে তরত্ব তুলি আইন ব্রিতে মাচীর ধরণি যদি সকলি কঠিন হেথা কি কাষ এখানে कौरन याहेरन यमि চিঁড়িবে সাধের গ্রন্থি অভ্ন নয়নে এস ভবে সিদ্ধনীরে আলিছিয়া পরস্পরে इहे नियभन ভবিষাং অভকার কে কানে কি ক্রিয়া ভার ननाई ज्यम।



তৃতীয় পরিচ্ছেদ

बीপवाम्त्र क्लांक्ल

করিয়াছেন, সে লক্ষণামুসারে, চিকিশ পরগণা, নদিয়া, যশোহর, বাকরগঞ্জ, ফরিদপুর এবং মুর্সিদাবাদের পূর্ববিংশ এই সমস্ত লইয়া বঙ্গে একটা দ্বীপ আছে বলা যায়। ঐ দ্বীপ গাঙ্গেয় দ্বীপ বলিয়া বর্ণিত হইতে পারে। কিন্তু এ স্থলে যে দ্বীপের কথা হইতেছে, তাহা নদীজ দ্বীপ নহে সিন্ধ্বেষ্টিত দ্বীপ। নদী একটি বৃহৎ পরিখার স্বরূপ, অনেক সময়ে শক্রসৈন্তের গতির প্রতিরোধ করে। মহারাদ্ধীরেয়া রাঢ়দেশ ছারখার করিয়াছিলেন; কিন্তু গঙ্গার পূর্ববপারে তেমন অত্যাচার করিতে পারেন নাই। গঙ্গা পরিখাস্বরূপে পূর্ববাঞ্চল রক্ষা করিয়াছিলেন। এ জন্মই মহারাজ্ঞা তিলকটাদ বর্দ্ধমান ত্যাগ করিয়া ভাগীরখীর পূর্ববপারে খ্যামনগরে তুর্গ নির্দ্ধাণ করিয়া তথায় অবস্থিতি করিতেন।

নদীর যেমন প্রতিরোধিকা শক্তি আছে, সমুদ্রের সেরপ শক্তি অনেক গুণে অধিক। পুরাণে কথিত আছে যে সেতৃ বন্ধ না করিয়া রামচন্দ্র লঙ্কাজ্বয় করিতে পারেন নাই কিন্তু ইহাও স্বীকার করিতে হইবে যে যাহাদের রণভরি আছে ভাহাদের পক্ষে সমুজ্রপথ অভি সুগম পথ।

. আমাদের রাজপুরুষগণ দ্বীপবাসের অনেক শুভফল প্রাপ্ত হইয়াছেন। ইতিহাসবেস্তা আলিসন বলেন যে ইংরেজ ও স্কচ জ্ঞাতিদের উন্নতির প্রধান কারণ ভাহাদের স্বভাবের তেজ্ঞস্বিতা ও অধ্যবসায়, দ্বিতীয় কারণ দ্বীপে বাস। (১)

⁽³⁾ The second great circumstance which has contributed to the steady progress and present greatness of the British Empire is the insular situation of Great Britain and its position in the European seas.—Alison's Europe, Chap. IX, Para: 15.

বাণিজ্যই ইংলণ্ডের লন্ধী। ইংলণ্ড ও স্কটলণ্ড সমুদ্রবেষ্টিত বলিয়াই ইংরেজ জাতির বাণিজ্যের এরূপ প্রাধান্ত। জ্বর্মণ জাতি বিদ্যা ও শল্পবলে ইংরেজদের অপেকা বলীয়ান্, অধ্যবসায়ে ও বৃদ্ধিবলে এবং বাণিজ্যস্পৃহায় তাহাদের সমান; অথচ বণিক্রন্তিতে তাহাদের অপেকা নিকৃষ্ট। ইহার প্রধান কারণ এই বে সমুজতীরে জর্মনির উপকৃল অত্যক্ত। ইংলণ্ডে মুদঙ্গার ও লোহ প্রচুর পরিমাণে পাওয়া যায়; ইহা ইংলণ্ডের শিল্পনৈপুণ্য ও বাণিজ্যবিস্তারের এক প্রধান কারণ বটে। কিন্তু বিস্তৃত উপকৃল না থাকিলে বাণিজ্যে এতাধিক জ্রীরৃদ্ধি হইত না।

ইংরেজরা দ্বীপবাসী বলিয়াই রাজার স্বেচ্ছাচার দমন করিতে সক্ষম হইয়াছিলেন। বিজ্ঞাতীয় শক্রভয় না থাকায় নির্দিষ্ট বেতনভোগী সেনা রাখিতে হয়
নাই। ইউরোপের অস্থাস্থ দেশ রক্ষার জন্ম নিয়ত বেতনভোগী সেনা রাখিতে
হইত এবং তত্তদ্দেশের রাজগণ সেনার বলে স্বেচ্ছাচারী হইয়াছিলেন। ইংলণ্ডের
সৌভাগ্যে তাহা ঘটে নাই। (২)

সমূদ্রে মৎস্থ ধরা সহস্র সহস্র ইংরেজ ধীবরের উপজীবিকা। অভ্যাস বশতঃ
• ইহারা অতি নিপুণ নাবিক, এবং সামান্ত শিক্ষা পাইলে রণতরীর অত্যুৎকৃষ্ট সৈনিক
হয়। (৩)

⁽২) বাহার। ইংলণ্ডের ইতিহাস বিশেষ মনোবোগ করিয়া পড়েন নাই তাহাদিপকে এ বিষয় সংক্ষেপে ব্ৰাইয়া দেওয়া কঠিন। মেকলে লিখিয়াছেন "This singular felicity [exemption from despotism established by a standing army] she owed chiefly to her insular situation. Before the end of the fifteenth century, great military establishments were indispensable to the dignity and even to the safety of the French and Castilian monarchies. If either of those powers had disarmed, it would have been compelled to submit to the dictation of the other. But England protected by the sea against invasion and rarely engaged in warlike operations on the Continent, was not, as yet, under the necessity of employing regular troops—Macaulay's England Chap. I.

⁽⁹⁾ Around the stormy and inhospitable Hebrides, and in the dark and dangerous seas that flow round the Orkney Islands, thirty five thousand hardy seamen are engaged in fisheries which now cause to flow into the British Empire that stream of wealth which the republic of Holland so long drew from the deep seafishery in the North seas. The tempestuous German ocean and the iron-bound east coast

রাজ্ঞী এলিজাবেথের রাজ্যকালে যথন স্পেনরাজ ফিলিপ ইংলণ্ডের প্রভিক্লে যুদ্ধযাত্রা করেন; তথন সাগর ও পূবন উভয়েই ইংলণ্ডের সহায় ছিলেন। তৃতীয় জর্জের রাজ্যকালে, সমুজ্রই ইংলণ্ডের প্রধান সহায় ছিলেন। যোধকেশরী নাপোলিয়ন প্রকাশ করিয়াছিলেন, "যদি তৃই ঘণ্টা কাল চানেল [ইংলণ্ডের পরিখা-রূপ উপসাগর] অধিকার করিতে পারি, তাহা হইলে ইংলণ্ডের শেষ দশা উপস্থিত হইবে।" (৪)

যদি তিনি কোন প্রকারে সেনা পার করিয়া ইংলণ্ডের উপকৃলে অবতীর্ণ হইতে পারিতেন, তাহা হইলে ইংলণ্ড অপদস্থ হইতেন সন্দেহ নাই। যে শূর পুরুষের ভয়ে ইউরোপ কম্পিত হইত যিনি জেত বলে ভিএনা, বর্লীন ও মস্কোভায় প্রবেশ করিয়াছিলেন, তাহার পক্ষে যে লণ্ডন জয় বড় ছক্মহ ব্যাপার এ কথা নিতান্ত স্বদেশপক্ষপাতী ইংরেজণ্ড বলিতে সক্ষম নহেন।


১২৮৩ সনের কার্ত্তিক মাসে দক্ষিণ সাহার্মঞ্জপুর দ্বীপে যে মহা প্রলয় হইয়াছে তাহার কথা স্মরণ করিয়া বাঙ্গালিরা দ্বীপবাসের যে কিছু শুভ ফল আছে, এ কথা দ্বীকার করিতে প্রস্তুত নহেন। কিন্তু এই প্রস্তাবে যাহা উক্ত হইয়াছে, তাহার পর্য্যালোচনা করিলে তাঁহাদের দ্বিধা থাকিবে না। অস্ততঃ ইহা স্বীকার করিতে হইবে যে ঐ অঞ্চলের নাবিকেরা বাঙ্গালার প্রধান নাবিক, এবং তথাকার প্রজ্বারা যেমন তেজ্বন্ধী, তেমন তেজ্বন্ধী প্রজ্বা বাঙ্গালার আর কোথাও নাই।

ক্ৰমণঃ

তা, প্র, চ।

of England which render a voyage from London to Edinburgh more perilous to the inexperienced navigator than one to the East Indies have conspired to produce that incomparable race of seamen—in every age the nursery of the British navy—who carry on the vast coasting trade.—Alison's Europe Chap. IX, para 16.

⁽⁸⁾ Napoleon W. Decres, August. 9, 1805.



(অসন্তোষ, অতৃপ্তি উন্নতির মূলভিত্তি)

পোয়তির পত্থা সম্বন্ধে নানা মতান্তর দেখা যায়। সরলচিত্ত ব্যক্তিরা বিবেচনা করেন যে, বিজ্ঞা থাকিলে পদোয়তি হয়, তাঁহারা বিজ্ঞাহীনের যদি কখন পদোয়তি দেখেন, অদৃষ্টের গুণায়ুবাদ করিয়া আপনাদের ভ্রান্তি পৃষ্টি করেন। বালকের মধ্যে "কল" শব্দ যেমন সর্ববজ্ঞাপক, প্রার্যাগমাত্রেই হেডু বোধ হইয়া যায়, আমাদের বয়োধিকের মধ্যে অদৃষ্ট শব্দ সেইরূপ। ইহা কলে হইয়াছে, উহা কলে হয় বলিলে বালকেরা মনে করে ব্ঝিয়াছি, অদৃষ্টে হইয়াছে বা হইতেছে বলিলে বয়োধিকেরা মনে করেন ব্ঝিয়াছি। মাধামুও কি ব্ঝিয়াছেন তাঁহারাই জানেন।

বিভাহীনের পদোয়তি, কিয়া অসার ব্যক্তির পদোয়তি অথবা ছল্চরিত্রের পদোয়তি সর্ব্বদাই দেখা যায়। এ দেশের তু কথাই নাই, বিদেশী কর্তৃক উপযুক্ত পাত্র নির্ব্বাচিত হইতে গেলে, ভূল সহজেই সম্ভব। কিছু স্বদেশে ইংরেজেরা এরূপ ভূল সর্ব্বদাই ভূলিয়া থাকেন। কেবল ইংলণ্ড বলিয়া নহে, সকল রাজ্যে সকল সময়ে এই ভূল হইয়া থাকে। হয় ত শতশত উপযুক্ত পাত্র উপস্থিত থাকুতে অতি অমুপযুক্ত ব্যক্তি কোন বিশেষ পদে মনোনীত হয়। তাহার অতি গৃঢ় কারণ আছে। তাহা অমুসদ্ধান করিবার পূর্ব্বে এইস্থলে একখানি পত্রের কতকাংশ উদ্ধৃত করিতে ইচ্ছা হইল। পত্রখানি বিষেষ্ঠাবে পরিপূর্ণ সেই জন্ম কিঞ্ছিৎ রহস্তের প্রাধান্য আছে; কিছু তাহ। থাকিলেও প্রকৃত্ত কথার বড় ক্ষতি হয় নাই:—

"যাহাদের বিশেষ পদোরতি হইয়াছিল, তাঁহাদের মধ্যে চুই একটার পরিচয় দিলে বোধ হয় স্থচতুর চাকরেরা বৃঝিতে পারিবেন। বছকাল পূর্বে অঙ্গদেব নামে একজন রাজকর্মচারী গলাপ্রহরী পদে নিযুক্ত ছিলেন। গলায় যে সকল নৌকা ডুবি হইড, তাহার জব্যাদি উদ্ধার করা, তাহার অধিকারী থাকিলে সেই অব্যাদি সমর্পণ করা ও অধিকারী না থাকিলে, তাহা রাজভাণ্ডারে প্রেরণ করা এই সকল গঙ্গাপ্রহরীর কার্য্য ছিল। অঙ্গদেব তাহা যথারীতি নির্ব্বাহ कत्रिएक। किन्न जांशांत्र जात्र शेरामान्निक श्रा ना प्रिया, विश्मित मरनार्याभशूर्वक কার্য্য করিবেন মনস্থ করিলেন। গঙ্গাপ্রহরীর যাহা প্রকৃতার্থে কর্ত্তব্য, তাহা व्याप क्रिए नाशितन। शकात सन চूति क्रिया नहेगा याहेराहरू विनया, ব্দলের ভার ধরিতে লাগিলেন। গঙ্গাপ্রহরী হইয়া, গঙ্গার জল চুরি দেখা মহা পাপ। যে সকল গোরু গঙ্গার জল খাইত, তাহাদের নামে ফৌজ্বদারী চার্জ पानिए नाशितन, य नकन तोका प्रम नमी शहेर शक्राय पानियाहिन, छाश-দের নামে অন্ধিকার প্রবেশ বলিয়া চার্জ্জ করিতে লাগিলেন। নৌকা আর ভূবিবার অপেকা রহিল না, তাহার সমুদায় মালামাল বিক্রীত হইয়া, রাজ-ভাণ্ডারে যাইতে লাগিল, রাজভাণ্ডার ক্রমে পরিপূর্ণ হুইয়া উঠিলণ কিছুদিন পরে রাজা জানিলেন যে, পূর্বের গঙ্গাপ্রহরীদের সময় অল্প আয় হইড, তাহারা অবশ্র অমুপযুক্ত ছিল, এক্ষণকার গঙ্গাপ্রহরী রিশেষ দক্ষব্যক্তি, তাহাই এত আয়বৃদ্ধি হইয়াছে। অঙ্গদেবের পদার দাঁড়াইয়া গেল, দেই অবধি যখন কোন উচ্চপদ খালি হইত, অঙ্গদেব সর্বাগ্রে পাইতেন।

"বর্ত্তমান সময়ের ছুই একটি পরিচয় দিই। রামধন দাদা নামে একজ্ঞন সদরআলা ছিলেন, তিনি কয়েক বৎসর হইল, রাজকার্য্য ত্যাগ করিয়াছেন; হয় ত পৃথিবীও ত্যাগ করিয়াছেন, কিন্তু সে সম্বন্ধে আমি কোন নিশ্চয় সংবাদ জানি না, রামধন দাদা যদি জীবিত থাকেন, কুপাপুর্বক আমার এ অপরাধ ক্ষমা করিবেন। তাঁহার প্রকৃত উপাধি কি ছিল, আমি জ্বানিনা, তাঁহাকে সকলেই त्रामथन-भौमा विनिष्ठ। जिनि मक्नार्क्ट मामा विनार्जन, कार्र्क्ट मकर्ल जांहारक দাদা না বলিয়া থাকিতে পারিত না; নিন্দকেরা বলিত, তিনি পঞ্চমপক্ষে বিবাহ कतिशाकित्मन । त्मरे क्या वयःकनिर्श्वतम मामा विमया व्यापनात वयम कमार्टे एक । কিছু প্রকৃতপক্ষে তাহা নহে, তিনি পঞ্চমপক্ষে বিবাহ করিয়াছিলেন সত্য, অথচ চুলে कल्ल मिराउन ना ; कालाপেড়ে धृष्ठि পরিডেন না, টিগ্লা গাইডেন না, তবে ভত্তলোকমাত্রকেই তিনি যে দাদা বলিতেন, তাহার প্রকৃত কারণ নিন্দকেরা ব্যানিত না বলিয়। নানাপ্রকার উপহাস করিত। প্রথমত: তিনি একজন জল সাহেবের সরকার ছিলেন, আবশুক মতে কুঠির সমূদায় কার্য্য করিতেন, খান-সামারা সকলেই ভাঁহাকে ভালবাসিড, ডিনি ডাহাদের ভালবাস্থন বা নাই বাস্থন, नकनरकरे छाटे वनिया मरशायन कतिराजन। मारशरवत मसानगिरक मर्व्यक्रहे ক্রোড়ে করিয়া বেড়াইডেন, ভাহার সামাক্ত অমুধ হইলে, চক্ষের জল মৃছিডেন,

কাজেই মেমসাহেবের প্রিয়পাত্র হইয়াছিলেন। বিশেষতঃ বিজয়া দশমীর দিবস অতি ভক্তিভাবে দণ্ডবৎ হইয়া মেমসাহেবকে প্রণাম করিতেন, প্রথমবার মেমসাহেব কারণ জ্বিজ্ঞাসা করায় রামধন দাদা আমাদের হিন্দুপ্রথা বিশেষ করিয়া বৃশ্বাইয়া দিয়া-ছিলেন, মেমসাহেবের স্নেহ আরও বাড়িয়াছিল; একবার বিজয়ার দিবস প্রণমাস্থে রামধন দাদা মেমসাহেবকে জিজ্ঞাসা করিলেন, "মা আমায় কি বলে আশীর্কাদ করিলেন ?" মেমসাহেব আশীর্কাদের প্রথা পূর্কে শুনিয়াছিলেন, হাসিয়া উত্তর করিলেন, "তুমি রাজা হও এ আশীর্কাদ আমি করি নাই, কেন না ফলবান্ করা আমার ক্ষমতাতীত। সহস্র বৎসর পরমায়ু সম্বন্ধেও সেইরূপ। অভএব যাহা আমার আশীকাদে ফলিলে পারে আমি তাহাই বলিয়া আশীর্কাদ করিয়াছি।" রামধন দাদা জিজ্ঞসা করিলেন, "মা সেটি কি ?" মেমসাহেব আবার হাসিয়া বলিলেন, "তুমি শীঘ্র হাকিম হও।" রামধন দাদা বলিলেন, "যে আছা মা আমি তবে অছই বাটতে পত্ৰ লিখি আমি শীন্তই মুন্সেফ হইব।" মেমসাহেব হাসিতে লাগিলেন। সেই দিবসেই আহারের সময় মেমসাতের স্বজ্ঞাতি কৌশলছারা জ্বন্ধসাত্ত্বকে আপনার আশীর্কাদের পরিচয় জানাইলেন। আশীর্বাদ যাহাতে সফল হয়, তাহার চেষ্টা করিবার নিমিত্ত জ্বন্ধ সাহেব হাসিতে হাসিতে স্বীকার করিলেন। একবার বলিলেন "বিচারের কার্য্য অভি কঠিন, রামধন মূর্খ তাহা পারিবে না।" মেমসাহেব বলিলেন, বিচারে যাহা ক্রটি হয়, আপীলে তাহ। সংশোধন হ**ইরা** যাইবে।

"কিছুদিন পরে রামধন দাদা মুন্সেফ হইলেন, ক্রেমে সদর আমিন, সদর আলা হইয়া নানাবিধ বিবাদ ভঞ্জন করিলেন। বিচারে যত হউক বা না হউক, রক্ষা দ্বারা অনেক মোকদ্দমা নিম্পত্তি করিতেন। রক্ষায় কোন ধদাব নাই, তবে যাহার দাবি মিধ্যা, তাহার কিছু লাভ হয়, অপর পক্ষের কিঞ্চিৎ ক্ষতি হয়। তাহা হউক, কিন্তু রামধন দাদা বিচারের দায় হইতে উদ্ধার হইতেন, বিশেষতঃ বিচারে একপক্ষের উকিল অসস্থোষ হইবার সন্তব, রক্ষায় সে সন্তাবনা নাই।

"রামধন দাদা ইংরেজি কিঞ্চিৎ জানিতেন, সাহেবদের সঙ্গে ইংরেজিতে কথা কহিতেন; তাঁহার সকল কথা তাঁহারা বৃথিতে পারিতেন না। কিন্তু তিনি যে "ইয়ার আনার" (your honor) বলিয়া ছোট বড় সকল সাহেবকে সম্বোধন করিতেন তাহাতেই যথেষ্ট হইত। পুলিস দারগা জারিন সাহেবকে ছিনি শতবার "ইয়ার আনার" বলিয়াছিলেন। যে অবধি তাঁহার মেম স্বকর্পে তাহা শুনিয়াছিলেন, সেই পর্যান্ত স্থানীর পদর্গোরৰ মেমের চক্কে বিশেষ

ৰাড়িয়াছিল, এবং সেই সঙ্গে দাম্পত্য কলছও কমিয়াছিল। কাজেই ৱামধন দাদার নিকট ফিরিস্থি দারগা বিশেষ বাধ্য ছিলেন।

"জন্ধ, ম্যাজিট্রেট প্রভৃতি সকল সাহেবের খানসামাদের রামধন দাদা আদরে ভাই বলিয়া সম্বোধন করিতেন; "ভাই রোমজান, ভোমার সাহেব কি করিভেছেন, এখন কি সাক্ষাৎ হইতে পারে?" এইরূপ সম্বোধন একজন যুবা উকিল একদিন শুনিয়া বড় আক্ষেপ করাতে রামধন দাদা বলিলেন, দাস দাসীর মান সর্ব্বাগ্রে। ইহারা সদয় থাকিলে মুনিব সদয় হন। সময় পাইলে ইহারা উপকার করিতে পারে, অপকারও করিতে পারে। আমাদের আপনার মধ্যে কি হইয়া থাকে? জান না যে, আমাদের অধিকাংশ আত্বিরোধ দাস দাসীর দারা উৎপত্তি হয়। আমার আত্বধ্ অপেক্ষা তাঁহার দাসীকে আমি পূজা করি। বাটী গিয়া অগ্রে তাহাকে ডাকিয়া কাপড় দিই; সেই জন্য আমার গৃহে অভাপি বিরোধ আরম্ভ হয় নাই। যেদিন, দেখিব, তাহার মুধ ভার, সেই দিন জানিব, আমার কপাল ভাক্সিয়াছে।"

এই উদ্ধৃত অংশ যথেষ্ট টিপসাহের অনুরোধে লেখক কিঞ্চিৎ অন্ত্যাক্তি . করিয়াছেন; কিন্তু যাহা লিখিত হইয়াছে, তাহাতেই দেখা যাইতেছে যে, রামধন দাদা আপনার বিভা বৃদ্ধি নিজে জানিতেন কাজেই তদমুযায়ী ব্যবহার করিতেন: সকলকে আপ্যায়িত করিতে চেষ্টা প্মইতেন। ছোট, বড, কেহ ভাঁহার শক্ত ছিল না; কেহ তাঁহার উন্নতির বিরোধী হইত না। সাহেবেরা অমুগত প্রতিপালক, কেই বা তাহা নহে। আমরা সকলেই অমুগত লোক ভালবাসি। মমুখ্যমাত্রেই অমুগতের মঙ্গলাকান্তমী। রামধন দাদা সকলের অমুগত ছিলেন. ক্ষমতাপরদের বিশেষত: : এ অবস্থায় তাঁহার উন্নতি নিশ্চয়ই সম্ভব। অমুগত হওয়া সকলের সাধ্য নহে: নম্রতা আবশ্যক, স্নেহ বা তৈল আবশ্যক, অভিমান জয় করা আবশ্যক। বিশেষতঃ অনোর দোষ সম্বন্ধে অন্ধ হওয়া আবশ্যক। নম্রতা বা স্লেছ সহজ, অনেকেরই আছে। অন্যের দোষ সম্বন্ধে অন্ধ হওয়াও নিভাস্ত কঠিন নহে; বাক্যের সভর্কতা থাকিলে, সে গুণ উপলব্ধি হইতে পারে. কিন্তু নিরভিমানী হওয়া অতি কঠিন। রামধন দাদা নিরভিমানী ছিলেন তাহাই ভাঁহার উন্নতি হইয়াছিল। উন্নতির অনেক হেতু আছে। নিরভিমানিতা ভাছার মধ্যে একটি বিশেষ। যাহারা প্রতিভাশালী বা যাহাদের বিশেষ যোগ্যতা আছে তাহাদের কথা স্বতন্ত্র। যাহাদের যোগ্যতা বিশেষক্রপে নাই ভাছাদের পক্ষে রামধন দাদার পদ্বা উন্নতিসাধক। বিশেষতঃ কি সাহেব কি ৰাঙ্গালি অনেকেই উপযুক্ত অমুপযুক্ত ব্যক্তিনিৰ্ব্বাচন আপনি করিতে পারেন

ना, ज़ारनात कथाय निर्श्वत कतिया भीभाः मा करतनः । এ व्यवसाय व्यनातक मजनाकास्क्री ताथा ভान।

বাঁহাদের পদোন্ধতি হয় না, অনুসন্ধান ক্রিলে দেখা যায়, তাঁহারা বড় অভিমানী। অতি সামান্য বিষয়ে অপমানিত বোধ করেন। কাজেই কাহারও অনুগত হইতে পারেন না। হয় ত আবার কেহ কেহ আপনাদের যোগ্যতা বিষয়ে অতিরিক্ত অভিমানী। বাঁহার অধীনে কর্মা করা যায়, যোগ্যতার অভিমান থাকিলে, কখন কখন তাঁহার প্রতি তাচ্ছিল্য জন্মে। অযোগ্য ব্যক্তিরা উচ্চপদ সর্বাদা পায়, অধীন ব্যক্তিরা যোগ্য হইলেও উভয়ের মধ্যে অসম্ভাব ঘটে। এক পক্ষের তাচ্ছিল্য, অপর পক্ষের বিরুদ্ধতা, ফল অধীনের অনিষ্ট। এই জন্য কেহ কেহ বলেন:—

বার অধীনে কাজ করি। কেন না তার পায়ে ধরি।

যোগতা থাকিলে, তাচ্ছিল্য নানা বিষয়ে নানা প্রকারে উপস্থিত হয়।
বালকেরা নীতিকথায় পড়িয়া থাকে যে, এক খরগদ ও এক কচ্ছপ উভয়ের
কথা হইল যে, আইদ আমাদের মধ্যে কে অগ্রে ঐ পর্বতে পৌছিতে পারে।
মন্দগতি কচ্ছপ তৎক্ষণাৎ ধীরে ধীরে চলিতে আরম্ভ করিল; খরগদ ভাবিল,
আমি যখন ইচ্ছা তখন গেলেও কচ্ছপের পূর্বে পৌছিব। অভএব তাচ্ছিল্য
করিয়া নিজা গেল, নিজাভেক্ষে দেখে, কচ্ছপ বহু পূর্বে পৌছিয়াছে। যোগ্য
অযোগ্যের কার্য্যপ্রণালী প্রায় এইরপই ঘটে। একপক্ষের যত্ন, অপর পক্ষের
তাচ্ছিল্য। কল ক্ষমতাপন্ন ব্যক্তির পরাজয়।

বিধান্ ও বৃদ্ধিমানের। অনেকে যে কৃতকার্য্য হইতে পারেন না, ভাহার এক বিশেষ কারণ যে ভাহারা উচিত বা উপযুক্ত বিষয়ে নিযুক্ত না হইয়া, হয় ত বিপরীত বিষয়ে শিপ্তা হন। যে ব্যক্তি বক্তাশক্তিতে বঞ্চিত, তিনি হয় ত টেকিল হইলেন; যিনি বক্ততাতে অদ্বিতীয় হইতেন, তিনি হয় ত যোদ্ধা হইলেন। যিনি মহাযোদ্ধা হইতেন, তিনি হয় ত কেরাণি হইলেন। মধ্যে মধ্যে শুনা যায় যে, কেরাণি কলম কেলিয়া তরবারী ধরিবা মাত্র দেশ জয় হইল; তাহার মূল কারণ এই। প্রকৃত যোদ্ধা কেরাণির আসনে এতদিন বসিয়া মাটা হইতেছিলেন। সকল দেশেই এইরূপ সর্বাদা হইয়া থাকে, বিশেষতঃ হিন্দু-সমাজে। তাহার বিশেব কারণ, আমরা পৈতৃক ব্যবসা অবলম্বন ক্রিয়া থাকি। বজাতিব্যবসায়ে আমাদের অধিকার বা ক্ষমতা থাকুক বা না থাকুক, ভাহা অবলম্বন

করিতে হয়, যে ব্যবসায়ে আমরা কৃতকার্য্য হইতে পারিতাম, তাহা প্রহণ করা হয় না।

ইদানীস্তন পুরাতন প্রথা পরিবর্ত্তন হইতেছে। স্বন্ধাতীয় ব্যবসা ত্যাগ করিয়া ইচ্ছান্থ্যায়ী কার্য্য করিতে পারা যাইতেছে; কিন্তু ইচ্ছার প্রান্তি হয়। যে বিষয়ে স্বান্তাবিক শক্তি নাই, হয় ত কখন হইবেও না, সেই বিষয়ে সময় নপ্ত করিতে অনেকের প্রবৃত্তি হইয়া থাকে। কর্ণের দোষে যাহার কখন স্বরবোধ হইবার সম্ভাবনা নাই, সে হয়ত ত গায়ক হইবে ইচ্ছায় বহুকাল পরিপ্রম করে। যে অদিতীয় চিকিৎসক হইত, চিত্রকর হইবার সাধ তাহার হয় ত অতি প্রবল হইল। যদিও এরূপ প্রবৃত্তি সচরাচর দেখা যায়, কিন্তু তাহা স্বাভাবিক নহে। বিশেষ কারণে প্রবৃত্তির এরূপ প্রম ঘটিয়া থাকে; প্রশংসাপ্রিয়তা অনেক সময় এ প্রান্তির হেতু বলিয়া বোধ হয়। কোন স্বন্ধ গায়ক আবাল বৃদ্ধের বিশেয প্রশংসাভাজন হইল দেখিয়া, কেহ গায়ক হইতে সাধ করিল। হয় তু সেই ব্যক্তি অহ্য ব্যবসায় অবলম্বন করিলে সেইরূপ প্রশংসার পাত্র হইতে পারিত; কিন্তু সে ব্যবসায়ে, প্রশংসিত ব্যক্তি কেহ তাহার চক্ষে পড়িল না বলিয়াই প্রমবশতঃ গায়ক হইতে তাহার চেষ্টা হইল।

স্বন্ধাতীয় ব্যবসা ত্যাগ করিয়া আপন আপন ক্ষমতা উপযোগী বৃদ্ধি অব-লম্বন করিবার পক্ষে ইদানীং এক বিশেষ ব্যাঘাত ঘটিয়াছে। [University] ইউনিভারসিটি তাহা ঘটাইয়াছেন। বিশ্ববিভালয় নিজ বিধান্ত্রারা জানাইয়াছেন যে, নানা শান্ত্র তুল্যামুতুল্যরূপে শিখিতে হইবে, যে তাহা না পারিবে, তাহাকে একেবারেই কিছুই শিখিতে দিব না। ইউনিভারসিটিতে প্রবেশ করিতেও দিব না; সে যদি ভগ্নাপি এদেশে থাকে, ভাহাকে মূর্খ করিয়া রাখিব। त्म वाकि• প্রতিভাশালী হইলেও, তাহাকে কিছুই শিখিতে দিব না : वाककार्या বঞ্চিত করিব, ভাহার উন্নতির ব্যাঘাত দিব। কাঞ্চেই অনেক বৃদ্ধিমান্কে মূর্ধ হইয়া থাকিতে হইতেছে। যাহার সকল বিষয়ে কিছু কিছু বৃদ্ধি আছে, কোন বিষয়ে তাহার বিশেষ বৃদ্ধি না থাকিলেও, সে বাক্তি বিছ্যোপার্জ্মনে অধিকারী বুলিয়া গৃহীত হইতেছে; কিন্তু বাহার বিষয়বিশেষে অসাধারণ বৃদ্ধি আছে, কিন্তু সকল বিষয়ে সমান প্রবৃত্তি নাই, তাহাকে অনধিকারী বলিয়া ভাহার শিক্ষার দার রুদ্ধ করা ছইতেছে। যে ব্যক্তি রসায়ন শাত্রে অসাধারণ হইয়া দেশের হিতসাধন করিতেন, তিনি সাহিত্যের শ্লোক শিখিতে অমনোযোগী বলিয়া তাঁছাকে রসায়ন শাস্ত্র শিখিতে বঞ্চিত করা হইতেছে। যিনি সাহিত্যে চিরম্মরণীয় হইতেন, তিনি ক্রমি করীপ করিতে পারেন না বলিয়া, তাঁহার সাহিত্যশিক্ষার পথরোধ করা হইতেতে। শিক্ষাদানের এক্লপ পক্ষপাতির পঁচিশ বংসর হইল আরম্ভ হইয়াছে; কিছু এ

পক্ষপাতিৰ বারা দেশের কি বিশেষ ইষ্ট-সাধন হইয়াছে, তাহা অভাপি স্পষ্ট জানা যায় নাই। যাহা হইয়াছে, অপক্ষপাতী শিক্ষাদানে তাহা যে কোন মতে হইত না এমতও লক্ষণ পাওয়া যায় না। এই পঁচিশ বৎসরের মধ্যে অনেকে বি, এ, অনেকে এম, এ, উপাধিলাভ করিয়াছেন: কিন্তু তাঁহারা কোন বিষয়ে যে বিখ্যাত-নামা হইয়াছেন, এমত আমরা শুনি নাই। সকলেই দশক্র্মা হইয়াছেন এইমাত্র ওনা যায়, বরং তাহাদের অধিকাংশই মধ্যবিধ ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন। বোধ হয় নানা বিষয় তাঁহাদের শিখিতে হয় বলিয়া, কোন বিষয় বিশেষ করিয়া তাঁহারা শিখিতে পারেন নাই; কাজেই খ্যাতিমানও হন নাই। নানা শাস্ত্র অল্প শিক্ষা ভাল, কি এক শাস্ত্রে বিশেষ শিক্ষা ভাল ; এ বিচার করিবার নিমিত্ত আমরা এ কথা তুলি নাই। আমরা এইমাত্র বলিভেছি ষে, এক বিষয়ে কোন ব্যক্তির যদি বিশেষ বৃদ্ধি বা প্রতিভা থাকে, তাহার সেই বিশেষ বৃদ্ধির স্ফুর্ত্তি, হইবার পক্ষে আমাদের ইউনিভারসিটি নিতান্ত বিরোধী, এতদূর পর্যান্ত বিরোধী যে, পাছে সে ব্যক্তি কোনক্সপে আত্মশক্তি অমুযায়ী শিক্ষা পায়, এই আশঙ্কায় সকল কালেজের ছার • হইতেছে। কেবল তাহাই নহে, যদি সে ব্যক্তি স্বচেষ্টায় আপনার উ**র**তি সাধন করিতে যায়, ইউনিভারসিটি যেন বিমাতার ক্যায় তাহার উন্নতির পদ্ধা রোধ করেন। বিমাতা যদি শুনেন, ওকালভিতে তাঁহার বিশেষ অধিকার হইয়াছে, অমনি তৎক্ষণাৎ তাহার চুল ধরিয়া বলেন, "তুমি আমার নও, কাজেই ভোমার উন্নতি নাই, তুমি আপনার চেষ্টা করিতে পাইবে না, আমার বাছাদের অন্নের ব্যাঘাত দিতে পাইবে না, তোমায় আমি উকিল হইতে দিব না।" হয় ত বিশ্ববিদ্যালয়ের এরূপ ব্যবহার সাধীরণের পক্ষে মঙ্গলকর; কিন্ত ব্যক্তিবিশেষের উন্নতিপক্ষে অনিষ্টকর। আমরা তাহাই বলিভেছিলাম যে, আপন ক্ষ্মভোপযোগী বৃত্তি অবলম্বন পক্ষে নৃতন ব্যাঘাত উপস্থিত হইয়াছে।

যাঁহারা জানেন যে আমাদের কলিকাতা ইউনিভারসিটি বিলাতের লওন ইউনিভারসিটির অমুক্ষরণ, তাঁহারা মনে করিতে পারেন আমরা যাহা বলিভেছি বাস্তবিক তাহা সত্য হইলে লওন ইউনিভারসিটির অক্ত নিয়ম হইও। বিলাভে যে পদ্ধতি ভাল বলিয়া গৃহীত হইয়াছে বাঙ্গালায় তাহা মন্দ কেন হইবে ? কিন্তু ভাঁহারা একটু কট্ট স্বীকার করিয়া যদি এ বিষয় বিশেষ আলোচনা করিয়া দেখেন তাহা হইলে বুকিবেন ইংরেজদের বৃদ্ধি বহুমুখী, নানা শাল্ল শিক্ষা করা তাঁহাদের পক্ষে অতি সহজ। কেবল সাহিত্য আর ওভররী অহ আমরা পুরুষামূক্রমে শিথিয়া আসিয়াছি কিন্ত ইংরাজেরা নানা শাল্ত অনেক পুরুষ অবধি আলোচনা করিতেছেন তাঁহাদের পক্ষে নানা শান্ত শিক্ষা বৈজিক কারণে সহজ,

আমাদের পক্ষে তাহা তত নহে, কিছু পুরুষ পরে সহজ্ঞ হইতে পারে আপাততঃ বহে। লগুন ইউনিভারসিটির শিক্ষিত সাহেবেরা সকল বিষয়ে মজবুদ, চৌকস, চালাক, আমাদের সেইরূপ কর্মাঠ করিবার নিমিত্ত লগুন ইউনিভারসিটির অমুকরণ এখানে স্থাপন করা হইয়াছে । আমাদের পণ্ডিত করিবার নিমিত্ত কলিকাতা ইউনিভারসিটি হয় নাই। সেই জন্ম ধাঁহারা পণ্ডিত হইতে পারিতেন তাঁহাদের মধ্যে কেহ কেহ শিক্ষায় বঞ্চিত হইতেছেন। বিলাতে এ ভুল সংশোধিত হইবার অক্সউপায় আছে। আমাদের মোটে একটা ইউনিভারসিটি তাহাতে প্রবেশ করিতে না পারিলে কোন কালেজে অধ্যয়নের উপায় নাই।

উন্নতির বিরোধী আর এক বিশেষ কারণ আছে—নিস্পৃহতা। আকাদ্ধাশৃষ্ণ হওয়া প্রশংসার বিষয় বটে; কিন্তু উন্নতি সম্বন্ধে নহে। আকাদ্ধা না
পাকিলে বিশেষ চেষ্টা হয় না। উন্নতির ইচ্ছা অনেকের আছে সত্য, কিন্তু সে
ইচ্ছা বিশেষ প্রবল নহে। নিজ্ব নিজ্ব অবস্থায় নিতান্ত অসন্তুই অল্প লোকে;
উন্নতি হইলে ভাল হয়, তাহা না হইলেও ক্ষতি নাই ইহা অনেকের মনোগত
ভাব। তাঁহাদের চেষ্টা বা উল্লোগ কাজেই সামান্তরূপ হয়। তাহাই আমরা
এ প্রবন্ধের শিরোভাগে বলিয়াছি "অসন্তোম, অতৃপ্তি, উন্নতির মূলভিন্তি।"
নীতিজ্ঞেরা আমাদের এ কথায় খড়গহস্ত হইবেন সন্দেহ নাই। কিন্তু আমরা
নীতি কথা বলি নাই, উন্নতির কথা বলিতেছি। তাঁহাদের আপত্তি থাকে, উন্নতির
বিরুদ্ধে অল্প ধরুন। ব্যক্তিবিশেষের পক্ষে যে নিয়ম, সমাজের পক্ষেও সেই
নিয়ম; যেমন চলিয়া আসিতেছে, সেইরূপ চলিবে বলিয়া বসিয়া থাকিলে,
একপক্ষে ব্যক্তিবিশেষের উন্নতি হয় না; অপর পক্ষে সমাজেরও উন্নতি হয় না।
যে সকল সমাজ্ব বিশেষ উন্নত, সে সকল সমাজের ইতিবৃত্ত অনুসন্ধান করিলে
দেখা যার অতৃপ্তই উন্নতির মূল।

আর একটি কথা আছে। বর্ত্তমান সময়ে বাঁহারা রাজপদে থাকিয়া উন্নতির প্রার্থী হন, তাঁদের ইংরেজিতে বাক্পটুতা আবশ্যক। ইংরেজেরা গুণগ্রাহী যতই হউন, তাঁহারা বিদেশী, আমাদের দোষ গুণ বুঝা তাঁদের পক্ষে সহজ্ব নহে। তাঁহারা আপনা আপনি যতই সে বিষয়ে আক্ষালন কর্মন, আমরা জানি তাঁহাদের আছি হইয়া থাকে। একশত বৎসর অবধি তাঁহারা এই আক্ষালন করিতেছেন; কিন্তু অন্থাপি কিছু বুঝিয়াছেন বলিয়া বোধ হয় না। সে যাহাই হউক, এক্ষণে দেখা যায় যে, তাঁহাদের নিজ ভাষায় আমরা বিশুদ্ধ ভাবে কথা কহিলে, দোষ গুণ বুঝিতে পার্মন আর নাই পার্মন, ভাষার গুণে বক্তার প্রতি তাঁহাদের কতক আছা হয়, বিশেষতঃ বিশুদ্ধ ইংরেজী শিধিতে পারিলে, যে পরিমাণে অঞ্চরন আবশ্রক, ভাহাতে ইংরেজি ভাষ অনেক শিক্ষা হয়। সহজেই ভাহা কথায় বিশ্বস্ত

f

হইয়া বালালি ভাব গোপন করে। সঙ্গে সঙ্গে বন্ধার দোবও ঢাকা পড়ে। এই জন্ম ইদানীস্তন অনেক নীচপ্রবৃত্তির লোক ইংরেজীর গুণে উচ্চ পদাভিষিক্ত হইডেছে।

ইংরেজী প্লার এক কারণে বিশেষ করিয়া শিক্ষা করা আবশুক। যে সকল ব্যবহার আমাদের চক্ষে ভাল, ইংরেজের চক্ষে মন্দ, ইংরেজি জানিলে ভাহা বর্জন করা বায়। হেঁট মন্তক নিয়দৃষ্টি আমাদের চক্ষে নম্রভার পরিচায়ক; ইংরেজি চক্ষে ভাহা অপরাধের চিহ্ন। আমাদের ব্যবহারামুরূপ যে ব্যক্তি সাহেবদিগের নিকট নম্রভা দেখাইল, সে একেবারে মজিল। এই সকল ব্যবহারের ও প্রথার ভারতম্য জানিবার নিমিত্ত ইংরেজি বিশেষ করিয়া জানা আবশ্রক।

এই ऋर्ल পরিচ্ছদ সম্বন্ধে হুই একটি কথা না বলিলে, ভাল হয় না। পরিচ্ছদ অনেক সময়ে উন্নতির সহায়তা করে; আবার অনেক সময় বৈরিতা সাধে, অভএব বৃঝিয়া পরিচছদ পরা আবশ্যক। আমরা সচরাচর বৃঝি যে, পরিচছদ ধন সম্পত্তির পরিচায়ক। ইংরেন্সেরা তাহার অতিরিক্ত আর একটু বুঝেন। পরিচ্ছদ মানসিক বৃত্তির পরিচায়ক: কৈ অসার ব্যক্তি, কে আঁড়ম্বরের লোক, কাহার নীচ প্রবৃত্তি, কে শাদাসিদে লোক, তাহা পরিচ্ছদ দেখিয়া তাঁহারা বিচার করেন, এ বিচার নিতান্ত অসঙ্গত নহে; অতএব পরিচ্ছদের প্রতি দৃষ্টি রাখা ভাল। বিশেষতঃ কতকগুলি ইদানীস্তন পরিচ্ছদ হুইতে আমাদের কার্য্য পর্যান্ত অফুভব করিতে চাহেন। আমরা তাঁহাদের সম্মান করিতে গিয়াছি কি অপমান করিতে গিয়াছি, তাহা **তাঁহারা দূর হইতে আমাদের পো**ৰাক দেখিয়া <mark>সিদ্ধান্ত করিয়া</mark> থাকেন। বেখানে এতদুর অমুভব চলিতেছে, সেম্বলে অবশ্য বলিতে হইবে, পোৰাক ভাল মন্দ কল দিবার কতক মালিক হইয়া দাঁড়াইয়াছে। এক সময়ে আমরা দেখিয়াছি, জুতার দোষে একজনের অবনতি হইয়াছিল: টুর্পিতে আর একজনের সর্ব্বনাশ করিয়াছিল, পয়সা দিয়া এ শত্রু কেন ঘরে আনিয়াছিলেন বলিয়া তিনি সর্ব্বদাই আক্ষেপ করিতেন। এ দেশের প্রচলিত কথা আছে যে "আবক্লচি খানা পর্ক্রীচ পেহেলা" এ পুরাতন কথা ভূলিবার প্রয়োজন কি ? অক্টের যাহাতে বিরক্তি জয়ে এমত পরিচ্ছদ পরিয়া আপনার অনিষ্ট্রসাধনের প্রয়োজন কি ? সংসারে সকল ভার বহন করিয়া সামান্ত এক পাগড়ির ভার যাহাদের অসন্ত বোৰ হয় তাহারা কাপুরুষ । আমরা তাহাদের অঞ্জা করি।